मृही ।

বিষয়। অজ্ঞাতদান (কবিতা) অতৃপ্তি (কবিতা:) ٥ د ی . অত্যুক্তি অবকাশ অভিজ্ঞানশকুন্তলের অন্ধান্তর্গত কালবিশ্লেষণ 409 অভীষ্ট (কবিতা) २३२ অমৃত্ত ও মৃত্ত অশোক (কবিতা) ৫৬৯ অশ্রান্ত (কবিতা) আচার্য্য বস্থর আর একটি আবিষ্কার আয় হুঃখ, আয় (ক্ৰবিতা) আরো একটি কথা আলোচনা---হর্ভিক্ষের মূল কারণ ೨೨৯ রাষ্ট্রনীতি ও ধর্মনীতি ಲಾಗಿ আহ্বান (কবিতা) 800 উৎসব (কবিতা) 669 কথা (কবিতা) 696 কল্পনা-সম্বল[®](কবিতা) ৩৬০ ক্বতজ্ঞতা (কবিতা) থেলা (কবিতা) >>> গোধৃলি (কবিতা) 600 গোড়ের পূর্বকাহিনী હર গ্রন্থ-সমালোচনা es, >0s, >88, 2>2, 082, 800, 822

868

662

"চিরদিন"

চীনকাহিনী

विषय ।			,		পৃষ্ঠা।
চীনেমাানের চিঠি		<i>{</i>	•••	6	>¢>
চোথের বালি	••• •	(g) (g)	95, 520, 580	, ২৩৬, ৭	০১৮, ৩৬০
জনশূভ পৃথিবী	•••	•••	•••	•••	৬৪৩
জাগরণ (কবিতা)	•••	•••	•••	4	०८८, ८१७
<u>का मा हे य</u> ष्टी	•••	•••	•••	•••	> • >
জীবনলক্ষী (কবিতা)	•••	•••	••• ε	•••	<i>৫৬</i> ১
ঝর্ণাতলা (কবিতা)	•••	•••	•••	ď.,	৬৩৫
তুলনা (কবিতা)	•••	•••	•••	`	<i>১৬</i> ৪
তৈলবট	•••	•••	•••	•••	855
তোমার বিহনে (কবিতা)	•••	•••		•••	೦೦
দর্পহর্ণ	•••	• • •	•••	•••	৬১৩
দান (কবিতা)	•••	•••	•••	•••	\$ \$\$
ছঃথে স্থ (কবিতা)	•••	•••	•••	• • •	88
ছর্ব্বৰে ['] ,৷ অপরাধ (কবিতা)	•••	•••	•••	•••	97F
় ছুৰ্জাগা (কবিতা)	•••	•••	•••	•••	800
শ্ভিকৈর মূল কারণ	•••	•••	•••	•••	৩৩৯
ष्ट्रिश 🔨 🕆	•••	•••	•••	•••	৩৯৯
বৈতরহস্ত	•••	•••	•••	• • •	৬২১
দ্রাবিড় সভ্যতা	•••	•••	•••	•••	800
ধর্মের সরল আদর্শ*	•••	•••	•••	•••	ask
নবপরিণয় (কবিতা)	•••	•••	•••	•••	৫৬৬
নববৰ্ষ	•••	•••	•••	•••	৩১
নবৰৰ্ষে	•••	•••	• • • •	•••	>
্নবৰ্ধের গান (কবিতা)	•••		•••	•••	৬১
দাববিকাশ (কবিতা)	•••	•••	•••	•••	250
নারী	•••	•••	•••	•••	· 8 ৬৮
নাদ্পাতির গান	•••	•••	•••	•••	882
পঞ্জোতভূষর জয়ন্ত	•••	•••	•••	•••	. ১৩২

^{*} ৭ই পৌৰ বোলপুর শান্তিনিকেতনে সম্পাদককর্তৃক পঠিত।

	J.				
े विषय । ,	أم	•		•	পৃষ্ঠা।
পঞ্চ পাল-নুরপাল	1	•,		•••	२ >२
পথিক (কুবিতা)) 				888
পনেরো-আনা	, ,,				6 >2
गटनद्या-आमा পরনিন্দা	•••	•••	•••	•••	800
ণরাদশ। পরিচয় (কবিতা)	•••	•••			8¢¢
•	•••	•••	•••		۲۰۵
•	•••	•••		•••	৫৯৩
পূজা (কবিতা)	•••	•••	•••	•••	৫৬৬
পূৰ্ণতা (কবিতা)	•••	•••	•••	•••	1 00
পৃথিবীর উৎপত্তি	•••	•••	•••		
भारतारमन्नान्	•••	•••	•••	৩	२৫,७89
প্ৰকাশ (কবিতা)	•••	•••	•••	•••	<i>></i> %0
প্রতীক্ষা (কবিতা)	•••	•••	•••	•••	88•
প্রশ্ন—					A
দ্রাবিড় সভ্যতা	•••	•••	•••	•••	800
প্রাচীন ভারতের ব্যাপ্তি	•••	•••	•••	•••	- 8¢•
প্রাণী ও উদ্ভিদ	•••	•••	•••	•••	ر المحرور المراجع المر المراجع المراجع المراج
প্রার্থনা (কবিতা)	•••	•••	•••	<i>F</i> ′	848
প্রেম (কবিতা)	•••	•••	•••	•••	CPP
ফোটোগ্রাফি	•••	•••	•••	•••	৬৪৭
বঙ্গভাষা ও সাহিত্য	•••	•••	•••	•••	>৬¢
বন্ধনলেশ (কবিতা) '	•••	•••	•••	•••	२ऽ२
বসস্ত (কবিতা)	•••	•••	•••	•••	৫৮২
বসস্তথাপন •	•••	•••	•••	•••	৬৩১
বাঁচিবার ভ্ষা	•••	•••	•••	•••	608
বাজে কথা	•••		•••	•••	२१১
বান্মীকি ও ক্নত্তিবাস	•••	•••	•••	•••	¢85
विरमनी वक्	•••	•••	•••	•••	ة • د
বিভাপতি-প্রদঙ্গ	•••		•••	•••	४२
বিপরীত (কবিতা) •	•••	•••	•••		\$ >>
বিশ্বদোল (কৰিতা)	•••	•••	•••	•••	899
•					

विषग्न ।			•		পৃষ্ঠা।
বিসর্জন (কবিতা)	•••	<i>;</i>	*	••• ,	७२∉
বুদ্ধদেবের পাথী (কবিতা		, "Y	.,.		৻৻৶ঌ
বেল্চি-মূল্ক			£	•••	₩€ 8
বোগ্দাদে ভারতবর্ষীয় চিকিৎসক		•••	•••	•••	. ২৯৩
ব্যক্তরণ		•••	•••	•••	৩৭২
বান্ধণ	• • •	•••	• • • • • • • • • • • • • • • • • • • •	•••	>96
ভারতবর্ষের ইতিহাস	•••		• • • • • • • • • • • • • • • • • • • •	•••	ऱ्ररऽ
ভারতে আন্দালি	•••		•••	•••	৯২
ভ্ৰম (কবিতা)	•••		•••	•••	686
মন্ত্ৰ	•••		•••	•••	৩৯৫
মরণ (কবিতা)			•••	•••	२৫৫
মহাকাব্যের লক্ষণ				•	892
मा टेड				•••	৩৪৩
मानाम्हु ने	•••			•••	৬৬৪
্ৰ্মূলন (কবিতা)	•••			•••	845
্ৰুক্ পংখীর প্রতি (কবিতা)	•••	•••	•••	•••	8•>
यवन र	•••	•••	•••	•••	२८७
ষ্যাত্তি-কেশরী	•••		•••	•••	8७२
রংমহল বা মোগল-বাদশাহের অস্তঃপুর	•••	•••	•••	•••	₹•
त्रक्रमश्र	•••	•••	•••	•••	802
রচনা (কবিতা)	•••	•••	•••	•••	৫৬৮
রাজ তর ন্দি ণী	• • •	•••	•••	•••	9.0
রাজা গণেশ	•••	•••	• •	•	869
্রাষ্ট্রনীতি ও ধর্মনীতি	•••	•••	•••	•••	960
লন্মী- সরস্বতী (কবিতা)	•••	•••	•••	•••	696
শক্ৰণ	•••	•••	•••	•••	. ₹9€
শিবপুজা	•••	•••	•••	t	૧ ৪, ৬২৩
শুক্ল-সন্ধ্যা (কবিতা)	•••	•••	•••	•••	२२०
শুভক্ষণ (কবিতা)	•••	.***	•	•••	৩০৪
শেষকথা (কবিতা)	•••	•••	•	•	888

	V•				
विषय ।	لو		,	છ	।পৃ
শেষ দেখা (কবিতা)		·••	•••	২	86
সঙ্গী, (কবিতা)	·	•••	•••	¢	92
সঞ্চয় (কবিতা)	•••	•••	• • •	•	৬৮
সংপাত্র	•••	•••	•••	8	> €
সন্ধান (কবিতা)	•••	•••	•••	•	4
সন্ধ্যাদীপ (কবিতা) [*]	•••	•••	•••	¥	•••
সন্ধ্যার একটি স্থর (কবিতা)	•••	•••	••••	⊌	94
সম্ভোগ (কবিতা)	•••	•••	•••	•	۶ ۲
সমাটের প্রতিশোধ	•••	•••	•••	¢	৩৮
সার সত্যের আলোচনা	२०७, २৫४	r, ২৯৯, ৩ ৫	. ७ , 808, 89	৽, ৫৫৩, ৫৮৯, ৬	e 9
দার্থক তা (কবিতা)	•••	•••	•••	৫১•, ৫	৬৭
সুখ -হঃথ (কবিতা)	•••	•••	•••	80, 98 4 , ¢	92
স্থলের স্থৃতি	•••	•••	•••	3	b •
স্বদেশ (কবিতা)	•••	•••	•••	🔥 8	49
স্বদেশভক্তি	•••	•••	•••	8	8¢
স্বপ্ন (কবিতা)	•••		•••	'`•	· • 7 -
স্বপ্ন-প্রয়াণ	•••		•••	8	20
त्रश्चत	•••	•••	•••	۶	98
হতাশ (কবিতা)	•••	•••	•••	👈	84
হাতেমতাই	•••	•••	•••	۰ ۲	8>
হিন্দ্রসায়নের ইতিহাস	•••	•••	•••	•	>8
হোলিপর্ব	•••	•••	•••	•••	88

বঙ্গদর্শন।

নব বর্ষে।

হে নৃতন, নাহি জানি --হে অপরিচিত
জীবনের কোন্ কণে হইলে উদয়!
স্থা-তৃঃথ যাহা দাও, হব তাহে প্রীত,
নতশিরে লব ওগো, জয়-পরাজয়!
দিবে কারে জয়মাল্য—মহিমা-মণ্ডিত,
তোমার নিশ্বাসে কোণা জাগিবে প্রলয়!
দিবে মুছে কার ভালে তিলক অদ্ধিত,
আছে বুঝি তারি মাঝে মানবে অভয়!
উৎসাহের মন্ত্র তুমি শুনাইবে কাণে
পতিতের; উঠিবে সে তাজি ধরাসন!
আশা হীনে দিবে আশা, শোকার্ত্র পরাণে
সাস্তনার স্লিয়বারি করিবে সিঞ্চন!
ত্র্গম জীবন-পথ তোমার কলাণে
উত্তরিব, জানি আমি,—হে বর্ষ নৃতন!

শ্রীগিরিজানাথ মুখোপাধ্যায়

পৃথিবীর উৎপত্তি।

ধর্মদম্পদায়বিশেষে পৃথিবীর উৎপত্তির যেমন এক-একটা পৃথক ইতিহাস আছে, আধু-নিক জ্যোতিষিকগ্রন্থে তৎপ্রাসুপ্রিক ইতি-टाममः था। (मेटे श्रकात अधिक ना इटेरल ३, অস্ত ছুই তিন্ট পুণক্ মত্বাদের কথা আমরা আছও জ্যোতির্বিদ্গণের মুথে শুনিয়া থাকি। এ সম্বন্ধে প্রত্যেক মতবাদই বহুযুক্তিপূর্ণ ও জগদিখ্যাত জ্যোতিষিগণের পৃষ্ঠপোষিত, স্কুতরাং দেগুলির মধ্যে কোন্টি সত্য, তাহা হঠাৎ ঠিক্ করা বড় কঠিন। এরূপ স্থলে প্রত্যেক মতবাদীদিগের প্রদ-্র্নিত যুক্তির গুরুষ তুলনা করিয়া, যে মত-ীনাটি সর্বাপেকা স্কৃত্যক্তিপূর্ণ মনে হয়, তাহা-কেই সতাম্বরূপে গ্রহণ করিয়া সম্ভূষ্ট থাকা ব্যতীত উপায়াহর নাই।

বুহস্পতি, শুক্র, শনি প্রভৃতি সৌর-পরি-বারস্থ জ্যোতিমগুলি পর্যাদেশণ করিলে, তাহাদের পরস্পরের মধ্যে কতকগুলি স্থায়ী সম্বন্ধ স্পষ্ট দেখা গিয়া থাকে। জ্যোতির্বিদ্-গণ পরীক্ষা করিয়া দেখিয়াছেন, শুক্র, বৃহ-স্পতি, পৃথিবী প্রভৃতি গ্রহ ও তাহাদের উপগ্রহাদিগুলির প্রত্যেকেরই এক-একটা স্বতন্ত্র প্রদক্ষিণপথ নির্দিষ্ট আছে সতা, কিন্তু তাহাদের গতির দিকের কোনই স্বাতন্ত্রা নাই, সকলেই সুর্গ্যের সহিত প্রায় একই সমতলে থাকিয়া একই নির্দিষ্ট দিকে হুর্যা-প্রদক্ষিণ করে। এতদ্বাতীত ইহাদে র अकार्वजनगण्डित मिक् भर्गातकन कतित्व.

তমধেও পূর্দ্ধে ক্রম্প একতা দেখা যায়।
সৌরজোতিকগুলির,গতির উল্লিখিত একতা
এবং তাহাদের অবস্থানের মধ্যে কতকগুলি
শৃদ্ধালা আনিষ্কার করিয়া জ্যোতিষিমাত্রেই
বলেন —বৃহস্পতি, শুক্র, শনি, পৃথিবী
ইত্যাদি গ্রহ্মকল যে একটা অতিনিকট
জ্ঞাতিত্বস্থতে সুর্য্যের সহিত সম্বন্ধ, তাহাতে
আর অনুমাত্র সন্দেহ, নাই। পূর্ণবী ও
অপরাপর সৌরজ্যোতিক্ষের প্রত্যেকেই একই
প্রথায় উৎপন্ন হইয়াছিল এবং তাহাদের
ধ্বংসও একই প্রথায় সম্পন্ন হইবে।
পণ্ডিতগণের মতে সৌরজগতের অভিবাজি এবং পৃথিবীর উৎপত্তি একই
বাপার।

সৌরজগতের উৎপত্তিপ্রসঙ্গে এখন জ্যোতিষিগণ কি বলেন, দেখা যাক। জ্যোতিঃশাঙ্গে এ সম্বন্ধে মোটামুটি তিনটি প্রচলিত আছে। জোতির্বিদ্লাপ্লাদ্বলেন —পৃথিবী যেমন নিয়তই স্বীয় উক্ষের চারিদিকে আবর্ত্তন করিতেছে, সৃষ্টির প্রারম্ভে বুহম্পতি-শুক্রাদি নৌরজ্যোতিকমানেরই গঠনসামগ্রী **জলন্ত**-বাষ্পাকারে সেইপ্রকার প্রচণ্ডবেগে মহা-কাশে ঘুরিতেছিল। তার পর কালক্রমে তাপক্ষ হওয়ায়,সেই বাষ্ণীয় সামগ্রী সঙ্কুচিত ও রূপান্তরিত হইয়া সৌরজগতের উৎপত্তি করিয়াছে। 'দিতীয় মতবাদিগণ বলেন,— স্ষ্টির আদিতে সৌরজগতের গঠনসামগ্রী যে

পরস্পর বিচ্ছিন্ন অবস্থায় ছিল, তাহাতে আর मत्नर नार्ट, किछ वाष्ट्राकारत हिन ना এবং পূর্ব্বমতবাদিগণের সক্ষার্নব্যাপারের সহিত সৃষ্টিতত্ত্বের কোন সংগ্রহ প্রথমে সৌরজগতের গঠনোপাদান অসংখ্য উন্ধাপিত্তের আকারে औকাশে ঘুরিতেছিল; তন্মধ্যে যে কয়েকটি বৃহৎ পিণ্ড ছিল, তাহারা আকর্ষণ ধিকো ক্ষুদ্রগুলিকে দেহস্থ করিয়া কালক্রমে এই দৌরজগতের রচনা করি-য়াছে। ইহাদের মতে আজও ফ্র্যা নিয়তই প্রচুর উল্লাপিও আকর্ষণ করিয়া লইতেছে এবং এই অজ্ञ-উন্নাপাত-জ্নিত স্থ্য্ৰ্ণই সৌরতাপালোকের উৎপত্তির কারণ। পৃথিবী ও অপরাপর জাোতিমে এখন অধিক উল্লাপাত না হইবার কারণ জিজ্ঞাসা করিলে ইহারা বলেন, এই সকল জ্যোতিক্ষের পরি-ভ্রমণপথের নিকটবর্ত্তী আকাশ অধুনা উলা-বিরল হইয়া পড়িয়াছে, তাই আর এখন यनयन উन्नातृष्टि (मथा यात्र ना ; किन्छ (मोत-জ্যোতিদ্বাত্রেরই অস্থিমজ্জা সকলই উল্লা-পিও দারা গঠিত। অধ্যাপক-প্রোক্টর-প্রমুখ ক্ষেকজন আধুনিক পণ্ডিত তৃতীয় মতবাদি-গণের নেতা। স্বাষ্টর প্রায়মুন্ত দৌরজগতের সামগ্রী যে নিহারিকার ভাগে একটা বিশাল জলন্ত বাষ্পাকারে বুরিতেছিল, তাহা ইহারা স্বীকার করেন; কিন্তু তার পর যে কেবল তাপক্ষমজনিত সংখাচ দারা এই বৈচিত্রাময় 🏻 🕳 জুবার উৎপত্তি হইয়াছে, তাহা ইহারা ঠিক্ বলেন না। লাপ্লাসের সঙ্কোচ এবং দিতীয় দিদ্ধান্তিগণের সেই প্রাথনিক উল্কা-গ-ীণ কায় জ্যোতিক্ষগণের দেহ-পুষ্টি, এই উভয় ব্যাপারই স্বষ্টির আদিতে

জগৎরটনাকার্য্যের প্রধান সহায় ছিল বলিয়া ইহাদের স্থির বিশ্বাস হইয়াছে।

এই ত গেল প্রচলিত সিদ্ধান্তগুলির সুল মর্ম। প্রথম ও তৃতীয় মতবাদিগণ স্ষ্টির প্রারম্ভে সৌরজগতের সামগ্রীকে যে নিহা-রিকাময় বলিয়া বর্ণন করেন, তাহার পোষক কোনও প্রত্যক্ষ প্রমাণ আছে কি না, এখন দেখা যাউক। সৌরজগতের স্থায় কোটি কেণ্ট জ্যোতিষপুঞ্জের সৃষ্টি,পরিণতি ও ধ্বংস প্রতিনিয়তই অনন্ত আকাশে সংঘটিত হই-তেছে। আমাদের অক্ষম ইন্দ্রিয় ও কুড-শক্তিসম্পন্ন যন্ত্রাদির সাহায্যে অসীম আকা-শের এই অনন্ত স্টিলীলার প্রত্যক্ষ দর্শন অসম্ভব হইলেও, আধুনিক উন্নত দূর্নীকণ ও রশ্মিনির্বাচন (Spectroscope) যন্ত্রাদি দারা কতকগুলি অপেক্ষাকৃত নিকটবর্তী নাক্ষত্রিক জগৎ এবং কয়েকজাতীয় নিহা-রিকাপুঞ্জ অতীন্দ্রির ইয়াও আমাদের ইন্দ্রিগ্রাহ্ম হইরা পড়িয়াছে। সেই দকল জ্যোতিফের প্যাবেক্ষণাদি দ্বারা লাগ্রাদের নিহারিকাবাদ ও তৃতীয় মতবাদিগণের শেষোক্ত নূতন সিদ্ধান্তটের স্থপ্রতিষ্ঠার কত-দূর সহায়তা হয়, তাহাই অধুনা দ্রপ্রা। জ্যোতিবিদ্গণ বহুকাল হইতে নানাজাতীয় নিহারিকাপুঞ্জ পর্যাবেক্ষণ করিয়া দেখিয়া-ছেন, সৌরজগদধিক্বত স্থানের সেই আদিম জলন্ত বাষ্পরাশি যেমন ক্রমে ঘনীভূত, তরলী-ভূত ও শেষে কঠিনাকার প্রাপ্ত হইয়া এই জগতের অভিব্যক্তি করিয়াছে, তেমনি সৌর-জগতের অতীত জীবনের সেই নানা প্রাঞ্ য়ের অহুরূপ অবস্থা বিবিধ নিহারিকাপুঞ্জে স্পষ্ট দেখা গিয়া থাকে। মুগশিরা নক্ষত্রমৃত্ত-

লীর (Orion) একটি বিখ্যাত নিহারিকাপুঞ্চ আকাশের কোটি কোটি বর্গ মাইল স্থান
অধিকার করিয়া আজও বাম্পাকারে জলিতেছে; রশ্মিনির্বাচনযন্ত্র দ্বারা আলোকপরীক্ষা করিলে, ইহার কোন অংশেই কঠিন
পদার্থের অস্তিত্বলঙ্গণ দেখা যায় না এবং
বায়্তাড়িত মেঘের স্থায় সেই বাম্পরাশি যে
প্রচন্তবেদে, তাহা স্পষ্ট বুরা যায়।
জ্যোতির্বিদ্গণ বলেন, আমাদের সৌরজগতের আদিম অবস্থা ঠিক্ এইপ্রকার ছিল :
মৃগশিরা-নক্ষত্রপুঞ্জ উক্ত নিহারিকামওলের
এত তাপালোক-বিকিরণ এবং এত তাওবমৃত্যা কেবল একটা নৃতন জগং রচনার
স্থানায়াত্র।

সৌরজগতের পরবর্ত্তী অবস্থার সম্বন্ধে স্লাপাদ্যে সকল কথা বলিয়াছেন, কেবল বাষ্পময় পূর্ব্বোক্ত নিহারিক৷ অপেক্ষা বয়ো-বৃদ্ধ নিহারিকাপুঞ্জগুলি পরিদর্শন করিলে, তাহার সত্যতা স্পষ্ট বুঝা যায়। মৃগশিরাস্থ সেই শিশু নিহারিকার চপলতা, অসংযতগতি ও অসারতা, এই বয়োবৃদ্ধ নিহারিকাগুলিতে মোটেই দেখা যায় না; আশৈশৰ অজ্ঞ তাপব্যয় করিয়া ইহাদের সেই অসার দেহের ুকেক্সংশে বাম্পের কতকাংশ জ্যাট বাধিয়া যায়, এবং শেষে কেব্রুস্থ ঘনীভূত বাঙ্গের প্রভাবে তাহাদের পূর্বেকার অসংবতগতিতে একটা শৃখলা ও নিরমের ভাব আসিয়া পড়ে। এই শ্রেণীর জ্যোতিষ্ক অপেক্ষা বয়ো-বৃদ্ধ নিহারিকা পর্যাবেক্ষণ করিলে, আমরা তাহাতে আরও কতকগুলি নূতন ব্যাপার तिथेटळ शाहे,—हेशाति दक्क हा प्रहे घनी-ভূত বাষ্পপিণ্ড ব্যতীত আর একটি কুদ্র-

তরু বাষ্পপিও কেল্রবহিত্তি স্থানে সঞ্চিত থাকে, এবং গণনা করিলে দেখা যায়, এই দিতীয় পিগুটির পামগ্রীপরিমাণ, নিহারিকার অবশিষ্ট সমগ্র বাষ্পীয় অংশের সামগ্রীপরিমাণ অপেক্ষা অধিক। জ্যোতির্বিদ্গণ বলেন, নিহারিকায় যে-প্রকার ক্রমে প্রথম ও দ্বিতীয় বাষ্পপিত্তের উৎপতি দেখা যায়, সৌরজগতে হুয়া ও বৃহস্পতির ঠিক্ সেইপ্রকারে উৎপত্তি ইইয়াছিল। নিহারিকায় যেমন দ্বিতীয় পিশুটির সামগ্রীপরিমাণ সমবেত বাষ্পের সামগ্রী অপেক্ষা অধিক, তদ্ধপ আমাদের একক বৃহস্পতির সামগ্রীপরিমাণও অপরাপর গ্রহ-শুলির সমবেত সামগ্রী অপেক্ষা অধিক।

এই ত গেল ছুই শ্রেণীর নিহারিকার কথা। এতদাতীত সৌরজগতের পরবর্ত্তী অবস্থার অমুরূপও কয়েকটি নিহারিকাপুঞ্জ আবিষ্ণত হইয়াছে। এগুলিতে ক্রমে তিন, চারি ও ততোধিক বাষ্পপিও নিহারিকা-অঙ্গের নানাস্থানে বিহাস্ত দেখা যায়, এবং নবসঞ্চিত পিডের সামগ্রীপরিমাণের সহিত অবশিষ্ট বাম্পের সামগ্রীর যে স্থল অমু-পাতের কথা পূর্কে বলা হইন, তাহাও এগুলিতে অব্যাহত থাকে। 'ইহা দেখিয়া বিজ্ঞানবিদ্গণ বলেন,—ত্রিপিওক নিহা-রিকায় যেমন তৃতীয় পিণ্ডের গুরুত্ব অব-শিষ্ট বাম্পের গুরুত্ব অপেক্ষা অধিক, সৌর-জগং-নিহারিকা হইতে অভিবাক্ত হওয়ায় আমাদের তৃতীয় পিও শনির সামগ্রীপরি-মাণ তদ্ধপ অগ্ৰদ্ধ প্ৰবৃহস্পতি ব্যতীত অপর গ্রহ-উপগ্রহাদির সমবেত সামগ্রী-পরিমাণ অপেক্ষা অনেক অধিক। তার পর চতুষ্পিগুক, পঞ্চপিগুক প্রভৃতি নিহারিকা-

পুঞ্জের বিষয় আলোচনা করিলে, আমানের য়ারানস্ (Franus), নেগ্চান্ (Neptune) ও পৃথিবী ইত্যাদি গ্রহমাজেরই উৎপত্তি যে একই নিহারিকাপ্স হইতে হইয়াছে, তাহা স্পান্ত বুঝা যায়।

এখন পাঠকপাঠিকাগণ জিজ্ঞাসা করিতে পারেন,—অত্যায় বাঞ্সরাশি শাতল হইতে আরম্ভ করিলে, আমরা ভাহার কেবল কেব্ৰস্থ অংশটাকেই ঘনীভূত হইতে দেখি বাপ শীতল এবং তাপক্ষ্য-বশ্ত অপ্র হইতে আরম্ভ করিলে সেই কেন্দ্র পিডেরই পুষ্টিসাধন হইয়া পাকে, দ্বিতীয় পিঙের সঞ্চার ত দেখা যায় না। তবে বাষ্প্রময় নিহা-রিকাপুঞ্জের কেন্দ্রবহিভূতি স্থানে কিপ্রকারে এক ছই করিয়া বহুপিডের উৎপত্তি হয় ? এতহন্তরে জ্যোতিবিদ্গণ বলেন, নিহারিকা-পুঞ্জস্থ বাষ্পের যে ভীমগতির কথা পূর্কে বলা হইয়াছে, তাহাই কেন্দ্রবহিভূতি স্থানের জমাট বাষ্প সঞ্চারের কারণ *। ইহাদের প্রত্যেক বাষ্পক্রিকা সেই ঘোর আবর্ত্তে পড়িয়া ঘুরিতে ঘুরিতে নিকটব্তী গতিশাল বাস্প্রকার ঘাতপ্রতিঘাত পাইয়া কেন্দ্র বহিভূতি স্থানে বাষ্পপ্লিভের রচনা করে।

পাঠকপাঠিকাগণ বোঁধ হয় অবগত আছেন, আমাদের সৌরজগতে স্থারের পরেই রুধগ্রহ অবস্থিত এবং তাহার পরে যণাক্রমে গুক্ত, পৃথিবী, মঙ্গল, ক্লোদিন্ঠ গ্রহ (Asteroids), বৃহস্পতি, শনি, যুারানস্ ও নেপ্চানের স্থান নির্দিষ্ট দেখা যায়।

সোরজ্জ্ব্যাতিক্ষগণের এই ক্রমবিন্যাস তাহাদের প্রত্যেকের চিরনির্দিষ্ট প্রদক্ষিণ-গতির উৎপত্তি কি প্রকারে হইল, লাপ্লাদের শিষ'গণ নিহারিকাবাদ ছারা তাহা বেশ দেখাইয়াছেন। গতিবিজ্ঞানের একটা নিয়ম আছে যে, একত্ৰ আবৰ্ত্তনণীল কতকগুলি পদার্থের মধ্যে কেলের নিকটবর্তী পদার্থটির আবর্ত্তনবেগ দূরবর্তী পদার্থ অপেক্ষা সব্ব-দাই অধিক হয় এবং যদি কোন এক পদার্থ কেন্দ্র হইতে এক নির্দিষ্ট দূরে অবস্থিত থাকে. তবে তাহার আবর্ত্তনবেগ এক নির্দিষ্ট সীমাকে অভিক্রম করিতে পারে না। সৌরজ্যোতিষ্ণুলির বিভাস প্রীক্ষা করিলে তাহাদের প্রত্যেকেরই অবস্থান ঠিক্ পূর্ব্বোক্ত প্রাকৃতিক নিয়মের অনুযায়ী হইতে দেখা যায়। সোরজগতের নিহারিকা-পুঞ্জে দেই প্রথম বাষ্পপিণ্ড স্থর্য্যের উৎপত্তি इटेल, अधूना तुध, ७क, পृथिवी इंड्यानित অধিকৃত কেন্দ্রসন্দিহিত হানের বাষ্পরাশির বেগ অক্তন্ত অধিক হইয়া পড়িয়াছিল. অথচ অধুনা বৃহস্পতি-অধিকৃত স্থানের বিশাল বাষ্পরাশির বেগ কেন্দ্র ইতে বহু-দূরবর্ত্তী বলিয়া অতি অল্লই ছিল। কাজেই তৎকালে কেবল সেই বাষ্পবহুল ও সন্ধ বেগদম্পন্ন দূরবন্তী স্থানে দ্বিতীয় বাষ্প্রপিণ্ড-সঞ্চারের স্থাগে থাকায়, তথায় গ্রহরাজ বুহস্পতির উৎপত্তি হইয়াছিল। বুহস্পতির অনুজ শনি, য়াুরানস্ ও নেপ্চাুনাদি গ্রহের উৎপত্তিও ঠিক্ পূর্দ্বোক্তপ্রকারে হইয়াছে

^{*} নিহারিকাস্থ বাপোর প্রচণ্ডগতির কথা কেবল অকুমানমূলক নয়,—আধুনিক ফোটোগ্রাফি-পদ্ধতিক্রমে নিহারিকাপুঞ্জের যে সকল ছবি লওয়া হইতেছে, তাহা দেখিলে বাপারাশি যে ভীষণবেংগ বুরিতেছে, তাহা স্পাঠ বুঝা যায় এবং রিশানিকাচনযন্ত্র দ্বারাও এই ভীম আবর্তনের লক্ষণ প্রকাশ পায়।

বলিয়া জ্যোতিবিদ্গণ সিদ্ধান্ত করিয়া-ছেন। দ্বিতীয় বাষ্পপিও বৃহস্পতির জন্মের পর হইতে হুর্যা ও বুংস্পতির মধ্যস্থ বাপ্প-রাশি অত্যন্ত বেগবান্ হইয়া পড়িয়াছিল। তংকালে উক্ত জ্যোতিম্বয়ের মধ্যে নৃতন বাষ্পপিওসংস্থানের কোনই সম্ভাবনা নাথাকায়, বুহস্পতিককার বহি-ভূতি স্থানে স্বল্বেগবান্ বাস্প দ্বারা যথাক্মে শনি, যুরোনদ্ ও নেপ্চুরের উৎপত্তি **१**हेबाছिल। हेहात ज्ञानक পरत स्थाउ বৃহস্পতির মধ্যবর্তা স্থানের বাষ্পরাশির উত্তেজনা কত্ৰটা প্ৰশ্যিত হইলে, উক্ত জ্যোতিক্ষয়ের ঠিক্ মধাংশে আমাদের ক্ষুদ্র পৃথিবী ও শুকের জন্ম হয়, এবং এই স্থানটা প্র্যা ও বৃহস্পতির প্রভাব হইতে দূরে থাকায় পৃথিবী ও ভকের ছই দিকে বুধ ও মঙ্গলের ও বৃহস্পতির স্থায় ছহটা বিশাল জড়পিওের যুগপৎ আকর্ষণের মধ্যে নেপচ্যুন বা শনি ইত্যাদির ভার মহাকার জ্যোতিক্ষের উৎ-পত্তি অসম্ভব,— এইজন্ত বৃহস্পতি ও ফুর্যোর মধাবতী স্থানটার আমরা পৃথিবী শুক্ত-मन्नामि करतकिँ कृष धरश्त अधिय দেখিতে পাই; আবার তন্মধ্যে যে স্থান-টিতে স্থ্য-বৃহস্পতির প্রভাব অতীব প্রবল, তথায় কুদ্ৰ-বৃহৎ কোন গ্ৰহই দেখিতে পাই না। এই আকর্ষণপ্রবল স্থানই গ্রহকম্বর বা কোদিষ্ঠ গ্রহগণের (Asteroids) ভ্রমণপথ। এই ত গেল লাপ্লাদ্-প্রবার্ত্তি নিহারিকা-বাদের স্থুল মর্ম। এই মতবাদের পোষক যে সকল প্রমাণ প্রদর্শিত হইল, তাহার

প্রত্যেকটিই এত স্ব্যুক্তিপূর্ণ যে, কোনও

অতীত জ্যোতিষিক ঘটনার এতদপেক্ষা প্রত্যক্ষপ্রমাণপ্রাপ্তি আশা করা যায় না। কেবলমাত্র আ্বাশচর উল্পাপিতের যোগে এই সৌরজগতের উৎপত্তি হইয়াছে বলিয়া যে সকল পণ্ডিত সিদ্ধান্ত করিয়াছিলেন, তাঁহারা স্ষ্টির ক্রমবিকাশসম্বন্ধে কোনই উল্লেখযোগ্য প্রমাণ দেখাইতে পারেন নাই, কাজেই পণ্ডিতসমাজে তাঁহাদের মতবাদটির এখন আর আদর নাই। তবে প্রোক্টর-প্রমুথ কতিপয় আধুনিক জ্যোতিষী ভূপৃষ্ঠের বত্তমান অবস্থার উৎপত্তিতত্ত্ব স্থির করিতে গিয়া, নিহারিকাবাদিগণের সেই বাষ্ঠাপিণ্ডা-কার পৃথিবীতে অজ্স্র উল্লাবর্যণের যে কল্পনা করিয়াছেন, সেই সিদ্ধান্তটি সতামূলক বলিয়া আজকাল পণ্ডিত্সমাজে প্রতিষ্ঠা-ণাভ করিতেছে।

এখন সেই জ্বলন্ত বাষ্পপি গ্রাকার পৃথিবী হইতে কিপ্রকারে সমুদ্রপ্রকৃতশোভিত এবং উদ্ভিদ-প্রাণি-অধ্যুষিত বর্ত্তমান ধরার অভি-ব্যক্তি হইল, দেখা যাউক। পূর্ব্বেই বলা হইয়াছে, বু**২স্পতি, শনি ইত্যাদি দূর**বত্তী গ্রহচতুষ্টয়ের উৎপত্তির অনেক পরে যথন পৃথিবী জন্মগ্রহণ কুরে, সে সময় তাহার গঠনদামগ্রী কেবলমাত্র ঘনীভূত-জ্বলম্ভ-বাঙ্গা-কারে ছিল। চক্র তথনও ধরাকুক্ষিগত। পৃথিবী কতকাল এইপ্রকার অবস্থায় ছিল, জ্যোতিবিদ্গণ ঠিক্ বলিতে পারেন না, কিন্তু ইহার পরই যে পৃথিবীর বাষ্পশরীরের কিয়দংশ পুঞ্জীভূত হইয়া চল্রের উৎপত্তি হইয়াছিল এবং তৎপরে পৃথিবী যে স্বীয় বাষ্পাময় দেহ ক্রমে সঙ্কুচিত করিয়া একটা কুদ্র সুর্য্যের আকারে আত্মজ চল্রের পৃষ্ঠে

প্রচুর তাপালোক বর্ষণ করিত, তাহা আমুরা বেশ ব্রিতে পারি। পৃথিবীর এই অবস্থাটা বহুকালস্থায়ী ছিল; জ্যোতির্বিদ্গণ গণনা করিয়া দেখিয়াছেন,- চক্তমগুলের তর্লী-ভূত হওয়া এবং তার পর ক্রেমে কঠিনীভূত ও জীববাসোপযোগী হইয়া শেষে আবার জীবচিত্রহীন হওয়া প্রভৃতি বহুকালসাপেক্ষ ঘটনামাত্রই পৃথিবীর পূর্ব্বোক্ত এক অবস্থার মধ্যেই শেষ হইয়া গিয়াছিল।

ইহার পরেই তাপক্ষয়হেত পৃথিবীর তরল ও কঠিন আবরণের উৎপত্তিকাল। কালক্রমে পৃথিবীর অধিকাংশই তরল হইয়। পড়িলে, তাপক্ষরবশত ভূপৃঠের অংশবিশেষে কঠিন পদার্থের উৎপত্তি আরম্ভ হইয়াছিল; কিন্ত দে অংশগুলি অধিককাল কঠিনাবস্থায় পারিত না, ভারাধিক্যপ্রযুক্ত অত্যক্ষ তরলপদার্গে মগ্ন হইতে গিয়া তাহারা আবার তরলীভূত হইয়া পড়িত। ভূপষ্ঠের কঠিনাবরণের পূর্ব্বোক্ত প্রকারের উৎপত্তি ও লয় বহুকাল ধরিয়া চলিয়াছিল। তার পর ক্রমে পৃথিবীর আভ্যস্তরীণ তাপের হ্রাদ হইয়া আদিলে, দেই কঠিন পদার্থ ভূকেন্দ্রে সঞ্চিত হইয়া সমগ্র তরল পৃথিবীটার অধিকাংশই ক্রমণ কঠিনাকারে পরিণত হইয়াছিল।

পৃথিবীর এই অবস্থা অনেকটা বর্ত্তমান

যুগের শনি ও বুহস্পতির অবস্থার অনুরূপ
ছিল। এই সময়ে নানা বায়বীয় প্দার্থের
সন্ধিলনজাত একটা গভীর বাজাবেরণে ভূপৃষ্ঠ
আছের থাকিত এবং সময়-সময়ু সেই সকল
বাজা তরলীভূত হইয়া উত্তপ্ত ভূপৃষ্ঠে প্রচুর
বর্ষণ করিত এবং তাহাই আবার বাজ্পীভূত

হইয়া স্থাকাশ অন্ধকারাচ্ছন্ন করিত। সহস্র-সহস্র বৎসর ধরিয়া এইপ্রকার চলিয়াছিল, কিন্তু এই স্কুদীর্ঘ সময়ের মধ্যে জীবের শ্বাস-গ্রহণোপ্যোগী বায়ুর উৎপত্তি হয় নাই।

কিপ্রকারে ভূতাকাশে বায়ু ও অঙ্গা-রক-বাষ্পাদির উৎপত্তি হইয়াছিল, তৎপ্রসঙ্গে পণ্ডিত সমাজে বৃত্ত আলোচনা হুট্যা গিয়াছে। ডাক্তার হৃট (S. Hunt) নানা পরীকাদি করিয়া যে মতবাদ প্রতিষ্ঠা করিয়াছেন, এখন ভাষাই সমীটান বলিয়া গৃহীত হই-তেছে। ২ণ্ট-সাহেব প্রচুর তাপপ্রয়োগে ভূমৃত্তিকা বাষ্পীভূত করিয়া এবং পরে তাহা-রই কিয়দংশ অল্ল শৈতাসংযোগে শীতল করিয়া দেখিয়াছেন, এই প্রক্রিয়ায় মৃত্তিকা পুনরায় কঠিনীভূত হয় বটে, কিন্তু হাইড্যো-জেনযুক্ত অঙ্গার, কোরিন্ত গন্ধক ইত্যাদি প্রচুরপরিমাণে বাষ্পাবস্থায় অবশিষ্ট থাকে এবং তাহার সহিত মুক্ত নাইট্রোজেন, অক্সি-জেন ও জলীয় বাষ্পের অস্থিরের লক্ষণ্ও ম্পষ্ট দেখা যায়। এই স্থানর পরীক্ষার ফল দেখিয়া বিজ্ঞানবিদ্গণ বলেন,—পৃথিবী কঠিনীভূত হওয়ার পর যে গভীর বাষ্পাবরণে ভূপ্ঠ আচ্ছাদিত থাকিত, তন্মধ্যে কেবল পূর্বোক্ত কয়েকটি বাষ্পেরই প্রাচুর্য্য ছিল, এবং সেই সকল বাষ্পরাশি ক্রমাগত বৃষ্টিরূপে উত্তপ্ত ভূপৃষ্ঠে পতিত হইয়া বাষ্পাকারে পুনঃপুন আকাশে উথিত হইতে থাকায়. রাসায়নিক সংযোগ-বিয়োগে ভূপৃঠে মৃত্তি কার সংস্থান হইয়াছিল এবং সঙ্গে সঙ্গে আকাশও কিঞিং নির্মাল হইয়া পডিয়াছিল। পুর্বোল্লিখিত মুক্ত হাইড্যোজেন, নাইট্যো-জেন, অক্সিজেন ও জলীয়বাপা মৃত্তিকা-

উৎপাদন-কার্য্যে আবশুক হইত না, কাজেই এই সকল বাষ্প দেই প্রাচীনকাল হইতে আকাশে ভাসমান থাকিয়া নিজেদের মধ্যেই রাসায়নিক সংযোগ-বিয়োগ সাধন করিত। বিজ্ঞানবিদ্গণ বলেন,—আমাদের বায়ু ও অন্ধারকবাষ্প সেই অতিপ্রাচীন কালের রাসায়নিক পরিবর্ত্তনের ফল বাতীত আর কিছুই নয়।

ইহারই পরবর্তী যুগ ভূপ্ঠন্থ সমুদ্রাদির উৎপত্তিকাল। এই সময়ে পৃথিবী আরো শীতল হইয়া পড়ায়,অপরাপর পদার্থের সহিত যে জলীয়ভাগ রৃষ্টিরূপে ভূপ্ঠে পতিত হইত, তাহার সমস্টা বাষ্পীভূত হইতে পারিত না. কাজেই ধরাতলের নিমন্থানে প্রভূত জলরাশি সঞ্চিত হইতে আরম্ভ করিয়াছিল। কিন্তু তথনও আকাশস্থ বায়ু প্রচুর অঙ্গারক বাষ্পান্দে দূষিত থাকায় জীবের শ্বাসপ্রশানেশ্যাগী হইয়া উঠিতে পারে নাই। ইহার অনেক পরে বৃষ্টির সহিত অঞ্গারকবাষ্প ভূপতিত হইয়া চূণ,সামুদ্রিক লবণ ও কয়েকজাতীয় কর্দ্মবৎ মৃত্তিকা উৎপাদন করিতে আরম্ভ করিলে, আকাশ অনেকটা পরিছেয় হইয়া পড়িয়াছিল।

বিজ্ঞানবিদ্গণ বলেন, ইহার পরযুগেই পৃথিবীর প্রাথমিক জীব উদ্ভিদের উৎপত্তি আরম্ভ হয়। এ সময়েও ভূপৃষ্ঠ কিঞ্চিৎ উত্তপ্ত ছিল বটে, কিন্ত তাহাতে তাৎকালিক উদ্ভিদের উৎপত্তি ও বৃদ্ধির কোনই হানি হইত না। তার পর ক্রমে ভূপৃষ্ঠ শীতল হট্যা পড়িলে এবং সেই প্রাচীনকালের সহস্রধান্ধনব্যাপী বনভূমিসকল দ্বারা আকাশস্থ বায়ু অঙ্গারকবাষ্পবিরল হইলে, ক্রমোনতি-

বাদের নিয়মান্তুসারে ভূপৃষ্ঠ নানাজাতীয় জীবে পূর্ণ হইয়া পড়িয়াছে। '

কিপ্রকারে নিজীব পৃথিবীতে প্রাথমিক জীব উদ্ভিদের উৎপত্তি হইয়াছি**ল,** তাহা সিদ্ধান্ত করিবার জন্ম বহুকাল হইতে বিজ্ঞান-বিদ্গণ অনেক চেষ্টা করিতেছেন, কিন্তু অভাপি সকলে এক সিদ্ধান্তে উপনীত হইতে পারেন নাই, এবং স্ষ্টিতত্ত্বের এই বুহৎ সমস্থাটির যে একটা শেষ মীমাংসা শীঘুই প্রচারিত হইবে, তাহারও আশা দেখা যাইতেছে না। কতকগুলি পণ্ডিত বলেন, প্রাথমিক জীব বাসায়নিক ক্রিয়াবিশেষের ফলে স্বতই উৎপন্ন হইয়া পরে ক্রমোন্নতির নিয়মানুদারে বংশপরম্পরায় ভূপুর্চে বিস্তার-লাভ করিয়াছে। আমরা যে এথন স্বতো-জনন আর দেখিতে পাই না, তাহার কারণ এই যে, পূর্বের ভূপৃষ্ঠের যে অবস্থায় ও যে ঘটনাপরম্পরায় প্রাথমিক জীবের জন্ম হইয়াছিল, পৃথিবীর বর্ত্তমান অবস্থায় সেই স্থযোগের পুনঃসংঘটন সম্পূর্ণ অসম্ভব। উল্লিখিত সতোজননসিদ্ধান্ত অমূলক মনে করিয়া আর একদল পণ্ডিত বলেন, অতি-প্রাচীনকালে যথন ভুপুষ্ঠে প্রচুর উল্লাবর্ষণ হইত, সম্ভবত তথনই কোন প্রকারে উলা-পিণ্ডের সহিত ভূপৃষ্ঠে প্রাথমিক জীবের আবির্ভাব হইয়াছিল এবং তার পর পুরুষাত্র-ক্রমিতা ও ক্রমোনতি দারা এখন তাহাই **ভূপ্**ষ্ঠকে উদ্ভিদ**পূ**ণ ও প্রাণিময় তুলিয়াছে।

স্টেতত্ত্বের স্থায় একটা গূঢ় রহস্থময় ব্যাপারের একটি অসম্পূর্ণ ইতিহাস প্রাচীন ও আধুনিক পণ্ডিতগণ পূর্ব্বোক্তপ্রকারে উদ্ধার করিয়াছেন স্তা, কিন্তু ইহার. মূল ব্যাপারগুলি আন্ধন্ত রহস্তময় রহিয়াছে। সৌরজগতের উপাদান সেই জ্বান্ত বার্ল্পরাশি কোথা হইতে উৎপন্ন হইল এবং তাহার অন্তত তেজ ও প্রচণ্ড গতিরই বা উৎপত্তি কোপায়, জানিবার জন্ম বিজ্ঞানবিদ্গণের শরণাপন্ন হইলে, আজও তাঁহারা নিক্তর থাকেন। অপর সহস্র-সহস্র প্রাকৃতিক ব্যাপারের ন্যায় স্ষ্টিতত্ত্বের মূলরহস্থ প্রকৃত্ই মানববুদ্ধির অগোচর।

প্রীজগদানন্দ রায়।

চোখের বালি।

-10+01-

(%)

বিহারী একলা নিজেকে লইয়া অন্ধকার-রাত্রে কথনো ধ্যান করিতে বংস (कानकारलंशे विश्वती निरक्षत নিজেকে আলোচা বিষয় করে নাই। সে পড়াঙ্ডনা, কাজকর্ম, বন্ধুবার্ন্ধব, লোকজন লইয়াই থাকিত। চারিদিকের সংসারকেই त्म निरक्षत (हरम श्राभाग निम्ना जानत्म हिन, কিন্তু হঠাৎ একদিন প্রবল আঘাতে তাধার চারিদিক যেন বিশ্লিষ্ট হইয়া পড়িয়া গেল; প্রলম্বের অন্ধকারে অভ্রভেদী বেদনার গিরিশৃঙ্গে নিজেকে একলা লইয়া দাঁড়াইতে হইল। সেই হইতে নিজের নির্জ্জন সঙ্গকে দে ভয় করিতে আরম্ভ করিয়াছে; জোর করিয়া নিজের ঘাড়ে কাজ চাপাইয়া এই সঙ্গীটিকে সে কোনমতেই অবকাশ দিতে চায় না।

কিন্তু আজ নিজের সেই অন্তরবাসীকে বিহারী কোনমতেই ঠেলিয়া রাখিতে পারিল না। কাল বিনোদিনীকে বিহারী দেশে পৌছাইয়া দিয়া আদিয়াছে, তাহার পর হইতে দে যে-কোন কাজে যে কোন লোকের সঙ্গেই আছে, তাহার গুহাশায়ী বেদনাভূর হাদয় তাহাকে নিজের নিগৃঢ় নিজ্জনতার দিকে অবিশ্রাম আকর্ষণ করিতেছে।

শ্রান্তি ও অবসাদে আজ বিহারীকে পরান্ত করিল। রাত্রি তথন নয়টা হইবে; বিহারীর গৃহের সম্থবত্তী দক্ষিণের ছাদের উপর দিনাগুরম্য গ্রীম্মের বাতাস উতলা হইয়া উঠিয়াছে। বিহারী চল্রোদয়হীন অন্ধ-কারে ছাদে একথানি কেদারা লইয়া বিসয়া আছে।

বালক বসস্তকে আজ সন্ধ্যাবেলায় সে
পড়ায় নাই—সকাল-সকাল তাহাকে বিদায়
করিয়া দিয়াছে। আজ সান্থনার জন্ত, সঙ্গের
জন্ত তাহার চিরাভাস্ত প্রীতিস্থান্নিগ পূর্বজীবনের জন্ত তাহার হৃদয় যেন মাতৃপরিতাক্ত
শিশুর মত বিশ্বের অন্ধকারের মধ্যে ছই
বাহু তুলিয়া কাহাকে খুঁজিয়া বেড়াইতেছে।
আজ তাহার দৃঢ়তা, তাহার কঠোর সংযদের

বাঁধ কোথায় ভাঙিয়া গেছে! যাহাদের কথা ভাবিবে না পণ করিয়াছিল, সমস্ত হৃদয় তাহাদের দিকে ছুটিয়াছে, আৰু আর পথ-রোধ করিবার লেশমাত্র বল নাই। মনে মনে বিহারী ভাবিতে লাগিল, "সংসারে আমি ত यधिक किছू চाহि नारे-- अग्र लाटक य আনন্দ আকণ্ঠ পান করিতেছিল, আমি তাহা-রই একটুথানি ফেনোচ্ছাসমাত্র পাইতে-ছিলাম ;—প্রতিদিন বিশ্বস্তভাবে যে গৃহে যাইতাম, হাস্তমুথে যে আলাপ করিতাম, পার্শ্বে দাঁড়াইয়া উদ্বর্ত্তিত স্থুখহুঃথের যে অংশ পাইতাম, তাহা এতই কি ছুৰ্লভ, এতই কি হুরাশার সামগ্রী, তাহা দিলেই বা কাহার কি ক্ষতি এবং পাইলেই বা আমার কি এত লাভ! তবু কেন সেইটুকুর অভাবে এই বিপুল ভূমগুলে, ঐ অসীম নক্ষত্রলোকের তলে আমার মানবজন্ম আজ একেবারে ব্যর্থ-বিশ্বাদ বোধ হইতেছে! কতলোক আমার চেয়ে কত বেশি পাইয়াও অবজ্ঞাভরে পায়ে ঠেলিয়া ভাঙিয়া ফেলিয়া দেয়—আন-ন্দের সেই অকারণ অপব্যয় ত বিধাতার গায়ে লাগে না! পৃথিবীর ঘরে ঘরে কত উপেক্ষিত আনন্দের বহুমূল্য ভগ্নাবশেষ আবর্জনাকুণ্ডে গড়াগড়ি যাইতেছে, এত অনাদর-অনবধানেও ত সংসারের আন-দ-ব্যবসার দেউলিয়া হইয়া গেল না! যাহা এমন ফেলাছড়ার জিনিষ, তাহার সংমান্ত একটুক্রা কি আমি সমস্ত প্রাণমন দিয়া ভিকা করিয়া পাইব না ?"

মহেক্রের সহিত বাল্যকালের প্রণয়
হইতে সেই প্রণয়ের অবসান পর্যান্ত সমস্ত
কথা—বে স্থদীর্ঘ কাহিনী নানাবর্ণে চিত্রিত,

জলে স্থলে পর্বতে নদীতে বিভক্ত মান-চিত্রের মত তাহার মনের মধ্যে ওটান ছিল '—বিহারী প্রদারিত করিয়া ধরিল। ক্ষুদ্র জগৎটুকুর উপর সে তাহার জীবনের প্রতিষ্ঠা করিয়াছিল, তাহা কোনথানে কোন ছ্র হের সহিত সংঘাত পাইল, তাহাই সে মনে করিয়া দেখিতে লাগিল। বাহির হইতে কে আসিল ? স্থ্যাস্তকালের করুণ রক্তিমচ্ছটায় আভাসিত আশার লজ্জা-মণ্ডিত তরুণ মুথথানি অন্ধকারে অন্ধিত হইয়া উঠিল, তাহার সঙ্গে সঙ্গে মঞ্চল উৎ-সবের পুণ্যশঙ্খধ্বনি তাহার কাণে বাজিতে লাগিল। এই শুভগ্রহ অদৃষ্টাকাশের অজ্ঞাত প্রান্ত হইতে আসিয়া হুই বন্ধুর মাঝ্থানে দাঁড়াইল-একটু যেন বিচ্ছেদ আনিল, কোথা হইতে এমন একটি গুঢ়-বেদনা আনিয়া উপস্থিত করিল, যাহা মুথে বলিবার নহে, যাহা মনেও লালন করিতে নাই। কিন্তু তবু এই বিচ্ছেদ, এই বেদনা অপূর্ব স্থেহ রঞ্জিত মাধুর্গারশ্মির দারা আছেল্ল-পরিপূর্ণ হইয়ারহিল।

তাহার পরে যে শনিগ্রহের উদয় হইল,
বন্ধর প্রণয়, দম্পতির এপ্রম, গৃহের শাস্তি ও
পবিত্রতা একেবারে ছারথার করিয়া দিল,
বিহারী প্রবলম্বণায় সেই বিনোদিনীকে
সমস্ত অস্তঃকরণের সহিত স্থদ্রে ঠেলিয়া
ফেলিতেচেটা করিল। কিন্তু এ কি আশ্চর্যা!—
আঘাত যেন অত্যন্ত মূহ হইয়া গেল, তাহাকে
যেন স্পর্শ ক্রিল না। সেই 'পরমাস্থন্ধরী'প্রহেলিকা তাহার হুর্ভেদারহ্মপূর্ণ ঘনকৃষ্ণ
অনিমেষ দৃষ্টি লইয়া কৃষ্ণপক্ষের অন্ধকারে
বিহারীর সৃশুথে স্থির হুইয়া দাঁড়াইল। গ্রীয়-

রাত্রির উচ্চ, সিত দক্ষিণবাতাস তাহারই ঘন-নিখাদের মত বিহারীর গায়ে আদিয়া পড়িতে লাগিল। ধীরে ধীরে সেই পলক-হীন চক্ষুর জালাময়ী দীপ্তি মান হইয়া আদিতে লাগিল: - সেই ত্যাওম খনদৃষ্টি অঞ্জলে সিকু, স্নিগ্ন হইয়া গঁভীর ভাবরসে দেখিতে দেথিতে পরিপ্লত হঁইয়া উঠিল ;—মুহর্তের মধ্যে সেই মূর্ত্তি বিহারীর পায়ের কাছে পড়িয়া তাহার চুই জামু প্রাণপণ বলে বক্ষে চাপিয়া ধরিল:—তাহার পরে সে একটি অপরপ মায়ালভার মত নিমেষের মধোই বিহারীকে বেষ্টন করিয়া বাডিয়া উঠিয়া সংলাবিকশিত-স্থানি-পুষ্পমঞ্জরীতুলা এক-থানি চুম্বনোলুথ মুখ বিহারীর ওঠের নিকট আনিয়া উপনীত করিল। বিহারী চক্ষু বুজিয়া সেই মুথকে স্থৃতিলে ক হইতে নির্কাসিত করিয়া দিবার চেষ্টা করিতে লাগিল, কিন্তু কোনমতেই ভাহাকে আঘাত করিতে যেন তাহার হাত উঠিল না—একটি অসম্পূর্ণ ব্যাকুলচুম্বন তাহার মুথের কাছে আসন্ন **इहेगा त्रहिल-পूलाक जाहारक आ**विष्टे করিয়া তুলিল,—স্লেহের শীতকিরণমণ্ডিত বিহারীর অতীত-জীবনরাজ্য যেন লিকায় অদৃগ্ৰায় হইয়া গেল।

বিহারী ছাদের নির্জ্জন অন্ধকারে আর থাকিতে পারিল না। আর কোন দিকে মন দিবার জন্ম সে তাড়াতাড়ি দীপালোকিত ঘরের মধে আসিয়া প্রবেশ করিল। কিন্তু ছই দিন পূর্ব্বে এই ঘরেই, এই কেরোসিন-দীপের আলোকে, এই সমস্ত চৌকি-টেবিল মুকদাকীর সমূধে একটি স্থন্দরী অতিথি তাহার নিভৃত হৃদয়দ্বারে ছই বাছ দিয়া আঘাত করিয়াছিল,—সেই দৃশুটি ছবির মত এই ঘরের বাতাসে যেন অন্ধিত হইয়া গেছে। ঘরে প্রবেশ করিতেই সেই ছবিটি যে কেবল বিহারীর চোখে পড়িল, তাহা নহে, তাহাকে যেন সর্কাঙ্গে স্পর্শ করিল।

বিহারী তথন আর একটি ছবিতে মন দিতে চেষ্টা করিল।

কোণে টিপাইয়ের উপর রেশমের ঢাকা দেওয়া একথানি বাঁধান কোটা বিল টাকা খুলিয়া সেই ছবিটি রাত্রে কোন্দেব-আলোর নীচে লইয়া বিলি রাথিয়া দেখিতে লাগিল

ছবিটি মহেকু ও আংহেকু ভূমিতে ফেলিয়া কাল পরের যুগলমৃতি। ^{হার} কাচ চূর্ণচূর্ণ মহেক্র নিজের অক্ষুরে "মহিন্ টুক্রা টুক্রা বহত্তে "আশা" এই নামটুকু লিখি ছিল। ছবির মধ্যে সেই নবপরিণয়ের মধুর मिनि व्यात पृष्टिम ना। मरहक्त कि कि বসিয়া আছে,—তাহার মুখে নৃতন বিবাহের একটি নবীন সরস ভাবাবেশ; পাশে আশা माँ**डाइग,**—ছবিওয়ালা তাহাকে ঘোমটা দিতে দেয় নাই, কিন্তু তাহার মুখ হইতে লজ্জাটুকু থসাইতে পারে নাই। আজ মহেল্র তাহার পার্শ্বরী আশাকে কাঁদুটিয়া কতদূরে চলিয়া যাইতেছে, কিন্তু জড় ছবি মহেক্রের মুখ হইতে নবীন প্রেমের একটি রেথাও বদল হইতে দেয় নাই, কিছু না বুঝিয়া মৃঢ়ভাবে অদৃষ্টের পরিহাদকে স্থায়ী করিয়া রাখিয়াছে।

এই ছবিথানি কোলে লইয়া বিহারী বিনোদিনীকে ধিকারের ছারা স্থদ্রে নির্বা-সিত করিতে চাহিল। কিন্তু বিনোদিনীর সেই প্রেমে কাতর, যৌবনে কোমল বাছহটি বিহারীর জাফু চাপিয়া রহিল। বিহারী মনে মনে কহিল, "এমন স্থলর প্রেমের সংসার ছারখার করিয়া দিলি!" কিন্তু বিনোদিনীর সেই উর্দ্ধোৎক্ষিপ্ত ব্যাকুল মৃথের চুম্বন-নিবেদন তাহাকে নীরবে কহিতে লাগিল, "আমি তোমাকে ভালবাসি! সমস্ত জগতের মধ্যে আমি তোমাকে বরণ করিয়াছি।"

।ছনানকি, জ এই কি জ্বাব হইল ? এই কথাই যাইতাম, হাজমুপোরের নিদারুণ আর্তিকরেকে পার্ষে দাঁড়াইয়া উদ্পিশাচি!

পাইতাম, তাহা এতনরী এটা কি পুরা ভং-হুরাশার সামগ্রী, ত'না, ইহার সঙ্গে একটু-কি ক্ষতি এবং পাইৰ আদিয়াও মিশিল ৫ যে লাভ! তবু কেতাহার সমস্ত জীবনের সমস্ত বিপুল ভূম থা হইতে বঞ্চিত হইয়া একেবারে ানংখ ভিথারীর মত পথে আসিয়া দাঁড়া-ইয়াছে, সেই মুহূর্ত্তে বিহারী কি এমন অ্যা-চিত অজ্ঞ প্রেমের উপহার সমন্ত হৃদয়ের ১সহিত উপেক্ষা করিয়া ফেলিয়া দিতে পারে গ ইহার তুলনায় বিহারী কি পাইয়াছে ? এতদিন পর্যান্ত সমস্ত জীবন উৎসর্গ করিয়া দে কেবল প্রেমভাগুরের খুদকুঁড়া ভিক্ষা করিতেছিল। প্রেমের অন্নপূর্ণ। সোণার থালা ভরিয়া আজ একা তাহারই যে ভোজ পাঠাইয়াছেন, হতভাগ্য কিসের দিধায় তাহা হইতে নিজেকে বঞ্চিত করিবে १

ছবি কোলে লইয়া এইরকম নানা কণা যথন সে একমনে আলোচনা করিতেছিল, এমন সময় পার্ষে শব্দ শুনিয়া চমকিয়া উঠিয়া দেখিল, মহেক্স আসিয়াছে। চকিত হইরা দাঁড়াইরা উঠিতেই কোল হইতে ছবিথানি নীচে কার্পেটের উপর পড়িয়া গেল—বিহারী তাহা লক্ষ্য করিল না।

भरहक्त এरकवारतहे वनिष्ठा छेठिन, "वित्नां निर्मे तकाशाब १"

বিহারী মহেক্রের কাছে অগ্রসর হইয়া তাহার হাত ধরিয়া কহিল, "মহিন্দা, একটু বোদ ভাই, দকল কথার আলোচনা করা যাইতেছে।"

মহেজ কহিল, "আমার বসিবার এবং আলোচনী ক্রিবার সময় নাই। বল, বিনোদিনী কোণায় ?"

বিহারী কহিল—"তুমি যে প্রশ্নটি জিজ্ঞাস। করিতেছ, এক কথায় তাহার উত্তর দেওয়া চলে না। একটু তোমাকে স্থির হইয়া বসিতে হইবে।"

মহেক্দ কহিল—"উপদেশ দিবে ? সে সব উপদেশের কথা আমি শিশুকালেই পড়িয়াছি।"

বিহারী। না, উপদেশ দিবার অধিকার ও ক্ষমতা আমার নাই।

মহেল । ভংগনা করিবে ? আমি জানি আমি পাষও, আমি নরাধন, এবং তৃমি যাহা বলিতে চাও, তাহা সবই। কিন্তু কথা এই, তৃমি জান কিনা, বিনোদিনী কোথায় ?

বিহারী। জানি।

মহেক্র। আমাকে বলিবে কি না ?

निश्ती। ना।

মহেক্ত। . বলিতেই হইবে ! তুমি তাহাকে চুরি করিয়া আনিয়া লুকাইয়া রাখি-রাছ। সে আমার, তাহাকে ফিরাইয়া দাও! • বিহারী ক্ষণকাল ন্তন্ধ হইয়া রহিল।
তাহার পার দৃঢ়স্বরে বলিল, "সে তোমার
নহে। আমি তাহাকে চুরি করিয়া আনি'
নাই, সে নিজে আমার কাছে আসিয়া
ধরা দিয়াছে।"

মহেন্দ্র গর্জন করিয়া উঠিল—"মিগা কথা!"— এই বলিয়া পার্শ্ববর্ত্তী ঘরের কন্ধ-দারে আঘাত দিতে দিতে উচ্চম্বরে ডাকিল, "বিনোদ, বিনোদ!"

বরের ভিতর হইতে কানার শব্দ শুনিতে পাইরা বলিয়া উঠিল, "ভয় নাই বিনোদ! আমি মহেলু, আমি তেগোকে উদ্ধার করিয়া লইয়া যাইব—কেহ তোমাকে বন্ধ করিয়া রাথিতে পারিবে না।"

বলিয়া মহেক্স সবলে দ্বারে থাক। দিতেই দ্বার খুলিয়া গেল। ভিতরে ছুটিয়া গিয়া দেখিল, ঘরে অস্ককার। অস্টু ছায়ার মত দেখিতে পাইল, বিছানায় কে যেন ভয়ে আড়প্ট হইয়া অব্যক্ত শব্দ করিয়া বালিশ চাপিয়া ধরিল। বিহারী তাড়াতাড়ি ঘরের মধ্যে ঢুকিয়া বসস্তকে বিছানা হইতে কোলে ভুলিয়া সাস্থনার স্থরে বলিতে লাগিল. ভয় নাই, বসস্ত, ভয় নাই, কোন ভয় নাই।"

মহেক্স তথন জতপদে বাহির হইয়া বাড়ীর সমস্ত ঘর দেখিয়া আসিল। যথন ফিরিয়া আসিল, তথনো বসন্ত ভয়ের আবেগেথাকিয়া থাকিয়া কাঁদিয়া উঠিতেছিল, এবং বিহারী তাহার ঘরে আলো জালিয়া ভাহাকে বিছানায় শোয়াইয়া, ভাহার গায়ে হাত বুলাইয়া ভাহাকে ঘুম পাড়াইবার চেষ্টা করিতেছিল। মুহেন্দ্র আসিয়া কহিল, "বিনোদিনীকে কোথায় রাথিয়াছ ?"

বিহারী কহিল, "মহিন্দা, গোল করিয়ো না, তুমি অকারণে এই বালককে যেরপ ভর পাওয়াইয়া দিয়াছ, ইহার অস্থুখ করিতে পারে। আমি বলিতেছি বিনোদিনীর থবরে তোমার কোন প্রয়োজন নাই!"

মহেল্র কহিল, "সাধু, মহাত্মা, ধর্মের আদর্শ থাড়া করিয়ো না! আমার স্ত্রীর এই ছবি কোলে করিয়া রাত্রে কোন্দেব-তার ধ্যানে কোন্ পুণামস্ত্র জপ করিতে-ছিলে ? ভগু!"

বলিয়া, ছবিথানি মহেন্দ্র ভূমিতে ফেলিয়া জুতাস্ক পা দিয়া তাহার কাচ চুর্ণচূর্ণ করিল এবং প্রতিমৃর্তিটি লইয়া টুক্রা-টুক্রা করিয়া ছিঁড়িয়া [®] বিহারীর গায়ের উপর • ফেলিয়া দিল।

তাহার মত্ত। দেখিরা বদস্ত আবার ভরে কাঁদিরা উঠিল। বিহারীর কণ্ঠ রুদ্ধ-প্রায় হইরা আদিল – বারের দিকে হস্ত নির্দ্দেশ করিয়া কহিল—"যাও!"

মহেক্র ঝড়ের বেগে বাহির হইয়া চলিয়া গেল।

(৫০)

বিনোদিনী তাহাদের প্রামে তাহার পরিত্যক্ত প্রায় ঘরে গিয়া উপস্থিত হইল। পূর্বে

যথন সে এখানে বাস করিত, তথন তাহার

তরুণ জীবনে। সমস্ত তঃখ-দৈন্ত-অসম্পূর্ণতার

স্মৃতিতে বিজড়িত এই জীর্ণকূটীর তাহার

অভাস্ত হইয়া গিয়াছিল। তাহার মৃঢ় অশি
কিত অসচ্চরিত্র স্বামীর সঙ্গে যে কয়টা দিন
কাটিয়াছিল, যে কয়দিনের আক্রমণে তাহার

সমস্ত জীবন থর্ক ও নানাদিকে থণ্ডিত হইরাছিল, সেই কয়দিনকে সে তাহার নির্জ্জনবাসের কয়নাস্ত্রপের গভীর তলে সমাধি দিয়া ভূলিয়া ছিল। কাব্য উপস্থাস-সাহিতোর বেড়া দিয়া, পল্লীর ভিতরে থাকিয়াও সে একটি নিভৃত কয়না-লোক স্জনকরিয়া লইয়াছিল।

বিনোদিনী এবার যথন যাত্রিশৃত্ত মেয়ে-দের গাড়িতে চড়িয়া বাতায়ন হইতে চ্যামাঠ ও ছায়াবেষ্টিত একএকথানি গ্রাম দেখিতে পাইল, তথন তাহার মনে সেই স্লিগ্নিভূত পল্লীর জীবন্যাত্রা জাগিয়া উঠিল। সেই তরুচ্ছায়াবেষ্টনের মধ্যে তাহার স্বর্চিত কল্পনানীডে নিজের প্রিয় বইগুলি লইয়া কিছুকাল নগরবাদের সমস্ত ক্ষোভ, দাহ ক্ষতবেদনা হইতে সে যে শান্তিলাভ করিতে পারিবে, এই কথা তাহার মনে হইতে লাগিল। গ্রীম্মের শস্তশ্ন্ত দিগন্ত-প্রদারিত ধূদর মাঠের মধ্যে স্থ্যান্তদৃশ্য দেথিয়া বিনোদিনী ভাবিতে লাগিল—আর যেন কিছুর দরকার নাই—মন যেন এইরূপ স্থবর্ণরঞ্জিত স্তব্ধ-বিস্তীর্ণ শান্তির মধ্যে সমস্ত ভূলিয়া হই চক্ষু মুদ্রিত করিতে চায় — তরঙ্গবিক্ষুর স্থগুঃখদাগর হইতে জীবন-তরিটি তীরে ভিডাইয়া নিঃশব্দ সন্ধায় একটি নিক্ষম্প বটবুক্ষের তলায় বাঁধিয়া রাখিতে চায়—আর কিছুতেই কোন প্রয়োজন নাই। গাডি চলিতে চলিতে এক-এক জায়গায় আমকুঞ্জ হইতে মুকুলের গন্ধ আসিতেই পল্লীর স্নিগ্নশান্তি তাহাকে নিৰিড্ভাবে আবিষ্ট করিয়া তুলিল। মনে মনে দে কহিল. "(तम श्रेपार्ह, ভालरे श्रेपारह: निर्धरक

লইয়া আর টানাছে ড়া করিতে পারি না—
এবারে সমস্ত ভূলিব, ঘুমাইব,—পীড়াগাঁয়ের
মেয়ে হইয়া ঘরের ও পল্লীর কাজে-কর্মে
সস্তোষের সঙ্গে, আরামের সঙ্গে জীবন
কাটাইয়া দিব।"

তৃষিত বক্ষে এই" শাস্তির আশা বহন করিয়া বিনোদিনী আঁপনার কুটীরের মধো প্রবেশ করিল। কিন্তু হায় শান্তি কোথায়। (कवन मुज्जा এवः मातिसा। हातिमित्करे সমস্ত জীর্ণ, অপরিছন্ত্র, অনাদৃত, মলিন। বচ্চদিনের রুদ্ধ স্থাণ্ডের্ম তাঙ্গে তাহার যেন নিশাস বন্ধ হইয়া আসিল। ঘরে অল্লস্বল্ল যে সমস্ত আসবাবপত্র ছিল. ভাহা কীটের দংশনে, ইছরের উৎপাতে ও ধূলার আক্রমণে ছারথার হইয়া আসি-য়াছে ৷ সন্ধার সময় বিনোদিনী ঘরে গিয়া পৌছিল- ঘর নিরানন, অন্ধকার। কোন মতে সর্যের তেলে প্রদীপ জালাইতেই তাহার ধোঁয়ায় ও ক্ষীণ আলোতে ঘরের দীনতা আরো পরিকুট হইল। আগে যহো ভাহাকে পীড়ন করিত না, এখন তাহা অসহ্য বোধ **रहेट ना**शिन-- जारात मगछ विद्यारी অন্তঃকরণ সবলে বলিয়া উঠিল, 'এখানে ত এক মুহূর্ত্তও কাটিবে না। কুলুঙ্গিতে পূর্বে-কার তুই-একটা ধূলায় আছেল বই ও মাসিক-পত্ৰ পড়িয়া আছে, কিন্তু তাহা ছুঁইতে ইচ্ছা হইল না। বাহিরে বায়ুসম্পর্কশৃত আম-বাগানে ঝিল্লী ও মশার গুঞ্জনম্বর অন্ধকারে ধ্বনিত হইতে লাগিল।

বিনোদিনীরে যে বৃদ্ধা অভিভাবিক। ছিলেন, তিনি ঘরে তালা লাগাইয়া মেয়েকে দেখিতে স্থদুরে জামাইবাড়ীতে গিয়াছেন। বিনোদিনী প্রতিবেশিনীদের বাড়ীতে গুল।
তাহারা তাহাকে দেখিয়া যেন চকিত হইয়া
উঠিল। ওমা, বিনোদিনীর দিব্য বং সাফ
হইয়া উঠিয়াছে, কাপড়চোপড় কিট্ফাট্,
যেন মেমসাহেবের মত! তাহারা পরস্পারে কি-যেন ইসারাম কহিয়া বিনোদিনীর
প্রতি লক্ষ্য করিয়া মুখচাওয়াচায়ি করিল।
যেন কি-একটা জনরব শোনা গিয়াছিল,
তাহার সহিত লক্ষণ মিলিল।

বিনোদিনী তাহার পল্লী হইতে সর্বতোভাবে বছদ্রে গিন্ধা পড়িয়াছে, তাহা পদে পদে অমুভব করিতে লাগিল। স্বগৃহে তাহার নির্বাসন। কোথাও তাহার এক মুহুর্ত্তের আরামের স্থান নাই।

ভাক্বরের বুড়া পেয়াদা, বিনোদিনীর আবালাপরিচিত। পরদিন বিনোদিনী যথন পুছরিণীর ঘাটে স্নান করিতে উগুত হইয়াছে, এমন-সময় চিঠির বাাগ্ লইয়া পেয়াদাকে পথ দিয়া যাইতে দেখিয়া বিনোদিনী আর আত্মগংবরণ করিতে পারিল না। গামছা ফেলিয়া তাড়াতাড়ি উঠিয়া গিয়া তাহাকে ডাকিয়া কহিল, "পাঁচু-দাদা, আমার চিঠি আছে 🔏 বুড়া কহিল, "না।"

বিনোদিনী বাগ্র হইমা কহিল, "থাকি-তেও পারে। একবার দেখি।"

বলিয়া পাড়ার অল্ল থানপাঁচছয় চিঠি
লইয়া উল্টিয়া-পাল্টিয়া দেখিল, কোনটাই
তাহার নহে। বিসর্বমুণে যথন ঘাটে ফিরিয়া
আদিল, তথন তাহার কোন স্থা সকোতৃক
কটাক্ষে কহিল, "কি লো বিন্দী, চিঠির
জন্তে এত ব্যস্ত কেন ?"

আর একজন প্রগন্ভা কহিল—"ভাল,

ভাল, জাকের চিঠি আদে, এত ভাগ্য কয়-জনের ? আমাদের ত স্বামী, দেবর, ভাই, বিদেশে কাজ করে, কিন্তু ডাকের পেয়াদার দয়া হয় না।"

এইরপে কথায় কথায় পরিহাস ফুটতর ও কটাক্ষ তীক্ষতর হইরা উঠিতে লাগিল। বিনোদিনী বিহারীকে অন্থনয় করিয়া আসিয়াছিল, প্রতাহ যদি নিতাস্ত না ঘটে, তবে অন্তত সপ্তাহে হইবার তাহাকে কিছু না-হয়-ত হইছত্রও যেন চিঠি লেখে। আজই বিহারীর চিঠি পাইবার সন্তাবনা অত্যস্ত বিরল, কিন্তু আকাজ্জা এত অধিক হইয়া উঠিল যে. দ্র-সন্তাবনার আশাও বিনোদিনী ছাড়িতে পারিল না। তাহার মনে হইতে লাগিল, যেন কতকাল কলিকাতা ত্যাগ করিয়াছে।

মহেল্রের সহিত জড়িত করিয়া বিনোদিনীর নামে নিন্দা গ্রামের ঘরে ঘরে কিরূপ
বাাপ্ত হইরা পড়িয়াছে, শক্র-মিত্রের কুপার
বিনোদিনীর কাছে তাহা অগোচর রহিল
না। শান্তি কোথায়!

গ্রামবাদী দকলের কাছ হইতে বিনোদিনী নিজেকে নিলিপ্ত করিয়া লইতে চেষ্টা
করিল। পল্লীর লোকেরা তাহাতে আরো
রাগ করিল। পাতকিনীকে কাছে লইয়া
ঘুণা ও পীড়ন করিবার বিলাদস্থ হইতে
তাহারা বঞ্চিত হইতে চায় না।

ক্ষুদ্রপল্লীর মধ্যে নিজেকে সকলের কাছ হইতে গোপনে রাথিবার চেষ্টা রুথা। এথানে আহত হৃদয়টিকে কোণের অন্ধ-কারে লইয়া নির্জ্জনে শুশ্রুষা করিবার অব-কাশ নাই—যেথান-সেথান হইতে সকলের তীক্ষ কোতৃহলদৃষ্টি আদিয়া ক্ষতেন্তানে
পতিত হয়। বিনোদিনীর অস্তঃপ্রকৃতি
চুপ্ড়ির ভিতরকার সজীব মাছের মত
যতই আছড়াইতে লাগিল, ততই চারিদিকের
সন্ধীর্ণতার মধ্যে নিজেকে বারংবার আহত
করিতে লাগিল। এখানে স্বাধীনভাবে
পরিপূর্ণরূপে বেদনাভোগ করিবারও স্থান
নাই।

দিতীয় দিনে চিঠি পাইবার সময় উত্তীর্ণ হইতেই বিনোদিনী ঘরে দরজা বন্ধ করিয়া লিখিতে বসিলঃ—

"ঠাকুরপো, ভয় করিয়োনা, আমি তোমাকে প্রেমের চিঠি লিখিতে বসি নাই। ভুমি আমার বিচারক, আমি তোমাকে প্রণাম করি। আমি যে পাপ করিয়াছি, তুমি তাহার কঠিন দও দিয়াছ; তোমার আদেশমাত্র দে দণ্ড আমি মাথায় করিয়া বহন করিয়াছি। ত্রঃথ এই, দভটি যে কত কঠিন, তাহা তুমি দেখিতে পাইলে না। যদি (मिथ्डि, यिन क्रानिटि शाहेटि, छोटा ट्रेंटिन তোমার মনে যে দয়া হইত, তাহা হইতেও বঞ্চিত হহলাম! তোমাকে স্মরণ করিয়া, মনে মনে তোমার তুইথানি পারের কাছে মাথা রাথিরা, আমি ইহাও সহ্ করিব। কিন্তু প্রভু, জেলথানার কয়েদী কি আহারও পায় না ? দৌথান আহার নছে,—যতটুকু না হইলে তাহার প্রাণ বাচে না, সেটুকুও ত বরাদ আছে! তোমার ছুইছুত্র চিঠি আমার এই নির্বাসনের আহার—তাহা যদি না পাই, তবে কেবল আমার নির্বাসনদণ্ড নহে, প্রাণদণ্ড। আমাকে এত অধিক পরীক্ষা করিয়ো না দঙ্দাতা ! আ্মার পাপ-

মনে, অহস্কারের সীমা ছিল না—কাহারো কাছে আমাকে এমন করিয়া মাধা নোয়াইতে ইইবে, ইহা আমি স্বপ্নেও জানিতাম না! তোমার জয় হইয়াছে প্রভু; আমি বিদ্রোহ করিব না। কিন্তু আমাকে দয়া কর —আমাকে বাঁচিতে দাও! এই অরণাবাসের সম্বল আমাকে অল্ল একটু করিয়া দিয়ো! তাহা হইলে তোমার শাসন হইতে আমাকে কেইই কিছুতেই টলাইতে পারিবে না। এইটুকু ছংথের কথাই জানাইলাম। আর যে সব কথা মনে আছে,— বলিবার জন্ম বুক ফাটিয়া যাইতেছে, তাহা তোমাকে জানাইব না প্রতিজ্ঞা করিয়াছি—দেই প্রতিজ্ঞা রক্ষা করিলাম।

তোমার বিনোদ-বোঠা'ণ।"

বিনোদিনা চিঠি ডাকে দিল—পাড়ার লোকে ছিছি করিতে লাগিল ! ঘরে ঘার রুদ্ধ করিয়া থাকে, চিঠি লেখে, চিঠি পাইবার জন্ম পেয়াদাকে গিয়া আক্রমণ করে—কলি-কাতার ত্দিন থাকিলেই লজ্জাধন্ম থোরাইয়া কি এম্নি মাটি হইতে হয় !

পরদিনেও চিঠি পাইল না। বিনোদিনী
সমস্তদিন স্তব্ধ হইয়া রহিল, তাহার মুথ
কঠিন হইয়া উঠিল। অন্তরে-বাহিরে চারিদিকের আঘাত ও অপমানের মন্থনে তাহার
হদয়ের অন্ধকার-তলদেশ হইতে নিঠুর
সংহারশক্তি মুর্ত্তিপরিগ্রহ করিয়া বাহির
হইয়া আসিতে চার্হিল। সেই নিদারুণ
নিঠুরতার আবির্ভাব বিনোদিনী সভয়ে
উপলব্ধি করিয়া ঘরে দার দিল।

তাহার কাছে বিহারীর কিছুই ছিল না,

ছবি না, একছত্র চিট্টি না, কিছুই না। তেন শৃত্যের মধ্যে কিছু-বেন-একটা খুঁজিয়া বেড়াইতে লাগিল। সে বিহারীর একটা-কিছু চিহ্নকে বকে জড়াইয়া ধরিয়া শুক্ষচকে জল আনিতে চায়। অঞ্চললে অন্তরের সমস্ত কঠিনতাকে গঁলাইয়া বিদ্রোহবহ্নিকে নির্বাপিত করিয়া বিহারীর কঠোর আদেশকে হৃদরের কোমলতম প্রেমের সিংহাদনে বসাইয়া রাখিতে চায়। কিন্তু অনাকৃষ্টির মধ্যাহ্ন-আকাশের মত তাহার হৃদয় কেবল জলিতেই লাগিল, দিগ্দিগন্তে কোণাও সে এককোটাও অঞ্চর লক্ষণ দেখিতে পাইল না।

বিনোদিনী শুনিয়াছিল, একাগ্রমনে ধান করিতে করিতে যাহাকে ডাকা যার, দে না আদিয়া থাকিতে পারে না। তাই জ্যোহাত করিয়া চোথ বুজিয়া সে বিহারীকে ডাকিতে লাগিল—"আমার জীবন শৃত্তা, আমার হৃদদক্ শৃত্তা, আমার হৃদদক্ শৃত্তার মাঝখানে একবার তুমি এস, এক মুহুর্ত্তের জন্ত এদ, তোমাকে আদিতেই হইবে, আমি কিছুতেই তোমাকে ছাড়িব না।"

এই कथा প্রাণশশবলে বলিতে বলিতে বিনোদিনী যেন যথার্থ বল পাইল। মনে হইল, যেন এই প্রেমের বল, এই আহ্বানের বল, বুথা হইবে না। কেবল স্মরণমাত্র করিয়া, হুরাশার গোড়ায় হৃদয়ের রক্ত সিঞ্চন করিয়া হৃদয় কেবল অবসন্ন হইয়া পড়ে। কিন্তু এইরূপ একমনে ধ্যান করিয়া প্রাণপণশক্তিতে কামনা করিতে থাকিলে নিজেকে যেন সহায়বান্মনে হয়। মনে হয়, যেন প্রবল ইছো জগতের আর সমস্ত ছাড়িয়া

কেবল-বাঞ্ছিতকে আকর্ষণ করিতে থাকাতে প্রতিমুহুর্ত্তে ক্রমে-ক্রমে ধীরে-ধীরে দে নিকটবর্ত্তী হইতেছে।

বিহারীর ধ্যানে যথন সন্ধ্যার দীপশৃষ্ঠ অন্ধকার বর নিবিড্ভারে পরিপূর্ণ হইরা উঠিয়াছে—যথন সমাজ, সংসার, প্রাম, পল্লী, সমস্ত বিশ্বভূবন প্রলয়ে বিলীন হইরা গিয়াছে —তথ্ন বিনোদিনী হঠাৎ দ্বারে আঘাত শুনিয়া ভূমিতল হইতে ক্রভবেগে দাঁড়াইয়া উঠিল, অসংশয় বিশ্বাসে ছুটিয়া দ্বার খূলিয়া কহিল, "প্রভু, আসিয়াছ ?"—ভাহার দৃঢ় প্রত্যা হইল, এই মুহুর্ত্তে জগতের আর কেহই তাহার দ্বারে আসিতে পারে না!

মহেন্দ্র কহিল, "আসিয়াছি বিনোদ!"
বিনোদিনী অপরিসীম বিরাগ ও প্রচণ্ড ধিকারের সহিত বলিয়া উঠিল, "থাও, যাও, যাও এখান হইতে! এখনি যাও!"

মহেল অকস্মাৎ স্তম্ভিত হইয়া গেল!

"হাঁলা বিন্দী, তোর দিদিশাগুড়ি যদি কাল - "এই কথা বলিতে বলিতে কোন প্রোঢ়া প্রতিবেশিনী, বিনোদিনীর ধারের কাছে আদিয়া "ওমা" বলিয়া মন্ত ঘোমটা টানিয়া দবেগে পলায়ন করিল।

(80)

পাড়ার ভারি একটা গোলমাল পড়িরা গেল। পল্লীর্দ্ধেরা চণ্ডীমণ্ডপে বদিরা কহিল "এ কথনই সহু করা ঘাইতে পারে না। কলিকাতার কি ঘটতেছিল, তাহা কাণে না তুলিলেও চলিত, কিন্তু এমন সাহস বে, মহেক্রকে চিঠির উপর চিঠি লিখিরা পাড়ার আনিরা এমন প্রকাশ্য নির্লজ্জতা! এরপ ভারীকে গ্রামে রাখিলে ত চলিবে না!"

বিনোদিনী আজ নিশ্চয় আশা করিয়া-ছিল, বিহারীর পত্রের উত্তর পাইবে, কিন্তু উত্তর আসিল না। বিনোদিনী মনে মনে বলিতে লাগিল—"আমার উপরে বিহারীর ছকুম শুনিতে গেলাম ? আমি কেন তাহাকে বুঝিতে দিলাম যে, সে আমার প্রতি যেমন বিধান করিবে, আমি তাহাই নতশিরে গ্রহণ ভালবাসার বাঁচাইবার জন্ম যেটুকু দরকার, আমার সঙ্গে কেবলমাত্র তাহার সেইটুকু সম্পর্ক ৭ আমার निष्कत (कान श्राभा नारे, नारी नारे, শাশাভা তুইছত চিঠিও না আমি এত তুচ্ছ, এত ঘূণার সামগ্রী ?"—তথ্য ঈর্ষার বিষে বিনোদিনীর সমস্ত বক্ত পূর্ণ হইয়া উঠিল--সে কহিল, "আর কাহারো জন্ত এত জ্ঞা সহ করা যাইতে পারে, কিন্তু তাই বলিয়া আশার জন্ম ! এই দৈখা, এই বনবাদ, এই লোক নিন্দা, এই অবজ্ঞা,এই জীবনের সকলপ্রকার অপরিতৃপ্তি, কেবল আশারই জন্ম আমাকে বহন করিতে হইবে—এত বড় ফাঁকি আমি মাণায় করিয়া কেন লইলাম ? আমার সর্কাশের ব্রত সম্পূর্ণ করিয়া আসি-नाम ना ? निर्द्शीष, आणि निर्द्शीष ! आणि **क्रिन** विश्वतीरक ভानवातिनाम ?"

বিনোদিনী যথন কাঠের মৃর্ত্তির মত ঘরের মধ্যে কঠিন হইয়া বিসিয়া ছিল—এমনসময় তাহার দিদিশাগুড়ি জানাইবাড়ী
হইতে ফিরিয়া আসিয়াই তাহাকে কহিল,
"পোড়ারমুখী, কি সব কথা গুনিতেছি ?"

বিনোদিনী কহিল, "যাহা গুনিতেছ, স্বই সত্য কথা।" . দিদিশাশুড়ি। তৃবে এ কলক পাড়াঁর বহিয়া আনিবার কি দরকার ছিল'—এথানে কৈন আসিলি ?

রুদ্ধান্তে বিনোদিনী চুপ করিয়া বসিয়া রহিল। দিদিশাশুড়ি কহিল, "বাছা, এখানে তোমার থাকা হইবে না, তাহা বলিতেছি। পোড়া অদুষ্টে আমার সবাই মরিয়া-ঝরিয়া গোল, ইহাও সহু করিয়া বাঁচিয়া আছি, কিন্তু তাই বলিয়া এ সকল ব্যাপার আমি সহিতে পারিব না! ছিছি, আমাদের মাথা হেঁট করিলে। তুমি এখনই যাও!"

বিনোদিনী কহিল, "আমি এখনই যাইব।"

এমন সময় মহেক্র, স্নান নাই, আহার নাই, উস্কুম্ব চুল করিয়া হঠাৎ আসিয়া উপ স্থিত হইল। সম্ভ রাত্রির অনিদায় তাহার চক্ষু রক্তবর্ণ, মুথ শুদ্ধ। অন্ধকার থাকিতেই ভোরে আসিয়া সে বিনোদিনীকে লইয়া याहेवात ज्ञ चिजीयवात (ठष्टे। कतिरव, এইরপ তাহার সম্ব ছিল। কিন্তু পূর্বাদিনে বিনোদিনীর অভূতপূর্ব ঘুণার অভিঘাত পাইয়া তাহার মনে নানাপ্রকার দ্বিধার উদয় হইতে লাগিল। जन्म यथन বেলা হইয়া গেল, রেলগাড়ির সময় আসন্ন হইয়া আসিল, তথন ষ্টেশনের যাত্রিশালা হইতে বাহির হইয়া, মন হইতে সর্বপ্রকার নিচার বিতর্ক সবলে দূর করিয়া, গাড়ি চড়িয়া মহেক্স একে-বারে বিনোদিনীর দারে আসিয়া উপস্থিত হইয়াছে। লজ্জাত্যাগ করিয়া প্রকাশ্যে হঃসাহসের কাজ করিতে প্রবৃত্ত হইলে যে একটা স্পর্দ্ধাপূর্ণ বল জন্মে—দেই বলের আবেগে মহেল্র একটা উদুল্রান্ত আনন্দ বোধ

করিল — তাহার সমস্ত অবসাদ ও দিখা চূর্ণ হইয়া গেল। গ্রামের কৌতৃহলী লোকগুলি তাহার উন্তর্ষ্টিতে ধূলির নিজীব পুত্ত-লিকার মত বোধ হইল। মহেন্দ্র কোনদিকে দৃক্পাতমাত্র না করিয়া একেবারে বিনো-**मिनौत काष्ट्र** आमिशा कहिन "विताम, লোকনিন্দার মুথে তৌমাকে একলা ফেলিয়া যাইব, এমন কাপুরুষ আমি নহি। তোমাকে (यमन क्रिया इडेंक, এथान इटेंट्ड नहेंग्रा আমাকে পরিত্যাগ করিতে চাও, পরিত্যাগ করিয়ো, আমি তোমাকে কিছুমাত্র বাধা দিব না। আমি তোমাকে স্পর্ণ করিয়া আজ শপথ করিয়া বলিতেছি, তুমি যথন रामन देव्हा कत, जाशहे इहेरव-मृत्रा যদি কর, তবে বাচিব, না যদি কর, তবে তোমার পথ হইতে দূরে চলিয়া যাইব। আমি সংসারে নানা অবিশ্বাসের কাজ করি-য়াছি, কিন্তু আৰু আমাকে অবিশ্বাস করিয়ো ना! ञागता अनारमत मूर्य पंड़ारेमाछ, এখন ছলনা করিবার সময় নহে !"

বিনোদিনী অতান্ত সহজভাবে অবি-চলিত-মুথে কহিল, 'আমানুকে সঙ্গে লইয়া চল। তোমার গাড়ি আছে ?"

মহেক্ত কহিল, "আছে।"

বিনোদিনীর দিদিশাগুড়ি ঘর হইতে বাহির হইরা আদিরা কহিল—"মহেলু, তুমি আমাকে চেন না, কিন্তু তুমি আমার পর নও। তোমার মা রাজলন্ধী আমাদের আমেরই মেয়ে, গ্রামসম্পর্কে আমি তাঁহার মামী। জিজ্ঞাদা করি, এ তোমার কিবরুকম বাবহার ? ঘরে তোমার ক্লী আছে,

মা আছে, আর তুমি এমন বেহায়া হইয়া, উনাত্ত হইয়া ফিরিতেছ ? ভদুসমাজে তুমি মুথ দেথাইবে কি বলিয়া ?"

মহেক্দ্র যে ভাবোন্নাদের রাজ্যে ছিল দেখানে এই একটা আগাত লাগিল। তাহার মা আছে, স্ত্রী আছে, ভদ্রসমাজ বলিয়া একটা বাগোর আছে। এই সহজ্ঞ কথাটা নৃতন করিয়া যেন মনে উঠিল। এই অজ্ঞাত স্কুদ্র পল্লীর অপরিচিত গৃহ্ছারে মহেক্রকে যে এমন কথা শুনিতে হইবে, ইহা তাহার এক সময়ে স্বগ্লেরও অতীত ছিল। দিনের বেলার গ্রামের মাঝ্যানে দাড়াইয়া সে একটি ভদ্র্যরের বিধ্বারমাণিকে বর হইতে পথে বাহির করিতেছে, মহেক্রের জীবনচরিতে এমনও একটা অন্ত্রত অধার লিথিত হইল! তবু তাহার মা আছে, স্ত্রী আছে এবং ভদ্রসমাজ আছে!

মহেন্দ্র যথন নিক্নন্তর হইয়া দাঁড়াইয়া রহিল, তথন বৃদ্ধা কহিল, "যাইতে হয় ত এখনি যাও,—এখনি যাও! আমার ঘরের দাওয়ায় দাঁড়াইয়া থাকিয়ো না—আর এক-মুহূর্ত্ত দেরি করিয়ো না!"

বলিয়া বৃদ্ধা যরের মধ্যে প্রবেশ করিয়া ভিতর হইতে দ্বার রুদ্ধ করিয়া দিল। অস্ত্রত অভুক্ত মলিনবস্ত্র বিনোদিনী শৃশুহত্তে গাড়িতে গিয়া উঠিল। মহেল্র যথন গাড়িতে উঠিতে গেল, বিনোদিনী কহিল, "না, টেশন দূরে নয়, তুমি হাঁটয়া যাও।"

মহেক্স কহিল, "তাহা হইলে গ্রামের সকল লোক আমাকে দেখিতে পাইবে।" বিনোদিনী কহিল, "এখনো ভোমার लब्बा वाकि ब्याट् ?"— विवा गांकित नत्रका वक्ष कतिया वित्नामिनी गांकायानत्क विनन, "रहेम्यन हन।"

গাড়োয়ান জিজ্ঞানা করিল—"বাবু যাইবে না ?"

মহেক্ত একটু ইতস্তত করিয়া আর যাইতে সাহস করিল না। গাড়ি চলিয়া গেল। মহেক্ত গ্রামের পথ পরিত্যাগ করিয়া মাঠের পথ দিরা ঘূরিয়া নতশিরে ঔেশনের অভি-মুথে চলিল।

তথন গ্রামবৃধ্দের স্নানাহার হইরা গেছে। কেবল যে সকল কর্মনিষ্ঠা প্রোঢ়া গৃহিণী বিলম্বে অবকাশ পাইরাছে, তাহারাই গামছা ও তেলের বাটি লইরা আমুকুলে আমো-দিত ছারাস্লিগ্ধ পুক্ষরিণীর নিভ্ত ঘাটে চলিয়াছে।

ত্রেগ্রহা

রংমহল

বা

মোগল-বাদশাহের অতঃপুর

سه ويميزه ء ۔

পাদ্রী কাক্র (Catron) স্বর্রচিত ইতিহাদের পরিশিষ্টে নোগলরাজান্তঃপুরের প্রসঙ্গে লিথিয়াছেন যে, মোগল-সমাট্গণের রাজ্য ও রাজ্বসভার বিবরণ অনেকে লিপিবদ্ধ করিয়াছেন বটে, কিন্তু তাঁহাদের অন্তঃপুরের কথা এ পর্যান্ত কেহ আলোচনা করেন নাই। কারণ, সেথানকার কাহিনী আমীর-ওমরাহ প্রভৃতির কথা দূরে থাকুক, দেবতাদেরও অগ্রের কথা করে কারে কারের ভারতীয় কবিগণের কাবে লঙ্কাধিপতি দশাননের শুদ্ধান্তের বর্ণনার দেথিতে পাওয়া যায় যে, দেবতারাও তাহার ভিতর সভয়ে পদার্পণ করিতেন।

মোগলবাদশাহদের রংমঞ্চলের ব্যাপারও অনেকটা সেইরপ। এখানে, বন্ধিনচন্দ্রের কথায়, কেবল যম ও কন্দর্পের রাজ্য। তবে পুষ্পশর-ঠাকুরটিরই এখানে প্রকাশ অধিকার, ধর্মরাজকে অনেকসময় গোপনেই গতায়াত করিতে হইত। কেন না, বিধিনির্দিষ্ট সময় ব্যতাত বাদশাহের ত্রকুমেও যখন-তথন তিনি আসিতে বাধা স্থতেন।

কাক্র বলেন, রংমহলের ভিতরের কথা মেকুষীর জানিবার অনেক স্থবিধা হইয়া-ছিল। প্রথমত তিনি বছবংসর ধরিয়া মোগলদরবারে চিকিৎসক ছিলেন। বেগম

* সাইনিয়র নেত্রী (Signior Manouchi) একজন বিনিমীয় চিকিৎসক। তিনি ৪৮ বৎসর ধরিয়া দিনী ও অগেরার মোগলনরবারে রাজচিকিৎসক ছিলেন। শাজাই। বাদশাহের রাজহকালের শেষভাপ হইতে অওরংজেবের রাজহকাল পর্যান্ত হিনি বর্ত্তমান ছিলেন। উভয়কালেই রাজপরিবারে অনেকানেক এশিকিংশুরোগ তিনি আরোগ্য করেন। উহার লিখিত স্ভান্তের উপর প্রধানত নির্ভ্তর করিয়া জেস্ইট ফরাসী পালী দ্রান্তান কাক্রি যে "মোগলসাঞাজ্যের ইতিহাস" রচনা করেন, ১৮৮৬ সালে তাহার এক ইংরাজী অনুবাদ কাকাশিত হয়। সেই অনুবাদ হইতে এ প্রবন্ধ সঞ্চলিত হইল। এ গ্রন্থ অতি দুস্থাপা।

বী বাদশাহজাদীদের সঙ্কটপীড়ায় তুঁহোর চিকিৎসা একান্ত আবশ্যক হইয়া পড়িত। দ্বিতীয়ত তিনি ব্যোবৃদ্ধ। সম্ভবত এই উভয় কারণেই তাঁহোকে বিশ্বাস ক্ষিয়া মন্ত্র্যান্তেরই হুরভিগন্য রংমহলে প্রবেশা- দ্বিকার দেওয়া হইয়াছিল। কাক্র স্বীয় ইতিহাসের অন্তান্ত স্থলে মন্ত্র্যার বর্ণনা হইতে ভাবগ্রহণ করিয়াছেন মাত্র, কিন্তু নিম্লিথিত বর্ণনায় তিনি মেন্ত্র্যার ভাষাই অবিকল সন্ত্রাদ করিয়া দিয়াছেন।

রংমহলের ভিতর প্রার দ্বিসহস্রাধিক স্লালোক বাস করিছ। এত্যতীত অপ্রাপ্ত-বয়ক যুবরাজেরাও অন্তঃপুরে থাকিতেন, আর থোজারাত থাকিবেই। ইহারা ছয় শ্রেণীতে বিভক্ত ছিল। বাদশাহের বিবাহিত বেগমেরা প্রথমশ্রেণীভুক্ত, তাঁহার রক্ষিতা স্ত্রীলোকেরা দ্বিতীয়শ্রেণীর অন্তর্গত এবং যুবরাজ ও রাজপুত্রীরা তৃতীয়শ্রেণীভুক্ত। রক্ষিতারাও বেগম বটেন, কিন্তু প্রথমোক্তা-रनत मन्त्रान उ भर्गान। ठाँशारनत ছिल না। এই তিন শ্রেণীই সকলের প্রধান। তদ্বির প্রাসাদের অন্তান্ত স্ত্রালোকেরা – বেগম ও রাজকুমারীদের ত্রন্থানে নিযুক্তা শিক্ষ-নিত্রীরা—চতুর্থ শ্রেণীতে, রাজসভার নর্ত্তকী, গায়িকা ও বাদয়িতীয়া পঞ্চম শ্রেণীতে ও থোজারা ষষ্ঠ বা সর্বনিম শ্রেণীতে পরি-গণিত হইত।

সমাটের বেগম অর্থাং প্রথমশ্রেণীভুক্তা

মহিয়ার সংখ্যা কথন-কথন পাঁচ ছয়টিতে উঠিত। ইঁহাদেরই সহিত যথাশান্ত বিবাহ হইবার নিয়ম ছিল। রাজপুতানার অনেক সম্ভ্রাস্ত রাজপরিবার হইতে তাঁহাদের তনয়া. ভগিনী, দৌহিত্রী বা পৌত্রীদের সহিত এইরূপ বিবাহ সম্পন্ন হইত। উচ্চ সম্রান্ত-বংশের প্রতি সম্মানপ্রদর্শনের জন্মই হউক অথবা অগ্য কোন গুঢ় রাজনৈতিক কারণেই হউক, ইঁহারা একেবারেই প্রথম-শ্রেণীভুক্ত হইতেন!• তা ছাড়া কথন কোন রক্ষিতা রমণী বা কোন নৃত্যকলা-কুশলা অথবা বাদয়িত্রী বাদশাহের স্থনজরে পড়িলে, তাঁহাদিগকৈও প্রথমশ্রেণীতে উলীত কর। হইত। ইথাদের পুত্রেরাও জারজরূপে পরিগণিত না হইয়া স্থলতান বলিয়াই অভিহিত হইতেন এবং সমাটের উত্তরাধিকারীও হইতে পারিতেন। মেরুষী এতলে একটি ভয়ন্তর ঘটনার উল্লেখ করিয়াছেন, সত্যের অনুরোধে আমরা তাহা গোপন করিতে পারিতেছি না। দে ঘটনাটি এই। বাদশাহদের এতগুলি মহিধীর গর্ভে বহু সন্তানসন্ততি হইবারই কথা। কিন্তু কোন মোগল বাদশাহেরই চারিটির অধিক পুত্র হয় নাই দেখিয়া তিনি সমধিক বিস্মিত হইরাছেন। মেতুথী অনুমান করেন, মোগল-অন্তঃপুরে এমন কোন প্রথা প্রচলিত ছিল, যাহাতে চারিজনের অধিক স্থলতান এক-সময়ে জীবিত থাকিতে পারিতেন না এবং

^{*} যদিও মেনুষী বা কাক্র, উভট্নের কেইই এ কথা বলেন নাই, তথাপি আবুলফজলের ইতিহাসে (আইন ঈ-আকবরী) লিখিত আছে যে, আকবরের সময় হইতেই রাজপুতমহিলাদের সহিত এই বিবাহপ্রথা প্রচলিত ইইয়াছিল। স্বয়ং সমাট্ আকবরশাহই এ প্রথার প্রথম প্রবর্ত্তক। তিনি নিজে যোধপুরের রাজ! উদয়সিংহের দ্হিতাকে ও তৎপুত্ত জাঁহাগীর রাজা মানসিংহের ভগিনাকে বিবাহ ক্রিয়াছিলেন।

দিতীয়শেণীভূক্ত মহিধীকুলের যে দম্তু পুত্র হইত, তাহাদের অস্তিঘই কেহ দেখিতে পাইত না। মেনুষীর কথা সত্য হইলে, ব্যাপার্ট বস্তুতই বড় ভয়ানক।

এক শ্রেণী হইতে অন্ত শ্রেণীতে উন্নীত হইলে, দেই দকল বেগমদের নামও বাদশাহ পরিবর্ত্তন করিয়া দিতেন। দৃষ্টান্তস্বরূপে মেরুষী জাঁহাগীরমহিষী 'ন্রজহাঁ' (জগতের আলোক) ও শাজহাঁমহিষী 'মন্তাজমহল' (অন্তঃপুরের মুক্ট), এই ছইজনের উল্লেখ করিয়াছেন।

মহিষীগণের বাসগৃহ বহুমূল্য সাজসজ্জার স্থানৈতিত থাকিত। আরাম ও
বিলাসবাসনার পরিতৃপ্তির জন্ত মানব মন
যাহা-কিছু কল্পনা করিতে পারে, সে সমুদারেরই এখানে সমাবেশ হইত। মেনুষী বলেন
বে,উষ্ণ প্রধান দেশের তীত্র স্থ্যকিরণ ও যেন
এ সকল বিলাসভবনে অদৃগু ছিল। মূহ্বাহিনী কল্লোলিনী, ছায়ানীতল কুঞ্জবাটিকা,
মনোরম উৎসরাজি, বন্ধাতলব্তী নিভ্ত
বিশ্রামনিকেতন, স্থিয় শৈত্যন্থ উপভোগের
জন্ত এই রংমহলের সর্ব্র বিরাজিত থাকিত।

প্রথম ও বিতীয় শ্রেণীর বেগমদের মধ্যে প্রভেদ অতি অলই দেখা যাইত। সে প্রভেদ এই বে, শেষোক্তাদের আবাসগৃহ ও তাহার সাজসজ্জার জাঁকজমক অপেক্ষাকৃত হীন, তাহাদের মাসহারা তন্থাও কিছু কম, বেশভ্ষাও তেমন মহার্ঘ নহে, আর সেবিকা ক্রীতদাসীর সংখাও অনেক অল। ইহারা নিজের মাসহারা হইতে নিজের জীবিকা নির্বাহ করিতেন। বাদশাহী পাকশালা হইতে কেবল প্রথমশ্রেণীর মহিষী ও শাকাদী-

দেরই দৈনন্দিন থাগুদামগ্রী দরবরাহ করা হইত। প্রথম শ্রেণীর মহিষীদের দামও এই-জ্যুই—'বে-গম্' অর্থাৎ নিশ্চিস্তা বা ভাবনা-শৃষ্ঠা। দ্বিতার শ্রেণীর মহিষীদের নাম স্বয়ং সমাট নির্বাচন করিতেন। কাহারও নাম 'রাণা-এ-দেল্' অর্থাৎ ভক্তিমতী, কাহারও বা 'মৎলূব' অর্থাৎ অদৃষ্টপ্রেরিত।

শাজাদা ও শাজাদীরা বেগমদের মত ঐথর্য্যের ক্রোড়েই লালিত হইতেন। যতদিন তাঁহাদের কৈশোরসীমা উত্তীণ না হইত, ততদিন তাঁহারা বেগমদের সহিত এক 'হারেমের' (অন্তঃপুর) মধ্যেই থাকিতিন ; কিন্তু ক্রয়োদশ বা চতুর্দশ বর্ষ অতিক্রম করিলেই, তাঁহাদের নিমিত্ত স্বত্তর 'হারেম' নিশ্বিত হইত। তাঁহাদের দরবার ঐশ্ব্যাসমৃদ্ধিতে স্বরং বাদশাহের দরবার হইতে কোন অংশেই ন্যুন ছিল না।

বাদশাহের নির্বাচন-অনুসারে যে সকল স্থলতান সামাজ্যের উত্তরাধিকারী হইতে পারিতেন না, তাঁহাদিগকে সামাজাের অস্ত-গত কোন দূরবতী প্রদেশের শাসনকর্তা করিয়া পাঠান হইত। স্থলতানেরা ভূমিষ্ঠ হইয়াই প্রভূত ঐশ্বর্য্যের 🚁ধিকারী হইতেন। তাহার কারণ এই যে, জন্মদিন হইতেই তাঁহাদের জন্ম যে প্রচুর বৃত্তি নিদ্ধারিত হইত, প্রধান প্রধান ওমরাহগণের ভাগ্যেও তাহা ঘটিয়া উঠে না। স্থলতানদের সম্পত্তি স্বতন্ত্র কোষাগারে সঞ্চিত হইতে থাকিত এবং তাঁহাদের বিবাহের দিনে ঐ বিপুল অর্থরাশি তাঁহাদের হত্তে প্রদত্ত হইত। এ কথার দৃষ্টান্তবরূপে মেতুষী তাঁহার সম-**সাম**গ্নিক যুবরাজের (খুব সম্ভব, দারার)

वार्षिक आय विभटकां है होका निटर्फ्स করিয়াছেন। মেমুষী বলেন ষে, এরূপ বিপুল অর্থরাশি অপরিণতব্রয়ক্ষ উচ্চ্ছাল স্থলতানদের হস্তে দিয়া সমাট যেন নিজেই নিজের বিরুদ্ধে ভবিষাৎ বিদ্রোহের পথ পরিষার করিয়া রাখিতৈন। যতদিন স্থল-তানেরা সমাটের নজরাধীন একত্র এক-হারেমে থাকিতেন, ততদিন একজন থোজা তাঁহাদের শিক্ষাভার গ্রহণ করিত। আর্বী ও পারদা লিখিতে-পড়িতে, ব্যবহারশাস্ত্রের স্লমর্ম বুঝিতে, আইনের সৃক্ষ অর্থ ফুক্তি-যুক্ত বিচারপ্রণালীতৈ আয়ত্ত করিবার জন্ম শাজান মোকজুমা থাড়া করিয়া বিচার করিতে এবং মহম্মদীয় শাঙ্গে পারদর্শী হইতে তাঁহারা শিক্ষিত হইতেন। যুদ্ধবিছা-শিক্ষার পূর্বের যে সমস্ত ব্যায়াম অভ্যাদের প্রয়োজন, দে সব বিষয়েও তাঁহারা যথাযথ উপদেশ লাভ করিতেন।

শাজাদী বা স্থলতানাদের শিক্ষা-দীক্ষার ব্যবস্থা স্বতন্ত্র প্রকারের। তাঁহারা বিলাসেই লালিত, বিলাসেই পালিত হইতেন। * সমাটের আনুমোদ-আহল দের মুখ্য উপাদান বলিয়া, সর্কবিষয়ে উল্হারুই প্রীতিবিধানের উপযোগিনী হওয়া তাঁহাদের জীবনের প্রধান শিক্ষা ছিল। এইজন্তই সমধেলীর মহিলাকুলের মধ্যে তাঁহাদেরই সমধিক স্বাধীনতা দেখা যাইত। মোগল-অন্তঃপ্রের ত্র্ভেভ তামসা ব্যনিকাও তাঁহাদের জন্ত যেন

কিছু উন্মুক্ত হইত; এমন কি, মোগলেরাও তাঁহাদের সে উচ্চু খলতার পরোক্ষে যোগ দান করিতেন। মেহুষী বলেন, যেখানে কেবল সর্ববিধ স্থাবিলাসে জীবন ব্যয়িত হইত, যেখানে কথোপকগনের রীতিও তেমন বিশুদ্ধ ছিল না. অধিকত্ত যেথানে সত্য-ধর্মের (প্রীষ্টীয়) আলোক বিকিরিত হয় নাই. **দেই নিভূত অন্তরালের মধ্যে পাপ যে** আপনার গুপ্তরাজ্য বিস্তার করিবে, তাহা বিচিত্র নহে। তথাপি যেখানে এতগুলি স্ত্রীলোকের একত্রে বাস এবং যেথানে তাহা-দের অবস্থার বৈষমাও বড় দেখা যায় না, দেখানে পরস্পরের মধ্যে যতটা স্পর্<u>দার</u> ভাব-যতটা হিংদাবিদ্বেয় থাকা সম্ভব, সে হিসাবে সে সকল অনেক অল্পই ছিল বলিতে স্বত্ন-পোষ্ঠিত প্রকাশ্য প্রতিহিংসা দেখা যাইত না। যদি বা কেহ অন্তরে তাহা পোষণ করিত, তবে শাসনকর্ত্রীদের ভয়ে তাহাকে অন্তরেই তাহা রুদ্ধ রাথিতে হইত।

প্রথম ও দিতীয় শ্রেণীর বেগম ও শাজাদীদের পরিধের, সাজ্বসজ্জা ও ঐশ্বর্যে একটুআধটু তারতম্য থাকিলেও,সে সমস্ত অনেকটা
একই ধরণের ছিল। তাঁহাদের কেশ্রাজি
স্বেণীসংহত ও নানা গন্ধতাের স্বাসিত
থাকিত। সম্রাটের অনুমতি লইয়া কেহ
কেহ পক্ষিপক্ষভ্ষিত,মণিমুক্তাথচিত,মহাম্লা
উন্ধীষে উত্তমাঙ্গ স্থাণভিত করিতেন,

^{*} মেম্বীর এ কথা বিশ্বাসংযাগা, নহে। বরঞ্ বঙ্কিমচল্রের কথার বলিতে হয় যে, য়ুরোপে কদাচিৎ একজন জোনোবিয়া বা ক্যাণারিল দেখিতে পাওয়া যায়, কিন্ত যে রাজপরিবারে তাজমহল, নুরজহাঁ, রোশেনারা ও জেবউরিসা প্রভৃতি রম্ণীনিচয়ের আবিভাব হইয়াছিল, সে রাজপরিবারের মহিলাকুলের কোনরূপ শিক্ষালাভ ইইত না, এ কপা বলা য়াইতে পারে না।

কথনও বা মন্দিরচূ ছার আকারে কেশপাশ বন্ধন করিয়া সোণালী ক্ষরির ওড়নায় তাহ। ব্দুড়াইয়া রাখিতেন। এই ওডনা কাঁধের नौरह इलिया-इलिया मुखिका म्पर्भ कतिछ। অন্ধকার রম্ভনীতে আকাশপটে উজ্জন তার-কার মালা যেরূপ শোভা পায়, তাঁহাদের কেশদামও অনুত্রম মুক্তারাজিতে স্থাণিত থাকিয়া কেশের শোভা তদ্রাপ বৃদ্ধিত করিত। কেশের মধাভাগে সূর্যা, অর্দ্ধচন্দ্র ভারকা বা পুষ্পের আক্তিবিশিষ্ট চাক্চিক্যময় একথণ্ড মণি বিলম্বিত থাকিত। এদিকে সুগোল-स्रुठीय स्नीध शैतरक ও নীলকাস্তাদি জ্যোতির্মায় মণিমাণিকো থচিত মুক্রার কণ্ঠহার তাহাদের কমনীয় কণ্ঠের সম্ধিক সুষমা-বিকাশ করিত।

হিন্দুস্থান গ্রীয়প্রধান দেশ বলিয়া রংমহলের স্ত্রীলোকেরা অতি লঘু ও স্ক্র বসন
ব্যবহার করিতেন। তাঁহাদের পরিধেয়
রেশমীবস্ত্র অনেক সময়ে ওজনে একআউন্স অর্থাৎ অর্দ্ধছটাকের বেশা হইত না।*
শয়নকালে তাঁহারা এক প্রকার বস্ত্র ব্যবহার
করিতেন, প্রাতঃকালে উহা অব্যবহার্য্য
বিবেচনায় পরিত্যক্ত হইত। প্রতিদিন
তাঁহারা ভিন্ন ভিন্ন বর্ণের মণিমাণিক্যথচিত
মহার্ঘ পরিচ্ছদ পরিধান করিতেন। তাঁহাদের
আঙরাথা বা আঙিয়ায় গলার পাড়ের কাছে
ছইসারি মুক্রার মধ্যে মধ্যে হীরকথও থচিত

থাকিত, বোতামের পরিবর্ত্তেও ভাস্বর হীর্ক-থণ্ড ব্যবহাত হইত, আর উহার ফটিদেশের উপরের পাড়েও হীরকাদি থচিত থাকিত। তাঁহাদের কর্ণাভরণ ও বলয়ের সৌন্দর্যাও বিশায়জনক। তাঁহাদের হক্ষের অঙ্গুলি-গুলিতে ও পায়ের বৃদ্ধাঞ্চি (কারণ তাঁহাদের পা থালি থাকিত এবং তাঁহারা জুতা না পরিয়া Sandal বা বাধা পায়ে দিতেন) অতি স্থন্দর বছমূল্য সঙ্গুরীয় শোভা পাইত। শাজাদীরা ও বাদশাহের বেগমমাত্রেই বৃদ্ধাঙ্গুঠের উপর অঙ্গুরীয়কের মত চতুর্দিকে মুক্তাথচিত একথানি ক্ষুত্র মুকুর ধারণ করিতেন। স্বীয় ভূবনমোহন সৌন্দর্য্যের কমনীয় কান্তি প্রত্যেক অঙ্গভঙ্গীতে কিরূপ লাবণ্যের তরঙ্গ বিচ্ছুরিত করে, তাহ্নাই দেথিবার জন্ম বোধ হয় তাঁহারা প্রতি-মুহুর্ত্তে এই মুকুরে আপনাদের প্রতিবিদ্ব দেখিতেন। এতদাতীত দি-অঙ্গুলি-প্রস্থ মণিথটিত স্বৰ্ণমেথলা তাঁহাদের প্রধান অলহার। মেথলার চতুম্পার্ফে স্বর্ণশৃঙ্খল বিলম্বিত ও মুক্তার গ্রন্থিবিশিষ্ট স্বর্ণযুক্ষর সম্বদ্ধ থাকিত।

মেয়ুধী বলেন, শ্প্রত্যেক মহিলারই পূর্ব্বোক্তপ্রকারের ৭ ৮ স্থট অলঙ্কার ছিল। পাছে কেহ তাঁহার এই এখর্য্যের বর্ণনা বিশ্বাস করিতে ইতস্তত করেন, এজন্ম তিনি মোগল-স্থ্রাট্দের এ বিপুল ঐশ্বর্য সঞ্চিত হইবার

^{*} এত লগু রেশমী পরিচ্ছদের কথা শুনিয়া অনেকে হয় ত হাস্ত করিবেন, কিন্তু বাঁণিয়ে তাঁহার ভ্রনণৃত্তান্তে বাংলার বর্ণনায় ইহার যাথার্থ্য সপ্রমাণ করিয়াছেন। বাংলার বহর্মপুর ও মুর্শিলাবাদ অঞ্চল রেশমী বস্ত্রের জন্তুই বিথাতি ছিল। ভারতবর্ধের সর্পতি, এমন কি ফুদ্র কাশ্মীরে প্র্যুন্ত, ইহা ব্যবহৃত হইত। মোগলদর্বারেও এ সর বস্ত্রের খুব আদর ছিল। বৈদেশিক ইংরাজ, ওলন্দাজেও পর্ভুগীজ বণিকেরা কুঠি করিয়া এই সকল রেশমী শিল্প বিদেশে রপ্তানি ক্রিভেন।

कार्त्र निर्फ्म क्रियाहिन। * তিনি विवादहर्ने त्य, त्मांशनवानभाटतन अभूत्यात কথা যুরোপবাদী ধারণা কব্লিতেও পারিবে না। মহামূল্য মণিমাণিক্য সঞ্চয় করা প্রাচ্য নুপতিবর্গের প্রধান লক্ষ্য ছিল—আর স্বর্ণপ্রস্থ ভারতভূমিও চিরদিনই রত্নপ্রসবিনী বলিয়া প্রথিতা। কথিত আঁছে, মোগলদামাজ্যের প্রতিষ্ঠাতা তৈমুরলং এসিয়ার প্রধান প্রধান নরপতিগণের ধনরত্ব লুঠন করিয়া নিজের রাজকোষ দমুদ্ধ করিয়াছিলেন। তাহার পর বাবর সেই সমস্ত মহামূল্য রত্নরাজি,—সেই সমগ্র প্রাচ্য ভূথণ্ডের লুক্তিত রাজভাণ্ডার সঙ্গে লইয়া সমর্থন হইতে ভারতবর্ষে আইসেন। তদবধি যে সকল সমাট মোগলসিংহাসনে অধিরোহণ করিয়াছেন, তাঁহারা এই অতুলিত ঐশ্বর্যা নষ্ট না করিয়া ক্রমান্বয়ে তাহার সংরক্ষণ ও সংবর্জন করিয়া আসিয়াছেন। বিশেষত গোলকুগুার হীরকের থনি যে-সময় অওরংজেবের অধিকৃত হয়, তথন হইতে গোলকু গুধিপতি মণিমুক্তার জন্ম তাঁহার দেয় বার্ষিক রাজকর ব্যতীত আকরোৎপন্ন স্থন্দর সর্বোত্তম হীরকগুলিও বাদশাহের বেগম ও ছহিতাদের ব্যবহারার্য বিক্রম করিতে বাধ্য হইতেন। বেগম ও গ্রহিতাদের কেহ মৃত্যু-মুথে পতিত হইলেও, এ সকল অমূলা রত্ন-রাজি হস্তান্তরিত হইতে পারিত না,—স্বয়ং বাদশাহই সে সকলের একমাত্র উত্তরাধি-

কারী ৷ এন্থলে এ কথাও বলিয়া আবশুক যে, মোগলরাজকোষের মণিরত্নাদি বাজারে বিক্রম করিবার উপায় ছিল না। সকলগুলিতেই প্রায় ছিদ্র করিয়া দেওয়া হইত। কথিত আছে যে, সম্রাট্ আকবর यथन खजतां है-विजया विश्वि हन, उथन হঠাৎ অর্থের অনাটন হওয়ায় বিক্রয়ার্থ কতক-গুলি বহুমূলা চুনি তিনি বাজারে পাঠাইয়া দেন। সেগুলি অতি স্থন্দর ও মহামূল্য **रहेरा छ छिन्दि निष्ठे विषय अरु** की दा করিতে অসম্মত হয়। যে সকল মণিমাণিক্য বাদশাহ স্বয়ং ব্যবহার করিতেন, তাহাদের সৌন্দর্য্য বর্ণনার অতীত। বাদশাহ সেগুলির কোনটির 'চক্র', কোনটির 'ব্যচক্ষু', কোনটির 'সূর্যা', কোনটিরু বা 'শুকতারা', এইরূপ একএকটি নামকবণ কবিতেন।

এই স্বপ্নরাজ্যের ঐশ্বর্য্য-বর্ণনা আরও বিশদ করিবার জন্ম এখন আমরা এখানকার স্থান্ধি দ্রব্যে তি লগ ব্যয় পড়িত, তাহার একটু পরিচয় দিতেছি।

বিচিত্রবর্ণের ক্ষাটিকদীপাধারে বিগুস্ত স্থরভি দীপমালায় রংমহলের প্রত্যেক কক্ষই আলোকিত থাকিত, আর সেই দীপালোকসমুজ্জল, স্থশোভন, স্থসজ্জিত কক্ষে দিবারাত্রি স্বর্ণস্থলে দোহাল্যমান অগ্নিদীপ্ত গন্ধাধারে নিহিত ধৃপ-ধুনা ও অপ্তক্ষচন্দন-মৃগনাভি প্রভৃতির সৌগধ্যে চারিদিক্ আমো-

^{*} বার্ণিয়ে, ট্যাভার্ণিয়ে, লায়েৎ রো প্রভৃতি সম্রান্ত বিদেশীয় সমসাময়িক ঐতিহাসিকেরা মেসুবীর মত অন্ত:পুরে প্রবেশাধিকার পান নাই। তবে বাদশাহ যথন একবার দিলী হইতে স্থানান্তরে ছিলেন, তথন বার্ণিয়ে একদিন অন্ত:পুরের কোন মহিলার চিকিৎসার জন্ম কাশ্মীরী শালে আবৃত হইয়া থোজার দারা সেথানে নীত হইয়াছিলেন। তিনি বাদশাহের যে ব্রপ্লাতীত ঐশর্যের বর্ণনা করিয়াছেন, তাহাতে মেসুবীর বর্ণনায় অবিশাস করিবার কোন করিয়ণ-নাই।

দিত করিয়া রাখিত। এই সকল গন্ধজ্বা অতি মহার্ঘ এবং ভারতের ও পৃথিবীর অস্তাস্থানের বহুদ্রপ্রদেশ হইতে সমানীত। কোন্ স্থান হইতে কোন্ স্থান্ধিজ্বা আনীত হইত, 'থুশ্রোজ্'প্রবন্ধে তাহা উলিথিত হইয়াছে। বস্তুত সর্বোৎকৃষ্ট স্থান্ধি জব্যে কিরূপে আণেক্রিয়ের তৃপ্তিবিধান করিতে হয়, মোগলেরা তাহা সম্যক্ অবগত ছিলেন।

রংমহলের অন্তান্ত মহিলারা শাজাদীদের শাসনক্রীরূপে ও বেগমদের রক্ষয়িতীরূপে নিযুক্ত থাকিতেন। ইঁহারা স্থ-বিলাদের অংশ অল্লই পাইতেন, কিন্ত অনেকটা কর্ত্তর রাজ্যশাসনে ইংহাদের ছিল। প্রধানত ইংহাদের দারাই শাসন-বিষয়ক গুপ্তমন্ত্রণা ও সন্ধিবিগ্রহের পরামর্শ স্থিরীকৃত হইত। রাজপ্রতিনিধি ও শাসন-कर्जारमञ्ज मत्नानयन ও निरमांग देशांश করিতেন। অধিক কি, মোগল-দরবারের আমীর-ওমরাহগণের ইঁহারাই একপ্রকার ভাগ্যনিয়ন্ত্রী। ইহারা বয়োজ্যেষ্ঠা, বৃদ্ধি-মন্তায় বরীয়সী ও সকলের সন্মানার্হ ছিলেন। প্রকাশ্য দরবারে যেরূপ রাজ্যের শাসন্যন্ত্র পরিচালনের জন্ম দূরদর্শী আমীরওমরাহদের প্রত্যেকের ভিন্ন ভিন্ন পদ ও উপাধি নির্দিষ্ট থাকিত, তেমনি এই সকল মহিলার মধ্যেও সেইরূপ ভিন্ন ভিন্ন পদ ও উপাধির ব্যবস্থা ছিল। যেমন প্রকাশ্ত দরবারে একজন প্রধান সচিব, অন্তঃপুরেও তেমনি একজন প্রধান রুমণী-সচিব ছिলেন। কেহ বা সেথায় আধুনিক সেক্টোরি অফ্ ষ্টেটের, কেহ বা স্থবেদারের কাজ করিতেন। প্রত্যেক্যের অধীনে থোজা নিযুক্ত থাকিত।

তাহারা প্রতিনিয়ত প্রধান প্রধান ওমরাহদের निक्छ इंशाप्तत পত्रापि नहेशा याहे छ তাহার প্রত্যুত্তর লইয়া আসিত। এমন কি, যে সমন্ত প্রজা আম্থাদ্ (প্রকাশ্ত দরবার) বা গোদল্থানায় (গুপ্ত দর্বার; শব্দগত অর্থ-সানাগার) কোন আমল পাইতেন না, তাঁহারাও ইঁহাদের অমুগ্রহে বাদশাহের মনোযোগ আকর্ষণে সমর্থ হইতেন। সংক্ষেপে विनिष्ठ (शरन, এই শ্রেণীর মহিলাদিগকে লইয়া রংমহলে বাদশাহের প্রিভি কাউন্সিল্ পদাভিষিক্ত, ভাহারা দীমান্তপ্রদেশের যাব-তীয় গুপ্তসংবাদ সম্রাটের কর্ণগোচর করি-তেন। কার্য্য-সৌকর্য্যের জন্ম ইহাদের অধীনে কতকগুলি রাজদূতনিযুক্ত ছিলেন— তাঁহাদিগকে ইহারা আপনাদের শাসনাধীন স্থানে ইচ্ছামত পাঠাইতে পারিতেন। প্রকাশ্ত-দরবারের ওমরাহেরা যে ইহাদের ভয় করিয়া **हिलार्यन वा हैशामित व्यमामनार्ड्य (है)** পাইবেন, তাহা সহজেই অনুমেয়। ওমরাহ-বর্ণের মধো যাঁহারা অবাবস্থিতচিত্ত এই সকল মহিলাদের হাত হইতে নিস্তার পাইয়া নিজ যোগাতায় বাদুশাহের স্থনজর আকর্ষণ করিতে পারিতেন, তাঁহাদের ভাগ্য প্রসন্ন বলিতে হইবে ! স্বয়ং বাদশাহ এই সীম-স্তিনীকুলের নানারপ নামকরণ করিতেন। 'ফায়মাবানু' (জ্ঞানবতী) তাহার মধ্যে একটি मर्काट्यर्छ मन्नात्नत नाम।

গায়িকা, ও নর্ত্তকীগণের মধ্যে পৃথক্
পৃথক্ এক একটি দল ছিল। প্রত্যেক দলে
একএকজন শিক্ষয়িত্রী থাকিত। শিক্ষয়িত্রীরা মোগল-হারেমে নৃত্যুগীতকলা শিখা-

ইবার জন্ম হিন্দু ও মুসলমান পরিবার হইতে নির্বাচিত হইয়া আদিত। ইহাদের তন্থা অঙ্গুনারই অমুরপ অহাগ ছিল, কিন্তু ইহারা বাদশাহের মন্ত্রণাসভায় প্রবেশাধিকার পাইত না। ঐকতানবাদনের मभग्रां निर्कातन, श्रीनावित्मयवानतन उक्नी শিষ্যাদের শিক্ষাদান এবং বেগম ও শাজাদী-দের চিত্তরঞ্জনার্থ নৃতন নৃতন রাগরাগিণীর উদ্ভাবন,—কেবল উদ্ভাবন নহে, উদ্ভাবন করিয়া দেগুলি তাঁহাদিগকে শুনাইয়া দেওয়া —ইহাদের নির্দিষ্ট কর্ত্তব্যের মধ্যে পরিগণিত হইত। বেগম ও শাজাদীমাত্রেরই নিজস এইরূপ একএকদল গায়িকা নিযুক্ত থাকিত। পরীক্ষা করিয়া ইহাদের মধ্যে যাহাকে পছন্দ হইত, বেগম ও শাজাদীরা তাহাকে আপনা-দের বিশ্বস্ক প্রিয়পাত্রী করিয়া বাখিতেন। যে সমস্ত কার্যা অতি গোপনে সম্পাদিত হওয়া আবশুক, ইহাদের হস্তে সেই সব দায়িত্ব-পূণ কাব্যভার অপিত হইত। রংমহলের কোন মহোৎদবের দিন এই সমগ্র গায়িকা-মণ্ডলী সমবেত হইয়া সর্বাশক্তিমানু অনন্ত-পুরুষের বন্দনাগীতি বা তাঁসার পার্থিব প্রতিনিধি বাদশাহের গুণগান করিত। শেষোক্ত স্তুতিরচনা এরপ অত্যুক্তিপূর্ণ অলঙ্কারভারে জড়িত ও এরপ হাস্থোদীপক চাটুবাদে পূর্ণ ষে, এম্বলে তাহার ছই একটি দৃষ্টান্ত বোধ হয় পাঠকের অপ্রীতিকর रहेरव ना। মনে करून, वामभारहत श्रवन প্রতাপ ও বিপুল বীরত বিজ্ঞানর বর্ণনা আরম্ভ হইয়াছে—অমনি দেখিবেন, দিঙ্নাগ গণ তাঁহার প্রচণ্ড গতিবেগে কম্পিত হই-

তেছে:-কোণাও বা ভগবান্ মরীচিমালী তাঁহার মন্তকরকার উপাধান হইয়াছেন !— আর কোথাও বা নিশাপতি তাঁহার অশ্বপূর্চে আরোহণ করিবার রেকাবে প্রাচ্যপ্রদেশস্থাভ অত্যুক্তিতে এই স্তোত্র সত্য ও সন্তাব্যের সীমা অতিক্রম করিয়া বাদশাহের শ্রুতিস্থুখ সম্পাদন করিত। রংমহলের অন্তাক্ত বরবর্ণিনীদের মত স্বয়ং বাদশাহ ইহাদেরও এক একটি নাম রক্ষা করিতেন। যেমন, কাহারওনাম হইত সারক বাই (মধুকন্তী বা কলকন্তী), কাহারও বা জ্ঞান বা গেয়ান বা জেহনু (প্রতিভা-শালিনী বা জ্ঞানময়ী)। হাস্তরদোদীপক দৃখাবলীর উদ্ভাবনায় ইহাদের বিশেষ পটুতা ছিল। বেগমদের জন্ম নৃতন নৃতন ক্রীড়া-কোতুক স্বৃষ্টি করিয়া ইহারা নিজেদের দক্ষ- • তার যথেষ্ট পরিচয় দিত। মেনুষী এমন কথাও বলিয়াছেন যে, উচ্চবংশদন্তুতা না হইলেও, ইহাদের ভিতর হইতে কেহ কেহ কেবল স্থলর স্থাপদ আমোদপ্রদ নাট্যগীতি-রচনার পারিপাট্যে প্রথমশ্রেণীস্থ বেগম-দের পদে উন্নীত হইত।

মেমুষীর এই নর্ভকীদের বর্ণনায় বার্ণিয়ে-কথিত একটি গল্প আমাদের মনে পড়িয়া এই শ্রেণীর নর্তকীসম্প্রদায়কে বাণিয়ে কাঞ্চন বা কাঞ্চনী নামে অভিহিত করিয়াছেন। * সমাট্ জাঁহাগীরের রাজসভায় এইরূপ কোন একটি যুবতী ও রূপবতী কাঞ্নীকে লইয়া বর্ণাড্নামধেয় একজন ফরাসী চিকিৎসক এক কৌতুককর ব্যাপা-রের অভিনয় করিয়াছিলেন। অনেক ছশ্চি-

দিল্লীসহরে ক।শ্মীরীগেটের নিকৃট 'কাঞ্চনী-গলি' বলিয়া প্রসিদ্ধ একটি স্থান অন্যাপি বর্ত্তমান।

কিৎদ্য ব্যাধি আরোগ্য করিয়া উক্ত চিকিৎ-সক রাজদরবারে বিশেষ সম্মান ও প্রতিষ্ঠা লাভ করেন। ওমরাহ্মাত্রেই তাঁহাকে সন্মান-সম্বর্জনা করিবার জ্বন্ম ব্যগ্র হইতেন। তাঁহার যেমন প্রভূত অর্থ-উপার্জ্জন হইত, তেমনি সে অর্থতিনি অকাতরে এই কাঞ্চনী-দের মধ্যে বিতরণ করিতেন। স্থতরাং এই সম্প্রদায় যে তাঁহার একান্ত অনুগত হইয়া পড়িবে, তাহা বিচিত্র নহে। তাঁহার প্রতাহ ইহাদের সান্ধা বৈঠক বসিত। ঘটনাক্রমে যাহারা তঁকের আবাদে এইরূপ নিতা গতায়াত ক^{রি}ত, তাহাদের মধ্যে রপ্লাবণ্যবতী কোন কাঞ্চনীর প্রেমে তিনি উন্মত্ত হইয়া উঠেন। কিন্তু অপর্য্যাপ্ত অর্থ ও বারংবার সাত্রনয় ভিক্ষানিবে-দনেও ইহার অভিভাবকদিগকে তিনি বণীভূত করিতে পারেন নাই। ফরাসী চিকিৎসকের অবৈধ প্রস্তাবে সম্মত হইলে, কাঞ্দনীর স্বাস্থ্য ও রূপলাবণ্য যুগপৎ তিরো-হিত হইবে, এই আশঙ্কায় তাহার অভি-ভাবকেরা তাহাকে বর্ণাডের নেত্রপথ হইতে সাধ্যমত দূরে রাখিত। মানবচরিত্রের স্বাভা-বিক ধর্ম এই যে, উদাম উচ্চু আল প্রবৃত্তি যতই বাধা পায়, উহার বল ততই বাজিয়া উঠে। এ ক্ষেত্রেও তাহাই ঘটিয়াছিল। कतामी ििक ९ मक वार्यभातात्रथ इहेरनन, কিন্তু নিরাশ হইলেন না। এই সময়ে তাঁহার অভীষ্টসিদ্ধির এক অমুকূল অবসরও উপস্থিত হইল। তাঁহার চিকিৎসাগুণে জাঁহাগীরের অন্তঃপুরে এক অতি উৎকট রোগ আরোগ্য হইল, সমাট প্রকাশ্য দর-বারে পারিতোষিকস্বরূপ তাঁহাকে এক মহা-

মূল্য, উপহার প্রদান করিলেন। স্থাটের দানে কোথায় ক্বতার্থস্মগু হইবেন !--না, অসক্ষোচে তিনি সে উপহার ফিরাইয়া দিলেন। তাঁহার এ অভূত আচরণে উপস্থিত ওমরাহ বুন্দের ভয় ও বিশ্বয়ের সীমা রহিল না। সকলেই মনে করিলৈন, সমাট বুঝি বা ক্রদ্ধ হইয়া চিকিৎসকের এ দারুণ ঔদ্ধত্যের উপযুক্ত দণ্ডবিধান করিবেন। যে রাজ্বরবারে রাগার কুদ্রতম ইচছাও অবজ্যা আজ্ঞা— তৃচ্ছতম দানও শিরোধার্যা, সেই প্রকাশ্ তাঁহার বিশেষ অমুগ্রহজ্ঞাপক মহামূল্য উপঢৌকন অগ্রাহ্য করা—এ কি ভয়ানক বেয়াদবি! অনেকের মনে হইল, বর্ণাড্বোধ হয় নিজের মৃত্যু নিজে ঘনাইয়া আনিতেছেন। কিন্তু জাঁহাগীর কোনরূপ দণ্ডের ব্যবস্থা করিলেন না, বিশ্বিত হইয়া কেবল জানিতে চাহিলেন, তাঁহার প্রার্থনা কি ? তথন বর্ণাডের উচ্চু সিত আবেগময় উত্তরে প্রকাশ পাইল, রাজান্ত:পুরের কোন রূপযৌবনসম্পন্না কাঞ্চনীই চিকিৎসকের মনো-হরণ করিয়াছে ও তাহার পাণিগ্রহণই তাঁহার একমাত্র প্রার্থনীয়। সকলেই সিদ্ধান্ত করি-লেন, তাঁহার এ অসম্ভব্দ্সাকাজ্জা পূর্ণ হইতে পারে না। বর্ণাড্ একে বিদেশীয়, তাহাতে বিধর্মী—কাফেরের সহিত মুসলমানবালিকার বিবাহ বড়ই বিদদৃশ। কিন্তু মুদলমানধর্মে শিথিলবিশ্বাস স্থাটের চক্ষে ইহা বিসদৃশ বলিয়া বোধ হইল না। তিনি উচ্চহাস্তে আপনার সম্বতিজ্ঞাপন করিলেন এবং অমুচরবর্গের প্রতি লক্ষ্য করিয়া কাঞ্চনীকে চিকিৎদকের স্কল্পে উঠাইয়া দিতে বলি-লেন। তথন পূর্ণমনোরথ বর্ণাড্ বালি- কাঁকে নিজেই নিজের স্বন্ধে তুলিয়া লইলেন এবং তুমূল হাস্তকোলাহলের মধ্যে রাজসভা হইতে বহির্গত হইয়া গেলেন।

রংমহলের ভিতর বহুদংখ্য ক্রীতদাসী
ছিল। তাহাদিগকে বেগম ও সমাটের রক্ষিতা
রমনী এবং শাজাদী ও অপরাপর ভামিনীকুলের গৃহমার্জন ও শ্যাারচনা হইতে পাদপ্রকালন ও অঙ্গদংবাহনাদি পর্যান্ত সকল
কার্যাই সম্পাদন করিতে হইত। সমাট্
তাহাদের মধ্যে কাহাকে 'গুলাল্' (গোলাপ),
কাহাকে 'নারগিদ্', কাহাকেও বা 'চামেলি'
প্রভৃতি নামে অভিহিত করিতেন।

পূর্বেই বলা হইয়াছে, রংমহলে নর্ত্তকী-সম্প্রদায়ের ভিন্ন ভিন্ন এক একটি দল ছিল। এক এক দলে প্রায় ১০৷১২ জন এবং প্রত্যেক দল এক একটি অঙ্গনার অধীনে থাকিত। সম্রাটের অভিকৃচি অমুসারে বেগম शाकानीतनत मत्था, याशात्क यञ्जन हेळा, গায়িকা ও নর্ত্তকী বিভাগ করিয়া দেওয়া হইত। মেমুধী যদিও এ কথা স্পষ্ঠত কোথাও উল্লেথ করেন নাই, তথাপি তাঁহার বর্ণনার ভাবে বোধু হয় যে, এই গায়িকা-সম্প্রদায়ও একপ্রকার ক্রীতদাশীদের তালিকার অস্ত-ভুক। তাহাদিগকে চিরজীবন প্রায় রং-মহলের ভিতরেই থাকিতে হইত। নিজেদের কাজেও তাহাদের এমন বেশী-কিছু স্বাধী-নতা ছিল না। বার্ণিয়ের পূর্ববর্ণিত গল্পেও এ কথা একরূপ প্রমাণিত হইয়াছে। কেন না, উল্লিখিত কাঞ্চনীর কোনপ্রকার স্বাধীনতা यिन थाकिल, जर्य क्वरन मुआरहेत हेम्हाम ७ निष्कत हेक्हात्र मण्णूर्ग विकटक जाहारक वर्गा-ডের অঙ্কশায়িনী হইতে হইত না। সে ধাহা হউক', • এই সমস্ত মহিলা ব্যতীত আর এক দল রমণী ছিল, তাহারা সম্রাটের শরীর-রক্ষায় নিযুক্ত থাকিত। মেমুষী বলেন, ইহা বড় অল্ল আশ্চর্য্যের বিষয় নহে যে, একশত তাতারী বক্রমুথ অসি,ছোরা ও চাপ-চর্ম্মে সজ্জিত হইয়া মোগল-অন্তঃপুরে বাদ-শাহের শ্রীররকা করিত। এই সকল সশস্ত স্থলরীকুলে পরিবৃত মোগলসমাটের বিব-রণ পাঠ করিলে, কালিদাসবর্ণিত বাণাসন-হস্তা পুষ্পমালাধারিণী হুমন্তপার্ম্বচারিণী যবনী-দের কথা পাঠকের মনে সহজেই উদিত হইবে। এই তাতারীদের মধ্যে যে সর্ব-প্রধানা, বেতনে ও পদমর্যাদায় সে সমর-সচিবের সমকক ছিল। মেকুধীর যেখানে একত্র এতগুলি সপত্নীর বাস, সেথানে সে কথা স্মরণ করিয়া বাদশাহের এ সতর্কতা খুব সঙ্গত বিশ্বাই বোধ হয়।

রংমহলে থোজার সংখ্যা ক্রীতদাসীদের সংখ্যা অপেক্ষাও অধিক ছিল। থোজা-দের কেহ কেহ দাররক্ষকের ক্লেশকর ও বিপজ্জনক কার্য্যে নিযুক্ত থাকিত। বিপ-জ্জনক এইজন্ম যে, মোগলস্মাটের হারেমের দারপথ খুব কড়াকড়ি করিয়া রক্ষা করায় যে বিপদ্, অসতর্ক ও শিথিল ভাবে দাররক্ষায় विপদ্ ততোধিক। কারণ, একদিকে যেমন কড়াকড়ি করিয়া সাবধানে পাহারা দিলে বেগম ও শাব্ধাদীদের বিষনমূনে পড়িবার সম্ভাবনা, তেমনি আবার আর একদিকে অসাবধানতায় সম্রাটের কুলিশকঠিন বিচার —সে বিচারে প্রাণ**দণ্ড হ**ওয়াও বিচিত্র নহে। এই সকল খোজা ছাড়া অন্তান্ত থোজারা তত্ত্বাবধানে হারেমের

থোজাদের মধ্যে পদে যে সর্বা-শ্রেষ্ঠ, তাহাকে 'নাদের' বলিত। এই নাদেরই হারেমের প্রধান তত্ত্বাবধায়ক। এ বাক্তি রাজ্যের একজন মাতব্বর লোক। হারেমের শৃঙ্খলা ও নিয়ম রক্ষা, বেগম ও শাজাদীদের ব্যয়ের ব্যবস্থা আঁটিয়া দেওয়া এবং বাদশাহী রাজকোষ ও রাজপরিচ্ছদের তদির-তত্ত্বাবধান করা, ইহার প্রধান কার্য্য ছিল। তাছাড়া ইহাকে পরিচ্ছদাদির প্রক:র-পদ্ধতি নির্বাচন করিতেও মণিমুক্তাদির দেখিতে হইত। হিসাবপত্র হারেমের থান্তসামগ্রী সঞ্চয় ও সরবরাহ করিবার এবং পোষাক-পরিচ্ছদ, স্থগন্ধি তৈল ও আতর-গোলাপ প্রভৃতির ব্যবস্থা-বন্দোবস্ত করিয়া দিবার ভারও ইহার উপরেই থাকিত। অন্থান্ত নিমপদস্ত খোজারা নাদেরের অধীনে একএকটি নির্দারিত কার্য্য সম্পাদন করিত। কাহারও উপর স্থান্ধি দ্রোর, কাহাকেও বা মূল্যবান্ পোষাক-পরিচ্ছদের, আর কাহাকেও বা অন্তান্ত আসবাবপত্রের দ্বিস্মা দেওয়া হইত। শাজাদীদের যাহারা বিশেষ প্রিয়পাত ও বিশাসভাজন, তাহারাই কেবল মদ্যবিতরণের

ভার লইতে পারিত। যে সকল সরাব্ উতা-মাদকতা-গুণবিশিষ্ট, রংমহলে তাহাদের প্রবেশ নিষিদ্ধ ছিল। কিন্তু বেগম ও শাজা-দীরা ইহাদের সাহায্যে গোপনে ঐরপ সরাব সংগ্রহ করিয়া লইতেন। যে জিনিষ যত গোপনে সংগৃহীত হইত, কাহাদের নিকট তাহার মূল্য ও কদার তত বেশী হইয়া রংমহলের অন্থান্ত স্ত্রীলোকের আজ্ঞাবহ খোজাও অনেক থাকিত। আবার সকল খোজাকে প্রায় বাজধানীর মধ্যে ইতস্তত ভ্রমণ করিতে দেখা যাইত, তাছাদের সংখ্যাও বড় কম ছিল না। বাহিরে কোথায় কি ঘটিতেছে, রাজধানীর কোন্ প্রচন্ধ কোণে ষড়্যন্ত্র আপনার রহস্থা-বৃত ভীষণমূর্ত্তি লুকায়িত রাথিয়াছে, এই সকল জটিল ব্যাপার হইতে রাজ্যের অতি তৃচ্ছতম সংবাদ পর্যান্ত এই রংমহলের প্রদা-নশীন অন্তঃপুরিকাগণ ইহাদের দারাই সমাক অবগত হইতেন। মেহুষী বলেন যে, নাদেরের তত্ত্বাবধানে যাহা ব্যশ্বিত হইত, রাজান্তঃপুরের সেই বার্ষিক ব্যয় ১৫ কোট টাকার কম নহে।

শ্রীকীরেশর গোস্বামা।

তোমার বিহনে | (Victor Hugo হইতে)

resson-

যেমন মাধবীলতা বিনা সে তমাল
যে দেয় আশ্রয় তারে আজনম কাল;
বাহিয়া উঠিবে বলি' যে দেয় তাহায়
সোপান রচনা করি' শাথায় শাথায়;
—আমিও তেমনি নাথ তোমার বিহনে,
ক্বপা করি' চিরদিন রেখো ও-চরণে।

বিহঙ্গ উড়িয়া যবে—মত্ত নিজ গানে— ধার সে অনস্ত-ধাম আকাশের পানে; সহুদা আহত হ'রে নিদারণ শরে ভগ্ন-পক্ষ হ'রে যথা ভূমে আসি' পড়ে;

—আমিও তেমনি নাথ তোমার বিহনে, রূপা করি' চিরদিন রেখো ও চরণে।

তরঙ্গের মাঝে যথা ভঙ্গুর তরণী

- বিরে যবে চারিধারে তিমির-রজনী— প্রচণ্ড পবনে সিন্ধু হয় তোলপাড়, চালাবার নাহি হাল—নাহি কর্ণবার;
- আমিও তেমনি নাথ তোমার বিহনে, ক্লপা করি' চিরদিন রেথো ও-চরণে।

শ্রীজ্যোতিহিন্দ্রনাথ ঠাকুর।

নববর্ষ

বিশ্বপ্রকৃতি প্রতিদিনই নৃতন, কিন্তু তাহাকে
প্রতাহ নৃতন করিয়া অন্তব করিবার সামর্থ্য
আমাদের নাই। আমাদের পরমায় অল্লই,
কিন্তু আমরা বিশ্বেক চেল্লেও বেন প্রাচীন।
একটা সেকালের দিখী যেমন তাহার ভাঙাঘাটে ও শৈবালদলে গঙ্গার চেয়ে প্রাচীন,
তেমনি যে জগতে হদিনমাত্র জন্মিয়াছি, সেই
চিরদিনের জগতের চেয়ে আমরা পুরাতন।
প্রকৃতি একই মূল্য লইয়া কোটিবৎসর
প্রতাহ তাহার প্রভাত রচনা ক্রিয়া আসিতেছে, একই নক্ষত্রমগুলী অসংখ্যুগ ধরিয়া
তাহার প্রতিরাত্রের সভাসজ্জা সম্পাদন করিতেছে, নৃতনত্বের চেষ্টামাত্রকে সে অবজ্ঞা

করে, এতই সে প্রভাব-নবীন। আর আমরা ক্ষেকটা দিনমাত্র যে জীবনকে বহন করি, সে তাহার প্রাত্যহিক কর্ম্মে এবং চিন্তার প্রত্যহই জরাজীর্গ হইতে থাকে, সে নিজের প্রতিদিনের পুনরার্ত্তিতে প্রত্যহই ভারাক্ষান্ত হইয়া উঠে। নৃতনত্বের জন্ম আমাদিগকে ঘুরিয়া বেড়াইতে হয়, খুঁ জিয়া বেড়াইতে হয়, খুঁ জিয়া বেড়াইতে হয়, কত উদ্বোগ আয়োজন করিতে হয়—আমরা এতই অয়দিনের মধ্যে এতই ভয়নক পুরাতন হইয়া পড়ি,—আমাদের স্পর্শে নবীনস্বের মধ্যে জরা সংক্রান্ত হয়।

সেইজন্ম প্রাকৃতিতে বর্ধারম্ভের কোন বিশেষ দিন না থাকিলেও, মান্থুয় একটা নব- বর্ধের দিন চার। আমাদের এই অৃতিক্ষুদ্র জীবিতকালটুকুকেও মানুষ একটানাভাবে বহন করিতে চার না—জীবনটাকে যেন নৃতন-নৃতন পরিচ্ছেদে মাঝে-মাঝে নৃতন করিয়া আরম্ভ করিলাম, এইরূপ করনা করিতে ইচ্ছা হয়।

পৃথিবী গতবৎসরের ১লা বৈশাথ হইতে এ বৎসরের ১লা বৈশাথে স্থ্য-প্রদক্ষিণ করিয়া আসিল, ইহা তাহার পক্ষে কোন সংবাদই নহে। এথানে তাহার কোন ছেদ নাই। আমাদেরও জীবনে ১লা বৈশাথে কোন ছেদ পড়ে নাই। জীবনের ধারা কালি হইতে আজিকার মধ্যে সমানভাবেই গড়া-ইয়া আসিতেছে, কর্মের স্রোতে আপনার চিরাভ্যন্ত পথে স্থির হইয়া দাঁড়ায় নাই, তবু ক্লাম্ভ মন আজিকার এই এক দিনকে বিশেষ দিন নাম দিয়া প্রত্যহের এই বোঝাটাকে বহিবার জ্বন্ত নৃতন বল অরেষণ করিতেছে।

ইহার বিশেষ কারণ আছে। অভ্যাদের বেগ আমাদের অন্ধভাবে ঠেলিয়া লইয়া যায়—প্রাত্যহিক কাব্দের ভারে মৃত্যুর ঢালু-রাস্তার দিকে আমরা গড়াইয়া চলিয়া যাই—নিব্দের কর্তৃরগোরব অন্তব করিবার অবসর পাই না। নববর্ষের দিনে সেই অন্ধ-গতির মুথে একটা বাধার মত দিয়া অভ্যস্ত কর্ম্মচালিত মন নিজেকে স্বতন্ত্র জাগ্রত-ভাবে একবার অন্থভব করিয়া লইতে চায়। সে গর্কের সহিত বলে, আজ হইতে আমি নববর্ষ আরম্ভ করিলাম, আমি ন্তন সালের পথে যাত্রা করিয়া চলিলাম, এই বলিয়া হরা বৈশাথের দিনে সে পুনরায় আপ-নার কোচ্বাক্সের উপর আরামে ঘুমাইয়া পড়ে এবং চিরাভ্যাসজরাজীর্ণ গর্দ্ধভের মত বিনা বলায় —বিনা চালনায় দিবার।ত্তি তাহার রথ টানিয়া মৃত্যুর দিকে চলিতে থাকে।

যে প্রাত্যহিক নির্দিষ্ট কর্ম আমাদের মনের উপরেও কর্তা হইয়া ওঠিয়াছে, মন নববর্ষের দিনে বৈরাগ্যের ছায়াপাত করিয়া সেই কর্মকে ছোট করিয়া দেখিবার চেষ্টা করে। বলে, মৃত্যুতে সকল কর্মের অবসান **रहेरत, नववर्ष मिहे थवत मिर्ड व्यामिशाह्य।** বলে, "গ্রাদ করে কাল পরমায়ু প্রতি-करण"-वरल, "मरन कत रमरवत रम मिन ভয়ন্ধর।" বলে, এই যে ধনজনমানের জন্ম বৎসর-বৎসর খাটিয়া মরিতেছ, একটি বৎদর আদিবে, যে দমন্ত কাড়িয়া লইয়া তোমাকে রিক্তহন্তে বিদায় করিয়া দিবে। হয় ত এই-ই দেই বৎসর, কে বলিতে পারে ? মন তাই উপদেশ দেয়, কর্মান্ত্রপের **দারা মনের জীবনকে, কর্ম্মের গতির দারা** মনের গতিকে নাশ করিয়ো না।

যথন নগরের কর্মশালার মধ্যে বাদ করিতাম, তথন নববর্ষ দভা ডাকিয়া আমরা এই কথা চিন্তা করিয়াছি। তথন মৃত্যুর কথা বিশেষ ক্ররিয়া শ্বরণ করা আমাদের প্রয়োজন ছিল,—কারণ, দেখানে কর্ম আমাদিগকে একেবারে চাপিয়া থাকে, নিশ্বাদ ফেলিতে দেয় না। মৃত্যুর ভাব দেই নিবিড় কর্মকে থর্ব করিয়া সেই কর্মের চারিদিকে বৃহৎ অবকাশ রচনা করিয়া দেয়—মৃত্যু দৈই কর্মকারাগারের মধ্যে জান্লা কাটিয়া অবক্রদ্ধ অনস্তকে প্রকাশিত করে। বর্ষারস্তের প্রভাত-আলোক হুইতে বর্ণছেটাবিহীন শুল বৈরাগ্য-

রশি আকর্ষণ করিয়া আমাদের চারিদিকের যাহা কিছু কুজ, তৃচ্ছ, জীর্ণ, তাহারই কুজুতা, তৃচ্ছতা, জীর্ণতা প্রত্যক্ষ করি, এবং তাহারই একাধিপত্য হইতে মনকে মুক্তি দিতে চেষ্টা করি।

এবারে ভাগ্যক্রীমে যেথানে আছি,
পেথানে অভ্রভেদী কর্মান্ত পের মধ্যে ছিদ্র
করিয়া বর্ষারস্তের দিনকে কেবল একদিনের
অভ্যাগতের মত আমাদের ঘরের মধ্যে
ডাকিয়া আনিতে হয় না। এথানে আমরাই
সনাতন নববর্ষের বিপুলপ্রাসাদে অতিথিরূপে সমবেত।

উন্মুক্তদার প্রাসাদ এই-যে আমাদের চারিদিকেই। বিরশতৃণ অন্তর্বার মাঠ কোথায় চলিয়া গেছে! তাহার অবাধবিস্কৃত নতো-রত ভঙ্গিমার নিশ্চল বৈচিত্র্য অনুসরণ করিতে করিতে ছই চক্ষু আকাশের পাথীর মত স্বদূর দিক্প্রান্তের নীলাভ কুহেলিকার মধ্যে আপনাকে হারাইয়া লুপ্ত করিয়া ফেলে। এই মাঠ দিগম্বর মত রিক্ত ;- শৃন্ততাই ইহার মহৎ ঐশ্বর্য। মাঝেমাঝে কাঁটা-গুলা, থর্ক-থেজুর ও বলীকস্তাপে এই মাঠের ভুমুর্বরতার সাক্ষ্য দিতেছে, ইহার সম্পূর্ণ অনাবশুকতার গৌরব প্রমাণ করিতেছে। শস্ত প্রভৃতি মানুষের ক্ষুদ্র কাম্যবস্তু হইতে এই প্রকাণ্ড ভূখণ্ড নিজেকে এমনি নির্মাক্ত করিয়া রাথিয়াছে যে, ইহার কাছে শৃন্তবিস্তীর্ণ-ইহাকে ছাড়া আর কিছুই প্রত্যাশা করিবার নাই। এখানে হ:সহদীপ্তি বৈশাথ তাহার অথও রুম্রভাবে একাকী আসিয়া দণ্ডায়মান হয়; তাহার কোন কাজ—কোন প্রয়েজন নাই;

সে কলে পাক ধরাইতে বা মৌমাছির মধুভাণ্ডার পূর্ণ করিতে আসে না। ঘনঘোরভামল শ্রাবণ বিছাচ্চকিত দিগ্দিগন্তরে
তাহার বিপুল সমারোহ প্রসারিত করিয়া
গন্তীর মেঘগর্জনে এখানে আবিভূত হয়—
শন্তক্ষেত্র জলসেচন করিবার জন্ত নহে;—
তাহার নববারিধারা গৈরিকবসনাঁ মুনিকন্তাদের মত এই বিশাল নির্জ্জনতার মধ্যে
আঁকাবাঁকা চিত্র কাটিয়া, গহরর খুদিয়া,
বালি ও হড়ের ন্তুপ রচনা করিয়া, কলহান্তে
অকারণ থেলা থেলিয়া যায়। ঋতুপর্যায়
এথানে ঘরের ছেলের মত আসে, কাহারো
কোন কাজ করিতে নহে—নিজের বিশুদ্ধ
স্বরূপে বিরাজ করিতে।

এই প্রয়োজনহীন বিপ্ল রিক্তরের মাঝথানে আমাদের স্নিগ্নজার আশ্রমটি। চারিদিকের এত-বড় বৃহৎ অবকাশের দারা
আমাদের আশ্রমশ্রী নিজেকে প্রকাশ করিতেছে। শিবের স্থবিশাল দারিদ্যের মাঝথানে অন্নপূর্ণা বেমন নিজের ঐথর্যা পরিস্ফুট
করেন, সেইরূপ। পরস্পরকে পরস্পরের
একান্ত প্রয়েজন ছিল—শ্রামলা আশ্রমলন্দ্রী
এই রক্তপাংশুমণ্ডিত শৃশুহন্ত উদাসীনকে
বছবর্ষ-তপন্থা দারা প্রাপ্ত হইয়া পূর্ণতা,লাভ
করিয়াছে এবং পূর্ণতা দান করিয়াছে।

এই আশ্রমের মধ্যে তরুলতা আজ নব-পল্লবে বিকশিত, আত্রবন এতকাল মুকুলগন্ধে বাতাসকে পাগল করিয়া দিয়া আজ তরুণ-ফলভারে সার্থক। আমলকীশ্রেণী তাহার গত-বংসরের গর্ভভার মোচন করিয়া নবকিস-লয়ে নবযৌবন লাভ করিয়াছে। শিরীষের গাছে ফুল ধরিয়া ঝরিয়া পড়িতেছে। জামের মঞ্জরী শাখা পরিপূর্ণ করিয়া মুধর 'মৌ-মাছির দস্তাবৃত্তিতে বিত্রত হইয়া উঠিয়াছে।

এখানে কর্মের ক্ষুদ্রতা, কালের অনিত্যতা, জীবনের অনি-চয়তা, স্থ্যঃথের
চাঞ্চল্য—এই সমস্ত কথা আলোচনা করিবার নহে। নিজের সমস্ত ক্ষুদ্রতা ও দীনতার দিকে চাহিয়া চাহিয়া বিলাপ পরিতাপ
করিবার জন্ত এখানে আসি নাই। এখানে
ন্তনতার নিস্তক সমুদ্রের মধ্যে অবগাহন
করিয়া লইব। এখানে কালিও যে ন্তন
ছিল, আজিও সেই ন্তনই রহিয়াছে, কেবল
আজ প্রভাতে আমাদের চিস্তাকীটজীর্ণ
জীবনষাত্রার অতি ক্ষুদ্র প্রাচীনস্বটাকে ক্ষণকালের জন্ত সরাইয়া দিয়া সেই যুগ্যুগাস্তরের
অবসানহীন নবীনতার, দিকে দৃষ্টিপাত
করিবার অবসর লইয়াচি।

আমাদের ক্লান্তজীবনে যথন নৃতনত্ব খুঁজি,তথন ক্রমাগত বৈচিত্র্য এবং উত্তেজনার আশ্রম লইয়া থাকি। সেই অবিশ্রাম চাঞ্চল্য আমাদিগকে কেবলি নবতর ক্লান্তি ও জরার দিকেই অগ্রসর করিয়া দেয়। বৈচিত্র্যের ধণ্ডথণ্ড ক্ষুদ্রক্ত নৃতনত্বকে মুহুর্ত্তে গ্রহণ ও বর্জন করিয়া সেই আবর্জনার মধ্যে অন্তঃকরণকে কবর দেওয়া হয়।

আজ চিরন্তনের রহন্ত এই প্রান্তর-বাসিনী প্রকৃতির কাছে শিক্ষা করিয়া লইব।

অধুনা আমাদের কাছে কর্ম্মের গৌরব অত্যন্ত বেশি। হাতের কাছে হৌক—দূরে হৌক্, দিনে হৌক্—দিনের অবসানে হৌক্, কর্ম্ম করিতে হইবে। কি করি, কি করি,— কোথার মরিতে হইবে—কোথার আত্মবিদর্জ্জন করিতে হইবে, ইহাই অশান্তচিত্তে আমরা খুঁজিতেছি। যুরোপে লাগাম-পর্ধা অবস্থায় মরা একটা গৌরবের কথা। কাব্দ, অকাব্দ, অকারণ কাজ, যে উপায়েই হৌক্, জীবনের শেষ নিমেষপাত পর্যান্ত ছুটাছুটি করিয়া— মাতামাতি করিয়া মরিতে হইবে। এই কর্মনাগরদোলার ঘূর্ণিনেশা যথন একএকটা জাতিকে পাইয়া বদে, তথন পৃথিবীতে আর শাস্তি থাকে না। তথন, ছুর্গম হিমালয়-শিথরে যে লোমশছাগ এতকাল নিরুহেগে জীবন বহন করিয়া আসিতেছে, তাহারা অক্সাৎ শিকাবীব গুলিতে প্রাণ্ড্যাগ করিতে থাকে। বিশ্বস্তচিত্ত দীল্ এবং পেঙ্গু-য়িন্ পক্ষী এতকাল জনশূতা তুষার-মরুর মধ্যে নির্বিরোধে প্রাণধারণ করিবার স্থেটুকু ভোগ করিয়া আসিতেছিল,—অকলম্ব ভুল্নীহার হঠাৎ দেই নিরীহ প্রাণীদের রক্তে রঞ্জিত হইয়া উঠে। কোথা হইতে বণিকের কামান শিল্পনিপুণ প্রাচীন চীনের কণ্ঠের মধ্যে অহি-ফেনের পিণ্ড বর্ষণ করিতে থাকে, - এবং আফ্রিকার নিভ্ত অরণ্যসমাছের কৃষ্ণত্ব সভ্যতার বজে বিদীর্ণ হইয়া আর্ত্তস্বরে প্রাণ-ত্যাগ করে।

এখানে আশ্রমে নির্জ্জন প্রকৃতির মধ্যে স্বর্গ ইরা বদিলে অন্তরের মধ্যে স্পষ্ট উপলব্ধি হয় যে, হওয়াটাই জগতের চরম আদর্শ, করাটা নহে। প্রকৃতিতে কর্ম্মের সীমা নাই, কিন্তু দেই কর্ম্মটাকে অন্তরালে রাথিয়া দে আপনাকে হওয়ার মধ্যে প্রকাশ করে। প্রকৃতির মুথের দিকে যথনি চাই, দেখি, সে অক্লিষ্ট—অক্লান্ত, যেন সে কাহার নিমন্ত্রণে সাজ্গোজ করিয়া বিস্তীর্ণ নীলা-

কাঁশে আরামে আসনগ্রহণ করিয়াছে। এই
নিথিলগৃহিঁণীর রারাঘর কোথায়, ঢেঁকিশালা কোথায়, কোন্ ভাণ্ডারের স্তরে স্তরে
ইহার বিচিত্র আকারের ভাণ্ড সাজানো
রহিয়াছে ? ইহার দক্ষিণ হস্তের হাতাবেড়িশুলিকে আভরণ বলিয়া ভ্রম হয়, ইহার
কাজকে লীলার মত মনে হয়, ইহার চলাকে
নৃত্য এবং চেষ্টাকে উদাসীন্তের মত জ্ঞান
হয়। ঘূণ্যমান চক্রগুলিকে নিয়ে গোপন
করিয়া, স্থিতিকেই গতির উর্দ্ধে রাথিয়া,
প্রকৃতি আপনাকে নিত্যকাল প্রকাশমান
রাথিয়াছে — উদ্ধ্রাস কর্মের বেগে নিজেকে
অস্পষ্ট এবং সঞ্চীয়মান কর্মের স্তুপে
নিজেকে আচ্ছর করে নাই।

এই কর্ম্মের চ্ছুর্দিকে অবকাশ, এই
চাঞ্চল্যকে গুবশান্তির দারা মণ্ডিত করিয়া
রাথা,—প্রকৃতির চিরনবীনতার ইহাই
রহস্ত। কেবল নবীনতা নহে, ইহাই তাহার
বল।

ভারতবর্ষ তাহার তপ্ততাত্র আকাশের
নিকট, তাহার শুদ্ধপ্র প্রাস্তরের নিকট,
তাহার জ্বজ্জটামণ্ডিত বিরাট্ মধ্যাহ্রের
নিকট, তাহার নিক্যকুঞ নিংশক রাত্রির
নিকট হইতে এই উদার শাস্তি, এই বিশাল
স্তর্মতা আপনার অস্তঃকরণের মধ্যে লাভ
করিয়াছে। ভারতবর্ষ কর্ম্মের ক্রীতদাস নহে।
সকল জাতির স্বভাবগত আদর্শ এক নয়—
তাহা লইয়া ক্ষোভ করিবার প্রয়োজন দেখি
না। ভারতবর্ষ মানুষকে ক্রুন করিয়া
কর্মকে বড় করিয়া তোলে নাই। ফলাকাজ্জাহীন কর্মকে মাহাত্ম্য দিয়া সে বস্তুত
কর্মকে সংযত করিয়া লইয়াছে। ফলের

আকাজ্জা উপ্ডাইয়া ফেলিলে কম্মের বিষ-দাঁত ভাঙিয়া ফেলা হয়। এই উপারে মাহুয কর্মের উপরেও নিজেকে জাগ্রত করিবার অবকাশ পায়। হওয়াই আমাদের দেশের চরম লক্ষ্য, করা উপলক্ষ্যমাত্র।

বিদেশের সংঘাতে ভারতবর্ষের এই প্ৰাচীন স্তৰতা ক্ষুৰ হইয়াছে। তাহাতে যে আমাদের বলবৃদ্ধি হইতেছে, এ কথা আমি মনে করি না। ইহাতে আমাদের শক্তি-ক্ষম হইতেছে। ইহাতে প্রতিদিন আমাদের নিষ্ঠা বিচলিত, আমাদের চরিত্র ভগ্ন বিকীর্ণ, আমাদের চিত্ত বিক্ষিপ্ত এবং আমাদের চেষ্টা ব্যর্থ হইতেছে। পূর্ব্বে ভারতবর্ষের কার্য্য-প্রণালী অতি সহজ-সরল, অতি প্রশান্ত, অথচ অত্যন্ত দৃঢ় ছিল। তাহাতে আড়ম্বর-মাত্রেরই অভাব ছিল, তাহাতে শক্তির অনাবশ্রক অপব্যয় ছিল না। সতী স্ত্রী অনায়াদেই স্বামীর চিতায় আরোহণ করিত, সৈনিক সিপাহী অকাতরেই চানা চিবাইয়া **ল**ড়াই করিতে যাইত, আচাররক্ষার জন্ম সকল অস্থবিধা বহন করা, সমাজ্রকার জন্ম চূড়ান্ত হঃথ ভোগ করা এবং ধর্মারকার জন্ম প্রাণবিদর্জন করা, তথন অত্যন্ত সহজ ছিল। নি স্তৰ্কতার এই ভীষণ শক্তি ভারত-বর্ষের মধ্যে এথনো সঞ্চিত হইয়া আছে; व्यागता निष्क्रे हेशांक जानि ना। माति-দ্রোর বে কঠিন বল, মৌনের যে স্তম্ভিত আবেগ, নিষ্ঠার যে কঠোর শান্তি এবং বৈরাগ্যের যে উদার গাম্ভীর্য্য, তাহা আমরা কয়েকজন শিক্ষাচঞ্চল যুবক বিলাসে, অবি-শ্বাদে, অনাচারে, অমুকরণে, এথনো ভারত-বর্ষ হতে দুর করিয়া দিতে পারি নাই।

সংযমের ছারা, বিশ্বাসের ছারা, ধ্যানের ছারা, এই মৃত্যুভরহীন আত্মসমাহিত শক্তি ভারত-বর্ধের মুখ 🖺 তে মৃহতা এবং মজ্জার মধ্যে কাঠিঅ, লোকবাবহারে কোমলতা এবং স্বধর্মরক্ষায় দৃঢ়ত্ব দান করিয়াছে। শাস্তির মর্ম্মগত এই বিপুল শক্তিকে অনুভব করিতে হইবে, স্তর্কার আধারভূত এই প্রকাপ্ত কাঠিগ্যকে জানিতে হইবে। বহু হুর্গতির মধ্যে বহুশতাকা ধরিয়া ভারতবর্ষের অন্ত-নিহিত এই স্থির শক্তিই আমাদিগকে রক্ষা कतिया जानियाद्ध, এवः नमयकात्न এই **मीनशैनदिनी ভृष्पशैन वाकाशैन निर्धा-**দ্রুটি শক্তিই জাগ্রত হইয়া সমস্ত ভারত-বর্ষের উপরে আপন বরাভয়হন্ত প্রসারিত कतिरत,--देश्त्राधि कार्जी देश्तारकत माका-নের আস্বাব, ইংরাজি মাষ্টারের বাক-ভঙ্গিমার অবিকল নকল কোথাও থাকিবে না, কোন কাজেই লাগিবে না। আমরা আজ যাহাকে অবজ্ঞা করিয়া চাহিয়া দেখি-তেছি না,—জানিতে পারিতেছি না, ইংরাজি-স্থূলের বাতায়নে বসিয়া যাহার সজ্জাহীন আভাসমাত্র চোথে পড়িতেই আমরা লাল হইয়া মুথ ফিরাইতেছি, তাহাই সনাতন বৃহৎ ভারতবর্ষ, তাহা আমাদের বিলাজী পটতালে সভায় সভায় নৃত্য করিয়া বেড়ায় না,-তাহা আমাদের নদীতীরে क्र जा जिल्ला कि कि जिल्ला कि जा कि मर्था कोशीनवस शतिया जुगामरन এकाकी মৌন বিদিয়া আছে। তাহা বলিষ্ঠ-ভীষণ, তাহা দাকণ সহিষ্ণু, উপবাস-ত্রতধারী —তাহার কুশপঞ্জরের অভান্তরে প্রাচীন তপোবনের অমৃত, অশোক, অভয় হোমাগ্নি এখনো জলি-

তেছে। আর আজিকার দিনের বহু আড়-ম্বর, আম্ফালন, করতালি, মিথ্যাধাক্য, যাহা আমাদের স্বর্চিত, যাহাকে সমস্ত ভারত-বর্ষের মধ্যে আমরা একমাত্র সত্য, একমাত্র বৃহৎ বলিয়া মনে করিতেছি, যাহা মুথর, ষাহা চঞ্চল, যাহা উল্বেলিত পশ্চিমসমুদ্রের উদ্গীর্ণ ফেনরাশি—ভাহা, যদি কখনো ঝড় আদে, দশদিকে উড়িয়া অদৃশ্য হইয়া যাইবে। তথন দেখিব, ঐ অবিচলিতশক্তি সন্নাসীর দীপ্তচক্ষু হুর্যোগের মধ্যে জ্বলিতেছে তাহার পিঙ্গল জটাজ্ট ঝঞ্চার মধ্যে কম্পিত হই-তেছে; —যখন ঝড়ের গর্জনে অতিবিশুদ্ধ উচ্চারণের ইংরাজি বক্তৃতা আর গুনা যাইবে না, তথন ঐ সন্যাসীর কঠিন দকিণবাছর লোহবলয়ের সঙ্গে তাহার লৌহদভের ঘর্ষণ-ঝন্ধার সমস্ত মেঘমন্ত্রের উপরে শক্তি হইয়া উঠিবে। এই সঙ্গহীন নিভূতবাসী ভারত-বৰ্ষকে আমরা জানিব, যাহা স্তৰ-তাহাকে উপেক্ষা করিব না, যাহা মৌন- তাহাকে অবিখাস করিব না,— যাহা বিদেশের বিপুল বিলাসদাম্গ্রীকে জ্রাঞ্চেপের দারা অবজ্ঞা করে, তাহাকে দরিদ্র বলিয়া উপেক্ষা করিব না; করজোড়ে তাহার সম্মুথে আদিয়া উপ-বেশন করিব, এবং নিঃশব্দে তাহার পদধ্লি মাথায় তুলিয়া স্তবভাবে গৃহে আসিয়া চিস্তা করিব।

আজি নববর্ষে এই শৃত্য প্রান্তরের মধ্যে ভারতবর্ষের আর একটি ভাব আমরা হৃদরের মধ্যে গ্রহণ করিব। তাহা ভারতবর্ষের
একাকিত্ব। এই একাকিত্বের অধিকার বৃহৎ
অধিকার। ইহা উপার্জ্জন করিতে হয়।
ইহা লাভ ক্রা, রক্ষা করা হ্রহ। পিতামহ-

গ্রন্থ এই একাকিছ ভারতবর্ষকে দান করিয়া গেছেন। মহাভারত-রামায়ণের ভায় ইহা আমাদের জাতীয় সম্পত্তি।

मकल (मर्ग्ट এक अन व्यक्ता विष्नी পথিক অপূর্ব্ব বেশভূষায় আসিয়া উপস্থিত হইলে, স্থানীয় লোকের কোতৃহল যেন উন্মত্ত হইয়া উঠে—তাহাকে ঘিরিয়া, তাহাকে প্রশ্ন করিয়া, আঘাত করিয়া, সন্দেহ করিয়া বিব্রত করিয়া তোলে। ভারতবাদী অতি দহজে তাহার প্রতি দৃষ্টিপাত করে—তাহার দারা আহত হয় না এবং তাহাকে আঘাত करत ना। देविक পরিব্রাজক ফাহিয়ান, হিয়োন্ণ্সাং যেমন অনায়াসে আত্মীয়ের ভায় ভারত পরিভ্রমণ করিয়া গিয়াছিলেন, য়ুরোপে কখনো সেরূপ পারিতেন না'। ধর্মের ঐক্য বাহিরে পরিদৃশ্তমান নহে,— যেথানে ভাষা, আকৃতি, বেশভূষা, সমস্তই স্বতন্ত্র,সেথানে কৌভূহলের নিষ্ঠুর আক্রমণকে পদে পদে অতিক্রম করিয়া চলা অসাধা। কিম্ব ভারতব্যীয় একাকী আত্মসমাহিত —সে নিজের চারিদিকে একটি চিরস্থায়ী নির্জনতা ব্হন করিয়া চলে—সেইজ্ব কেহ তাহার একেবারে গায়ের উপর আসিয়া পড়ে না। অপরিচিত বিদেশী তাহার পার্শ্ব দিয়া চলিয়া যাইবার যথেষ্ট স্থান পায়। যাহারা मर्सनारे ভिष् कतिया, नन वाधिया, ताखा জুড়িয়া বসিয়া থাকে,তাহাদিগকে আঘাত না করিয়া এবং ভাহাদের কাছ হইতে আঘাত না পাইয়া নৃতন লোকের চলিবার সন্তাবনা নাই। তাহাকে সকল প্রশ্নের উত্তর দিয়া, দকল পরীক্ষায় উত্তীর্ণ হইয়া, তবে এক-পা অগ্রসর হইতে হয়। কিন্তু ভারতবর্ষীয়

বেথালে থাকে, সেথানে কোন বাধা রচনা করে না—তাহার স্থানের টানাটানি নাই—তাহার একাকিত্বের অবকাশ কেহ কাড়িয়া লইতে পারে না। গ্রীক্ হউক্, আরব হউক্, টৈন হউক্, সে জঙ্গলের ভায় কাহাকেও আটক করে না,বনস্পতির ভায় নিজের তল-দেশে চারিদিকে অবাধ স্থান রাথিয়া দেয়—আশ্রয় লইলে ছায়া দেয়, চলিয়া গেলে কোন কথা বলে না।

এই একাকিত্বের মহত্ব যাহার আকর্ষণ করে না, দে ভারতবর্ষকে ঠিকমত চিনিতে পারিবে না। বছশতাকী ধরিয়া প্রবল বিদেশী উন্মন্ত বরাহের স্থায় ভারত-বর্ষকে এক প্রান্ত হইতে আর এক প্রান্ত পর্য্যন্ত দন্তবারা বিদুদীর্ণ করিয়া ফিরিয়াছিল, তথনো ভারতবর্ষ আপন বিস্তীর্ণ একাকিছ-ছারা পরির্ফিত ছিল-কেহই মর্মস্থানে আঘাত করিতে পারে নাই। ভারতবর্ষ যুদ্ধ-বিরোধ না করিয়াও নিজেকে নিজের মধ্যে অতি সহজে স্বতন্ত্র করিয়া রাখিতে জানে-সেজন্ত এ পর্যান্ত অস্ত্রধারী প্রহরীর প্রয়োজন হয় নাই। কর্ণ যেরূপ সহজ কবচ লইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন, ভারতবর্ষীয় প্রকৃতি সেইরূপ একটি সহজ বেষ্টনের দ্বারা আরুত—সর্বপ্রকার বিরোধ-বিপ্লবের মধ্যেও একটি হুর্ভেম্ন শাস্তি তাহার সঙ্গে সঙ্গে অচলা হইয়া ফিরে—তাই সে ভাঙিয়া পড়ে না, মিশিয়া যায় না, কেহ তাহাকে গ্রাস করিতে পারে না—সে উন্মত্ত ভিড়ের মধ্যেও একাকী বিরাজ করে।

যুরোপ ভোগে একাকী, কর্মে দলবদ। ভারতবর্ষ তাহার বিপরীত। ভারতবর্ষ ভাগ করিয়া ভোগ করে, কর্ম্ম করে একাকী।
য়ুরোপের ধন-সম্পদ্, আরাম-স্থুথ নিজের—
কিন্তু তাহার দান-ধ্যান, স্কুল-কলেজ,ধর্মচর্চ্চা,
বাণিজ্যব্যবসায়, সমস্ত দল বাঁধিয়া। আমাদের স্থুপ সম্পত্তি একলার নহে—আমাদের
দান ধ্যান অধ্যাপন, আমাদের কর্ত্তব্য একলার।

এই ভাবটাকে চেষ্টা করিয়া নষ্ট করিতে হইবে, এমন প্রতিজ্ঞা-করা কিছু নহে— कतियां अ वित्निष कल इय नाहे, इहेदव ना। এমন কি, বাণিজ্যব্যবসায়ে প্রকাণ্ড মূলধন একজায়গায় মস্ত করিয়া উঠাইয়া তাহার আওতায় ছোটছোট সামর্থাগুলিকে বল-পূর্বক নিম্ফল করিয়া তোলা শ্রেয়স্কর বোধ করি না। ভারতবর্ষের তম্ভবায় যে মরিয়াছে, সে একত্র হইবার ক্রটিতে নহে—তাহার যন্ত্রের উন্নতির অভাবে। তাঁত যদি ভাল হয় এবং প্রত্যেক তন্ত্রবায় যদি কাজ করে, অন कदिया थाय, महर्ष्टेिष्ट कीवनयाजा निकार করে, তবে সমাজের মধ্যে প্রকৃত দারিদ্যের ও ঈর্ষার বিষ জানিতে পার না এবং ম্যাঞ্চে-ষ্টার তাহার জটিল কলকারথানা লইয়াও ইহাদিগকে বধ করিতে পারে না। একট শিক্ষিত জাপানী বলেন, "তোমরা বছব্যয়-माधा विष्नि कन नहेश। वर् का त्वा तः का निष्ठ চেষ্টা করিয়োনা। আমরা জার্মাণী হইতে একটা বিশেষ কল আনাইয়া অবশেষে কিছু-**मित्ने में अपार्क कार्य कार्** প্রতিক্বতি করিয়া শিল্পিসম্প্রদারের ঘরে ঘরে তাহা প্রচারিত করিয়া দিয়াছি—ইহাতে काटकत डेबर्जि इरेबार्ड, मकरन चारात्र अ পাইতেছে।" এইরূপে যন্ত্রন্ত্রকে অত্যন্ত

সরল ও সহজ করিয়া কাজকে সকলের আঁমন্ত করা, অন্নকে সকলের পক্ষে স্থলভ করা প্রাচ্য আদর্শ। এ কথা আমাদিগকে মনে রাথিতে হইবে।

আমোদ বল, শিকা বল, হিতকর্ম বল, সকলকেই একান্ত জটিল ও ছঃসাধ্য করিয়া जूनितन, कारजर मर्च्यानीत्रत राज्य धता निर्ज হয়। তাহাতে কর্মের আয়োজন ও উত্তে-জনা উত্তরোত্র এতই বৃহৎ হইয়া উঠে যে, মানুষ আচ্ছন হইয়া যায়। প্রতিযোগিতার নিষ্ঠুর তাড়নায় কর্মজীবীরা যন্ত্রের অধম হয়। বাহির হইতে সভাতার বৃহৎ আয়ো-জন দেখিয়া স্তম্ভিত হই—তাহার তলদেশে যে নিদারুণ নরমেধ্যজ্ঞ অহোরাত্র অহুষ্ঠিত হইতেছে, তাহা গোপনে থাকে। কিন্তু বিধা-তার কাছে তাহা গোপন নহে—মাঝেমাঝে সামাজিক ভূমিকম্পে তাহার পরিণামের সংবাদ পাওয়া যায়। য়ুরোপে বড় দল ছোট দলকে পিষিয়া ফেলে, বড় টাকা ছোট টাকাকে উপবাসে ক্ষীণ করিয়া আনিয়া শেষ-কালে বটিকার মত চোথ বুজিয়া গ্রাদ করিয়া ফেলে।

কাজের উদ্ভমকে অপরিমিত বাড়াইয়া
তুলিয়া, কাজগুলাকে প্রকাণ্ড করিয়া,
কাজে কাজে লড়াই বাধাইয়া দিয়া যে
অশান্তি ও অসন্তোষের বিষ উন্মথিত হইয়া
উঠে, আপাতত সে আলোচনা থাক্।
আমি কেবল ভাবিয়া দেখিতেছি, এই
সকল রুফগুমশ্বসিত দানবীয় কার্থানাগুলার
ভিতরে, বাহিরে, চারিদিকে মানুষগুলাকে
বেভাবে তাল পাকাইয়া থাকিতে হয়,
তাহাতে তাহাদের নির্জনত্বের সহজ অধি-

কার,— একাকিত্বের আ্ফেটুকু, থাকে না।
না থাকে স্থানের অবকাশ, না থাকে কালের
অবকাশ, না থাকে ধ্যানের অবকাশ। এইরূপে নিজের সঙ্গ নিজের কাছে অত্যন্ত অনভ্যন্ত হইয়া পড়াতে, কাজের একটু ফাঁক হই
লেই মদ থাইয়া প্রমোদে মাতিয়া বলপূর্ব্বক
নিজের হাত হইতে শিঙ্কৃতি পাইবার চেষ্টা
ঘটে।নীরব থাকিবার, স্তব্ধ থাকিবার, আননন্দ
থাকিবার সাধ্য আর কাহারো থাকে না।

যাহারা শ্রমজীবী, তাহাদের এই দশা।

যাহারা ভোগী, তাহারা ভোগের নব নব

উত্তেজনায় ক্লাস্ত। নিমন্ত্রণ, থেলা, নৃত্য,
ঘোড়দৌড়, শিকার, ভ্রমণের ঝড়ের মুথে
ভক্ষপত্রের মত দিনরাত্রি তাহারা নিজেকে
আবর্ত্তিক করিয়া বেড়ায়। ঘূর্ণাগতির মধ্যে
কেহ কথনো নিজেকে এবং জগৎকে ঠিকভাবে দেখিতে পায় না, সমস্তই অত্যস্ত ঝাপ্দা দেখে। যদি একমুহুর্ত্তের জ্ঞ্য তাহার প্রমোদচক্র থামিয়া যায়, তবে সেই
কণকালের জ্ঞ্য নিজের সহিত দাক্ষাৎকার,
বৃহৎ জগতের সহিত মিলনলাভ, তাহার
পক্ষে অত্যস্ত হংসহ বোধ হয়।

ভারতবর্ষ ভোগের নিবিজ্তাকে আত্মীয়স্থান প্রতিবেশীর মধ্যে ব্যাপ্ত করিয়া লঘু
করিয়া দিয়াছে, এবং কর্মের জাটলতাকেও
সরল করিয়া আনিয়া মামুষে-মামুষে বিভক্ত
করিয়া দিয়াছে। ইহাতে ভোগে, কর্মে
এবং ধানে প্রত্যেকেরই মমুম্যুষ্চর্চার যথেষ্ঠ
অবকাশ থাকে। ব্যবসায়ী—সে-ও মন দিয়া
কথকতা শোনে, ক্রিয়াকর্ম করে; শিল্পী—
সে-ও নিশ্চিস্তমনে হ্র করিয়া রামায়ণ পড়ে।
এই অবকাশের বিস্তারে গৃহকে, ম্নকে, সমা-

জকে • কৃলুষের ঘনবাপা হইতে অনেকটাপরিমাণে নির্মাল করিয়া রাথে— দ্বিত
বায়ুকে বদ্ধ করিয়া রাথে না, এবং মলিনতার
আবর্জনাকে একেবারে গায়ের পাশেই
জমিতে দেয় না। পরস্পরের কাড়াকাড়িতে
ঘেঁষাঘেঁষিতে যে রিপুর দাবানল জ্বলিয়া উঠে,
ভারতবর্ষে তাহা প্রশমিত থাকে।

ভারতবর্ষের এই একাকী থাকিয়া কাজ করিবার ব্রতকে যদি আমরা প্রত্যেকে গ্রহণ করি, তবে এবারকার নববর্ষ আশিষ-বর্ষণে ও কল্যাণশভ্যে পরিপূর্ণ হইবে। দল বাঁধি-বার, টাকা জুটাইবার ও সঙ্গলকে স্ফীত করিবার জন্ম স্থচিরকাল অপেক্ষা না করিয়া যে-যেখানে আপনার গ্রামে, প্রাস্তরে, পলীতে, গৃহে, স্থিরশান্তচিত্তে ধৈর্য্যের সহিত—সম্ভো-ষের সহিত পুণ্যকর্মা নক্ষলকর্ম সাধন করিতে আরম্ভ করি; আড়ম্বরের অভাবে কুন না হইয়া, দরিদ্র সাম্মোজনে কুটিত না হইয়া, দেশীয় ভাবে লজ্জিত না হইয়া, কুটীরে থাকিয়া, মাটিতে বদিয়া, উত্তরীয় পরিয়া সহজভাবে কর্মে প্রবৃত্ত হই; ধর্মের সহিত কর্মকে, কর্মের সহিত শান্তিকে জড়িত করিয়া রাখি; চাতকপক্ষীর স্থায় বিদেশীর कत्र ठालिवर्ष एव कित्र छ र्फ्स मूर्य जाका है या না থাকি; তবে ভারতবর্ষের ভিতরকার যথার্থ वर्ण आमता वली इट्टेंब। वाहित इट्टेंख আঘাত পাইতে পারি, বল পাইতে পারি না; নিজের বল ছাড়া ৰল নাই। ভারতবর্ষ रियोग निष्ठवरल अवल, त्रिष्टे श्रामित्री যদি আবিষ্কার ও অধিকার করিতে পারি, তবে মুহুর্ত্তে আমাদের সমস্ত লজা অপদা-রিত হইয়া যাইবে।

ভারতবর্ষ ছোট-বড়, স্ত্রী-পুরুষ, স্কলকেই মর্যাদাদান করিয়াছে। এবং সে মর্যা-দাকে হুরাকাজ্ঞার দারা লভ্য করে নাই। বিদেশীরা বাহির হইতে ইহা দেখিতে পায় না। যে ব্যক্তি যে পৈতৃককর্ম্মের মধ্যে জন্মগ্রহণ করিয়াছে, যে কর্ম্ম যাহার পক্ষে স্থলভতম, ভাহা পালনেই তাহার গৌরব— তাহা হইতে ভ্রষ্ট হইলেই তাহার অমণ্যাদা। এই মর্যাদা মনুষ্যত্বকে ধারণ করিয়া রাখি বার একমাত্র উপায়। পৃথিবীতে অবস্থার অসাম্য থাকিবেই, উচ্চ অবস্থা অতি অল্ল लाटक तरे ভार्गः घरहे - वाकि मकरनरे धनि অবস্থাপন লোকের সহিত ভাগ্য তুলনা করিয়া মনে মনে অমগ্যাদা অনুভব করে, তবে তাহারা আপন দীনতায় যথাগই ক্ষুদ্র হইয়া পড়ে। বিলাতের শ্রমজীবী প্রাণপণে কাজ করে বটে, কিন্তু সেই কাজে তাহাকে মগ্যাদার আবরণ দেয় না। সে নিজের काष्ट्र शैन विषया यथार्थ है शैन इहेब्रा পড़ে। এইরপে যুরোপের পনেরো-আনা লোক দীনতায়, ঈর্ষায়, বার্থ প্রয়াদে অস্থির। যুরো-शीय ज्यानकाती, निष्कातत पतिष ও निम-শ্রেণীয়দের হিসাবে আমাদের দরিদ্র ও নিয়-শ্রেণীয়দের বিচার করে—ভাবে, তাহাদের ছংথ ও অপমান ইহাদের মধ্যেও আছে। কিন্তু তাহা একেবারেই নাই। ভারতবর্ষে কর্মবিভেদ—শ্রেণীবিভেদ স্থনির্দিষ্ট বলিয়াই, উচ্চশ্রেণীয়েরা নিজের স্বাতস্ত্রারক্ষার জন্ম নিমশ্রেণীয়কে লাঞ্তি করিয়া বহিষ্কৃত করে ব্রাহ্মণের ছেলেরও বাগদি দাদা আছে। গণ্ডিটুকু অবিতর্কে রক্ষিত হয় বলিয়াই পরস্পরের মধ্যে যাতায়াত, মানুষে-

মামুবে হাদরের সম্বন্ধ বাধাহীন হইরা উঠে—
বড়দের অনাত্মীয়তার ভার ছোটদের হাড়গোড় একেবারে পিষিয়া ফেলে না। পৃথিবীতে যদি ছোট বড়র অসাম্য অবশুস্তাবীই
হয়, যদি স্বভাবতই সর্ব্বেই সকলপ্রকার
ছোটর সংখ্যাই অধিক ও বড়র সংখ্যাই স্বল্ল
হয়, তবে সমাজের এই অধিকাংশকেই
অমর্য্যাদার লজ্জা হইতে রক্ষা করিবার জন্ম
ভারতবর্ষ যে উপায় বাহির করিয়াছে, তাহা
রই শ্রেষ্ঠত্ব স্থীকার করিতে হইবে।

যুরোপে এই অমর্যাদার প্রভাব এতদুর ব্যাপ্ত হইয়াছে যে, সেখানে একদল আধু-निक खीरलाक, खीरलाक इट्रेग्नार्छ वित्राहे, লজ্জাবোধ করে। গর্ভধারণ করা, স্বামি-সন্তানের দেবা করা, তাহারা কুণ্ঠার বিষয় জ্ঞান করে। মানুষই বড়, কর্মবিশেষ বড় নহে; মনুষ্যত্বক্ষা করিয়া যে-কর্মাই করা যায়, তাহাতে অপমান নাই ;-- দারিদ্র্য লজ্জাকর নহে, সেবা লজ্জাকর নহে, হাতের কাজ লজ্জাকর নহে, -- সকল কর্মে, সকল অবস্থাতেই সহজে মাণা তুলিয়া রাখা যায়, এ ভাব য়ুরোপে স্থান পায় না। সেইজ্ঞ সক্ষম, অক্ষম, সকলেই সর্বশ্রেষ্ঠ ইইবার জন্ত সমাজে প্রভূত নিক্ষণতা, অন্তহীন বুথাকর্ম ও আত্মঘাতী উন্তমের সৃষ্টি করিতে থাকে। ঘর ঝাঁট দেওয়া, জল আনা, বাটনা বাটা, আত্মীয়-অতিথি সকলের সেবাশেষে নিজে আহার করা, ইহা যুরোপের চক্ষে অত্যাচার ও অপমানু, কিন্তু আমাদের পক্ষে ইহা গৃহলন্দ্রীর উন্নত অধিকার,—ইহাতেই তাহার পুণ্য, তাহার সন্মান। বিলাতে এই সমস্ত কাজে যাহারা প্রত্যহ রত থাকে, ভুনিভে

পাই, তাহারা ইডরভাব প্রাপ্ত হইয়া শ্রী এই হয় । কারণ, কাজকে ছোট জানিয়া তাহা করিতে বাধ্য হইলে, মায়্ম নিজে ছোট ইয় । 'আমাদের লক্ষ্মীগণ যতই সেবার কর্মে ব্রতী হন,—তুদ্ধ কর্মাকলকে পুণ্যকর্মা বলিয়া সম্পন্ন করেন,—অসামাস্ততাহীন স্বামীকে দেবতা বলিয়া ভক্তি করেন, ততই তাঁহারা শ্রীসোন্দর্যো-পবিত্রতায় মঙিত হইয়া উঠেন—তাহাদের পুণ্যজ্যোতিতে চতুর্দিক্ হইতে ইতরতা অভিভূত হইয়া পলায়ন করে।

যুরোপ এই কথা বলেন যে, সকল মাত্র-ষেরই সব হইবার অধিকার আছে—এই ধারণাতেই মামুধের গৌরব। কিন্তু বস্তুতই मकरलत प्रव इहेबात अधिकात नाहे, এहे অতি সতাকথাট স্বিন্যে গোড়াতেই মানিয়া লওয়া ভাল। বিনয়ের সহিত মানিয়া লইলে ভাহার পরে আনু কোন অগৌরব নাই। রামের বাডীতে খ্রামের কোন অধিকার নাই, এ কথা স্থিরনিশ্চিত বলিয়াই রামের বাড়ীতে কর্ত্তর করিতে না পারিলেও, খ্রামের তাহাতে লেশমাত্র লজ্জার বিষয় থাকে না। কিন্তু খ্রামের যদি **এমন পাগ্লামি মাথায় क्लाउँ एय, अप्रां** করে, রামের বাড়ীতে একাধিপত্য করাই তাহার উচিত-এবং সেই বৃথাচেষ্টায় সে বারংবার বিড়ধিত হইতে থাকে, তবেই তাহার প্রত্যহ অপমান ও হঃথের সীমা थाटक ना। धामार्त्तंत्र स्तरम श्रष्टारनत निर्फिष्ट गखीत मत्था नकत्वरे जाभनात নিশ্চিত অধিকারটুকুর মর্যাদা ও শাস্তি লাভ करत्र विविधारे, ছোট श्रूरियाश পाইলেই विकृति থেদাইয়া যায় না, এবং বড়ও ছোটকে সর্বাদা সর্বাধ্যমন্ত্র থেদাইয়া রাখে না।

যুরোপ বলে, এই সস্তোষই, এই জিগীষার অভাবই, জাতির মৃত্যুর কারণ। তাহা যুরোপীয় সভাতার মৃত্যুর কারণ বটে, কিন্তু আমাদের সভাতার তাহাই ভিত্তি। যে লোক জাহাজে আছে, তাহার পক্ষে যে বিধান, যে লোক ঘরে আছে, তাহারও পক্ষে সেই বিধান নহে। যুরোপ যদি বলে, সভাতামাত্রেই সমান এবং সেই বৈচিত্র্যহীন সভ্যতার আদর্শ কেবল যুরোপই আছে, তবে তাহার সেই স্পর্দাবাক্য শুনিয়াই তাড়াতাড়ি আমাদের ধনরম্বকে ভাঙা-কুলা দিয়া পথের মধ্যে বাহির করিয়া কেলা সঙ্গত হয় না।

বস্তুত সম্ভোষের বিক্কৃতি আছে বলিয়াই অত্যাকাজ্ঞার যে বিক্কৃতি নাই, এ কথা কে নানিবে ? সম্ভোষে জড়ত্ব প্রাপ্ত হইলে যদি কাজে শৈথিল্য আনে, ইহা সত্য হয়, তবে অত্যাকাজ্ঞার দম বাড়িয়া গেলে যে ভূরিভূরি অনাবশুক ও নিদারণ অকাজের স্থাষ্ট হইতে থাকে, এ কথা কেন ভূলিব ? প্রথমটাতে যদি রোগে মৃত্যু ঘটে,তবে দিতীয়টাতে অপঘাতে মৃত্যু ঘটিয়া থাকে। এ কথা মনে রাথা কর্ত্তব্য, সম্ভোষ এবং আকাজ্ঞা হুয়েরই মাত্রা বাড়িয়া গেলে বিনাশের কারণ জন্ম।

অতএব সে আলোচনা ছাড়িয়া দিয়া ইহা স্বীকার করিতেই হইবে, সম্ভোব, সংষম, শাস্তি,ক্ষমা,এ সমস্তই উচ্চতর সভ্যতার অন্ধ। ইহাতে প্রতিযোগিতা-চক্মকির ঠোকাঠুকি-শব্দ ও ক্লিন্সবর্ষণ নাই, কিন্তু হীরকের স্নিগ্ধ নিঃশব্দ ভ্যোতি আছে। সেই শব্দ ও ক্লিন্সকে এই ধ্রুবক্ষ্যোতির চেয়ে মূল্যবান্ মনে করা বর্ধরতামাত্র। য়ুরোপীয় সভ্যতার বিখালয় হইতেও যদি সে বর্ধরতা প্রস্ত হয়, তবু তাহা বর্ধরতা।

আমাদের প্রকৃতির নিভৃততম কক্ষে যে অমর ভারতবর্ষ বিরাজ করিতেছেন, আজি নববর্ষের দিনে তাঁহাকে প্রণাম ক্রিয়া আসি লাম। দেখিলাম, তিনি ফললোলুপ কর্মের অনন্ত তাড়না হইতে মুক্ত হইয়া শান্তির ধ্যানাদনে বিরাজমান, অবিরাম জনতার জড়পেষণ হইতে মুক্ত হইয়া আপন একা-কিত্বের মধ্যে আসীন, এবং প্রতিযোগিতার निविष् मः पर्व ও नेवीका निमा इटेट भू क হইয়া তিনি আপন অবিচলিত মর্যাদার মধ্যে পরিবেষ্টিত। এই যে কর্মের বাসনা, জনসংবের সংঘাত ও জিগীষার উত্তেজনা হইতে মুক্তি, ইহাই সমস্ত ভারতবর্ষকে ব্রহ্মের পথে, ভয়হীন শোকহীন মৃত্যুহীন প্রম মুক্তির পথে স্থাপিত করিয়াছে। য়ুরোপ যাহাকে "ফ্রীডাম্"বলে, সে মুক্তি ইহার কাছে निडा छ्टे की। (प्र मुक्ति हक्षन, इर्सन, डोक, তাহা স্পর্দ্ধিত, তাহা নিষ্ঠুর,—তাহা পরের প্রতি অন্ধ, তাহা ধর্মকেও নিজের সমতুল্য মনে করে না, এবং সভ্যকেও নিজের দাসত্বে বিক্বত করিতে চাহে ! তাহা কেবলি অন্তকে আঘাত করে, এইঙ্গল্য অন্তোর আঘা-তের ভয়ে রাত্রিদিন বর্মে-চর্মে, অস্ত্রে-শস্ত্রে কণ্টকিত হইয়া বদিয়া থাকে—তাহা আত্ম-রক্ষার জন্ম স্বপক্ষের অধিকাংশ লোককেই দাসত্বনিগড়ে বদ্ধ করিয়া রাথে—তাহার অসংখ্য দৈতা মনুষ্যত্ত্ত্ত্তি ভীষণ যন্ত্ৰমাত্ৰ। এই দানবীয় "ফ্রাডাম্" কোনকালে ভারত-ব্রের তপস্থার চরম বিষয় ছিল না -- কার্ণ

আমাদের জনসাধারণ অন্তসকল দেশের
চেয়ে যথার্থভাবে স্বাধীনতর ছিলা। এখনো
আধুনিক-কালের ধিকারসন্ত্বেও এই "ফ্রীডাম্"
আমাদের সর্ব্বসাধারণের চেষ্টার চরমতম
লক্ষ্য হইবে না। না-ই হইল— এই ফ্রীডান্
মের চেয়ে উন্নততর—বিশালতর যে মহত্ব—
যে মুক্তি ভারতবর্ষের তপস্থার ধন, তাহা
যদি পুনরায় সমাজের মধ্যে আমরা আবাহন
করিয়া আনি,—অন্তরের মধ্যে আমরা লাভ
করি, তবে ভারতবর্ষের নগ্রচরণের ধূলিপাতে
পৃথিবীর বড়-বড় রাজমুকুট পবিত্র হইবে।

এইথানেই নববর্ষের চিস্তা আমি সমাপ্ত করিলাম। আজ পুরাতনের মধ্যে প্রবেশ করিয়াছিলাম, কারণ, পুরাতনই চির্নবীন-তার অক্ষয় ভাগুার। আজ যে নবকিসলয়ে বনলক্ষা উৎসববস্ত্র পরিয়াছেন, এ বস্ত্রথানি আজিকার নহে— যে ঋষিকবিরা ত্রিষ্ট,ভ্-ছন্দে তরুণী উষার বন্দনা করিয়াছেন, তাঁহা-রাও এই মস্থা-চিক্কণ পীতহরিৎ বসন্থানিতে বন শ্রীকে অকস্মাৎ সাজিতে দেখিয়াছেন— উজ্জायनीत পুরোভানে কালিদাদের মুগ্ধদৃষ্টির সমাবে এই সমীরকম্পিত কুস্থমগন্ধি অঞ্চল-প্রাস্তটি নবস্থ্যকরে ঝলমল করিয়াছে। নৃতন-বের মধ্যে চিরপুরতিনকে অনুভব করিলে তবেই অমেয় যৌবনসমুদ্রে জীর্ণজীবন স্থান করিতে পায়। আজিকার এই নববর্ষের মধ্যে ভারতের বহুসহত্র পুরা-তন বৰ্ষকে উপলব্ধি করিতে পারিলে, তবেই আমাদের তুর্বলতা, আমাদের লজ্জা,আমাদের लाइना, आभारतत विधा मृत इहेशा शहरव ধার করা ফুলে-পাতায় গাছকে সাজাইলে তাহা আছু থাকে, কাল থাকে না।

ন্তনত্বের অচিরপ্রাচীনতা ও বিনাশ কেহ নিবারণ করিতে পারে না। দৌলব্য, আমরা যদি অন্তত্ হইতে ধার कतिया नहेया माजिए याहे, তবে इहेन ७-বাদেই তাহা কদগ্যতার মাল্যরূপে আমাদের ननार्हेरक डेश्हिनेड कितितः, क्रांस राहा হইতে পুষ্প-পত্র ঝরিয়া গিয়া কেবল বন্ধন-त्रज्जू हे कू हे शांकिया याहेरत। विरमरणत त्वन-ভূষা-ভাবভঙ্গী আমাদের গাত্রে দেখিতে (मिथिट मिलन, औशीन इहेब्रा श्राफ्—िवितन-শের শিক্ষা, রীতিনীতি আমাদের মনে দেখিতে দেখিতে নিজ্জীব ও নিক্ষল হয়. কারণ,তাহার পশ্চাতে স্থৃচিরকালের ইতিহাস নাই—তাহা অদংলগ্ন, অদঙ্গত, তাহার শিকড় ছিল। অন্তকার নববর্ষে আমরা ভারতবর্ষের চিরপুরাতন হইতেই আমাদের নবীনতা গ্রহণ করিব---সায়াহে যথন বিশ্রামের ঘণ্টা বাজিবে, তথনো তাহা ঝরিয়া পড়িবে না---তথন দেই অমানগৌরব মাল্যখানি আশী-র্বাদের সহিত আমাদের পুত্রের ললাটে বাধিয়া দিয়া তাহাকে নির্ভয়চিত্তে সবল-বিজ্ঞয়ের পথে প্রেরণ করিব। श्रमदग्न

জয় হইবে, ভারতবর্ধেরই জয় হইবে! যে ভারত প্রাচীন, যাহা প্রচ্ছন, যাহা বৃহৎ, যাহা উদার, যাহা নির্বাক্, তাহারই জয় হইবে,— আমরা—যাহারা ইংরাজি বলিতেছি, অবি খাস করিতেছি, মিথ্যা কহিতেছি, আকালন করিতেছি, আমরা বর্ষে বর্ষে—

"মিলি মিলি যাওব সাগরলহরীসমানা"
তাহাতে নিস্তব্ধ সনাতন ভারতের ক্ষতি
হইবে না। ভস্মাচ্ছন্ন মৌনী ভারত চতুম্পথে
মৃগচর্ম্ম পাতিয়া বিসিয়া আছে—আমরা যথন
আমাদের সমস্ত চটুলতা সমাধা করিয়া পুল্রক্যাগণকে কোট্-ফ্রক্ পরাইয়া দিয়া বিদায়
হইব, তথনো সে শান্তচিত্তে আমাদের পৌত্রদের জন্ম প্রতীক্ষা করিয়া থাকিবে। সে
প্রতীক্ষা ব্যর্থ হইবে না, তাহারা এই সন্ত্র্যাসীর
সন্মুথে করজোড়ে আসিয়া কহিবে—"পিতামহ, আমাদিগকে মন্ত্র দাও।"

তিনি কহিবেন—

"ওঁ ইতি ব্ৰহ্ম।"

তিনি কহিবেন—

"ভূমৈৰ স্থাং নাজে স্থামতি।"

তিনি কহিবেন—
'অানকং ব্ৰহ্মণো বিহান ন বিভেতি কদাচন।"

स्थ-इश्य।

~236534~

যথন উঠিয়া তুমি আসিতে সোপানে,
পদধ্বনি কভু আমি শুনি নাই কাণে।
শক্থীন আগমন মলয়ের মত,
তারি সনে জীবনের আশাস্থ্য যত
আছিল জড়িত হয়ে, অবারিত ছার
সমাদরে আবাহন ক্রিত তোমার।

আজিকে যাহারা আদে বরষাপবন সঙ্গে আনে উপদ্রব করিয়া বহন, দূরে থাকিতেই শুনি মহা-কলরব আগে হতে তাই দার ক্ষিয়াছি দব!

ত্বঃখে স্থখ।

বাতাস বাধিতে নারি এ বুকের কাছে, তবু বায়ু আছে বলে' প্রাণ মোর বাঁচে! দূরে হ'ক, আছ তাই হে জীবনশ্বামি কোনমতে তবু আজ বেঁচে আছি আমি!

হোলি-পর্ব।

()

রোহিতাখ-পর্বতের সাহুদেশ বেষ্টন করিয়া নদের রাজা শোণভদ্র উত্তরাভিমুথ হইয়া-ছেন। তীরে ভোজপুর-পরগণা। চৈত্র-প্রাফুটিত আম্রমুকুলের সৌরভে প্রকৃতির পরিপূর্ণা যৌবন 🖺 উদ্ভাসিত হইয়া উঠিয়াছে। বিশাল-ধবল সৈকতন্তর ক্ষীণ শোণের স্রোতোরেথাটুকুকে রাথিয়া-ঢাকিয়া অদৃষ্ট-পূর্ব বিরাট্ জীবের কন্ধালবৎ পড়িয়া আছে। কোথাও দূরে পলাশবনের প্রফুল রক্তিমশোভায় সে বিশদ বৈরাগ্যভাব অন্তর্হিত হইয়াছে। দূরে অদূরে প্রায় সর্বাত্র শাখা-দর্বস্থ মহয়া-গাছের দারি,—দম্প্রতি পত্রবৈভববিচ্যুত হইয়াও তাহারা নীরবে পুষ্পরাশি বর্ষণ করিতেছে।

পাহা ভ এবং নদীর অবকাশপথে যে সব ক্ষুদ্র লোকালয় দেখা যায়, চন্দনপুর ও তিলকপুর নামে গ্রামত্ইথানি তন্মধ্যে প্রসিদ্ধ। ইহার কারণ, তুইঘর বনিয়াদী, সম্পন্ন রাজপুত-জমীদার এই হুই স্থানে বাস করিতেন এবং তাঁহারা পরস্পরের প্রতিদ্বন্দী ছিলেন। পূর্বে উভয় বংশে আদানপ্রদান চলিত এবং একটা প্রতিযোগিতার ভাব বিভমান থাকিলেও, কুটুম্বে কুটুম্বে মনের মিলের অভাব ছিল না। কিন্তু হুইপুরুষ হইতে ছই বংশে যে বিবাদাগ্নি জ্বলিয়া আসিতেছে, কিছুতে তাহা নির্বাপিত হইল না। কথিত আছে, হোলিপর্ব্বোপলক্ষে নিমন্ত্রণরকা লইয়া কলহের প্রথম স্ত্র-পাত। চন্দনপুরের বাবু বয়:কনিষ্ঠ এবং **সম্বন্ধে** ছোট হইয়াও কুলপ্রথামত অগ্রে তিলকপুরের বাব্র গৃহে ফাগুয়া খেলিতে না যাওয়ায়, শেষোক্ত বড় গোদা করিয়াছিলেন এবং অপমানকারী বলিয়া প্রথানাক্তের আর কথন মুখদর্শন করেন নাই। পরে তিলকপুরের বাব্ও এরপ রাগিয়া যান যে, মৃত্যুকালে পুত্রকে তিনি শপথ করাইয়াছিলেন, চন্দন্পুরের বংশের কেহ আপনা হইতে তাঁহার গৃহে না আদিলে বিবাদ কথন মিটিবে না। ইহার ফলে অভঃপর ছই বংশের কেহ কথন পরস্পরের গণ্ডী পার হইতেন না এবং নানা ছলে বিবাদ-বিসংবাদ বাভিয়াই চলিয়াছিল।

সম্প্রতি চন্দনপুরের জমীদার স্থন্থ সিংহ দীর্ঘকাল তীর্থে বাস করিয়া গৃহে প্রত্যাগত হইয়াছেন। তিনি বিপয়ীক, শিশু পুলক্তা-ছটিকে রাথিয়া সহধর্মিণী স্বর্গা-রেঁছণ করার পর চারিবৎসর কেবল তীর্থে তীর্থে ভ্রমণ করিয়া বেড়াইয়াছেন, মাতৃ-আজ্ঞালজ্বন করিতে না পারিয়া দেশে আসিয়াছেন বটে, কিন্তু ফাগুয়ার পরই শ্রীবৃন্দাবনধামে যাইবেন,ইহাই তাঁহার সঙ্কল্প।

স্থাদ্ সিংহের বয়ঃক্রম তিশবৎসর মাত্র,
সতএব পুনরায় তিনি দারপরিগ্রহ করেন,
তদীয় জ্বনী ও আত্মীয়বর্ণের একাস্ত কামনা
এই। কিন্তু ইদানীং তিনি সর্বাদ। ধর্মালোচনায় নিযুক্ত থাকিতেন, সে অন্পরোধ
কথন-কথন মাতা ছাড়া আর কেহ বড়
করিতে পারিতেন না। স্থাদ্ প্রথম-যৌবনের সমস্ত আমোদ ও থেয়াল বিসর্জন
দিয়া পরমার্থে মন দিলেও, মৃগয়াসক্তি
পরিহার করিতে পারেন নাই। শিকারের
নেশা বাড়িলে আর সকলই তিনি ভূলিয়া

যাইতেন। সেইজন্ম বলিতেন, ব্রশ্বমেনা গেলে, এই জীবহিংসাপ্রবৃত্তি তিনি দমন করিতে পারিবেন না।

(२)

হোলি-উৎসবের ছইদিন পূর্ব্ধে অপরাত্নে তিনি শোণনদীতীরে ভ্রমণ করিতেছিলেন। প্রথামত "থিজ্মতিয়া" হুঁকা বহন করিয়া তাঁহার পার্শ্বে পার্শ্বে চলিয়াছে এবং সটকার দীর্ঘবিসর্পিত নল তাঁহার অধরোষ্ঠ স্পর্শ করিতে করিতে ঈষৎ ধ্নোদগার করিতেছে। বাসন্তী রংরের জরিদার টোপি এবং আঙ্রাথায় বাব্সাহেবের দীর্ঘ গৌরতমু বড় মুন্দর দেখাইতেছিল। তাঁহার অগ্রগামী বরাহিল দীর্ঘষ্টিহন্তে নীরবে চলিতে চলিতে অপাঙ্গে একএকবার "সরকারের" প্রতি প্রশংসমান দৃষ্টি নিক্ষেপ করিতেছিল।

কুস্থমিত আমবনের ভিতর দিয়া অপেকাক্বত নির্জান পথে স্থহদ্ সিং নদীর তীরে তীরে ভ্রমণ করিতেছিলেন। অকস্মাৎ দূরে শোণস্থোতোভিমুথ মৃগ্যুথের প্রতি তাঁর চক্ষু পড়িল। "মেরা বন্দুক লে আও" বলিয়াই সেইদিকে তিনি ছুটিয়া চলিলেন। থিজ্মতিয়া এবং বরাহিল পশ্চাতে পড়িয়া রহিল।

(0)

তথন স্থ্য অন্তগমনোনুথ। রোহিতাখপর্বতের স্থল্রপ্রান্তে মজ্জমান রবিকরজাল প্রহত হইয়া আকাশের দিকে দিকে
অপূর্ব্ব বর্ণ বৈচিত্র্য প্রকটিত করিতেছিল।
নীচে শোণের ক্ষীণ স্রোতোরেথায় তাহা
প্রতিবিধিত হইয়া যে তরল রক্তিমাভা
প্রবাহিত করিতেছিল, নদীনৈকতের বিশদ

শোভা দহদা তাহাতে ঈষৎ লোহিতাভ হইয়া উঠিল। দেখিয়া জলপানরত হরিশেরা লাফাইয়া লাফাইয়া তীরে উঠিল এবং
দবেগে পাহাড়ের দিকে ছুটিয়া চলিল।
স্বহৃদ্ সিং পশ্চাতে চাহিয়া দেখিলেন, কেহ
তাঁহার বন্দুক লইয়া আসিতেছৈ না।
তাঁহার অস্ত্রের মধ্যে সম্বল—স্থদর্শন একথও
ষষ্টমাত্র। তথাপি স্থান কাল বিস্তুত হইয়া
তিনি পলায়নপর মৃগয়্থের অণুসরণ করিয়া
চলিলেন। মৃগয়ার মাদকতা এবং তলায়তা
তাঁহাকে সর্বতোভাবে অধিকৃত করিতেছিল।

গোধলির তরল ছায়া অপসারিত করিয়া ত্রয়োদশীর চক্রকিরণ ক্রমশ ফুটিয়া উঠিতে-ছিল। হরিণের দল দৃষ্টিরেথা অতিক্রম অন্তরালে লুকায়িত করিয়া পাহাড়ের হইল, তথাপি অণুসরণকারীর চৈত্য নাই। ক্রমে তিনি এক নিবিড় শালবনের প্রান্তে আসিয়া উপস্থিত হইলেন। পদচিহ্লাঙ্কিত স্বলায়তন গ্রাম্যপথ বনমধ্যে তির্য্যগ্-গতিতে অন্তর্হিত হইয়াছে, জ্যোৎসালোক দেখিয়া কথন-কথন খেতদৰ্প বলিয়া ভ্ৰম বনফুলের মধুর গন্ধে পুলকিত হইয়া স্থল্ সিং সেই পথে অগ্রসর হইতে-ছিলেন। বাহির হইতে বন যেরূপ নিবিড় মনে হয়, ভিতরে তাহার কিছুই নহে। ছোট-বড় শালতক শ্রেণী-সম্বদ্ধ হইয়া দণ্ডায়-মান আছে. তাহাদের কোমল কিদলয়ে চক্রবাম প্রতিভাত হইয়া ঘন ছায়ান্ধকার পর্যান্ত উচ্ছল করিয়া তুলিয়াছে। একটি-মাত্র পাপিয়া থাকিয়া-থাকিয়া স্বর্লহরীতে সমগ্র বনানী প্রতিধ্বনিত করিতেছে।

কিছুদ্র গিয়া হহদ্ সিং ব্ঝিতে পারি-

লেন, গ্রাম অদ্রে এবং গ্রামবাদীরা বদস্তোৎদবে মাতিয়াছে। রক্ষ এবং গুলা ছায়ায়
আত্মগোপন করিয়া বালক এবং যুবকেরা
বিক্রতকঠে গৃহপ্রাপ্তনে উপবিষ্টা বালিকা
এবং যুবতীদের উদ্দেশে বিদ্রুপ ও গালি বর্ষণ
করিতেছিল, এবং কেই তাহাদিগকে ধরিয়া
লাঞ্জিত করিতে অগ্রদর হইলে ছুটিয়া পলাইতেছিল। যুগপৎ অনেকগুলি কণ্ঠ হইতে
একই প্রকারের বিক্রত স্বর ও ভাষা ধ্বনিত
হওয়ায় স্পাঠ বুঝা যাইতেছিল, হর্ম্মুথেরা কণ্ঠ
রোধপূর্বাক মদনপূজার আবাহন করিতেছে।

শালের জঙ্গল উতীর্ণ হইয়া স্থছদ্ সিংলোকালয়ে আসিয়া পৌছিলেন, তাঁহাকে দেখিবামাত্র সে বিকট কণ্ঠস্বর সহসা মিলাইয়া গেল এবং "ছোঁড়ার" দলকে জত পলাইতে দেখিয়া যুবতীরা সমস্বরে টিট্কারি দিয়া উঠিল।

স্থাদ্ সিং বুঝিলেন, তিনি ভূঁইয়াদের বস্তিতে আসিয়া উপস্থিত হইয়াছেন। জিজ্ঞাসা করিয়া জানিলেন, গ্রামের নাম তিলকপুর এবং জমীদারের আবাদগৃহ অদূরবর্ত্তী। চিরশক্রর অধিকারম্ধ্যে অকস্মাৎ আসিয়া পড়িয়াছেন ভাবিয়া কিছুক্ষণের জ্ঞা তিনি চিন্তাযুক্ত হইলেন। কিন্তু সেনিমেষের জ্ঞা। কোণাকার বাবুসাহেব আসিয়াছেন দেখিয়া য়ুবভীদের একজন তাঁহার জ্ঞা এক থাটিয়া আনিয়া বিছাইয়া দিল, এবং অল্ঞেরা রাসরচনাপূর্বক তাঁহার সম্মুথে নৃত্যগীতের আয়োজন করিল। সকলে সমস্বরে ধরিল—

'এ খাস হোরি খেলব এ ভোমারি সাথ,
 আবে না ছোড়ব গায়ব বুরা বাত।

- "এ ছড়ুছড়ুভিঙ্গি গেই মোর নীল্যাড়িয়া,
 ভাবে মাত মার হো পিচকারিয়া—"

इंडापि।

ততক্ষণে যুবকের। আসিয়া পৌছিল,
সূবতীরা পুনরায় সমস্বারে তাহাদিগকে ধিকার
দিয়া উঠিল—"কাপুরুষ, এথানে তোরা
কেন
প্ পিশাচের মত নাকি-স্থরে গালি
দিতেই তোদের মুরদ। দূর হ!"

স্থান্দিংহের শিকারের নেশা ইতিপূর্ব্বেক কাটিয়া গিয়াছিল। আপনার অজ্ঞাতদারে প্রতিদ্বন্দীর গৃহদারে সমানীত হওয়ায়, হাদয় তাঁহার সদ্ভাবে পূর্ণ হইয়া উঠিল। ইদানীং কতবার তিনি ভাবিয়াছেন, কাহারও সহিত শক্রতা রাখিবেন না—কয়দিনের জ্ঞা সংসার ং কিস্তু মনোভাব কার্য্যে পরিণত করিতে পারেন নাই। আজ্ মাধবী পৌর্ণমাদীর প্রাক্কালে স্বয়ং ভগবান্ ভক্রবাঞ্ছা পূর্ণ করিতে বিদয়াছেন। ভূঁহয়া-য়ুবকদের ডাকিয়া আর্দ্রপ্রের স্থল্ দিং কহিলেন, "রাধাক্রফের লীলাগান কর। এই মনোহর রাত্রে তাঁদের মহিমাগানই ত ফাগুয়া-পরব, কুৎসিত গালি নহিলে হোলি হয় না, কে।পায় তোমরা শিথিয়াছ গ"

এক যুবতী বলিয়া উঠিল, "বাবুসাহেব, ওই মুথপোড়াদের সেই কথাটা সম্ঝাইয়া দাও ত ? ফাগুরার অছিলা করে' রাতদিন কেবল গারি আর গারি।"

তথন মাদোল বাজিয়া উঠিল এবং দেই সমবেত ভূঁইয়া যুবক যুবতীরা হাস্ত-কোলাহল ভূলিয়া নৃত্যগীতে দে স্থান কাঁপাইয়া তুলিল। স্ত্রী এবং পুরুষ কঠের সমবায়ে ব্রজলীলার গান স্থল্ সিং মন্ত্রমুগ্ধবৎ শুনিতেছিলেন।

> ''আঝু কাঁহা খ্যাম কাঁহা প্যারি তোরি লাগি থেলি হোরি এ নন্দলাল। তুমহারি প্রেম-আবীরদে ড়বাও এ নন্দলাল। মেয় সব হোরি থেলব ব্রজবাল

মেয় না বুড়াঁউ এ নন্দলাল।"

ইতাাদি।

তিলকপুরের জমীদার রামকিষণ সিং তথন অন্দরে মাতৃদর্শনে গিয়াছিলেন। স্থহদ সিং পথ ভুলিয়া তাঁহার এলাকায় আসিয়া পড়িয়াছেন, এ সংবাদ সেইখানে পৌছিল। মাতা জিজ্ঞাসা করিলেন, "এখন কি করিবে ?"

রামকিষণ। আপনি যে আজ্ঞা করেন।
চন্দনপুরের বাবু আমাদের বাড়ী না আসিলে
বিবাদ মিটিবে না, পূর্বপুরুষের ইহাই
আদেশ।

মাতা জানকী কোঙার বড় বৃদ্ধিনতী। বলিলেন, "রামকিষণ, কান্হাইয়া-জী এই কাগুয়াপরবে অম্লানিধি মিলাইয়াছেন, এ ফ্যোগ ছাড়িও না বাপ্। তোমার এলাকা হইলেই তোমার গৃহ হইল। স্ফল্ সিং সহকে তোমার গুরুতর ব্যক্তি। এখনই গিয়া পায়ে ধরিয়া ভাঁহাকে লইয়া এসো।"

মাতৃভক্ত রামকিষণ তাহাই করিলেন। এইরূপে দীর্ঘদিনের কুটুম্ববিবাদ মিটিয়: গেল।

পরদিন সহৎদাই। স্কৃষ্দ্ সিং গতদিনের সে হরিণের দল ভূলিতে পারেন নাই— প্রভাতে রামকিষণ সঙ্গে, শিকার (থূলিয়া আসিলেন।

শাল্লণীগাছের যে শাথাটা পঞ্চমুখবিশিষ্ট, তাহাই কাটিয়া সন্ধার পর প্রাস্তরে
প্রোথিত করা হইয়াছে। রাশিরাশি থড়
ও ভারে ভারে কার্চ তাহার উপর স্পুনীক্বত
করিয়া সন্ধার পর সম্বংদাহ করিতে হইবে।
স্থল্ শীকার হইয়াছিলেন, ফাগুয়ার দিন
প্রভাতে হোলি থেলিয়া তবে গৃহে ফিরি
বেন। অত এব সম্বংদাহ দেথিয়া চতুদিশীর রাত্রিও তিনি তিলকপুরে যাপন
করিলেন।

জানকী-কোঙার স্থচদের সমুথে বাহির হইরা তাঁহার প্রণাম গ্রহণ করিয়াছেন। এবং ইহারই মধ্যে কথার কথার প্রস্তাব করিয়াছেন, তাঁহার পপ্রদশবর্ষীয়া ক্যা সাবিত্রী-কোঙারকে বিবাহ কয়িয়া স্কন্ দ্কে পূর্বকুটুম্বিতা সঞ্জীবিত করিতে হইবে।

হোলির দিনে জানকী-কুঙারের সহস্তরচিত সাতপ্রকারের পিঠা থাইয়া এবং আবারে
রঞ্জিত হইয়া স্থল্ সিংহ গৃহে ফিরিয়া
আসিলেন। মাতার নিকট সকল কথা বলিয়া
তাঁহার আনন্দবর্দ্ধন করিয়াছিলেন—কেবল
সাথিতী-কুঙারের কথাটা বলিতে পারেন
নাই। যাহা হউক, সেইদিন অপরাত্রে
মহাধ্মধামে তিলকপুরের বাবু পুরাতন
কুটুম্বগৃহে নিমন্ত্রণরক্ষা করিতে আগমন
করিলেন। পিচকারী ও আবীরে চন্দনপুরের বৃহৎ মহল লালে লাল হইয়া গেল।

ভার পর বৈশাথমাসে সাবিত্রী-কুঙারকে বিবাহ করিয়া স্থল্ সিং সেই মাধবী
ত্রয়োদশীর মৃগয়াবাতা আপন জীবনে চিরস্মরণীয় করিয়াছিলেন।

আরো একটি কথা।

[ONE WORD MORE.]

(By Robert Browning.)

যদি পুনর্জনা মানিতে হয় এবং • বিশ্ব
পরিপূর্ণতার দিকে অগ্রসর হইতেছে, এরপ
যদি বিশ্বাস করি, তবে শেলী, ব্রাউনিংরূপে
অন্মগ্রহণ করিষাছিলেন, এরপ মনে করিতে
পারি না কি ? পারি—যদি আজ ব্রাউনিংএর জন্মতারিথ এবং শেলীর মৃত্যুতারিথ
আমাদের স্মৃতি হইতে বিলুপ্ত হইয়া যায়—
কারণ রবার্ট ব্রাউনিং শেলীর মৃত্যুর দশবৎসর পূর্বে জন্মগ্রহণ করিয়াছিলেন।

Paulined যৈ উদার গভীরস্বরে, যে মর্মাস্টিক প্রেমে ব্রাউনিং শেলীর আত্মার উদ্দেশে 'Sun treader—life and light be thine for ever'' ইত্যাদি বন্দনাগীত গাহিয়াছেন; Sordelloর প্রারন্তে, বৃহৎ অনুষ্ঠানের মুখবন্ধে, 'নমুক্তিয়ামূথে ডাাণ্টের সহিত শেলীর যে উল্লেখ করিয়াছেন,— কিংবা Memorabiliaনামক ক্ষুদ্র খণ্ডক্ষি ভার স্থানর সংক্ষিপ্ত ভাবে তাঁহার যে মহা-

পুণীশ্বতি ব্যক্ত করিয়াছেন—এ সমস্ত নিগুঢ় অনুভবের কথা ছাড়িয়া দিলাম। গ্ৰপ্ৰবন্ধে ব্ৰাউনিং যে শেলীকে বুঝাইতে যত্ন পাইয়াছিলেন, সে কথাও ত্যাগ করি লাম। এ সব ছাডিয়া দিয়াও যেন দেখা যায় যে, সেই স্বাধীনতার উৎসব, সেই প্রেমের আবেগ, দেই দৌন্দগ্যের স্থগভীর অনুভব, সেই wind-grieved Apennines গিরি-মালার প্রতান্ত্রশয়ানা ইটালীর প্রতি ভাল-বাদা — এ সকলই যেন শেলী হইতে আসিয়া ব্রাউনিংএ পরিকুট হইয়া উঠিয়াছে। শেলীর মধ্যে যাহা উজ্জ্লতায় চকু ঝলসিত করে, তীব্রতার প্রবণ বিদীর্ণ করে, স্পন্দনে হৃদয় ব্রাউনিংএ ব্যথাবিক্ত—রক্তাপ্লত করে, তাহা প্রশান্তজ্যোতি, গন্তীরতানবদ্ধ, নিগৃঢ় হইয়া প্রতিষ্ঠিত। কালিদাসে---ज्या की जिल्ला ' আরোপা চক্রমম্পতেজা-

অর্থাৎ চডাইয়া বিশ্বকর্মা "শাণ্যস্ত্রে স্থাকে কাটিয়া-ছাটিয়া পরিষ্কৃত করিলে তাঁহার যেরূপ শোভা হইয়াছিল, ইনিও সেইরূপ শোভা পাইতেছেন"—এইরূপ একটি উপমা আছে। শেলী এবং ব্রাউনিং সম্বন্ধে ঐ উপমাটি খাটীন যায়। ত্বজনার কবিতার মধ্যে একএকটি বিষয় ধরিয়া সমান্তরাল-রেথায় তুইরূপ বিকাশের তুলনা করিয়া গেলে, কাব্যামোদীর পক্ষে একটি উপাদেয় প্রবন্ধ রচনা করা যাইতে পারে, : কিন্তু অত বিরাট্রিস্থত কার্য্য আমার লক্ষ্যের বাহিরে। রবার্ট ব্রাউনিংএর Men and women নামক কাব্যগ্রন্থের সর্কশেষ

স্তাইৰ যাড়োলিপিতো বিভাতি"

ইহা বাট্টনিং-পত্নী Elizabeth Barrettcক সংখাধন করিয়া লিখিত। কবিতাটি পিড়িতে পড়িতে মনে হইল, এরূপ গভীর, স্থানর, বিচিত্র, মনোরম কবিতার তুলনা কোথায় ? এরূপ স্থিরমূল আনন্দঘন কবিতার মত আর কোথায় পড়িয়াছি ? প্রত্যুত্রের মনে হইল, যেন শেলীর এপিসাইকিডিয়নের প্রেম ঘনায়িত, স্থান্ট্ট্, ধরণীতলে স্থাপনযোগ্য করিয়া 'One word more' রিচিত হইয়াছে—ব্যোমবিদারী শরৎ রোড্রের কতকথানি ঘনাইয়া বেমন একটি কল্পিত পদ্ম রচনা করা যাইতে পারে।

রবীক্রনাথের কোন কবিতার আছে যে, হানর কি-একটি শেষ কথা বলিবার জন্ত ব্যাকুল হইয়া উঠে;— বাঁহারা শেলীর কবিতা পড়িয়াছেন, তাঁহারা জানেন, শেলী এই শেষ কথাটি—এই One word more বলিবার জন্ত কিরপ ব্যাকুলতা প্রকাশ করিয়াছেন। ঐটি বলিতে গিয়া বছতর বিচিত্র, স্থলর, জ্ঞালাময় কথা উল্গীরণ করিয়াছেন, তথাপি ঐ একটি কথা বলা যেন বাকী রহিয়া গিয়াছে। ক্ষীণপ্রাণ টেনিসন্ যথন মৃছ্ণগন্তীরস্করে গাহেন—

For though from out our bourne of time and prace

The flood may bear me far
I hope to see my pilot face to face
When I have crossed the bar.—

তথন যা হৌক্ একটি গান্তীর্য্য, একটি শান্তি আসাদন করা যায়,কিন্ত শেলীর সঙ্গে অ্যাল্ব্যাট্রস্ তরণীতে চড়িয়া, সাগরতরক্ষে উড়িতে উড়িতে সেই বর্ষাকণিম্নিগ্ধ, শ্রামপুঞ্জ ঈশ্বিয়ান্দ্বীপে মদবিভার, গন্ধবিমৃদ্ধ ইইয়া,—

ক্ৰিভাটির নাম 'One word more'.

সেই লোকাডীত মিলন সন্দর্শনের পর "I pant, 1 sink, I tremble, I expire"

এইমাত্র বলিয়া ডুবিয়া ষাই। কোপায়
দাঁড়াইব ? মর্জ্যে থাকিয়া গন্ধর্বলোকে
উড়িয়াছিলাম, পাথা পুড়িয়া গিয়াছে!
কোথায় ? সেই পরিপূর্ণতার,—সেই চরমের
'একটি কথা' কোথায় ? যে স্থরে স্বর্গের
সঙ্গে মর্জ্য উঠিয়া মিলিভ হয়, সে স্থরটি
কোথায় ? ধরণীর দৃঢ়তলেই চরণ প্রতিষ্ঠিভ
রহিয়াছে, অথচ আনন্দের পূর্ণতম সস্ভোগ
করিতেছি—সেই একটি কথা রবার্ট ব্রাউনিং
বলিয়াছেন।

বাস্তবিক আমি যতদ্র ব্ঝি, তাহাতে কবিতা, জীবনের প্রতিবিম্ব বই আর কিছুই নহে। শেলী যথন হৃদুয়ের আলোক জালা-ইয়া এক এক প্রাণপ্রতিমাকে প্রোজ্জলরাগে উদ্রাসিত করিয়া আর্তিবন্দনা করিতে উপস্থিত হইতেন, তথন সেই মর্ক্তোর তৃণে রচিত প্রতিমা পুড়িয়া ভস্ম হইয়া যাইত— শেলীও আপনার পাথা পুড়াইয়া হতাশায় পড়িয়া যাইতেন—কিন্তু রবার্ট ব্রাউনিংএর আলোক জ্বলিতেই ব্যারেটের স্কন্ধ হইতে স্বর্গের পাথা সমুদ্রত হইল, আলোক বেড়িয়া ধরিল-কি স্থন্দর আরুতজ্যোতি!--ছম্বনেই সজোগ করিতে লাগিলেন। রবার্ট ব্রাউনিং-এর রাজত্ব সেইদিন হইতেই স্থির হইয়া গেল। রাজ্টীকা অবগু জন্মকাল হইতেই ननार्छ चक्कि छ हिन। ब्राउनिः चाननारक कानिशाहित्वन, त्थवी कारनन डाउँनिः (भव कथां वित्रा शिवाहित्नन, मिनी विनिष्ठ शिक्षा थूँ किक्षा शान नाहे। তাই বলিয়াছি, শেলী পূর্ণ হইয়া যেন

ব্রাউনিং জন্মিরাছিলেন—এ একটা কল্পনা-মাত্র।

কবির কাজ কি ? আমাদিগকে মহৎ করা – প্রতি পদার্থের মধ্যে রন্ধ, করিয়া অসীমের আলোক আনিয়া দেওয়া। মানব যে কত বড়, তাহা জানাইতে হইলে তাহার প্রেমের কথাট বলিতে হয়। মানবছদ-য়ের প্রেম যে কত বড়, 'Love's rare universe' যে কি চমৎকার, তাহা শেলীর এপিদাইকিডিয়নে কিছু দেখাইবার চেষ্টা আছে। আমাদের কবি রবীক্রনাথের 'হৃদয়-ষমুনা' পড়িয়া দেখিলে বুঝা যাইবে, আমাদের স্ব্যে কোন এক গভীর যমুনা,—কোন এক মেঘভারাবৃতা, বঞ্চুলবিচিত্রতটা, কল-ফেনা, মৃত্যুনীলদলিলা, স্থগম্ভীরা যমুনা অবি-রাম ছলিয়া-ছলিয়া নৃত্য করিতেছে। শেলী মাত্র সেই লোকে পদার্পণ করিয়া মিলনের স্বপ্ন দেখিয়াছিলেন, মিলনের কেন্দ্রভূমিতে উপস্থিত হওয়া ঘটিয়া উঠে নাই। কারণ তাঁহার সেই নন্দনলোক তিনি সংসারেরই মাঝখানে প্রতিষ্ঠিত করিতে পারেন নাই। কিন্তু রবার্ট ব্রাউনিং, ঠিক মাহুষে মাহুষে যেখানে প্রতিদিন মিলিয়া থাকে

Just for the obvious human bliss

To satisfy life's daily thirst—
ঠিক মর্ত্রামানবীয় স্থপের জন্ত, প্রতিদিনের
ত্যা মিটাইবার জন্ত যেথানে মিলিয়া থাকে,
ঠিক সেইথানে অন্থপম এক রহস্তময়
আলোকের উদ্ভব করাইয়াছেন। শেলী
নন্দনস্থপ্নে এমিলিকে আহ্বান করিয়াছিলেন,
হৃদয়বমুনার কবি হৃদয়যমুনায় অবগাহন
করিতে একাকিনাকে আহ্বান করিতেছেন,

কিছ সমাপ্তির কথাটি কোথার ? সাধনা যে পূর্ণ হইল েসে সংবাদটি কোথায় ? হৃদয়-যমুনার কবির বিকাশ অগ্রত দেখাইবার ইচ্ছা আছে, কিন্তু ইতিমধ্যে হেঁথায় দেখিতে পারি —এই ববার্ট ব্রাউনিংএ দে থিতে পারি। এই সিদ্ধির বিশেষত্বই এই যে, সেই मोर्चटक्म, मृष्मधूतमृर्खि द्वरार्षे এवः পরিकृमा, भ्रानञ्चनत्रमूथ्यी अनिकार्त्वथ व्यारत्रहे, इंहि ব্রাউনিংকেই আমরা জানি-এবং জানি, ইঁহারা পরস্পর বিবাহিত। 'One word more'এর গাস্তীর্ঘ্য, সৌন্দর্য্য ও অমুপমত্ব ঐ-থানেই ! দুঢ়হন্তে ঠিক আমার শরীর ধরিয়া যিনি বলিয়া দিতে পারেন, 'এই দেখ, ইহার मर्था चरर्गत जारमाक, এই দেখ ইহার মধ্যে স্বর্গের গন্ধ.' তিনি সর্ব্বাপেক্ষা বড কবি। কবিতা এবং জীবন দুঢ়রূপে মিলিত করিতে ना পाরিলে, সেই সিদ্ধির শেষ কথাটি বলা কাহারও সাধ্য হয়, আমি বিখাস করি না। ড্রামা পড়ি, ড্রামাটিক লিরিক্ পড়ি, রবার্ট ব্রাউনিংএর অস্তান্ত কবিতা পড়ি--গল্লে. ভাবে সর্ব্বই একটি স্থপ্রতিষ্ঠিত শান্তি-একটি স্থির, নিগুঢ়রূপে উপভোগ্য সৌন্দর্য্য (मिथरिक भीडे—এই সমস্ত সৌकार्यात्र, রবার্ট ব্রাউনিংএর সমস্তশ্রীনাহর সাহিত্যটির কেন্দ্রবন্ধ, শ্বিতির অবলম্ব এই 'একটি কথা'তে অমুভব করা যায়। এই বিচিত্র স্থলর কবিতাটিয় একবার আগস্ত অমুধাবন করা যাউক।

কবি পঞ্চাশটি নরনারীর ছবি আঁকিয়া-ছেন। অবশ্র সভ্যকথা বলিতে গৈলে, এই পঞ্চাশটি নরনারীর অধিকাংশই রবার্ট ব্রাউ-নিংএর স্থায় আকৃতিবিশিষ্ট। স্থানর, স্থার- সিক, প্রিত্ত, প্রেমিক, স্থির, বিশ্বাসী — এরপ একটি চরিত্রের এক এক ভাগ চিত্রিত कतिरम यठ छमि ठिव रुष, अधिकाः म नत নারীই তাহার একটি বা আর একটির সঙ্গে মিলিবে—অবশ্য হুচারিটিতে বিভিন্নতা না আছে, এমন নহে। যাক্ সে কথা, কবি এবার স্বয়ং উপস্থিত হইয়াছেন,—উপস্থিত হইয়া আপনাকে চিত্রিত করিতেছেন। কাব্যে একটা চরিত্রচিত্র করিতে হইলে. তাহার যাহা মূল, সর্বশ্রেষ্ঠ জীবন, একেবারে তাহাতেই গিয়া আঘাত দিতে হয়। কবি নিজেকে চিত্রিত করিতেছেন, এ কথা কেবল আমরা বলি, তাহাই নছে; কবি নিজেও জানেন যে, তিনি আপনাকে এবার বাহির করিয়া দেখাইতেছেন। তাই তিনি তাঁহার জীবনের সর্বশ্রেষ্ঠ সীম্ভোগের কথা বলিতে-ছেন। কারণ উহাদারাই জীবনটা বুঝা যায়। বিভাপতিকে যদি তাঁহার স্বরূপ জিজ্ঞাসা করি, তবে "আমি শিবসিংহ রাজার সভা-কবি ছিলাম", এ উত্তরে কিছুই জানা যায় না –পরস্ক বিভাপতির উত্তর—'জনম অবধি হম রূপ নেহারমু নয়ন না তিরপিত ভেল।' মাইকেলের উত্তর—'জীবন-উত্থানে তোর ষৌবনকুস্থমভাতি কতদিন রবে !' শেলীর উত্তর—'The desire of the moth for the star'.—রবার্ট ব্রাউনিংএর উত্তর —এই One word more to E. B. B. ব্রাউনিংএর উত্তর—

The novel
Silent silver lights and darks undersamed of.
Where I hush and bless myself
with silence.

সেই চমৎকার
নীরব রজতশুল্ল স্বপাতীত ছারা আর আলো
বেখা স্বর্গাশিষে তুবি' ধস্ত মানি' চুপ্ করে থাকি।

এরপে শীঘ্র শীঘ্র সারিয়া দিলে কবিতাটির বিচিত্ৰতা উপলব্ধ হইবে না। Mrs. Sutherland বলেন যে, এক কথায় ব্রাউনিংএর কবিত্বশক্তি বুঝাইতে গেলে বলা যাইতে পারে, "বাস্তবের উপর অবারিতরূপে কল্প-নার প্রতিপাদন" সেই একটি কথা। এই উক্তির প্রমাণ আমাদের আজিকার আলোচা কবিতাটিতে বিশেষরূপে যাইবে। চতুর্দিক্ হইতে কত মূর্ত্তি, দৃশ্য, ক্রিয়া আসিয়া একটি ভাবকে পরিস্ফুট করিয়া যায়। কীট্সের হাতে যেমন "all beauty with an easy span' সম্স্থ সৌল্ব্য একটি সহজ্ব্যাপ্ত আকর্ষণে উঠিয়া আসিত, ব্রাউনিংএর মনেও তেমনি নানা স্থন্দর চিত্র সঙ্গতিস্থত্তে সহজে আসিয়া সমুদিত হয়। অবগ্র কীট্দ্এ ব্রাউনিংএ যথেষ্ট তফাৎ আছে। যাক, আজিকার এই কাব্যথণ্ডে এই বিচিত্রতার উপল্রির জন্ম, —বারংবার সমালোচনার প্রতিবন্ধে প্রতিহত হইলেও, একবার শেষ পর্য্যন্ত যাইব।

কবি বলিতেছেন যে, চিত্রকর র্যাফেল একবার একথানি চতুর্দশপদীর কাব্য লিথিয়াছিলেন, ড্যাণ্টে একবার একটি ছবি আঁকিবার প্রয়াস পাইয়াছিলেন। এস আমরা নিরবচ্ছিন্ন ম্যাডোনার ছবি দেখা ছাড়িয়া দিয়া একবার ঐ কবিতাটি পড়ি। এস আমি আর তুমি ড্যাণ্টের একখানা নৃত্রন (Inferno) ইন্ফার্ণো পাঠ ত্যাগ ক্রিয়া ঐ ছবিটি একবার দেখি—কিন্তু সে বই হারাইয়া গিয়াছে, সে ছবি আঁকা ন্হয় নাই — আর দেখা যাইবে না। ।

'ইহার অর্থ কি ? র্যাফেলের কাব্য, ড্যান্টের ছবির কথা কেন বলিলাম ? অর্থ কি ?

অর্থ এই যে:—, সেই এতক্ষণ যাহা
বিলিয়া আসিতেছিলাম,—সেই শেষ কথাটি,
সেই গৃঢ়তম কথাটি। সে কথা সব সময়ে
বলা যায় না। একবারমাত্র, একদিনমাত্র বলা যায়। রূপরসগন্ধস্পর্শশব্দে চঞ্চল
সংসার, নরনারীর কর্ম্মকাণ্ডে বিক্ষুক্ক সংসার,
—নিগৃঢ়, মৌন ভাবজীবনের এতই বিসংবাদী
যে, সে কথাটি একবারমাত্র বলা সম্ভব।
একদিন দিগস্ত বড় গন্তীর হইয়াছিল,
বর্ষাসিক্ত পৃথিবীতে অপ্সরোরাজ্যের আলো
পড়িয়াছিল, সেইদিন প্রকৃতির কবি বলিয়াছিলেন—

"এমন দিনে ভারে বলা বায়, এমন ঘনঘোর বরষায়।"

একদিন ঘননীল মেবে উদরপথ ঢাকিয়া গিয়াছিল, গগনে মদীকৃষ্ণ এক অতুল গান্তার্য্য অবগাহন করিতেছিল, সেদিন প্রকৃতির কবি বলিয়াছিলেন—

''আজ — '' 'বিজ্ঞান জীবনের যত কথা আছে বচনে পড়িত নীল জলদের ছায় ধ্বনিতে ধ্বনিত আধু উত্তরোল বায়।"

আপনার হৃদয়ের জোরের কথা থাক্, প্রকৃতির কবির কাছে বাহ্যিক প্রকৃতির এতটা আরোজনের পর তবে দে কথাটি বলা যায়। এই শেষ কথাটি তাই অল্ল লোকেই বলিতে পারে। প্রথমত রবার্ট বাউনিংএর ভাষ

শনীর প্রণয়ের উপযোগী হওয়া চাই, তার পরে আশার এলিজাবেণ ব্যারেটের মত কবিকুলের শনী আসিয়া মিলা চাই,—ওঁবেই ° এই "জীবনমরণময় স্থগন্তীর কথা", না, এই অনস্তজীবনময় স্থগন্তীর স্থমধুর কথা ব্যক্ত হইতে পারে।

কবি বলিতেছেন যে, জীবনে একটিবারমাত্র জীবনের সমস্ত কর্মা, সমস্ত অধাবসায় হইতে পৃথক্ করিয়া, একটি নৃতন
স্করে একজনকে মাত্র একটি কথা বলিতে
ইচ্ছা হয়। ঝাফেলের কাব্য, ড্যাণ্টের ছবি
তাহাই। তাঁহাদের প্রতিদিনকার ব্যাবহারিক জীবন ত্যাগ করিয়া একবার তাঁহারা
তাঁহাদের নিগুঢ় মানবজীবনের আস্বাদে
মাতিয়া উঠিয়াছিলেন।

কেন ? ব্যাবহারিক জীবন ত্যাগ করিতে চান্ কেন ? না—বহিঃসংসারে তুমি যতই বড় কাজ কর না কেন-পাহাড় গুঁড়াইয়াই ভাঙ, আর নদীই বহাও-যাহাই কেন কর না—প্রেম কোথায় ? শতসহস্র লোক তোমার কীর্ত্তিমণ্ডপতলে আসিতেছে-যাই-তেছে—তবু সমালোচনা ছাড়িবে না! বাস্ত-বিক অত্ঞীলি লোক একত্ৰ হইয়া কি ভালবাদিতে পারে ? বী হবিক অত গুলি লোককে একত্র করিয়া কি ভালবাসা যায় গ পরিপূর্ণতম মিণনের যে স্থগভীর আনন্দ, শুধু কর্মবীরের জীবনে তাহা কোথায় ? সংসারে কাজ কর, বড় হও, বিরাট হও— মুশার মত দিনাই-শৃঞ্চে দাঁড়াইয়া অত্যুজ্জল জ্যোতির বিভাসবার্ত। জগতে ঘেষিণা কর । এরপেই সাধারণের উপর জ্বলিয়া উঠিতে र्य-पूर्ण तम त्यं काक कतियाहित्सन।

তথাপি মুশা যদি একবার জীবনে ভাল-वानिया थार्कन-रम स्नन्ती यिष्ट्रमोरकहे होक, आत देशिङ भीया मामी कहे होक्-এক বারমাত্র যদি জীবনে ভালবাসিয়া থাকেন. তবে ঐ যে ধীর মৃক উষ্ট্র মরুত্যায় প্রাণ বাঁচাইতে আপনার জন্ম জলভার বুকের কাছে সঞ্চিত রাথিয়াছিল, কিন্তু মরুমধ্যে উপস্থিত হইয়া তৃষাতুরা উদ্ভীর জন্ম হাঁটু ভাঙিয়া বুকটি খুলিয়া জলসঞ্চয় বিসৰ্জ্জন করিতেছে—ঐ উষ্ট্রটির মত হইবার জ্বন্থ মুশা কাতর হইতেন। অতঃপর কবি বলিতেছেন—তবে আমি কি করিব ? আমি এতদিন কবিতার ব্যবসায় করিয়াছি—এখন কি তাহা ছাড়িয়া আর কোন নূতন স্থরে মর্মকথা জানাইব ? না না, যে কদিন জীবন আছে, আর ছবিওঁ আঁকিব না, স্থাপত্যেও মনোনিবেশ করিব না-একটি জীবনে আমার কবিতার বেশী কুলাইবে না। কিন্তু আমার আশা আছে, তুমিও কবি। তুমি কবিতার মর্ম বুঝিবে। আমার নিগৃঢ়, নুতন কথাটি তুমি না বুঝিবে, এমন নছে। দেয়ালে মোটা মোটা ছবি আঁকা যাহার অভ্যাস, সে হয়ত একদিন একটি সুক্ষ কেশতুলিকা চুরি করিয়া তাহার প্রিয়তমার জন্ম একটি স্ক্ষ্ণ চিত্র জাঁকিতে পারে—বড় মোটা পিতলের বাঁশীতে যে স্থূল স্থুর বাজা-ইয়া ফিরে, সে হয় ত একদিন রজতবংশীরকে স্থকোমল স্থুর উদ্বোধিত করিয়া রাজকুমারীর বাতায়নতলে প্রভাতী গান করিতে পারে— আমারও আজিকার কবিতা সেইরূপ আমার অভাভ কবিতঃ হইতে পৃথক্। এতদিন মোটা মোটা স্থারে নানা বেশে নানা চরিত্রে

নানা কথা বলিয়াছি, এবার আমি স্বয়ং রবার্ট বাউনিং বলিতেছি। কথা বেশী কিছুই নহে—"এই বহিখানি তুমি লও, যেখানে আমার প্রাণের চিরনিবাদ, দেখানে আমার কবিকীর্ত্তিও আশ্রম গ্রহণ করুক"—এইমাত্র। এ কথা আর বেশী কি পু তবু এই আমার দব! ইহাতেই দব ব্যক্ত হইবে, কারণ তুমি যে আমাকে জান।

জানার কথায় কবির একটা উপমা মনে উদিত হইল। (কবিতাটি রাত্রে লিখিত रहेमा थाकिरव।) के प्लथ हक्त । हेहानी एक বর্ণতরঙ্গবন্ধর স্ক্রাকাশে —ফিসোলের চক্রকলা ধীরে ভাসিয়া উঠিয়াছিল। আকাশে বহিরা গিয়া স্থানানিয়াটোর উপর পরিপূর্ণ দীপনে জ্বলিয়া উঠিয়াছিল, সাইপ্রেস-কুঞ্জের মধ্য দিয়া গোল হইয়া দেখা দিতেই নাইটিং-গেল্গণ গান করিয়া উঠিয়াছিল—আর আজ এই লণ্ডনের গৃহছাদগুলির উপর দিয়া দেই ইটালীয় চল্কের ভগ্নাংশমাত্র, ক্লপণের অশোভন-মিতব্যয়ত্বত দানের রৌপ্যথণ্ডের স্থায় দৌড়াইয়া যাইতেছে— যেন মরিতে পারিলেই স্থ। এ চক্রে কি দেখিবার কিছুই নাই? অবশ্য আছে। কিন্তু ঐ চন্দ্র যদি একটি মাত্র্যকে ভালবাসিত, তাহা হইলে — একি রূপ ! — এক সম্পূর্ণ নৃতন, চমৎকার রূপে তাহার কাছে আপনাকে প্রকাশ করিত। শিকারী কি মেষপালক, ভক্ত জোরোয়াষ্টার, জ্যোতিষী গ্যালিলিও অথবা কবি কাট্দ্—সেই এণ্ডাইমিয়নের কবি কীট্দ্ও যাহা দেখেন নাই-এমন একটি রহস্তপূর্ণ রূপ সেই প্রণন্নীর চক্ষুগোচর হইত। কি দেখিত! সমুদ্বাহী বরকস্তম্ভ

(Iceberg) যেমন স্রোতে বহিয়া আদিয়া জাহাজের উপর পডিয়া জাহাজ চুরমার করিয়া দেয়, তেমন কোন একটা আবেগ ? না, ভুল্নীল মর্ম্মরবদ্ধ মণ্ডপতল, অনম্ভ রহন্তে পূর্ণ, - যাহা সেই হিক্র ঋষিগণ, याश मूना केश्वरतत পाशास्त्र छेठिया त्विश्वा-ছিলেন—তেমনি একটি কিছু ? কেহ জানে না। কিন্তু এটি স্থির যে, ফ্রোরেন্স্ এবং লণ্ডনে যাহা দেখা যাইতেছে, তাহা হইতে সম্পূর্ণ পৃথক্ আর কিছু দেখা যাইত। ধন্ত ঈশ্বর যে, তোমার ক্ষুদ্রতম প্রাণীরও আত্মার হটি ভাগ আছে—একটি সংসারের জন্ম. একটি তাহার প্রিয়তমা নারীর জন্ম। কর্ম্মের জগৎ, শক্তির বিকাশ ও ক্রীড়ার জগৎ-- এর মূলে যেন অচলপ্রতিষ্ঠ, রহস্তময়, স্থুশীতল প্রেমের জগৎ বর্ত্তমান। ধন্ত ঈশ্বর যে, ক্ষুদ্রতম প্রাণীরও আত্মায় সেই দ্বিবিভক্ত মহিমার স্থাস্ত প্রতিবিদ্ধ পতিত হইতে বিধান করিয়াছ।

কবি বলিভেছেন, এই ত গেল আমার কথা-এখন তোমার কথা ভাবিয়া দেখ। হে আমার কবিমণ্ডলের শশি!-কিন্ত কবিত্ব—দে ত সংসারের দিন্। আমি সংসারে দাঁড়াইয়া সৈণানকার লোকের সঙ্গে ওদিকের প্রশংসা ত করিয়াছিই, কিস্তু--But the best is when I glide from out them, Cross a step or two of dubious twilight Come out on the other side, the novel Silent silver lights and darks undreamed of Where I hush and bless myself with silence. তথনি কৃতার্থ মানি, যথন তাদেরে ত্যজি ধীরে আধ-আধ গে'ধ্লীর ছায়ালোকে চলি' কিছুদুর এনে পড়ি আর পাশে অকস্মাৎ—সেই চহৎকার নীরব, রজতশুল্র স্বপ্নাতীত আলো আর ছায়া! रिया वर्गानित पूर्वि थक्त मानि हूर इरव शांकि।

অতঃপর কবি আনন্দের স্থর পরিপূর্ণতম
 করিয়া একটি উল্লাস দিয়াছেন। যথা:—

সেই ম্যাডোনা-অঁকো রাফেল একটি গ গীত লিথিয়াছিলেন,আমি মাথার মধ্যে তাহাই গাহিতেছি—সেই ইন্ফার্ণোর কবি ড্যাণ্টে একটি পরীর ছবি আঁকিয়াছিলেন—দেথ তাহা আমি বক্ষে ধারণ করিয়া ফিরিতেছি। এইথানেই কবিতাটির সমাপ্তি।

বিবাহ ত সংসারে প্রতিদিনই হইতেছে। বর্বর হইতে আরম্ভ করিয়া ঋষি পর্য্যস্ত সকলেই ত বিবাহ করিতেছে। বিবাহসম্বন্ধে অনেকের অনেকানেক মত ত ভ্রনিয়াছি। হিন্দের বিবাহোদেশ্যের প্রশংসা শতশতমুথে ভনিতে পাইয়াছি, ওদিকে আবার স্থপ্রসিদ্ধ সাহিত্যিকের 'কুটজার্ সনাটা' গ্রন্থও পড়া যার। কিনু সেই বিবাহের—এ কি স্বীকার্য্য नट् रा, विवार अधिकाः भ ऋत्वरे विकृत्, আদর্শের পন্থা হইতে বিচ্যুত এবং বীভৎস ? —সেই বিবাহের উপর মধুর-গভীর আলোপাত করিতে পারি-য়াছে ? জীবনে ও কবিতায় যে মিল, সে অতি বিরশ—'One word more' সেইজ্লাই অন্তত আমার কাছে এত মনোরম—এমন স্থাময়। পাঠকপাঠিকাগণ। সাধ্যাত্মসারে আৰু আপনাদিগকে ব্রাউনিংএর একটি কবিতা উপহার দিতে যত্র পাইলাম। আপনারা ব্রাউনিংএর মর্ম্ম ইহাতে কতদূর

অবগত হইবেন, জানি না, কিন্তু আমি এই কবিতাটিকে বাউনিংএর একটি অত্যাশ্চর্য্য স্থাভাবিক কবিতা বলিয়া অনেকদিন হইল বাছিয়া লইয়াছি। ইহার সঙ্গে এখন সেই 'কবিমগুলের শশী' ব্যারেট ব্রাউনিংএর একটি কবিতা তুলিয়া দিলে আমার প্রবন্ধ পরিপূর্ণ হয় না কি ? এ কবিতাটি কাহার প্রতি লেখা হইয়াছে, সহজেই বুঝা যাইবে:—

How do I love thee? Let me count the ways.

I love thee to the depth and breadth and height

My soul can reach, when feeling out of sight

For the ends of Being and idea! Grace.

I love thee to the level of every day's

Most quiet need by sun ard candle-light.

I love thee freely as menstrive for Right;

I love thee purely as they turn from praise
I love thee with the passion put to use
In my old griefs, and with my chi'dhood's

faith.

I love thee with a love I seemed to lose
With my lost Saints,—I love thee with
the breath

Smiles, tears, all my life! and, if God chrose,

I shall but love thee better after death.

অতঃপর আশা করি, সেই novel silent silver lights and darks সেই কিমৎকার নীরব রঞ্জতগুল আলো আর ছায়।'র মর্ম কিছুকিছু বুঝা বাইবে।

শ্রীসতীশচন্দ্র রায়।

প্রস্থ-সমালোচনা।

-

ক্ষুদিরাম। গাল-গল্প। ভগ্নাংশ। শ্রীইক্রনাথ বন্দ্যোপাধ্যায় বিরচিত।

এই পুস্তকের প্রথম পাতায় বরক্ষচির কাতর প্রাথনা উদ্বত হইয়াছে—

> ইতরতাপশতানি যথেচ্ছয়া বিতর তানি সহে চতুরানন। অরসিকেবু রসস্তা নিবেদনং শিরসি মা লিথ মা লিথ।

কিন্ত বিধাতা কি সকল প্রার্থনা মঞ্ব করেন ? ইক্রবাব্র প্রার্থনাও দেখিতেছি মঞ্ব হয় নাই; নতুবা এই পুস্তক সমালো-চনার জন্ত আমাদের হাতে আসিয়া পড়িবে কেন ?

পুস্তকের নামকরণেই দেখিলাম, একে গাল গল্প, তার আবার ভগাংশ। ভগাংশ দেখিয়াই প্রাণটা ছাঁৎ করিয়া উঠিল। মনে পড়ে, বছকাল হইল,এমন একদিন গিয়াছে, যথন ভয়াংশের নামে হংকম্প উপস্থিত হইত—কত ছেলে মিথ্যা ওজর করিয়া মাষ্টারকে ফাঁকি দিয়া কালেজ হইতে পলাইত। এতকাল পরে, এই বুদ্ধবয়সে, আবার—সেই ভয়াংশ! মনে হইল—হা ভগবান, আবার এ কি করিলে!

শুধু কি তাই ? আর এক বিজ্পনার কথা বলি। ইন্দ্রনাথবাবু রসজ্ঞ; তাই বৃঝি এই গাল-গল্পের ভগ্নাংশ আমাদিগকে ভগ্নাংশ-রূপেই দিয়াছেন; অর্থাৎ আমরা যে পুস্তক-থানি সমালোচনার জন্ম পাইয়াছি, তাহার মলাটের আধ্থানা নাই। অথচ, সমালোচা পুত্তকের মূল্যের উল্লেখ করা 'বঙ্গদর্শনের' প্রথম আমল হইতেই চলিত হইয়াছে। এখন ইহাকে সনাতন প্রথা বলিলেও চলে। কিন্তু, উপরি-উক্ত কারণে আমরা পুত্তকের মূল্য লিথিয়া দিতে পারিলাম না। ইন্দ্রনাথবাবু রসজ্ঞই হউন, আর যাহাই হউন, আমাদি-গকে এরপ বিপদে ফেলিবার তাঁহার অধি-কার কি ?

এক শ্রেণীর স্থক চিগ্রস্ত নীতিবীর আছে, যাহারা হাশুরসটাকে পৃথিবী হইতে নির্বা-সিত করিতে ইচ্ছা করে। তাহাদের পার-ত্রিক মঙ্গলের জন্ম ভগবানের নিকট প্রার্থনা করিয়া আমরা শাম্ফোর্টের সহিত বলিতে প্রস্তুত আছি যে, মানুষের সেই দিনই সর্বা-পেকা বুথা নষ্ট হয়, যে দিন মানুষ হাসে না। অনেকসময় দেখা গিয়াছে যে, সামাজিক ব্যাপারে তর্কযুক্তি অপেকা উপহাসই কার্য্য-কর হইয়াছে—দৃষ্টান্ত, জুবেনাল; দৃষ্টান্ত, ভল্তেয়ার। বিশেষত,হাস্তরসটা মানুষেরই নিজস্ব জিনিষ। নিুমুতর জীবেও বিচার-শক্তির অন্তিবের পরিচয় পাওয়া যায়, কিন্ত হাস্তরদের অন্তিত্ব আছে কি না,তাহা আজিও সন্দেহের স্থল। এমন জিনিষের যাহারা বিরোধী, তাহাদিগকে অনায়াদেই অমানুষ বলা যাইতে পারে।

কিন্ত সূকল বিষয়েরই একটা সীমা আছে। ইংলভের রাজা প্রথম জেম্স্ যে বাক্য-রসিক দেখিয়া ধর্মধাজক নিযুক্ত করি- তেন, তাহু অবশুই বাড়াবাড়ি। আর ইন্দ্রনাথবাব যে 'কমলিনীকে' লইয়া এত কারথানা করিয়াছেন, তাহাও বাড়াবাড়ি। সমালোচকের আদন যথন গ্রহণ করিয়াছি, তথন দাদাঠাকুরকেও উপদেশ দিব।

প্রথম উপদেশ। কমলিনীকে লইয়া

এত টানাটানি কেন ? স্থকচির হিসাবেই

ইউক, আর গ্রন্থকারের বয়সের হিসাবেই

ইউক, কাজটা যে নিতান্ত অসক্ষত, অবিধেয়,
কুক্রচিপূর্ণ, রসশূন্ত, বাতিল ও নামজুর, তৎপক্ষে কাহারও কোন সন্দেহ থাকিতে পারে
না। তবে ইন্তনাথবাবুর পক্ষে একটা
আখাসের কথা আছে কমলিনী যথন
স্থাশিক্ষতা ও স্থসভা, তথন স্ত্রীজাতির চিরপ্রচলিত আয়ধ্—ষাহা গৃহকার্যো নিত্য ব্যব
ক্ত হয়—তাহা যে এ ক্ষেত্রে ব্যবহৃত হইবে
না, ইহা একরপ নিশ্চয়।

দিতীয় উপদেশ।—ইক্রবাবু অনেকদিন মাতৃভাষার দেবা করিতেছেন। তাঁহার 'কল্পতরু' ও 'ভারতোদ্ধার' মাতৃভাষার গৌরবের স্থল। আজ যদি তিনি কোথাকার এক ভগ্গাংশ আনিয়া মাতার পাদপদ্মে পুপাঞ্জলিরপে অর্পন কত্ত্রুন, তাহা হইলে আমাদিগকে বলিতেই হইবে যে, তিনি সেবাপরাধে অপরাধী। এই পাবের প্রায়-শিচত্ত তিনি সত্ত্র করেন, ইহাই আমাদের বাঞ্ছা—অর্থাৎ, ক্লুদিরামকে সম্পূর্ণ করিয়া সত্তর বাহির কর্মন। যদি না করেন, তাহা হইলে মাতৃভ্মির অভিসম্পাত ত, আছেই; তন্ত্যতীত আমাদের গালিগালাজ— এবন তোলা রহিল, কিন্তু পরে বর্ষিত হইবে। আমারা অপেকা করিয়া রহিলাম। •

ধর্মজীবন । শীক্তানানন্দ রায় চতুধুরীণ প্রণীত। পুস্তকের মূল্য লেখা নাই, তাহাতেই বোধ হয় যে, ইহা বিক্রয়ের জন্ত নহে। আমরা অবগত হইয়াছি যে, ইহা প্রতের লিখিত পিতার জীবন-কাহিনী। এরপ স্থলে সমালোচনা অকর্ত্তব্য মনে করি। তবে এ কথা বলিতে পারি যে, নিপ্তাবান্ হিন্দুর হিসাবে এই জীবন ধর্মজীবন বটে। উৎসর্গ-পত্রে লিখিত হইয়াছে—"একজন আদর্শ হিন্দুর ধর্মজীবন এই ক্ষুদ্র পুস্তকে বিবৃত হইয়াছে। হিন্দুমাত্রেরই ইহা পঠনীয় বিবেচনা করি; স্থতরাং হিন্দুর নামে ইহা উৎসর্গ করিলাম।" গাঁহাদিগকে ইহা উৎসর্গ করা হইয়াছে, তাঁহাদিগের নিকট যে ইহা আদর পাইবে, সে বিষয়ে সন্দেহ হয় না।

মানব-চরিত্র। সংক্ষিপ্ত সংস্করণ। শ্রীঅবিনাশচন্দ্র বস্থ প্রণীত। মৃল্য॥ আট আনা।

ভূমিকায় প্রকাশ, ছাত্রগণের নীতিশিক্ষার সহায়তা করিবার জন্ম এই পুস্তক প্রকাশিত হইরাছে। স্মাইল্স্ সাহেবের প্রণীত "Character"নামক পুস্তকের আদর্শাবলম্বনে গ্রন্থকার একথানি বৃহত্তর গ্রন্থ রচনা করিয়াছেন। এথানি তাহারই সংক্ষিপ্ত সংস্করণ।

এই পুতৃকথানি পড়িয়া বিশেষ প্রীতিলাভ করিয়াছি। প্রবন্ধগুলি বৈ কেবল
ছাত্রদিগেরই উপযোগী, এরপ নহে; সাধারণ পাঠকের পক্ষেও উপাদেয়। ভাবনিচয়
গাস্তীগ্যযুক্ত এবং বিশেষরূপে লোকশিক্ষার
উপযোগী। স্থদেশীয় এবং বিদেশীয় যে
সকল মহাজনদিগের দৃষ্টাস্ত ও বাক্য সল্লিবিষ্ট হইয়াছে, তাহাও মনোজ্ঞ হইয়াছে।

বিভালয়ের ছাত্রদিগের পাঠ্যরূপে এই পুত্তক
নির্বাচিত হইলে যে খুবই ভাল হয়, তৎপক্ষে
কিছুমাত্র সন্দেহ নাই। তবে, ঘাঁহারা বিভালয়ের পাঠ্যপুত্তক-নির্বাচনের কর্ত্তা, তাঁহারা
—যাক্, সে পাপ কথায় আর কাজ নাই।

তাই বলিয়া, এই পুস্তকের যে কোন দোষ নাই, এমন নহে। প্রথমেই, এই গ্রন্থের নাম 'মানব-চরিত্র' হইল কেন ? স্মাইল্স-সাহেব যে তাঁহার গ্রন্থের নাম 'Character' দিয়াছেন, তাহা ঠিকই হইয়াছে। Character বলিলে যাহা বুঝায়, 'মানব-চরিত্র' বলিলে তাহা বুঝায় না। 'মানব-চরিত্র' বলিলে তাহা বুঝায় না। 'মানব-চরিত্র' বলিলে বুঝায় Human Nature বা Human Characteristics, কিন্তু তাহা ত এই পুস্তকের বিষয়ীভূত্ নহে। তার পর, ছাত্রদিগের জন্ম লিখিত গ্রন্থে শাস্ত্র ও সংহিতা হইতে শ্লোক উদ্ভ করা কেন ? ইহাতে নিজের বিষ্যাপ্রকাশ হয় বটে, কিন্তু ছাত্র-দিগের যে কি উপকার হইতে পারে, তাহা জগদীখর জানেন।

হই-একটা ভ্লও আছে। তাহা যদিও
মারাত্মক নহে, কিন্তু ছাত্রদিগের জ্বন্ত
লিখিত পুস্তকে কোনপ্রকার ভ্লই থাকা
উচিত নহে। নেপোলিয়নের সম্বন্ধে একস্থলে লিখিত হইয়াছে,—"তিনি বলিতেন,
'অসম্ভব' এই কথা কেবল নির্বোধগণের
অভিধানেই প্রাপ্ত হওয়া যায়।" 'বলিতেন'
ত দ্রের কথা, এমন কথা, নেপোলিয়ন
কখন বলেন নাই। বিশেষ একটি ছ্রহকার্যোপলক্ষে অধীনস্থ লোকদিগকে উৎসাহিত করিবার জন্ম তিনি বলিয়াভিলেন
৻য়, 'অসম্ভব'কথাটা ফরাণা নহে। এই

বাক্যে এবং অবিনাশবাব্র লিখিত বাক্যে বিস্তর প্রভেদ।

কোন কোন স্থলে গ্রন্থকার উপযোগিতার দিকে দৃষ্টি রাখিতে পারেন নাই স্থলে লিখিত হইয়াছে—"অশ্বারোহণ, নৌ-চালনা, ক্রিকেট, জিম্নাষ্টিক প্রভৃতি সর্বাঙ্গ-সঞ্চালন ও মানসিক প্রফুল্লতা বিকাশো-ব্যায়ামে দিবদের অপরাহ্রদময়ে নিয়মিতরূপে রত থাক। উচিত।" পুস্তকথানি কি ইংরেজ ছাত্রের জন্ম, না বাঙ্গালী ছাত্রের জ্ঞা লিখিত ১ দরিদ্র বাঙালী ছাত্র কোথা হইতে অশ্ব, নৌকা ও ক্রিকেটের সরঞ্জামের শংস্থান করিবে <u>৪</u> স্মাইল্স্ সাহেবের পুস্তকে অবশ্রই এইরূপ থাকিবে: এবং অবিনাশ-বাবু 'যথা দুষ্ঠং তথা লিখিতং' করিয়া কাজটা দারিয়াছেন। তিনি মনে করেন নাই त्य, देश्लाख यादा मभीहीन छेशालम, तक्राताम তাহা পাগলের প্রলাপ হইতে পারে।

এই পুস্তকের ভাষাসম্বন্ধেও কিছু বক্তব্যু
আছে। ছাত্রদিগের জন্ম লিখিত পুস্তকের
ভাষা আরও সরল হইলে ভাল হইত।
কিন্তু এই কারণে অবিনাশ্বাবুকে বড়
দোষ দেওয়া যায়ু না; কেন না, ভাষার
অধিকতর সারলা সম্পাদন করিতে হইলে
বোধ হয় 'ভাব গান্ডীর্যোর' অপচয় ঘটিত।
এতদ্বাতীত, গ্রন্থকার স্থলে স্থলে যেন অভ্যস্ত
শব্দের স্রোতে ভাসিয়া গিয়াছেন, ভাবের
দিকে লক্ষ্য রাখিতে পারেন নাই; অর্থাৎ,
সেই সেই স্থলে শব্দপরম্পরা শব্দরাশিমাত্র,
ভাবভোতক নহে। "উত্মবিহীন অধ্যবসায়"—জিনিষটা কি, ব্বিতে পারিলাম
না। আর এক স্থলে—"প্রত্যুপক্তে ব্যক্তিও

উপক্ষতের ক্বতজ্ঞতা ও সম্ভাবে লোকাতীত আনন্দরণী ভাসমান হন।" যাহা লোকাতীত, তাহা লোকের আয়ত্ত হইতে পারে 'কেমন করিয়া ?—'ভাসমান' হওয়া ত পরের কথা। ইহা যেন সম্প্রদায়বিশেষের পেশাদারি বক্তার বাঁধা বুলির পুনরার্ত্তি, নিজের মনের ভাকের অভিব্যক্তি নহে। ইহা সর্বাথা পরিহার্যা।

প্রথমে বাহা বলিয়াছি, শেষেও তাহা বলিতেছি—পুস্তকখানি বিভালয়ের পঠে। হইবার বিশেষ উপযোগী। উল্লিখিত ক্রটি-গুলি সংশোধিত হইলে ইহা সর্কাসম্বন্দর হইবে।

সঙ্গিনী। শীপ্রমাপ্সরী খোষ প্রণীত। মূল্য একটাকা মাত্র।

এথানি গীতি-কবিতার পুস্তক। পুস্তক-থানি পড়িয়া বড়ই প্রীত হইলাম। এই সকল কবিতার প্রধান গুণ—কোমলতা, সরলতা, আস্তরিকতা ও উন্মুক্ত সহৃদয়তা। পুস্তকের মলাটে রচয়িত্রীর নাম লেখা না থাকিলেও আমরা ব্ঝিতে পারিতাম যে, ইহা স্কালোকের—বঙ্গীয় হিন্দুললনার—লেখা। কবিতার নৃতন্ত্ব নাই থাক্, মনোহারিত আছে। কবিতার কিরদংশ উদ্ভূত করিতেছি—

"লালদার জ্বালাহীন
নিশ্মল নিজাম,
প্রেম আত্মশুদ্ধি, তৃপ্তি,
চিত্তের বিশ্রাম।
ভালবাদা নাদনার
নহে উদ্বোধন;
শুধু আত্মবলিদান,
শুধু বি জ্বেনু।"

ভাব অতি স্থন্দর; কিন্তু নৃত্ন নহে।

বলিরার ভঙ্গীও স্থন্দর; কিন্তু তাহাও নৃতন
নহে। এ কথা বলায় গ্রন্থকর্ত্রীর হঃখিত
হইবার কোন কারণ নাই, কেন না,
পৃথিবীতে কয়টা ভাব নৃতন পাওয়া যায় ?
এই কবিতাপুস্তকে আগাগোড়া কেমন-

এই কবিতাপুস্তকে আগাগোড়া কেমন-একটা অতৃপ্তি, বিষাদ, কাতরতা ও নৈরা-শুের স্রোত অন্তঃসলিলরূপে প্রবাহিত আছে, যাহা বান্তবিকই মশ্বস্পর্নী। ভরসা করা যাউক যে, ইহা কল্পনাস্তু, হৃদয়সস্ভূত নহে।

ছঃথের সহিত একটা কথা বলিতে হই-তেছে। এই পুস্তকে এমন ছই-চারিটা কবিতা দেখিলাম, যাহা এই পুস্তকের অন্তনিবিষ্ট না করিলেই বোধ হয় ভাল হইত।
সেগুলি বাদ দিলে পুস্তকের উপাদেয়তা
বাড়িত বৈ কমিত না।

त्रम्भक्तां मृना √० इहे व्याना। গ্রন্থক।রের নাম প্রকাশ নাই। কিন্তু-"হা ঈশ্বর!—অঞ্বতা মানে নাবারণ।" ইহাতেই বুঝিলাম যে, গ্রন্থকার অল্পবয়স্ক। দেইজন্তই বোধ হয় এই কবিতাপুস্তকে স্থানে স্থানে সংথমের অভাব পরিলক্ষিত হয়। তথাপি, এই নবীন কবিতা-লেথকের শব্দযোজনায় নিপুণতা আছে, ভাবে বেগ আছে, উচ্ছ্যাদে সরসতা ও অক্কৃত্রিম ব্যগ্রতা আছে। কিন্তু ইহার পরিণাম কি ? হাঁয়! আমাদের নৃতন যৌবনের স্বদেশপ্রীতি কেবলমাত্র ভুজুগে ও বাক্যস্তুপে না হইয়া যদি আমাদিগকে কর্মশীল করিতে পারিত! এই মহা-প্রণোদনে আমরা যদি বাকাবাগীশ-মাত্র না হইরা ব্রতধারী হইতে পারিতাম,তাহা হইলে কত না স্থাের বিষয় হইত-কত না আশার স্থল হইত! কিন্তু এ অরণ্যে রোদন

র্থা। সে যাহা হউক, এই কবিতা-পুস্তকের শেষাংশে মাতৃদযোধনটি আমাদের দর্বাপেক্ষা ভাল লাগিয়াছে। একটু উদ্ধৃত করি—

"কিরণে শিশিরে কুহ্মে ধাতো তর্জনি,
আরি মা ভরণি, অমৃতন্তনি ধরণি,
ত্রিজুবন মনোহারিণি,
আরি হরধুনী-ধারিণি,
শোভন-শান্ত-উজ্জল শ্রাম-ভূষণা,
গগন-প্রান্তে লুঠিত নীল-বসনা,—
নমো নমে। মম জননি।"

বৃদ্ধিমবাবুর ও সত্যেক্ত্রনাথবাবুর তুইটি কবিতার আভাস ও প্রতিধ্বনি ইহাতে থাকি-লেও,এই মাতৃসংখাধন স্থলর হইয়াছে। নবীন কবিকে সর্ব্বাস্তঃকরণে আশীর্বাদ করিতেছি।

(প্রমলতা। দামাজিক উপস্থাদ। ক্ষেহলতা-রচন্দ্রিতী প্রণীত। মূল্য সাংপীচ্সিকা।

এই উপস্থাসথানি বোধ করি ভক্তিমূলক
ধর্মের মাহাত্ম্য কীর্ত্তনের জ্ঞাই লিখিত হইয়াছে। যাঁহারা ভক্তিকেই মৃক্তির উপার
এবং আম্পদ বলিয়া মনে করেন, তাঁহারা
যে এই উপস্থাসে তাঁহাদের উপজীবা অনেক
উপকরণ পাইবেন, তাহাতে সন্দেহ নাই।
কিন্তু যাঁহার! উপস্থাসেও কাবোর সৌন্ধ্য
প্রত্যাশা করেন, তাঁহারা যে সর্কাংশে প্রীতিলাভ করিবেন না, তাহাতেও সন্দেহ নাই।

স্ত্রীলোকের জন্মই হিন্দুর সংসার কেমন করিয়া ছারথার হইয়া বায়, আবার স্ত্রীলো কের জন্মই হিন্দু-সংসারের শৃত্যলা ও শাস্তি কেমন করিয়া স্থরক্ষিত হয়, তাহা এই উপ-ক্যানে অভি স্থলরভাবে চিত্রিত হইয়াছে।

এই পুস্তকের প্রধান দোষ, ভক্তি-মাহাত্ম্য-কীর্তনের জন্ম অযথা আগ্রহ এবং

অসংযত চেষ্টা। ভক্তি-মাহাত্ম্য-কীর্ত্তন ব मन जिनिष, এमन कथा विवारि ना: कि इ जिल्ह माराजा-की र्ततत जगरे रहेक, অথব্য অক্স যে কোন মহৎ উদ্দেশ্য সাধনের জ্মত হউক, ঘাহা অসমত, যাহা অসম্ভাবিত, অবতারণা যে সাহিত্যদৌলর্য্যের शनिष्मनक, हेश विवादिहें इहेरव। এहे উপস্থানি যেমন হইয়াছে তাহাতেই ইহা বন্ধায় উপত্যাদের মধ্যে অতি উচ্চ স্থান পাইবার যোগ্য। উল্লিখত সংযমাভাব না ঘটিলে, ইহা সর্কাঙ্গস্থন্দর ও অনিন্দনীয় **ट्टेंड। मृक्षेश्व लट्या (मथा याउँक। (श्रम-**লতাই এই উপন্তাসের মুখ্য চরিত্র; তিনিই নায়িকা, তাঁহার নামেই পুস্তকের নামকরণ হইয়াছে। এই প্রেমলতা, পুস্তকের পূর্ব-ভাগে দঙ্গত ও স্বাভাবিক ভাবেই চিত্রিত হইয়াছেন, কিন্তু শেষাংশে তিনি আর মাতুষ নাই, রূপকে পরিণত হইয়াছেন, অর্থাৎ দশ-রীরী ভক্তি হইয়া দাঁড়াইয়াছেন। তদ্বাতীত. প্রেমলতার ভক্তিমাহাত্ম্য সম্ভবাতিরিক্ত ও অতুলনীয় হইলেও, সমাজনীতি ও সামাজিক আদর্শের হিসাবে 'বড় বউ'কে আমরা উচ্চ-তর ও স্থানরতর চরিত্র মনে কার। লতার জীবন প্রণালীর কেহ অমুকরণ করিবে ना-- जारा मछवड नरह, वाञ्चनीग्रड नरहा। কিন্তু যে কোন গৃহিনা বড় বউয়ের আদর্শের অমুদরণ করিতে পারে, এবং করিলে যে সংসারের স্থৰ, শাস্তি, পবিত্রতা বৃদ্ধি হয়. তাহাতে विनूমाত मन्त्र नाहे। পুস্তক-থানি গৃহে গৃহে পঠিত হইবার উপযুক্ত।

ত্রীচন্দ্রশেখর মুখোপাধ্যায়।



নববর্ষের গান।

হে ভারত, আজি নবীন বর্ষে
তন এ কবির গান !—
তোমার চরণে নবীন হর্ষে
এনেছি পুজার দান !
এনেছি মোদের দেহের শক্তি,
এনেছি মোদের মনের ভক্তি,
এনেছি মোদের ধর্ম্মের মতি,
এনেছি মোদের প্রোণ !
এনেছি মোদের শ্রেষ্ঠ অর্যা
তোমারে করিতে দান !

কাঞ্চন-থালি নাহি আমাদের,

সর নাহিক জুটে !

যা আছে মোদের এনেছি সাজায়ে

নবীন পর্ণপুটে ।

সমারোহে আজ নাই প্রয়োজন,

দীনের এ পূজা, দীন আয়োজন,

চিরদারিদ্র্য করিব মোচন

চঁরণের ধূলা লুটে !

স্থর-ছুল ভ ভোমার প্রসাদ

লইব পর্ণপুটে !

রাজা ভূমি নহ, হে মহাতাপদ,
ভূমিই প্রাণের প্রিয় !
ভিক্ষাভূষণ ফেলিয়া পরিব
ভোমারি উত্তরীয় ।
দৈনোর মাঝে আছে তব ধন,
মৌনের মাঝে রয়েছে গোপন
ভোমার মন্ত্র অগ্নিবচন
ভাই আমাদের দিয়ো ।
পরের সজ্জা ফেলিয়া পরিব
ভোমার উত্তরীয় !

দাও আমাদের অভয়মন্ত্র,
অশোকমন্ত্র তব!

দাও আমাদের অমৃতমন্ত্র,

দাও গো জীবন নব!

্যে জীবন ছিল তব তপোবনে,

যে জীবন ছিল তব রাজাদনে,

মৃক্ত দীপ্ত সে মহাজীবনে

চিত্ত ভরিয়া লব!

মৃত্যুভরণ শক্ষাহ্রণ

দাও সে মন্ত্র তব!

গৌড়ের পূর্বকাহিনী।

গৌড়ীয় হিন্দুসামাজ্যের ধারাবাহিক ইতিহাস
সৃষ্কলিত হইবার সম্ভাবনা নাই। পুরাকালে
সামাজ্যবিশেষের ধারাবাহিক ইতিহাস
লিখিত হইত বলিয়া প্রমাণ প্রাপ্ত হওয়।
যায় না। ভজ্জা প্রধান প্রধান ঐতিহাসিক
ঘটনাও মুথে মুথে রূপা স্থরিত হইয়া কাহিনীমাত্র পরিণত হইয়াছে। সে কাহিনীর

কোন্ কথা সত্যা, কোন্ কথা কল্পনা-প্রস্তা,—তাহার তথ্যনির্গির করা কঠিন হইয়া উঠিয়াছে।

নোভাগ্যক্রমে কতকগুলি পুরাতন শিলালিপি ও তামশাসন আবিষ্কৃত ২ইয়া গৌড়ীয় হিন্দুসামাজ্যের অভিত্যের সাক্ষ্যদান করায়, ঐতিহাসিক তথ্যামুসন্ধানের জ্বস্থ

নানারপ আয়োজন আরন হইয়াছে। কিন্তু তাহাতে 🗣 অভিপুরাতন বিলুপ্ত বিবরণ मङ्गील इहेवात मञ्जावना नाहे। ज्याप्ति धहे সকল প্রশন্তি সমালোচনা করিয়া, জনসমা-শিকা-দীকা ও আচার-ব্যবহারের অনেক পুরাতত্ত্ব সংগ্রহ করা সম্ভব বলিয়া একালের द्यांथ इम्र। ন্তা য সেকালে আচার-ব্যবহার ও শাসনপ্রণালী এত থর-বেগে পরিবর্ত্তিত হইত না। রাজা বা রাজ-বংশের পরিবর্ত্তনের সঙ্গে লোকব্যবহার ও শাসনপ্রণালী পরিবর্ত্তিত হইবার প্রয়োজন উপস্থিত হইত না। কেবল ধর্মমতের পরি-বর্ত্তনে সময়ে সময়ে কর্মাকাণ্ডের পরিবর্ত্তন ও তদমুরূপ লোকবাবহারের পার্থকা প্রচ-লিত হইত; কিন্তু তাহাতে জনসাধারণের মূল প্রকৃতি সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত বলিয়া বোধ হয় না।

বৈদিক মতের প্রাধান্ত প্রতিষ্ঠিত থাকিবার সময়ে আর্য্যোপনিবেশের দিয়াওল
নিয়ত ষজ্ঞপুমে সমাজ্জর ও মন্ত্রনিনাদে প্রতিধ্বনিত হইত। বেদমন্ত্রের আর্ত্তি ও অর্থবাধের ক্ষন্ত অধ্যয়ন ও অধ্যাপনা সমাদর
লাভ করিত,। জনসমাজ বিধা বিভক্ত হইয়া
কেহ জ্ঞানালোচনায় ক্ষ্রে বা শিল্পালোচনায়
ভারতবর্ধের গৌরববর্দ্ধন করিত। কালজনেম
শাক্যসিংহপ্রবৃত্তিত বৌদ্ধমত প্রবল হইয়া
চৈত্য, বিহার ও সংখারাম প্রতিষ্ঠিত করিয়াছিল; কিন্তু তথনও অধ্যয়ন, অধ্যাপনা,
জ্ঞান ও শিল্পালোচনা পুর্ক্রিবং প্রচলিত ছিল।

জানালোচনাই ভারতীয় আর্থ্যসমাজের প্রকৃতিগত অভিজ্ঞান;—তাহা সকল মুগেই সমভাবে অভিব্যক্ত ছিল। সে জ্ঞানণিপাসা

জানিয়া তৃপ্তিলাভ করিত না ; আরও জানি-বার জ্বপ্ত তত্ত্বজ্ঞিলা করিত। জ্বনসমাজ কেবল অর্থাহরণে অন্যাকর্মা হইয়া আধুনিক ইহদর্বস্ব সভ্যদমাজের ভায় পৃথিবীর ধূলা-মাটির কলহকোলাহলে আত্মবিশ্বত হইত না। লোকোত্তর-স্কাতিকামনায় জ্ঞানের সঙ্গে শ্রদ্ধা, শক্তির সঙ্গে ক্ষমা, সম্ভোগের সঙ্গে সংযম, আসক্তির সঙ্গে বৈরাগ্য অভ্যাস করিয়া শিক্ষাদীকার স্ক্রাতিস্ক্র বিধি-নিষেধের অবভারণায় জীবনগত পুণ্যপিপা-সার পরিচয় প্রদান করিত। স্থতরাং ধর্ম-মতের পরিবর্ত্তন ও কর্মকাণ্ডের পার্থক্যের মধ্যেও প্রকৃতিগত পুণ্যপিপাসা সমভাবে প্রভাব বিস্থার করিত। কি বৈদিকমত, কি বৌদ্ধমত, – দকল মতের মধ্যেই জ্ঞান ও কর্মের প্রকৃষ্ট অনুশীলনে লোকোত্তর সদাতি-লাভকামনাই পরিফুট।

রাজবিধি ও শাসনপ্রণালী এই মূলপ্রক্রতি অক্ষ্ম রাথিয়া লোকশাসনে অগ্রসর

ইইত। স্থতরাং রাজা বা রাজবংশের পরিবর্ত্তনের সঙ্গে জনসাধারণের মূলপ্রকৃতি পরিবর্ত্তিত ইইত না। যে আদর্শ অতিপুরাকালে
ভারতীয় আর্য্যসমাজকে পরিচালিত করিত,
সেই আদর্শই নানা শাস্ত্রে, নানা ধর্মে, নানা
কর্ম্মে প্রঃপুন অমুস্ত ইইয়া আসিয়াছে।
বাহ্ররপে পার্থক্য স্থচিত ইইলেও, প্রক্রতপ্রস্তাবে লোকব্যবহারের মূলপ্রক্কৃতিতে
বিশেষ পার্থক্য প্রবেশ করিতে পারে নাই।

যাহা ইতিহাস নহে, তাহাকে ইতিহাস বলিয়া গ্রহণ করিয়া পাশ্চাত্য পণ্ডিতমণ্ডলী ভারতীয় পুরাতত্ত্বের অনেক অপসিদ্ধান্ত প্রচারিত করিয়াছেন। তক্ষম্ভ অনেক ঐতি- হাসিক মত ও বাদাস্থাদ প্রচলিত হইয়া
পড়িয়াছে। কাহারও মতে ভারতীয় আর্থাসভাতা পুরাতন হইলেও তিনসহস্র বংনরের অধিক পুরাতন বলিয়া স্পর্কা। করিতে
অক্ষম! কাহারও মতে আবার ভারতীয়
শিক্ষাদীক্ষা ছিসহস্র বংসরের পূর্ববর্ত্তী
গ্রীকরাজ্যের আদর্শেই সমুন্নত! কোন্ পুরাকালে ভারতীয় জ্ঞানালোক দিগ্দিগন্তে
বিকীণ হইয়াছিল, তাহা নির্ণয় করা অসভব। কিন্তু কোন্ পুরাকালে গ্রীস্ ও
ভারতবর্ষ প্রথমে সাক্ষাৎসন্থকে পরস্পারকে
অবগত হইয়াছিল, তাহা নির্ণয় করা অসভ্যব

গ্রীকসাথাজ্যস্ত্রপাতের সমগ্ন হইতেই তদ্দেশবাসিগণ ভারতীয় পণ্যদ্রব্যের সমাদর করিতে শিক্ষা করিয়াছিল। কিন্তু ভারত-বর্ষ কোথায়, তাহা নির্ণন্ন করিতে অশক্ত হইয়া গ্রীকসাহিত্যদেবকগণ তাহাকে প্রাচ্য "ইথিওপিয়া" নামে অভিহিত করিয়াই নিরস্ত হইয়াছিলেন। গ্রীকসাহিত্যে তৎস্বদ্ধে কত অলোকিক জনশ্রতি সন্নিবিষ্ট হইয়াছিল, অমরকবি হোমারের মহাকাব্যে তাহার কিছু কিছু পরিচয় প্রাপ্ত হওয়া যায়।

পারস্যাধিপতির সহিত গ্রীকরাজ্যের সংঘর্ষ, সংঘর্ষ, সংঘটিত হইবার পর হইতেই প্রাচ্য ও প্রতীচ্য রাজ্যের মধ্যে পরিচয়লাভের স্ত্রপাত হয়। তৎপূর্ব্বে গ্রীকজাতি প্রাচ্যতত্ত্ব-নির্ণরে আগ্রহপ্রকাশ করে নাই। কেহ কেহ বলেন, গর্কান্ধ গ্রীকজাতি সমগ্র প্রাচ্য-রাজ্যকে নিরক্ষর বর্ষরজাতির আবাস বলিয়া অবজ্ঞাবশতই তত্ত্বাস্থ্যন্ধানে আগ্রহ-প্রকাশ করিতেন না। এই অনুমান একে-

বারে অসম্ভব বলিয়া বোধ হয় না। সেকালে **नकंन (नर्भेह ऋत्म्य ভिन्न नम**्र ভূমগুল বলিয়া বিবেচিত অসন্যজনপদ আমরা থাহাদিগকে অবজ্ঞাবশত অনার্যা **ন্নেচ্ছ শব্দে অভিহিত** করিয়া সর্ব্ধপ্রযম্ভে তৎসহবাদ পরিহার করিতাম, তাহারাও হয় ত আমাদের সম্বন্ধে তুল্যরূপ ধারণা পোষণ করিত। গ্রীক ইতিহাদলেথক হেকাটেয়দ ও হেরোদোতদের গ্রন্থে ভারতদীমাদংলগ্ন সিন্ধুনদ ও তত্তটান্তশায়ী মরু-মরীচিকার উল্লেখ আছে। কিন্তু প্রকৃতপক্ষে িসীয়-দের গ্রন্থই গ্রীকভাষার দর্বপ্রথম ভারত-বিবরণবিষয়ক প্রসিদ্ধ পুস্তক। টিদীয়দ পারস্থাধিপতি আর্টাজরাক্ষির চিকিৎসকরূপে পারসিক রাজ্যে অবস্থান করিয়া, জন-শ্রতিমাত্র অবলম্বনে গ্রন্থরচনা তাহাতে ভারতবিবরণের প্রাচুর্য্য না থাকি-লেও, ভারতবর্ষ যে পারসিকরাজ্যসীমা-বান্তব রাজ্য, তাহা গ্রীকজাতি অবগত হইয়াছিলেন। অতঃপর প্রবল প্রতাপশালী দিগিজয়ী শেক ন্দর শাহ পারসিক রাজ্য পরাজয় করিয়া সিন্ধৃতীরে গ্ৰীক ইতিহাদ-সেনাসমাবেশ করেন। লেথকগণ এই ঘটনা খৃষ্টপূর্ব্ব ৩২১ অব্দের সমকালবভী বলিয়া বর্ণনা করিয়া গিয়া-ছেন। পাশ্চাত্য পণ্ডিতমণ্ডলী ইহাকেই গ্রীক ও হিন্দুর প্রথম সন্মিলনকাল বলিয়া নির্দেশ করিয়া থাকেন। এই ক্ষণ-সন্মিলন কেবল যুদ্ধকোলাহলেই অতিবাহিত হয়। শেকলর মাদেশাভিমুথে প্রত্যাবর্ত্তনকালে व्याविनन-नशरत मानवनीना मःवत्रव कत्राम, সিন্ধৃতীরে পুনরায় হিন্দুপতাকা উড্ডীন

হইয়াছিল। শেকনরের সেনানায়কগণ ভারতবর্ষেত্র উত্তরপশ্চিমে তিনশত বৎসর কমেকটি কুদরাজ্যে ক্ষমতাবিস্তার করিবার পর এসিয়াথণ্ড হইতে গ্রীকসংস্রব পুনরায় विनुष्ठ इरेश शिशा हिन। এই ऋग्छाशी কুদ্রাজ্যের নথাগ্রগণনীয় গ্রীকরাজপুরুষ-গণের আদর্শে ভারতবুর্ষের শিক্ষা ও শিল্প সমুশ্বত হইয়াছিল বলিয়া থাহারা ইতিহাস-রচনা করিয়া থাকেন, তাঁহারা ভারতবর্ষের পূর্বাবস্থা অবগত হইবার জন্ম ব্রীকার করেন না! গ্রীক অভিযানের বহুপূর্বে শাক্যসিংহের বৌদ্ধমত প্রচারিত হইয়াছিল, তাহারও বহুপুর্বে ভারতীয় সভ্যতা, শিক্ষা ও শিল্প অদ্ধভূমগুলে সমাদর লাভ করিয়াছিল। গ্রীকরাজদূত মেগান্থিনীদ গ্রীক অভিযানের সমসাময়িক লেথক। তাঁহার ধ্বংসাবশিষ্ট ভারতবিবরণীতে সেকালের ভারতীয় সমৃদ্ধি ও সভ্যতার যাহা কিছু পরিচয় প্রাপ্ত হওয়া যায়, তাহাই পর্য্যাপ্ত। তদ্ধারা বহুপুর্বের সমুদ্রত জ্ঞানগোরবের সাক্ষ্যলাভ করা যায়। স্থতরাং ভারতীয় আর্যাসভাতা যে দার্দ্ধবিদহস্র বৎদরের অধিক পুরাতন, তাহাতে সংশন্ন স্থাপন করা যায় না।

বৈদিক সাহিত্য বহু প্রাতন। তাহার ভাষাও পুরাতন বলিয়া বুঝিতে পারা যায়।
মানবসাহিত্যের এত পুরাতন রচনা অন্থ
কোন দেশে বর্ত্তমান নাই। এই পুরাতন
সাহিত্যের ভাষা ক্রমশ স্থমার্জ্জিত হইয়া
সংস্কৃত আখ্যা প্রাপ্ত হইয়াছিল। ধীরে ধীরে
বছদিবদের সাহিত্যালোচনার ফলম্বরূপ এই
ভাষাসংস্কার সাধিত হইয়াছিল। তাহাকে

সংস্কৃতাবস্থায় রক্ষা করিবার জন্ম উত্তরকালে যে সকল ব্যাকরণ রচিত হইয়াছিল, তন্মধ্যে ুপাণিনির ব্যাকরণ জগদ্বিখ্যাত। তাহা এীক অভিযানের বহুপূর্বের রচিত; শাক্যাবির্ভা-বের পূর্ব্বকালবত্তী বলিয়া পরিচিত। তৎ-পূর্বেভারতবর্ষে বিপুল সাহিত্য বর্ত্তমান না থাকিলে, এরপ সর্বাঙ্গস্থনর ব্যাকরণ রচিত হইতে পারিত না। অধ্যাপক গোল্ড্ষ্ট্রকার নানা প্রমাণের আলোচনা করিয়া এই ব্যাকরণ খৃষ্টপূর্ব্ব একাদশ শতাকীর সমকালে রচিত বলিয়া মত প্রকাশ করিয়া গিয়াছেন। তংকালে ভারতবর্ষকে শিক্ষা ও সভ্যতায় সমুন্নত করিতে পারে, এরূপ আদর্শ অভা কোন দেশে বর্ত্তমান ছিল না। অন্ত কাহারও আদর্শে ভারতীয় সভ্যতা বিকশিত হইয়া থাকিলে, দ্ধাবে, ভাষায়, সাহিত্যে ও লোকব্যবহারে যে সকল নিদর্শন বর্ত্তমান থাকা সম্ভব, তাহার অভাব সাধিত হইতে পারিত না। কিন্তু কেহ কেহ এই বিদ্ধান্তে অনাস্থা স্থাপন করিয়া পাণিনিকে শাক্যোত্তর যুগের লেখক বলিয়া প্রেমাণ করিবার জন্ম পাণিনিস্ততে "শ্রমণ"শব্দের ব্যবহারের প্রতি কটাক্ষ করিয়া থাকেন।* ইহাদের তর্কপ্রণালী নিতান্ত ভ্রমসঙ্কুল। ইহারা বলেন, "শ্রমণ"শব্দের অর্থ বৌদ্ধ-সন্ন্যাসী ; স্থতরাং যে গ্রন্থে সে শব্দ বর্ত্তমান, তাহা বৌদ্ধধর্মের অভূগোনের পরবর্ত্তী যুগে রচিত। এই তর্কের মূলে একটি আহু-মানিক সিদ্ধান্ত লুকায়িত আছে। শাক্য-সিংহের পূর্বে বৌদ্ধমত ও "শ্রমণ"শব্দ সংস্কৃতসাহিত্যে অপরিচিত ছিল, এইরূপ

অহুমান করিবার কারণ নাই। শাক্যসিংহের পুর্বের "শ্রমণ"শব্দ বা বৌদ্ধমত ভারতবর্ষে অপরিজ্ঞাত ছিল না। সে কথা বৌদ্ধ-সাহিত্যেও স্বীকৃত। শাক্যসিংহই প্রথম বুদ্ধ,—তৎপুর্বে আর কেহ "শ্রমণ" বা বুদ্ধ ছিলেন না. কথা শাক্যশিষ্যগণ এরূপ স্বীকার করেন না। পাশ্চাত্য পণ্ডিতগণ শাकः সিংহকে প্রথম বৃদ্ধ কল্পনা করিয়া, ভারতীয় প্রাচীন সাহিত্যে বৌদ্ধমতবিজ্ঞাপক যৎকিঞ্চিৎ আভাস পাইবামাত্র, তাহাকে গ্ৰন্থ বলিয়া সিদ্ধান্ত শাক্যোত্তর কালের করিয়া নানা ভ্রমপ্রমাদে পাতত হইয়াছেন। পাণিনিস্ত্রে, পতঞ্জলির মহাভাষ্যে, কাত্যা-म्रत्नत त्रु जिनिहरम् य नकन भक् ଓ উদाহরণ वावज्ञ इरेशाष्ट्र, जाश दिनिक ब्लान, कर्म ও আচারবাবহারের প্রোধান্তের পরিচয় প্রদান করে।

গোড়ীয় হিন্দুসাম্রাজ্যে পাণিদির ব্যাকরণ পরম সমাদরে অধীত ও অধ্যাপিত হইত। কোন্ পুরাকালে এই শিক্ষাপ্রণালী প্রচলিত হইরাছিল, তাহা নির্ণয় করা অসম্ভব হইলেও, শাক্যসিংহের আবিভাবের বহুপূর্ব্ব হইতেই গৌড়ীয় জনপদ যে বৈদিক মতে অমুরক্ত ছিল, তাহার অনেক প্রমাণ প্রাপ্ত হওয়া যায়, অশোকের শাসনসময়ে মগধসাম্রাজ্যের অস্তান্ত স্থানের স্তায় বঙ্গভূমিতেও নানাস্থানে বৌদ্ধতৈত্য নির্শ্বিত হইয়াছিল। তাহা খুই-পূর্ব সার্দ্ধিশত বৎসরের কথা। তৎকালে পশ্চিমোত্তরে কাশ্মীর ও পূর্ব্বাঞ্চলে পৌণ্ডু-বর্দ্ধন ও উৎকল পর্যান্ত মগধরাজ্য বিস্তৃতিলাত করিয়াছিল। কবি কক্ষ্পণ রাজ্যতরিদ্বিনীর

প্রথম তরঙ্গে অশোককে কাশ্মীরাধিপতি विनिश्चार वर्गना कत्रिपा शिश्चारहन्। * ज्यानाक বৌদ্ধর্মে দীক্ষিত হইয়া স্বরাষ্ট্রে সর্বত বৌদ্ধমত প্রচারিত করিবার চেষ্টা করায়, শাক্যমত জলে-স্থলে পরিব্যাপ্ত হয়। পাটলি-পুত্রের রাজধানী ও নালনার বৌদ্ধবিখ-বিত্যালয়ের ভায় আরও একটি বৌদ্ধমতবিস্তারের কেন্দ্র বলিয়া পরিচিত হইয়াছিল। তাহার নাম তাত্রলিপ্তি। বঙ্গ-দেশান্তর্গত সমুদ্রতটাবস্থিত তাম্রলিপ্তির নাম ইতিহাসে চিরবিখ্যাত হইয়া রহিয়াছে। তথায় বৌদ্ধবিন্তালয় জ্ঞানভাণ্ডার উন্মুক্ত করিয়া রাথিয়াছিল; বাণিজ্যভাণ্ডারের সঙ্গে তাহা সমুদ্ৰপথে দ্বীপোপদ্বীপে বাহিত হইয়া বৌদ্ধপ্রভাব দিগ্দিগন্তে স্থবিস্থত করিরাছিল। তাম্রলিপ্তি বৌদ্ধতের অমু-রক্ত হইলেও, অভাভ স্থানে বৈদিকমতেরই স্বিশেষ প্রাধান্ত ছিল। অশোকশাসনে ममश आर्गावर्ख वोक्षमट्य ममानद क्राम, গোডীয় জনপদই বৈদিকমতের আশ্রম্থান বলিয়া পরিচিত হইয়াছিল। কামরপের প্রাচীন রাজ্যে বৌদ্ধমত কদাপি প্রতিষ্ঠালাভ করে নাই। ভারতবর্ষের মধ্যে मकल कनशन यथन तोक्रमस्त मीक्रिक, এक-মাত্র কামরূপ তথনও বৈদিকমতের অহু-রক্ত। তৎকালে কামরূপেশ্বর গৌড়জনপদের নানাস্থানে শাসনক্ষ্মতা পরিচালনা করিতেন। গৌড়েশ্বর ও কাম-রপেখরের রাজ্যসীমা করতোয়াসোতে ञ्चनिर्फिष्टे • इटेरल ७, পরম্পরের রাজ্যাক্রমণ করা অনেকদিন পর্যান্ত প্রচলিত ছিল।

শাক্যমতের প্রার্গ্রাব হইলে, বৈদিক-মতাবলম্বিগী প্রথমে বাঁহুবল ও পরে তর্ক-বলের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। অশোক तोक्रमास मौकिक इटाल, डांडर्र बाजाक রাজা করিয়া বৈদিকাচাররক্ষার্থ ব্রাহ্মণগণ আয়োজন করিয়াছিলেন; তাঁহাদের চেষ্টায় বুদ্ধগরার বোধিজ্ম বিনষ্ট হইয়া অশোকের যত্নে পুন: প্রতিষ্ঠিত হয়। এ সময়ে বোধি-দ্রুমের উপর নানারপ আক্রমণ নিবারণের জন্ম অশোক তাহাকে বেষ্টন করিয়া এক প্রাচীর নির্মাণ করিয়া প্রহরী নিযুক্ত করিতে वाधा इहेब्राहिएलन।* তথাপি অশোকের পরবর্ত্তী সময়ে আর একবার বে†ধিজ্ঞয বিধবস্ত হইয়াছি**ল**।† **हीनएन श्रेष्ठ** (वोक-সন্ন্যাসী হিয়ক্ত্পাকের ভারতভ্রমণের অত্যন্ত্র-কাল পুর্বের এই ঘটনা সংঘটিত হয়। তাঁহার ভ্রমণকাহিনীতে ইহার উল্লেখ গৌড়ীয় নরপতি সমাঙ্গক এই অভিযানের অধিনায়ক বলিয়া শুনিতে পাওয়া কিন্তু তাঁহার বিষয়ে আর কোন ঐতিহাসিক তথ্য প্রাপ্ত হওয়া যায় না।

খৃষ্টীয় পঞ্চম শতান্দীতে চীনদেশীয় বৌজসন্ন্যাসী ফা হিন্তান্ ভারতভ্রমণে বহির্গত হইয়।
গৌড়াস্তর্গত চম্পা ও তাঞ্রন্দিপ্তি নগরে উপনীত হইয়াছিলেন। তাঁহার ভ্রমণর্তান্তে
তাশ্রনিপ্তির সবিশেষ সমৃদ্ধির পরিচয় প্রাপ্ত
হওয়া যায়। খৃষ্টীয় সপ্তম শতান্দীতে হিয়য়ণ্সাল গৌড়রান্ত্রের প্রধান নগর পৌঞুবর্দ্ধনেও উপনীত হইয়াছিলেন। তৎকালে

এই প্রদেশ জ্ঞানালোচনার জন্ম সবিশেষ
থ্যাতিলাভ করিয়াছিল। বাহুবলেও গৌড়ীয়গণ ছর্দ্ধর্ম বলিয়া পরিচিত ছিলেন। এই
সময়ে মগধ ও গৌড় পৃথক্ রাজ্যে পরিণত
হইয়াছিল বলিয়া বোধ হয়।

মগধদান্রাজ্যের অভ্যুথানের স্থায় অধঃ-পতনকাহিনীও উপকগামাত্রে পরিণত হইয়াছে। প্রাচীন কীকটদেশ কুরুকেত্র-সমরের অতাল্পকাল পূর্বে মগধনামে পরি-চিত হইয়া জ্বাসন্ধের রাজ্যরূপে খ্যাতিলাভ করিয়াছিল। রাজগৃহে এই পুরাতন মগধ-রাজধানীর ধ্বংসাবশেষ ও "জরাসন্ধের বৈঠক" অভাপি পুরাতত্তামুসন্ধানপরায়ণ তর্কবিতর্কে আচ্ছন্ন ইইয়া পণ্ডিতগণের রহিয়াছে। তৎকালে মগধরাজ্য বছবিস্থৃত বলিয়া পরিচিত ছিল না। চক্তগুপ্তের শাসন-সময়ে মগধের অধিকারবিস্তৃতির স্ত্রপাত হয়; -- অশোকের শাসনসময়ে তাহা সমগ্র আর্য্যাবর্ত্তে ব্যাপ্ত হইরা পড়ে। উত্তরকালে কাশীর, কান্তকুজ ও গৌড়, মগধরাজ্য হইতে বিচ্ছিন্ন হইয়া নানা কলহবিবাদের স্ত্রপাত করিয়াছিল। ক্রমে পশ্চিম হইতে কান্তকুজ ও পূর্ব্ব হইতে গৌড়রাজ্য মগধের হৃতাবশিষ্ট অধিকার কুক্ষিগত করায়, মগধের স্বতন্ত্র অন্তিত্ব বিলুপ্ত হইয়া যায়। ইতিহাস-বিখ্যাত মগধসামাজ্যের ধ্বংসসাধনে কাশ্মীর ও কিয়ৎপরিমাণে সহায়তাসাধন করিয়াছিল।

অশোকশাসনসময়ে কাশ্মীর মগ্ধসাদ্রা-জ্যের অন্তর্গত থাকিরা কালক্রমে স্বতন্ত্র-

হিরকের তীর্থক্রমণসময়েও এই প্রাচীরের কিয়দংশ বর্তমান ছিল।

[†] ছিরজের তীর্থল্রমণের অত্যল্পকাল পূর্বে বোধিক্রম বিধ্বস্ত হইবার কথা অসন্তব বলিয়া বোধ হর না। একণে যে বৃক্ষ বর্ত্তমান আছে, তাহা বছপুরাতন বলিয়া স্পর্কা করিতে অক্ষম।

রাজ্যরূপে পরিগণিত হইলেও, খৃষ্টীয় ষষ্ঠ শতাকীর মধ্যভাগে কাশ্মীর মালব্দামাজ্যের অধীন থাকিবার পরিচয় প্রাপ্ত হওয়া যায় : টিয়ক্ষের ভ্রমণকাহিনীতে বিক্রমাদিতা মালব-রাজ শীলাদিত্যের পূর্ববর্তী বলিয়া কথিত। রাজতর্জিণীতে মালবরাজ বিক্রমাদিতা-হর্ষ শীলাদিত্য-প্রতাপশীলের পিতা বলিয়া বর্ণিত। কহলণ-পঞ্জিতের মতে এই বিক্রমাদিতা-হর্ষের শাসনসময়ে তাঁহার নিয়োগক্রমে কবি মাতৃ-গুপ্ত কাশ্মীরের সিংহাসনে সংস্থাপিত হইয়া-ছিলেন। তৎকালে কাশ্মীর স্বাতন্ত্রাচ্যত হইয়া-ছিল বলিয়াই বোধ হয়। অতঃপর হিয়ঙ্গের ভ্রমণকালে কাশ্মীর পুনরায় স্বাধীনতালাভ করিয়া কাশ্মীরের বাহিরেও শাসনক্ষমতা বিস্তুত করে, এবং নবরাজধানী সংস্থাপিত করিয়া রাজ্যশাসনে °অগ্রসর হয়। এই সময়ে কোন্ ভূপতি কাশ্মীরের রাজসিংহাসন অলক্ষত করিতেন, তাহা হিয়ক্ষের গ্রন্থে প্রাক্ষরে লিখিত নাই। কিন্তু হিয়ঙ্গ ও কল্লণের গ্রন্থ সমালোচনা করিয়া অধ্যাপক ষ্টীন বলিয়াছেন—"কাশ্মীরাধিপতি হুর্লভ-বৰ্দ্ধনের *৩৬বৎসরব্যাপী* শাসনকালের মধ্যেই হিয়ঙ্গ তীর্থদর্শনে গমন করিয়া থাকিবেন।" * এই হুৰ্লভবৰ্দ্ধননামক কাশ্মীরাধিপতির পৌত্র মুক্তাপীড় ললিতা-দিত্যের শাদনসময়ে কাশ্মীরের আর্য্যাবর্ত্তের অক্সান্ত প্রদেশের সংঘর্ষ উপ-স্থিত হয়। তৎকালে মগধের সাম্রাজ্য বা মালবের সাম্রাজ্য হীনবল হইয়া আর্যাবর্ত্তে কাত্যকুজ, মগধ, গৌড়, কামরূপ প্রভৃতি ভিন্ন ভিন্ন কুদ্র সামাজ্যের অভ্যাদয়

সাধিত হইরাছিল। খৃষ্টীর অপ্টম শতাকীতে মুক্তাপীড় ললিতাদিতা বাহবর্ণে দিখিজ্বরে বহির্গত হইরা এই সকল রাজ্য জয় করিতে প্রবৃত্ত হন।

ললিতাদিতোর দিথিজয়বর্ণনাকালে কবি কহলণ প্রদক্ষকেমে গৌড়রাজ্যের উল্লেখ করিয়া গিয়াছেন। । পৃষ্ঠীয় অষ্ট্রম শতাব্দীতে গৌড একটি সভন্তরাজ্ঞারূপে পরিচিত থাকার কথা কাশ্মীরের স্থায় দূরদেশেও প্লবিজ্ঞাত ছিল। তৎকালে ললিতাদিতা কান্তকুজেশ্বর বশোবর্দ্মাকে পরাস্ত করিয়া, কলিঙ্গাভিমুথে ধাবিত হইবার সময়ে গৌড়ীয় গজসমূহ তাঁহার বাহিনীর সহিত সংযুক্ত হইবার পরিচয় প্রাপ্ত হওয়া যায়। ললিতা-দিতা তাহা অর্থবলে বা উপঢৌকনম্বরূপ প্রাপ্ত হইয়া থাকিবেন। তিনি গৌডজয় করেন নাই, অথচ গৌড়ের পশ্চিমস্থ কাত্য-কুজ ও পূর্বস্থ কামরূপ জ্বয় করিয়াছিলেন। এই বর্ণনা পাঠ করিয়া মনে হয়, তৎকালে গৌড়েখরের সঙ্গে কাশ্মীরাধিপতির সৌহার্দ সংস্থাপিত হইয়া থাকিবে। এই সৌহার্দ্ধ-সত্রে উত্তরকালে গৌড় ও কাশ্মীরে সংঘর্ষ উপস্থিত হুইবার কথা ঝক্সতবঙ্গিণীতে দেখিতে পাওয়া 🛰ায়। তাহা বিস্তৃতভাবে আলোচিত হওয়া আবশ্রক।

দিগিজয়ী মৃক্তাপীড় ললিতাদিত্য পরিণত-বয়সে নানা অত্যাচার-উৎপীড়নে কাশীরের সিংহাসন কলঙ্কিত করিয়াছিলেন। গৌড়া-ধিপতি কাশীরে তীর্থদর্শনোপলক্ষে গমন করিবার পুর্বেল ললিতাদিত্যের স্বভাবের পরিচয় পাইয়া তাঁহার সহিত সন্ধি

^{*} Introduction to Kalhana's chronicle of the kings of Kashmir, p. 87.

করেন। তদমুদারে বিষ্ণু পরিহাদকেশব-নামক বিশ্রহ মধাস্থর্ত্ত নিণীত হইয়া-গোড়াধিপতি কাশীরভ্রমণান্তে • নিরাপদে স্বদেশে প্রত্যাবর্ত্তন কঁরিতে পারি-বেন,—তজ্জ্ঞ পরিহাদকেশবের মূর্ত্তি জামিনস্বরূপ রক্ষিত হইয়াছিল। অথচ ললিতাদিতোর অমুচরগণ সতাভঙ্গ করিয়া গৌড়াধিপতিকে নিহত করিল। এই বিশ্বাস-ঘাতকতা ইতর রাজার উপযুক্ত। ইহাতে গৌড়ীয়গণ প্রতিহিংসাপরায়ণ হইয়। পরিহাদ-কেশবের মন্দির অবরোধ করে। পুরোহিত-গণ পূর্বেই পরিহাদকেশবের বিগ্রহমূর্ত্তি স্থানান্তরিত করায় তথায় কেবল রামস্বামী নামে বিগ্রহমৃত্তি বর্ত্তমান ছিল। গৌড়ীয়গণ তাহা চূর্ণবিচূর্ণ করিয়া মন্দির ও গ্রাম অবরোধ করিল। ঐ গ্রামের নাম ত্রিগ্রামী।* গোড়ীয়গণ প্রভূহত্যার প্রতিশোধ লইবার জন্ম বেরূপ সাহস ও শৌর্যা প্রকাশ করিয়া একে একে আত্মবিদজ্জন করিয়াছিল, কবি কহলণ তাহা উজ্জ্বভাষায় বর্ণনা করিয়া গিয়াছেন।

"দ্বাপি যৎ স মধ্যন্থং শ্রীপরীহাসকেশবন্।
জঘান তীক্ষপুরুবৈদ্বিগ্রাম্যাং গৌড়পাথিবন্॥
গৌড়োপজীবিনামাসীৎ সহমুত্যন্তুতং তদা।
জহুর্ঘে জীবিতং ধীরাঃ পরোক্ষপ্ত প্রভাঃ কৃতে॥
শারদাদশনমিধাৎ কশ্মীরান্ সংপ্রবিশ্য তে।
মধ্যন্থাদেবাবস্ধং সংহতাঃ সমবেষ্ট্রন্॥
দিগন্তরন্থে ভূপালে প্রবিবেক্নবেক্য তান্।
পরিহাসহারং চকুঃ পুজকাঃ পিহিতাররিম্॥
তে রামস্বামিনং প্রাপ্য রাজতং বিক্রমোজিতাঃ।
পরিহাসহরিজাস্তা। চকুক্ষৎপাট্য রেগুশ্বঃ॥

তিলং তিলং তং কুরা চ চিক্ষিপুদিক্ সক্ষতঃ।
নগরারিগতৈঃ সৈতৈ ইন্তা হিচ্ছানাঃ পদে পদে ॥
খ্যানলা রক্তসংসিকান্তেংপতরিহতা ভূবি।
অঞ্জনাজিদ্যৎথণ্ডা ধাহুস্তলোজ্জলা ইব ॥
তদীয়ক্ষধিরাসারেঃ সমভূহক্ষলীকৃতা।
ঝামিভক্তিরসামান্তা ধন্তা চেয়ং বহন্ধরা॥
ক দীয়কাললজ্যোহধ্বা শান্তে ভক্তিঃ ক চ প্রভৌ।
বিধাতুরপ সাধ্যং তৎ বং গোড়ৈবিহিতং তদা॥
লোকোত্তরখামিভক্তিপ্রভাবাদি পদে পদে।
তাদৃশানি চদাভূবন্ ভূত্যরক্ষানি ভূত্তাম্॥
রাজ্ঞঃ প্রিয়ো রক্ষিতোহভূদ্গোড়রাক্ষসবিপ্লবে।
রামধামুপ্রাপ্রে শ্রীপরীহাসকেশবঃ॥
অন্যাপি দৃগুতে শৃন্তাং রামধামিপুরাম্পদম্।
রক্ষাণ্ডং গোড়বীরাণাং সনাথং যশসা পুনঃ॥।

পৃষ্ঠীর অষ্টম শতাকীর প্রারম্ভ পর্যান্ত এই সকল কাহিনী ভিন্ন গৌড়ীয় হিন্দুদাগ্রা-জোর অন্ত কোনু ঐতিহাসিক পরিচয় প্রাপ্ত হওয়া যায় না। কিন্তু এইরূপ ভিন্ন দেশের ইতিহাসনিবদ্ধ গৌড়ীয় কাহিনী হইতে নানা তথ্যের সন্ধান লাভ করা যায়। কবি কহলণের রাজতরঙ্গিণী কবিকাহিনী বলিয়াই অনেকদিন পরিচিত ছিল। কবিতা-নিবদ্ধ বলিয়া পাশ্চাত্য পণ্ডিতগণ তাহাকে ইতিহাসের স্থায় সমাদর-প্রদর্শনে কুন্তিত হইতেন। সম্প্রতি অধ্যাপক ষ্টান্ কাশ্মীরের মানচিত্র, ভৌগোলিক বিবরণ ও ইংরাঞ্চী অনুবাদ সহ রাজতরঙ্গিণী মুদ্রিত ও প্রকা-শিত করিয়া নানা ঐতিহাসিক প্রমাণপর-ম্পরা উদ্ধৃত করিয়া দেখাইয়া দিয়াছেন যে, রাজ্বতরঙ্গিণীর চতুর্থ তরঙ্গ হইতে ঐতিহাসিক ঘটনার জারস্ত এবং শেষ তরঙ্গচতুষ্টয়ে

ইহার ধ্বংসাবশেষ অন্যাপি বর্ত্তমান আছে।
 রাজতরজিণী। চতুর্থপ্রকঃ:।

যথার্থ ইতিহাসের সন্ধান পাওয়া যায়। চতুর্থ তরঙ্গে গৌড়ীয় শৌর্য্য ও সাহসের যে আখ্যায়িকা বর্ণিত হইয়াছে, তাহার মূলে ঐতিহাসিক সত্য নিহিত না থাকিলে, কবি কহলণ রামস্বামীর শৃত্য-মন্দির লক্ষ্য করিয়া "অভাপি মন্দির শৃত্ত রহিয়াছে, অথচ ভূমঙল গৌড়ীয় শৌর্যাযশে পরিপূর্ণ হই-য়াছে"-এরূপ কথা কদাচ লিপিবদ্ধ করি-তেন না। ইহাকে গল্পমাত্র মনে করা অসম্ভব; কারণ ইহার সহিত কাশ্মীরের একটি প্রসিদ্ধ मिनात्रथ्वः स्मत्र विवत्र गःयुक्त इहेस्र तह-য়াছে, এবং বংশপরম্পরায় জনশ্রুতি সেই মূলঘটনাকে সঞ্জীবিত রাখিয়াছে। কবি-কল্পনা নানা অলম্বারে মূলতথ্যকে স্থসজ্জিত করিয়া থাকিলেও, প্রকৃত তথ্য একেবারে বিলুপ্ত হয় নাই। গৌড়াধিপতি কাশীরে তীর্থদর্শনকালে কাশ্মীরাধিপতির নিহত হইলে. গৌড়ীয়গণ ত্রিগ্রামীনামক গ্রামে উপনীত হইয়া মন্দির অবরোধ ও রামস্বামীর বিগ্রহমূর্ত্তি চূর্ণ করিবার পর কাশীরসেনাছন্তে একে একে নিধনপ্রাপ্ত হয়,—এই মূল-ঘটনাই গোড়ীয় স্বামিভক্তি ও শৌর্যাবীর্যোর যথেষ্ঠ সাক্ষাদান করিতেছে। কবি তজ্জ্যই গৌড় ও কাশ্মীরের দূরত্ব, এক দেশ হইতে অন্ত দেশ আক্রমণের স্বাভাবিক ৰাধাবিম্ন ও পরলোকগত প্রভুর স্মৃতিমাত্র অবলম্বন করিয়া আত্মবিসর্জ্জনের চেষ্টাকে শ্বরণ করিয়া গৌড়ীয় বীরবৃন্দকে শ্বক্বত ইতিহাসে সাধুবাদ প্রদান করিয়াছেন। কাশীরাবরোধে যাতা করিলে সকলকেই মৃত্যুমুখে পতিত হইতে হইবে, ইহা জানি-য়াও গৌড়ীয়গণ প্রভূহত্যার প্রতিশোধ

লইবার মন্ত দীর্ঘপথ অতিক্রম করিয়া প্রাক্তিলাধগ্রহণান্তে পলারন না করিয়া শোদ্ধবিদজ্জন করায় গৌড়ীয় প্রকৃতির যে পরিচয়
প্রাপ্ত হওয় যায়, তাহা সর্ককালে ইতিহাসের
নিকট সমাদরলাভের যোগ্য । কবি কহলণ
দে সমাদর প্রদর্শন করায় তাঁহার সত্যামুরাগই পরিফুট হইয়াছে। মুক্তাপীড়ের
নৃশংসম্বভাব চিত্রিত করিবার জন্ত কল্পনা
বলে কাহিনীরচনা করা উদ্দেশ্ত হইলে,
এরপ কাহিনী রচিত হইত না। ছর্ভাগ্যক্রমে
এই গৌড়েশ্বরের নাম বা বংশপরিচয় প্রাপ্ত
হওয়া যায় না।

মুক্তাপীড় ললিতাদিত্যের কাহিনী হইতে এই পৰ্যান্ত জানিতে পারা যায়—তৎকালে পূর্বেক কামরূপ, দক্ষিণে উৎকল, পশ্চিমে কলিঙ্গ ও কান্তকুকু গোড়ীয় হিন্দামাজ্যের সীমারূপে পরিচিত ছিল। স্থতরাং তৎকালে বাহারা গৌডীয়নামে পরিচিত ছিল, তাহারা যে বঙ্গবাসী, তদ্বিষয়ে কবি কহলণ তাহাদিগকে मर्लिश् नार्रे। খামলবর্ণের মনুষ্য বলিয়া বর্ণনা করায়, তাহা আরও পরিস্ফুট হইয়াছে। মুক্তাপীড় ললিতাদিতোর দিখিজয়কালে গৌডজয়ের উল্লেখ না থাকায়, স্থ্যাড়ের প্রাধান্ত ও শৌর্য্য আরও বিশদরূপে বিবৃত হইয়াছে। গৌড়ীয় বাছবিক্রমের কথা উত্তরকালের গৌডেশ্বর-বর্গের তামশাদনে উৎকীর্ণ দেখিয়া অনেকে কবিকল্পনা ভাষাকেও বলিয়া ব্যাখ্যা করিয়া থাকেন। কিন্তু ভারতবর্ষে একচ্ছত্র সমাটের 'শাসনক্ষমতা ধ্বংসপ্রাপ্ত হুইবার পর, নানা কুদ্রসাত্রাজ্যের অভ্যুদ্র হইয়া পর-স্পারের বিজয়কামনা যেরূপ প্রবল হটয়।

উঠিয়ছিল, তাহাতে প্রত্যেক কুদ্রদায়াজ্যকে সংগ্রামকেইশলে আত্মরক্ষা করিতে বাধ্য হঁইয়া প্রয়োজনামুরোধেই বাহুবলের অমুগীলন করিতে হইত। ইহা কাব্যাকারে লিখিত হইলেও ইতিহাদের কথা। কারণ কবিকাহিনী

াষাজ্যকে মৃলস্তাকে সম্পূর্ণ অতিক্রম করিতে সক্ষম
াধ্য ইইয়া হয় নাই। গৌড়ীয় স্বামিভজ্জি ও আত্মঅফুণীলন, বিদর্জনের কথা প্রসঙ্গক্রমে কাশীরের
লিখিত ইতিহাসে লিপিবদ্ধ না থাকিলে, তাহার অন্থ বিকাহিনী কোন প্রমাণ প্রাপ্ত হইবার সম্ভাবনা ছিল না।
শ্রীঅক্ষয়কুমার সৈত্রেয়।

চোখের বালি।

-- 10+01-

(8)

মহেক্স কোথার নিকদেশ হইরা গেল,

অই আশঙ্কার রাজলক্ষীর আহার-নিজ।
বন্ধ। সাধুচরণ সম্ভব-অসম্ভব সকল স্থানেই
তাহাকে খুঁ জিয়া বেড়াইতেছে—এমন-সমর
মহেক্র বিনোদিনাকে লইরা কলিকাতার
ফিরিয়া আসিল। পটলডাঙার বাসার
তাহাকে রাথিয়া রাত্রে মহেক্র তাহার
বাড়ীতে আসিয়া পৌছিল।

মাতার ঘরে মহেক্র প্রবেশ করিয়া দেখিল, ঘরু অন্ধকারপ্রায়, কেরোসিনের লগুন আড়াল করিয়া রাশ্লা ইইয়াছে। রাজ্ঞানী রোগীর ন্যায় বিছানায় শুইয়া আছেন এবং আশা পদতলে বসিয়া আন্তে আন্তে তাঁহার পায়ে হাত বুলাইয়া দিতেছে। এতকাল পরে গৃহের বধু শাশুড়ির সদতলের অধিকার পাইয়াছে।

মহেক্স আসিতেই আশা চকিত হইয়া উঠিয়া ঘর ছাড়িয়া চলিয়া গেল। মহেক্স বলপূর্বক সর্বাপ্রকার বিধা পরিত্যাগ করিরা কহিল — "মা, এখানে আমার পড়ার স্থিধা হয় না; আমি কলেজের কাছে একটা বাদা লইয়াছি; দেইখানেই থাকিব।"

রাজলক্ষী বিছানার প্রাস্তে অঙ্গুলিনির্দেশ করিয়া মহেন্দ্রকে কহিলেন, "মহিন্, একটু বোস্!"

মহেল সংক্ষাচের সহিত বিছানার বসিল। রাজনন্দী কহিলেন, "মহিন্, তোর বেথানে ইচ্ছা তুই থাকিস, কিন্তু আমার বৌমাকে তুই কঠ দিস্নে!"

মহেক্ত চুপ করিয়া রহিল। রাজলক্ষা কহিলেন, "আমার মন্দ কপাল, তাই আমি আমার এমন লক্ষ্মী বৌকে চিনিতে পারি নাই"—বলিতে বলিতে রাজলক্ষ্মীর গলা ভাঙিয়া আদিল,—"কিন্তু তুই তাহাকে এত-দিন জানিয়া, এত ভালবাদিয়া, শেষকালে এত হৃংথের মধ্যে কেলিলি কি করিয়া?" রাজলক্ষ্মী আর থাকিতে পারিলেন না, কাঁদিতে লাগিলেন।

মহেন্দ্র সেথান হইতে কোনমতে উঠিয়া পালাইতে পারিলে বাঁচে, কিন্তু হঠাৎ উঠিতে পারিল না। মার বিছানার প্রান্তে অন্ধকারে। নিস্তব্ধ হইয়া বসিয়া রহিল।

অনেকক্ষণ পরে রাজলক্ষী কহিলেন-"কাজ রাত্রে ত এখানেই আছিদ্ ?"

गररख किर्न-"ना।"

রাজলক্ষী জিজ্ঞাসা করিলেন—"কথন্ যাবি ?"

মহেक कहिल-"এथनि।"

রাজ্বলক্ষী কঠে উঠিয়া বিদিয়া কহিলেন

— "এখনি ? একবার বৌমার সঙ্গে ভাল
করিয়া দেখা-ও করিয়া যাবি না ?"

মহেক্স নিক্ষত্তর হইয়া রহিল। রাজলক্ষ্মী কহিল, "এ কয়টাদিন বৌমার কেমন
করিয়া কাটিয়াছে, তাহা কি তুই একটু
ব্ঝিতেও পারিলি না ? ওরে নির্লজ্জ, তোর
নিষ্ঠ্রতায় আমার বুক ফাটিয়া গেল।"—
বলিয়া রাজলক্ষ্মী ছিলশাখার মত বিছানায়
ভইয়া পভিলেন।

মহেক্র মার বিছানা ছাড়িয়া বাহির

হইয়া গেল। অতি মহপদে নিঃশব্দগমনে

সে সিঁড়ি দিয়া তাহার উপরের শয়নঘরে

চলিল। আশোর সহিত দেখা হয়, এ তাহার

ইচ্ছা ছিল না।

মহেল্র উপরে উঠিয়াই দেখিল, তাহার শয়নগৃহের সন্মুথে যে ঢাকা ছাদ আছে, সেই-থানে আশা মাটিতে পড়িয়া। সে মহেল্রের পায়ের শব্দ পায় নাই, হঠাৎ তাহাকে সন্মুথে উপস্থিত দেখিয়া তাড়াতাড়ি কাপড় দারিয়া লইয়া উঠিয়া বিসল। এই সময়ে মহেল্র যদি একটিবার ডাকিত "চুনি"—ভবে তথনি

ति मरहरखा नमख अन्ताथ स्वन निर्म्य में माथाय जूनिया नहें या कमाथाय जुनिया नहें या कमाथाय जुनिया नहें या कि स्वा जाहात की वर्णत निर्मा करें या का माथाय जुनिया जाहात की वर्णत नम्स की वर्णत नम्स की वर्णत नम्स कि स्व का माथाय जाहा कि स्व का माथाय का माथाय करा माथाय का माथाय करा माथाय कर माथाय करा माथाय कर माथाय कर माथाय करा माथाय कर माथाय कर माथाय कर माथाय कर माथाय कर माथाय कर

আশা সক্ষোচে মরিয়া গিয়া বসিয়া রহিল। উঠিয়া দাড়াইতে, চলিয়া যাইতে, কোনপ্রকার গতির চেষ্টামাত্র তাহার লজ্জাবোধ হইল। মহেন্দ্র কোন কথানা বলিয়া ধীরে ধীরে ছাদে পায়চারি করিতে লাগিল। বাকাশে ক্লঞ্চপক্ষের তথনো চাঁদ ওঠে নাই ;—ছাদের কোণে একটা ভোট গামলায় রঞ্জীগরুরে গাছে ছুইটি ভাটার ফুল ফুটিয়াছে। ছাদের উপর-কার অন্ধকার-আকাশে ঐ নক্ষত্রগুলি---ঐ সপ্তর্ষি, ঐ কালপুরুষ, – তাহাদের অনেক সন্ধ্যার অনেক নিছত প্রেমাভিনয়ের নীরব সাক্ষী ছিল, আজও তাহারা নিন্তৰ হইয়। চাহিয়া রহিল।

মহেন্দ্র ভাবিতে লাগিল, মাঝখানের কয়টিমাত্র দিনের বিপ্লবকাহিনী এই আকাশভরা অন্ধকার দিয়া মুছিয়া ফেলিয়া যদি আপ্লেকার ঠিক সেই দিনের মত এই খোলা ছাদে মাছর পাতিয়া আশার পাশে আমার সেই চিরস্থন স্থানটিতে অতি অনা-

য়াসে গিয়া বসিতে পারি ৷ কোন প্রশ্ন নাই, कवाविषदी नाहे, त्रहे विश्वाम, त्रहे व्याम, সেই সহজ আনন্দ ! কিন্তু হায়, জগৎসংসারে সেইটুকুমাত্র জায়গায় ফিরিবাদ্র পথ আর नाहे। এই ছাদে আশার পাশে মাহরের একট্থানি ভাগ মহেক্স একেবারে হারাই-शास्त्र। এতদিন বিনোদিনীর সঙ্গে মহেন্দ্রের অনেকটা স্বাধীন সম্বন্ধ ছিল ;—ভালবাসিবার উনাত্ত সুথ ছিল, কিন্তু তাহার অবিচ্ছেদা বন্ধন ছিল না। এখন মহেল্র বিনোদিনীকে সমাজ হইতে স্বহস্তে ছিল করিয়া আনিয়াছে. এথন আর বিনোদিনীকে কোথাও রাথি-বার, কোথাও ফিরাইয়া দিবার জায়গা নাই-মহেক্রই তাহার একমাত্র নির্ভর। এখন इन्हा थाक वा ना थाक, वित्नामिनौत ममख ভার তাহাকে বহন করিতেই হইবে। এই কথামনে করিয়া মহেন্দ্রের সদয় ভিতরে-ভিতরে পীজিত হইতে লাগিল। তাহাদের ছাদের উপরকার এই ঘরকর্না, এই শান্তি, এই বাধাবিহীন দাম্পত্যমিলনের নিভ্ত রাত্রি, হঠাৎ মহেল্রের কাছে বড় আরামের বলিয়া বোধ হইল। কিন্তু এই সহজ্পুলভ আরাম, যাহাতে একমাত্র তাহারই অধি-কার, তাহাই আজ মহেদ্রের পক্ষে তুরাশার সামগ্রী। চিরজীবনের মত যে বোঝা त्म माथाम जूलिमा नहेमारह, जाहा नामा-ইয়া মহেক্ত একমুহূর্ত্তও হাঁফ ছাড়িতে পারিবে না।

দীর্ঘনিখাস ফেলিয়া মহেক্ত একবার আশার দিকে চাহিয়া দেখিল! নিস্তর্ক রোদনে বক্ষ পরিপূর্ণ করিয়া আশা তখনো নিশ্চল হইয়া বসিয়া আছে —রাত্রির অন্ধকার, জননীর অঞ্চলের ন্যায়, তাহার লজ্জা ও বেদনা আবৃত করিয়া রাধিয়াছে

মহেক্স পায়চারি ভঙ্গ করিয়া কি বলিবার জন্ম হঠাৎ আশার কাছে আসিয়া দাঁড়াইল।
সমস্ত শরীরের রক্ত আশার কাণের মধো
গিয়া শব্দ করিতে লাগিল, সে চক্ষু মুদ্রিত
করিল। মহেক্স কি বলিতে আসিয়াছিল,
ভাবিয়া পাইল না,—তাহার কিই বা বলিবার
আছে! কিন্তু কিছু একটা না বলিয়া আর
ফিরিতে পারিল না। বলিল—"চাবির
গোচ্ছাটা কোথায় ?"

চাবির গোচ্ছা ছিল বিছানার গদিটার নীচে। আশা উঠিয়া ঘরের মধ্যে গেল—
মহেল তাহার অনুসরণ করিল। গদির নীচে

হইতে চাবি বাহির করিয়া আশা গদির উপরে
রাখিয়া দিল। মহেল চাবির গোচ্ছা লইয়া
নিজের কাপড়ের আলমারিতে এক একটি

চাবি লাগাইয়া দেখিতে লাগিল। আশা
আর থাকিতে পারিল না, মৃত্স্বরে কহিল,
"ও আলমারির চাবি আমার কাছে ছিল না।"

কাহার কাছে চাবি ছিল, সে কথা আশার মৃথ দিয়া বাহির হইল না, কিন্তু মহেন্দ্র তাহা বুঝিল। আশা তাড়াতাড়ি ঘর হইতে বাহির হইয়া গেল, ভর হইল, পাছে মহেন্দ্রের কাছে আর তাহার কালা চাপা না থাকে। স্বন্ধনির ছাদের প্রাচীরের এক কোণে মৃথ ফিরাইয়া দাঁড়াইয়া উচ্ছ্বিত রোদনকে প্রাণপণে রুদ্ধ করিয়া সে কাঁদিতে লাগিল।

কিন্তু অধিকক্ষণ কাঁদিবার সময় ছিল না। হঠাৎ মনে পড়িয়া গেল, মহেল্রের আহারের সময় হইয়াছে। ক্রভপদে আশা নীচে চলিয়া গেল রাজলক্ষী আশাকে জিজ্ঞাসা করিলেন,
"মহীন্ কোথার বৌমা ?"

আশা কহিল, "তিনি উপরে।"
রাজলক্ষী। তুমি নামিয়া আদিলে বে १
আশা নতমুথে কহিল "তাঁহার থাবার—"
রাজলক্ষী। থাবারের আমি ব্যবস্থা
করিতেছি বৌমা, তুমি একটু পরিকার হইয়া
লও। তোমার দেই ন্তন ঢাকাই শাড়ীথানা শীত্র পরিয়া আমার কাছে এস, আমি

শাশুড়ির আদর উপেকা করিতে পারে
না, কিন্তু এই সাজসজ্জার প্রস্তাবে আশা
মরমে মরিয়া গেল। মৃত্যু ইচ্ছা করিয়া
ভীয় যেরপ স্তব্ধ হইয়া শরবর্ষণ সহ্ করিয়া
ছিলেন, আশাও সেইরপ রাজলক্ষার ক্বত
সমস্ত প্রসাধন পরমধৈর্য্যে সর্কাক্ষে গ্রহণ
করিল।

তোমার চুল বাঁধিয়া দিই।

সাদ্ধ করিয়া আশা অতি ধীরে ধীরে নিঃশব্দপদে সিঁড়ি বাহিয়া উপরে উঠিল। উঁকি দিয়া দেখিল, মহেল্র ছাদে নাই। আন্তে আন্তে হারের কাছে আসিয়া দেখিল, মহেল্র ঘরেও নাই, তাঁহার খাবার অভুক্ত পডিয়া আছে।

চাবির অভাবে কাপড়ের আলমারি জোর করিয়া খুলিয়া আবগুক করেকথান কাপড় ও ডাক্তারি বই লইয়া মহেক্র চলিয়া গেছে।

পরদিন একাদণী ছিল। অস্থ ক্লিষ্ট-দেহ রাজলক্ষ্মী বিছানায় পড়িয়া ছিলেন। বাহিরে ঘন মেঘে ঝড়ের উপক্রম করিয়া আছে। আশা ধীরে ধীরে ঘরের মধ্যে প্রবেশ করিল। আত্তে আত্তেরাজলক্ষ্মীর পায়ের কাছে বিদিয়া তাঁহার পায়ে হাত দিয়া কহিল, "তোমার হুণ ও ফল আনিয়াছি মা, খাবে এস !"

করণমূর্ত্তি বধ্র এই অনভ্যস্ত দেবার চেষ্টা দেখিরা রাজলক্ষীর শুষ্ক চক্ষু প্লাবিত হইয়া গেল। তিনি উঠিয়া বিসিয়া আশাকে কোলে লইয়া তাহার, অঞ্জলসিক্ত কপোল চূখন করিলেন। জিজ্ঞাসা করিলেন, "মহীন্ এখন কি করিতেছে বৌমা ?"

আশা অত্যন্ত লজ্জিত হইল ;—মৃত্স্বরে কহিল, "তিনি চলিয়া গেছেন :"

রাজলক্ষী। কথন্ চলিয়া গেল, আমি ত জানিতেও পারি নাই।

আশা নতশিরে কহিল, 'তিনি কাল রাত্রেই গেছেন।"

শুনিবামাত্র রাজলক্ষার সমস্ত কোমলতা বেন দূর হইয়া গেল—বধূর প্রতি তাঁহার আদরস্পর্শের মধ্যে আর রসলেশমাত্র রহিল না। আশা একটা নীরব লাঞ্না অফুভব করিয়া নতমুথে আস্তে আস্তে চলিয়া গেল।

(82)

প্রথমরাত্রে বিনোদিনীকে পটলডাঙার বাসায় রাথিয়া মহেল্র যথন তাহার কাপড় ও বই আনিতে বাড়ী গেল, বিনোদিনী তথন কলিকাতার বিশ্রামবিহীন জনতরক্তের কোলাহলে একলা বসিয়া নিজের কণা ভাবিতেছিল। পৃথিবীতে তাহার আশ্রম্কান কোনকালেই যথেই বিস্তীর্ণ ছিল না—তব্ তাহার একপাশ্ তাতিয়া উঠিলে আর একপাশে, ফিরিয়া শুইবার একটুথানি জারগা ছিল —আজ তাহার নির্ভরম্ভল অভঃস্ত সকীর্ণ। সে যে নৌকায় চড়িয়া শ্রোতে

ভাষ্কিরাছে, তাহা দক্ষিণে-বামে একটু কাৎ হইলেই একৈবারে জ্বলের মধ্যে গিরা পড়িতে হইবে। অতএব বড়ই স্থির হইয়া হাল ধরা চাই, একটু ভূল, একটু নাড়াচাড়া সহিবে না। এ অবস্থায় কোন্ রমণীর হৃদয় না কম্পিত হয় ? পরের মন সম্পূণ বশে রাখিতে যেটুকু লীলাখেলা চাই, যেটুকু অস্তুনালের প্রয়োজন, এই সন্ধীণতার মধ্যে তাহার অবকাশ কোথায় ? একেবারে মহেক্রের সহিত মুখোমুখি করিয়া তাহাকে সমস্ত জীবন যাপন করিতে প্রস্তুত হইতে হইবে। প্রভেদ এই যে, মহেক্রের কূলে উঠিবার উপায় আছে, কিন্তু বিনোদিনীর তাহা নাই।

বিনোদিনী নিজের এই অসহায় অবস্থা
থ তই স্বস্পষ্ট ব্ঝিল, তত্তই সে মনের মধ্যে
বলসঞ্চর করিতে লাগিল। একটা উপায়
তাহাকে করিতেই হইবে, এ ভাবে তাহার
চলিবে না।

যে দিন বিহারীর কাছে বিনোদিনী নিজের প্রেম নিবেদন করিয়াছে, সে দিন হইতে তাহার ধৈর্গেরে বাধ ভাঙিয়া গেছে। যে উপ্তত চুম্বন বিহারীর মুখের কাছ হইতে সেফিরাইয়া লইয়া আসিয়াছে, জগতে তাহা কোথাও মার নামাইয়া রাধিতে পারিতেছে না, প্রার অর্থ্যের ভায় দেবতার উদ্দেশে তাহা রাত্রিদিন বহন করিয়াই রাথিয়াছে। বিনোদিনীর হৃদয় কোন অবস্থাতেই সম্পূর্ণ হাজিয়া দিতে জানে না – নৈরাশুকে সে স্বীকার করে না। তাহার মন অহরছপ্রাণপণ বলে বলিতেছে, 'আমার এ প্রজা বিহারীকে গ্রহণ করিতেই হইবে।'

বিনোদিনীর এই ছ্র্দান্ত প্রেমের উপরে

তাহার আত্মরশার একান্ত আকাজ্জ। থোগ দিল। বিহারী ছাড়া তাহার আর উপায় নাই। মহেল্রকে বিনোদিনী খুব ভাল করিয়াই জানিয়াছে—তাহার উপরে নির্ভর করিতে গেলে দে ভর সয় না—তাহাকে ছাড়িয়া দিলে তবেই তাহাকে পাওয়া যায়, তাহাকে ধরিয়া থাকিলে দে ছুটিতে চায়। কিন্তু নারীর পক্ষে যে নিশ্চিন্ত বিশ্বন্ত নিরাপদ্ নির্ভর একান্ত আবশ্রুক, বিহারীই তাহা দিতে পারে। আজু আর বিহারীকে ছাড়িলে বিনোদিনীর একেবারেই চলিবে না।

গ্রাম ছাড়িয়া আসিবার দিন তাহার
নামের সমস্ত চিঠিপত্র নৃতন ঠিকানায় পাঠাইবার জন্ত মহেল্রকে দিয়া বিনোদিনা হেশনের সংলগ্ন পোষ্ট আপিসে বিশেষ করিয়া
বলিয়া আসিয়াছিল
। বিহারী যে একেবারেই
তাহার চিঠির কোন উত্তর দিবে না, এ কথা
বিনোদিনী কোনমতেই স্বীকার করিল না—
সে বলিল, 'আমি সাতটা দিন ধৈয়া ধরিয়া
উত্তরের জন্ত অপেক্ষা করিব, তাহার পরে
দেখা যাইবে।'

এই বলিয়া বিনোদিনী অন্ধকারে জানালা খুলিরা গ্যাসালোকদীপ্ত কলিকাতার দিকে অন্তমনে চাহিয়া রহিল। এই সন্ধানবেলায় বিহারী এই সহরের মধ্যেই আছে ইহারই গোটাকতক রাস্তা ও গলি পার হইয়া গেলেই এথনি তাহার দরজার কাছে পৌছান যাইতে পারে – তাহার পরে সেই জলের কলওয়ালা ছোট আজিনা, সেই সি জি, সেই স্থাজিত পরিপাটী আলোকিত নিভূত ঘরটি—সেধানে নিস্তক্ষ শান্তির মধ্যে বিহারী একলা কেদারায় বিসিয়া আছে—হয় ত কাছে

সেই ব্রাহ্মণবালক—সেই **স্থ**গোল স্থন্দর গৌরবর্ণ আয়তনেত্র সরলমূর্ত্তি ছেলেটি নিজের মনে ছবির বই লইয়া পাতা উল্টাই-তেছে—একে একে সমস্ত চিত্রটা করিয়া স্নেহে-প্রেমে বিনোদিনীর সর্বাঙ্গ পরিপূর্ণ পুলকিত হইয়া উঠिन। कतिरल এथनि या अया याथ, ইहाই মনে क्रिया वितामिनी हेम्हात्क वत्क जूलिया नहेग्रा (थना कतिराज नाशिन। আগে हहेरन হয় ত দেই ইচ্ছা পূর্ণ করিতে দে অগ্রদর হইত; কিন্তু এখন অনেক কথা ভাবিতে হয়। এখন শুধু বাদনা চরিতার্থ করা নয়, উদ্দেশ্য সিদ্ধ করিতে হইবে। বিনোদিনী কহিল, "আগে দেখি বিহারী কিরূপ উত্তর দেয়, তাহার পরে কোন্ পথে চলা আবশুক, श्रित कत्रा गाहेरत । किर्धू ना त्रिक्षा विश-রীকে বিরক্ত করিতে যাইতে তাহার আর সাহদ হইল না।

এইরপ ভাবিতে ভ'বিতে যথন রাত্রি
নয়টা-দশটা বাজিয়া গেল,তথন মহেলু ধীরে
ধীরে আসিয়া উপস্থিত। কয়দিন অনিদ্রায়
অনিয়মে অত্যস্ত উত্তেজিত অবস্থায় সে
কাটাইয়াছে;—আজ ক্বতকার্য্য হইয়া বিনোদিনীকে বাসায় আনিয়া একেবারে অবসাদ
ও প্রান্তিতে তাহাকে যেন অভিভূত করিয়া
দিয়াছে। আজ আর সংসারের সঙ্গে—নিজের
অবস্থার সঙ্গে লড়াই করিবার বল যেন
তাহার নাই। তাহার সমস্ত ভারাক্রাস্ত
ভাবী জীবনের ক্লান্তি যেন তাহাকে আজ্ব

কৃত্ব দারের কাছে দাঁড়াইয়া ঘা দিতে মহেক্রের অত্যন্ত লজাবোধ হইতে লাগিল। বে উন্মন্ততার সমস্ত পৃথিবীকে সে লক্ষ্য করে
নাই, সে মন্ততা কোথার ? পথের অপরিচিত
লোকদের দৃষ্টির সন্মুখেও তাহার সর্বাঙ্গ
সন্ধৃচিত হইতেছে কেন ?

ভিতরে নৃতন চাকরটা ঘুমাইয়া পড়ি-য়াছে—দরজা থোলাইতে অনেক হাঙ্গাম করিতে হইল। অপরিচিত নৃতন বাসার অন্ধকারের মধ্যে প্রবেশ করিয়া মহেন্দ্রের মন দ্যিয়া গেল। মাতার আদ্বের ধন মহেক্র চিরদিন যে বিলাস-উপকরণে, যে সকল টানাপাথা ও মূল্যবান্ চৌকি-সোফায় অভ্যস্ত, বাদার নৃতন আয়োজনে তাহার অভাব দেই সন্ধাবেলায় অত্যন্ত পরিক্ট হইয়া উঠিল। এই সমস্ত আয়োজন মহেন্দ্রকে সম্পূর্ণ করিতে হইবে, বাসার সমস্ত ব্যবস্থার ভার তাহারই উপরে। মহেন্দ্র কথনো নিজের বা পরের আরামের জন্ম চিন্তা করে নাই---আজ হইতে একটি নৃতনগঠিত অসম্পূর্ণ সংসারের সমস্ত খুঁটিনাটি তাহাকেই বহন করিতে হইবে। সিঁড়িতে একটা কেরো-সিনের ডিবা অপর্যাপ্ত ধূমোদগার করিয়া মিট্মিট্ করিতেছিল—তাহার পরিবর্তে একটা ভাল ল্যাম্প কিনিতে হইবে। বারান্দা বাহিয়া সিঁভিতে উঠিবার রাস্তাটা কলের জলের প্রবাহে স্টাৎস্টাৎ করিতেছে— মিস্তি ডাকাইয়া বিলাতি মাটির দারা সে জায়গা মেরামৎ করা আবশ্যক। রাস্তার দিকের হুটো ঘর যে জুতার দোকানদারদের হাতে ছিল, তাহার সে হটো ঘর এখনো ছাড়ে নাই, তাহা লইয়া বাড়াওয়ালার সহিত লড়াই করিতে হ**ই**বে। এই সমস্ত কা**জ** তাহার নিজে না করিলে নয়,ইহাই চকিতের

মধ্যে মনে উদয় হইয়া তাহার প্রান্তির বোঝায় আনীরো বোঝা চাঁপিল।

মহেক্স সিঁড়ির কাছে কিছুক্ষণ দাঁড়াইরা
নিজেকে সাম্লাইরা লইল—বিনে: দিনীর
প্রতি তাহার যে প্রেম ছিল, তাহাকে উত্তেজিত করিল। নিজেকে ব্ঝাইল যে, এতদিন সমস্ত পৃথিবীকে• ভূলিরা সে যাহাকে
চাহিয়াছিল, আজ তাহাকে পাইয়াছে, আজ
উভয়ের মাঝখানে কোন বাধা নাই— আজ
মহেক্রের আনন্দের দিন। কিন্তু কোন
বাধা যে নাই, তাহাই সর্বাপেক্ষা বড় বাধা,
আজ মহেক্স নিজেই নিজের বাধা।

বিনোদিনী রাস্তা হইতে মংহক্রকে দেখিয়া তাহার ধ্যানাসন হইতে উঠিয়া ঘরে আলো জালিল, এবং একটা সেলাই কোলে লইয়া নতশিরে তাহাতে নিবিষ্ট হইল,—এই সেলাই বিনোদিনীর আবরণ, ইহার অস্তরালে তাহার যেন একটা আশ্রয় আছে।

মহেক্ত ঘরে ঢ়ুকিয়া কহিল — "বিনোদ, এথানে নিশ্চয় তোমার অনেক অস্ক্রবিধা ঘটতেছে।"

বিনোদিনী সেশাই করিতে করিতে বলিল—"কিছুমাত্র না!"

মহেল্র কহিল, "আমি আর ছই তিন দিনের মধ্যেই সমস্ত আস্বাব্ আনিয়া উপ-স্থিত করিব, এই কম্বদিন তোমাকে একটু কষ্ট পাইতে হইবে।"

বিনোদিনী কহিল—"না, সে কিছুতেই হইতে পারিবে না ;—তুমি আর একটিও আস্বাব্ আনিয়ো না, এখানে যাহা আছে, তাহা আমার আবশ্রকের চেমে ঢের বেশি!"

মহেন্দ্র কহিল—"আমি হতভাগ্যও কি সেই ঢের বৈশির মধ্যে ?".

, বিনোদিনী। নিজেকে অত বেশি মনে করিতে নাই—একটু বিনয় পাকা ভাল।

সেই নির্জ্জন দীপালোকে কর্ম্মরত নত-শির বিনোদিনীর আত্মসমাহিত মূর্ত্তি দেখিয়া মূহুর্ত্তের মধ্যে মহেল্রের মনে আবার সেই মোহের সঞ্চার হইল।

বাড়ীতে হইলে ছুটিয়া সে বিনোদিনীর পায়ের কাছে আসিয়া পড়িত—কিন্তু এ ত বাড়ী নহে, সেইজন্ত মহেল্র তাহা পারিল না। আজ বিনোদিনী অসহায়, একাস্তই সে মহেল্রের আয়ত্তের মধ্যে, আজ নিজেকে সংযত না রাখিলে বড়ই কাপুরুষতা হয়।

বিনোদিনী কহিল, "এথানে তুমি ভোমার বই-কাপড়গুলা আনিলে কেন ?"

মহেন্দ্র কহিল, "ওগুলাকে যে আমি আমার আবশুকের মধ্যেই গণ্য করি। ওগুলা 'ঢের বেশি'র দলে নয়।"

বিনোদিনী। জানি, কিন্তু এথানে ও সব কেন ?

মহেন্দ্র । সে ঠিক কথা,—এখানে কোন আবশুক জিনিয় শোভা পায় না,—বিনোদ, বইটইগুলো তৃমি রাস্তায় টান মারিয়া ফেলিয়া দিয়ো, আমি আপত্তিমাত্র করিব-না, কেবল সেই সঙ্গে আমাকেও ফেলিয়ো না!—

বলিয়া এই উপলক্ষ্যে মহেল্র একটুথানি সরিয়া আসিয়া কাপড়ে-বাঁধা বইয়ের পুঁটুলি বিনোদিনীর পায়ের কাছে আনিয়া ফেলিল।

বিনোদিনী গন্তীরমুথে সেলাই করিতে করিতে মাথা না তুলিয়া বলিল, "ঠাকুরপো, এখানে তোমার থাকা হইবে না।" মহেল্স তাহার সভোজাগ্রত আগ্রহের
মুথে প্রতিঘাত পাইয়া ব্যাকুল হইয়া উঠিল—
গদাদকণ্ঠে কহিল, "কেন বিনোদ, কেন
তুমি আমাকে দুরে রাখিতে চাও ? তোমার
জন্ম সমস্ত পরিত্যাগ করিয়া কি এই
পাইলাম ?"

বিনোদিনী। আমার জন্ম তোমাকে সমস্ত পরিত্যাগ করিতে দিব না!

মহেন্দ্র বলিয়া উঠিল, "এখন সে আর তোমার হাতে নাই-- সমস্ত সংসার আমার চারিদিক্ হইতে স্থালিত হইয়া পড়িয়াছে--কেবল তুমি একলা আছ বিনোদ! বিনোদ---বিনোদ---"

বলিতে বলিতে মহেক্ত শুইয়া পড়িয়া বিহ্বলভাবে বিনোদিনীর পা জাের করিয়া চাপিয়া ধরিল এবং তাহার পদপল্লব বারংবার চুম্বন করিতে লাগিল।

বিনোদিনী পা ছাড়াইয়া লইয়া উঠিয়া
দাঁড়াইল। কহিল—"মহেল্র, তুমি কি
প্রতিজ্ঞা করিয়াছিলে মনে নাই ?"

সমস্ত বলপ্ররোগ করিয়া মহেক্স আত্ম-সংবরণ করিয়া লইল—কহিল, "মনে আছে। শপথ করিয়াছিলাম, তোমার যাহা ইচ্ছা, তাহাই হইবে, আমি কথন তাহার কোন অন্যথা করিব না। সেই শপথই রক্ষা করিব। কি করিতে হইবে বল।

বিনোদিনী। তুমি তোমার বাড়ীতে গিয়া থাকিবে।

মহেন্দ্র। আমিই কি তোমার একমাত্র অনিচ্ছার সামগ্রী বিনোদ ? তাই যদি হইবে, তবে তুমি আমাকে টানিয়া আনিলে কেন ? যে তোমার ভোগের সামগ্রী নয়, তাহাকে শিকার করিবার কি প্রয়োজন ছিল ? সভ্য করিয়া বল, আমি কি ইচ্ছা কন্ধিয়া ভোমার কাছে ধরা দিয়াছি, না, ভূমি ইচ্ছা করিয়া আমাকে ধরিয়াছ ? আমাকে লইয়া ভূমি এইরূপ থেলা করিবে, ইহাও কি আমি সহ্ করিব ? তবু আমি আমার শপথ পালন করিব—যে বাড়ীতে আমি নিজের স্থান পদাঘাতে চূর্ণ কবিয়া ফেলিয়াছি, সেই বাড়ীতে গিয়াই আমি থাকিব।

বিনোদিনী ভূমিতে বসিয়া পুনরায় নিক্তরে সেলাই করিতে লাগিল।

মহেন্দ্র কিছুক্ষণ স্থিরভাবে ভাহার মুখের দিকে চাহিয়া বলিয়া উঠিল—"নিষ্ঠুর, বিনোদ, তুমি নিষ্ঠুর! আমি অত্যস্ত হতভাগ্যা, যে আমি ভোমাকে ভাল বাসিয়াছি!"

বিনোদিনী সেলাইয়ে একটা ভূল করিয়া আলোর কাছে ধরিয়া তাহা বছষত্বে পুনব্বার থূলিতে লাগিল। মহেল্ফের ইচ্ছা করিতে লাগিল, বিনোদিনীর ঐ পাষাণ হৃদয়টাকে নিজের কঠিন মুন্তির মধ্যে সবলে চাপিয়া ভাঙিয়া ফেলে! এই নীরব নিজয়তা ও অবিচলিত উপেক্ষাকে প্রবল আঘাত করিয়া নেন বাছবলের দ্বারা পরাস্ত ক্ষরিতে ইচ্ছা করে!

মহেল্স বর হইতে বাহির হইয়া পুনরায় ফিরিয়া আসিল—কহিল, "আমি না থাকিলে এথানে একাকিনা ভোমাকে কে রক্ষা করিবে ?"

বিনোদিনী কৃষ্টিল, "সেজন্ত তুমি কিছু-মাত্র ভয় ক্রবিয়ো না। পিসিমা ক্ষেমীকে ছাড়াইয়া দিয়াছেন, সে আজ আমার এখানে আসিয়া কাজ লইয়াছে। ছারে তালা দিয়া আর্ররা ছই স্ত্রীলোকে এথানে বেশ থাকিব!"

মনে মনে যতই রাগ হইতে লাগিল, বিনোদিনীর প্রতি মহেল্রের আকর্ষণ ততই একাস্ত প্রবল হইয়া উঠিল। ঐ অটল মৃত্তিকে বক্সবলে বক্ষে চাপিয়া ধরিয়া ক্লিষ্ট-পিষ্ট করিয়া ফেলিতে ইচ্ছা করিতে লাগিল। সেই দারুণ ইচ্ছার হাত হইতে এড়াইবার জন্স মহেল্ড ছুটিয়া বাড়ী হইতে বাহির হইয়া গেল।

রাস্তার ঘুরিতে ঘুরিতে মহেন্দ্র প্রতিজ্ঞা করিতে লাগিল, বিনোদিনীকে দে উপেক্ষার পরিবর্দ্ধে উপেক্ষা দেখাইবে। যে অবস্থার বিশ্বজ্ঞগতে বিনোদিনীর একমাত্র নির্ভর মহেন্দ্র, দে অবস্থাতেও মহেন্দ্রকে এমন নীরবে-নির্ভরে, এমন স্থান্ট-স্থাপ্ট-ভাবে প্রত্যাখ্যান—এত বড় অপমান কি কোন পুরুষের ভাগ্যে কখনো ঘটরাছে ? মহেন্দ্রের গর্ম্ম চৃণ হইরাও কিছুতেই মরিতে চাহিল না, দে কেবলি পীড়িত-দলিত হইতে লাগিল। মহেন্দ্র কহিল, "আমি কি এতই অপদার্থ! আমার দম্বন্ধে এত বড় স্পদ্ধা কি করিয়া ভাহার মনে হইল ? আমি ছাড়া এখন ভাহার আর কে আছে!"

ভাবিতে ভাবিতে হঠাৎ মনে পড়িল—
বিহারী! হঠাৎ এক মুহুর্ত্তের জ্ঞ তাহার
বক্ষের সমস্ত রক্তপ্রবাহ যেন স্তব্ধ হইয়া
গেল। বিহারীর উপরেই বিনোদিনী নির্ভর
স্থাপন করিয়া আছে—জামি তাহার উপলক্ষ্যমাত্র—আমি তাহার সোপান, তাহার
পা রাধিবার, পদে পদে পদাঘাত করিবার
স্থান! সেই সাহসেই আমার প্রতি এত

অবজ্ঞা! মহেক্রের সন্দেহ হইল, বিহারীর সহিত বিনোদিনীর চিঠিপত্র চলিতেছে এবং •বিনোদিনী তাহার কাছ হইতে কোন আখাস পাইয়াছে।

তথনি মহেল্র বিহারীর বাড়ীর দিকে চলিল। যথন বিহারীর দারে গিয়া ঘা দিল, তথন রাত্রি আর বড় অধিক নাই। আনেক ধাকার পর বেহারা ভিতর হইতে দরজা খুলিয়া দিয়া কহিল, "বাবুজি বাড়ী নাই।"

মহেক্ত চমকিয়া উঠিল। ভাবিল, "আমি যথন নির্বোধের মত রাস্তায় রাস্তায় ছুটিয়া বেড়াইতেছি, বিহারী সেই অবকাশে বিনোদিনীর কাছে গেছে। এইজ্লভাই বিনোদিনী আমাকে এই রাত্রে এমন নির্দায়ভাবে অপমান করিয়াছে, এবং আমিও তাড়িত গর্দ্ধানর মত ছুটিয়া চলিয়া আসিয়াছি।"

মহেন্দ্র তাহার পুরাতন পরিচিত বেহা-রাকে জিজাসা করিল, "ভজু, বাবু কথন্ বাহির হইয়া গেছেন ?"

ভজু কহিল, "সে আজ চাংপাঁচদিন হইয়া গেছে। তিনি পশ্চিমে কোথায় বেড়া-ইতে গেছেন।"

শুনিয়া মহেল্র বাঁচিয়া গেল। তাহার
মনে হইল, 'এইবার একটু শুইয়া আরামে
ঘুমাই, আর সমস্ত রাত ঘুরিয়া বেড়াইতে
পারি না।' বলিয়া উপরে উঠিয়া বিহারীর
ঘরে কোঁচের উপর শুইয়া তৎক্ষণাৎ ঘুমাইয়া
পড়িল।

মহেক্স যে রাত্রে বিহারীর ঘরে আসিয়া উপদ্রব করিয়াছিল, তাহার পরদিনেই বিহারী কোথায় যাইতে হইবে, কিছুই স্থির না করিয়া পশ্চিমে চলিয়া গেছে। বিহারী ভাবিল, এথানে থাকিলে পূর্ববন্ধুর সহিত সংঘর্ষ কোন্-একদিন এমন বীভৎস হইরা উঠিবে যে, তাহার পর চিরক্ষীবন অন্ত-তাপের কারণ থাকিয়া যাইবে।

পরদিন মহেক্র যথন উঠিল, তথন বেলা এগারোটা। উঠিয়াই সম্মুখের টিপাইয়ের উপর তাহার দৃষ্টি পড়িল। দেখিল, বিনোদিনীর হস্তাক্ষরে বিহারীর নামে এক পত্র পাথরের কাগজচাপা দিয়া চাপা রহিয়াছে। তাড়াতাড়ি তাহা তুলিয়া লইয়া দেখিল, পত্র এখনো খোলা হয় নাই। প্রবাদী বিহারীর ক্রস্তু তাহা অপেক্রা করিয়া আছে। কম্পিত-হস্তে মহেক্র তাড়াতাড়ি তাহা খুলিয়া পড়িতে লাগিল। এই চিঠিই বিনোদিনী তাহাদের গ্রাম হইতে বিহারীকে লিখিয়াছিল এবং ইহার কোন ক্রবাব সে পায় নাই।

চিঠির প্রত্যেক অক্ষর মহেন্দ্রকে দংশন করিতে লাগিল। বাল্যকাল হইতে বরাবর বিহারী মহেন্দ্রের অন্তরালেই পড়িয়া ছিল। জগতে স্নেহপ্রেমসম্বন্ধে মহেন্দ্রদেবতার গুফ নির্মাল্যই তাহার ভাগ্যে জুটিত। আজ মহেন্দ্র কয়ং প্রার্থী এবং বিহারী বিম্প, তব্ মহেন্দ্রকে ঠেলিয়া বিনোদিনী এই অরসিক বিহারীকেই বরণ করিল ? মহেন্দ্রও বিনোদিনীর হুইচারিখানা চিঠি পাইয়াছে, কিন্তু বিহারীর এ চিঠির কাছে তাহা নিতান্ত ক্রিম, তাহা নির্মোধকে জুলাইবার শূন্ত ছলনা!

ন্তন ঠিকানা জানাইবার জভ গ্রামের ডাক্ঘরে মহেক্সকে পাঠাইতে বিনোদিনীর ব্যগ্রতা মহেক্সের মনে পড়িল এবং তাহার কারণ সে বৃথিতে পারিল। বিনোদিনী তাহার সমস্ত মনপ্রাণ দিয়া বিহারীর চিঠির উত্তর পাইবার জর্ভ পথ চার্হিয়া বসিরা আছে!

পূর্বপ্রথমিত মনিব না থাকিলেও ভজু-বেহারা মহেন্দ্রকে চা এবং বাজার হইতে জল-থাবার আনাইয়া থাওয়াইল। মহেন্দ্র স্থান ভূলিয়া গেল। উত্তপ্ত বালুকার উপর দিয়া পথিক যেমন জভপদে চলে, মহেন্দ্র সেইরূপ ক্ষণে ক্ষণে বিনোদিনীর জ্বালাকর চিঠির উপর ফ্রত চোথ বুলাইতে লাগিল। মহেন্দ্র পণ করিতে লাগিল, বিনোদিনীর সঙ্গে আর কিছুতেই দেখা করিবে না। কিন্তু তাহার মনে হইল, আর ছইএকদিন চিঠির জ্বাব ना পाইলে বিনোদিনী বিহারীর বাডীতে আসিয়া উপস্থিত হইবে এবং তথন সমস্ত অবস্থা জানিতে পারিয়া সাৰ্নালাভ করিবে। সে সম্ভাবনা তাহার কাছে অসহ বোধ হইল।

তথন চিঠিধানা পকেটে করিয়া মহেক্র সন্ধ্যার কিছু পূর্কে পটলডাঙার বাসায় আসিয়া উপস্থিত হ**ইল**।

মহেল্রের মান অবস্থায় বিনোদিনীর মনে
দয়া হইল - সে বুঝিতে পারিল; মহেলু কাল
রাত্রি হয় ত পথে পথে অনি দায় বাপন করিয়াছে। জিজ্ঞাস। করিল---"কাল রাত্রে বাড়ী
যাও নাই ?"

भरहक कश्नि—"ना।"

বিনোদিনী বাস্ত হইয়া বলিয়া উঠিল,
"আজ এখনো তোমার খাওয়া হয়নি না
কি ?"—বলিয়া সেবাপরায়ণা বিনোদিনী
তৎক্ষণাৎ আহারের আয়োজন করিতে উদ্ভত
হইল।

মহেন্দ্র কহিল—"থাক্ থাক্, আমি থাইয়া আসিয়ান্তি।"

বিনোদিনী। কোণায় খাইয়াছ ? • মহেক্স। বিহারীদের বাড়ীতে।

মূহর্ত্তের জন্ত বিনোদিনীর মুথ পাপ্ত্বর্ণ হইয়া গেল। মূহর্ত্তকাল নিরুত্তর থাকিয়া আত্মগংবরণ করিয়া . বিনোদিনী জিজ্ঞাসা করিল—"বিহারি ঠাকুরপো ভাল আছেন ত ?"

মহেক্ত কহিল—"ভালই আছে। বিহারী যে পশ্চিমে চলিয়া গেল।"—মহেক্ত এমন ভাবে বলিল, যেন বিহারী আজ্ঞ রওনা হটয়াছে।

বিনোদিনার মুথ আর একবার পাংশুবর্ণ হইয়া গেল। পুনর্কার আত্মসংবরণ করিয়া সে কহিল—"এমন চঞ্চল লোকও ত দেখি নাই। আমাদের সমন্ত খবর পাইয়াছেন বৃঝি ? ঠাকুরপো খুব কি রাগ করিয়াছেন ?"

মহেক্স। তানাহইলে এই অসহ গর-মের সময় কি মাকুষ স্থ ক্রিয়া পশ্চিমে বেড়াইতে যায় ?

বিনোদিনী। আমার কথা কিছু বলি-লেন না কি•?

মহেক্ত। বলিবার আর কি আছে! এই লও বিহারীর চিঠি।—

বলিয়া চিঠিখান। বিনোদিনীর হাতে দিরা মহেক্স তীব্রদৃষ্টিতে তাহার মুখের ভাব নিরীক্ষণ করিতে লাগিল।

বিনোদিনী তাড়াতাড়ি চিঠি লইর। দেখিল, থোনা চিঠি,—লেফাফার উপরে তাহারি হস্তাক্ষরে বিহারীর নাম লেখা। লেফাফা হইতে বাহির করিরা দেখিল, তাহারি লেখা সেই চিঠি। উল্টিয়া-পাল্টিয়া
কোথাও বিহারীর লেখা জবাব কিছুই
, দেখিতে পাইল না।

একটুথানি চুপ করিয়া থাকিয়া বিনো-দিনী মহেক্সকে জিজ্ঞাস: করিল, "চিঠিথানা তুমি পড়িয়াছ ?"

বিনোদিনীর মুথের ভাব দেথিয়া মহে-ক্লের মনে ভয়ের সঞ্চার হটল। সে ফ্স্ করিয়া মিথ্যাকথা কহিল—"না।"

বিনোদিনী চিঠিখানা টুক্রা-টুক্রা ছিঁড়িয়া পুনরায় ভাহা কুটিকুটি করিয়া জানালার বাহিরে ফেলিয়া দিল।

মহেক্স কহিল, "আমি বাড়ী যাইতেছি।"
বিনোদিনী তাহার কোন উত্তর দিল না।
মহেক্স। তুমি বেমন ইচ্ছা প্রকাশ
করিয়াছ, আমি ভাহাই করিব। সাতদিন
আমি বাড়ীতে থাকিব। কলেজে আসিবার
সময় প্রতাহ একবার এথানকার সমস্ত
বন্দোবস্ত করিয়া কেমীর হাতে দিয়া
যাইব। দেখা করিয়া তোমাকে বিরক্ত

বিনোদিনী মহেক্রের কোন কথা শুনিতে
পাইল কি না, কে জানে—কিন্তু কোন উপ্তর
করিল না—থোলা জানালার বাহিরে অন্ধকার-আকাশে চাহিয়া রহিল।

মহেক্ত তাহার জিনিষপত লটয়া বাছির হইয়৷ গেল।

বিনো, দিনী শৃত্যগৃহে অনেকক্ষণ আড়ষ্টের
মত বসিয়া থাকিয়া অবশে, য নিজেকে বেন
প্রাণপণ বলে সচেতন করিবার জক্ত বক্ষের
কাপড় ছি ড়িয়া আপনাকে নিষ্ঠ্রভাবে
আবাত করিতে লাগিল।

কেমী শব্দ শুনিয়া ব্যস্ত হইয়া আসিয়া কহিল, "বৌঠাকৰুণ, করিতেছ কি '?"

"তুই যা এথান থেকে" বলিয়া গর্জনে করিয়া উঠিয়া বিনোদিনী ক্ষেমীকে ঘর হইতে বাহির করিয়া দিল। তাহার পরে সশব্দে দার ক্ষম করিয়া, ছই হাত মুঠা করিয়া, মাটিতে লুটাইয়া পড়িয়া, বাণাহত জন্তুর মত আর্ত্তরে কাঁদিতে লাগিল! এইরপে বিনোদিনী নিজেকে বিক্ষত, পরিশ্রাস্ত করিয়া মৃচ্ছিতের মত মৃক্তবাতায়নের তলে সমস্তরাত্রি পড়িয়া বহিল।

প্রাতঃকালে স্থ্যালোক গৃহে প্রবেশ করিতেই তাহার হঠাৎ সন্দেহ হইল, বিহারী যদি না গিয়া থাকে, মহেক্র যদি বিনোদনীকে ভূলাইবার জঠা মিথ্যা বর্ণিয়া থাকে ? তৎক্ষণাৎ ক্ষেমীকে ডাকিয়া কহিল—"ক্ষেমী, ভূই এখনি 'যা—বিহারি-ঠাকুরপোর বাড়ী গিয়া ভাঁহাদের থবর লইয়া আয় !"

ক্ষেমী ঘণ্টাথানেক পরে ফিরিয়া আসিয়া কহিল, "বিহারিবাবুর, বাড়ীর সমস্ত জান্লা-দরজা বন্ধ। দরজায় ঘা দিতে ভিতর হইতে বেহারা বলিল, 'বাবু বাড়ীতে নাই, তিনি পশ্চিমে বেড়াইতে গিয়াছেন।'

বিনোদিনীর মনে আর সন্দেহের কোনই কারণ রহিল না।

क्रमण।

বিদ্যাপতি-প্রদঙ্গ

-:10+cm-

প্রায় ৬।৭ বংসর পূর্ব্বে কার্যাবাপদেশে কোনও স্থানে গিয়া একজন প্রবীণ মৈথিল পণ্ডিতের সহিত আমার পরিচয় হয়। তাঁহার সহিত মিথিলার বিষয়ে আমার অনেক কথাবার্ত্তা হইয়াছিল এবং প্রসঙ্গত কবি বিছ্যাপ্রতিক্ষ সম্বন্ধেও তিনি নানারূপ আলাপ করেন। তথন কবির সম্বন্ধে যে সব নৃত্ন তথ্য পণ্ডিতের মুথ হইতে এবং তাঁহার পেটকস্থিত হস্তালিথিত পৃস্তকাবলী হইতে আমি সংগ্রহ করি, সেগুলি একথগু পৃত্তিকায় লিপিবদ্ধ করিয়া রাথিয়াছিলাম, কিন্তু দৈবক্রেমে সেই পৃত্তিকাথানি হারাইয়া বায়। স্কৃতরাং তদবলম্বনে প্রবদ্ধলনের প্রস্থাও আমার

অস্তরেই বিলীন হইয়াছিল। গত জৈাষ্ঠমাদে আমি আমার পূর্ব্বের অয়ন্তরক্ষিত
কাগলপত্র ভোলপাড় করিতে গিয়া মৃত্যোথিতার ন্যায় দেই পুস্তিকাথানি পুনঃপ্রাপ্ত
হইয়াছি এবং তদবলমনেই এই প্রবন্ধ সক্ষলনপূর্ব্বক সাধারণের নিকট উপস্থিত করিতেছি।
আমি পূর্ব্বেই বলিয়া রাথিতেছি যে, ইহা
আমার সংগ্রহমাত, ইহার সত্যাসত্য-নির্দ্ধারণের অবসর বা স্থবিধা আমি পাই নাই;
তবে পণ্ডিত যে ভাবে আমাকে বলিয়াছিলেন এবং হস্তলিখিত পুস্তকাবলী হসতে
যে ভাবে প্রমাণপ্রদর্শনাদি করিয়াছিলেন,
তাহাতে আমার বিশ্বাস হইয়াছিল যে, অস্তত

ইহার মধ্যে অনেক সত্য আছে। এজন্ত সদসদ্ব্যক্তিহেতু সাধুগণের নিকট তাহা বিজ্ঞাপন করিতেছি।

স্থকবি বিভাপতি যে মৈথিল, এ বিষয়ে অধুনা আর কাহারও মনে দন্দেহমাত্রই নাই; কিন্তু কিছুকাল পূর্ব্বে এ বিষয়েও অনেক মতভেদ ছিল। এই সভাবের কল-কর্গ কোকিল-কবিকে একদল বঙ্গমাতার অঙ্কে স্থাপন করিতে প্রয়াস পাইতেন, অন্তদল সত্যের অনুরোধে সে বিষয়ে তীব্র প্রতিপক্ষকে নিরস্ত করিয়া প্রতিবাদ করিবার চেষ্টা করিতেন। কিন্তু অধুনা সকলেই একবাক্যে স্বীকার করিয়াছেন যে, কবি প্রকৃতই মিথিলার অঙ্কের অলন্ধার, প্ৰতি কোন দাবি বঙ্গমাতার তাঁহার नाई।

তবে পুর্বে এরপ ভ্রম কাহারও কাহারও ২ইত, ইহার কারণ কি ?

আমাদিগের নিকট এইরপ বোধ হয় যে. কবির কবিতাগুলি মৃথে মৃথে গীত হওয়ায় ক্রমে অনেকটা অপত্রপ্ত ইইয়া বাঙ্লা ছাঁচে পড়িয়াছিল, তাহা শ্রবণে বাঙালীর রচনা বলিয়াই বোঞ্ছইত; তাই তাহা দেখিয়াও শুনিয়া অনেকের এরপ বোধ ইইতে পারে যে, এরপ কবিতা বাঙালীর হাত ভিন্ন অপরের হাত হইতে হওয়া সম্ভবপর নহে। বর্তমান-প্রচলিত পদাবলীর অনেকগুলিতেই এরপ রচনাভঙ্গী ও শক্ষ্যোজনা দেখা যায় যে, তাহা বাঙালী কবির রচনা নহে, এরপ অমুমান করা হঃসাধ্য ইইয়া পড়ে। দৃষ্টাস্তব্যরূপ হই-তিনটি নমুনা দেখাই-তেছি:—

ক) শুনলো রাজার ঝি,
তিবের কহিতে আসিয়াটি
কানুহেন ধন পরাণে বিধিলি
এ কাজ করিলি কি ?
বেলা-অবসান কালে গিঃ।ছিলি বুঝি জলে,
ভাহারে দেপিয়া মুচকি হাসিয়।


इंजाि ।

পে) রাই জাগ রাই জাগ বলে শারী-শুক বোলে কত নিদ্রা যাও কাল-মাণিকের কোলে। ইত্যাদি।

গে। বন্ধু যাবে দূরদেশে মরিব আমি শোকে সাগরে তেজিব প্রাণ অভ্যে নাহি দেখে, নংহ ত পিয়ার গলায় মালা যে করিয়া দেশে দেশে ভরমিব যোগিনী হটয়!। ইতাাদি।

উদ্ত পদগুলিতে বিভাপতির ভণিতা দেওয়া আছে। ঐরাপ আরও দেখান যাইতে পারে। ইহাদের সঙ্গে খাঁটি বাঙ্লা কবিতার অল্লই পার্থক্য আছে।

তার পর 'আইন-ই-আককরৌ'-নামক প্রামাণিক ইতিহাসগ্রন্থে দেখা যায় যে, মিথি-লার ও বাঙ্লার ভাষাদ্বয়ের সম্বন্ধ অতি নিকট; উভয়কে বিভিন্ন বলিয়া শ্বির করা হংসাধ্য ; এমন কি, উভয় ভাষার অক্ষর পর্যান্তও এক। কবি বিদ্যাপতি আইন ই-আকব্বরীর সময়ের প্রায় দেডশত-ঘর্ষ-পুরোবর্ত্তী সময়ের লোক; আইন-ই-আকব্ব-রীর সময় উভয় ভাষায় যে ঐকা ছিল, বিভাপতির সময়েও হয় ত ঐরূপ ঐক্য ছিল। এই সব কারণেই বোধ হয় বিভাপতির বাঙালীত্ব কল্পিত থাকিবে। যাহা হউক, উক্ত আইন-আক-ব্বরীগ্রন্থেই বিভাপতির গীতিকাব্যালোচনা- প্রসঙ্গে তিনি যে মৈথিল,তাহা বলা হইরাছে;
এবং তাঁহার কবিতা 'পছারী' বা 'পছাড়ী'
নামে উল্লিখিত হইরাছে, দেখিতে পাওরা যার। আরও নানারূপ অকাট্য প্রমাণই এ সম্বন্ধে যথন পাওরা গিরাছে, তথন আর এ বিষয়ে অধিক বলিবার আবশ্যক কি ? ্ আমি মৈথিল পণ্ডিতের নিকট কবি
বিভাপতির একখানি বংশাবর্ণী সংগ্রহ
করিয়াছিলাম, তাহাতে তাঁহার আদিপুরুষ
হইতে কবি পাঁগুন্ত বংশাবলী বিবৃত আছে।
সাধারণের অবগতির জন্ম তাহা নিমে উদ্ভ
করিয়া দিতেছি:—



আয়ুসুগালোকপ্রদীপ্তা পণ্ডিতজননী মিথি-লায় বিভাপতির পূর্বপুরুষগণের পাণ্ডিত্য-খ্যাতি ছিল। শিবাদিতা ঠাকুরমহাশয়ের উপাধি হইতে বৃঝিতে পারা যায় যে, তিনি বাজমন্ত্রীর কার্যা করিতেন এবং রাজনীতিবিভায় তিনি বিশেষ পারদর্শী ছিলেন। ঐ সময় কর্ণাটীয় হরিদেবসিংহ মিথিলার রাজা ছিলেন। ইনি রাজা শিব-**मिःश**ित वः शीय न द्वा । তবে মिथिणा-রাজ্য নানা গোলঘোগের পর কামেশ্বর ব্রাহ্মণের হস্তে আইসে। নামে একজন তাঁহার বংশই বিভাপতির সময় মিথিলায় ছিলেন। বিভাপতির পূর্ব্ব পুরুষ বীরেশবের ক্বত বীরেশ্বরপদ্ধতি একথানি প্রামাণিক পুস্তক। তৎপুদ্র চণ্ডেশ্বর-ঠাকুরেরও ছই-

থানি (বিবাদরত্নাকর এবং স্কৃত্যচিন্তামণি)
পুস্তক মিথিলায় দেখিতে পাওয়া যায় এবং
তাহা হইতে জানিতে পারা যায় যে, চণ্ডেশ্বর
১২০৬ শকে ঐ পুস্তক্তম বা তাহাদের কোন
একথানি প্রণয়ন করেন। তাঁহার সমসাময়িক এবং তাঁহার খুল্লতাভপুত্র রামদত্ত
উপাধ্যায় মহাশয়ও কর্ম্মপদ্ধতি নামে এক
থানি পুস্তক প্রণয়ন করিয়াছিলেন। ইহারা
উভয়েই বিভাপতির খুল্পপিতামহ। কর্মাদিত্য-ঠাকুরের সময়েই প্রথম ইহারা মিথিলায় আগমন করেন।

মহারাজ কীর্জিসিংহের সভাতেই কবি বিভাপতির প্রথম রাজসভাধিষ্ঠানের আরম্ভ। সে সময় তিনি নিশ্চয়ই নবীনবয়স্ক ছিলেন। কীর্তিসিংহের অল্পকাল রাজত্বের পর মহারাজ ভবদিংহ রাজা হন। তিনিও অল্পকাল রাজ্য করেন এবং তাঁহার পর তাঁহার জ্যেষ্ঠপুত্র দেবসিংহ পিভৃসিংহাসনে অধিষ্ঠিত হন।

এই ভবসিংহ এবং দেবসিংহৈর সভাও কবি বিদ্যাপতি অলম্কত করিয়াছিলেন। তাঁহার গীতের মাধুরীসোরভ তথন চারি-मिरक नाश **इटेंटिइन।** मिनिश्ट्त शूब শিবসিংহ পূর্বে হইতেই এই কবির গুণ-পক্ষপাতী ছিলেন। এজন্ত তিনি পিতার মৃত্যুর পর রাজপদ পাইয়াই (১৩২৪ শকাব্দে) কবির কবিত্বের মর্য্যাদাস্বরূপ তাঁহাকে বিস্পী (বর্ত্তমান নাম বিস্ফী বা বিস্পী) গ্রাম্থানি দান করেন। কবি বিদ্যাপতি শব্দশাস্ত্র, অলন্ধার, দর্শন এবং স্মৃতিশাস্ত্রে বিশেষ ব্যৎপন্ন ছিলেন। তবে স্বাভাবিকী উচ্চ-কবিত্বশক্তির ফলে কাব্যালোচনাতেই তাঁহার সমধিক অনুরাগ ছিল। রাজা শিবসিংহও (यमन माहनी ७ (यमन जिल्ला), जिमनह स्वत-সিক কাব্যামোদীও ছিলেন। এজন্ত তাঁহার সময়েই কবির প্রক্বত গুণগৌরব চতুর্দিকে ধ্বনিত হয়। স্বীয় **স্**রম্য হর্দ্মতেলে বসিয়া থাবলপরাক্রান্ত মোগলসমাট পর্যান্ত সে গুণগোরবে মুধ ও চমকিত হইয়াছিলেন। কবি বিদ্যাপতি প্রসিদ্ধ পক্ষধর্মিশ্রের সমসাময়িক এবং সমপাঠী, এরূপ ভূনিতে উভয়ে যে সম্পাম্যিক, পাওয়া যায়। তাহাতে সন্দেহ নাই, তবে সমপাঠা কি না, সে পক্ষে সংশয় আছে।

কেহ কেহ বলেন, কবি ১৩২৩ শকান্দে বিস্ফীগ্রাম লাভ করেন, কিন্তু মৈথিল পণ্ডি-তের প্রমাণে তাহা ঠিক বলিয়া বোধ হয় না। তবে আমি যথন এ বিষয়ে তেমন অমুসন্ধান করিতে পারি নাই, তথন উভন্ন মতেরই উল্লেখমাত্র করিয়া অগত্যা 'মুধীভি-র্বিভাব্যম্' বলিয়াই ক্ষান্ত হইতেছি। বিশেষত এশ্রেণীর সমালোচনার সামান্ত এক বৎসরের পার্থকাটা বিশেষ ক্ষতিকর বলিয়া বোধ হয় না।

এখন আমরা দেখিতে পাইতেছি যে. কবি বিদ্যাপতি রাজা কীর্ত্তিসিংহ, ভবসিংহ, দেবসিংহ এবং তৎপুত্র শিবসিংহের সভা-পণ্ডিত ছিলেন। স্কুতরাং এরূপ অনুমান অসঙ্গত নহে যে, রাজা শিবসিংহের সময়ে কবির বয়স যৌবনের শেষদীমায় বা প্রোঢ়ত্বে উপনীত হইতেছিল। তামাদের হয়, কবি ১২৮০ ও ১২৯০ শকের মধ্য-বর্তী কোন সময়ে জন্মগ্রহণ করেন। রাজা শিবসিংহের পর •রাণী লছিমার রাজত্ব-কালে কবি তাঁহার উপদেশকরপে রাজ-সভায় বিদ্যমান ছিলেন। রাণী লছিমার পর তাঁহার দেবর পদ্মসিংহ মিথিলার রাজা হন। ইঁহার সময়েও কবি রাজার সভা-পণ্ডিতরূপে নিজ কবিত্বের মাধুর্য্যে জন-গণকে মুগ্ধ করিতেছিলেন। পদ্মসিংহের পর তাঁহার পত্নী বিশ্বাসদেবী মিথিলার রাণী হন। ইংহার সভাতেও আমরা বিভাপতিকে मिथिए शाहे, তবে তथन তिनि कौवरनत শেষদীমায় উপনীত।

আমাদের বোধ হয়, কবি প্রায় অশীতিবর্ষ পর্য্যস্ত জীবিত ছিলেন। কারণ যতদ্র
জানিতে পারা গিয়াছে, তাহাতে বুঝা যায়.
রাজা শিবসিংহ ৩বৎসর, রাণী লছিমা
ধ্বৎসর, তৎপরে পদ্মসিংহ ১বৎসর এবং
তৎপত্নী বিশ্বাসদেবী ১২বৎসর রাজত্ব করেন।

স্থতরাং এথানেই আমরা ৩+৫+,১+১২ ২১বৎসর কবিকে রাজসভায় দিথিতেছি। আবার ইতঃপুর্বে কীর্তিসিংহ, ভবসিংচ্ এবং দেবসিংহের সভাতেও আমরা কবিকে দেখিয়াছি। যদিও সেই রাজ্যকাল বেশী ব্যাপক হয় নাই, তথাপি তাহা অতিকম ছইলেও মোট বোধ হয় ৫।৬ বংসর इटेरव। তাহা इटेरलंटे প্রায় ৩ বর্ষকাল কবি রাজসভাতেই কার্য্য করিয়াছেন। শুনিতে পাওয়া যায় যে, কবি ৭৩ কি ৭৪ বংসর বয়সে পরলোকগত হন। অতএব এরপ মনে করা যাইতে পারে যে, কবি ২০ কি ২৫ বৎসর বয়সে রাজসভায় প্রবেশ এবং জীবনের শেষ ১০৷১৫ বৎসর ধর্মচিন্তায় অতি-বাহিত করেন। আমরা এ সমস্ত আমুমানিক-ভাবেই বলিতেছি; কারণ, এ বিষয়ে কোন স্কুঢ় প্রমাণ আমাদের হস্তগত হয় নাই।

কবি যে সংস্কৃতশাস্ত্রে বিশেষ বৃৎপক্ষ
ছিলেন, তাহাতে সন্দেহ নাই। তিনি
"পুক্ষপরীক্ষা" নামে একথানি গদ্যপদ্যময়
গ্রন্থ রচনা করেন। ইহাতে ৪টি পরিচ্ছেদ
এবং ৪৪টি গল্প আছে। ইহাতে অসাধারণ
কৌশলে রাজনীতি, ধর্মনীতি ও সমাজনীতি
প্রভৃতির অবতারণা করা হইয়াছে; তাহা
হইতে কবির ঐ সকল শাস্ত্রে পারদর্শিতা
সমাক্ উপলব্ধ হয়। পুস্তকণানি স্কুমারমতি বালকবৃন্দের শিক্ষার্থে রচিত, কিন্তু
উৎকট আদিরসের অবতারণা থাকায়,
তাহাদিগের পাঠের উহা সম্পূর্ণ অন্তুপ্যোগী
হইয়া পড়িয়াছে।

'লিথনাবলী' নামে আর একথানি পত্র-লিথনপ্রণালীশিকার পুস্তকও নাকি বিদ্যা- পৃতি প্রণয়ন করিয়াছিলেন। ইহাতে ,গুরুজ্বন ও অন্যান্ত কাহাকে কি ⁶ভাবে প্র
লিখিতে হইবে, তৎসম্বন্ধে উপদেশ দেওয়া
হইয়াছে। প্রলিখনপ্রণালী যে একটা
শিক্ষণীয় বিষয় এবং তাহা তখনকার সময়েও
যে বেশ জানা ছিল, এই পৃস্তকই তাহার
সাক্ষ্যদান করিতেছে।

কবি 'কীর্ত্তিলতা' নামে আর একথানি গ্রন্থ প্রথম করেন। ইহা রাজা কীত্রি-সিংহের সময়ে প্রথম প্রণীত এবং তদীয়-ইহাতে নাকি কীত্রিসিংহ ও তদীয় অস্থান্ত कौर्डिकाशिनौ ও বংশধরগণের শাসন প্রণালী প্রভৃতির বিবরণ শাদ্দিল-विक्री फि जामि हम्म वर्गिक चारह। इंश পাঠ করিলে ঐ সব রাজগণের একটা ধারাবাহিক বিবরণ প্রাপ্ত হওয়া যাইতে পারে। আমি ঐ পুস্তক দেখি নাই, তবে শুনিয়াছি, উহা এখন তুম্পাপ্য হইয়াছে। মৈথিল পণ্ডিত ঐ পুস্তকের একটি শ্লোকের ভাব আমাকে বলিয়াছিলেন। তাহা রাজা পদ্ম-সিংহের বিষয়ে লিখিত। ভাবটি এইরূপ:—

"রাজা পদ্মসিংহ বৃহস্পতির ভায় বিদ্বান, রামের ভায় চরিত্রবান, যমের ভায় প্রতাপশালী, বস্থমতীর ন্যায় ধীর, সমুদ্রের ভায় গন্তীর এবং বলির ভায় দাতা ছিলেন। ভগবান থেন উৎকর্ষের সর্বপ্রকার উপাদান হইতে সারাংশ সংগ্রহ করিয়াই তাঁহাকে নির্মাণ করিয়াছিলেন।"

'কীণ্ডিলতা'র অস্থান্ত নরপতিগণের সক-লের চরিত্রই বিরুত হইয়াছে, কিন্তু লছিমা-দেবীর রাজত্বসংক্ষে কবি কোন বর্ণনাই करवुन नारे। कात्रण निष्मारनियेत त्राक्षयन्त्राल विमीणिखरे त्राक्षयनीखित अधान खेणरनिष्टे। हिर्मिन এवः ममछ अधान अधान त्राक्षकार्रग्रत পतिहानना ७ ज्वावधान जिनिरे कतिर्द्धन। स्वत्रताः जांशात উভয়मয় हरे साहिन,—अभःमा कतिरम आया श्रीमा कता हम, आवात निरम्न निमारे वा निरम्भ दमन कित्रमा कतिर्द्ध भारति । এই विरवहनार हरे दाध हम कि निष्मारमियोत वर्षनाम विद्युष्ठ हरे मारहन।

'কীর্ত্তিলতা' গ্রন্থথানি যদি প্রত্নতন্ত্রবিদ্ পণ্ডিতগণ অমুসন্ধান করিয়া সংগ্রহ করিতে পারেন এবং সংগ্রহ করিয়া তাহা মুদ্রিত করেন,তবে তাহা হইতে অনেক ঐতিহাসিক তব্রের উদ্ধার হইতে পারে।

পদ্মসিংহের মহিষী রাণী বিশ্বাসদেবী এক জন আদুৰ্শমহিলা ছিলেন। সংস্কৃতশাস্ত্ৰে ইহার অগাধ পাণ্ডিত্য ছিল। স্বামীর মৃত্যুর পর ইনি ব্রহ্মচুর্যাব্রত অবলম্বন করিয়া অনুক্ষণ धर्मकार्ट्यात अञ्चर्छात्महे कीवन वात्र कतिया-ছিলেন। দীনদরিদ্রের প্রতি ইঁহার জননীম্নেহ সততই উদ্দ ছিল। ইনি নানাস্থানে স্ববৃহৎ मीर्घिकानि थनम कताहेश প্रकावरर्गत कलकहे দূর করিয়াছিলেন। ইহার সে সকল কীর্ত্তি এখনও বিদ্যমান আছে। ইহার সাধারণ নাম विश्वनि ছिन। निजनारम देनि विरमोनि-নামক গ্রাম স্থাপন করেন। বিদ্যাপতি বিশ্বাদদেবীকে বধুরাণী বলিতেন। ইহার जात्मर्भ विमापि 'देनवमर्खश्रमात्र'नामक একথানি গ্রন্থ রচনা করেন। উক্ত পুস্তকে লিথিত বি**শা**গদেবীর সম্বন্ধে এইরূপ আছে:--

"মিনি ক্ষীরসমুদ্র হইতে লক্ষীর স্থায়, গুণযুক্ত বিশ্বপ্রথাত বংশে জন্মগ্রহণ করিয়াছেন: যিনি মহারাজ পদ্মসিংহের প্রিয়তমা মহিষী; যিনি ধর্মাকন্মের একমাত্র সীমাস্বরূপিণী; যিনি পতির সিংহাসনে আরোহণ করিয়া বিশাল মিথিলা শাসন করিতেছেন; যিনি চরিত্রে অক্স্কতীর স্থায়; সেই বিশ্বাসনেবী জয়যুক্তা হউন।

যিনি ইন্দ্রের শচীর ন্যায় সমুজ্জলগুণ-বভী; যিনি মহাদেবের গোরীর ভার; যিনি কলপের রতির ন্যায় স্বভাবমধুরা; যিনি রামের সীভার ন্যায়; যিনি বিষ্ণুর লক্ষীর ন্যায়; যাঁহার নীতি বিশ্ববিখ্যাত; এতাদৃশী ধিজেক্তেন্যা পদ্মসিংহ রাজার পরমা প্রেয়সী বিশাসদেবী ভূমগুলে রাজত্ব করিতেছেন।

ভূমগুলে কত-কত দাতা ছিলেন ও অগ্যাপি বর্ত্তমান আছেন। কিন্তু আর কেহই বিশ্বাসদেবীর ন্যায় প্রথিত্যশা নহেন। যাঁহার স্বর্ণময়-তুলাপুরুষ-মহাদান প্রভৃতি সংসারে অতুলনীয়।

যিনি নিত্য দেবছিজের নিমিত্ত ঐশ্বর্যা দান করিয়া সম্পদের সার্থকতা করেন; যিনি ধর্মশাস্ত্রে অভিজ্ঞা এবং প্রতিদিন চক্রচুড়ের আরাধনায় নিমগ্রচিত্তা; যিনি স্বয়ং বিছ্ষী ও বিদ্যাপতিকে আদেশ প্রদান করিয়া এই 'শৈবসর্বস্বসার'গ্রন্থ রচনা করাইয়া বিশ্ববিখ্যাত কীত্তি লাভ করিতেছেন।"

এতদ্যতীত কবি 'হুর্গাভক্তিতরঙ্গিণী'-নামক আরও একথানি স্মৃতিপুস্তকও প্রণয়ন করিয়াছেন, শুনা যায়।

আর কোনও সংস্কৃতপুস্তক এই কবির লেখনী হইতে প্রস্তুত হইয়াছিল কি না,

আমরা জ্ঞাত নহি; কিন্তু এ সকল এছের রচনায় পাণ্ডিত্যের পরিচয় যথেষ্ঠ থাকিলেও, বেজ্ঞ কবি আজ ভুবনবিশ্রুত অমরতান লাভ করিয়াছেন, সে তাঁহার রাধাকৃষ্ণবিষয়িণী স্থমধুর পদাবলী। যদি কবির অমৃতনিষ্য-निमनी त्वथनीत्र मूर्थ এই পবিত্র প্রেমমনা-কিনীর উৎপত্তি না হইত, তাহা হইলে ঐ সকল সংস্কৃতগ্রন্থরাজি তাঁহাকে আজ পর্যান্ত বাঁচাইয়া রাখিতে সমর্থ হইত কি না, সে বিষয়ে বিশেষ দলেহ। এরূপ অমর্ত্ব, এরূপ সন্মান, এরপ গৌরব যে তিনি লাভ করিতে পারিতেন না. ইহা বোধ হয় আমরা निःमत्न्दर्धे विनाउ शाति। तम ममस श्रान বলীর কবিত্ব ও মাধুর্য্যের আলোচনার স্থান এ প্রবন্ধে হইতে পারে না; আর মাদৃশ কুদ্র ব্যক্তিও তাহার উপযুক্ত নহে। প্রসিদ্ধ कविश्र (य भागवतीत कविष्य मुक्ष इहेम গিয়াছেন, তাহার গুণমাধুর্য্যের সমালোচনা করিতে যাওয়া এ অধম লেথকের পক্ষে বাতুলতামাত্র।

অন্তরের ভাববিকাশ বাহিরে এমন স্থলর নৈপুণোর সহিত যিনি করিতে পারেন; হাদরের প্রত্যেক স্তর উদ্বাটিত করিয়া তাহার রহস্য যিনি চিত্রপটের ন্যায় পাঠকবর্গের সমকে উপস্থাপিত করিতে পারেন; প্রত্যেক অশ্রু, প্রত্যেক হাস্তচ্ছটা, প্রত্যেক উৎকণ্ঠা, প্রত্যেক পরিভৃপ্তি একটি একটি আহরণ করিয়া যিনি সাহিত্যের মধু-ভাগুর পূর্ণ করিয়া রাখিতে পারেন; তাঁহার সে স্থায়ীয় প্রতিভার সম্যক্ গৌরবরক্ষা সাধারণ ক্ষমতার কর্ম্ম নহে। আর একপাও বলিতে হয় যে, সেই সব কবিতার

নিগৃঢ় রসমাধুর্য্য, তাহার সহজ্ব-স্বচ্ছ পবিত্রতা, তাহার অন্তর্নিহিত মহাভাব উপভোগ করাও সাধারণ পাঠকের সাধ্যাতীত। স্বভরাং বাহত বিদ্যাপতির কবিতা ছইএকুবার পড়িয়াই বাহারা তাহা সম্পূর্ণ আমিত করিয়াছেন মনে করিয়া তাহার স্বাক্তাচনায় অগ্রসর হন, তাঁহাদিগেরও সেটা অতিসাহসিকতা এবং অনেকটা ধৃষ্টতার পরিচয় মাত্র।

কবি রাধাক্ষণদাবলী ব্যতীত মৈথিল-ভাষায় শৈব পদাবলীও রচনা করিয়াছিলেন, তাহাও মাধুর্য্যে বড় কম নহে। মৈথিল পণ্ডিত মহাশয় একটি পদ গান করিয়া আমাকে শুনাইয়াছিলেন, কিন্তু তাহার বিন্দু-বিদর্গও আমার মনে নাই। এই শৈব পদাবলী বঙ্গে প্রচলিত নাই, তবে মিথিলায় ইছার বিশেষ প্রচলন আছে। কবি শেষ-বয়সে নাকি এই শৈব পদাবলী গান করিতে বড় ভালবাসিতেন। কথিত আছে যে, কবি যথন ভাবাবেশে বিভোর হইয়া এই সকল পদ ভক্তিরদোচ্ছ্বাদের সহিত গান করি-তেন, তথন স্বয়ং মহাদেব ছন্মবেশে ভক্তের এই কীর্ত্তন শুনিতে আসিতেন এই প্রবাদ হইতেই উহার মাধুর্য্যের সরল-স্থন্দর স্বাভা-বিক বিকাশ উপলব্ধিগোচর হইবে।

কবি বিদ্যাপতি এবং রাণী লছিমা সংক্রান্ত একটি কুৎসিত প্রবাদ সাধারণ্যে প্রচলিত আছে। মৈথিল পণ্ডিত মহাশয় বলেন, উহা একান্ত অশ্রদ্ধের; 'কবি বড় আদিরসপ্রিয় ছিলেন, 'আর লছিমাদেবীর কার্যাধ্যক্ষতা করিয়াছিলেন,ভাহাতেই বোধ হয় এই কলক্ষ-কথার উৎপত্তি হইয়া থাকিবে। বিশেষত মছাকবি ভবভৃতির অল্রান্ত ভাষায় ইহাও বলা যায় থেঁ—

''যথা স্ত্ৰীণাং তথা বাচাং সাধুত্বে হুৰ্জ্জনো জনঃ।" আমরাও মৈশির পণ্ডিতের উক্তির অমুমোদন করি। নতুন শিবসিংহের ভাগ একজন প্রভাব তেবা নরপতি যে নিজ মহিধীর এরপ ব্যভিচার জ্ঞাত থাকিয়াও क वित्क श्रीय ताजन जाय श्रान निया हितन, তাঁহার শিরশ্ছেদ করেন নাই, ইহা আমাদের নিকট একান্ত অশ্রদ্ধের। ভারতবর্ষের লোকে স্তার ব্যভিচার যেরূপ দোষাবহ—যেরূপ অসহনীয় বোধ করে, অন্ত কোন দেশে এত करत कि ना, जानि ना। मामाछ व्यक्तिता ७ যথন এরপ স্থলে আইনের মর্য্যাদা লজ্মন করিয়া, ভার্যা ও উপপতি, উভয়ের অন্যতর বা উভয়েরই শিরশ্ছেদ করিয়া থাকে, তথন শিবসিংহ নিজে রাজা এবং বীরপুরুষ হইয়া যে অবিচলিতচিত্তে যশ-উদ্ভাগিত স্বকীয় শুত্র कूरन এ कनक्षकानिमा रनभन कतिरा निमा-ছিলেন, এ কথা আমাদের কোনক্রমেই বিশ্বাস করিতে ইচ্ছা হয় না।

মুসলমান-আক্রমণ-কালে রাষ্ট্রবিপ্লবের সময় রাণী লাইমার রক্ষণাবেক্ষণের ভার কবি বিভাপতির উপরেই অর্পিত ছিল, স্ক্তরাং রাণী তাঁহার সহিত পলায়নে বাধ্য হইয়াছিলেন। আমরা তো ইহাতে কবির বিশ্বস্থতারই সমধিক প্রমাণ পাইতেছি। নিতাস্ত বিশ্বস্ত লোক না হইলে আর তাহার হস্তেক্হে নিজ স্ত্রীপরিবারের ভার অর্পণ করেনা; কবির প্রতিও রাজার তাদৃশ বিশ্বাস না থাকিলে, তিনি এরপ ভার অর্পণ করিবেন কেন? রাজা শিবসিংহ বিদ্যাপতিকে কত-

দ্র ভালবাসিতেন, কতদ্র বিশ্বাস করিতেন, উলিখিত ঘটনায় আমরা তাহারই পরিচয়
,পাই। আমাদের বিশ্বাস, কবিও সম্পূর্ণরূপে তাঁহার ধর্ম ও বিশ্বস্ততা রক্ষা করিয়া গিয়াছেন। মুসলমানদিগের সহিত রাজা শিবসিংহের বহু যুর্বিগ্রহ হয়, সেজ্য অনেকসময় রাজাকে রাজধানী হইতে দ্রে নিরুদিপ্ত অবস্থায় থাকিতে হইত। স্কুতরাং রাজকার্য্যের পরামর্শ প্রভৃতির জন্ম কবিকে অনেকসময় রাণী লছিমার সমিহিত হইতে হইত, কিন্তু তাহাতে অন্য কোন নীচ অসদভিসন্ধি ছিলান।

কবি বিদ্যাপতি একজন প্রেমের সাধক,
—পবিত্র সৌলর্য্যের উপাদক ছিলেন। আর
শুনিতে পাওয়া যায়, রাণী লছিমাও কমলার
ন্থায় অসাধারণরপলাবণ্যশালিনী ছিলেন;
সেজন্ম তাঁহার প্রশ্তি কবির অন্তরের একটা
আকর্ষণ থাকিতে পারে, কিন্তু তাহা যে দর্ব্বথা
কামগন্ধশৃন্য, তাহার মধ্যে যে মানবীয়
রক্তমাংসসন্ত্ত প্রেম-বিলাদের কণামাত্রও
ছিল না, ইহাতে সন্দেহ করিবার কোন
প্রমাণ বা হেতুই আমরা দেখি না।

রাজা শিবসিংহের ব্যবহারই আমাদের পক্ষে প্রবল প্রমাণ বলিয়া বোধ করি।

লছিমাদেবীকে না দেখিতে পাইলে কবির কবিছ নাকি ক্ষৃ জি পাইত না, আবার তাঁহাকে দেখিবামাত্র কবির প্রেম-উৎস উথলিয়া শতধারে কবিছস্রোত ছুটিয়া বাহির হইত, এরূপ প্রবাদেরও অনেকে উল্লেখ করেন। ইহা কতদ্র সত্য, তাহা আমরা অবগত নহি।

দিলীর বাদশাহ একবার কোন অপরাধে রাজা শিবসিংহকে কারারুদ্ধ করেন। কবি তথন দিল্লীতে ধাইয়া স্বীয় কবিষপ্রভাবে বাদশাহকে মুঝ করিয়া রাজার উদ্ধারদাধন করিয়াছিলেন, এইরূপ কিংবদস্তীও প্রচলিত, আছে। ইহা অতিরঞ্জিত বা অসম্ভব বলিয়া বোধ হয় না।

কথিত আছে,কবি আপনার অন্তিমসময় জানিতে পারিয়া পুণ্যতোয়া জাহুবীর স্লিলে শ্বীয় পাপরাশি বিধৌত করিয়া অঙ্কেই তমুত্যাগ করিবার মানসে করেন। পরে গঙ্গা হইতে ছইকোশ দূরে থাকিতে তিনি বলেন, "আমি মায়ের জন্য এতদুর আসিলাম, আর মা আমার জন্য এই পথটুকু আসিবেন না ?" ভক্ত সম্ভান মায়ের স্নেহপরীক্ষার্থ অভিমান করিয়া বসিয়া রহিলেন, আর অগ্রসর হইলেন না। কিন্তু প্রাণের আহ্বান ও নিয়া জগজ্জননী কি স্থির থাকিতে পারেন ? তিনি ভক্তির বশীভূত, স্থুতরাং একরাত্রির মধ্যেই সেই-স্থানে গঙ্গার গুভাগমন হইল। কবিও তথন ভক্তিপুল্কিত দেহে পবিত্র গঙ্গাস্তব গান করিতে করিতে মায়ের পূত অঙ্কে স্বদেহ বিসর্জন করিয়া মোক্ষলাভ করিলেন। এইরূপ প্রবাদও প্রচলিত আছে,কবি যেখানে দেহ বিসর্জন করিয়াছিলেন, অন্তাপি তথায় গঙ্গাথর্ভের চিহ্ন দেখিতে পাওয়া যায়।

আজকাল বিভাপতির বংশধরগণ,ভনিয়াছি,

বিদ্ফীগ্রাম পরিত্যাগ করিয়া অন্যত্র বাদ করিতেছেন, কিন্তু বিভাপতির 'বাসস্থানের চিহ্ন এখনও নাকি সেখানে বিশ্বমান আছে। কবি নিজে' তথায় একটি শিবস্থাপন कतिश्राहित्नन । भिवसमित् व्यक्तिश्रामित्म-চুম্বিতা কমলানামী এক বিভাগে সরিৎ আজও সেধানে দেখিতে পাওয়া যার। তবে মন্দিরটি, গুনিতে পাই, যত্নাভাবে প্রায় ভগ্ন-দশায় পতিত। ইহা যদি সত্য হয়, তবে দেশের তাহা হরপনেয় কলম্ব বলিতে কবির সে শেষশ্বতি রক্ষার জ্বন্য উপযুক্ত আয়োজন করা কর্ত্তবা। মিথিলার প্রথিত্যশা ধার্ম্মিকবর দারবঙ্গাধিপতির গোচরীভূত হইলে বোধ হয় আর এ বিষয়ের জন্ম কোনই বেগ পাইতে হইবে না।

কবি বিভাপতির সম্বন্ধে যে সব তথ্য
আমি জানিতে পারিয়াছিলাম, সংক্ষেপে তাহা
স্থাজনের নিকট নিবেদন করিলাম। ইহাতে
কবির বিষয়ে অনেক নৃতন কথা আছে।
সে সকল এবং পূর্ব্যঞ্জত ছইএকটি বিষয়
ও তাহাদের উপর আমার ষাহা বক্তব্য, তৎসমন্তের সমবায়ে এই প্রবন্ধ গঠিত হইল।
ইহার সকল কথা সত্য কি না, বলিতে পারি
না; তবে আমার বিশাস, সত্যও যে অনেকগুলি ইহার মধ্যে না আছে, তাহা নহে।*

শ্রীয়ত্রনাথ চক্তবর্তী।

* প্রবন্ধতির সকলন প্রাবণমাসে হইলেও, পারিবারিক ও অস্থান্থ নানারপ কার্যা নিবন্ধন ইহা মুদ্রিত করিতে কেনও পত্রিকার দেওরা হর নাই। বাহা হউক, গত ভাদ্রমাসের এডুকেশন গেল্পেটে উদ্ধৃত সাহিত্য-পরিবৎ পত্রিকার কোন প্রবন্ধ পাঠ করিয়া দেখিলাম যে, স্কুনিপুণ প্রত্নতত্বদর্শী পণ্ডিত শ্রীকুক হর-প্রদাদ শ'রী মহাশর বিদ্যাপতিসম্বন্ধ যে সব তথ্য জানিরা আসিরাছেন, তাহার অনেকস্থলে আমার সংগৃহীত বিবরের সহিত ঐক্য আছে। ইহা হইতে ব্ঝিতেছি যে, আমার সংগ্রহের মধ্যে অনেকগুলিই সত্য। এজস্ম সানন্দে ইহা পাঠকগণন্মীপে উপস্থিত করিলাম।—লেথক।

আয় হুঃখ, আয়।

(>)

আয় হৃঃথ, আয় !

হাদয়-কমলাসনে,

প্রীতিপুপ দিব তব উপহার পায়;

আয় হৃঃথ, আয় !

বিরহ-মথিত প্রধা মিটাইবে তব ক্ষ্ধা, লাগিবে নয়ন-জল তব অর্চ্চনায়; আয় হঃখ, আয় !

(२)

সাধিয়া দেথেছি স্থ, ভরে না তাহার বুক, জীবন যৌবন দিয়ে তবু না কুলায়, তবু হায়, হায়!

সর্বস্থ করিয়া পণ, পাই নাই তার মন, চির-অপরাধি মত নত তার পায়! আয় হঃখ, আয়!

(0)

বুকের শোণিত পিয়ে, কি গেল আমারে দিয়ে ৽
রেণে গেল চিরদিন ব্যাকুল ব্যথায়,—
চির-পিপাসায় !

দীপ্তি নিয়ে গেল স্থ্য, ধৃমিত নির্বাণমুথ— প্রদীপের মত করি রাথিয়া আমায়; আয় ছঃখ, আয়!

(8)

চাহি না ক্ষণিক আলো, চির অন্ধকার ভালো, বিশ্ববাপী প্রেমে তার সব ডুবে যায়; আলো কেবা চায় ? চাহি না বাসস্তী-হাসি, চাঁদের জ্যোৎস্না-রাশি, এতটুকু মেঘে যার লাবণ্য লুকায়, আয় গ্রঃখ, আয় !

(¢)

বর্ণহীন—রূপহীন, আপনাতে চিরলী আমি চাই অন্তত্তম নিবিড় নিশায়,— মগ্র মহিমায়!

সে ত ভেদ নাহি জানে, আত্ম-পর বুকে টানে, সে মম হৃঃথের মৃর্ক্তি—নমি তার পায়। আয় হৃঃুথ, আয়!

শ্রীগিরিজাপ্রসন্ন মুখোপাধ্যায়।

ভারতে আকালী।

নাদির শাহ ও আহম্মদ শাহ আকালীর নাম থৃষ্টীয় অপ্তাদশ শতাব্দীর ভারতবর্ষের ইতি-ইঁহাদিগের জন্ম शास्त्र विस्थय अभिक। ভারতবাদীকে যেরপ বিভূমনাভোগ করিতে হইয়াছে, সেরূপ বোধ হয়, আর কাহারও ব্বতা করিতে হয় নাই। ক্রুরতায় ইহাদিগের মধ্যে কেহই নান ছিলেন না। ভারতবর্ষের ভাগ্যবিপ্লবে ইহারা উভয়েই সমান সহায়তা করিয়াছিলেন। বরং সে বিষয়ে আন্দালীর কার্যাকারিতা অধিক বলিয়া স্বীকার করিতে হয়। কারণ, নাদির শাহের দিল্লী আক্রমণ ও লুঠনের ফলে ভারতে জীর্ণপ্রায় মোগল-সাত্রাজ্যের ভিত্তি সমধিক শিথিল হইয়া পড়ে ও মহারাষ্ট্রীয় হিন্দুশক্তির সাম্রাজ্য-বিস্তারের পথ পরিষ্কৃত হয়; কিন্তু আনালীর

আক্রমণে ভারতের হিন্দু ও মোদলমান উভয়বিধ শক্তিই ক্ষীণতাপ্রাপ্ত হয় এবং পাশ্চাতাশক্তির প্রতাপ ক্রমশ এ দেশে প্রতিষ্ঠালাভ করে। এই কারণে আন্দালীর ভারতাক্রমণ আমাদিগের ইতিহাসে একটি বিশেষ স্মরণীয় ঘটনা। এই ঘটনার সময় ও কারণ নির্দ্ধারণই বর্ত্তমান প্রস্তাবের মুখ্য উদ্দেশ্য।

ভারতীয় ঐতিহাসিক ঘটনাবলীর সময়নির্ণয় করিতে হইলে আমাদিগকে প্রায়ই
বৈদেশিক ইতিহাসলেখকের মূথের দিকে
তাকাইতে হয়। মোসলমান তওয়ারিথলেথকগণ ও তাঁহাদিগের গ্রন্থের ভাষাস্তরকারী ইংরাজ ঐতিহাসিকগণ যে ঘটনার
যে সময় ও কারণ নির্দেশ করিয়াছেন, সঙ্গত

হত্তক, অসমত হউক, তাহাই আমাদিগকে শিরোধার্য্য করিয়া অনেকস্তলৈ महें रख হর। কারণ, হিন্দুর লিখিত অবনির্ণয়সূলক . ভারতেতিহাস একপ্রকার ছবঁ छ। যগপ টুনার দেশীয় ভাষায় <u> গোভার</u> তিহাসিক বিবরণ गिथि ছয়, তথাপি ইংরাজ ইতিহাসলেথকগণ তাহার যথোপযুক্ত সমা-দরে অগ্রসর হন না। হিন্দুবিকেতা মোসল-মানদিগেরই বর্ণনায় তাঁহারা সমধিক আন্থা-প্রকাশ করিয়া থাকেন। কাজেই হিন্দু-ু পক্ষের বক্তব্য বিষয় সাধারণ পাঠকের নিকট অপরিজ্ঞাত থাকিয়া যায়। এরপ অবস্থায় আন্দানীর ভারতাক্রমণের স্থায় স্থপ্রসিদ্ধ ঘটনার সময় ও কারণ সম্বন্ধে হিন্দুমতের আলোচনা ইতিহাস-জিজ্ঞান্থ পাঠকের নিকট নিতান্ত অপ্রীতিকর হইবে বলিয়া বোধ হয় না।

খুষ্টীর ১৭৪৮ অব্দে আহমদ শাহ আবালী প্রথমবার ভারতবর্ষ আক্রমণ তিনি প্রথমত ইরাণের সমাট नांक्तित्र भारहत्र करेनक श्रीमिक रमनानी हिरलन। नानित्त्रत मृज्यत পत आफगात्नता हेतात्वत অধীনতা ঋষীকার করিয়া আন্দালীকে তাঁহাদিগের সমাট্পদে বরণ আনালী ভাতার-জাতীয় ছিলেন। গিল্জী ও হুরাণী জাতির উপর তাঁহার বিশেষ আধি-পত্য ছিল। তাঁহার সেনাদলে ঐ-ছই-জাতীয় रिमित्कित मःथाधिका छिल विलिया स्मिकारले व হিন্দুদিগের নিকট তিনি প্রধানত: "গুরাণী" ও "গিল্টি" নামে পরিচিত হইয়াছিলেন।

আকালীর প্রথম ভারতাক্রমণ বিফল হইলেও ভারতবাদী তাঁহার দর্মনাশকরী শক্তির আংশিক পরিচয় পাইয়াছিলেন। এই घটनात्र निलीत ताकशुक्रविनिशत श्रनत्त्र अ বিলক্ষণ আভঙ্কের সঞ্চার হইয়াছিল। নাদির শাহের আক্রমণ ও ওমরাহদিগের বিগ্রহাদির জন্ত দিল্লীর অবস্থা তৎকালে যেরপ শোচনীয় হইয়াছিল, তাহাতে,আন্দালী যথোপযুক্ত শক্তি-সঞ্চয় করিয়া ভারতে প্রবেশ করিলে,তাঁহাকে বাধা দেওয়া যে বাদশাহী সৈত্তের পক্ষে হইবে না, ইহা সকলেই বুঝিতে পারিয়া-ছিলেন। দিল্লীর মোসলমান সামস্তগণের মধ্যেও বিদ্বেষাগ্নি প্রজ্ঞালিত থাকায় ভারতে সর্বত্ত মোসলেম-শক্তির প্রতাপ থর্ব হইয়া ছিল। স্থতরাং স্থানীর আক্রমণ-নিবা-রণের জন্ম হিন্দুশ্ভিন্দ শাশ্রমপ্রার্থনা মোসল-মানের পক্ষে আবশ্রক ইইরা উঠিয়াছিল।

এই সমরে মহারাষ্ট্রদেশে বিশ্বশক্তি
পূর্ণবিকাশ লাভ করিয়াছিল। ছত্রপতি মহাত্মা
শিবাজী মহারাষ্ট্রজাতির হৃদ্ধে যে স্বদেশোদার-বাসনার বীজ উপ্ত করিয়া গিয়াছিলেন, তাহা এই সময়ে বিশাল মহীয়হে
পরিণত হইয়াছিল। মহারাষ্ট্রীয়েরা আপনাদিগের জন্মভূমিকে বিধর্মীর অধীনতাপাশ
হইতে মুক্ত করিয়া সমগ্র ভারতে হিন্দুশাসন
প্রতিষ্ঠা করিবার জন্ম ব্যগ্র হইয়াছিলেন।
মহাপুরুষ রামদাস স্বামী * তাঁহাদিগকে
দেশের মেচ্ছভাব দ্রীভৃত" করিয়া আসমুদ্রহিমাচল ভারতবর্ষে "মহারাষ্ট্রধর্ম ও মহা-

^{*} রামনাস-স্থামী মহারাষ্ট্ররাজ্যসংস্থাপক ছত্রপ**ন্তি শিবাজী**র ধর্ম্মোপদেষ্টা গুরু ছিলেন। রাজনীতি-বিবরেও তিনি শিবাজীকে ও তাঁহার সামস্তবর্গকে নানাপ্রকার উপদেশ দান করিতেন। ভারতে হিন্দুনাঞ্জাল্ঞা-

রাষ্ট্রদাত্রাব্যের বিস্তার" করিতে যে উপদেশ
দিয়াছিলেন, তাহা কার্য্যে পরিণত করা
এই সময়ে তাঁহাদিগের প্রধান লক্ষ্য হইয়াছল। হিন্দুধর্ম-রক্ষার ও হিন্দুসাত্রাজ্যপ্রতিষ্ঠার হর্দমনীয় আকাজ্ফায় তাঁহারা
একপ্রকার উন্মত্ত হইয়া উঠিয়াছিলেন।
নাদিরশাহ দিল্লী লুগুন করিয়াছেন শুনিয়া
বাজী রাও স্বীয় ভ্রাতা চিমাজীকে ১৭৩৯ খৃঃ
২৩শে জিল্হেজ (মার্চ্চ) তারিথে যে পত্র
লিখিয়াছিলেন, তাহাতে এই মহাভাবের
স্কুম্পষ্ট পরিচয় পাওয়া যায়। তিনি ঐ পত্রের
একস্থলে বলিতেছেন,—

"দম্প্রতি তোহমন্ত কুলী থা (নাদির শাহ)
বাজী জিতিয়াছে বটে; কিন্তু সমন্ত হিন্দুজাতি সাহস
ও অধ্যবসার প্রকাশ করিলে এবং আমরা সমন্ত
দান্দিশাতা সেনা সহ অধ্যান ইলৈ, ভারতে হিন্দুগণের
"বাদশাহী" (সামাজন কিন্তিন্তিত হইবে,—এইরূপ
ক্ষোগ উপস্থিত হইরাছে!" *

এইরপ উচ্চাকাজ্ঞার জন্ম মহারাষ্ট্রী-রেরা তথন হিলুশক্তির কেন্দ্ররূপ হইরা-ছিলেন। এই কারণে দিল্লীর রাজপুরুষ-দিগকে আন্দালীর আক্রমণ হইতে হিলুস্থান বা উত্তর-ভারত রক্ষার নিমিত্ত মহারাষ্ট্র-শক্তির সহায়তাপ্রার্থী হইতে হয়। (১৭৫০ খৃঃ অঃ)

এই সাহায্যপ্রার্থনার বিস্তারিত বিবরণ কোন বৈদেশিক ইতিহাসলেথকের গ্রন্থেই বিশদরূপে বর্ণিত হয় নাই। এ বিষয়ে

মহারাষ্ট্রীয়গণের লিখিত বুত্তাস্তই আমাদিগের অবশ্বন। ভারতের 'অপরাপর প্রদেশের হিন্দুগণ যেরূপ ইতিহাসরচনায় বিমুখ, সৌভাগাক্রমে মহারাষ্ট্রবাসীরা সেরপ নহেন। তাঁহারা বলে দিগের জাতীয় ই রূপে লিখিয়া রাখ্যা প্রেটি সকল ইতিহাস-গ্ৰন্থ "বথর" নামে অভিহিত। মারাঠী গদ্যে রচিত এইরূপ ৪২খানি বথর উপলব্ধ ও মুদ্রিত তম্ভিন দেকালের সরদার ও জাইগীরদার-দিগের লিখিত অনেক চিঠিপত্র ও দলিল-তাঁহাদিগের বংশধরগণের পেশওয়েদিগের পুণার **पश्चर**त অবিক্বত অবস্থায় স্থাত্নে রক্ষিত আছে। মহারাষ্ট্রদেশের উদামশীল ক্লতবিদা ব্যক্তিগণ বিভিন্ন পরিবারের প্রাচীন দপ্তর অনুসন্ধান করিয়া তন্মধ্য হইতে এপর্যান্ত প্রায় হুইসহস্র ঐতিহাসিক কাগজপত্র মুদ্রিত ও প্রকাশিত করিয়াছেন। ঐ সকল বথর ও পত্রাদি পাঠ করিলে খুষ্টীয় ১৮শ শতাব্দীর ঐতিহাসিক ঘটনানিচয়ের হিন্দুপক্ষীয় বিবরণ বহুল-প্রিমাণে অবগত হওয়া যায় ৷

আন্দালীর আক্রমণ নিবারণের জ্বন্য দিল্লীর দরবার হইতে মহারাষ্ট্রশক্তির নিকট যে সাহাযাপ্রার্থনা করা হয়, তাহার বিবরণ মহারাষ্ট্রীয় দপ্তরের কাগজপত্তে দেখিতে পাওয়া যায়। ঐ সকল কাগজপত্তের মধ্যে

সংস্থাপন না করিলে হিন্দুধর্মের গৌরব অক্ষ থাকিবে না, এই তত্ত্ব তিনি প্রথমে মহারাষ্ট্রজাতিকে শিক্ষা দেন। তিনি যেরূপে শিবাজীকে হিন্দুরাজ্যস্তাপনে উদ্বৃদ্ধ কার্য়াছিলেন, তাহার বিবরণ সাহিত্যপত্তের ৯ম বর্ষের ১১শ সংখ্যায় বিস্তারিতরূপে আলোচিত হইরাছে। তাহা পাঠ করিলে মহারাষ্ট্রজাতির অভ্যুদ্ধের প্রধান কারণ কি, তাহা সমাক্ হাদয়কত হইবে। ১৬০৯ পৃষ্টাকে স্বামিজার ক্ষম ও ১৬৮১ পৃষ্টাকে মৃত্যু হয়।

^{*} সমগ্র পত্রথানি ও এতৎসংক্রান্ত অক্তান্ত পত্র মৎপ্রণীত "বাজীরাও"নামক গ্রন্থের ১৩৯—৪০ পৃঠার উদ্ধাত হইরাছে।

দিল্লীর বাদশাহের স্বাক্ষরিত একথানি অহ্দ-নামার (করারনামার) যে অন্থলিপি আবি-**ক্ষুত হইয়াছে, তাহাতে লিখিত আছে 'যে,** আকালীর দমনের জন্ম বাদশাই, মহারাষ্ট্রীয়-৫- বৃদ্ধ টোক। দিগকে দান প্ৰতিশ্ৰত হুই কেনে। তন্মধ্যে অগ্রিম ত্রিশলক টাকা পেশ্ডায়ে বালাজী বাজী রাওয়ের প্রসিদ্ধ সেনানী মহলার রাও হোল-কর ও জয়াজী রাও শিন্দের (সিফিয়ার) रुत्थ अमख रुरेग्राहिल। उहिश मूलठान, পঞ্জাব, থটা ও ভকর* —এই চারিট স্থভার রাজস্ব এবং হিসার, সম্বল, মুরাদাবাদ ও বদাউন প্রভৃতি মহালের চৌথ আদায় করি-বার স্বত্ত আকালীর দমনার্থে রক্ষিত সৈত্যের ভরণপোষণের ব্যয়নিকাহকল্পে মহারাষ্ট্রীয়-দিগকে দান করা হইয়াছিল। কেবল তাহাই নছে, এই করারনামার বলে মহারাষ্ট্রীয়েরা মথুরা, আজমীর, সম্বর ও নারনোল প্রভৃতি প্রদেশের ফৌজদার ও মুতালিক এবং অকবরাবাদের স্থভেদার পদ অগ্রিম-পুরস্বার-স্বরূপ পাইয়াছিলেন।

খৃষ্ঠীর ১৮শ শতাব্দীর মধ্যভাগে আব্দালীর ভারতাক্রমণের আশক্ষা, মহারাষ্ট্রীয়িদিগের প্রতাপ ও দিল্লীর দরবারের হর্ষলতা কিরপ বৃদ্ধি পাইয়াছিল, এই অহদনামার সর্ত্তগুলি পাঠ করিলে তাহা স্পষ্টভাবে হৃদয়ঙ্গত হয়। ১৮:৮ খৃষ্টাব্দে মহারাষ্ট্রাধম শেষ বাজী রাও রাজ্যভার-বহনে অসমর্থ হইয়া ইট ইণ্ডিয়া কোম্পানির হস্তে সমগ্র রাজ্য সমর্পণপূর্বক বেরূপ অবসরগ্রহণ করিয়াছিলেন; সেইরূপ ১৭৫০ খৃষ্টাব্দে হীনবল দিল্লীর বাদশাহ

আকালীর ভয়ে উত্তর-ভারতের অধিকাংশ
মহার ব্রীয়দিগকে অর্পণ করিয়া নিশ্চিন্ত
• হইয়াছিলেন। রোহিলারা এই সময়ে অয়োধ্যাপ্রদেশ লুঠন করিয়া ছারথার করিতে ছল;
এই কারণে ভাহাদিগের দম নর ভারও
পূর্ব্বোক্ত করারনামায় স্বাক্ষরকালে মহারাষ্ট্রীয়দিগকে গ্রহণ কারতে হয়।

এই অহদনামার সর্জ্ব পালনের জন্ত ১৭৫১ খৃষ্টাব্দে মহারাষ্ট্র-সেনানী শিলে ও হোলকর রোহিলাদিগের দমনার্থ প্রথম অভিযান করেন। রোহিলা-সমর শেষ হইতে না হইতে ভারতে আকালীর দিভীয়বার শুভাগমন হয়। শিলে ও হোলকরকে লইয়া দিলীখরের উজীর সফদরকং তাঁহার প্রতিরোধার্থ যাত্রা করিবার শুকেই ভীক্র বাদশাহ পঞ্জাবপ্রদেশ দাস করিলেন। ইহার শিক্তি হয়, তাহার হল্ত ১৭৫৬ খৃষ্টাক্র পর্যান্ত মহারাষ্ট্রীয়েরা আকালীর হস্ত হইতে পঞ্জাবপ্রদেশ উদ্ধার করিবার অবসর পান নাই।

১৭৫৭ খুটাব্দের জান্ত্রারিমাদে পেশওয়ে রঘুনাথ রাও, মহলার রাও হোলকরকে সঙ্গে লইয়া, পঞ্জাব-উদ্ধারের জ্বন্থ থাতা করিলেন। ইহার পূর্ব্বে চুইবার (একবার ১৭৫৪ খুটাব্দেও একবার তৎপরবতী বর্ষে) তিনি উত্তর-ভারতে অভিযান করিয়াছিলেন। সেই অভিযানের ফলে রাজপুতনা, দিল্লীও রোহিলথও অঞ্চলে মহারাষ্ট্রীয়দিগের আধিপত্য প্রতিষ্ঠিত হয়। ১৭৫৬ সালে ক্রিটিক লইয়া প্রশাওয়েরা বিশেষ ব্যস্ত

^{*} শেষোক্ত স্থান-দুইটি সিজুপ্রদেশের অন্তর্গত

ছিলেন। কাজেই পঞ্জাব-উদ্ধারের কথা দেবৎসর আর উঠিল না।

এদিকে দিল্লীখরের নৃতন উজীর মীর শাহব উদ্দীন গাজী অবসর পাইয়া পঞ্জাব উদ্ধার করিলেন। পঞ্জাব হস্তচ্যত ও তত্ততা হুভেদার উদ্ধীরের হস্তে লাঞ্চিত হওয়ায় আৰালী দিল্লীশ্বকে শিক্ষা দিবার পুনর্কার যুদ্ধসজ্জা করিতে লাগিলেন। দিলীর কর্তৃপুরুষেরা তথন বিলাস-বাসনে মগ্ন ছিলেন যে, আন্দালীর শতক্র উত্তীর্ণ হইবার পূর্ব্বে তাঁহারা এই অভিনব বিপদের কোনও সংবাদ রাথিবার অবসর প্রাপ্ত হন নাই। কাজেই হুরাণী সমাট দিল্লী, মথুরা প্রভৃতি অনায়াসে লুগ্ন প্রদেশ করিতে সমর্থ হর

ইংরাজ ই বা এই ঘটনার
বে সময়নির বাছেন, তাহার
সহিত হিল্লেথকগণের নির্দিষ্ট সময়ের
বিশেষ পার্থক্য পরিলক্ষিত হয়। মহারাষ্ট্রইতিহাসলেথক কাপ্তেন গ্রাণ্ট্ ডফ্ বলিয়াছেন,—১৭৫৫ খৃষ্টাব্দে মথুরা, আগ্রা প্রভৃতি
সহর লুট্টিত ইইতেছিল, এমন সময়ে আলালীর সৈত্তমধ্যে মহামারী উপস্থিত হওয়ায়
তিনি স্বদেশে প্রতিগমন করিতে বাধ্য হন

এবং ১৭৫৬ খৃষ্টাব্দের প্রারম্ভে ভারতে
পুনরাগমন করেন। কিন্তু এ মতের অমুকৃল
প্রমাণ কোথাওপাওয়া যায় না। ঐতিহাসিক
কীনের মতে মথুরা প্রভৃতি লুঠনের পর
আকালী ১৭৫৭ খুটাব্দের ১৪ই জামুয়ারি
পালিপথে যে ভয়য়র হর্ষটনা ঘটে, ভাহা
১৭৫৭ খৃষ্টাব্দের জ্লাই-মাসেই সংঘটিত
হইত। * অস্তত হিন্দুপক্ষীয় প্রমাণে বিশ্বাস্থাপন করিলে এইরূপ সিদ্ধান্তেই উপনীত
হইতে হয়। পশ্চাল্লিখিত বিবরণ পাঠ করিলে
পাঠকগণ আমাদের উক্তির মর্ম্ম হৃদয়লম
করিতে সমর্থ হইবেন।

বলিয়াছি, ১৭৫৭ খৃষ্টাব্দের প্রারম্ভে রঘুনাথ রাও পঞ্চাব-উদ্ধারের জন্ম উত্তর-ভারতঅভিমুখে যাত্রা করেন। ১৪ই ফেব্রুয়ারি
তিনি মালবের অন্তর্গত ইলোরে উপস্থিত
হন। তাহার হুইদিন পরে তিনি জ্যেষ্ঠল্রাতা
পেশওয়ে বালাজী বাজী রাওকে এ বিষয়ে
যে পত্র লিথেন, তাহার প্রয়োজনীয় অংশ
এ স্থলে অন্দিত ও উদ্ধৃত হুইল।——

অপত্যবৎ রঘুনাথের সাষ্টাঙ্গে নমস্কার। নিবেদন, তারিথ ২৬শে জমাদিলাওল (১৬ই ফেব্রেয়ারি ১৭৫৭

^{*} ছই একথানি ভিন্ন অধিকাংশ মারাঠী বধর ও ঐতিহাসিক কাগজপত্রে এই যুদ্ধের কাল পৌষ শুক্লা অষ্ট্রমী ব্ধবার বলিয়। উলিথিত হইরাছে। তদমুসারে ইংরাজী ১৭৬১ গৃষ্টাব্দের ১৪ই জামুয়ারি এই যুদ্ধ সংঘটিত হয়। ঐতিহাসিক প্রাণ্ট ডফ্. এল্ফিন্টোন্, কীন্, ম্যালিসন্ প্রভৃতির মধ্যে কেহ ৬ই, কেহ ৭ই, কেহ ৮ই, কেহ ১২ই, কেহ ১৪ই ও কেহ বা ১৭ই জামুয়ারি পাণিপথের শেষ যুদ্ধের তারিথ বলিয়া নির্ণাচ্চ করিয়াছেন। কীন্ মহোদের ভাহার History of Hindustan নামক প্রস্থে ১৪ই ফেব্রুয়ারি ও "Madhava Rao Sindhia নামক প্রস্থে পুরাতন পদ্ধতি অমুসারে গণনা করিয়া ১৭ই জামুয়ারি স্থির করিয়াছেন। মহারাষ্ট্রে আবালবৃদ্ধনিতার নিকট "পৌষ শুলা অষ্ট্রমী বুধবার" এই জামুয়ারি স্থির সমধিক পরিচিত। যেরুপেই গণনা করা ঘাটক, ১৪ই জামুয়ারি ভিন্ন অন্ত কোনও তারিপেই বিশ্বাকী ও ব্ধবার হয় না। অধিকাংশ মোসলমান লেখকের মতে ৬ই জমাদিলাথর যুদ্ধের তারিথ বিলয়া খীকুক্র ক্রিছি। ১৭৬১ খুটান্ধের ১৪ই জামুয়ারি মোসলমান দিগের ৬ই জমাদিলাথর যুদ্ধের তারিথ বিলয়া খীকুক্র ক্রিছি। ১৭৬১ খুটান্ধের ১৪ই জামুয়ারি মোসলমান দিগের ৬ই জমাদিলাথর মুদ্ধের তারিথ বিলয়া থাকার তারিথ বালয়া গ্রহণ করিতে হয়।

ब्:) প्रशास ममस क्रमन क्रामित्वन। २८८म जातिस्थ ইন্দোরে উপস্থিত হইয়াছি । অতঃপর বুচ করিরা দিল্লী-অভিমূপে অগ্রসর হইব। আদালী দিলীতে व्यानिवाहि। कांत्करे ठ्रुप्तिथर्खी वांक्नामधनी, क्रिन-দার ও হিন্দুখানীদিপের নজর ফিরিরাছে। একণে विर्णय विरवहनाश्रवीक कार्या ना कतिहा, एमजह ৰা অৰ্থনংগ্ৰহের চেষ্টাঞ্জিলে, ভাহা সকল হইবার महायना नारे। यथन आंमानी श्रयापछ रहेत्, ज्यन সকলেই নদ্ৰতা অবলম্বন করিবে। কিন্তু আদালীকে পরাভূত করিবার উপযোগী সৈক্ত অদ্যাপি সংগৃহীত (*) ফৌজু আসিয়া না জুটিলে অন্তাসর হওরাবার না। টাকা পাইতে লোকের বিলম্ব হইয়াছে। কাজেই অনেকে পশ্চাতে রহিয়াছে। যে সকল সম্রাস্থ ব্যক্তি অগ্রে টাকা পাইয়াছেন, তাঁহারাও এখন আসেন নাই। সে যাহা হউক, একমাস কি দেড়মাসের মধ্যে সকলেই আসিয়া মিলিত হইবে। ততদিনে আকালীর সহিত সাক্ষাৎকার ঘটবে। যদি সে দিলীতে থাকে অথবা এ দিকে আদে, তবে তাহার সহিত সাক্ষাৎ ছইবে। যদি এ দেশ ত্যাগ করিয়া বিলাতের (আফ-গানরাজ্যের) দিকে চলিয়া যায়, ভাহা হইলে ২৷৩ মাস যুদ্ধ ঘটিবে না। সম্প্রতি সংবাদ আসিয়াছে বে. পূर्व वामभाइ ज्ञानमतीत मानी (मानी वः भी ग्राक দিলীর সিংহাসন ও খান খানানকে উজীরের পদ দান করিয়া সে নিজের নামে "খুতবা" পাঠ করাইয়াছে। দৈখা যাউক, অত:পর সে কি করে। একণে সমস্ত রাজস্তবর্গের ও ফুক্রাতদ্বোলা প্রভৃতির "রাজকারণ" (রাজনীতিক কার্যাসূত্র) তাহারই হল্তে আছে । কিন্তু এখনও কেহ ভাহার সহিত গিয়া माक्कार करत्रन नाहे। कार्फिका हैर डामरशा युकात्रस

Vide Grant Duff's History of the Man

করিয়াছে। সম্প্রতি ব্যাপার বড় গুরুতর হইরা উঠিরাছে। °তাহার (আন্দালীর) সৈঞ্চল বিশাল ও হর্মর্ব। তাহাদিগের পরাজয়দাধন করিতে বিপুল আরোজন আবশ্যক। অতএব বদি দত্তবাকে (দ্ভাজী শিন্দেকে) শীঘ্র এ দিকে পাঠাইরা দেন, তাহা হইলে সৈক্সমংগ্রহ সহজেই হইবে। **

(শেষাংশ ছি"ড়িয়া গিয়াছে।)

রঘুনাথ রাওয়ের এই স্বহন্তলিখিত পত্র পাঠ করিলে জানা যায় যে, ১৭৫৭ খৃষ্টাব্দের ১৬ই ফেব্রুলীরির কিছুদিন পূর্ব্বে আন্দালী দিল্লীতে প্রবেশ করিয়া তত্রতা সমাট্ ও উলীরকে পদচ্যত ও স্থ স্ব পদে তাঁহাদিগকে প্নঃপ্রতিষ্ঠিত করিয়াছিলেন। স্বতঃগং কীন্-মহোদয় এই ঘটনার যে সময় নির্দ্ধারিত করিয়াছেন, তাহা ভ্রমপূর্ণ, ইহা অনায়াসে বোধগম্য হয়।

অস্ত্রে বলিয়াক

শেষ হালবে উল্লেখ্য আছিলেন, এই
পত্রের তারিধ দেখিলে তাহাও সত্য বলিয়া
শীকার করা ঘুঃসাধ্য হইয়া উঠে। ‡

সেপ্টেম্বরের পূর্ব্বে আকালী দিল্লীতে পদা-পণ করিয়াছিলেন কি না, সে বিষয়ে কীন্-মহোদয়ের উক্তি স্পষ্টার্থ ব্যঞ্জক নছে। ভাঁহার A Sketch of the History of Hindusthan নামক গ্রন্থে সেপ্টেম্বর-মাসের পূর্ব্বে আকালীর দিল্লীপ্রবেশের স্পষ্ট নির্দেশ না থাকিলেও নিয়োদ্ভ অংশে সে কথা

309. [Ed. 1873 Bombay.]

^(*) এইথানে নৈজ্ঞের হিসাব প্রদত্ত হইরাছে। তাহার অধিকাংশ ছিঁড়িরা গিরাছে। মধ্যে মধ্যে বে ক্রটা সংখ্যার উল্লেখ আছে, তাহা একত্র করিলে ২০।২২ হাজার সৈন্যের হিসাব পাওরা বার।

^{† &#}x27;গালকারণ'শন্দের সংস্কৃত বা বজীয় ভাষায় কোনও প্রতিশব্দ পাওরা বার না। মহারাষ্ট্রীয় ভাষায় রাজনীতিসংক্রাস্ত বিবিধ কার্যা ও ভাব প্রকাশকলে এই শন্মের ভূরি ভূরি প্ররোগ দৃষ্ট হয়। ইংরাজী ভাষার political necessity, political advantage by blicy, state craft, kingly policy, political proposal, political connection গালকারণ'শন্দের ব্যবহার হইরা থাকে।

প্রকারান্তরে স্বীকৃত হইয়াছে। ঐ গ্রন্থের ৩৪২ পৃষ্ঠায় আব্দালীর মথুরালুঠনের সংক্ষিপ্ত উল্লেখ করিয়া তিনি বলিয়াছেন,—They (আফগান গৈন্ত) then returned to Delhi having suffered much from the heat, and that unfortunate capital was plundered systematically for two months from September to. November 1757. এই গ্রন্থকারের Downof the Moghul Empire নামক গ্রন্থের উল্লেখ আরও অস্পপ্ত। returned পদের প্রয়োগ থাকায় যে তথ্য স্থচিত হইয়াছে, শেষোক্ত তাহাও স্থচিত হয় নাই। এই গ্রন্থে দিল্লীর সম্বন্ধে পশ্চাল্লিখিত উব্ভিন্ন অধিক কিছুই নাই,—All conceivable form of misery (at Delhi) during the two months which followed the east of the Abdali. 11th September 1757, exactly one hundred years before the last capture of the same city by the avenging force of the British Government during the great Mutiny. p. 39. ইহার পর বাদশাহ প্রভৃতির পদ-চ্যতি ও পুনঃপ্রতিষ্ঠার বিবরণ বর্ণিত হই-য়াছে। ফলত এ সকল ব্যাপার সেপ্টেম্বরের বছপুর্ব্বে-জামুয়ারির শেষে বা ফেব্রুয়ারির প্রারম্ভেই সংঘটিত হইয়াছিল। রাওয়ের পত্রই যে এ বিষয়ের প্রমাণ, তাহা নহে। কৃষ্ণ জোশী-নামক এक वाकि मिल्ली श्रेटा अहे मभाष य পত্র প্রেরণ করিয়াছিলেন, তাহাও প্রমাণস্বরূপ উদ্বৃত হইতে পারে 🕍 পত্র ১২ই রুজ্ব (২রা এপ্রিল ১৯

তারিথে পুণায় উপস্থিত হয়। সেই পত্রের অংশবিংশধের অন্থবাদ এইরূপ,—

' 'পাঠান (আকলৌ) দিল্লীতে আসিয়া আমীর-দিগের সর্কাষ লুঠন ও প্রজাদিগের প্রতি ঘোর বৈত্যা-চার করে। প্রায় ত্রিশকোটি টাকার ধনসম্পত্তি সংগ্রহপূর্বক সে আপনার পুত্রের হতে লাহোরের পথে স্বদেশে পাঠাইয়া দিয়াছে। তাহার পুত্রের সহিত দশসহস্র আফেগান-সেনা রক্ষকরপে গমন অতঃপর পাঠান দিলী হইতে বহিগত হইয়া গাজাউদ্দীন, কমর্দ্দীথানের পুত্র (মীর্মমু) ও বাঞ্চালারে রাজারে দৃতকে সংক্ষা কলভগড়ের নিকট উপস্থিত হয়। তথা হইতে মথুরায় গ্রুন করে। তথায় ংহাজার জ'ঠ ছিল। তাহারা অঞ্জ উত্তমপ্রকারে যুদ্ধ করে। পাঠানের দৈলুদংখ্যা অধিক ছিল বলিয়া প্রায় তিন-হাজার জাঠ শত্রুপক্ষীয় আসির আঘাতে প্রাণত্যাপ करत। अविभिष्ठे प्रहेमहत्य कार्व भलाहेका यात्र। তথন পাঠানের। মথুরা আক্রমণ করে। ছুইপ্রাংর পর্যান্ত নপরলুপ্ঠন ও নাগরিকদিগের হত্যাক।ব্যা সংঘটিত হইয়াছিল। করিয়া সকলকে অভয়দান করা হয়। রূপে তথায় আপনার শাসন প্রবর্ত্তিত ও ২৫লক টাকার ধনসম্পত্তি লুঠন করিয়া পাঠান গোকল-वृक्षांवरन लुकेरनाष्मर्भ এकमल रमना रक्षत्र करत्। দেইখানে এইচারিহাজার বৈরাগী ও নাগা সন্ন্যাসী ছিল। তাহারা সমৰেত হইয়া যুদ্ধ করে। তাহাতে তুইহাজার বৈরাগী ও তুইহাজার পাঠান মরে। ইতোমধ্যে উকিল (দূত) যুগলকিশোর পাঠানকে জানাইলেন যে, বুন্দাবন ফকিরদিগের স্থান—সেথানে টাকা-কডি পাইবার সম্ভাবনা নাই। এই কথা শুনিয়া পাঠান সৈশুদিগকে প্রত্যাবর্ত্তন করিতে আদেশ প্রেরণ করিলেন। সেই যুদ্ধে সমস্ত বৈরাগী আণত্যাগ করিয়া গোকুলনাথের রক্ষা করিল! শুসলকিশোর এখনও পাঠানের নিকটেই আছেন। ি মধুরা হইতে কুচ করিয়া পাঠান আগ্রার সমীপ-

তথন আগ্রার প্রজারা সহরের বাহিরে

আসিয়া তাহার সহিত সাক্ষাৎ করে। পাঠান ৫লক টাকা লইয়া সাঁজি করিতে প্রস্তুত হইল। সহরবাসীরা তাহাতে সম্মতিপ্রকাশ করিল: কিন্তু টাক্ষা সংগ্রহ করা তাহাদিগের পক্ষে কটকর ইইয়া উঠিল। টাকা দিবার যে দিন ধার্য্য হইয়াছিল, তাহা অতীত হইল। তথন পাঠান আগ্রা আক্রমণ ও লুঠন পূর্বক ছারথার এবং হুর্গ বাহবলে হন্তগত করিল। গাঙ্গলী থান আন্দালীর পক্ষ হইতে হুর্গে প্রবেশপূর্বাক ভহা অধিকার করিলেন। বাদশাহের নামে সহরে জয় ও অভয় সংবাদ ঘোষিত হইল। পাঠান তথায় বান দিন অবস্থানের পর আটক্রেশ অগ্রসর হইয়াছাউনী করিয়াছে। সেথানে দশ্দিন হইতে কুড়ি-দিন পর্যন্ত থাকিবে।" * * * *

এই পত্রথানি সম্ভবতঃ মার্চ্চমাদের মধ্যভাগে লিখিত হইয়া থাকিবে, তাই ২রা
এপ্রিল তারিথে পুণায় পৌছিয়াছে। স্কতরাং
মার্চ্চমাদের প্রারম্ভেই বৃন্দাবনের বৈরাগীদিগের সহিত আবালীর যুদ্ধ হইয়াছিল,
বলিতে হইবে। বৃন্দাবনের য়ুদ্ধের বহুপুর্বেবে দিল্লী লুইতে হইয়াছিল, এ কণা
এই পত্রে স্পষ্টভাবেই উল্লিখিত হইয়াছে।
কাজেই সেপ্টেম্বর মাসে দিল্লীলুপ্ঠনের কণা
অশ্রদ্ধের বলিয়া পরিত্যাগ করিতে হইল।

১৭৫৭ খৃষ্টালৈর দেপ্টেম্বর-মাসে আদালী ভারতে ছিলেন, এরপ মনে করিবারও কোনও কারণ নাই। ঐতিহাদিক এল্ফিন্-স্টোন্-সাহেবের মতে আদালী জ্ন-মাসে ভারতবর্ষ পরিত্যাগ করেন। প্রকৃতপক্ষে ভৈত্রমাসের শেষে বা এপ্রিলের প্রারম্ভেই এই পাঠানপ্রবর স্বদেশে প্রতিগমন করিয়াছিলেন বলিয়া বোধ হয়। কারণ, তিনি যুখন আগ্রা অধিকার করিতেছিলেন, তথকী রুদ্নাথ রাও সদৈক্তে উদমপুরের নিকটবর্ত্তী

হইয়াছিলেন। তাঁহার সঙ্গে তথন ৪০সহস্র দৈতা ছিল এবং প্রতাহ নানা স্থান হইতে মারাঠারা আসিয়া তাঁহার সহিত মিলিত হইতেছিলেন। যথাসম্ভব ক্রতগতিতে দিল্লীতে উপস্থিত হইয়া আন্দালীর দর্প চূর্ণ করিবার রঘুনাথ রাওয়ের বিশেষ ইচ্ছা ছিল; কিন্তু মহলার রাও হোলকর পথিমধ্যে নানাপ্রকার অকারণ গোলযোগ উপস্থিত করায় তাহা ঘটিয়া উঠিল না। রঘুনাথ রাওয়ের দিল্লী পৌছিবার পূর্বেই আন্দালী স্বদেশে প্রতি-গমন করিয়াছিলেন। রঘুনাথ রাও পঞ্চাব পর্যান্ত তাঁহার পশ্চাদাবন করিবার বাসনাও করিয়াছিলেন; কিন্তু হোলকরের তাহাও বিফল হইল। অস্তত রঘুনাথ রাও ২০শে সওয়াল (১৯শে জুন) নাগোর-অঞ্চল হইতে পেশওয়ে বাজী রাওকে যে পত্ৰ লিখেন, **তাহাত্ৰ এই** কথা প্ৰকাশ পাইয়াছে। মহলার রাওয়ের বুদ্ধিদোযে ও স্বার্থপরতার জন্য যে পাণিপথের যুদ্ধে মহারাষ্ট্রীয়দিগের ভাগ্যবিপর্য্য হয়, এ কথা ইতিহাসজ্ঞ পাঠকের অবিদিত নাই।

মহলার রাওয়ের কৌশলজাল ভেদ করিয়া জুলাইমানের প্রারম্ভে রঘুনাথ রাও দিল্লীসহরে উপস্থিত হইরাছিলেন। তিনি তথার
গিয়া আন্দালীকে দেখিতে পান নাই।
কেবল তাহাই নহে, তাঁহার দিল্লীতে উপস্থিতির বহুপূর্বেবে ঘোন্দালী প্রস্থান করিয়াছিলেন, তাহা তাঁহার ২৪শে জিলকাদ বা
শ্রাব্য ক্লম্ভা একাদনী (১২ই জুলাই) তারিইলৈকরে লিখিত আছে। আমরা
প্রারম্ভভাগ এস্থলে অন্দিত

। वैभक्त । শীচরণে নিবেদন,—এ ব্রুসর চৈত্র-देवमाथ-प्राप्त देमछक्त जानिहां खुटि । जाकानी देठज-পর্যান্ত মধুরার ছিল। সেজন্ত আমরা নৃতন দেশবিজয়া-দির কোনও ব্যবস্থা করিতে পারি নাই। অন্তর্কোনী (দোরাব) প্রভৃতি প্রদেশ হইতে আমাদের যে শাসন উচ্ছিন্ন হইয়াছিল, তাহার পুন:প্রতিষ্ঠার জ্বন্থ স্থারাম পশুকে ৎহাজার ও বিঠ্ঠলপন্ত, গঙ্গোবা ও অন্তাজী প্রভৃতি সন্দারকে ২০হাজার সৈক্ত দিয়া পাঠাইয়া-ছিলাম। সে সকল প্রদেশে এখন বন্দোবন্ত-ব্যবস্থা হইয়াছে। বৈশাথ ও জ্যৈষ্ঠ—এই ছুই মাস আমরা অবসর পাইরাছিলাম। সেই সময়ের মধ্যে, পূর্বে যে গোলবোগ ও বিশৃখ্যলা ঘটিয়াছিল, তাহা নিবারণ করিয়াছি। * * *

শেষোক্ত বাক্যগৃইটি পাঠ করিলে

শেষাক্ত পারা যায় যে, বৈশাখমাসের

শৃর্বেই আকালী ভারতবর্ষ ত্যাগ করিয়াছিলেন। এই প্রমাণে কানের উক্তি দর্বতোভাবেই শণ্ডিত হইতেছে।

আনালী কেন্দ্ৰ হৈছে লইয়া যথন দিলী আক্রম তথন মাণিকেশ্বর-নাশ্র ক্রিক মহারাষ্ট্রীয় সন্দার ৎসহত্র সৈন্য সহ তথায় উপস্থিত ছিলেন। ইত:পূর্বেষে অহদনামার বিষয় বর্ণিত হইয়াছে. তাহার দর্ভ-অনুসারে এই মহারাষ্ট্রীয় দর্দার পেশওয়ের পক হইতে দিল্লীর শাস্তিরক্ষার ভার প্রাপ্ত হইয়াছিলেন। মোগলদিগের প্রাচীন রাজধানী দিল্লী মহারাষ্ট্রীয় সন্দারের রক্ষণাধীন হওয়ায় অনেক আমীরের পক্ষে তাঁহা ঘোরতর অবুজ্ঞাজনক বলিয়া বোধ হইয়াছিল। আকালীর সহায়তাগ্রহণ ভিন্ন মহারাষ্ট্র-আধিপত্য তিরোহিত হইবে না ভাবিয়া, দিল্লীর অনেক প্রধান ব্যক্তি আন্দা-লীকে গোপনে অভার্থিত করিতেভিত নজীবধাঁ-নামক প্রসিদ্ধ রোহি কারণে বাহত আবালীর বিক্র

য়াও বুদ্ধকালে সদৈন্যে তাঁহার সহিত মিলিড হইলেন। অস্তাজী মাণিকেশ্বর তথন প্রমাদ গণিলেন। তিনি তথাপি প্রাণপণে শক্রর সমুখীন হইঁতে ভীত হন নাই। পুর্ব্বোদৃত কৃষ্ণ জোশীর পত্তের শেষ অংশে অস্তাজীর বীরত্বের প্রশংসাবাদ পরিদৃষ্ট হয়। তাঁহার **৫হাজার সৈন্মের 'মধ্যে ২॥•হাজার নিহত** হইলে, তিনি পলায়ন করিতে বাধ্য হন। তাঁহার পুত্রও অশেষ বীরত্ব প্রকাশ করিয়া রণস্থলে প্রাণত্যাগ করেন। আগ্রায় নারো-শঙ্কর ও সমশের বাহাত্তর নামে তুই মহা-রাষ্ট্রীর সর্দার ছিলেন। তাঁহারা আকালীকে বাধা দিবার কোনও চেষ্টাই না করিয়া পলা-য়নপূর্বক আত্মরকা করেন। নারোশহরের বিক্লমে নানাপ্রকার হর্ক্যবহারের অভিযোগ হইয়াছিল। রঘুনাথ রাওয়ের একথানি পতে তাঁহার সহত্কে তদস্ত করিয়া তাঁহাকে শাস্তি দিবার সন্ধরের উল্লেখ দেখিতে পাওয়া যায়।

ত্রুলাধিক সৈত্যসংগৃহীত হইলে রঘুনাথ রাও আলালীর বিরুদ্ধে দিলী-অভিমুখে যাত্রা করিতেছিলেন। মহলার রাও ধদি তাহাতে পদে পদে বিদ্ধ উপস্থিত না করিতেন ও আলালী আর হইতিনমাস দিলীতে থাকিতেন, তাহা হইলে রঘুনাথ রাওরের সহিত তাহার সংঘর্ষ অনিবার্য্য হইরা উঠিত। যুদ্ধবিভায় রঘুনাথ রাওরের বেরূপ অভিজ্ঞতা ছিল, তাহার বিষয় চিন্তা করিলে মনে হয়, যদি সেপ্টেম্বর বা নবেম্বর পর্যান্ত আহম্মদ শাহ আলালী ভারতবর্ষ ত্যাগ না করিতেন, তাহা ছইলে পাণিপথের যুদ্ধের পরিণাম মহারাষ্ট্রীয়ন্দিগের পক্ষে সম্ভবতঃ অভ্ভকর হইত না।

শ্রীদথারাম গণেশ দেউক্ষর।

জামাই-ষষ্ঠী।

-4068500

এল, এ পাদ্ বির্শামোহন যথন নগদ দেড়হাজার টাকার যৌতুকসহ সালন্ধারা বালিকা-পত্নী স্থকুমারীকে বিবাহ করিয়া গুহে লইয়া যান, তার পর তিন বৎসর উত্তীর্ণ হইয়া গিরাছে। শ্বশুর বিনোদলাল বস্থ মার্চেণ্ট আফিসে প্রোচবয়স পর্যান্ত কেরাণী-গিরি করিয়া যাহা কিছু সঞ্চয় করিয়াছিলেন, ক্যার বিবাহোপলক্ষে তাহা নিঃশেষিত হইয়া গিয়াছিল। অতএব এই তিনটা বছর তাঁহার সাম্লাইয়া উঠিতে গেল। বলা বাহল্য, ইহার ভিতর পূজাপার্কণে জামাতার যথাসাধ্য তত্ত্বলাস করিতে তিনি ত্রুটি করেন নাই, কিন্তু তাহাতে নগদ সোণা-রূপার সম্পর্ক না থাকাতে বেহাই এবং বেহা-ইনের মন উঠে নাই।

সন্ত্রীক বিনোদলাল সহজেই ন্তন কুটুধ্বের বিরাগভাব ব্ঝিতে পারিলেন, কিন্তু
তাহার কোন কারণ অনুমান করিয়া উঠিতে
পারিলেন না। ফলত সেকালে যেমন
"পিসিলোকের হঃথ কেবল পিসিলোকেই
ব্ঝিত, নরলোকে ব্ঝিত না," একালে
তেম্নি পাস্করা ছেলেদের জনক এবং
জননীঠাকুরাণীদের রাগ বিরাগ ব্ঝিয়া উঠা
সচরাচর মন্থ্যবৃদ্ধির অতীত। তা সে যেমনই হউক, বিবাহের পর হইবার বিনোদলাল জামাতাকে ষ্ঠীবাটার সময় গৃহ্ আনি
বার চেষ্ঠা করিয়াছিলেন, পড়াওনার ক্ষি

ওছিলায় বৈবাহিক মহাশয় তাহাতে অমত করেন। কিন্তু ছেলে এবার বি, এ, পাস দিয়া আইনের পড়া পড়িতেছে, পুর্বের আপত্তি আর থাটে না। এদিকে গৃহিণী বলিতেছেন ষে, তাঁর পুত্রটি যথন ছোট ছোট ছুইট। পাস্ দিয়াছিল, তথনই নগদ দেড়হাখার টাকা মর্যাদাস্বরূপ গৃহজাত্ হয়। বির্ এখন আরো একটা বড়গোছের পাস্ দিরাটি হই বছরে বড় আদালতের উকীল হইবে. এখন অন্তত হাজার টাকা দর্শনী না পাইলো তিনি বাছাকে পুরের-বাড়ী-মুখে৷ হইতে দিবেন না, তা বেটিটাটা বা খণ্ডরবাড়ী। ভনিয়া বিরজার ক্রিক্টাচুরণ দীর্ঘনিখাস ত্যাগ করিয়া ক্রিলেন সেইজন্তেই তথন বলেছিলুম, গিলি, হুটো বছর অপেকা কর, বি, এ, পাদ্টা হয়ে যাকৃ! দেখ না, মধুর ছেলে, দে আমার বিরুর চেয়ে কিসে ভাল ? ---বরং দেখ্তে একটু কাল। তা সে বি, এ, পাদ্ দিয়ে বিবাহ করাতেই না অলফার ও বরাভরণ ছাড়া নগদ চার্টি হাজার টাকা---টাঁক্শালের নতুন আমদানী—মধুমিত্তির সভাস্থলে সেদিন গুণে নিলে !" গুনিয়া গৃহিণী কিছু উত্তেজিত হইয়া উঠিলেন এবং কুটুম্ব-গৃহের প্রেরিত দাসীকে দিয়া বলিয়া পাঠা-इरनन, "এक हो शैतात जान आर हि विकृतक ना ্রাইষ্ঠীতে তার যাওয়া হইবে না।" ন গ্রীমের ছুটী উপলক্ষে কলি-

কাতা হইতে বাটা আদিবার উদ্যোগে আছেন, এমন সময় সহ্দা একদিন যুগপৎ শাশুড়ীর অশ্রুসিক্ত এবং খ্রালীদের ব্যঙ্গপূর্ণ তুইখানি চিঠি তাঁহার হস্তগত হইল। শাশুড়ী লিখিতেছেন, "হীরের আংট কোথায় পাব বাবা ? যা কিছু তোমার শশুরের ছিল, স্থকু ছোট মেয়ে, তার বিয়েতে থরচ করেচেন। शैदा, তা তুমिই আমাদের शैदा-মাণিক! মাকে একটু বুঝিয়ে বলো বাপ্ আমার!" খালীরা একজোট হইয়া লিথিয়াছিলেন-কো ঘোষ-মোশাই, আবার আংটি-বদল नांकि ? ना नजून शामु नित्य शाया त्वरफ् গেছে ? তা ভাই মথুরার রাজতক্তে বদে তোমার হীরে-মতির দরকার হতে পারে, কিন্তু ব্ৰজ্পামের হুংখিনী ক্লাম্মরা, আর আমা-দের প্রেমভিথারি কারী স্থকুমারী, দেবনফুল মাত্র! ক্রিক্সপ্রস্তুতে পড়িয়া ফেরৎ ডাকে বিরজামোহন উত্তর লিখিলেন যে, অঙ্গুরীয়ের কথা শুনিতে তাঁহাদের বোধ হয় ভুল হইয়াছে এবং জামাইষ্ঠীর সময় নিশ্চয় তিনি শ্বন্ধরালয়ে উপস্থিত হইবেন। এদিকে কিন্তু রাগ করিয়া বাড়ী যাওয়া বন্ধ করিয়া দিলেন, বাপ্-মাকে কোন কথা मिथिएनन ना।

বিনোদলালবাবুর বাটা কোনগরের অদ্রে, প্রত্যহ তিনি ট্রেণে কলিকাতার বাতায়াত করেন। যথাসময়ে জামাতার চিঠির উত্তর পাইয়া মেয়েরা ভারি খুসী হই-লেও, তিনি বুঝিলেন, অতঃপর বেহাই-বেহাইনের সহিত প্রকাশ্র কলহ ক্রামান পড়িয়া বিরজা পিতামাতার অপেকা না করিয়াই ষষ্ঠাবাটার নি

করিয়াছে, কিন্তু ইহার পরিণাম তাঁহাদের পক্ষে ভাল হইবে না। সাত-পাঁচ ভাবিয়া, কাহাকেও কিছু না বলিয়া তিনি মাদে মাদে টাকা দিবার কড়ারে জামাতার জন্ম স্বণকারের দোকানে হীরকাঙ্গুরীয়ের ফর্মাইস্ দিলেন এবং বিনয়নম্র ভাষায় বৈবাহিক মহাশয়কে পত্র লিখিফলন যে, তিনি বিরজার জন্ম আংটির ব্যবস্থা করিয়াছেন।

সে কথা বিরশ্বামোহনের অগোচর রহিল
না। কয়বছর ছাত্রবৃত্তি পাইয়। কিছু টাকা
তিনি সঞ্চয় করিয়াছিলেন। তার উপর
বন্ধদের কাছে কিছু ধার করিয়া হামিল্টনের বাড়ী তিনি এক নৃতনতর হীরকাসুরীয়ের অর্ডার দিলেন।

9

জামাইষ্ঠীর প্রভাতে হাবড়া হইতে যে ট্রেণথানি বর্দ্ধমানাভিমুথে যাত্রা করিল, তাহাকে জামাইবাবুদের গাড়ী বলিলে কিছু-মাত্র অসুসত হয় না। অভাতা কামরার কথা ছাড়িয়া আমরা মধাশ্রেণীর একখানি গাড়ীর কথাই এখন বলিতে বসিয়াছি। কেন না, এই ক্ষুদ্র ইতিহাসের নায়ক বিরজা-মোহন তাহাতে অন্ততম যাত্রী ৷ ঘটনাধীনে নব-বিবাহিত এবং শ্বন্তরালয়াভিমুথ ২৫,৩০ জন নবীন যুবাপুরুষ সেই একথানি গাড়ীর বিভিন্ন প্রকোষ্ঠ অধিকৃত করিয়াছিলেন। তাঁহাদের প্রায় সকলেরই পরণে কালাপেডে কোঁচান ধুতি, মাথায় এলবার্ট বুকে বাঁধা কোঁচান চানর এবং রঙীণ ুসার্টের ৰক্ষকোটরে মোটা সোণার চেন 🔭 । অনেকেরই পায়ে ফুলদার ইকীং এবং কোঁচান চাদরের উপর ফুলের ক্ষুদ্র তোড়া। কিন্তু বেশভূষায় কতক কত্ক পার্থক্য থাঁকিলেও এক বিষয়ে নির্কিশেষ একতা সকলের ভিতর বিরাজ করিতেছিল। সকলেরই মুথে দিগারেট্ অবিশ্রামে ধ্মোল্গার করিয়া সে স্থান "অতিসেব্য" করিয়া তুলিয়াছিল।

কেবল বিরজামোহন এই দলের ভিতর একটু স্বাতস্ত্র্য রক্ষা করিয়া চলিয়াছিলেন। ধৃমপানে তিনি তেমন অভ্যস্ত হন নাই এবং উড়ানিতে সাটের শোভা আবৃত করিয়া নীরবে একমনে "রুঞ্চরিত্র" পাঠ করিতে-ছিলেন। দেখিয়া সদ্যোবিবাহিত, সোণার-চসমা-পরিহিত অষ্টাদশবর্ষের একটি ছেলে— শুনিলাম, এইবার সে এন্ট্রান্স ক্লাসে উঠি-য়াছে—ছেলেট নৃতন সিগারেটে দীপশলাকা সংযুক্ত করিতে করিতে তাঁহাকে স্থাইল— "মশায়ের কি কোন শ্রাদ্ধের নিমন্ত্রণে যাওয়া হচ্চে ?" এই প্রশ্নে খুব একটা হাসির রোল পড়িয়া গেল এবং দঙ্গে দঙ্গে গাড়ীও হাবডা ছাড়িয়া চলিল। তথন জামাইবাবুর দল তিনবার "হিপু হিপ্ হর্রে" করিয়া আনন্দ-ধ্বনি করিলেন।

গাড়ী ছাড়িলে কক্ষে কক্ষে হাস্ত ও গীতের স্রোত যেরূপ তরঙ্গায়িত হইয়া উঠিল, তাহা অনুমান করা যায়, কিন্তু বর্ণনা করা যায় না। বনে আগুন লাগিলে পক্ষিকুলের কাকলীতে যেমন অস্থান্ত জীবজন্তর হ্রস্ব-দীর্ঘ স্বর সংযুক্ত হইয়া একটা বিচিত্র কড়ি-কোমল অথচ অস্পাঠ ধ্বনি জাগ্রত হইয়া উঠে—সেই চলিষ্ণু এবং শক্ষায়মান বাষ্পারথের সেই দশা হইল।

সকাল-সকাল স্থানাহার করিয়া একটি

প্রোচরয়য় ভদ্রলোক এই গাড়ীতে বর্দ্ধমান
যাইতেছিলেন। গাড়ী হাবড়া-ছেশন্ পার

ইইলেই, তিনি একটু নিভ্ত কোণ খুঁজিয়া
নিদ্রার আয়োজন করিলেন। কিন্তু জামাইবাবুদের দৌরাজ্যে লীলুয়ায় ট্রেণ পামিতে
না থামিতে তাঁহাকে উঠিয়া বসিতে হইল।
দেখিয়া সেই এন্ট্রাক্স-ক্রাসে পড়া বাবুটি স্মিতমুথে জিজ্ঞাসা করিলেন, "মশায়ের কোথায়
যাওয়া হচেচ ? অবখ্য শক্তরালয়ে ?" প্রোচ
ভদ্রলোক ঈষৎ বিরক্তিসহকারে উত্তর দিলেন,
"কিসে মশায়ের এমন অমুমানটা হলো?
আমি ত কোন সাঞ্-সজ্জা করিনি ?"

উত্তর। মশায়দের কালে অবিশ্রে অনেক সাজসজ্জা করে এখন জাওর কাট্-চেন! আপনাদের কথা বল্তে গিয়েই না দীনবন্ধ্বাবু গেয়ে**ছিলেন, "ভাই**পোরে লজ্জা দিয়ে সাজিলেন জ্যাঠী

আবার ভারি হাসি পড়িয়া গেল। কেহ বলিয়া উঠিল—"বেঁচে থাক বাবা! সাবাস্ ছেলে! এডিটরি করে থেতে পার্বে!"

যুবকদের ধৃষ্টতায় প্রোটের সহিষ্ণুতা
দীমা অতিক্রম করিল। অপেক্ষাক্তত তীব্রকণ্ঠে তিনি বলিলেন, "এথন কি তার
দেকাল আছে হে বাপু, আজকাল ষে সবই
উন্টা, ভাইপোরাই যে এথন জ্যাঠা হয়ে
বসেছে।" প্রোটের মুথে অকন্মাৎ এরূপ
কঠোর উত্তরের আশক্ষা ছিল না বলিয়া,
কথাটায় দলল এন্ট্রান্স ক্লাসের যুবক ষেন
একটু থতমত থাইয়া গেল, যেন জোঁকের
প্রিভিল, কিন্তু পদ্মপত্রে জল আর

নালেই মাথিল না, বরং বাহাত্রী জানা-

ইয়া তাঁর বচনের সার্থকতা আঠার-আনা-রকম করিতে তৎপর হইল।

8

খণ্ডরালয়ে পৌছিয়া বিরজামোহন অন্দরে नीठ हरेलन। उथाव अभरु তাঁহার উপবেশনের জ্বন্ত কার্পেটের আসন বিছান ছিল এবং নিজের ও পাড়ার খ্রালিকা-সম্পর্কীয় স্থন্দরীগণ—সংখ্যায় প্রায় দ্বাদশটি— তাঁহার সাদর-সম্ভাষণার্থ সে স্থান আলো করিয়াছিলেন। তিনি ভর্সা করিয়াছিলেন. 📽 খেল পঞ্জিকার চিত্র অমুকরণ করিয়া व्यक्ति वर्षेक्ति वर्षेश्व परिमाल उ कियु कि মারিবে, কিন্তু তাহার বদলে শুনিতে পাই-লেন, মল ঝক্বত করিয়া প্রাঙ্গণে কে একজন ছুটিয়া পলাইল। বড় দিদ্ধি হাসিতে হাসিতে ডাকিতেছিলেন—"সুকু সুকু, বরের বরণ দেথ্বি আয়!" ভিকণে স্কুমারী ছোট বোন্টিকে কোলে করিয়া থিড়কীর বাগানে অন্তর্হিত হইয়া গেল।

বৃহৎ থালে প্রাচুর মিপ্টার, ফুল, ফল এবং ধান-দ্ব্রা ও নববন্ত লইয়া শাশুড়ী-ঠাকুরাণী জামাই-আশীর্বাদ করিলেন। বিরজানাহন নক্ষত্ররপি ভালিকাদল-মধ্যবর্তী হইয়া প্রেই চকু নত করিয়াছিলেন, এবং সেজন্ত নাটক-নভেলের ভাষায় বিশুর বিজ্ঞপরাণ তাঁহার উদ্দেশে বর্ষিত হইতেছিল। শাশুড়ী-ঠাকুরাণীকে আসিতে দেখিয়া তিনি আরো জড়সড় হইলেন। ইহার ফলে আশীর্বাদ করিয়া শাশুঠাকুরাণী চলিয়া গেলে বিরজার মনে হইল, তাঁকে একটা প্রণাম

তথন খ্রালীদের পালা। বিবিশ বিন

পাতে রাশিরাশি ফুল ও মিষ্টান্ন তাঁহার সন্মুথে আসিয়া উপস্থিত হই**ল**। বি<mark>রন্ধামোহন</mark> প্রথমে আহারে অনিচ্ছাপ্রকাশ করায় বড় খালী ও ঠাকুরাণীদিদিদের কাছে শুনিতে পাইলেন যে, একটা-কিছু তাঁকে থাইতেই হইবে, হয় মিষ্টার, না হয় কর্ণমর্দ্দন। কাজেই তিনি আহারে প্রবৃত্ত হইলেন। মিছরির পানা মুখে দিবামাত্র বুঝিলেন, সেটা খড়-ভিজান জলমাত্র; পান্তুয়ার ভিতর ছুঁচ, রসগোলায় আল্পিন্! বিরজ্ঞার হর্দশা দেথিয়া শ্রালিকাদের আনন্দের সীমা রহিল नी (ए क्लक्टर्र) र राज्य महत्री विश्वाित পর্যান্ত পৌছিতেছিল। শেষে শাশুড়ী-ঠাকু-রাণী স্বহন্তে থাবার আনিয়া জামাতার উদ্ধার কবিলেন।

স্নানাদির পর আহারে বসিয়াও বিরজ্ঞামোহন নিস্তার পাইলেন না। কিন্তু তথন
কেবল সজ্জিত অন্নের ভিতর একটি কাংসপাত্র বসান ছিল। বিরজ্ঞা ভয়ে ভয়ে ভাত
ভাঙিতেছিলেন,—এবার আর তাঁর হার
হইল না,—দেখিয়া শ্বশ্রসম্পর্কীয়ারা ক্স্পাদের
অন্থোগ করিলেন যে, থাওয়ার জিনিষে
আবার ভামাদা কি গ

মধ্যাত্নে বৈঠথখানায় শুলাবাব্দের মজ্লিসে তাদ-পাসা এবং সতরঞ্চ চলিতেছিল,
গল্পগুজবেরও অভাব ছিল না। বিরজামোহনকে আর একবার অন্দরে আহ্বান
করিয়া রঙ্গরস-রচনার উদেযাগ হইয়ছিল,
কিন্তু ভয়ে "জামাইবাব্" আর সে-মুখো হইলেন না। থেলাধ্লার পর অপরাত্নে আর
বার জলযোগের পালা। কিন্তু কর্ত্তা তথ্ন
কলিকাতা হইতে ফিরিয়া আসিয়াছেন।

আহার্য্যে আর কোন তঞ্চক ছিল না। তবে পিঁড়ির নীচে স্থপারি রক্ষিত হওরার বসি-বার সময় জামাতা-বাবাজীর পা একবার পিছলাইয়া গিয়াছিল বটে।

সন্ধ্যার পর বৈঠথখানায় যে গীতবাছের মজ্লিস্ বসিল, বিরজা তাহাতে হার্মোনিয়ন্ বাজাইয়া শুলকদের ° সাধুবাদ উপার্জন করিয়াছিলেন। ৯টার পর আহারাস্তে ধধন তিনি শয়নগৃহে প্রবেশ করিতেছিলেন, তথন সত্যসত্যই মনে হইতেছিল, বরটি ধেন চোরটি!

¢

শয়নকক্ষে প্রবেশ করিয়া কিছু সন্দিগ্নচিত্তে বিরশামোহন তাহার চারিদিক চাহিয়া দেখিতেছিলেন। আড়িপাতার দৌরাত্ম্যের কথা তাঁহার শোনা ছিল, দোর-জানালার প্রাচুর্য্যে কক্ষটি তাহার উপযোগী দেখিয়া কিছু সঙ্কোচের সহিত তিনি শ্যায় প্রবেশ করিলেন। বিবাহের পর একবারমাত্র বালিকা পত্নীর সহিত তাঁহার পরিচয় হইয়াছিল, হুই বৎসরে সে দেখিতে কেমন * ও কত-বড়টি হইয়াছে, তাহা মনে করিতে পারিতেছিলেন না। এমন সময় আপাদ-মন্তক-অবগুটিতা কিশোরী আদিয়া দার রুদ্ধ क्तिण এবং भगाम वित्रमा वित्रमाराम्या করম্পর্শ করিল। বিরজা বিশ্বিত হইয়া प्रिंशिन, (कान कथा ना विवाह वानिका তাঁহার অঙ্গুলিতে অঙ্গুরীয় পরাইতে ব্যস্ত। খালিকারা গৃহের বাছিরে যে অপেকা

করিতেছিলেন, তাহা মৃত্ব অলন্ধারশিঞ্জিতে বুঝা যাইতেছিল। কিন্তু আংট-পরান শেষ হইলে বিরজামোহনের মনে হইল, এখন লজ্জা করিলে নিতাস্তই সেই চিঠির তামাসায় তাঁহাকে হারি মানিতে হয়। হ্যামিল্টনের বাড়ীর হীরকাঙ্গুরীয় ক্ষমাল হইতে খুলিয়া তিনিও বালিকার অঙ্গুলিতে পরাইয়া দিলেন।

প্রকাষ্টের উজ্জ্বলালোকে দার এবং জ্বানালার ছিদ্রপথ দিয়া শ্রালিকারা এই অঙ্গুরীয়বিনিময় দেখিলেন এবং একথোগে হাসিয়া উঠিলেন। বিরজ্ঞামোহন মহা অপ্রস্তুত হইয়া দেখিলেন, আংটি পরিয়া অব-শুন্তিতা মাথার কাপড় ফেলিয়া দিয়াছে এবং সে যেই হৌক, কিন্তু স্কুক্মারী নহে! বধ্-রূপী বালক হাসিয়া বলিতেছিল—"কেমন জামাইবাব্, স্কুদ্বিদি সেজে কেমন ভোমায় ঠকিয়েচি!"

হয়ার থোলা পাইয়া ঠাকুরাণীদিদি ও খালিকার দল আর একবার বিরক্তামোহনকে লইয়া পড়িলেন। তাঁহার উপহৃত অঙ্কুরীয় স্থকুমারীকে পরাইতে পরাইতে সকলেই মুক্তকণ্ঠ উহার কারুকার্য্যের প্রশংসা করিতেছিলেন। অঙ্কুরীয়নীর্ষে ক্ষুদ্র তিনটি মূর্ত্তি গঠিত হইয়াছিল। একজন হীরকথও দেখাইয়া মধ্যবর্ত্তী ধ্বাপুরুষকে প্রনুক্ত করিতেছিল। কিন্তু য্বার মুয়দৃষ্টি লজ্জা-বিনতা কিশোরীতে তয়য়, অথচ বামহন্তভঙ্গীতে মনে হইতেছিল, অম্ল্য হীরকথও ঘ্ণায় তিনি প্রত্যাধ্যান করিতেছেন!

ত্রীশচন্দ্র মজুমদার।

গ্রন্থ-সমালোচনা।

- redisino

রেজেন্টারী-দর্পণ। পাকুড়ের সব্রেজি-ট্রার শ্রীঅন্তক্লচক্র চট্টোপাধ্যায় কর্তৃক সঙ্গলিত ও প্রকাশিত। পঞ্চম সংস্করণ। মূল্য॥• আট আনা।

আমাদের এইরূপ ধারণা আছে যে, লোকে আইনের মর্গ্য-বিবৃতির পুস্তকের ছারা জ্ঞানলাভ করিয়া কার্যা করা অপেকা ব্যবসায়ীর প্রামশ লইয়া কার্যা করা অধি-কতর শ্রেয় ও নিরাপদ্মনে করে। এবং ভাহারা যে ঠিকই বুঝে, ভাহাতে সন্দেহ নাই। আইন প্রতিনিয়ত পরিবত্তিত হইতেছে। যে স্থলে **অ**•্ইনের পরিবর্ত্তন হয় नारे, तम ऋत्व (प्रथा यात्र त्य, निकारतत हाता আইনের অর্থের পরিবর্ত্তন হয়; কেন না, কথার মর্ম সকলে একইরূপ বুঝে না; এবং ইংরেজের আদালতে আইন অপেকা নজি-রের প্রভাব অধিক। এরূপ অবস্থায়, এই পুস্তকথানি পাঠ করিলেই যে, রেজেষ্টরি-বিষয়ে সাধারণ লোকের পক্ষে উকীল-মোক্তারের দারস্থ হওয়া বন্ধ হইবে, এমন কথা বলা চলে না। তবে, আমরা এ কথা अनाग्रारमहे विलाख भाति (य, त्त्रकष्ठेती बाहे-নের, এবং সম্পর্কযুক্ত অন্তান্ত কয়খানি আই-নের, সংক্ষিপ্ত মর্ম্ম বেশ্ সরল ভাষায় এবং প্রাঞ্জলভাবে এই পুস্তকে সনিবেশিত হই-য়াছে। যাঁহারা রেজেষ্টরি আইনের সুর্গ অবগত হইবার জন্ম এই পুস্তক অংক করিবেন, তাঁহাদের এই বিষয়ে একটা মোটা-

মুটি জ্ঞান নিশ্চরই জনিবে। এই পুস্তকের যথন পঞ্চম দংকরণ হইরাছে, তথন ইহা বে আদৃত হইরাছে, এ কথা বলাই বাছলা। গ্রন্থকারের পরিশ্রম প্রশংসনীয়।

লক্ষী মা। লক্ষ্মী বউ। লক্ষ্মী মেয়ে। শ্রীবিধুভূষণ বন্ধ কর্তৃক প্রণীত। প্রত্যেকের মূল্য। ৮০ ছয় আনা।

এই তিনথানিকুদ্র পুত্তক, স্ত্রীপাঠ্য গাহস্থা উপভাস। উপভাদের বৈচিত্রা এগুলিতে কিছুই নাই, এবং থাকিবার প্রয়োজনও ছিল না। যে উদ্দেশ্তে লিখিত, তাহা সফল হইয়াছে। বালিকাদিগের নীতি-শিকার হিসাবে এই পুস্তক-তিন্থানি ভালই হইয়াছে। চরিত্র একটিমাত্র; তাহাকেই ভিন্ন ভিন্ন অবস্থায় স্থাপন ক্রুরিয়া ভিন্থানি উপত্যাদ হইয়াছে—মা, বউ এবং মেয়ে, তিনটিই লক্ষ্মী বটে; এবং এই তিনটির মধ্যে যে-কোনটি বয়স ও অবস্থা ভেদে অপ-রের স্থানের অধিকারিণী। সাহিত্যিক গুণপনা কিছু নাই। কিন্তু এই তিনথানি পুস্তকের বিশেষ প্রশংসা এই যে, এগুলিকে আমরা অকুষ্ঠিতভাবে মাতা, ভগিনী, স্ত্রী ও ক্সার হাতে অর্পণ করিতে পারি। আজ-কালকার বাঙ্লা উপস্থাসের হিসাবে ইহা বড় কম প্রশংসার কথা নহে।

এই পুস্তকগুলিতে পূর্ব্ব-বঙ্গের বাক্যব্যবহার-প্রণালীর পরিচয় অনেকস্থলে পাইয়াছি; তাহা পরিহার করিতে পারিলে ভাল হইত। যুগল-প্রদীপ i উপতাস। খ্রীননি-লাল বন্দ্যোপাধ্যায় প্রণীত। মূল্য > এক টাকা।

এই উপত্থাদথানির মূল কঁলনা অতি
উপাদের, অতি স্থানর। বৈদেশিক ছইচারিথানি উপত্থাদে ও নাটকে এইরূপ এবং
ইহার অপেক্ষাও উচ্চতর কলনা দেথিয়াছি
বটে; কিন্তু আমাদের ভাষায় এই প্রণালীর
কলনা, বোধ হয় প্রথম দেথিয়াছিলাম,
বিশ্বমবাবুর 'য়ুগলাঙ্গুরীয়ে'; আর দেথিলাম,
সমালোচা উপত্থাদে।

স্থদক্ষ হতে এই স্থানর মূল কর্ন। অতি উপাদের, অতি আদরণীয়, পরম স্থানর উপ-ভাসে পরিণত হইতে পারিত। ননিলাল-বাব্র হাত বড় কাঁচো; তাই এমন স্থানর কর্নাও তাঁহার হাতে মাটি হইয়া গিয়াছে।

প্রথমেই, রামধন সরকারের পাঠশালার চিত্র নিতান্ত অস্বাভাবিক। যতই হুরস্ত হউক না কেন, গুরুমফুর্রারের 'সজ্ঞানে গঙ্গাযাত্রা' করিতে পারে, এমন ছাত্র ভূ-ভারতে কথন জন্মে নাই। বিশেষত রামধন সরকারের মতন গুরুমহাশয়; যাহার সহস্কে গ্রন্থকার নিজেই লিখিয়াছেন—"সাক্ষাৎ শমন-সদৃশ বেত্রধারী রামধন সরকারের ছাত্রগণের আর্ত্তনাদধ্বনিত পাঠশালা।" তার পর, অরপূর্ণার হাতেথড়ি——এটা কি ব্যাপার ? বেটাছেলের হাতেথড়ি হইত এবং হয় বটে—আমাদেরও একদিন হইয়াছিল—কিন্তু মেয়েছেলের হাতেথড়ির কথা এই প্রথম শুনিলাম; তাহাও আবার প্রঠশালায় গিয়া।

চরিত্রচিত্রণে গ্রন্থকার নিতাপ্ত অপটু।

'দর্কশাস্ত্রবিশারদ চন্দ্রচ্ড় তর্করত্ন' সন্ন্যাস-গ্রহণ-কালে ভাতাকে আদেশ করিয়া গেলেন त्य, अन्नशृनीत विवाद्यत क्रहेमिन शृत्वी যুগল-প্রদীপের অভ্যন্তরন্থ লিপিথানি, এক-ছত্রও নিজে না পড়িয়া, একটি অক্ষরও অপ-রকে না দেখাইয়া, তাহার মাতার হস্তে— অবস্থাবিশেষে, অন্নপূর্ণারই হস্তে—দিতে হইবে। এ আদেশে এইরূপ বুঝায়, যেন বিবাহের সমন্ত উদ্যোগ-আয়োজন পণ্ড করাই চক্রচুড়ের উদ্দেশ ছিল। ইংগতে চক্রচুড়ের 'দর্বশান্তবিশারদত্ব' ত প্রকাশ হওয়া দূরের কণা, বরং বুদ্ধির হীনতা-বুঝ মন্তিক্ষের বিক্কতিও - প্রকাশ পায়। মদনমোহন চূড়া-মণি একটি আন্ত আহাম্মক এবং নির্দ্বোধের শিরোমণি। তাহার প্রত্যেক কথায়, প্রত্যেক কায্যে, এই আহাম্মকি দেদীপ্য-মান। ফর্মায়েশা বোকা ব্যতীত আর কাহাকেও এমন লোকে ঠকাইতে পারে না। অথচ বিজ্ঞ, সংদারাভিজ্ঞ হরমোহন দত্তকে এবং ডাকাইত নরেক্রনাথকে এই আহাম্মক অবলীলাক্রমে ঠকাইল। অন্নপূর্ণা চির্দিন অমরনাথকে স্বামি-রূপেই ভাশ্যা আসিয়াছেন, তাহাকে স্বামি-রূপে পাইবার জন্ম করিয়াছেন, এমন কাজ নাই। সেই অরপূর্ণা নিজের বংশ-পরিচয় পাইয়াই • যে অমরনাথের সঙ্গে মাতা-পুত্র-সম্বন্ধ স্থাপন করিলেন-ইহা হাস্তজনক। এমন আরও অনেক আছে, কিন্তু সকল নির্দেশ করিবার স্থান আমাদের নাই।

উপভাসথানির গঠনও ভাল হয় নাই।
দক্ষা নরেক্রনাথকে ইহার মধ্যে আনিয়া
ঢুকাইবার কি যে প্রয়োজন ছিল, তাহা

বুঝিতে পারিলাম না। উপস্থাসের বিকাশ ও পরিণতির জন্ম সিপাহীবিদ্রোহ ও আউট্-রাম-সাহেবের অবতারণা সম্পূর্ণ অনাবশুক।

তবে, এ কথা বলিতে পারি ষে, পু্স্তক-ধানির কাগজ ভাল, ছাপা ভাল, এবং ভাষাও অনিন্দনীয়।

গান। শ্রীবিহারিলাল সরকার বির-চিত। মূল্য॥ আট আনা।

বঙ্গীয় সাহিত্য-সমাজে বিহারী বাবু স্থপরিচিত। 'বিভাসাগর', 'শকুন্তলা-রহস্ত,' 'ইংরেজের জয়' প্রভৃতি লিথিয়া বিহারী বাবু আশামুরূপ যথেষ্ট থ্যাতি লাভ করিয়াছেন। গানের পুস্তক প্রকাশের উভ্তম তাঁহার এই প্রথম – অস্তত বিহারী বাবুর রচিত গানের পুস্তক ইতিপূর্কে আমরা দেখি নাই।

প্রথম উত্তম হউক, ইহা প্রশংসার্হ হই-য়াছে। এই গানগুলি পড়িতে বসিয়া কয়ে কটি বিষয়ে স্বতই দৃষ্টি আক্ষণ্ট হয়। প্রথমেই চক্ষে পড়ে, অকপট হৃদয়াহুভূত ভক্তি। একট। কিছু রচনা করিতে হইবে বলিয়া যে কোন গান রচিত হইয়াছে, এরূপ বোধ হয় না—বেশু বুঝা যায় যে, সংগীতগুলি ভক্তি-পূর্ণ চিত্তের স্বাভাবিক উচ্ছাস। এক স্থলে, পাদ-মন্তব্যে (foot-note) দেখিলাম, কিছু-मिन शूटल विश्वाती वावूत शूखविरमां घटि, এবং তত্বপলক্ষে রচিত কয়েকটি সংগীত এই পুস্তকে স্নিবিষ্ট হইয়াছে। ত্বৰিপাকেও বিহারী বাবুর ভক্তি অচলা। প্রিয়জন-বিয়োগে মানুষ ভগবানেও অবি-খাসী হইয়াছে, এরূপ দৃষ্টান্ত সংসারে বিরুশ নহে। কিন্তু বিহারী বাবুর ভক্তি কিছুভেই টলে না। পুত্রবিশ্বোগে, অতিমাত্র ব্যথিত হাদয়েও, বিহারী বাবু বলিতেছেন— —"ব্যধাহারী বলে হরি! ভালবাস কি হে বাধা দিতে? ব্যধা দিয়ে তাই কি হে, চাহ ব্যধা ঘুচাইতে?" ইত্যাদি।

সমস্ত গানটা উদ্ত করিতে পারিলাম না বলিয়া ছঃধিত হইলাম। আন্তরিক ভক্তির ইহার অপেক্ষা অধিক প্রমাণ আর কি হইতে পারে ?

বিহারী বাব্র অমুক্লে আরও একটা কথা বলিবার আছে। তিনি ভক্ত, এবং বাধ হয় বৈষ্ণব; কিন্তু গোঁড়া নহেন— যেমন কীর্ত্তন রচনা করিয়াছেন, তেমনি আগমনী, বিজয়া ও শ্রামা-সংগীত রচনা করিয়াছেন। ইহাতেই বুঝা গেল যে, তিনি বৈষ্ণব বটেন, কিন্তু নেড়ানেড়ীর দল— দেশের ত্র্ভাগ্যবশত আজকাল যে দলের কিছু প্রাত্ত্তাব দেখা যায়—সে দলভুক্ত নহেন। অতএব বিহারী বাব্কে আশির্কাদ করিতেছি। তিনি যদি আজকালকার হজুগে বৈরাগী হইতেন, তাহা হইলে তাঁহাকে আশির্কাদ করিতে পারিতাম না; কেন না, তাহা করিলে আমরা পাপভাক হইতাম।

নির্জ্জলা খাঁটি সাহিত্যের হিসাবে এই
পুস্তকের বিচার হওয়া কর্ত্ব্য নহে; স্কৃতরাং
তাহা আমরা করিলাম না। তবে বিহারী
বাবুকে একটা অমুরোধ করিতে পারি।
এই সকল গানের ছই-একটা স্ক্রসংযোগে
স্থগায়কের মুথে শুনিলে আমরা আপ্যায়িত
হইব। সংগীত, কেবল কথায় সার্থক.হয় না।
স্বরসংযোগে সম্পূর্ণ সার্থকতা লাভ করে।

ত্রীচক্রশেখর মুখোপাধ্যায়।

বঙ্গদর্শন।

विदनभी वन्नु।

একটি বিশাল হ্রদ। ঐ তাহার উত্তরতীরে স্থরেক্রশরচিছ্ন দৈতাজজ্বার স্থায় ঘোর कुक्षवर्ग देनलासनी,—खुशाकात्र, विमुख्यन,— কোথাও ভরুপুঞ্জে ধৃসর, কোথাও নগভায় বিকট, কোথাও হ্রদগর্ভে অবগাঢ়, কোথাও বা বিশ্বনভীম উদ্ধে উচ্ছিতশির। আপনা-দের অবশ্র একটা কোন দেশ অনুমান হটতেছে—তা অনুমানই কৰুন, আমি কিন্ত এখন কিছু বলিব না। আরও চাহিয়া দেখুন --পশ্চিমদিকে শৈলভোগী যেন নামিয়া গিয়াছে।—ঐ একটি উপত্যকা। ওথানে মান্থবের বদবাদ আছে। ঐ দেখুন, উপত্যকা হইতে এথানে-দেখানে-ভগ্ন সোপানশ্রেণীর ভার শিলাদেহ হ্রদে অবতরণ করিতেছে এবং তাহার উর্দ্ধভাগে একটি সঙ্গতাকার निनागर्यन पृष् (तथा । याहेट ७ ए । একটি বাড়ী। ঐ বাড়ীতে অনেকে সাধ করিয়া গিয়া বাস করিয়া থাকে ৷ স্থিরবন্ধ তরঙ্গরাজির ভার পাহাড় যথন অধীরতাড়িত তরঙ্গভালের সমুধীন হয় এবং আপন

বক্ষে নিম্পেষিত ব্যালোল ফেনরাজিকে মালতীমালার আয় ধারণ করে—সেই নেত্রহর দৃশুটিমাত্রের দর্শনাকাজকা ঐ-দেশীয় বছ যাত্রীকে ঐ অঞ্চলে আক্র্রণ করিয়া আনিত।

* ₹

হদের দক্ষিণতীরে একটি সহর। এথানে আমি বিভার্থী হইয়া প্রবাসী। ঐ দেশের একজন অধ্যাপকের কাছে আমি পড়িতাম। 'এমার্সন' যে রূপান্তরনিয়মে 'অমরস্মু' হইতে পারে, সেই রূপান্তরনিয়মে আমার অধ্যাপককেও 'পিতৃস্মু' বলা যাইতে পারে। কিন্তু এ সংস্কৃতনামের বারবার আরুভি ছাড়িয়া শুধু 'অধ্যাপক'নামেরই আশ্রম শইব। আমার পণ্ডিতমহাশরের এরপ একটি গোরবাথা। ছিল্ও বটে।

আমাদের অধ্যাপকের একটি হরস্ক পুত্র ছিল; অথবা সে-দেশীর সকল যুবাই আমাদের কাছে অলাধিক হরস্ক বলিয়া বোধ হয়। অধ্যাপকের সম্পত্তির অধিকারী ক্র একমাত্র পুত্র। কিন্তু কথনও সে পড়া-

ভনায় মন দিত না। এই যুবার এইরূপ একটি নাকি বিশেষত্ব ছিল। এক-পাল কুকুর লইয়া সে নাকি আমাদের পূর্ব-প্রদর্শিত উপত্যকায় শীকার বেড়াইত; আশেপাশে সমস্ত পর্কতমালা তাহার কুরুরের চীৎকারে প্রতিধানিত হইত। এই মাতৃহীন যুবক সঙ্গল করিয়া-ছिল, विवाह कतिरव ना। त्रक्र अधार्यकत . কোনও কোভ ছিল না; কিন্তু তাঁহার স্থায় পণ্ডিতের পুত্র ওরূপ অকর্মণ্য হইয়াথাকিবে, ইহাতেই তাঁহাকে কণ্ঠ দিত। বিত্যালাভের উপর অধ্যাপকের একটি অসঙ্গত আস্থা ছিল—ষাহা দার্শনিকেরই উপযুক্ত। এই হটি পিতাপুত্রের সম্বন্ধ সেই দেশের সাধারণ পিতা-পুত্রের সম্বন্ধ হইতে 'কিছু অন্সর্রপ ছিল। এ সব কথা প্রথম অধ্যাপকের মুথেই জানিতে পাই।

অধ্যাপক মানুষ্টি বড়ই সরল প্রকৃতির—সহদরতা এরপ অল্পই দেখিয়াছি। কিছু-দিন তাঁহার কাছে পড়িতেই তিনি আমাকে তাঁহার গৃহে গিয়া বাস করিতে আহ্বানকরিলেন আমি ভয়ে ও আনন্দে অধ্যাপকের গৃহে স্থান লইলাম। করেকদিন যাইতেই অধ্যাপক আমাকে ডাকিয়া বলিলেন—"যুবক, আমার কথা শুন; আমার একটি হরস্ত পুত্র কিছুদিন হইল ভ্রমণে গিয়াছিল; তাহার সংক্ষিপ্ত ভ্রমণ সমাধা করিয়া আক্রই সন্ধ্যার সে ফিরিতেছে। তোমার ব্যবহারে আমি মুগ্ধ হইয়াছি, কিন্তু তাহার সহিত্ত আরও বিবেচনা করিয়া চলিবে। অবশ্র তোমাদের বাসকক্ষ পরস্পরের নিকটেনহে এবং তুমি অধ্যয়নশীল,—মল্লই দেখা

হইবে—তবু বলিয়া রাথিলাম। দৈ কাহারও সঙ্গে মিশিতে চাহে না। পড়াগুনার
একরপ বিরোধী। অত্যন্ত রাগী—হার্কিউলিসের মত গায়ে জোর! তব্"—
(এইখানে ঠিক কথা ক'ট তুলিয়া দিই)
"Yet the dog has a heart, he has a heart I am sure—an honest rascal."

সেইদিনই সন্ধার সময়ে কে আমার কামরার কাছের সিঁড়িট দিয়া গটুগটু করিয়া উঠিয়া আসিতেছে। আমি যে দোতলা-ঘরে থাকিতাম, ঠিক তাহার উর্দ্ধে তেতলায় অধ্যাপক বাস করিতেন। তাঁহার কক্ষে যাইবার সিঁডি আমার কক্ষের দরজা মেলি-তেই বারাগুার বাঁ দিকে দেখা যাইত। আমি পদশব ভনিয়াই, বারাভায় বাহির হইয়া অন্তমনস্কভাবের ভাগ করিয়া এক-থানি পুস্তক হতে দাঁড়াইয়া রহিলাম। সর্বাঙ্গ লগা কোন্তায় ঢাকিয়া এক-পা এক-পা দৃঢ়ভাবে ধাপে ধাপে ফেলিয়া কে একজন উঠিতেছে। তাহার পশ্চাতে তিস্তিস্ তিদতিদ আরও কতকগুলি শব্দ শোনা গেল। এই-ই অধ্যাপকের পুত্রবর। সহসা উপরে না গিয়া সে আমার দিকেট আসিল এবং পাঁচ-সাতটা কুকুরে বারাগুটি যেন ভরিয়া গেল ৷ রাঙারাঙা বিশৃত্থল চূল, জন্জন্ চকু, অযত্নকর্তিত গুদ্দশাশ্রু—একটা প্রকাণ্ড ধব্ধবে শাদা হাত সে আমার দিকে বাড়াইয়া দিল। আমি প্রস্তুত ছিলাম না---শেক্ছাঞ্ করিলাম। ইতিমধ্যে কুকুরেরা কেহ পশ্চাতের ছ্'পা ভাঙিয়া গন্তীরভাবে প্রভুর দিকে চাহিয়া বসিয়া গেল, কেছ দাঁড়াইয়াই পুচ্ছ নাড়িতে লাগিল,

কোনটা কৌনট। আমার এবং দেই ভদ্র-লোকের গায়ে উঠাউঠি করিতে আরম্ভ করিল। যুবা হাসিয়া বলিলেন, "আপনি দেই ভারতবর্ষীয় ছাত্র ? এক্ষণি আসিতেভি, ক্ষমা করিবেন।"

আমি কিছু উত্তর বা করিতে করিতেই কুরুরপাল দঙ্গে যুবক উপরে উঠিয়া গেল। আমি একটু বিরক্তিমিশ্র বিশায় অনুভব করিতে লাগিলাম — ভাত্তবর্ষীয় ছাত্র বলিয়া যুবক হাসিল কেন? উপহাস? কিন্তু তাহার করমর্দনের ভাবটি বড় সৌহার্দ জানাইয়াছে ত! না, প্রতারিত হইলাম ? ভাবিতে ভাবিতে কামরায় প্রবেশ করিয়া গিয়া বদিলাম। চাকর আলো দিয়া গেল। আজ তাহাকে "থ্যাঙ্যু" দিতে ভূলিয়া গেলাম -অন্তমনস্কভাবে বসিয়া থাকিলাম। যেন একটু কষ্ট হইতে লাগিল। কতদূর হইতে আসিয়াছি--কোণায় স্নেহ! কোণায় ভাল-বাদা। বাড়ীর কথা মনে পড়িল, বাঙ্লার অনেক যুবকের মূর্ত্তি উঠিয়া মিলাইয়া গেল— অজানত চক্ষুপ্রান্তে অঞ বিগলিত হইল বুঝি !—ইতিমধ্যে সেই বিশৃঙ্খল মৃত্তি, এক-গাল হাদিয়া আমার সাম্নে আদিয়া দাঁড়াই-য়াছে। সে হাস্তে কোন সন্দেহ আর थारक ना। यूवा जिख्डामा कतिरलन:--

"আপনি কি এখনি আবার আপনার ঐ গ্রন্থে ডুব দিবেন ? (আমার টেবিলে তখন একটিমাত্র প্রকাণ্ডকায় এমার্সনের গ্রন্থাবলী ছিল—সেইটি দেখাইয়া) ডুব দিলে শীঘ্রই আপনাকে ভাগিয়া উঠিতে হইবে । ইণ্ডিয়ান্ হইলেও আপনার আপেক্ষিক গুরুত্ব ঐ গ্রন্থ-জিনিষ্টির তুলনায় কম হইবে।" 'আমার অধ্যাপক আমার আগমনবার্ত্তা দবিস্তারে তুঁাহার পুত্রকে লিথিয়াছিলেন, তথাপি প্রথম দাক্ষাতেই এত উপহাদ কেন ? যা হউক, দহজেই আত্মাংবরণ করিলাম, বিশেষত তাহার মুখভাবটি আমাকে বড়ই আক্লষ্ট করিতেছিল। আমি বলিলাম:—

"আমি সম্প্রতি এমন-কোন ডুবের চেঠা দেখিব না, তবে আপনার সঙ্গে একটা আলাপের মধ্যে ডুব দিবার ইচ্ছা আছে— যদি আপনার কৃচিকর হয়।" কথাটা বড় সসংস্থাচে বলিলাম।

"তবে আহ্বন না, আমাদের ডিনার আৰু একতা করিয়া লওয়া যাক। টেবিলে আলাপ চলিবে—তার বেশ পরেও আমার আপুত্তি নাই,—সমন্তরাত্রি চলিলেও আমি পৃষ্ঠভঙ্গ দিব না-হা: হা: হাঃ হাঃ "-- একটা উচ্চহাস্থ উঠিলেন। আমি ভাবিলাম—বা:, এই কি করিবার মত লোক? মেশামিশি না না, আমিই বিদেশা চরিত্রে প্রতারিত হইতেছি ? विनाम, "हनून, **मा**इनारम যাইতেছি।" পাশেই আমাদের ভোজনা-গার। অধ্যাপকও আদিয়া ডিনারে ধোগ मिर्लन।

9

পূর্বরাত্রের ডিনারে আমাদের বন্ধুত্ব কিছুদ্র অগ্রসর হইয়াছে। রবাটের সরলতা দেখিয়া তাহার পিত।ও একরূপ বিষয়মিশ্র আনন্দ লাভ ফরিলেন। আমি বিশেষ আনন্দিত হইলাম।

পরদিন সকালবেলায় আমি অধ্যাপকের সঙ্গে পড়াগুনা ক্রিতেছিলাম। গ্রীক্

দর্শন ও ভারতীয় দর্শন-এই হয়ের তুলনা ও আলোচনা চলিতেছিল। এইরূপ আলো-চনার সময়ে বুড়া অধ্যাপকের ভাব দেখিলে আপনারা আশ্চর্য্য হইতেন – এবং তাঁহার চরিত্রটি বুঝিয়া লইতে পারিতেন। বুড়া আলোচ্য বিষয়টির মধ্যে এতদূর মগ্ন হইয়া যাইতেন যে, আর কিছুই তাঁহার বোধ থাকিত না। সেদিন ক্ষণে ক্ষণে তিনি চট করিয়া উঠিয়া দাঁড়াইতেছিলেন এবং জোরে পকেটের মধ্যে হাত প্রবেশ করাইয়া দিতেছিলেন-মধ্যে মধ্যে যথন "O flight of human thought"ৰুগাটি প্ৰতি পদাংশের উপর জোর দিয়া একরূপ উচ্চ ও কর্কশ স্বরে উচ্চারণ করিতেছিলেন, তথন শরীরটিকে আরও উর্দ্ধ করিবার র্ম্বন্ধি জুতার অগ্রভাগ-টুকুর উপরমাত্র ভর করিয়া দাঁড়াইতে-ছিলেন। সেই বিরলকেশ, পরুশাশ্র, হাস্থে फ्रामन मूथि, तारे मीर्च कुरुव्हन, এवः तारे কালো পোষাকের উপর সামে-ঝুলান ছথানা বড় বড় হাতের অঙ্গুলিবদ্ধ, জোর করিয়া-যতদূর-সম্ভব প্রসারিত অবস্থা, কখনো হাত-হটির পশ্চাতে অঙ্গুলিবদ্ধ অবস্থা আমার আজও অবিকল মনে পড়িতেছে। সেই-দিন প্রভাতেই গ্রীকদর্শনপ্রসকে সক্রে-তিসের ব্যক্তিগত জীবনের কথা উঠিল। প্লেটোর Symposium বা 'ভোৰু'নামক গ্রন্থে আপনারা মাতাল আল্কিবায়েডিসের মুখে উচ্চু সিত আবেগে সক্রেতিসের চরিত্র-"বর্ণন পাঠ করিয়াছেন বোধ হয়। অধ্যাপক সেই বর্ণনা অবলম্ব করিয়া Symposium-এর সেই ভাগটি একরূপ অভিনয় করিয়া দেখাইতেছিলেন। 'Then rushed in

Alcibiades' এই বলিয়া তিনি দৌড় দিয়া কামরার এক ধার হইতে আর এক ধারে ছুটলেন; টেবিলের উপর কয়ই ভর করিয়া (যেমন আাল্কিবায়েভিস্ করিয়াছিল) গল্গল্ গল্গল্ করিয়া, কখনো গ্রীকে, কখনো ইংঃজীতে, বলিয়া যাইতে লাগিলেন।

"Then he took off his shoes and walked upon the snows" এই বলিয়া ঠিক আপনার জ্তা-জোড়াট খুলিয়া একধারে গিয়া আড়াইম্র্ডিতে দাঁড়াইয়া থাকিলেন। তাঁহার এই দৌড়াটোড়িতে কাচের কয়েকটা টিউব্ পড়িয়া গেল— সেনিকে তাঁহার লক্ষ্য নাই—আমার লক্ষ্য থাকিলেও, অভিনয়ে এতদ্র আক্রপ্ত হইতেছিলাম যে, সেনিকে ঘাইতে পারিলাম না। আমাকে যেন যাত্ত্ করিয়া বসাইয়া রাখিত, হাত-পাটি নাড়িবার পর্যান্ত সাধ্য থাকিত না।

এইরপ যাত্মন্তে অধ্যাপক আমাকে
শিথাইতেন, তাঁহার কথা বলিতে আরস্ত
করিলে আমার আর থামিবার জো থাকে
না। যাক্, সেদিন পড়া সাঙ্গ করিয়া আমার
কামরায় গিয়া দেখি, দরজার দিকে প্রকাণ্ড
পিঠ দিয়া কে একজন বসিয়া আছে। একটা
প্রকাণ্ড মাথা, একমাথা চুল!

পদশব্দে রবার্ট ফিরিয়া চাহিল।

"তোমরা অভিনয় করিতেছিলে?" রবার্ট কথন্ ধেন উপরে গিয়া ফিরিয়া আসিয়াছে।

আমি। হাঁ, অধ্যয়নের প্রকৃষ্ট উপায় অভিনয়। রবাট। (হাসিয়া) আমিও গ্রীকে বক্তৃতা করিতে পারি।

আমি। বেশত।

রবাট। হা: হা: হা: হা: বিশ্বাস করিলে? তুমি বড় সহজেই বিশ্বাস কর দেখিতেছি। এখানকার যুবাদের দলে মিশিরাছ?

আমি। বড়বেশী নহে। কাল শুধু ভোমার দলে।

রবাট। আমি এথানকার নহি।

আমি। তবে কোথাকার ?

রবাট। Across the lake of the valley. ছদের পরপারে—ঐ উপত্যকার।

আমি। শীকারে বংদরের কতমাদ কাটাও ?

রবাট। সারা বৎসর।

এই বলিয়া রবার্ট গম্ভীর হইয়া বসিল। বলিল, "আমি আজই উপত্যকায় যাইব, আমাকে স্মরণ রাখিও।"

আমি। তুমি কি দীর্ঘ বিদায় লইতেছ ? রবার্ট। না, আমাকে তোমার প্রাণের কাছে রাখিও।

এই বলিয়া হটা বড় বড় হাত বাড়াইয়া
দিল। আমি প্রীতিপূর্ণ বিশ্বরে বইগুলি
ম্যাটিংএ ধপ্ করিয়া ফেলিয়া, হাতহটি
একত্র করিয়া, আমার হটি হাতে চাপিয়া
ধরিলাম। রবার্ট আমাকে টানিয়া পার্শ্বের
চেয়ারে বসাইল এবং আমার একটি
বাহু তাহার বুকের উপর লইল। আমার
চক্ষ্ প্রীতিতে বিক্ষারিত হইল। একি ?
এ দেশে আসিয়াও কি আমার এমন যুবা
মিলিল ? অনেকক্ষণ আলাপ চলিল।

আমি আলাপান্তে বিশ্বরে-প্রীতিতে পরিপূর্ণ ইইয়া রহিলাম—দেদিন আর পড়া হইল না। তিনচারিদিন ধরিয়া শাকারের আয়োজন চলিল। এই তিন্দিনে আমাদের বন্ধুত্ব দৃঢ় হইতে দৃঢ়তর হইতে লাগিল। চতুর্থদিনে রবার্ট যথন চলিয়া গেল, মনে হইল, যেন আবাল্যের একটি প্রিয়সঙ্গী হারাইয়াছি— অথচ নৃতন বন্ধুত্বের মাধুর্যাই যে হাদয়কে স্ব্থ এবং পীড়া দিতে থাকিল, তাহা কিন্তু ব্ঝিতে পরিলাম।

রবার্টের দক্ষে আমার প্রগাঢ় বন্ধুছ জন্মিয়াছে। তাহার হৃদয় কি মিষ্ট, কি উদার, কি উন্নত, কি সরল !

"সরলয়োঃ সথি সথ।মনাবিলম্।" বিদেশ, বিজাতীয় ভাষা, কই কিছুতেই ত প্রাণের পথবোধ করিতে পারিল না! কিছুতেই ত আমাদের যৌবনস্থলর হৃদয়ের মুথে দাঁড়াইতে পারিল না।

আমার পড়াশুনা, অধ্যাপকের সঙ্গে বিজ্ঞানচর্চা—সর্বত্রই বরাটের কথা আনিতাম। অধ্যাপক একদি নহাসিয়া বলিলেন, "হুটা বিপরীত প্রকৃতির গাছ যেমন কলমে জোড়া লাগে, তোমরা সেইরূপ মিলিয়াছ। আমি এতদূর আশা করি নাই, কিন্তু (হাসিতে হাসিতে) জ্ঞান ত, He is an honest rascal, an honest rascal—more honest than I understand. আমি উৎসাহসহকারে বলিতাম, "এ দেশে উহার মত দ্বিতীয় যুবক আর নাই।" অধ্যাপক হাসিয়া বলিতেন, "That's youth, that's youth—Ah golden." এই বলি-য়াই অস্তকাজ বা পড়া আরম্ভ করিতেন।

এই একটি কৌতুক! আমি বুড়াকে কথনো এইরূপ goldenএর মত বিশেষ্যাইন বিশে; বণগুলিকে পূর্ণ করিতে গুনি নাই। বিশে-বণ বিশেষ্যের অপেক্ষা না করিয়াই হাঁটু ভাঙিয়া পড়িয়া যাইত। যাকু সে কথা।

এইদিন রবার্ট আর্বার একবার শীকার দাঙ্গ করিয়া ফিরিয়াছে। সারাদিন মৈত্রীর উৎসবে, নানা আলাপে কাটিয়া গেল। আজি যেন রবার্ট মাঝে মাঝে একটু উতলার ভাব ধারণ করিতেছিল—তাহার দৃষ্টি ক্ষণে ক্ষণে অनिर्फिष्टे श्रेषा উঠিতেছিল। আমার কাছে বরং শেষে, স্মৃতিতে উপস্থিত তথন তত লক্ষ্য করিয়াছি বলিয়া মনে পড়েনা। রাতে রবাট আমাকে ডাকিয়া লইয়া চৌতল কক্ষে বসিল। ডিনারের পর তথন আটটা রাত্রি হইবে। কার্পেটের ম্যাটিংএ আলো পড়িয়াছে। কেদারাগুলি যেন বুড়ামাহুষের মত বসিয়া-বসিয়াই ঘুম দিতেছে। রবার্টের মায়ের বৃহৎ ছবি ঠিক আমাদের মাথার উপর बूँ किया পড়িয়া यেन আমাদের মৈতীস্থলর আলাপ শুনিতেছে এবং প্রীতির হাস্ত হাসিতেছে। ঐ স্থলর স্বেহময় মুথথানি মনে মনে কত পুজা করিয়াছি। রবাটের ছটি বেহালা বক্ষের বক্রথাতে অন্ধকার জমাইয়া যেন এক এক জোড়া বিকটমর্দিত अफ अनर्भन कतिया, आभारतत निकर्छेहे দেয়ালে ছলিতেছে। সেই নীলাভামিশ্র व्यात्नारक प्रकल निर्जीव वश्चरक है प्रकीरवद মত বোধ হইতেছিল। আমরা দেয়ালের কাছে আসিয়া বসিয়াছি। এই রবার্টের

শয়নগৃহ। ঘরটি 'বেশ বড়।' আস্বাব্ স্বল।

রবার্ট ফেদারার এক ডানার উপর শরীরাদ্ধ হেলাইয়া, পিঠ ঠেকাইয়া বসিল এবং
ছটি হাতে আমার গলদেশ আকর্ষণ করিয়া
আমার মুথের দিকে,চাহিয়া বলিতে আরম্ভ
করিল, "তুমি কি বোধ কর আমাকে
সম্পূর্ণরূপ জানিতে পারিয়াছ? আমার
ছদয়ের সব কথা জানিয়াছ?"

আমি। সব কথাকে জানে? তবে বহুদ্র জানিয়াছি।

রবার্ট। Fool!

এই বলিয়া একটু মৃহ হাসিল, আবার গন্তীর হইয়া বলিতে আরম্ভ করিল—

"আচ্ছা মনে কর মিনার্ভার একটি খেত-প্রস্তরমূত্তি আছে।"

রবার্ট আজ থামিয়া থামিয়া কথা বলিতেছিল, অভাভ দিনের ভার গল্গল্ বেগে নছে। আমি বলিলাম, "বেশ, তার পর ?"

রবার্ট। মনে কর পরমা স্থন্দরী। আমি। বেশ।

রবার্ট। তুমি তাহাকে ভাল বাসিয়া জীবন কাটাইতে পার না ?

এই বলিয়া রবার্ট ঘুরিয়া-ৰসিয়া স্থামার বাছ তাহার বাছতে জড়াইয়া লইল এবং অঙ্গুলিগুলি আমার অঙ্গুলিগুলিতে বদ্ধ করিয়া করতল একটু জোরে পিপ্ট করিল—আবার বলিল, "একটি পরমহন্দরী মৃতিকে হৃদয় দিয়া জীবন কাটাইতে পার না ?"

একি অমুত প্রশ্ন ? আমি বিশ্বিতশ্বরে

তাড়াতাড়ি বলিয়া ফেলিলাম, "প্রস্তর-মুর্স্তি ? না।"

त्रवार्छे। मत्न कत्र, त्म यिन होनिए भारतः তার অঙ্গ যদি গোলাপের ন্থায় কোমল হয়; তার কেশ যদি পবনের ক্ষমতার বাহিরে না থাকে; ভার চক্ষ্র গোলাপী পাতা যদি अर्छ-नारम; **जात नामिका इहेर** यिन হৃদয়ের উত্থানপতনের অহুগামী লঘুনিশাস বাহির হয়; (আমার দৃষ্টি এতক্ষণ কেবলি বিশ্বয়ে বিকারিত হইয়া তাহার অনির্দিষ্ট দৃষ্টির উপর স্থাপিত হইতেছিল) তার **ठक्क्द्र मृष्टि** यनि क्लांभन, स्थूत, डेड्डन, হাস্তে দীপ্ত, করুণায় সজল হয়—হর্ষচঞ্চলতা অপেকা বরং করুণ গান্তীর্যাই ব্যঞ্জিত করে; তার ওঠাধরের গোলাপ যদি ভয়ের শাত-বাতে কম্পিত এবং স্থুথের আরুণম্পর্শে হান্তে প্রকৃট হইয়া উঠে; তার বাহু यनि द्याभीय नीर्घळन পরিহার করিয়া আধুনিক ল্যাভেণ্ডার-বস্ত্রে আবৃত হয়"---বাধা দিয়া আমি আমার বিশ্বয় গোপন

বাধা দিয়া আমি আমার বিস্ময় গোপন করিয়া, উপহাসম্বরে তাড়াতাড়ি বলিয়া উঠিলাম—

"তুমি দেখি আর ডুম্প্ডের পুর্বেথামিতছ না—থাম থাম—সংক্ষেপে বল না কেন
—সে যদি পরমা স্থলরী একটি আধুনিক
কন্তা হয়!—হাঁ, তাহা হইলে নিশ্চয়ই তাহাকে
ভালবাসিয়া জীবন কাটাইতে পারি"—বলি
য়াই আমার বোধ হইল, যেন উপহাস বড়
রাঢ় হইয়াছে। রবার্টের দৃষ্টি তথনও মনির্দিষ্ট।
সেই অনির্দিষ্ট তরলস্থলের দৃষ্টিটি ঘুরিয়া
আসিয়া আমার চক্ষর উপর স্থাপিত হইল।
সেই ছজের্ম-গভীর দৃষ্টি দেখিয়া আমার

মৃঢ্তা আমি বিশেষরূপে অমুভব করিতে লাগিলাম, আমার কন্ট বোধ হইতে লাগিল। ধীরে ধীরে আমার কল্পনাতে একটি প্রেমকাহিনী জাগ্রত হইয়া উঠিল—রবার্টের হৃদয়ের একভাগ ঘেন একটি কোন স্বপ্রময়—সৌন্দর্য্যময় ক্লেজ অবতরণ করিয়া অদৃশ্র হইয়া প্রেল—তাহার তরল দৃষ্টি রহস্তে অতিমাত্র নিগৃঢ্ভাব ধারণ করিল। উৎক্লে হইয়া প্রদ্পেষ্টহরে বলিয়া উঠিলাম, "কত স্থলর! কত স্থলর!" রবার্টেরও ঘেন একটা চিন্তা অপগত ১ইল। নড়িয়া-চড়িয়া বিসরা উটিচঃ স্বরে সে বলিতে লাগিল—

"ধাক্ যাক্! তুমি এথানকার যুবকদের ভাল করিয়া জান ? এমন খারাপ জীব আর কোথাও পাইবে না। তাহাদের মুখের উপর থুথু ফেলিতেও আমার ম্বণাবোধ হয়"-(ক্রমেই স্বর চড়িতেছিল) "তাহা-দের ভালবাসা সব থেলা, কুপ্রবৃত্তি, উচ্ছ্-জালতা"—(হঠাৎ বাহু ছাড়াইয়া লইয়া ফুট করতলে এক সশব্দ আঘাত করিয়া) "এই-জন্মই ইহাদিগকে আমি কুকুরের স্থায় দেখি-কথাও বলি না" (সহসা উঠিয়া-দাড়াইয়া হাঁটিতে হাঁটিতে, আমিও সঙ্গে সঙ্গে চলিতে লাগিলাম)—"বালিকাগুলিই কি ভাল ? সেগুলিকেও থারাপ করিয়া তুলি-য়াছে ! সহরে কথনো, কথনো থাকিও না---ঐ উপত্যকার গ্রামে গিয়া গৃহস্থাপন কর। क्था। क्विंग क्था। क्था वन्न क्रिया দাও,--হাজার-এক বিপদ্ অন্তর্ধান করিবে। কথা না থাকিলে হৃণয়ের অনুভবশক্তি প্রথর হয়, সর্বাঙ্গে হাদয় ফুটে !"--আবার আসিয়া বসিল। কিন্তু একি ? এ কোন রহস্ত ? আমি রবাটের বাহুর উপর করতল স্তুত্ত করিয়া কহিলাম, "একি ? রবাটা, একি ?"

রবার্ট এবার—বেন উত্তেজনা অপগত হইল—আমার দিকে ফিরিয়া, কিছুক্ষণ পরে হাসিয়া বলিল, "The sweetest story."

আমি। খুলিয়া বলিতে আপত্তি আছে কি P

রবার্ট। আপত্তি ! দূর !

এই বলিয়া আমার ক্ষকে বাহু তুলিয়া দিল এবং বলিতে আরম্ভ করিল। ধীরে ধীরে রবার্ট তাহার sweetest story প্রকাশিত করিল। ধীরে ধীরে তাহার মনের দার খুলিয়া একটি বিচিত্র, মনোহর क्षमम-পक्षी स्थानात मृष्टिर्भाश उर्पाठिक इहेन। আমি রবার্টের পুণ্যম্পর্শ অমুভব করিতেছি বলিয়া আপনাকে ধন্য মনে করিলাম। ঘরে গিয়াও সারারাত সেই অদৃষ্ট উপত্যকার कथा, তাहात्र मध्य এकि वित्निभ-ভाবের গ্রামের কথা, নৃতন-রকম গৃহপ্রাঙ্গণ, গৃহ-শ্রীর কথা, একটি প্রস্তরহর্ম্মোর মধ্যস্থিত একটি সৌম্যা স্থলরীর কথা ভাবিতে পাকিলাম। ভাবিতে থাকিলাম, ঐ উপ-তাপায় কেমন একটি অজ্ঞাত গ্রাম আছে; তাহার উত্থানে উত্থানে কিরূপ ফলের গাছ, ফুলের গছে; শুধু ছায়ার গাছ; রাঙা-রাঙা कृर्छि পরিয়া বালিকারা সকালবেলায় তরু-চ্ছায়ায় হগ্ধ দোহন করিতে থাকে, কেমন গুন্গুন্ করিয়া তাহাদের মনিবগৃহের স্থলরী ক্সার গুণের কথা জলনা করে-আমার এই প্রবলহাদয় বন্ধুটি কিরপে স্থান্থ বি বালিকার প্রেমম্পর্ণে অবনমিত

করিয়াছে। কেমন দে একদিন শীকারে गिवाहिन- दीजात मिट मार्ट्समूहर्ख अनुश পরীগণ কি ভাহার কঠে বর্মাল্য নিকেপ किर्माहिन ? अटबंत सम्मत औवां विवान ইয়। টানিয়া সেদিন কি রবার্ট ঐ দ্রুচিষ্ঠ পশুর নেত্রে এক অপূর্ব্ব প্রসন্নতা দেখিতে পাইয়াছিল ? কেমন করিয়া আমার বন্ধুর ক্ধিররঞ্জিত শাকারলক হরিণীটিকে গ্রামের পথ দিয়া वक्तुत मिट मिविटत नहिंगा যাইতেছিল-তথন কেমন একটি পুরাতন গাড়িতে একটি স্থলরী ধনিকলা বায়ুদেবন করিতেছিল-হঠাৎ সেদিন রক্তাপ্লত মৃগীর দৃশ্য দেখিয়া তাহার প্রাণে কিরূপ আঘাত লাগিল,—কেমন করিয়া কি মধুর ভাষায় করুণা প্রকাশ করিল! বিদেশিনীর মন্তকে টুপি! কিরূপ বেশভূষা! গৌরকপোল কিরূপে করুণচক্ষের পল্লবচ্ছায়ার ছায়াভারা-ক্রান্ডের স্থায় বোধ হইতে লাগিল। রবার্ট মোহিত হইয়া গেল। ঘোড়া হইতে নামিয়া শিকার কিশোরীর চরণে রাখিয়া আর প্রাণি-হিংসানা করিতে মনে মনে সঙ্কল্প করিল। কিশোরী কিরূপ মৃত্মৃত্ হাসিয়া তাহার জ্যেষ্ঠভ্রাতার মুখপানে তাকাইছু! সে এই সহরাগত ভদ্রলোকটির সৌজক্ষে মুগ্ধ হইয়া রবার্টকে তাহাদের ভবনে আহ্বান করিল! রবার্ট পটগৃহ ভাঙিয়া সেই উপত্যকার ভবনে আশ্রয় লইল! রবার্টের নৃতন জীবন আরম্ভ হইল। এই এমিলিই বা কিরূপ १---কে জানে কিরপ! মুহুমুহ হাস্ত করে, অথচ কথা বলে না—এ কিরূপ! তিনদিন যায়, চারদিন যায়, তাহার ভ্রাতা সমস্ত আদর-অভ্যর্থনা করে—অথচ এমিলির কেন

কথা নাই ? রবার্ট কাহাকে কিছু জিজ্ঞাসা করিতেও ভয় পাইতেছে, কেবল একটি গভীর রহস্তের অপেক্ষা করিয়া প্রতিদিন হৃদয়ে গুরুভার অমুভব করিতেছে। এমিলি নীরবতাহেতুই এই প্রতি-অঙ্গের যেন একটি ভাবপ্রকাশের ক্ষমতা আছে। তাহার দৃষ্টিতে ধেন স্থর ·উঠে-কথনো গভীর করুণ, কথনো বা গ্রীবার হাহাত্ত । তাহার गन्डरकत (इन्टान्टे अञ्चनम्, अञ्चरमापन, অঙ্গীকার স্থব্যক্ত হয়-কথায় যেন এরূপ হইত না। হৃদয় হইতে একটি ভাব কথায় রচিত হইয়া আসিতে আসিতে যেন অৰ্দ্ধেক ক্লত্ৰিম হইয়া যায়, কিন্তু ভঙ্গীতে যেন অতি সহজেই ছলিয়া উঠে। এমিলি যেন নীরবতার মধ্যে ডুব দিয়া দাঁড়াইয়া আছে। রবাট কখনো বা দেখিল, ছায়ান্ধকার বাতা-য়নে এমিলি দাঁডাইয়া আছে —বাডীর চারিটি-ধার ছায়াস্থ, নীরব পুরাতনত্বের অঙ্গুলি-চিহ্নিত-নীরব প্রস্তরমূর্ত্তিটি ষেমন নীরবতার অতল সমুদ্রের মধ্যে ডুব দিয়া দাঁড়াইয়া থাকে—যেখান হইতে কথনও আর তাহাকে ्छांना **याहेरवं ना** -- एमथिएछ एमथिए एमथा ধার, যেন জীহার অঙ্গুলির চিরস্থির ভঙ্গীট হইতে তাহার কেশরেথাট অবধি, তাহার মস্পোজ্জল দেহভাতি অবধি, কোন-না-কো**ন** গভীর ভাব ব্যক্ত আছে—এমিলিও বুঝি :সইরূপ। সেই নীরবের উপর আবার ্লিভ লভাটির ন্যায় গতিচাঞ্চা,। উড়-উড়ু চূল, চকুর গোলাপী পাতার ওঠা-নামা, স্তারকার স্থগভীর প্রকাশ, ওঠাধরের াসি, শরীরের মৃত্বতা, বাতর আন্দোলন।

একিশ্বিচিত রূপ! রবার্ট এইজ্ফুই বুঝি প্লাজ মিনার্ভার মৃর্ত্তির কথা আনিতেছিল। ** তার পর ৪ তার পর রবার্ট কেমন করিয়া পঞ্মদিনে এই পিতৃমাতৃহীনা বালিকাকে রাত্রিতে কক্ষ তলে করিল ! রহস্তের বাঁধ আর হৃদয়কে ফিরাইতে পারিল না। এমিলি কিরূপ কিছুক্ষণ তাহার থরথরকম্পিত বক্ষের উপর রবার্টের হস্তটি চাপিয়া ধরিয়া রাখিয়া সহসা **ডাড়িয়া দিয়া ছুটিয়া গেল— একথণ্ড কাগজে** কি লিথিয়া আনিয়া, রবাটের সন্মুখে টেবিলে রাথিয়া, হাঁটু ভাঙিয়া পড়িল — তাহার উক্ জড়াইয়া ধরিয়া অধীরভাবে চুম্বন করিতে রবার্ট ত্রস্তব্যস্ত হইয়া ভাহাকে উঠাইতে গেলে, দে •কেবল অশ্রপূর্ণদৃষ্টিতে কাগজট দেখাইয়া দিল- রবার্ট কাগজ দেখিতে অগ্রসর হইলে, এমিলি কেমন করিয়া ছুটিয়া গিয়া এক কোণে হুই হাত আড়ষ্টভাবে পাখে লম্বিত করিয়া দাঁড়াইল। তথন তাহার চক্ষু কিরূপ দীপ্ত, তাহার বদন-মণ্ডলের প্রতি-রেখা কিরূপ উন্মুখ হইয়া উঠিয়াছিল—খাস কিরূপ ঘনঘন বহিতে-ছিল ! রবাট পড়িয়া দেখিল, কাগৰখানিতে লেখা রহিয়াছে—"I am dumb।" "আমি বোবা।" বোবা ? এমিলি যেন নিস্তন্তার অতল সমুদ্রে ডুবিয়া গেল! তাহার প্রতি-অঙ্গে যেন অগাধজ্বভেদী রশ্মি একটি নিগৃচ্ রহস্ত সমর্পণ করিল ৷ যতক্ষণ রবার্ট চাহিয়া দেখিতেছিল, ততক্ষণ এমিলির হৃদয় কিরুপ্ নির্দার বেগে কাঁপিতেছিল, তাহার মস্তকের কেশরাজি বৃঝি কণ্টকের মত দাড়াইয়া উঠিয়াছিল! কিন্তু স্বৰ্গ আর প্রেম এক!

রবার্ট স্বর্গীয় ! রবার্ট বলিয়া উঠিল, "Speech is trifling t that of the tongue-রসনার কথা অকিঞিৎকর !" সহসা হই-कत्नरे इंडिन, अर्क्ष पर्य वानिकतन वक्ष रहेन! -এমিলির হৃদয় কি বেগে আবার কাঁপিয়া উঠিল-- अत्यत् अत्यत् अञ्च नामिशा (गण! त्रवॉर्डे चर्गीव ज्यानत्म मूक्ष रहेवा दिल। উভয়ে সন্নিহিত কোচে গিয়া বসিল ! আলি-ক্লে,নি:শক্তায় হৃদয়ের উপর হৃদয় কাঁপিতে থাকিল, বাহু বাহুতে জড়িত হইল, ওঠ ওঠে वक इहेन,--- अवरमरिष वृत्ति निजा इकनरक আপনার স্বপ্নমন্দিরে টানিয়া লইয়া আরও গভীরভাবে হজনার পরিচয় করাইয়া দিল। কোন প্রথম প্রণারিষ্গালের অজ্ঞ জল্লনায় এরপ প্রথম পরিচয়, -- হৃদয়ে- হৃদয়ে নিগৃঢ় আত্মসমর্পণে এরূপ প্রথম পরিচয় আর কোণাও হইয়াছে কি ?"

ভামি সমস্ত রাত্রি বিশ্বরে, আনন্দে রবার্টের শ্বর্গীয় চরিত্রের ধ্যানে যেন আর বুমাইতে পারিলাম না। কেবলি ভাবিতে লাগিলাম, কাহার জীবনের মূল কোথার ? এই বিশৃষ্ণলমূর্ত্তি, অসামাজিক, বিভাবিম্থ যুবকটিকে কেহই প্রকৃতরূপে জানে না,। পিতা ভাবেন, 'an honest rascal'; যুবকেরা ভাবে, 'idiotic'; চাকরবাকর সবাই ভাবে, একজন অপ্রান্ত শীকারী! কিন্তু এই বাগ্বিম্থ যুবকের হৃদয়টি কোথায় বিশাল ছদের পরপারে, উপত্যকার গ্রামটিতে একটি কেমন স্থলরী সকরুণা কিশোরীর হৃদয়টি অবলম্বন করিয়া তাহার চায়িদিকে ললাটবেইনী মালার ভাষ প্রস্কৃটিত হইয়া আছে! এই যুবক বিবাহ করিবে না—হায়! সে কথার

রহস্ত কে জানে! এই যুবক শীকার করিয়া ফিরে-হার্ম সে কথার মর্ম্ম কে বুঝে! আমি আপনাকে স্কৃতার্থ বোধ করিলাম যে, এমন বন্ধু আমার মিলিয়াছে—এমন রহস্ত আমার কাছেই শুধু প্রকাশিত হইয়াছে। আমার চিত্ত সেই বিশাল হুদটি পার হুইয়া বরাবার সে উপত্যকার অজ্ঞাতগ্রামে উদ্ভাস্ত হইল— কথনো বা ভাবিলাম, আমার গ্রামের করনা হয় তো সে গ্রামটির সহিত একেবারেই मिलिटव ना। -- आवात्र वाङ्लात कथा मत्न হইতে লাগিল। কিন্তু ফিরিয়া ফিরিয়া এই विष्मा स्कारनत भाशाचा, त्मान्नर्ग जवः রহস্ত আমার হৃদয়ে আঘাত করিতে লাগিল। महमा इটা- একটা দরজা খুলিবার শব্দ হইল। ভোর ? লাফ দিয়া উঠিয়া জানালায় গিয়া দেখি, স্পষ্টই ভোর! ঐ যে বিচিত্র নীল-পোষাকে স্থইপার্গণ চলিয়াছে: আমার ম্যান্ৰীত্ৰই চা লইয়া আসিল। আমি চা সারিয়া হাতমুখ না ধুইয়াই রবার্টের কামরার দিকে উঠিয়া গেলাম। কামরার যাইতেই শুনি—বেহালা ও গান। ज्थाना वस । जानाना इपनत निष्क (थाना, রবাট বুঝি রাত্রে আর ঘুমায় লাই। চুপ করিয়া অনেকক্ষণ শুনিশাম—ঘুরাইয়া-ফিরাইয়া সেই একই গান বারবার গাহি-তেছে। গানটি ধরিলাম, যথা:---

By woodland-bar by ocean-belt
The full south breeze our foreheads fann'd
And lightly rolled round moon, and star,
Low music from the magic-land,
By ocean bar by woodland-belt
More fragrant grew the glowing night
While, faint through dark blue air we felt
The breath of some unnamed delight,

পরিত্যক্ত বিরহশব্যাতলে একটি ভরানক গন্তীর ব্যাকুলতার সঙ্গে বিসর্জ্জনের বাদা বাজিতে লাগিল।

বিনোদিনীর মহেক্স যেন আশার পক্ষেপরপুরুষ, যেন পরপুরুষেরও অধিক—এমন শক্ষার বিষয় যেন অভিবড় অপরিচিতও নহে। সে কোনমতেই ঘরে প্রবেশ করিতে পারিল না।

একসময় কড়িকাঠ হইতে মহেন্দ্রের অন্যমনক দৃষ্টি সম্মুখের দেয়ালের দিকে নামিয়া আসিল। তাহার দৃষ্টি অনুসরণ করিয়া আশা দেখিল, সম্মুখের দেয়ালে মহেন্দ্রের ছবির পার্শেই আশার একথানি क्याटोशाक युनान त्रिशाहि। देखा दहन, रम्थाना औं । पिश्रा बाँ। प्रशा करन, हानिश ছিঁডিয়া লইয়া আসে। অভ্যাসবশত কেন रय रमिंग रहारथ পरफ़ नाहे, रकन रम रष এতদিন সেটা নামাইরা ফেলিয়া দেয় নাই, তাহাই মনে করিয়া সে আপনাকে ধিকার मिट्ड नाशिन। जाहात मटन इहेन, त्यन মহেক্সমনে মনে হাসিতেছে এবং তাহার ক্ষদয়ের আসনে যে বিনোদিনীর মূর্ত্তি প্রতিষ্ঠিত, দে-ও ধেন তাহার জোড়া ভুরুর ভিতর হইতে ঐ ফোটোগ্রাফটার প্রতি সহাস্য কটাক্ষপাত করিতেছে !

অবশেষে বিরক্তিপীড়িত মহেন্দ্রের দৃষ্টি দেয়াল হইতে নামিয়া জাসিল। আশা আপনার মূর্থতা ঘুচাইবার জন্য আজ-কাল সন্ধ্যার সময় কাজকর্ম ও শাশুড়ির সেবা হইতে অবকাশ শীইলেই অনেক রাত্রি পর্যান্ত নির্জ্জনে অধ্যয়ন করিত। তাহার সেই অধ্যয়নের ধাতাপত্র-বইগুলি

ঘরের একধারে গোছান ছিল। হঠাং
মহেল অলসভাবে ভাহার একথানা থাতাঁ
টানিয়া লইয়া খুলিয়া দেখিতে লাগিল।
আশার ইচ্ছা করিল, চীংকার করিয়া ছুটিয়া
সেথানা কাড়িয়া লইয়া আসে। তাহার
কাঁচা হাতের অক্ষরগুলির প্রতি মহেল্রের
হাদয়হীন বিদ্রুপদৃষ্টি কয়না করিয়া সে আর একমুহুর্ত্তও দাঁড়াইতে পারিল না। জ্রতপদে নীচে চলিয়া গেল—পদশল গোপন
করিবার চেষ্টাও রহিল না।

মহেক্রের আহার সমস্তই প্রস্তুত হইয়াছিল। রাজলক্ষ্মী মনে করিতেছিলেন,
মহেক্র বৌমার সঙ্গে রহস্তালাপে প্রবৃত্ত
আছেন; সেইজন্য থাবার লইয়া গিয়া
মাঝথানে ভঙ্গ দিতে তাঁহার প্রবৃত্তি হইতেছিল না। আশাকে নীচে আসিতে দেখিয়া
তিনি ভোজনম্বলে আহার লইয়া মহেক্রকে
থবর দিলেন। মহেক্র থাইতে উঠিবামাত্র
আশা ঘরের মধ্যে ছুটিয়া গিয়া নিজের
ছবিখানা ছিড়িয়া লইয়া ছাদের প্রাচীর
ডিঙাইয়া ফেলিয়া দিল এবং তাহার থাতাপত্রগুলা তাড়াতাড়ি তুলিয়া লইয়া গেল।

আহারান্তে মহেক্স শর্মগৃহে আসিরা বসিল। রাজলক্ষ্মী বধূকে কাছাকাছি কোথাও খুঁজিরা পাইলেন না। অবশেষে একতলার রন্ধনশালার আসিরা দেখিলেন, আশা তাঁহার জন্য হুধ জাল দিতেছে। কোন আবশুক ছিল না। কারণ, যে দাসী রাজলক্ষ্মীর রাজের হুধ প্রতিদিন জাল দিরা থাকে, সে নিকটেই ছিল এবং আশার এই অকারণ উৎসাহে আপত্তি প্রকাশ করিছে ছিল; বিশুদ্ধ জলের হারা পূরণ করিয়া

ছধের যে অংশটুকু সে হরণ করিত, সেটুকু আজ ব্যর্থ হইবার সম্ভাবনায় সে মনে মদে ব্যাকৃল হইতেছিল।

রাজলক্ষ্মী কহিলেন, "একি বৌমা, এখানে কেন ? যাও, উপরে যাও।"

আশা উপরে গিয়া তাহার শাশুড়ির ঘর আশ্রয় করিল। রাজলক্ষী বধূর ব্যবহারে বিরক্ত হইলেন। ভাবিলেন,—'যদি বা মহেল্র মায়াবিনীর মায়া কাটাইয়া ক্ষণ-কালের জনা বাড়ী আসিল, বৌ রাগারাগি মান-অভিমান করিয়া আবার তাহাকে বাড়ী-গছাড়া করিবার চেষ্টায় আছে! বিনোদিনীর কাঁদে মহেল্র যে ধরা পড়িল, সে ত আশারই দোষ! পুরুষমামুষ ত স্বভাবতই বিপথে যাইবার জন্ম প্রস্তুত, স্ত্রীর কর্ত্তব্য তাহাকে ছলে-বলে-কৌশলে সিধা-পথে রাখা।'

রাজ্বলন্ধী তীব্র ভর্ৎ সনার স্বরে কহিলেন,
"তোমার এ কি-রকম ব্যবহার বৌমা ?
তোমার ভাগ্যক্রমে স্বামী যদি ঘরে আসিলেন,
তুমি মুথ হাঁড়িপানা করিয়া অমন কোণে
কোণে লুকাইয়া বেড়াইতেছ কেন ?"

আশা নিজেকে অপরাধিনী জ্ঞান করিয়া
অঙ্কুশাহতচিত্তে উপরে চলিয়া 'গুলল 'গ্রবং
মনকে বিধা করিবার অবকাশমাত না
দিয়া একনিখাদে ঘরের মধ্যে গিয়া উপস্থিত
হইল
দশটা বাজিয়া গেছে। মহেক্র
ঠিক সেই সময়ে বিছানার সম্মুথে ক্রিড়াইয়৸
অনাবশুক দীর্ঘকাল ধরিয়া চিন্তিতমুথে
মশারি ঝাড়িতেছে। বিনোদিনীর উপরে
ভাহার মনে একটা তীত্র অভিমানের উদয়
হইয়াছে। সে মনে মনে বলিতেছিল,
"বিনোদিনী কি আমাকে তাহার এমনি

ক্রীতদাস বলিয়া নিশ্চয় স্থির করিয়া রাখি-য়াছে যে, আশার কাছে আমাকে পাঠাইতে তাহার মনে লেশমাত্র আশক্ষা জন্মিল না ? আজ হইতে যদি আমি আশার প্রতি আমার কর্ত্তব্য পালন করি, তবে বিনোদিনী কাহাকে আশ্রয় করিয়া এই পৃথিবীতে ঁদাড়াইবে ৭ আমি কি এতই অপদাৰ্থ যে, এই কর্দ্তব্যপালনের ইচ্ছা আমার পক্ষে একেবারেই অসম্ভব ? বিনোদিনীর কাছে कि लिनकारन आभात এই পরিচয় হইল ? শ্রদাও হারাইলাম, ভালবাসাও পাইলাম না, আমাকে অপমান করিতে তাহার বিধাও হইল না ?" মহে<u>ল ম</u>শারির সন্মুখে দাঁড়াইয়া দৃঢ়চিত্তে প্রতিজ্ঞা করিতেছিল, ্বিনোদিনীর এই স্পদ্ধার সে প্রতিবাদ করিবে, বেমন করিয়া হউক আশার প্রতি হৃদয়কে অমুকুল করিয়া বিনোদিনীকৃত অবমাননার প্রতিশোধ দিবে।

আশা বেই ঘরে প্রবেশ করিল, মহেন্দ্রের অভ্যমনস্ক মশারিঝাড়া বন্ধ হইয়া গেল। কি বলিয়া আশার সঙ্গে সে কথা আরম্ভ করিবে, সেই এক অতি হ্রহ সমস্থা উপস্থিত হইল।

মহেক্স কাঠহাসি হাসিয়া হঠাৎ তাহার বে কথাটা মুথে আসিল, তাহাই বলিল। কহিল—"তুমিও দেখিলাম, আমার মত পড়ায় মন দিয়াছ! থাতাপত্ত এই, এখানে দেখিয়াছিলাম, সেঞ্জি কোণায়পু"

কথাটা যে কেবল থাপ্ছাড়া শুন্ তাহা নহে, আশাকে যেন মারিল আশা যে শিক্ষিতা হইবার চেষ্টা করিকে লাগিল। বাজলন্ধী কছিলেন, "থাক্ বোমা, থাক্! স্থোকে ডাকিয়া দাও! তৃমি যাও, আর দেরি করিয়োনা।"

আশা এবার আর দ্বিধামাত্র করিল না। শাশুড়ির ঘর হইতে বাহির হইয়া একেবারে মহেন্দ্রের ঘরে গিয়া উপস্থিত হইল: মহে-**ट्यात मण्यूरथ टिविटलत उपात रथाला वह** পড়িয়া আছে—দে টেবিলের উপর হই পা ত্লিয়া দিয়া চৌকির উপর মাথা রাথিয়া একমনে কি ভাবিতেছিল। পশ্চাতে পদ-শব্দ শুনিয়া একেবারে চমকিয়া উঠিয়া ফিরিয়া তাকাইল। যেন কাহার ধানে নিমগ্র ছিল, হঠাৎ ভ্রম হইয়াছিল, সে-ই বুঝি দেখিয়া আসিয়াছে। আশাকে মহেক্ত সংযত হইয়া পা নামাইয়া থোলা বইটা কোলে টানিয়া লইল।

মহেল আজ মনে মনে আশ্চর্যা হইল।
আজকাল ত আশা এমন অসক্ষোচে তাহার
সন্মথে আসে না—দৈবাৎ তাহাদের উভয়ের
সাক্ষাৎ হইলে সে তথনি চলিয়া যায়।
আজ এত রাত্রে এমন সহজে সে যে
তাঁহার ঘরে আসিয়া প্রবেশ করিল, এ বড়
বিশ্বয়কর। মহেল তাহার বই হইতে ম্থ
না তুলিয়াই ব্ঝিল, আশার আজ চলিয়া
যাইবার লক্ষণ নহে। আশা মহেলের
সন্মথে স্থিরভাবে আসিয়া দাঁড়াইল। তথন
মহেল আর পড়িবার ভাণ করিতে পারিল
না—ম্থ তুলিয়া চাহিল। আশা স্ম্পাষ্টিত
স্বরে কহিল—"মার হাঁপানি বড় ব্যুড়িয়াছে,
তুমি একবার তাঁহাকে দেখিলে ভাল
হয়।"

মহেন্দ্র। তিনি কোথায় আছেন ?

আশা। তাঁহার শোবার ঘরেই আছেন, ,ঘুমাইতে পারিতেছেন না।

মহেন্দ্র। তবে চল তাঁহাকে দেখিয়া আসি গে।

অনেকদিনের পরে আশার সঙ্গে এইটুকু কথা কহিয়া মহেন্দ্র যেন অনেকটা
হাকা বোধ করিল। নীরবতা যেন হুর্ভেদ্য
হুর্গপ্রাচীরের মত স্ত্রীপুরুষের মাঝধানে
কালো ছায়া ফেলিয়া দাঁড়াইয়া ছিল,
মহেন্দ্রের তরফ হইতে তাহা ভাঙিবার
কোন অন্ত ছিল না—এমন-সময় আশা
সহত্তে কেলার একটি ছোট ছার খুলিয়া দিল।

রাজলক্ষীর ঘারের বাহিরে আশা দাঁড়াইয়া রহিল, মহেন্দ্র ঘরে প্রবেশ করিল। মহেন্দ্রকে অসময়ে শ্বরে আসিতে দেখিয়া রাজলক্ষী ভীত হইলেন, ভাবিলেন, বুঝি বা আশার সঙ্গে রাগারাগি করিয়া আবার সে বিদায় লইতে আসিয়াছে। কহিলেন, মহীন, এখনো ঘুমাদ্ নাই ?"

মহেক্র কহিল—"মা, তোমার সেই হাঁপানি কি বাডিয়াছে ?"

এতদিন পরে এই প্রশ্ন শুনিয়া মার মনে বড় অভিমান জনিল। বুঝিলেন, বৌ গিয়া বলাতেই আজ মহীন্ মার থবর লইতে আসিয়াছে। এই অভিমানের আবেগে তাঁহার বক্ষ আরো আন্দোলিত হইয়া উঠিক,—কঙে বাক্য উচ্চারণ করিয়া বলিলেন, "যা, তুই শুতে যা! আমার ও কিছুই না!"

মহেক্স। না মা, একবার পরীকা করিয়া দেখা ভাল, এ ব্যামো উপেক্ষা করিবার জিনিষ নহে। মহেক্স জানিত, তাহার মাতার হংপিণ্ডের হর্কলতা আছে, এই কারণে এবং,
মাতার মুখপ্রীর লক্ষণ দেখিয়া সে উদ্বেগ
অমুভব করিল।

মা কহিলেন—"পরীক্ষা করিবার দর-কার নাই, আমার এ ব্যামো সারিবার নহে।"

মহেল কহিল—"আচ্ছা আজ রাত্রের মত একটা ঘুমের ওষুধ আনাইয়া দিতেছি, কাল ভাল করিয়া দেখা য়াইবে।"

রাজলক্ষী। ঢের ওবুধ থাইয়াছি, ওষ্ধে আমার কিছু হয় না! বাও মহীন্, অনেক রাত হইয়াছে, তুমি ঘুমাইতে বাও!

মহেন্দ্ৰ। ভূমি একটু স্থন্থ হইলেই আমি যাইব! •

তথন অভিমানিনী রাজলক্ষী ঘারের অন্তরালবর্ত্তিনী বধৃকে সম্বোধন করিয়া বলিলেন, "বৌ, কেন তুমি এই রাত্তে মহেক্রকে বিরক্ত করিবার জন্ম এখানে আনিয়াছ ?"—বলিতে বলিতে তাঁহার খাসকই আরো বাডিয়া উঠিল।

তথন আশা ঘরের মধ্যে প্রবেশ করিয়া মৃত্ন অথচ দৃঢ় খরে মহেক্রকে কহিল, "বাও, তুমি্ শুইতে যাও, আমি মার কাছে থাকিব!"

মহেক্র আশাকে আড়ালে ডাকির।
লইরা কহিল, "আমি একটা ওরুধ্
আনাইতে পাঠাইলাম। শিশিতে হুই দাগ
থাকিবে—এক দাগ থাওয়াইরা যদি ঘুম
না আদে, তবে একঘণ্টা পরে আর এক
দাগ থাওয়াইয়া দিয়ো। রাত্রে বাড়িলে
আমাকে থবর দিতে ভূলিয়োনা।"

এই বলিয়া মঞ্জে নিজের ঘরে ফিরিয়া
গেল। আশা আজ তাহার কাছে যে
মৃত্তিতে দেখা দিল, এ যেন মহেল্রের পক্ষে
নৃত্ন। এ আশার মধ্যে সঙ্কোচ নাই,
দীনতা নাই, এ আশা নিজের অধিকারের
মধ্যে নিজে অধিষ্ঠিত, সেটুকুর জন্য মহেল্রের
নিকট সে ভিক্ষাপ্রার্থিনী নহে। নিজের
স্ত্রীকে মহেল্র উপেক্ষা করিয়াছে, কিন্তু
বাড়ীর বধুর প্রতি তাহার সম্ভ্রম জন্মিল।

আশা তাঁহার প্রতি বত্নবশত মহেক্তকে ডাকিয়া আনিয়াছে, ইহাতে রাজ্ঞলন্দ্রী মনে মনে খুসি হইলেন। মুখে বলিলেন, "বৌমা, তোমাকে শুতে পাঠাইলাম, তুমি আবার মহেক্রকে টানিয়া আনিলে কেন ?"

আশা তাহার উত্তর না দিয়া পাখাহাতে তাঁহার পশ্চাতে বসিয়া বাতাস করিতে লাগিল।

রাজলক্ষী কহিলেন, "যাও বৌমা, গুতে যাও!"

আশা মৃত্সরে কহিল—"আমাকে এই-থানে বসিতে বলিয়া গেছেন।"—আশা জানিত, মহেক্র মাতার সেবায় তাহাকে নিয়োগ করিয়া গেছে, এ থবরে রাজলক্ষী ধৃসি হইবেন!

(84)

রাজলন্দ্রী দেখিলেন, সাজগোজ করিয়া আশাকে মহেন্দ্রের কাছে পাঠান র্থা, কারণ নির্বোধ আশা অন্তান্ত বিদ্যার ন্যায় মনো-হরণবিভাতেও অনভিজ্ঞ এবং মহেন্দ্র তাহার প্রতি দৃক্পাতমাত্র করে না। এরূপ স্থলে আশার অনাবশুক বাতায়াত হারা মহেন্দ্রকে বিরক্তানা করাই ডিনি ভাল জ্ঞান করিলেন। কৈন্ত ছৈলে যাহাকে চাহে না এবং ছেলেকে সংসারে যে বাঁধিয়া রাখিতে পাহর না, সে বধ্র মর্য্যাদা কিনের ? "আশা আজ-কাল প্রাণপণ পরিশ্রমে শাশুড়ির শিক্ষামু-বর্ত্তিনী হইয়া বাড়ীর সমস্ত কাজ করে, কর্গণা রাজলক্ষীকে এখন আর কিছুই ভাবিতে হর না। কিন্তু তাহার আর সম্মান নাই; নিজের গৃহকার্য্যে আত্মীয়স্বজ্ঞানের সেবায় যে গৌরব আছে, আশার সম্বন্ধে সেটুকু কেহ যেন স্বীকার করিত না। এই অবস্থায় দাসদাসীরা প্রশ্রম পাইয়া নিজেদের অপরাধ আশার স্বন্ধে চাপাইতেও কৃষ্ঠিত হইত না।

আশা নিজের কাছেই অত্যন্ত ছোট হইরা গিরাছিল। একসমর স্বামীর কাছে অসাধারণ আদর পাইরা সকলের ঈর্বাদৃষ্টির ভাজন হইরা, আজ অক্স্মাৎ সম্পূর্ণরূপেই স্বামীর হৃদর হইতে বহিষ্কৃত হওরা—তাহার পক্ষে এমন লাঞ্চনা আর নাই! আশা এত ক্ষুদ্র, তাহার উপরে অদৃষ্টের এত-বড়-একটা প্রকাণ্ড উপহাস বড়ই হু:সহ।

আবার, বিনোদিনীর কথা যথন একে একে মনে পড়িতে থাকে, তথন নিজের অপরিসীম অন্ধ মৃঢ়তায় আশা যেন মাটিতে মিশাইতে চায়। সেই যে একদিন বিনোদিনী তাহাকে যত্ন করিয়া নীলাম্বরী কাপড় পরাইয়া ভাহার স্থামীর কাছে পাঠাইয়া দিয়াছিল; সেদিন তাহার স্থামী হাসিয়া বলিয়াছিলেন, "আজ কোন্ নিষ্ঠুর, আশাকে আশকার মত এমন নীলবর্ণ করিয়া দিল ?" সেদিনকার আদেরে আশা যথন সৌভাগ্য মনে ধারণ করিবার স্থান পাইতেছিল না.

তথন কি মহেল্র বিনোদিনীর কথা মনে করিয়া মনে মনে হাসিতেছিল ? কবে হইতে তাহার স্থাদনের অবসান হইয়াছিল, তাহা আশা ঠিক জানিত না,—তাই বিনোদিনীর সহিত মহেল্রের পরিচয়ের পর হইতে কোন্ সোহাগগুলি ছলনা এবং কোন্গুলি নহে, তাহা সে নি:সংশয়ে পৃথক্ করিতে পারিত না। তাই এই সর্বাস্থানের দিনে যেগুলি তাহার স্থামতির উপাদান হইতে পারিত, সেইগুলিই তাহার পক্ষে জ্বন্ত লজ্জার বিষয় হইয়া উঠিয়াছিল।

রাজলক্ষী যথন স্পট্টই দেখিলেন, আশা
মহেলের মন বাঁধিতে পারিতেছে না, তথন
তাঁহার মনে হইল, "অস্তত আমার ব্যামো
উপলক্ষ্য করিয়াও য়ুদি মহেল্রকে থাকিতে
হয়, সেও ভাল।" তাঁহার ভয় হইতে লাগিল,
পাছে তাঁহার অস্থ একেবারে সারিয়া
যায়! আশাকে ভাঁড়াইয়া ওয়ৄধ তিনি
কেলিয়া দিতে আরম্ভ করিলেন।

অক্সমনস্ক মহেল্র বড়-একটা থেয়াল করিত না। কিন্তু আশা দেখিতে পাইত, রাজলক্ষীর রোগ কিছুই কমিতেছে না, বরঞ্চ যেন বাড়িতেছে। আশা ভাবিত, মহেল্র যথেষ্ট যত্ন ও চিন্তা করিয়া ঔষধ নির্বাচন করিতেছে না,—মহেল্রের মন এতই উদ্ভান্ত যে, মাতার পীড়াও তাহাকে চেতাইয়া তুলিতে পারিতেছে না। মহেল্রের এত বড় হুর্গতিতে আশা তাহাকে মনে মনে ধিকার না দিয়া থাক্ষিতে পারিল না। একদিকে নষ্ট হইলে মানুষ কি সকল দিকেই এমনি করিয়া নষ্ট হয় ?

একদিন সন্ধ্যাকালে রোগের কষ্টের

সময় রাজলক্ষীর বিহারীকে মনে পড়িয়া গেল। কতদিন বিহারী আদে নাই, তাহার ঠিক নাই। আশাকে জিজ্ঞাসা করিলেন, "বৌমা, বিহারী এখন কোথার আছে জান ?" আশা ব্রিতে পারিল, চিরকাল রোগতাপের সময় বিহারীই মার সেবা করিয়া আসিয়াছে। তাই কষ্টের সময় বিহারীকেই মাতার মনে পড়িতেছে। হায়, এই সংসারের অটল নির্ভর সেই চিরকালের বিহারীও দ্র হইল! বিহারি-ঠাকুরপো থাকিলে এই তঃসময়ে মার য়য় হইত—ইহায় মত তিনি সদয়হীন নহেন। আশার ফ্রয় হইতে দীর্ঘনিশাস পড়িল।

ताक लक्ती। "विश्वातीत मरक भरीन वृति ঝগ্ড়া করিয়াছে ? বড় অন্তায় করিয়াছে বৌমা! তাহার মত এমন হিতাকাজ্জী বন্ধ মহীনের আর কেহ নাই।"--বলিতে বলিতে তাঁহার হুই চকুর কোণে অশ্রজন জড় হইল। একে একে আশার অনেক কথা মনে পড়িল। অন্ধ মৃঢ় আশাকে যথাসময়ে সতর্ক করিবার জ্বন্ত বিহারী কতরূপে কত চেষ্টা করিয়াছে এবং সেই চেষ্টার ফলে সে ক্রমশই আশার অপ্রেম্ম হইয়া উঠিয়াছে, সেই কথা মনে করিয়া আৰু আশা মনে মনে তীব্ৰভাবে অপমান নিজেকে লাগিল। একমাত্র স্থল্কে লাঞ্চিত করিয়া শক্রুকে যে বক্ষে টানিয়া লয়, বিধাতা সেই ক্বতম্ব মূর্থকে কেন না শাস্তি **मिर्टिन । ज्यक्षमप्र विकारी ए**ग निकास रफ्लिया এ पत इटेरज विमात्र इटेश शिर्ह, সে নিশ্বাস কি এ ঘরকে লাগিবে না ?

আবার অনেককণ চিস্তিতমুখে স্থির

থাকিয়া রাজলক্ষী হঠাৎ বলিয়া উঠিলেন, "নৌমা, বিহারী যদি থাকিত, তবে এই ছর্দিনে সে জামাদের রক্ষা করিতে পারিত— এতদুর পর্যান্ত গড়াইতে পাইত না!"

আশা নিস্তব্ধ বসিরা ভাবিতে লাগিল। রাজলন্দী নিশাস ফেলিরা বলিলেন, "সে যদি থবর পার আমার ব্যামো হইরাছে, তবে সে না আসিরা থাকিতে পারিবে না।"

আশা বৃঝিল, রাজলক্ষীর ইচ্ছা বিহারী এই থবরটা পায়। বিহারীর অভাবে তিনি আজকাল একেবারে নিরাশ্রয় চইয়া পড়িয়াছেন।

ঘরের আলো নিবাইয়া দিয়া মহেন্দ্র জ্যোৎসায় জান্লার কাছে চুপ করিয়া দাঁড়াইয়াছিল। পড়িতে আর ভাল লাগে গৃহে কোন স্থুখ নাই। যাহারা পরমাত্মীয়, তাহাদের সঙ্গে সহজভাবের সম্বন্ধ দূর হইয়া গেলে, তাহাদিগকে পরের মত অনায়াদে ফেলিয়া দেওয়া যায় না, আবার প্রিয়ন্ত্রের মত অনায়াদে তাহাদিগকে গ্রহণ করা যায় না,—তাহাদের সেই অত্যাজ্য আত্মীয়তা অভ্রহ অসহ ভারের মত বকে চাপিয়া থাকে। মার সন্মুথে যাইতে মহে-त्मत रेष्ठा रय ना,— **তिनि रठी**९ मरहम्राक কাছে আসিতে দেখিলেই এমন একটা শক্তিত উদ্বেগের সহিত তাহার মুখের দিকে চান যে, মহেন্দ্রকে তাহা আঘাত করে। আশা কোন উপলক্ষ্যে কাছে আসিলে তাহার সঙ্গে কথা কহাও কঠিন হয়, চুপ করিয়া থাকাও কষ্ট্রুর হইয়া উঠে। এমন করিয়া দিন আর কাটিতে চাহে না ৷ মহেক্স দৃঢ প্রতিজ্ঞা করিয়াছিল, অন্তত সাতদিন সে

Till morning rose and smote from afar.
Her elfin harps. Then sea and sky
And woodland-bar and ocean-belt
To one sweet note sang 'th' valley.

ঐ দেখুন কোথায় হ্রদের উপর ভাসিয়া 'woodland bar, ocean-belt' ছাড়াইয়া প্রভাতীয় সমুদ্রাকাশের গীতস্করে উদ্বোধিত কোন একটি স্থন্দর উপত্যকায় রবার্টের চিত্ত অবরোহণ করিতেছে। ঐ সেই বিশাল হদ—কুওলারমান কুয়াশার উপর

স্থ্যকিরণ পড়িয়া বোধ হইতেছে, যেন কে এই বিরাট কটাহে এই বিপুল জলরাশি উত্তপ্ত করিয়া বাপায়িত করিতেছে!—আজ বাঙ্লাদেশে বিসয়াও মনশ্চকে দেখিতেছি, ঐ সেই আন্দোলিত দীর্ঘোর্মিমালা—ঐ দুরে পরপারে সেই উপত্যকাটিকে জোড়ে লইয়া সেই স্থরেক্রশরছিয় দৈত্যকভার ন্যায় ঘোর কৃষ্ণবর্ণ শৈলরাজি দণ্ডায়মান রহিয়াছে।

শ্রীসতীশচন্দ্র রায়।

খেলা।

প্রেম যদি থেলা হ'ত ভাল হ'ত তবে, ভাঙা-গড়া করিতাম নিশ্চিস্তে নীরবে আপন মনের কোণে ! দূরে গেলে তুমি সংসার হ'ত না মনে **শৃ**ন্ত মক্রভূমি,— কাছে—নাহি কাঁপিতাম সদা আশঙ্কায়,— দমান মধুর হ'ত মিলন-বিদায় ! প্রেম যদি বসস্তের বায়ুর মতন ছদণ্ড কাঁপায়ে ষেত মোর কুঞ্জবন,---বুঝিতে না পারিতাম চঞ্চল উচ্ছাস হাসি দিয়ে গেল কিম্বা দিল দীর্ঘীয়াস। কম্পমান ক্ষণিকের মর্ম্মর-গাথায় সমান মধুর হ'ত মিলন-বিদার! প্রেম যদি ছায়াতলে হ'ত মোর দোলা. কথনো বা মনে-করা কথনো বা ভোলা! স্থুথে উচ্চে উঠি স্থুথে নেমে স্মাসি নীচে, ক্রত আর্গে ধেয়ে যাই, ক্রত ফিরি পিছে! না থামিয়া স্থাথে-ছঃথে আশা-আশকায় नमान मधुत्र : इ' अवन-विशास !

নব বিকাশ।

থেদিন জুরাবে কাল
সাঙ্গ হবে থেলা,
কোন্ ভাবে দেখা দিবে
আমারে একেলা ?

গোধূলির সন্ধ্যাকাশে মানরশ্মিজালে ? তৃতীয়ার ক্ষীণচাঁদ গগনের ভালে ?

অথবা উষার নব রবির মতন আলোকপ্লাবনধারে ভরিবে ভুবন ?

ধেদিন ফুরাবে কাল

সাঙ্গ হবে থেলা
কোন্ ভাবে দেথা দিবে

আমারে একেলা ?

চোখের বালি।

-060000

(08)

রাত্রেই মহেন্দ্র শব্যা ছাড়িয়া চলিয়া গেছে গুনিয়া রাজ্বলন্ধী বধ্র প্রতি অত্যন্ত রাগ করিলেন। মনে করিলেন, আশার লাঞ্চনাতেই মহেন্দ্র চলিয়া গেছে। রাজ্বলন্ধী আশাকে জিজ্ঞাসা করিলেন,—"মহেন্দ্র কাল রাত্রে চলিয়া গেল কেন ?" আশা মৃথ নীচু করিয়া বলিল, "জানি না মা!"

রাজলন্দ্রী ভাবিলেন, এটাও অভিমানের কথা। বিরক্ত হইয়া কহিলেন, "তুমি জান না ত কে জানিবে? তাহাকে কিছু বলিয়াছিলে?"

আশা কেবলমাত্র বলিল—"না।"

রাজলক্ষা বিশ্বাস করিলেন না । এ কি কখনো সম্ভব হয় ?

জিজ্ঞাসা করিলেন, "কাল "মহীন্ কথন্ গেল ?"

আশা সঙ্কৃচিত হইয়া কহিল—"জানি না।"

রাজলক্ষী অত্যস্ত রাগিয়া উঠিয়া কহি-লেন, "তুমি কিছুই জান না! কচি খুকী! তোমার সমস্ত চালাকি!"

ञागांत्रहे ञाहत्रां ७ श्रजांतामाराहे य মহেক্ত গৃহত্যাগী হইয়াছে, এমতও রাজ-লক্ষী তীব্রস্বরে ঘোষণা করিয়া দিলেন। আশা নতমন্তকে সেই ভর্পনা বহন করিয়া নিজের ঘরে গিয়া কাঁদিতে লাগিল। সে মনে মনে ভাবিল—"কেন যে আমাকে আমার স্বামী একদিন ভাল বাসিয়াছিলেন, তাহা আমি জানি না এবং কেমন করিয়া যে তাহার ভালবাসা ফিরিয়া পাইব, তাহাও আমি বলিতে পারি না।" মে লোক ভাল-বাদে, তাহাকে কেমন করিয়া খুসি করিতে ২য়, তাহা হৃদয় আপনি বলিয়া দেয় ; কিন্ত যে ভালবাসে না, তাহার মন কি করিয়া পাইতে হয়, আশা তাহার কি জানে! যে লোক অন্তকে ভালবাদে, তাহার নিকট !হইতে সোহাগ লইতে যাওয়ার মত এমন নিরতিশয় লজ্জাকর চেষ্টা সে কেমন করিয়া করিবে ?

সন্ধ্যাকালে বাড়ীর টেদবজ্ঞঠাকুর এবং তাঁহার ভগিনী আচার্যাঠাকরুণ আদ্বিয়াছেন। ছেলের গ্রহশান্তির জ্বন্ত রাজলক্ষ্মী ইহাদিগকে ডাকিয়া পাঠাইয়াছিলেন। রাজলক্ষ্মী এক-বার বৌমার কোটা এবং হাত দেখিবার জ্বন্ত দৈবজ্ঞকে অমুরোধ করিলেন এবং সেই উপলক্ষ্যে আশাকে উপস্থিত করিলেন। পরের কাছে নিজের হুর্ভাগ্য-আলোচনার সঙ্কোচে একাস্ত কুন্তিত হইয়া আশা কোন-মতে তাহার হাত বাহির করিয়া বসিয়াছে, এমন-সময় রাজলক্ষ্মী তাহার ঘরের পার্শ্বস্থ দীপহীন বারনা দিয়া মৃহ জুতার শব্দ পাই-লেন—কে যেন গোপনে চলিয়া যাইবার চেটা করিতেছে। রাজলক্ষ্মী ডাকিলেন—"কে ও ?"

প্রথমে সাড়া পাইলেন না। তাহার পর আবার ডাকিলেন—"কে যায় গো।" তথন নিরুত্তরে মহেন্দ্র ঘরের মধ্যে প্রবেশ করিল।

আশা খুসি হঠে কৈ, মহেন্দ্রের লজ্জা দেখিয়া লজ্জায় তাহার হৃদয় ভরিয়া গেল। মহেন্দ্রকে এখন নিজের বাড়ীতেও চোরের মত প্রবেশ করিতে হয়! দৈবজ্ঞ এবং আচার্যাঠাকরুণ বসিয়া আছেন বলিয়া তাহার আরও লজ্জা হইল। সমস্ত পৃথিবীর কাছে নিজের স্বামীর জন্ম যে লজ্জা, ইহাই আশার হৃঃথের চেয়েও যেন বেশি হইয়া উঠিয়াছেন রাজলক্ষী যথন মৃহ্স্বরে বৌকে বলিলেন, 'বৌমা, পার্ক্বতীকে বলিয়া দাও, মহিদের ধাবার গুছাইয়া আনে," তখন আশা কহিল, "মা, আমিই আনিতেছি।" বাড়ীর দাসদাসীদের দৃষ্টি হইতেও সে মহেন্দ্রকে ঢাকিয়া রাথিতে চায়।

এদিকে আচার্য্য ও তাহার ভগিনীকে দেখিরা মহেন্দ্র মনে মনে অত্যন্ত রাগ করিল। তাহার মাতা ও ন্ত্রী দৈবসহারে ভাহাকে বশ করিবার জন্ম এই অশিক্ষিত

মৃচদের সহিত নির্লজ্জভাবে ষড়্যন্ত করিতেছে, ইহা মহেন্দ্রের কাছে অসহ বোধহইল। ইহার উপর যথন আচার্য্যাকরুণ
কণ্ঠস্বরে অতিরিক্ত মধুমাথা স্নেহরসের
সঞ্চার করিয়া জিজ্ঞাসা করিলেন—"ভাল
আছ ত বাবা"—তখন মহেল্ড আর বসিয়া
থাকিতে পারিল না;—কুশলপ্রশ্নের কোন
উত্তর না দিয়া কহিল, "মা, আমি একবার
উপরে যাইতেছি।"

মা ভাবিদেন, মহেন্দ্র বুঝি শরনগৃহে বিরলে বধুর সঙ্গে ক্রথাবার্ত্তা কহিতে চায়। মত্যন্ত খুসি হইয়া তাড়াতাড়ি রন্ধনশালায় নিজে গিয়া আশাকে কহিলেন, "বাও, যাও, তুমি একবার নাঁছ উপরে বাও, মহিনের কি বুঝি দরকার আছে!"

আশ। হৃত্তুক্তবংক সসংকাচ পদক্ষেপে উপরে গেল। শাশুড়ির কথায় সে মনে করিয়াছিল, মহেন্দ্র বুঝি তাহাকে ডাকিয়াছিন। কিন্তু ঘরের মধ্যে কোনমতেই হঠাৎ ঢুকিতে পারিল না, ঢুকিবার পূর্বে আশা অন্ধকারে ঘরের অন্তরালে মহেন্দ্রকে দেখিতে লাগিল।

মহেল তথন অত্যন্ত শ্ন্যহাদয়ে নীচের বিছানার পড়িরা তাকিরার ঠেদ্ দিয়া কড়িকাঠ পর্যালোচনা করিতেছিল। এই ত সেই মহেল, সেই সবই, কিন্তু কি পরিবর্ত্তন! এই কুদ্র শরনঘরটিকে একদিন মহেল স্বর্গ করিয়া তৃলিয়াছিল—আজ কেন সেই আনক্ষম্বতিতে পবিত্র ঘরটিকে মহেল অপন্যান করিতেছে? এত কষ্ট, এত বিরক্তি, এত চাঞ্চল্য যদি, তবে ও শ্যায় আর বিদয়ে। না মহেলে! এথানে আদিয়াও বদি মনে না

পড়ে সেই সমস্ত পরিপূর্ণ গভীর রাত্তি, সেই সমস্ত স্থানিজ মধ্যাহ্ন, আত্মহারা কর্মবিশ্বত ঘনবর্ষার দিন, দক্ষিণবায়্কম্পিত বসম্ভের বিহবল সন্ধা, সেই অনস্ত অসীম অসংখ্য অনির্বাচনীয় কথাগুলি, তবে এ বাড়ীতে অন্য অনেক ঘর আছে, কিন্তু এই ক্ষুদ্র ঘরটতে আর একমূহুর্ত্তও নহে!

আশা অন্ধকারে দাঁডাইয়া ষতই মহেল্রকে নিরীক্ষণ করিয়া দেখিতে লাগিল, ততই তাহার মনে হইতে লাগিল, মহেন্দ্র এইমাত সেই বিনোদিনীর কাছ হইতে আসিতেছে; তাহার অঙ্গে সেই বিনোদিনীর স্পর্শ, তাহার ट्रांट्थ ट्रिंहे विस्तिमिनीत मुर्खि, कार्ण ट्रिंहे वितामिनीत कर्श्यत, मतन त्मरे विता-দিনীর বাসনা একেবারে লিপ্ত--জড়িত হইয়া আছে। এই মহেক্রকে আশা কেমন করিয়া পবিত্র ভক্তি দিবে,কেমন করিয়া একাগ্রমনে বলিবে, "এস, আমার অনন্যপরায়ণ হৃদয়ের মধ্যে এদ, আমার অটলনিষ্ঠ সতীপ্রেমের ভ্র শতদলের উপর তোমার চরণ-ছ'থানি রাখ !" সে তাহার মাসীর উপদেশ, পুরাণের কথা, শান্তের অনুশাসন কিছুই মানিতে পারিল না,—এই দাম্পতাম্বর্গচ্যুত মহেন্দ্রকে সে আর মনের মধ্যে দেবতা বলিয়া অনুভব कतिन ना। तम आब वित्निमित्र कनइ-পারাবারের মধ্যে তাহার হৃদয়দেবভাকে বিসর্জন দিল; সেই প্রেমশ্ন্য রাত্রির অন্ধ-কারে তাহার কাণের মধ্যে, বুকের মধ্যে, মন্তিক্ষের মধ্যে, তাহার সর্বাঙ্গে রক্তশ্রোতের মধ্যে, তাহার চারিদিকের সমস্ত সংসারে, তাহার আকাশের নক্ষত্রে, তাহার প্রাচীর-বেষ্টিত নিভৃত ছাণ্টিতে, তাহার শন্নগৃহের

"উনীর সঁকে একেবারেই দেখা করিবে পুনরায় পড়িতে বাবানা কি আছে—কেমন" তাহার শয়নঘরে শুইবে, কি নীচে শুই…, তাহা কেহ ব্ঝিতে পারিল না। রাজলক্ষী বছ্যত্বে আশাকে আড়েষ্ট পুতৃলটির মত সাজা-ইয়া কহিলেন- "যাও তু বৌমা, মহীন্কে জিজ্ঞাসা করিয়া এস, তাহার বিছানা কি উপরে হইবে ?"

এ প্রস্তাবে আশার পা কিছুতেই সরিল না, দে নীরবে নতমুখে দাঁড়াইয়া রহিল। ক্ষণ্ট রাজলক্ষী তাহাকে তীত্র ভর্ৎসনা করিতে লাগিলেন। আশা বছকটে ধীরে ধীরে ঘারের কাছে গেল, কিছুতেই আর অগ্রসর হইতে পারিল না। রাজলক্ষী দ্র হইতে বধূর এই ব্যবহার দেখিয়া বারান্দার প্রাস্তে দাঁড়াইয়া কৃদ্দ ইঙ্গিত করিতে লাগিলেন। আশা মরিয়া হইয়া ঘরের মধ্যে ঢুকিয়া পার্ডল। মহেক্র পশ্চাতে পদশব্দ শুনিয়া বই হইতে মাথা না তুলিয়া কহিল,— "এখনো আমার দেরি আছে- আবার কাল ভোরে উঠিয়া পড়িতে হইবে—আমি এই-খানেই শুইব।"

কি লজ্জা! আশা কি মহেক্রকে উপ-রের ঘরে শুইতে যাইবার জন্ম সাধিতে আসিয়াছিল ৪

ঘর হইতে সে বাহির হইতেই রাজলক্ষী বিরক্তির স্বরে জিজ্ঞাসা করিলেন, "কি, হইল কি ?"

আশা কহিল, "তিনি এখন পড়িতেছেন, নীচেই শুইবেন।" বলিয়া সে নিজের অপমানিত শয়নগৃহে আসিয়া প্রবেশ করিল। কোথাও তাহার স্থথ নাই— বেদনার উপরে হঠাৎ অপ্রত্যাশিত আঘাত পাইল, তাহার উপরে ঘর অন্ধনার ছিল, তাহার উপরে ঘর অন্ধনার ছিল, তাহার দিশেল নিরুত্তর আশা আল হারে ঘা পড়িল—"বৌ, বৌ, দ দ হত বলিয়া আশা তাড়াতাড়ি দ্বার খুলিয়া দিশেলা রাজলন্দ্রী তাঁহার হাঁপানি লইয়া সিঁড়িতে উঠিয়া কপ্তে নিখাস লইতেছিলেন। ঘরে প্রবেশ করিয়াই তিনি বিছানায় ২িসয়া পড়িলেন ও বাক্শক্তি ফিরিয়া আসিতেই ভাঙা গলায় কহিলেন, "বৌ, তোমার রকম কি ? উপরে আসিয়া দ্বার বন্ধ করিয়াছ যে! এখন কি এইরকম রাগারাগি করিবার

আশা মৃহস্বরে ক্রিল—"তিনি এক্লা থাকিবেন বলিয়াচেন।"

সময় । এত হঃথেও ভোমার ঘটে বুদি

ञातिन ना। यां नीत यां !"

রাজ্বলন্ধী। এক্লা থাকিবে বলিলেই হইল! রাগের মুখে সে কি কথা বলিয়াছে, তাই শুনিয়া অম্নি কি বাঁকিয়া বসিতে হইবে! এত অভিমানী হইলে চলে না। যাও, শীঘ্র যাও!

ছঃথের দিনে বধ্র কাছে শাশুড়ির আর
লজ্জা নাই। তাঁহার হাতে যে কিছু উপান্ন
আছে, তাহাই দিয়া মহেক্রকে কোনমতে বাধিতেই হইবে।

আবেগের সহিত কথা কহিতে কহিতে
রাজলক্ষীর পুনরায় অত্যন্ত খাসকট হইল।
কতকটা সংবরণ করিয়া তিনি উঠিলেন।
আশাও ধিরুক্তি না করিয়া তাঁহাকে ধরিয়া
লইয়া নীচে চলিল। রাজলক্ষীকে আশা
তাঁহার শয়নঘরে বিছানায় বসাইয়া, তাকিয়াবালিশগুলি পিঠের কাছে ঠিক করিয়া দিতে

কি না, কে জানে! ইতিমধ্যে বিনোদিনী তাহার ঠিকানা জানিতেও পারে, বিনোদিনীর সঙ্গে বিহারীর দেখা হওয়াও অসম্ভব নহে! মহেলেরে আর প্রতিজ্ঞারক্ষা হয় না!

রাত্রে রাজলক্ষীর বক্ষের কট বাড়িল, তিনি আর থাকিতে না পারিয়া নিজেই মহেক্রকে ডাকিয়া পাঠাইলেন। কটে বাক্য উচ্চার্রণ করিয়া কহিলেন—"মহীন্, বিহা-রীকে আমার বড় দেখিতে ইচ্ছা হয়, অনেকদিন দে আদে নাই।"

অশা শাশুড়িকে বাতাস করিতেছিল,

িসে মুথ নীচু করিয়া রহিল। মহেক্স কহিল,
'"সে এখানে নাই, পশ্চিমে কোথায় চলিয়া
গেছৈ !"

রাজলন্ধী কহিলেন, "আমার মন বলি-তেছে, দে এথানেই আছে, কেবল ভোঁর উপর অভিমান করিরা আসিতেছে না। আমার মাথা থা, কাল একবার ভূই তাহার বাড়ীতে যাস।"

মহেক্ত কহিল, "আচছা যাব।"
আন্ধ সকলেই বিহারীকে ডাকিতেছে!
মহেক্ত নিজেকে বিশের পরিত্যক্ত বলিয়া
বোধ করিল।

ক্রমশ।

পঞ্চগোড়েশ্বর জয়ন্ত।

''দারস্বতাঃ কাস্তকুজা গৌড়মৈধিলিকোৎকলাঃ। পঞ্গৌড়া ইতি খ্যাতা বিদ্যাস্তোন্তরবাদিনঃ॥"

কলপুরাণোক বিক্ষোত্তরসংস্থিত পঞ্চগোড়েঁর পঞ্চ থগুরাজ্য একদা এক সংযুক্ত সামাজ্যে পরিণত হইয়া, ইতিহাসে খ্যাতিলাভ করিয়াছিল। সে বিপুল প্রাচ্যসামাজ্যের সমৃদ্ধর্মধানীর ধ্বংসাবশেষ পর্যাস্তও দেখিতে পাওয়া যায় না। এখন সেখানে কেবল বিজ্বন বন;—লতাগুলারুক্ষরাজি দিবালোক আছেয় করিয়া রাখিয়াছে! পথ নাই; পথের চিহ্ন পর্যাস্তও বিল্পু হইয়া গিয়াছে। কেবল মধ্যে মধ্যে দীঘি, সরোবর, সোপানাবলী,—পুরাতন জননিবাসের আভাস প্রদান করে;—তাহার কালো জলে, কুমুদ-কছলার,

শৈবালে-শাদ্বলে সৌরভ বিভরণ করিয়া, নীরবে ফুটিয়া নীরবে ঝরিয়া যায়!

চিরদিন এমন ছিল না। পথ ছিল:
পথপার্শ্বের বত্নামুপালিত পাস্থপাদপ ছারাবিতরণ করিয়া, শোভার সঙ্গে শান্তিসম্পুদ্ধ
জিত বিজয়লন্দ্রীর গৌরববিস্তার করিত।
সে বড় অধিক দিনের কথা নহে। খৃষ্টোভার
অপ্তম শতান্দ্রীর মধ্যভাগে তাহা ভারভবর্ষে
সবিশেষ বিখ্যাত হইয়া উঠিয়াছিল।

খৃঠিভাত্তর ৭৫১ হইতে ৭৮২ পর্যান্ত কাশীরাধিপতি মুক্তাপীড় ললিতাদিত্যের পৌত্র রাজাধিরাজ জয়াপীড় বিনয়াদিত্য কাশ্মীরের ^{*}রাজিশিংহাসন অলক্কত করির্বা-ছিলেন। তাঁহার নামান্ধিত মুদ্রা আবিদ্ধৃত হইয়া কালনির্ণয়ের সহায়তাজাধন করি-য়াছে। তৎকালে গৌড়ান্তর্গত পৌত্যু-বর্দ্ধনের পুরাতন রাজ্য জয়ন্ত-নামধের নরপতির শাসনকৌশলে বিখ্যাত হইয়া উঠিয়াছিল। জয়ন্তের রাজধানীই গৌড়ীয় সংযুক্ত সামাজ্যের সমৃদ্ধ রাজধানীতে পরিণত হইয়াছিল।

জন্ম স্ত্রপন্তান ছিল না। তাঁহার সংসারললামভূতা ছহিতা কল্যাণ্দেবীই তাঁহার একমাত্র স্নেহপাত্রী ছিলেন । এই কল্যাণ্দেবীর সহিত কাশ্মীরাধিপতি জগ্নাণ্দেবীর সহিত কাশ্মীরাধিপতি জগ্নান্দেরীর স্থা ও গৌড়ীয়-সংযুক্ত-সামাজ্যান্দার মূল। সে কাহিনী উপস্থাসের স্থা বিচিত্র; অনেকের নিকট উপস্থাস বলিরাই পরিচিত। উপস্থাস হইলেও, তাহার সঙ্গে নানা ঐতিহাসিক তথ্য জড়িত হইয়া রহিয়াছে।

মাগধীয় বিপ্ল সাদ্রাজ্যের অধঃপতনকালে উত্তরভারতে যে সকল থগুরাজ্য সাতস্ত্র্য অবলম্বন করিয়াছিল,ভাহারা স্থান্য পাইবামাত্র এ উহার রাজ্যসীমা অধিকার করিবার জন্ত লালায়িত হইত; তজ্জ্য দিগিজয়নামক যুদ্ধাত্রা সর্বত্র স্থারিচিত হইয়া উঠিয়াছিল। স্বদেশের স্থাননকার্য্যে নিযুক্ত থাকিয়া স্থরাজ্যে শরীরনিপাত করা রাজধর্ম বলিয়া থাাতিলাভ করিত না। রাজার সাহস থাকিলে, অর্থ ও লোকবল থাকিলে, তিনি দিগিজ্যের বহির্গত হইয়া থগুরাজ্যে বিজ্ঞরপতাক। নিথাত করিবার জন্ম উর্দ্ধানে গ্রাম হইতে গ্রামান্তরে ধাবিত হইতেন। মুক্তাপীড় ললিতাদিত্য ইহার পরিচয় দিয়াছিলেন। তৎপৌত্র জন্মাপীড়ও এই দিখিজয়লালসার পরিচয় দিতে উৎস্ক হইয়া কাশ্মীর ত্যাগ করেন।

জরাপীড় সারস্বত ও কান্তকুজ জয় করিয়া, ক্রমে মিথিলাভিমুখে অগ্রসর হই-বেন, এমন সময়ে তাঁহার সেনাদল বিমুথ হইল। তাহারা সদেশের স্থেশাতল শিলা-সঙ্কট ছাড়িয়া সমতল তাপতপ্ত দ্রদেশে অগ্রসর হইতে অসম্মত বলিয়া, জয়াপীড় জয়াশায় জলাঞ্জলি দিয়া দেশদর্শনাশায় একাকী ছন্মবেশে ভ্রমণে বহির্গত হইয়া পৌঞুবর্দ্ধনে উপনীত হইলেন।

পৃষ্টোত্তর অষ্টম শতাব্দীর মধ্যভাগে বঙ্গ-ভূমির অবস্থা কিরূপ ছিল, জয়াপীড়ের ভ্রমণ-কাহিনীতে তাহার কিছু কিছু পরিচয় প্রাপ্ত হওয়া যায়। কহলণপণ্ডিত তাহার যৎ-কিঞ্চিৎ আভাস দিয়া নিরস্ত হইলেও, আদারা হিয়ঙ্গের বণিত শতবর্ষ পূর্বের অবস্থার অনুকৃল প্রমাণই প্রাপ্ত হওয়া যায়। পৌত্ত,-বৰ্দ্ধনে সুশাসন প্ৰচলিত ছিল; সুথ ছিল; সৌভাগ্য ছিল; জ্ঞানালোচ নার জ্বন্ত সর্বত প্রতিষ্ঠা ছিল: —এ কথা হিয়ন্ত্র এবং কহলণ উভয়েই স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করিয়া গিয়া-জয়াপীড়ের ভ্রমণকালেও বৌদ্ধ-मन्तितानि वर्खमान थाका मछव; किन्ह कवि क्ट्न । তाहात कान उत्तथ करतन नाहे। তিনি কথাপ্রসঙ্গে একটিমাত্র মন্দিবের উল্লেখ করিয়াই নিরস্ত হইয়াছেন; – তাহার নাম কার্ডিকেরমন্দির। দেবসেনাপতি কার্ডি-কেন্দ্র পুরাতন ভারতবর্বের বিবিধ মন্দিরে

অর্চনালাভ করিয়া অধিবাসিবর্গের শৌর্য্য-সমাদরের পরিচয় প্রদান করিতেন। পৌগু-বর্দ্ধনের রাজধানীতে তাঁহার মন্দির থাকার উল্লেখ করিয়া কহলণপণ্ডিত প্রদক্ষকেমে নাগরিক শৌর্য্যের কথাও অভিব্যক্ত করিয়া গিয়াছেন। স্থ, শান্ধি, জ্ঞান ও বাছবলে পৌ গুরর্জন যে খ্যাতিলাভ করিয়া-हिल, তাহা এই मकल वर्षनाम्न विल-ক্ষণ হাদয়ক্ষম হয়। এই কার্ত্তিকেয়মন্দিরে ভরতাচার্যানিদিষ্ট-নাট্যশাস্ত্রাসুমোদিত-কলা-প্রয়োগ-দর্শনার্থ নাগরিকগণ সমবেত হইয়া বিশ্রামসময়ে চিত্তবিনোদন করিতেন। জয়া-পীড তথায় যাতায়াত করিতে করিতে কমলানামী অভিনেত্রীর প্রণয়পাশে আবদ্ধ হইয়া পড়িলেন। সে কাহিনী উপন্তাসের মতই বিশ্বয়োৎপাদক।

জয়াপীড় কাহাকেও তিনিতেন না;
তাঁহাকেও কেহ চিনিত না। তিনি ছ্মান্তিশে নগরত্রমণ করিতেন; ছ্মাবেশেই বিশ্রামার্থ তক্ষতলে বা শিলাসোপানে উপবেশন করিয়া চিত্তবিনোদন করিতেন। কমলার কলাচাতুর্য তাহাকে তীক্ষ পর্য্যবেক্ষণশক্তির অধিকারিণী করিয়াছিল;—সে শীঘ্রই জয়াশীড়কে ছ্মাবেশধারী রাজা বা রাজপুত্র বলিয়া চিনিয়া কেলিল। তথন জয়াপীড়কে কমলার আতিথাসীকার করিতে হইল।

বাহিরে বাহিরে নগরভ্রমণ করিয়। জয়াপীড় পৌপু বর্জনের স্থপসমৃদ্ধি ও শিক্ষাদীক্ষার বথেষ্ট পরিচয় প্রাপ্ত হইয়াছিলেন।
কিন্ত কমলার গৃহে পদার্পণ করিয়। আর এক নৃতন জগতে উপনীত হইলেন। কমলা

র্কভূমির হাবভাব্লীলাময়ী সামাভা গণিকা-দারিকা নহে;—তাহার গৃহ রাজগৃহের ভার প্রকে:ছে, ককে, বাতায়নে, অলিন্দে স্বিগ্রন্থ। কমলা সামান্তা বস্ত্রাণস্কারভূষিতা পণ্যাঙ্গনা নহে ;—তাহার গৃহে স্বর্ণসিংহা-দন, স্থবর্ণথট্টা! ক্লমলা কলালাপচতুরা স্থশিক্ষিতা শারিকা নহে :—"অগ্রাম্য-পণ্ডিতা ৷ পেশলালাপা" ভাহার সংস্কৃত, সে ভাষায় জয়াপীড় মুগ্ধ হইয়া পড়ি-লেন। তথন পোগুবর্দনের শিক্ষামুশীলন এতদূর উন্নত হইয়াছিল যে, বেখাও কথোপ-কথনে বিশুদ্ধ সংস্কৃতভাষা প্রয়োগ করিত। ইহাতে জয়াপীড় তাহাকে আর বেশ্রা বলিয়া ঘুণা করিতে পারিলেন না। উভয়ে উভয়ের গুণারুরক্ত হইয়া পড়িলেন।

কমলার গৃহে অবস্থিতি করিবার সময়েও জয়াপীড় পূর্ববং ছন্মবেশে নগরভ্রমণ করি-তেন; নদীতটে সায়ংসন্ধাা সমাপন করিয়া রজনীমুথে বিশ্রামার্থ কমলামন্দিরে উপ-নীত হইতেন। এই সময়ে এক আর্ণা সিংহ রাজধানীতে উপনীত হইয়া আতি উপস্থিত করিয়াছিল। কেহ তাহাকে ধরিতে বা মারিতে পারিত না; সে স্থযোগ পাই-লেই নরনারী উদরসাৎ করিত। কথা-প্রদক্ষে কমলা একদা সেই সিংহভীতির উল্লেথ করিয়া সায়ংকালের পূর্ব্বেই গৃহা-গমনের জন্ম জয়াপীড়কে অমুরোধ করি-লেন। জয়াপীড়ের বীরবাছ বছদিন ব্যায়াম-হীন হইয়া তাঁহাকে ৰুদ্ধবীগ্য ভুক্তপের সায় কষ্টপ্রদান করিতেছিল; তিনি সিংহসংগ্রা-মের স্থযোগ পাইয়া উৎফুল হইয়া উঠিলেন। কাহাকেও কিছু না বলিয়া

অপেক্ষায় নদীতীরে ভ্রমণ করিতে করিতে একদা সিংহের সন্ধান পাইয়া ভাহাকে নিহত করিয়া প্রত্যাবৃত্ত হইলেন। তাঁহার অঙ্গন্ধতের কারণ জিজ্ঞাসা করিয়া কমলা সে সংবাদ জ্ঞাত হইয়াও প্রকাশ করিতে পারিলেন না। এদিকে নগরে তুমুল কোলাহল উথিত হইল। সিংহহত্যার জন্মোল্লাস রাজভবনে উপনীত হইল, কিন্তু কোন্ বীরপুরুষ এরপ কার্য্য সম্পাদন করিলেন, কেহ তাহার সন্ধান বলিতে পারিল না। জ্বয়ন্ত সেসন্ধানের জন্য চারিদিকে চর নিযুক্ত করিলেন।

জন্নাপীড়ের গুণগ্রাম জ্ঞাত হইন্না তাঁহাকে কন্যাসম্প্রদান করিবেন বলিন্না জন্মন্ত সঙ্কল্প করিন্না করিবেন করিবাছিলেন, কিন্তু জুনাপীড় ছল্মবেশে নিকদেশ হইন্নাছেন শুনিন্না জন্মন্ত সে আশার হতাশ হইন্নাছিলেন। সিংহ-হত্যার সংবাদে আশা জাগিন্না উঠিল;— ইহা জন্নাপীড়ের ন্যান্ন বীরপুরুষের পক্ষেই সম্ভব বলিন্না জন্মস্তের প্রতীতি হইল। তিনি জন্মাপীড়ের সন্ধান করিতে লাগিলেন।

সদ্ধান করিয়া জয়াপীড়কে বাছির করিতে বিলম্ব হইল না। তথন পৌণ্ডু-বদ্ধন উৎসবমগ্ন ইইল। নৃত্যাগীতবাদ্যোদ্যমে জলস্থল টলমল করিয়া উঠিল। জয়য় জয়াপীড়কে রাজভবনে আনয়ন করিয়া যথাশাল্প করাদান করিয়া মনয়ামনা পূর্ণ করিলেন। জয়াপীড় এতদিনের পর পুনরায় দিখিজয়সাধনের অবসর প্রাপ্ত ইলেন। শশুরের সেনাদল লইয়া পঞ্গোড় পদানত করিয়া শশুরকে সেই সংযুক্ত সা্মাজ্যের অধীশ্বর করিয়া দিলেন।

তথন স্বদেশগমনের সময় উপস্থিত बृहेल। कलांभी श्रामिशृद्ह हिलालन, कम-লাও অনুগানিনী হইলেন। এই ছুই বঙ্ক-রমণী কাশ্মীরে উপনীত হুট্যা জ্বাপীড়-त्राब्हात मर्स्वमस्त्री इटेश्वा डेकिटनन। हैहा-প্রভাবে কাশ্মীরে এক অভ্যাদয় হইল। কাশ্মীরের সংস্কৃতচর্চ্চা কিছু শিথিল হইয়া পড়িয়াছিল। মহাভাষ্যের অধ্যয়ন ও অধ্যাপনা বিলুপ্ত হইয়া গিয়াছিল। তাহা আবার প্রচলিত হইল। জয়াপীড় স্বরাজ্যে পরম পণ্ডিত বলিয়া বিখ্যাত হইয়া উঠিলেন। পৌণ্ডুবর্দ্ধনে অজ্ঞাতবাস করি-বার সময়ে জয়াপীড আলভে বা বিলাসে সময় নষ্ট করেন নাই। তিনি যথন স্বরাজ্যে প্রত্যাবর্ত্তন করিলেন, তথন লোকে তাঁহার দংস্কৃতব্যাকরণে পাণ্ডিত্য লক্ষ্য করিয়া বিশ্বিত হইল৷ কহলণপণ্ডিত বলেন, তিনি ক্ষীরস্বামীর নিকট এই স্থাশিকা লাভ করিয়া-ছিলেন। ক্ষীরস্বামীর নাম রাজতরঙ্গিণীতে উল্লিখিত আছে।

ক্ষীরস্বামী কে? ইতিহাসের অভাবে
তাঁহার পরিচয় বিল্পু হইয়া গিয়াছে। তিনি
যে অমরকোষের টীকাকার ছিলেন, এখন
কেবল সেই কথাই শুনিতে পাওয়া য়য়।
পাণিনির ব্যাকরণ পৌণ্ডুবর্দ্ধনে অধীত ও
অধ্যাপিত হইত, তজ্জয় এ দেশে মহাভায়্যের
বড় গৌরব ছিল। অল্লাল্য প্রদেশে বছপূর্ব্বে পাণিনির ব্যাকরণ ও মহাভায়্য
অপেক্ষা সংক্ষিপ্রসারের সমাদর সংস্থাপিত
হইলেও, উত্তরবক্ষে পাণিনির বিশ্বত গ্রন্থই
অধীত ও অধ্যাপিত হইত। জয়াপীড় তাহা
কাশীরের পুনরায় প্রচলিত করায় কাশীরের

সাহিত্যোরতি সাধিত হয়। কল্যাণী ও কমলা তাহার মূল।

কল্যাণী ও কমলার নাম অভাপি কাশীর হইতে লুপ্ত হয় নাই। তাঁহারা সে দেশে নিজ নামে নগর ও মন্দির প্রতিষ্ঠা করিয়া-ছিলেন, তাহার ধ্বংসাবশেষ অভাপি বর্ত্তমান আছে। তথন পৌণ্ডুবর্দ্ধনে যে শৈবমতের প্রাধান্ত সংস্থাপিত হইয়াছিল, তাহার আভাস প্রাপ্ত হওয়া যায়।

পঞ্গোড়েখর জয়স্ত কতকাল রাজ্য-ভোগ করেন, তাঁহার অভাবে দে রাজ্য কাহার হস্তগত হয়,— সে সকল কথা এখনও
নিঃসন্দেহে নির্ণয় করিবার উপযুক্ত প্রমাণ
আবিষ্ণত হয় নাই। কিন্তু জয়ন্তের সংযুক্ত
সামাজ্য যে শৌর্যাবীর্যা, স্থুখসোভাগা ও
জ্ঞানগৌরবে বিখ্যাত হইয়া উঠিয়াছিল,
তাহার এই সকল প্রমাণ অদ্যাপি প্রাপ্ত
হওয়া যায়। ইহা ধারাবাহিক ইতিহাসের
পক্ষে কিছুই নহে; কিন্তু যে দেশের
ধারাবাহিক ইতিহাস বিলুপ্ত হইয়া গিয়াছে,
তাহার পক্ষে ইহা যৎসামান্ত হইলেও, উপেক্ষার বিষয় বলিয়া বোধ হয় না।

শ্রীঅক্ষয়কুমার মৈত্রেয়।

ব্ৰাহ্মণ।

দকলেই জানেন, সম্প্রতি কোন মহারাষ্ট্রী
ব্রাহ্মণকে তাঁহার ইংরাজ প্রভু পাত্রকাষাত
করিয়াছিল—তাহার বিচার উচ্চতম বিচারালয় পর্যান্ত গড়াইয়াছিল—শেষ বিচারক
ব্যাপারটাকে তুচ্চ বলিয়া উড়াইয়া দিয়াছেন।

শেটনাটা এতই লজ্জাকর মে, মাসিকপত্রে
আমরা ইহার অবতারণা করিতাম না।
মার খাইয়া মারা উচিত বা ক্রন্দন করা
উচিত বা নালিশ করা উচিত, সে সমস্ত
আলোচনা থবরের কাগজে হইয়া গেছে—
সে সকল কথাও আমরা তুলিতে চাহি না।
কিন্তু এই ঘটনাটি উপলক্ষ্য করিয়া যে সকল
শুক্তর চিন্তার বিষয় আমাদের মনে উঠিয়াছে, তাহা ব্যক্ত করিবার সময় উপস্থিত।

বিচারক এই ঘটনাটিকে ভূচ্ছ বলেন—
কাজেও দেখিতেছি ইহা ভূচ্ছ হইরা উঠিয়াছে,
ফুতরাং তিনি অন্তায় বলেন নাই। কিন্তু
এই ঘটনাটি ভূচ্ছ বলিয়া গণ্য হওয়াতেই
ব্ঝিতেছি, আমাদের সমাজের বিকার জ্রুতবেগে অগ্রসর হইতেছে।

ইংরাজ যাহাকে প্রেষ্টাজ্ অর্থাৎ তাঁহাদের রাজসম্মান বলেন, তাহাকে মূল্যবান্
জ্ঞান করিয়া থাকেন। কারণ, এই প্রেষ্টাজ্ঞের জোর অনেক সময়ে সৈল্পের কাজ
করে। য়াহাকে চালনা করিতে হইবে,
তাহার কাছে প্রেষ্টাজ্ রাথা চাই। বোয়ারযুদ্দের আারস্ভকালে ইংরাজসাম্রাক্স বথন
স্বর্গরিমিত ক্রযকসম্প্রাদ্বের হাতে বারবার

অপমানিত হুইতেছিল, তথন ইংরাজ ভারত-বর্ষের মধ্যে যত সঙ্কোচ অন্তুভব করিতেছিল, এমন আর কোথাও নহে। তথন আমরা সকলেই বুঝিতে পারিতেছিলাম, ইংরাজের বুট এ দেশে পুর্কের স্থায় তেমন অভাস্ত জোরে মচ্মচ্ করিতেছে না।

আমাদের দেশে এককালে ব্রাহ্মণের তেমনি একটা প্রেষ্টীজ্ ছিল। কারণ, দমাজচালনার ভার ব্রাহ্মণের উপরেই ছিল। ব্রাহ্মণ বথারীতি এই দমাজকে রক্ষা করিতেছেন কি না এবং দমাজরক্ষা করিতে হইলে যে দকল নিঃস্বার্থ মহদ্গুণ থাকা উচিত, দে দমস্ত তাঁহাদের আছে কি না, দে কথা কাহারো মনেও উদয় হয় নাই—যতদিন দমাজে তাঁহাদের প্রেষ্টাজ্ ছেল।ইংরাজের পক্ষে তাঁহার প্রেষ্টাজ্ যেরূপ ম্লাবান্, ব্রাহ্মণের পক্ষেও তাঁহার নিজের প্রেষ্টাজ্ দেইরূপ।

আমাদের দেশে সমাজ যে ভাবে গঠিত, তাহাতে সমাজের পক্ষেও ইহার আবশুক আছে। আবশুক আছে বলিয়াই সমাজ এত সম্মান ব্রাহ্মণকে দিয়াছিল।

আমাদের দেশের সমাজতন্ত একটি মুরহৎ ব্যাপার। ইহাই সমস্ত দেশকে নিয়মিত করিয়া ধারণ করিয়া রাথিয়াছে। ইহাই বিশাল লোকসম্প্রদায়কে অপরাধ হইতে, ঝলন হইতে রক্ষা করিবার চেটা করিয়া আদিয়াছে। যদি এরপ না হইত, তবে ইংরাজ তাহার পুলিশ ও ফোজের ঘারা এত-বড় দেশে এমন আদ্র্যাণ শান্তিস্থাপন করিতে পারিতেন না। নবাব-বাদশাহের আমলেও নানা রাজকীয় অশান্তি সত্ত্বেও

সামাজিক শান্তি চলিয়া আসিতেছিল,—
তৃথনো লোকব্যবহার শিথিল হয় নাই,
আদানপ্রদানে সততা রক্ষিত হইত, মিথা।
সাক্ষা নিন্দিত হইত, ঋণী উত্তমর্গকে ফাঁকি
দিত না এবং সাধারণ ধর্মের বিধানগুলিকে
সকলে সরল বিখাসে সন্থান করিত।

সেই বৃহৎ সমাজের আদর্শ রক্ষা করি-বারও বিধিবিধান শ্বরণ করাইয়া দিবার ভার ব্রাহ্মণের উপর ছিল। ব্রাহ্মণ এই সমাজের চালক ও ব্যবস্থাপক। এই কার্য্য সাধনের উপযোগী সম্মানও তাঁহার ছিল।

প্রাচ্যপ্রকৃতির অনুগত এই প্রকার
সমাজবিধানকে যদি নিন্দনীয় বলিয়া না
মনে করা যায়, তবে ইহার আদর্শকে চিরকাল বিশুদ্ধ রাথিবাক এবং ইহার শৃদ্ধালাস্থাপন করিবার ভার কোন এক বিশেষ
সম্প্রদায়ের উপর সমর্পণ করিতেই হয়।
তাঁহারা জীবন্যাত্রাকে সরল ও বিশুদ্ধ
করিয়া, অভাবকে সংক্ষিপ্ত করিয়া, অধায়নঅধাপন যজন-যাজনকেই ব্রত করিয়া
দেশের উচ্চতম আদর্শকে সমস্ত দোকানদারীর কলৃষম্পর্শ হইতে রক্ষা করিয়া সামাজিক যে সম্মান প্রাপ্ত হইতেছেন, তাহার
যথার্থ অধিকারী হইবেন, এরূপ আশা
করা যায়।

যথার্থ অধিকার হইতে লোক নিজের দোষে এই হয়। ইংরাজের বেলাতেও তাহা দোথতে পাই। দেশী লোকের প্রতি অন্তায় করিয়া যথন প্রেষ্টিজ্রক্ষার দোহাই দিয়া ইংরাজ দণ্ড হইতে অব্যাহতি চায়, তথন যথার্থ প্রেষ্টিজের অধিকার হইতে নিজেকে বঞ্চিত করে। ন্যায়পরতার প্রেষ্টিজ্ সকল

প্রেষ্টিজের বড়—তাহার কার্ছে আমাদের
মন স্বেচ্ছাপূর্ব্বক মাথা নত করে—বিভা়ীবিকা আমাদিগকে ঘাড়ে ধরিয়া নোয়াইয়া
দেয়, সেই প্রণতি-অবমাননার বিরুদ্ধে
আমাদের মন ভিতরে ভিতরে বিজ্ঞাহ না
করিয়া থাকিতে পারে না।

ব্রাহ্মণও ধথন আপন কর্ত্তব্য পরিত্যাগ করিয়াছে, তথন কেবল গারের জোরে পরলোকের ভয় দেখাইয়া সমাজের উচ্চতম আসনে আপনাকে রক্ষা করিতে পারে না।

काम मन्नान विनाभूला त नरह— यरथ छ काम कि कि त्रा मन्नान ताथा यात्र ना। य ता का मिश्शमरन वरमन, जिनि र मिकान यू नित्रा वावमा हाना है जिन र मन्नान या हो ते वा हो है जिन है जि जिन है जि है जिन है

আমাদের আধুনিক ব্রান্ধণেরা বিনামূল্যে
সন্মান-আদাদ্বের বৃত্তি অবলম্বন করিরাছিলেন। তাহাতে তাহাদের সন্মান আমাদের সমাজে উত্তরোত্তর মৌথিক হইয়া
আসিয়াছে। কেবল তাহাই নয়, ব্রান্ধণেরা
সমাজের যে উচ্চকর্ম্মে নিযুক্ত ছিলেন, সে
কর্ম্মে শৈথিল্য ঘটাতে সমাজেরও সন্ধিবন্ধন
প্রতিদিন বিশ্লিষ্ট হইয়া আসিতেছে।

যদি প্রাচ্যভাবেই আমাদের দেশে সমাজথক্ষা করিতে হয়, যদি ্রির্রোপীয় প্রণালীতে
এই বছদিনের বৃহৎ সমাজকে আমূল পরিবর্তন করা সম্ভবপর বা বাছনীয় না হয়,
তবে যথার্থ ব্রাহ্মণসম্প্রদারের একান্ত প্রয়োজন আছে। তাঁহারা দরিত হইবেন,
পণ্ডিত হইবেন, ধর্মনিষ্ঠ হইবেন, সর্ব্বপ্রকার
আশ্রমধর্মের আদর্শ ও আশ্রম্বরূপ হইবেন
ও গুরু হইবেন।

যে সমাজের একদল ধনমানকে অবহেল।
করিতে জানেন, বিলাসকে মুণা করেন,
যাহাদের আচার নিশ্মল, ধর্ম্মনিষ্ঠা দৃঢ়, যাহার।
নিঃস্বার্থভাবে জ্ঞান অর্জ্জন ও নিঃস্বার্থভাবে
জ্ঞান বিতরণে রত—পরাধীনতা বা দারিদ্যো
দে সমাজের কোন অবমাননা নাই। সমাজ
যাঁহাকে যথাথভাবে সম্মাননীয় করিয়া
তোলে, সমাজ তাঁহার দ্বারাই সম্মানিত হয়।

সকল সমাজেই মাতাব্যক্তিরা—শ্রেষ্ঠ लारकतारे निक निक मभारकत यज्ञा। हेश्ल खरक यथन आमत्रा धनी विल, ज्यन অগণ্য দরিদ্রকে হিসাবের মধ্যে আনি না। যুরোপকে যথন আমরা স্বাধীন বলি, তথন তাহার বিপুল জনসাধারণের ছঃসহ অধীনতাকে গণ্য করি না। সেথানে উপরের কয়েকজন লোকই ধনী, উপরের करत्रकबन लाकरे याधीन, উপরের করেক-জন লোকই পাশবতা হইতে মুক্ত। এই উপরের কম্মেকজন লোক যতক্ষণ নিমের বহুতর লোককে স্থপাস্থ্য জ্ঞানধর্ম দিবার জন্ম সর্বাদা নিজের ইচ্ছাকে প্ররোগ ও নিজের স্থকে নিম্নতি করে, ততক্ষণ সেই সভ্যসমাজের কোন ভয় নাই।

ষ্ট্রাপীর সমাজ এই ভাবে চলিতেছে কি না, সে আলোচনা রুধা মনে হইতে পারে; কিন্তু সম্পূর্ণ রুধা নহে।

বেথানে প্রতিবোগিতার তাড়নার পাশের লোককে ছাড়াইরা উঠিবার অত্যাকাজ্জার প্রত্যেককে প্রতিমূহুর্ক্তে লড়াই করিতে হইতেছে, সেথানে কর্তব্যের আদর্শকে বিশুদ্দ রাধা কঠিন। এবং সেথানে কোন একটা সীমার আসিয়া আশাকে সংঘত করাও লোকের পক্ষে ছঃসাধা হয়।

য়ুরোপের বড় বড় সামাকাগুলি পরস্পর পরস্পরকে লভ্যন করিয়া যাইবার প্রাণপণ চেষ্টা করিতেছে, এ অবস্থায় এমন কথা काशास्त्रा पूथ निया वाहित श्हेरक পारत ना যে, বরঞ্চ পিছাইয়া প্রথম শ্রেণী হইতে দিতীয় শ্রেণীতে পড়িব, তবু অন্তায় করিব না। এমন কথাও কাহারে: মনে আদে না त्वक कटन इटन देन ग्रमञ्जा कम कित्रा রাজকীয় ক্ষমতায় প্রতিবেশীর কাছে লাঘব সীকার করিব, কিন্তু সমাজের অভ্য-ন্তবে স্থাসন্তাম ও জ্ঞানধর্মের করিতে হইবে। প্রতিযোগিতার আকর্ষণে ষে বেগ উৎপন্ন হয়, তাহাতে উদ্দামভাবে চালাইয়া লইয়া যায়--এবং এই হুদান্ত-গতিতে চলাকেই য়ুরোপে উন্নতি কহে. তাহাকেই উন্নতি বলিতে আমরাও শিথিয়াছি।

किन्छ य हन। পদে পদে থামার ছারা নিয়মিত নহে, তাহাকে উন্নতি বলা যার না। যে ছলে যতি নাই, তাহাঁ ছলাই নহে। সমাজের পদমূলে সমুদ্র অহোরাত্র তর্মিত ফেনায়িত ছইতে পারে, কিন্তু দমাজের উচ্চতম শিথরে শান্তি ও হিতির চিরস্তন আদর্শ নিত্যকাল বিরাজমান থাকা চাই।

সেই আদর্শকে কাহারা অটলভাবে রক্ষা করিতে পারে ? বাহারা পুরুষামূক্রমে সার্গের সংঘর্ষ হইতে দূরে আছে, আর্থিক দারিদ্রেই বাহাদের প্রতিষ্ঠা, মঙ্গলকর্মকে গাহারা পণাদ্রবার মত দেখে না, বিশুদ্দ জ্ঞান ও উন্নত ধর্ম্মের মধ্যে বাহাদের চিত্ত অভ্রন্থে ইইয়া বিরাজ করে, এবং অভ্রাসকল পরিত্যাগ করিয়া সমাজের উন্নত্তন আদর্শকে রক্ষা করিবার মহন্তারই বাঁহা-দিগকে পবিত্য ও পূজনীয় করিয়াছে।

যুরোপেও অবিশ্রাম কর্দ্মালোড়নের মাঝে মাঝে এক একঞ্জন মনীষী উঠিয়া ঘুণাগতির উন্মন্ত নেশার মধ্যে স্থিতির আদর্শ, লক্ষ্যের আদর্শ, পরিণতির আদর্শ ধরিয়া থাকেন। কিন্তু ছইদও দাঁড়াইয়া শুনিবে কে ? সম্মিলিত প্রকাণ্ড স্বার্থের প্রচণ্ড বেগকে এই প্রকারের ছইএকজন লোক ভর্জ্জনী উঠাইয়া কথিবেন কি করিয়া ? বাণিজ্ঞাজাজে উনপঞ্চাশ পালে হাওয়া লাগিয়াছে, যুরোপের প্রান্তরের উন্মন্ত দর্শকর্দের মাঝ্ধানে সারিসারি যুদ্ধঘোড়ার ঘোড়দোঁড় চলি্ত্রেছে, এখন কণকালের জন্ত থামিবে কে ?

এই উন্মন্ততার, এই প্রাণপণে নিজশক্তির একান্ত উদ্ঘটনে ভাষ্যাত্মিকতার
জন্ম হইতে পারে, এমন তর্ক আমাদের
মনেও ওঠে। এই বেগের আকর্ষণ অত্যন্ত
বেশি, ইহা আমাদিগকে প্রলুক্ক করে, ইহা
যে প্রলয়ের দিকে বাইতে পারে, এমন
সন্দেহ আমাদের হর না।

ইহা কি প্রকারের ? যেমন চীরধারী रा এक छि न न निष्करक माधु ও माध्क বলিয়া পরিচয় দেয়, তাহারা গাঁজার নেশাকে আধ্যাত্মিক আনন্দলাভের সাধনা বলিয়া মনে করে। নেশায় একাগ্রতা জন্মে, উত্তেজনা হয়, কিন্তু তাহাতে আধ্যাত্মিক স্বাধীন সবলতা হাস হইতে থাকে। আর সমস্ত ছাড়া যায়, কিন্তু এই নেশার উত্তেজনা ছাড়া যায় না-ক্রমে মনের বল যত কমিতে থাকে, নেশার মাত্রাও তত বাড়াইতে হয়। ঘুরিয়া নৃতা করিয়া বা দশকে বাদা বাজা-ইয়া, নিজেকে উদলাম্ব ও মৃচ্ছান্নিত করিয়া रम धर्त्यानारिक व विवास मरखाश कवा यात्र. তাহাও ক্লব্রিম। তাহাতে অভ্যাস জনিয়া গেলে, তাহা অহিফেদের নেশার মত আমা-দিগকে অবসাদের সময় কেবলি তাডনা করিতে থাকে। আত্মসমাহিত শান্ত এক-নিষ্ঠ সাধনা ব্যতীত ষ্থাৰ্থ স্থায়ী মূল্যবান্ কোন জিনিষ পাওয়া যায় না ও স্থায়ী মূল্য-বান কোন জিনিষ রক্ষা করা যায় না।

অগচ আবেগ বাতীত কাজ ও কাজ বাতীত সমাজ চলিতে পারে না। এই-জন্যই ভারতবর্ষ আপন সমাজে গতি ও স্থিতির সমন্বর করিতে চাহিয়াছিল। ক্ষত্রির, বৈশু প্রভৃতি যাহারা হাতে-কলমে সমাজের কার্য্যসাধন করে, তাহাদের কর্ম্মের সীমা নির্দ্দিষ্ট ছিল। এইজন্তই ক্ষত্রিয় ক্ষাত্রধর্ম্মের আদর্শ রক্ষা করিয়া নিজের কর্ত্তব্যকে ধর্ম্মের মধ্যে গণ্য করিতে পারিত। স্থার্থ ও প্রবৃত্তির উর্দ্ধে ধর্মের উপরে কর্ত্তব্যস্থাপন করিলে, কাজের মধ্যেও বিশ্রাম এবং আধ্যাত্মিকতা-লাভের অবকাশ পাওয়া যায়।

युद्धाशीय नमाक त्य नियत्म हंतन, छांशांछ পতিজনিত বিশেষ একটা ঝোঁকের মুখেই অধিকাংশ লোককে ঠেলিয়া দেয়। সেথানে वृक्तिकी वी लाटक द्वा दाष्ट्रीय वाशास्त्र रू किया পড়ে—সাধারণ লোকে অর্থোপার্জ্জনেই ভিড করে। বর্ত্তমানকালে সাম্রাজ্ঞালালুপতা সক-শকে গ্রাস করিয়াছে এবং জগৎ জুড়িয়া লকা-ভাগ চলিতেছে৷ এমন সময় হওয়া বিচিত্র নহে, यथन विश्वक्ष छ्वानहर्फ्तः यरभष्टे (नाकरक আকর্ষণ করিবে না। এমন সময় আসিতে পারে যখন আবশুক হইলেও সৈনা পাওয়া गाहेरव ना । कात्रन, श्रवुंखिरक (क र्ठकाहेरवर যে জন্মণী একদিন পণ্ডিত ছিল, সে জন্মণী यिन विभिक् इहेश माँडाग्न, उटव डाहान পাণ্ডিত্য উদ্ধার করিবে কে গ ষে ইংরাজ একদিন ক্ষত্রিয়ভাবে আর্ত্ততাণ্রত গ্রহণ করিয়াছিল, সে যথন গায়ের জোরে পৃথিবীর **ठ** वृक्तिक निष्मत (नाकाननाती **ठाना**हेर्ड ধাবিত হইয়াছে—তখন তাহাকে তাহার সেই পুরাতন উদার ক্ষত্রিয়ভাবে ফিরাইয়া আনিবে কোন শক্তিতে গ

এই ঝোঁকের উপরেই সমন্ত কর্তৃত্ব না
দিয়া সংযত স্থান্থল কর্ত্তব্যবিধানের উপরে
কর্তৃত্বার দেওয়াই ভারতবর্ষীর সমাজপ্রণালী। সমাজ যদি সজীব পাকে, বাহিরের আঘাতের দ্বারা অভিভূত হইয়া না
পড়ে, তবে এই প্রণালী অনুসারে সকল
সমরেই সমাজে সামঞ্জন্য থাকে—একদিকে
হঠাৎ হুড়ামুড়ি পড়িয়া অন্যদিক শুন্য হইয়া
যায় না। সকলেই আপন আদর্শ রক্ষা
করে এবং আপন কাজ করিয়া গৌরব বোধ
করে।

কিন্তু কীব্দের একটা বেগ আছেই। সেই বেগে সে আপনার পরিণাম ভূলিয়া যায়। কাজ তথন নিজেই লক্ষ্য হইয়া উঠে। শুদ্ধ-মাত্র কর্মের বেগের মুথে নিজেকে ছাড়িয়া দেওয়াতে স্থথ আছে। কর্মের ভূত কর্মা লোককে পাইয়া বদে।

শুদ্ধ তাহাই নহে। কাৰ্য্যসাধনই যথন অত্যস্ত প্ৰাধান্য লাভ করে, তথন উপায়ের বিচার ক্রেমেই চলিয়া যায়। সংসারের সহিত, উপস্থিত আবশুকের সহিত ক্র্মীকে নানা-প্রকারে রফা করিয়া চলিতেই হয়

অত এব যে সমাজে কর্ম আছে, দেই
সমাজেই কর্মকে সংযত রাধিবার বিধান
থাকা চাই—অন্ধ কর্মই যাহাতে মন্থ্যছের
উপর কর্জ্য লাভ না করে, এমন সতর্ক
পাহারা থাকা চাই। কর্মিদলকে বরাবর
ঠিক পথটি দেখাইবার জ্ঞা, কর্মকোলাহলের
মধ্যে বিশুদ্ধ স্থরটি বরাবর অবিচলিতভাবে
ধরিয়া রাধিবার জ্ঞা, এমন এক দলের
আবশ্রক, যাহারা যথাসম্ভব কর্ম্ম ও সার্থ
হইতে নিজেকে মুক্ত রাধিবেন। তাঁহারাই
রাজন।

এই ব্রাহ্মণেরাই যথার্থ স্বাধীন। ইঁহারাই যথার্থ স্বাধীনতার আদর্শকে নিষ্ঠার সহিত, কাঠিনোর সহিত সমাজে রক্ষা করেন। সমাজ ইঁহাদিগকে সেই অবসর, সেই সামর্থ্য, সেই সন্মান দেয়। ইঁহাদের এই মুক্তি, ইহা সমাজেরই মুক্তি। ইঁহারা যে সমাজে আপনাকে মুক্তভাবে রাথেন, কুল্র পরাধীনতার সে সমাজের কোন ভর নাই, বিপদ্ নাই । ব্রাহ্মণ- অংশের মধ্যে সে সমাজ সর্ব্বদা আপনার মনের, আপনার আত্মার স্বাধীনতা উপলক্ষি করিতে

পারে। আমাদের দেশের বর্ত্তমান আহ্মণগণ যদি দৃঢ়ভাবে, উন্নতভাবে, অনুক্রভাবে
সমাজের এই পরমধনটি রক্ষা করিতেন, তবে
আহ্মণের অবসাননা সমাজ কথনই ঘটিতে
দিত না এবং এমন কথা কথনই বিচারকের
মুথ দিয়া বাহির হইতে পারিত না ধে, ভদ্র
আহ্মণকে পাছ্কাঘাত করা ভুচ্ছ ব্যাপার।
বিদেশ হইলেও বিচারক মানী আহ্মণের
মান আপনি ব্রিতে পারিতেন।

কিন্তু যে ব্রাহ্মণ সাহেবের আফিসে নত মন্তকে চাকরি করে—যে ব্রাহ্মণ আপনার অবকাশ বিক্রয় করে, আপনার অধিকারকে বিসর্জ্জন দেয়—যে विष्मानदम विष्माविणक्, विष्ठातानदम विष्ठात-ব্যবসায়ী, যে ব্রাক্ষণ পয়সার পরিবর্ত্তে আপনার ব্রাহ্মণ্যকে ধিকৃত করিয়াছে, সে আপন আদর্শ রক্ষা করিবে কি করিয়া. সমাজ রক্ষা করিবে কি করিয়া, শ্রদ্ধার সহিত তাহার নিকট ধর্মের বিধান লইতে যাইব কি বলিয়া ? সে ত সর্বসাধারণের সহিত সমানভাবে মিশিয়া ঘর্মাক্রকলেবরে কাডাকাড়ি ঠেলাঠেলির কাজে ভিডিয়া গেছে। ভক্তির দারা সে ব্রাহ্মণ ত সমাজকে উদ্ধে আকৃষ্ট করে না--- নিমেই লইয়া যায়।

এ কথা জানি, কোন সম্প্রদায়ের প্রত্যেক লোকই কোনকালে আপনার ধর্মকে বিশুদ্ধ-ভাবে রক্ষা করে না, অনেকে শ্বলিত হয়। অনেকে ব্রাহ্মণ হইয়াও ক্ষব্রিয় ও বৈশ্রের নাায় আচরণ করিয়াছে, পুরাণে এরূপ উদা-হরণ দেখা যায়। কিন্তু তবু যদি সম্প্রদায়ের মধ্যে আদর্শ সজীব থাকে, ধর্মপালনের চেষ্টা থাকে, কেছ আগে যাক কেছ পিছাইয়া পড়ুক্, কিন্তু সেই পথের পথিক ফদি থাকে, যদি এই আদর্শের প্রত্যক্ষ দৃষ্টান্ত অনেকের মধ্যে দেখিতে পাওয়া যায়, তবে সেই চেটার ছারা, সেই সাধনার ছারা, সেই সফলতাপ্রাপ্ত ব্যক্তিদের ছারাই সমস্ত সম্প্রদায় সার্থক হইয়া থাকে।

আমাদের আধুনিক ব্রাহ্মণসমাজে দেই আদর্শই নাই। দেইজন্মই ব্রাহ্মণের ছেলেইংরাজি কেতা ধরে—পিতা তাহাতে অসম্ভই হন না। কেন ? এম্-এ-পাস্-করা মুখোপাধ্যায়, বিজ্ঞানবিৎ চট্টোপাধ্যায় যে বিদ্যা পাইয়াছেন, তাহা ছাত্রকে ঘরে ডাকিয়া আসন হইয়া বসিয়া বিতরণ করিতে পারেন না; সমাজকে শিক্ষাঝণে ঋণী করিবার গৌরব হুইতে কেন তাহারা নিজেকে ও ব্রাহ্মণসমাজকে বঞ্চিত করেন ?

তাঁহারা জিজ্ঞাসা করিবেন, খাইব কি ?

যদি কালিয়া-পোলোয়া না থাইলেও চলে,
তবে নিশ্চয়ই সমাজ আপনি আসিয়া যাচিয়া
খাওয়াইয়া যাইবে । তাঁহাদের নহিলে সমাজ্বের চলিবে না, পায়ে ধরিয়া সমাজ
তাঁহাদিগকে রক্ষা করিবে। আজ তাঁহারা
বেতনের জস্ত হাত পাতেন, সেইজন্ত সমাজ
রসিদ লইয়া টিপিয়া-টিপিয়া তাঁহাদিগকে
বেতন দেয় ও কড়ায়-গণ্ডায় তাঁহাদের কাছ
হইতে কাজ আদায় করিয়া লয়। তাঁহারাও
কলের মত বাঁধা নিয়মে কাজ করেন;
শ্রদ্ধা দেনও না, শ্রদ্ধা পানও না—উপরস্ক
মাঝে মাঝে সাহেবের পাত্কা পৃঠে বহনকরা-রূপ অত্যস্ত তুচ্ছ ঘটনার স্থবিখ্যাত
উপলক্ষ্য হইয়া উঠেন।

আমাদের সমাজে ব্রান্ধণের কাজ পুন-

ায় আরম্ভ হইবে, এ সম্ভাবনাকে শ্রোমি ক্ষেপ্রপরাহত মনে করি না এবং এই আশাকে আমি লঘুভাবে মন হইতে অপসারিত করিতে পারি না। ভারতবর্ষের চিরকালের প্রকৃতি তাহার ক্ষণকালের বিক্ষণতিকে সংশোধন করিয়া লইবেই।

এই পুনর্জাগ্রত ব্রাহ্মণসমাজের কাজে স্বাহ্মণ অনেকেও যোগ দিবেন। প্রাচীন ভারতেও ব্রাহ্মণেতর অনেকে ব্রাহ্মণের ব্রত গ্রহণ করিয়া জ্ঞানচর্চোও উপদেষ্টার কাজ করিয়াছেন—ব্রাহ্মণও তাঁহাদের কাছে শিক্ষালাভ করিয়াছেন, এমন দৃষ্টাস্তের অভাব নাই।

প্রাচীনকালে যথন ব্রাহ্মণই একমাত্র
দ্বিদ্ধ ছিলেন না, ক্ষত্রিয়-বৈশুপ্ত দ্বিজসম্প্রদায়ভুক্ত ছিলেন, যথন ব্রহ্মচর্য্য অবলম্বন
করিয়া উপযুক্ত শিক্ষালাভের দারা ক্ষত্রিয়বৈশ্রের উপনয়ন হইত, তথনই এ দেশে
ব্রাহ্মণের আদর্শ উজ্জ্বল ছিল। কারণ, চারিদিকের সমাজ যথন অবনত, তথন কোন
বিশেষ সমাজ আপনাকে উন্নত রাধিতে
পারে না, ক্রমেই নিমের আকর্ষণ তাহাকে
নীচের স্তরে লইয়া আদে।

ভারতবর্ষে যথন প্রাহ্মণই একমাত্র দ্বিজ্ব অবশিষ্ট রহিল, যথন তাহার আদর্শ শ্বরণ করাইয়া দিবার জন্ত চারিদিকে আর কেহই দাবী করিবার জন্ত চারিদিকে আর কেহই রহিল না, তথন তাহার দিজতের বিশুদ্ধ কঠিন আদর্শ দ্রুতবেগে ভ্রষ্ট হইতে লাগিল। তথনি সে জ্ঞানে, বিশ্বাদে, ক্ষচিতে ক্রমশ নিক্ট অধিকারীর দলে আসিয়া উত্তীর্ণ হইল চারিদিকে যেধানে, গোলপাতার কুঁড়ে, সেখানৈ নিজের বিশিষ্টতা রক্ষা করিতে হইলে একটা আট্চালা বাধিলেই যথেষ্ট — সেথানে সাত্মহল প্রাসাদ নির্মাণ করিয়। তুলিবার ব্যয় ও চেষ্টা স্বীকার করিতে সহজেই অপ্রবৃত্তি জন্ম।

প্রাচীনকালে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশু দ্বিজ . ছিল, অৰ্থাৎ সমন্ত আৰ্য্য সমাজই দ্বিজ ছিল —শৃদ্ৰবলিতে যে সকল লোককে বুঝাইত, তাহারা সাঁওতাল, ভিল, কোল, ধাঙড়ের দলে আ্গ্যসম:জের সহিত তাহাদের শিক্ষা, ব্লীতিনীতি ও ধর্মের সম্পূর্ণ ঐক্য-স্থাপন একেবারেই অসম্ভব ছিল: কিন্তু তাহাতে কোন ক্ষতি ছিল না, কারণ সমস্ত হিজ চিল-অর্থাৎ আৰ্যাসমাজই সমস্ত আর্যাসমাজের শিক্ষা একইরূপ छिल। প্রভেদ ছিল কেবল কম্মে। শিক্ষা একই থাকায় পরস্পর পরস্পরকে আদর্শের বিশুদ্ধি-রক্ষায় সম্পূর্ণ আমুকুল্য করিতে পারিত। ক্তিয় এবং বৈশু, ব্ৰাহ্মণকে ব্ৰাহ্মণ হইতে সাহায্য করিত, এবং ব্রাহ্মণও বৈশ্রকে ক্ষত্রিয়-বৈশ্র হইতে সাহায্য করিত। সমস্ত সমাজের শিক্ষার আদর্শ সমান উন্নত না হইলে, এরপ কথনই ঘটিতে পারে না।

বর্ত্তমান সমাজেরও যদি একটা মাথার দরকার থাকে, সেই মাথাকে যদি উন্নত করিতে হয় এবং সেই মাথাকে যদি ব্রাহ্মণ বলিয়া গণ্য করা যায়, তবে তাহার স্কন্ধকেও গ্রীবাকে একেবারে মাটের সমান করিয়া রাখিলে চলিবে না। সমাজ উন্নত না হইলে তাহার মাথা উন্নত হয় না, এবং সমাজকে সর্ব্বপ্রয়ে উন্নত করিয়া রাখাই সেই মাথার কাজ।

আমানের বর্তমান সমাজের ভদ্রসম্প্রদায়

অর্থাৎ বৈষ্ণ, কারস্থ ও বণিক্ সম্প্রদায়

সমাজ যদি ইহাদিগকে দ্বিজ বলিয়া গণ্য না
করে, তবে ব্রাহ্মণের আর উত্থানের আশা
নাই। একপায়ে দাঁড়াইয়া সমাজ বক

ভিত্তি পারে না।

বৈভারা ত উপবীত গ্রহণ করিয়াছেন। মাঝে মাঝে কায়স্থেরা বলিতেছেন তাঁহারা ক্ষত্রিয়, বণিকেরা বলিতেছেন তাঁহারা বৈশ্র —এ কথা অবিশ্বাস করিবার কোন কারণ দেখি না। আকার-প্রকার, বুদ্ধি ও ক্ষমতা, অর্থাৎ আর্যাত্বের লক্ষণে বর্ত্তমান ব্রাহ্মণের সহিত ইহাদের প্রভেদ নাই। বঙ্গদেশের যে কোন সভায় পৈতা না দেখিলে, ব্রাহ্মণের সহিত কায়স্থ, স্থবর্ণবাণিক প্রভৃতিদের তফাৎ করা অসম্ভব। কিন্তু যথার্থ অনার্য্য, অর্থাৎ ভারতব্যীয় বগুজাতির সহিত তাঁহাদের তফাৎ করা সহজ। বিশুদ্ধ আর্য্যরক্তের সহিত অনার্যারক্তের মিশ্রণ হইয়াছে, তাহা আমাদের বর্ণে, আক্বভিতে, ধর্ম্মে, আচারে ও মানসিক হৰ্বলতায় স্পষ্ট বুঝা যায়—কিছ সে মিশ্রণ ব্রাহ্মণ, ক্ষতিয়, বৈশ্র, সকল সম্প্রদায়ের মধ্যেই হইয়াছে।

তথাপি,এই মিশ্রণ এবং বৌদ্ধর্গের সামাজিক অরাজকতার পরেও সমাজ ব্রাহ্মণকে
একটা বিশেষ গণ্ডী দিয়া রাধিরাছে। কারণ,
আমাদের সমাজের যেরপ গঠন, তাহাতে
ব্রাহ্মণকে নহিলে তাহার সকল দিকেই বাধে,
আত্মরক্ষার জন্ম যেনন-তেমন করিয়া
ব্রাহ্মণকে সংগ্রহ করিয়া রাখা চাই। আধুনিক ইতিহাসে এমনও দেখা যায়, কোন
কোন স্থানে বিশেষ প্রয়োজনবশত রাজা

পৈতা দিয়া একদল বান্ধাণ তৈরি করিয়াও লইয়াছেন। বাংলাদেশে যথন বান্ধাণেরা আচারে, ব্যবহারে, বিভাবুদ্ধিতে বান্ধাণ্ড হারাইয়াছিলেন, তথন রাজা বিদেশ হইতে বান্ধা হইয়াছিলেন। এই বান্ধাণ যথন চারিদিকের প্রভাবে নত হইয়া পড়িতেছিল, তথন রাজা ক্রত্রিম উপায়ে কৌলীভ স্থাপন করিয়া বান্ধণের নির্বাণোমুথ মণ্যাদাকে থোঁচা দিয়া জাগাইতেছিলেন। অপর পক্ষে, কৌলীভে বিবাহসম্বন্ধে বেরূপ বর্ব্বরতার স্ষ্টিকরিল, তাহাতে এই কৌলীভই বর্ণমিশ্র-শের এক গোপন উপায় হইয়া উঠিয়াছিল।

যাহাই হউক্, শাপ্রবিহিত ক্রিয়াকর্ম-জন্ম, বিশেষ, আবশ্যকতাবশতই সমাজ বিশেষ চেষ্টায় ব্রাহ্মণকে স্বতন্তভাবে निर्फिष्टे कतिया जाथिएठ वाधा इरेग्राहिन। ক্ষত্রিয়বৈশ্র দিগকে সেরপ বিশেষভাবে তাহাদের পূর্বতন আচারকাঠিতের মধ্যে বদ্ধ করিবার কোন অতাবশ্রকতা বাংল-সমাজে ছিল না। যে খুদি যুদ্ধ করুক, বাণিজা করুক, তাহাতে সমাজের বিশেষ কিছু আসিত-যাইত না-এবং যাহারা যুদ্ধ-বাণিজ্য-ক্লবি-শিল্পে নিযুক্ত থাকিবে, তাহা-দিগকে বিশেষ চিত্রের দারা পৃথক্ করিবার किছूमां अत्याक्त हिल ना। लाटक निष्कत शत्राक्ष करत, तकान विश्व ব্যবস্থার অপেক্ষা রাথে না-ধর্ম্মগ্রন্ধে দে বিধি নহে; তাহা প্রাচীন নিয়মে আবদ্ধ, তাহার আয়োজন, রীতিপক্তি আমাদের স্বেচ্ছাবিহিত নহে।

অতএব জড়মপ্রাপ্ত সমাজের শৈথিল্য-

বশতই একসমরে ক্ষত্রিয়-বৈশ্য আপন ধ্বিধিকার হইতে এই হইয়া একাকার হইয়া গেছে।
তাঁহারা যদি সচেতন হন, যদি তাঁহারা
নিজের অধিকার যথার্থভাবে গ্রহণ করিবার
জন্ম অগ্রসর হন, নিজের গৌরব যথার্থভাবে
প্রমাণ করিবার জন্ম উন্থত হন, তবে তাহাতে
সমস্ত সমাজের পক্ষে মঙ্গল, ব্রাহ্মণদের পক্ষে ।

ব্রাহ্মণদিগকে নিজের যথার্থ গৌরব লাভ কবিবার জন্ম যেমন প্রাচীন আদর্শের দিকে যাইতে হইবে, সমস্ত সমাজকেও তেমনি যাইতে হইবে; ব্ৰাহ্মণ কেবল একলা ধাইবে এবং আর সকলে যে যেথানে আছে,সে সেই-থানেই পড়িয়া থাকিবে, ইহা হইতেই পারে সমস্ত সমাজের এক দিকে গতি না হইলে তাহার কোন এক অংশ সিদ্ধিলাভ क्ति उहे भारत न।। यथन मिथिव, आमामित रितर्भत काय्र उ विशिक्षण आश्रनामिशरक প্রাচীন ক্ষতিয় ও বৈশ্য সমাজের সহিত যুক্ত করিয়া বৃহৎ হইবার, বছ পুরাতনের সহিত এক হইবার চেঠা করিতেছেন এবং প্রাচীন ভারতের সহিত আধুনিক ভারতকে সন্মিলিত করিয়া আমাদের জাতীয় সভাকে অবিচ্চিত্র করিবার চেষ্টা করিতেছেন, তথনই জানিব, আধুনিক ত্রাহ্মণও প্রাচীন ত্রাহ্মণের সহিত মিলিত হইয়া ভারতব্যীয় স্মাঞ্জকে স্ঞীব-ভাবে যথার্থভাবে, অথগুভাবে এক করিবার কার্য্যে সফল হইবেন। নহিলে কেবল স্থানীয় कलर-विवान-मलामलि लहेश विद्यार्थी श्रेष्ठाः বের সাংঘাতিক অভিঘাত হইতে সমাজকে রক্ষা করা অসম্ভব হইবে. নহিলে ব্রাহ্মণের সন্মান 'অর্থাৎ আমাদের সমস্ত

দশ্মান শক্রমে তুচ্ছ হইতে তুচ্ছতম হইয়া আদিবে।

আমাদের সমন্ত সমাজ প্রধানতই দ্বিজ-সমাজ; ইহা যদি না হয়, সমাজ যদি শৃদ্র-সমাজ হয়, তবে কয়েকজনমাত্র ব্যহ্মণকে লইয়া এ সমাজ য়ুরোপ্রীয় আদর্শেও থকা হইবে, ভারতবরীয় আদর্শেও থকা হইবে।

সমস্ত উন্নত সমাজই সমাজস্থ লোকের
নিকট প্রাণের দাবী করিয়াথাকে, আপনাকে
নিক্ট বলিয়া স্বীকার করিয়া আরামে জড়ত্বস্থভোগে যে সমাজ আপনার অধিকাংশ
লোককে প্রশ্রম দিয়া থাকে, সে সমাজ মরে,
এবং না-ও যদি মরে, তবে তাহার মরাই
ভাল।

যুরোপ কম্মের উত্তেজনায়, প্রবৃত্তির উত্তেজনায় সর্বাদাই প্রাণ দিতে প্রস্তুত— আমরা যদি ধর্মের জন্ম প্রাণ দিতে প্রস্তুত না হই, তবে সে প্রাণ অপমানিত হইতে থাকিলে অভিমান প্রকাশ করা আমাদের শোভা পায় না।

যুরোপীয় দৈন্ত যুদ্ধান্থরাগের উত্তেজনায় ও বেতনের লোভে ও গোরবের আখাদে প্রাণ দেয়, কিন্তু ক্ষত্রিয় উত্তেজনা ও বেতনের অভাব ঘটিলেও যুদ্ধে প্রাণ দিতে প্রস্তুত থাকে। কারণ, যুদ্ধ দমাব্দের অত্যাবগুক কর্মা, এক সম্প্রদায় যদি নিজের ধর্ম্ম বলিয়াই দেই কঠিন কর্ত্রবাকে গ্রহণ করেন, তবে কন্মের সহিত ধর্ম্মরকা হয়়। দেশস্ক সকলে মিলিয়াই যুদ্ধের জন্ম প্রস্তুত হইলে মিলিটারিজ্মের প্রাবল্যে দেশের গুরুত্রর অনিষ্ট ঘটে।

বাণিক্য সমাক্রকার পকে অভ্যাবশ্রক

কর্ম। সেই সামাজিক আবশুকপালনকে এক সম্প্রদায় যদি আপন সাম্প্রদায়িক ধর্ম, আপন কৌলিক গৌরব বলিয়া গ্রহণ করেন, তবে বণিগ্রন্তি সর্ব্বেই পরিব্যাপ্ত হইয়া সমাজের অস্তান্ত শক্তিকে গ্রাস করিয়া ফেলেনা। তা ছাড়া কর্মের মধ্যে ধর্মের আনর্শ সর্ব্বদাই জাগ্রত থাকে।

ধর্ম এবং জ্ঞানার্জ্জন, যুদ্ধ এবং রাজকার্যা, বাণিজ্য এবং শিল্পচর্চ্চা, সমাজের এই তিন অত্যাবশুক কর্ম। ইহার কোনটাকেই পরি-ত্যাগ করা যায় না। ইহার প্রত্যেকটিকেই ধর্মগোরর, কুলগোরব দান করিয়া সম্প্রদায়-বিশেষের হস্তে সমর্পণ করিলে তাহাদিগকে সামাবদ্ধও করা হয়, অথচ বিশেষ উৎকর্ষ-সাধনেরও অবসর দেওয়া হয়।

কর্মের উত্তেজনাই পাছে কর্তা হইরা আমাদের আত্মাকে অভিভূত করিরা দের, ভারতবর্ষের এই আশকা ছিল। তাই ভারতবর্ষের এই আশকা ছিল। তাই ভারতবর্ষের মাজিক মাত্মাট লড়াই করে, বাণিজ্য করে, কিন্তু নিত্যমাত্মঘটি—সমগ্র মাত্মঘটি শুদ্ধমাত্র সিপাই নহে, শুদ্ধমাত্র বিণক্ নহে। কর্মকে কুলব্রত করিলে, কর্মকে সামাজিক ধর্ম করিয়া তুলিলে, তবে কর্ম্মনার্মন করিয়া, সমাজের সামগ্রশু ভঙ্গ করিয়া, মাত্ম্যের সমস্ত মন্ত্র্যায়কে আছের করিয়া, আ্রার রাজসিংহাসন অধিকার করিয়া বনে না।

যাঁহার। দ্বিজ, তাঁহাদিগকে একসময় কর্ম্ম পরিত্যাগ করিতে হয়। তথন তাঁহারা আর ব্রাহ্মণ নহেন, ক্ষত্তিয় নহেন, বৈশু নহেন—তথন তাঁহারা নিত্যকালের মাহুয—

তথন কর্ম তাঁহাদের পক্ষে আর ধর্ম নহে, স্থতরাং অনায়াদে পরিহার্য্য। এইরূপে দ্বিজসমান বিভা এবং অবিদ্যা উভয়কেই রক্ষা করিয়াছিলেন--তাঁহারা বলিয়াছিলেন, অবিভয়া মৃত্যুং ভীর্বা বিভয়ামৃতমশ্রে— অবিভার দারা মৃত্যু উত্তীর্ণ হইয়া বিভার দারা অমৃত লাভ করিবে। এই চঞ্চলসংসারই মৃত্যুনিকেতন, ইহাই অবিভা—ইহাকে উত্তীর্ণ হইতে হইলে ইহার ভিতর দিয়াই याहेरा इंग्र-किंग्र अमन जारत याहेरा इंग्र, रबन इंग्रंड हत्रम नः श्रेश डिर्फ । कर्मारकरे একান্ত প্রাধান্ত দিলে সংসারই চরম হইয়া উঠে; মৃত্যুকে উত্তীর্ণ হওয়া যায় না, অমৃত লাভ করিবার লক্ষাই ভ্রন্থ হয়, তাহার অবকাশই থাকে না.৷ এইজন্মই কর্মকে সীমাবদ্ধ করা, কর্মকে ধর্মের সহিত যুক্ত করা, কর্মকে প্রবৃত্তির হাতে, উত্তেজনার হাতে, কর্মজনিত বিপুল বেগের হাতে ছাড়িয়া না দেওয়া; এবং এইজন্তই ভারত-বর্ষে কর্মভেদ বিশেষ বিশেষ জনশ্রেণীতে निर्फिष्टे कदा।

ইহাই আদর্শ। ধর্ম ও কর্মের সামঞ্জন্ত রক্ষা করা এবং মান্তবের চিত্ত হইতে কর্মের নানাপাশ শিথিল করিয়া তাহাকে একদিকে সংসারত্রতপরায়ণ, অন্তদিকে মুক্তির অধিকারী করিবার অন্ত কোন উপায় ত দেখি না। এই আদর্শ উন্নততম আদর্শ এবং ভারতবর্ষের আদর্শ। এই আদর্শে বর্ত্তমান সমাজকে সাধারণভাবে অধিকৃত ও চালিত করিবার উপায় কি, তাহা আমাদিগকে চিন্তা করিতে হইবে। সমাজের সমস্ত বন্ধন ছেদন করিয়া কর্মকে ও প্রবৃত্তিকে উদ্ধাম করিয়া

তোলা—দেজত কাহাকেও চৈষ্টা করিতে ছয় না। সমাজের সে অবস্থা জড়ত্বের বারা, শৈথিল্যের বারা আপনি আসিতেছে।

বিদেশী শিক্ষার প্রাবল্যে, দেশের অর্থনৈতিক অবস্থার প্রতিক্লতায় এই ভারতবর্ষীয় আদর্শ সম্বর এবং সহজে সমস্ত সমাজকে
অধিকার করিতে পারিবে না, ইহা আমি
জানি। কিন্তু য়ুরোপীয় আদর্শ অবলম্বন
করাই যে আমাদের পক্ষে সহজ, এ হরাশাও
আমার নাই। সর্ব্বপ্রকার আদর্শ পরিত্যাগ
করাই সর্ব্বাপেক্ষা সহজ—এবং সেই সহজ্ব
পথই আমরা অবলম্বন করিয়াছি। য়ুরোপীয়
সভ্যতার আদর্শ এমন একটা আল্গা জিনিষ
নহে যে, তাহা পাকা ফলটির মত পাড়িয়া
লইলেই কবলের মধ্যে অনায়াসে স্থান
পাইতে পারে।

সকল পুরাতন ও বৃহৎ আদর্শের মধ্যেই বিনাশ ও রক্ষার একটি সামঞ্জস্য আছে। অর্থাৎ তাহার যে শক্তি বাড়াবাড়ি করিয়া মরিতে চায়,তাহার অন্তশক্তি তাহাকে সংযত করিয়া রক্ষা করে। আমাদের শরীরেও যন্ত্রবিশেষের যতটুকু কান্ধ্র প্রয়োজনীয়, তাহার অতিরিক্ত অনিষ্টকর, সেই কান্ধ্রটুকু আদায় করিয়া সেই অকান্ধ্রটুকুকে বহিষ্কৃত করিবার ব্যবস্থা আমাদের শরীরতন্ত্রে রহিন্যাছে; পিত্তের দরকারটুকু শরীর লয়, অদরকারটুকু বর্জন করিবার ব্যবস্থা করিতে থাকে।

এই সকল স্বব্যবস্থা অনেকদিনের জিয়া-প্রক্রিয়া-প্রতিক্রিয়া দারাউৎকর্ম লাভ করিয়া সমাজের শারীরবিধানকে পরিণতি দান করিয়াছে। আমরা অন্তের নকল করিবার সময় ৎসই সমগ্র স্বাভাবিক ব্যবস্থাট গ্রহঁ করিতে পারি না। স্বতরাং অন্ত সমাজে যাহা ভাল করে, নকলকারীর সমাজে ভাহাই মন্দের কারণ হইয়া উঠে। মুরোপীয় মানব প্রকৃতি স্বলীর্থকালের কার্য্যে যে সভ্যতার্ক্ষটকে ফলবান্, করিয়া ভূলিয়াছে, ভাহার ছটো-একটা ফল চাহিয়া-চিন্তিয়া লইতে পারি, কিন্তু সমস্ত বৃক্ষকে আপনার করিতে পারি না। ভাহাদের সেই মতীত কাল আমাদের অভীত।

কিন্তু আমাদের ভারতবর্ষের অতীত যদি-বা ষত্নের অভাবে আমাদিগকে ফল দেওয়া বন্ধ করিয়াছে, তবু সেই বুহৎ অতীত ধ্বংস হয় নাই, হইতে পারে না,—সেই অতীতই ভিতরে থাকিয়া আমাদের পরের নকলকে বারংবার অসকত ও অক্তকার্যা করিয়া তুলিতেছে। সেই অতীতকে অবহেলা করিয়া যথন আমরা নৃতনকে আনি, অতীত নিঃশবে তাহার প্রতিশোধ লয়— ন্তনকে বিনাশ করিয়া পচাইয়া বায়ু দূষিত করিয়া দেয়। আমরামনে করিতে পারি, এইটে আমাদের নূতন দরকার, কিন্তু অতী-তের সঙ্গে সম্পূর্ণ আপোষে যদি রফা-নিষ্পত্তি না করিয়া লইতে পারি, তবে আবশুকের माहाइ পाड़ियाई त्य मिडेड़ि त्थाना भाइत. তাহা কিছুতেই নহে। নৃতন্টাকে সিঁধ কাটিয়া প্রবেশ করাইলেও, নৃতনে-পুরাতনে মিশ না থাইলে সমস্তই প্ত হয়।

সেইজন্য আমাদের অতীতকেই নৃতন বল দিতে হইবে, নৃতন প্রাণ দিতে হইবে। ভক্তাবে ভক্ক বিচারবিতর্কের দারা সে প্রাণ-সঞ্চার হইতে পারে না। ধেরূপ ভাবে

চলিতেছে, প্দইরূপ ভাবে চলিয়া যাইডে দিলেও কিছুই হইবে না। প্রাচীন ভারতের মধ্যে যে একটি মহান ভাব ছিল—যে ভাবের আনন্দে আমাদের মুক্তহৃদয় পিতামহগণ ধ্যান করিতেন, ত্যাগ করিতেন, কাজ করিতেন, প্রাণ দিতেন, সেই ভাবের আনন্দে, সেই ভাবের অমৃতে আমাদের জীবনকে পরিপূর্ণ করিয়া তুলিলে,দেই আনন্দই অপূর্বশক্তিবলে বর্ত্তমানের সহিত অতীতের সমস্ত বাধাগুলি অভাবনীয়ক্সপে বিলুপ্ত করিয়া দিবে। জটিল ব্যাখ্যার দারা জাত করিবার চেষ্টা না করিয়া অতীতের রদে হৃদয়কে পরিপূর্ণ করিয়া দিতে তাহা দিলেই আমাদের প্রকৃতি আপনার কাজ আপনি করিতে থাকিবে। সেই প্রকৃতি যথন কাজ করে, তথনি কাজ হয়—তাহার কাজের হিসাব আমরা কিছুই জানিনা; -- কোনও বুদ্ধিমান্ লোকে বা বিদ্বান্ লোকে এই কাজের নিয়ম বা উপায় কোন-মতেই আগে হইতে বলিয়া দিতে পারে না। তর্কের দ্বারা তাহারা যেগুলিকে বাধা মনে করে,সেই বাধাগুলিও সহায়তা করে,যাহাকে ছোট বলিয়া প্রমাণ করে.সে-ও বড় হইয়া উঠে।

কোন জিনিষকে চাই বলিলেই পাওরা বার না— অতীতের সাহায্য একণে আমাদের দরকার হইয়াছে বলিলেই বে তাহাঁকে সর্বাতোভাবে পাওরা যাইবে, তাহা কথনই না। সেই অতীতের ভাবে যথন আমাদের বৃদ্ধি-মন-প্রাণ অভিষিক্ত হইয়া উঠিবে, তখন দেখিতে পাইব, নব নব আকারে, নব নব বিকাশে আমাদের কাছে সেই পুরাতন নবীন হইয়া, প্রফুল্ল হইয়া, ব্যাপ্ত হইয়া উঠিয়াছে, তখন তাহা খাশানশ্যার নীর্স ইকন

নহে, জীবননিকুঞ্জের ফলবান্ বৃক্ষ হইয়া উঠিয়াছে।

অক্সাৎ উদ্বেশিত সমুদ্রের বন্যার ন্যায় যথন আমাদের সমাজের মধ্যে ভাবের আনন্দ প্রবাহিত হইবে, তথন আমাদের দেশের এই সকল প্রাচীন নদীপথগুলিই কূলেক্লে পরিপূণ হইয়া উঠিবে। তথন সভাবতই আমাদের দেশ ব্রহ্মচর্য্যে জাগিয়া উঠিবে, নামসঙ্গীতধ্বনিতে জাগিয়া উঠিবে, বাহ্মণে ক্ষব্রিয়ে বৈশ্রে জাগিয়া উঠিবে। যে পাথীরা প্রভাতকালে তপোবনে গান গাহিত, তাহারাই গাহিয়া উঠিবে, দাঁড়ের কাকাতুয়া বা খাঁচার কেনারি-নাইটিস্লেল্ নহে।

আমাদের সমস্ত সমাজ সেই প্রাচীন দ্বিজ্বকে লাভ করিবার জন্য চঞ্চল হইয়া উঠিতেছে, প্রত্যহ তাহার পরিচয় পাইয়া মনে আশার সঞ্চার হইতেছে। একসময় আমাদের হিন্তু গোপন করিবার, বর্জন ক্রিবার জন্য আমাদের চেষ্টা হইয়াছিল-সেই আশায় আমরা অনেকদিন চাঁদনীর দোকানে ফিরিয়াছি ও চৌরঙ্গী-অঞ্চলের দৈউড়িতে হাজ্রি দিয়াছি। আজ যদি আপনাদিগকে ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্র বলিয়া প্রতিপন্ন করিবার উচ্চাকাজ্ঞা আমাদের ু মনে জাগিয়া থাকে, यদি আমাদের সমাজকে 😹 পৈতৃক গৌরবে গৌরবান্বিত করিয়াই মহৰ-লাভ করিতে ইচ্ছা করিয়া থাকি, তবে ত আমাদের আনন্দের দিন। আমরা ফিরিঞ্চি হইতে চাই না, আমরা দ্বিজ হইতে চাই। কুদ্রবৃদ্ধিতে ইহাতে থাহারা বাধা দিয়া অনর্থক কলহ করিতে বদেন, তর্কের ধূলায় ইহার স্থদূরব্যাপী সফলতা যাঁহারা না দেখিতে

পান, বৃহৎ ভাবের মহন্ত্রের কান্ডে আপনাদের জুদু পাণ্ডিত্যের ব্যর্থ বাদ-বিবাদ যাঁহার৷ লজ্জার সহিত নিরস্ত না করেন, তাঁহারা যে সমাজের আশ্রমে মামুষ হইয়াছেন, সেই সমাজেরই শক্ত। দীর্ঘকাল হইতে ভারত-ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য সমাজকে আপন আহ্বান করিতেছে। যুরোপ তাহার জ্ঞান-বিজ্ঞানকে বহুতর ভাগে বিভক্ত-বিদ্ধিন্ন করিয়া তুলিয়া বিহ্বলবৃদ্ধিতে তাহার মধ্যে সম্প্রতি ঐক্য সন্ধান করিয়া ফিরিতেছে— ভারতবর্ধের দেই ব্রাহ্মণ কোণায়, যিনি স্বভাবসিদ্ধ প্রতিভাবলে, স্বতি অনায়াসেই সেই বিপুল জটিলভার মধ্যে ঐক্যের নিগৃঢ় সরল-পথ নির্দেশ করিয়া দিবেন ১ সেই ব্রাহ্মণকে ভারতবর্ষ নগরকোলাহল ও স্বার্থসংগ্রামের বাহিরে তপোবনে ধ্যানাসনে অধ্যাপকের বেদীতে আহ্বান করিতেছে.— ব্রাহ্মণকে তাহার সমস্ত অবমাননা হইতে দুরে আকর্ষণ করিয়া ভারতবর্ষ আপনার অবমাননা দুর করিতে চাহিতেছে। বিধাতার আশীর্কাদে ব্রাহ্মণের পাহকাঘাতলাভ হয় ত ব্যর্থ হইবে না—নিদ্রা অত্যন্ত গভীর হইলে এইরূপ নিষ্ঠুর আঘাতেই তাহা ভাঙাইতে হয়। যুরো-পের কর্মিগণ কর্মজালে জড়িত হইয়া তাহা হইতে নিষ্কৃতির কোন পথ খুঁ জিয়া পাইতেছে না, সে ক্সুনা দিকে নানা আঘাত করি-তেছে,—ভারতবর্বে যাঁহারা ক্ষাত্রত, বৈশ্র-ত্রত গ্রহণ করিবার অধিকারী, আজ তাঁহারা ধর্ম্মের দারা কর্ম্মকে জগতে গ্লোরবায়িত করুন—'তাঁহারা প্রবৃত্তির অমুরোধে নহে, উত্তেজনার অমুরোধে নর্ছে—ধর্মের অমুরো-ধেই অবিচলিত নিষ্ঠার সৃষ্টিত ফলকামনায়

একাপ্ত আসক্তি না হইয়া প্রাণ সমর্পণ করিতে প্রস্তুত হউন্। নতুবা ব্রাহ্মণ প্রতিদিন শৃদ্র; সমান্ধ প্রত্যহ ক্ষুদ্র এবং প্রাচীন ভারতবর্ষের মাহাত্মা, যাহা অটল পর্বতশৃক্ষের ভাষ দৃঢ় ছিল, তাহা দ্রস্থত ইতিহাসের দিক্পান্তে মেঘের ভাষ, কুহেলিকার ভাষ বিলীন হইয়া বাইবে এবং কর্মকান্ত একটি বৃহৎ কেরাণীসম্প্রদায় একপাটি বৃহৎ পাছকা প্রাণপনে
আকর্ষণ করিয়া ক্ষুদ্র ক্লফপিপীলিকাশ্রেণীর
মত মৃত্তিকাতলবর্তী বিবরের অভিমুখে
ধাবিত হওয়াকেই জীবনধাতানির্কাহের একমাত্র পদ্ধতি বলিয়া গণ্য করিবে।

হাতেম তাই।

[Edwin Arnold হইতে]

হাতেম তায়ের এই অপূর্ব আখ্যান কহিতেছি গুন সবে, করি অবধান। ছিল তাঁর ক্লম্ভ অশ-কাল' মেঘ থেন-বজের নিনাদসম তার হেষারব, মহাবেগে ধায় যবে মরুর মাঝারে উড়ায়ে প্রস্তর্থণ্ড, হেন লয় মনে এ কি শিলাবৃষ্টি ছুটে ! স্থভগ, স্থদৰ্শ, তেঙ্গীয়ানু অশ্ব বেগবানু, তার কাছে প্ৰন কোথায় লাগে-প্ৰভন্ন-বেগে দৌড়ে ঘোড়া। অশ্বর স্বত্ত ভি হেন ! হাতেম ও তাহার তুরগ গুণগান রটে দিশি দিশি; ক্ষের স্থলতান-কাণে গে**ল সে বারতা। সবে কহে** একবাক্যে, "কেহ দেখে নাই প্রভো! হাতেম-সমান দানশীল-অশ তার তাহাঁকেই সাজে। ঘোড়া আর সওরার—হুই সমতুল 😮 ক্মপতি কহিলা সচিবে, "মন্ত্রিবর, 🛡 ধু মুখের কথায় না হয় প্রত্যয়, .

প্রমাণ দেখিতে চাই। হাতেমের দারে
চাহ গিয়া অশ্ববর, যদি সে প্রফুলমনে, তার আদরের ধনে বাদশায়
দেয় উপহার, তা হলেই তারে আমি
দাতা বলে' গণি, নহিলে নিশ্চয় জেনো,
সে শুধু লোকের কথা রুথা আড়ম্বর।

অতঃপর সমাট সংবাদ-বাহী দ্ত,
দশজন স্থাজিত রক্ষক-সহার,
বহুপথ অতিক্রমি' ঝড়-বৃষ্টি-বাতে,
বিষম-হুর্যোগ-মাঝে উত্তরিল তথা
হাতেমের ভাইবন্ধ নিবসে যেগায়;
তৃষাতুর পাপ্ত আসি নদী-উপকুলে,
হরম-বিভোর চিতে, উতরে যেমতি।
হাতেমের তামুগুলি মক্ষেক্রমাঝে
বিছারিত সারিসারি, উষ্ট্র-গো-মেষাদি
অস্ত্রগণ চরিছে স্থান্ধ প্রাপ্তে সবে।
শস্ত্রীন সমস্ত ভাঙার, অতিথির
সমাগম অসম্ভব ভাবি, ঘরে ছিল

কিছু না প্রস্তত। তবু একি চমৎকার! অভ্যাগতে ভোজের নাহিক অপ্রতুল— চর্ব্বা চোষ্য ভূরি আয়োজন। মাংস-যুস মিলিত প্ৰান্ধ-সাথে, গন্ধে আমোদিত-পোলাও কাবাব কোর্মা অপর্যাপ্ত হেরি মিষ্টান্ন বিলান সবে আঁচল ভরিয়া, হাতে হাতে বিতরেন স্থমিষ্ট পিষ্টক। যথেচ্ছ ভোজনে তৃষ্ট নিদ্রা যায় সবে হাতেমের শ্যা'পরে স্থথে রাত্রিভোর। পরদিন প্রাতে উঠি, বুঝি অবসর, স্থলতানের দৃত কহে করজোড় করি— "দাতা-মগ্রগণ্য তুমি অবনীমণ্ডলে<u>।</u> ধে আদে তোমার কাছে কভু নাহি ফিরে শৃষ্ঠ হাতে, যাহা চায় পায় সে অমনি; मुक्डहरू, अभाषिक, /প্रশন্ত श्रम र ধন্ত হে হাতেম তাই, ধন্ত তব নাম ! _ভনিয়া তোমার দানস্তুতি, ভনি আর বিশ্ব-প্রকীর্ত্তিত তব অশ্ব-গুণগান, ক্ষমের স্থলতান হেথা পাঠালেন মোরে। দে বরাঙ্গ তুরঙ্গম—বর্ণ ঘনখাম, পবন-বিজয়ী যার গতি—সেই অখ. স্থলতানে প্রসন্নমনে যদি কর দান, তা হলেই সার্থক তোমার দাতা-নাম, नहिर्ण करहन श्रज्, এই धनत्रव ভনি ৰাহা, অর্থহীন শৃক্ত কলরব !" রাব্দৃত কহে যবে মৃত্মন্দ স্বরে সম্রাট-সন্দেশ, নমি নম্র নতশিরে, হাতেম ভাবেন ব'দে শাস্ত-স্তব্ধ-ভাবে

গালে হাত দিয়ে, মগ্ন গভীর চিম্বার : কহিলা ক্ষণেক পরে গম্ভীর আরবে
 — "গত রাত্রে এলে যবে, কুলদথা মোর, ভাঙিয়া বলিতে যদি প্রভুর আদেশ অবিলয়ে, পুরাতেম সাধ, কিন্তু এবে বুথা আবেদন তব্য জানই ত ওহে, ক-দিন ধরিয়া কত গিয়াছে ছর্যোগ। তামু আর চরভূমি, তার মধ্যদেশ ঘোর বরিষার স্রোতে জলে জলময়। উষ্ট্র-গো-মেষাদি কোন জীবজন্ত আর খুঁজিয়া না পাই কোন ঠাই। এ বিষম সন্ধটে কি করি কিছু ভাবিয়া না পাই। অতিথি ওকায়ে রাখি কহ কোন প্রাণে ? আপনার প্রিয়ধনে ভাছাদের দানে পরাত্মথ, মম গৃহে অতিথি যাহারা ? माजात जामर्न वरन' रनारक स्मारत मारन. কেমনে সে লোকমাঝে রাখি নিজ মান ? শুন তবে— দেই মোর সাধের তুরঙ্গ জীবনসম্পদ স্থা স্ক্স আমার! সেই তুলতুল যার পদরকোমাঝে আরামে শয়ান থাকি খুমাই নির্ভয়ে---(तमम-(कामन स्थि । कि कतियू, কি করিত্ব হার। মোর সাধের ঘোটক---বলিদান দিমু তারে ভোজ্যপকার্চে তোমাদের —স্থলতানে কহ গে সভর।" দূতবাক্যে গরন্ধি উঠিলা স্থলতান— "অর্দ্ধমে বাঁচে যদি হলছলের প্রাণ এই দত্তে করি আমি অন্ধরাজ্য দান।"* শ্রীসভ্যেন্দ্রনাথ ঠাকুর।

^{*} এই কবিতাটি পাঠ করিলেই বুঝা যাইবে, টেনিসন্ তাহার 'The Falcon নামক ক্ষুত্র নাটিকার আধ্যানটি কোথা হইতে সংগ্রহ করিরাছিলেন। সম্পাদক।

होदनभगटनतं हिठि।

"জন্ চীনেম্যানের চিঠি"-বলিয়া একথানি চটি বই ইংরাজিতে বাহির হইয়াছে। চিঠিগুলি ইংরাজকে সংখাধন করিয়া লেখা হইয়াছে। (मथक निरक्त विषय वर्णन — मीर्घकाण **इंश्न(७** वान দরুণ ভোমাদের করার (ইংরাজদের) আচার অমুষ্ঠান-সম্বন্ধে কথা কহিবার কিছু অধিকার আমার জন্মি-রাছে; অপর পকে, স্বদেশ হইতে.দূরে আছি বলিয়া আমাদের দথক্ষেও আলোচনা করি-বার ক্ষমতা খোয়াইয়া বসি নাই। চীনেম্যান मर्क्जरे मर्क्नारे हौत्नमान्हे थारक; এবং কোন কোন বিশেষ দিক হইতে বিশাতি সভ্যতাকে আমি য তই कति ना (कन, এथरना देशात्र मरक्षा अमन किছু দেখি नारे, याशां अर्थरमध्य मास्य হইয়া জন্মিয়াছি বলিয়া আমার মনে কোন-প্রকার ক্ষোভ হইতে পারে।"

ইংরাজিভাষায় লেথকের অসামায় দথল দেখিলেই বুঝা যায় যে, ইংরাজিদিকায় ইনি পাকা হইরাছেন —এইজন্ত বিলাভসম্বন্ধে ইনি যাহা বলিয়াছেন, তাহাকে নিতাম্ভ অনভিজ্ঞ লোকের অত্যক্তিবলিয়া গণ্য করা যায় না।.

এই ছোট বইথানি পড়িরা আমরা বিশেষ আনন্দ ও বল পাইরাছি। ইহাঁ হইতে দেখিরাছি, এসিয়ার ভিন্ন ভিন্ন জাতির মধ্যে একটি গভীর ও বৃহৎ ঐক্য আছে। টীনের

সঙ্গে ভারতবর্ষের প্রাণের মিল দেখিয়া আমাদের প্রাণ যেন বাড়িয়া বায়। শুধু তাহাই নহে; এসিয়া যে চিরকাল য়ুরোপের यानानट व्यानामी हरेबा नाड़ारेबा जाहात विठात्रक्टे (वनवाका विवास শিরোধায্য कतिरव, श्रीकांत्र कतिरव रय, श्रामारमत সমাজের বারো-আনা অংশকেই একেবারে ভিৎস্থ নিশৃল করিয়া বিলাতি এঞ্জিনি-য়ারের প্ল্যান্ অনুসারে বিলাতি ইটুকাঠ দিয়া গড়াই আমাদের পক্ষে একমাত্র শ্রেম— এই কথাটা ঠিক নছে,—আমাদের বিচারা-লয়ে যুরোপকে দাঁড় করাইয়া তাহান্ধে यत्नक श्रीत शनम् यात्नाहना মারাত্মক कत्रिमा দেখিবার আছে, এই বইখানি হইতে দেই ধারণা আমাদের মনে একটু বিশেষ জোর পায় প্রথমত ভারতবর্ষের সভ্যতা এসিয়ার সভ্যতার মধ্যে ঐক্যু পাই-য়াছে, ইহাতেও আমাদের বল; দিতীয়ত এদিয়ার সভ্যতার এমন একটি গৌরব আছে, याश मजा विविद्यारे आठीन रहेबारह, यांश সত্য বলিয়াই চিরস্তন হইবার অধিকারী, ইহাতেও আমাদের বল।

সম্প্রতি আমাদের মধ্যে একটা চঞ্চলতা জিন্মিরাছে; আমাদের স্বাধীন শক্তি—আমাদের চিরকালের শক্তি কোন্থানে প্রচ্ছন্ন হইয়া আছে, তাহাই সন্ধান করিয়া সেইথানে আশ্রম লইবার জন্ম আমাদের মধ্যে একটা

চেষ্টা জাগিরাছে। বিদেশার সহিত আমাদের সংঘাত ক্রমণ ষতই কঠিন হইয়া
উঠিতেছে, স্বদেশকে ততই বিশেষভাবে
জানিবার ও পাইবার জন্ত আমাদের একটা
ব্যাকুলতা বাড়িয়া উঠিতেছে। দেথিতেছি,
ইহা কেবল আমাদের মধ্যে নহে। য়ুরোপের সংঘাত সমস্ত সভ্য এদিয়াকেই সজ্বাগ
করিতেছে। এদিয়া আজ আপনাকে
সচেতনভাবে, স্কতরাং সবলভাবে উপলব্বি
করিতে বিদিয়াছে। ব্বিয়াছে, 'আত্মানং
বিদ্ধি'—আপনাকে জান—ইহাই মুক্তির
উপায়। 'পরধর্ম্মো ভয়াবহং'—পরের অফ্করণেই বিনাশ।

বস্তুপ্রধান শক্তিপ্রধান সভাতার সম্পদ্ আমাদের ইন্দ্রিয়মনকে অভিভূত করিয়া দেয়। তাহার কল দ্রুত চলে, তাহার প্রাসাদ আকাশ স্পর্শ করে, ভাহার কামান শতत्री, তাহার বাণিজ্ঞাল জগগাপী—ইহা আমাদের দৃষ্টিকে আচ্ছন ও বুদ্ধিকে শুদ্ভিত না করিয়া থাকিতে পারে না। কিছু না হৌক্, বিপুলতার একটা গায়ের জোর আছে, সেই জোরকে ঠেলিয়া-উঠিয়া মনকে মোহ-মুক্ত করা আমাদের মত তুর্কলের পক্ষে বড় কঠিন। যদি বিপুলতাগ্রস্ত এই সভ্যতার দিকেই একমাত্র আমাদের দৃষ্টি নিবদ্ধ করি, তবে তাহাতে আমাদের মানসিক হর্বলতা কেবল বাড়িতেই থাকে,—এই সভ্যতাকেই একমাত্র আদর্শ বলিয়া বোধ হয়, এবং নিজের সামগ্যকেও সম্পদ্কে একেবারে नगग विषय छोन स्य। ইहार् यहिही পরাস্ত হয়, আত্মগৌরব দূর হয়, ভবিষাতের জন্ম কোন আশা থাকে না, এবং জড়ত্বের

মধ্যে অনায়াসেই আত্মসমর্পণ কর্বিয়া নিরা-প্রত্তির আরামে নিদ্রার অচেডনতায় সমস্ত ভূলিয়া থাকিতে ইচ্ছা হয়।

বিশেষত আমাদের বর্ত্তমান অবস্থা ধর্ম্মেন কর্ম্মে বিপ্তাব্দ্ধিতে অত্যস্ত দীন। য়ুরোপীয় সভ্যতাকে কেবলি নিজের সেই দীনভার সহিত তুলনা করিয়া নিজেদের সম্বন্ধে হতা-শ্বাস হইয়া পড়ি।

এ অবস্থায় প্রথমে আমাদের বুঝিতে হইবে, বস্তু প্রধান শক্তি প্রধান সভাতাই এক-মাত্ৰ সভাতা নহে, ধর্মপ্রধান মঙ্গলপ্রধান সভাতা তাহা অপেকা শ্রেষ্ঠ। তাহার পরে, এই শেষোক্ত সভাতাই আমাদের ছিল, স্থুতরাং শেষোক্ত সভাতার শক্তি আমাদের প্রকৃতির মধ্যে নিহিত হইয়া আছে, ইহাই कानिया आमानिशतक माथा जुनिए इहेर्द, আমাদিগকে আশা ও আনন্দ লাভ করিতে হইবে। আমরা বর্ত্তমান হুর্গতির মধ্যে নিজেদের বিচ্ছিন্ন ক্ষুদ্র করিয়া রাখিলে, युरताशीय वाशास्त्रत तृह्व आमारनत वृद्धिक দলন-পেষণ করিয়া তাহাকে আপনার চির-দাস করিয়া রাখিবে। সেই বুদ্ধির দাসত্ত, ক্চির দাস্য আমরা প্রত্যন্থ অমুভব করি-তেছি। প্রাচীন ভারতের সহিত নিজেকে সংযুক্ত করিয়া নিজেকে বড় করিয়া ভূলিভে श्रुरेत ।

জড়পদার্থের অপেক। মানুষ জটিণ জিনিষ, জড়শক্তি অপেকা মানুষের ইচ্ছা-শক্তি ছর্দ্ধিতর, এবং বাহ্নসম্পদের অপেকা সুথ অনেক বেশি ছ্লুভ। সেই মানুষকে আকর্ষণ করিয়া, তাহার প্রবৃত্তিকে সংঘত করিয়া, তাহার ইচ্ছাশক্তিকে নিয়ন্ত্রিত করিয়া বৈ সভাতা স্থপ দিয়াছে, সস্তোষ দিয়াছে, আনন্দ ও মুক্তির অধিকারী করি রাছে, দেই সভাতার মাহাত্মা আমাদিগকে যথার্থভাবে উপলব্ধি করিতে হইবে।

উপলব্ধি করা কঠিন, কারণ তাহা বস্ত্ত-পুঞ্চে এবং বাহুশক্তির •প্রাবল্যে আমাদের ইন্দ্রিয়মনকে অতিমাত্র অধিকার করে না। সমস্ত প্রেষ্ট পদার্থের ন্যায় তাহার মধ্যে একটি নিগৃঢ়তা আছে, গভীরতা আছে,—তাহা বাহির হইতে গায়ে পড়িয়া অভিতৃত করিয়া দের না, নিজের চেটায় তাহার মধ্যে প্রবেশ করিতে হয়—সংবাদপত্রে তাহার কোন বিজ্ঞাপন নাই।

এইজ্ঞ ভারতবর্ষের প্রাচীন সভাতাকে বস্তুর তালিকাশারা ক্ষীত করিয়া তুলিতে পারি না বলিয়া, তাহাকে নিজের কাছে প্রত্যক্ষগোচর করিতে পারি না বলিয়া, আমরা পুষ্পক-রথকে রেলগাড়ি বলিতে চেষ্টা করি এবং धर्माक देवक्रानिक वाशि वाता कृष्टिन করিয়া ফ্যারাডে-ডার্বিনের প্রতিভাকে আমাদের শান্ত্রের বিবর হইতে টানিয়া বাহির করিবার প্রয়াস পাই। চাতুরী দারাতেই বুঝা যায়, ভারতবর্ষের সভা-তাকে আমরা ঠিক বুঝিতেছি না এবং তাহা আমাদের বৃদ্ধিকে সম্পূর্ণ কৃপ্ত করিতেছে না। ভারতবর্ষকে কৌশলে যুরোপ বলিয়া প্রমাণ না করিলে আমরা স্থির হইতে পারি-তেছি না।

ইহার একটা কারণ, মুরোপীয় সূভাতাকে থেমন আমরা অত্যস্ত বাথে করিয়া দেখি-তেছি, প্রাচ্য সভ্যতাকে তেমন বাথে করিয়া দেখিতেছি না। ভারতবর্ষীয় সভ্যতাকে

অফ্রান্ত সভাঁতার সহিত মিশাইয়া মানব-প্রকৃতির মধ্যে তাহার একটা বৃহত্ব—একটা ধ্ৰবত্ব উপলব্ধি করিতেছি না। ভারতবর্ষকে কেবল ভারতবর্ষের মধ্যে দেখিলেই তাহার সভাতা, তাহার স্থায়িত্যোগ্যতা কাছে যথার্থরূপে প্রমাণিত হয় না। দিকে প্রত্যক্ষ যুরোপ, আর একদিকে শাস্ত্রের कथा-- भूँ थित श्रेमान, এक मिरक श्रेतन मिक्कि, আর একদিকে আমাদের দোহলামান বিখাস-মাত্র—এ অবস্থায় অসহায় ভক্তিকে ভারত বর্ষের অভিমুথে স্থির করিয়া রাথাই কঠিন। এমন দময় আমাদের দেই পুরাতন সভাতাকে যদি চীনে ও জাপানে প্রসারিত দেখি, তবে বুঝিতে পারি, মানবপ্রকৃতির মধো তাহার একটা কুহৎ স্থান আছে, তাহা त्कवल श्रृंथित वहनमाळ नरह। यि एक्थि, চীন ও জাপান সেই সভাতার মধ্যে সার্থকতা অমুভব করিতেছে, তবে আমাদের দীনতার অগোরব দূর হয়, আমাদের ধনভাণ্ডার কোন্ থানে, তাহা বুঝিতে পারি।

রুরোপের বস্তা জগৎ প্লাবিত করিতে ছুটিরাছে, তাই আজ সভ্য এসিয়া আপনার পুরাতন বাঁধগুলিকে সন্ধান ও তাহাদিগকে দৃঢ়
করিবার জন্ত উন্থত। প্রাচ্যসভ্যতা আ্মরক্ষা করিবে। যেথানে তাহার বল, সেইথানে তাহাকে দাঁড়াইতে হইবে। তাহার
বল ধর্ম্মে, তাহার বল সমাজে। তাহার ধর্ম্ম
ও তাহার সমাজ যদি আপনাকে ঠেকাইতে
না পারে, তবে সে মরিল। যুরোপের প্রাণ
বাণিজ্যে, পলিটিক্সে—আমাদের প্রাণ অক্সত্র।
সেই প্রাণ রক্ষা করিবার জন্ত এসিয়া উত্তরোক্তর ব্যঞা হইয়া উঠিতেছে। এইথানে

আমরা একাকী নহি; সমস্ত এসিয়ার সহিত আমাদের যোগ রহিয়াছে। চীনেম্যানের চিঠিগুলি তাহাই প্রমাণ করিতেছে।

লেথক তাঁহার প্রথম পত্রে লিখিতে-ছেন:--আমাদের সভাতা জগতের মধো भव ८ हर अधिन। अवश्र हेश इहेर उहे अभाग रहा ना (य, जोरा नव (हरहा जान ;--তেমনি আবার ইহাও প্রমাণ হয় না যে, তাহা সব চেয়ে মন। এই প্রাচীনত্বের থাতিরে অন্তত এটুকুও স্বীকার করিতে হইবে যে, আমাদের আচার-অনুষ্ঠান আমাদিগকে যে একটা স্থায়িত্বের আখাদ দিয়াছে, যুরোপের "কোন জাতির মধ্যে তাহা খুঁজিয়া পাওয়া ভার। আমাদের সভ্যতা কেবল যে ধ্রুব, তাহা নহে, ইহার মধ্যে একটা ধর্মনীতির শৃঙ্খলা আছে: কিন্তু তোমাদের মধো কেবল একটা অর্থনৈতিক উচ্চুত্মলতা দেখিতে পাই। তোমাদের ধর্ম আমাদের ধর্ম্মের চেয়ে ভাল কি না, এ জায়গায় আমি দে তর্ক তুলিতে চাই না—কিন্তু এটা নিশ্চর, তোমাদের সমাজের উপর তোমাদের ধর্ম্মের কোন প্রভাব নাই। তোমরা খুষ্টান-. ধর্ম স্বীকার কর, কিন্তু তোমাদের সভ্যতা (कानकारणहे शृष्टीन हम नाहे। ज्यानत भरक আমাদের সভাতা একেবারে অস্তরে অস্তরে কন্সুশীয়ান্। কন্ফুশিয়ান বলাও যা, আর .ধর্মনৈতিক বলাও তা। অর্থাৎ ধর্মবন্ধন-श्वनिक्ट रेटा श्रधानजात गण करत्। অপরপক্ষে অর্থনৈতিক বন্ধনকেই তোমরা প্রথম স্থান দাও, তাহার পরে, যতটা পার, তাহার সঙ্গে ধর্মনীতি বাহির হইতে জুড়িয়া দিতে চেষ্টা কর।

তোমাদের পরিবার এবং আমাদের পরিবারের তুলনা করিলেই আমার কথাট। স্পষ্ট হইবে। সঙান ষতদিন পর্যাস্ত না বয়:প্রাপ্ত হইয়া নিজের ভার লইতে পারে, তোমাদের পরিবার ততদিন পর্যাম্ভ তাহাকে আহার দিবার ও রক্ষা করিবার একটা উপায়স্বরূপমাত্র। যত সকাল-সকাল পার, ছেলেগুলিকে পাব্লিক্সুলে পাঠাইয়া দাও, সেধানে তাহারা যত শীঘ্র পারে, গৃহের প্রভাব হইতে নিজেদের মুক্তিদান করিয়। বদে। যেমনি ভাহার। বয়ঃপ্রাপ্ত হয়, অমনি তাহাদিগকে রোজগার করিতে ছাডিয়া দাও-এবং তাহার পরে অধিকাংশস্থলেই বাপ-মার প্রতি নির্ভর যথনই ফুরাইল, বাপ-মার প্রতি কর্ত্রবাসীকারও অসনি শেষ ছইল। তাহার পরে ছেলের৷ যেখানে খুসি যাক্, যাহা খুদি করুক, যত খুদি পাক্ এবং যেমন খুসি ছড়াক্, ভাহাতে কাহারে৷ কথা কহিবার नारे;-- পরিবারবন্ধন রক্ষা করিবে কি না कत्रित, ভाश मण्णूर्ग डाहारम् त्र हेक्का। তোমাদের সমাজে এক একটি ব্যক্তি এক-জন এবং সেই একজনের। ছাডাছাডা। কেহ কাহারে৷ সহিত বন্ধ নহে, তেমনি কোথাও কাহারে। শিক্ত নাই। ভোমাদের সমাজকে তোমরা গতিনীল বলিয়া থাক---সর্কণাই তোমরা চলিতেছ। প্রত্যেকেই নিজের জন্ম একটা নুতন রাস্তা বাছির করা কর্ত্তব্য জ্ঞান করে। যে অবস্থার মধ্যে क्वित्राष्ट्र, त्म व्यवसात्र मत्था स्थित थाकारक তোমরা অগৌরব মনে কর। পুরুষ যদি পুরুষ হইতে চায় তবে সে সাহস করিবে, (हिंही कंत्रिय, लड़ाइं कत्रिय अवश्वा

হইবেশ এই ভাব হইতেই তোমাদের সমাজে অপরিসাম উন্থমের স্টে হইয়াছে; এবং বন্ধগত শিল্লাদির তোমনা উন্নতি করিতে পারিয়াছ। কিন্তু ইহা হইতেই তোমাদের সমাজে এত অস্তিরতা, উচ্চ্-ুমালতা এবং এইজন্মই আমাদের মতে ইহার মধ্যে ধর্মভাবের এই অভাব;—চীনেম্যানের চোথে এইটেই বেশি করিয়া ঠেকে। তোমাদের মধ্যে কেহই সম্ভষ্ট নও—জীবনযাত্রার আন্নোজন বৃদ্ধি করিতে সকলেই এত বাগ্র যে, কাহারো জীবন্যাত্রার অবকাশ জোটে না। মান্তুষের মধ্যে মর্থের সম্বন্ধকেই তোমরা শ্বীকার কর।

এ সকল ব্যাপারে আমাদের পদ্ধতি তোমাদের ঠিক উন্টা। আমাদের কাছে সমাজ প্রথম, ব্যক্তিবিশেষ তাহীর পরে। আমাদের মধ্যে নিরম এই বে, মাসুব বে সকল সম্বন্ধর মধ্যে জ্বালাভ করে, চির-

জীবন তাহারই মধ্যে সে আপনাকে রক্ষা করিবে। সে তাহার পরিবারতন্ত্রের অঙ্গ হুইয়া জীবন আরম্ভ করে, সেই ভাবেই জীবন শেষ করে এবং তাহার জীবননির্বা-হের সমস্ত তত্ত্ব এবং অমুষ্ঠান এই অবস্থারই অমুষায়ী। সে তাহার পূর্বপুরুষদিগকে পূজা করিতে শিখিয়াছে, তাহার পিতা-মাতাকে ভক্তি ও মান্ত করিতে শিথিয়াছে এবং অল্লবয়স হইতেই পতি ও পিতার কর্ত্তবাসাধনের জন্ম নিজেকে প্রস্তুত করি-বিবাহের ছারা পবিবাববন্ধন ष्टिं षिषा यात्र ना, यात्री পরিবারেই থাকে এবং স্ত্রী আত্মীয়কুটুম্বর্গের অঙ্গীভূত হয়। এইরপ এক একটি কুটুছশ্রেণীই সমাজের এক একটি অংশ। ইুহার ভূমিখণ্ড, ইহার দেবপীঠ ও পৃঞ্জাপদ্ধতি, আত্মীয়দের মধ্যে বিবাদমীমাংসার বিচার-ব্যবস্থা, এ সমস্তই পরিবারের মধ্যে সরকারী। চীনদেশে নিজের দোবে ছাড়া কোন লোক একলা পড়েনা। চীনে কোন একজন বাজির পক্ষে তোমাদের মত ধনী হইয়া উঠা সহজ নহে, তেমনি তাহার পক্ষে অনাহারে মরাও শক্ত:-- যেমন রোজগারের জন্য অভান্ত ঠেगाঠেनि করিবার উত্তেজনা তাহার নাই, তেমনি প্রবঞ্চনা এবং পীড়ন করিবার প্রলো-ভনও তাহার অল। অত্যাকাজ্ঞার ভাডনা এবং অভাবের আশকা হইতে মুক্ত হইয়া জীবন্যাত্রার উপকরণ উপার্জনের অবিশ্রাম চেষ্টা ছাড়িয়া জীবনধাত্রার জন্তুই সে অবসর লাভ করে। প্রকৃতির দানসকল উপভোগ করিতে, শিষ্টভার চর্চ্চা করিতে, এবং মাছ-বের সঙ্গে সহাদয় নিঃস্বার্থ সম্বন্ধ পাতাইয়া

বসিতে, তাহার ভিতরের সভাব এবং বাহি-रतत ऋरगंग इटेंटे अञ्चल्ता टेहात कल इहेब्राएड এই यে, धर्यंत्र मिरकहे वन, आंत्र মাধুর্যোর দিকেই বল, তোমাদের যুরোপের অধিকাংশ অধিবাসীর (চেরে আমাদের লোকেরা শ্রেষ্ঠতা লাভ করিয়াছে। তোমা-দের কার্য্যকরী এবং বৈজ্ঞানিক সফলতার মহত্ব আমরা স্বীকার করি—কিন্তু স্বীকার করিয়াও, তোমাদের যে সভাতা হইতে বড় বড় সহরে এমন রুঢ় আচার, এমন অবনত ধর্মনীতি এবং বাছশোভনতার এমন বিকার উৎপন্ন হইয়াছে, সে সভাতাকে আমরা সমস্ত মন দিয়া প্রশংসা করা অসম্ভব দেখি। তোমরা যাহাকে উন্নতিশাল জাত বল, আমরা তাহা নই, এ কথা মানিতে রাজি আছি-কিন্তু ইহাও দেখিতেছি, উন্নতির মূল্য সর্ক-নেশে হইতে পারে। তোমাদের আর্থিক লাভের চেয়ে আমাদের ধর্মনৈতিক লাভকেই আমরা শিরোধার্যা করি —এবং তোমাদের त्महे मम्भान इहेरक यानि विकाय हरेरक हन्न, দে-ও স্বীকার,তবু আমাদের যে সকল আচার-অমুষ্ঠান আমাদের ধর্মলাভকে স্থনিশ্চিত করিয়াছে, ভাছাকে আমরা শেষ প্র্যান্ত সাঁকড়িয়া ধরিবার জন্ম দৃঢ়প্রতিজ্ঞ।

'এই গেল প্রথম পত্র। দ্বিতীর পত্তে
লেথক অর্থনৈতিক-অবস্থা-দম্বন্ধে আলোচনা
করিয়াছেন। তিনি বলেন, আমাদের
যাহা দরকার, তাহাই আমরা উৎপন্ন
করি, আমরা যাহা উৎপন্ন করি, তাহ।
আমরাই থাই। অঞ্জাতের উৎপন্নদ্রব্য আমরা চাহি নাই, আমাদের দরকার ও
হন্ন নাই। আমাদের মতে সমাজের স্থিতি-

রক্ষা করিতে হইলে, তাহার আর্থিক স্বাধীন নতা থাকা চাই। বৃহৎ বিদেশী বাণিজ্ঞা সামাজিক লইতার একটা নিশ্চিত কারণ।

ভোমরা যাহা থাইতে চা 9,তাহা তোমর।
উৎপন্ন করিতে পার না, তোমাদিগকে
যাহা উৎপন্ন করিতে হয়, তাহা তোমর।
ফুরাইতে পার না। প্রাণের দায়ে এমনতর
কেনাবেচার গঞ্জ তোমাদের দরকার, যেথানে
তোমাদের কারথানার মাল চালাইতে পার,
এবং থাত এবং ক্ষমিজাত দ্রব্য কিনিতে
পার। অতএব যেমন করিয়া হৌক্, চীনকে
তোমাদের দরকার।

তোমর। চাও, আমরাও বাবসাদার হই এবং আমাদের রাষ্ট্রীয় ও আর্থিক য়ে বাধীনতা আছে, তাহা বিসর্জ্জন দিই; কেবল যে আমাদের সমস্ত কারকারবার উলট্পালট্ করিয়া দিই, তাহা নহে, আমাদের আচার-ব্যবহার, ধর্ম, আমাদের সাবেক রীতিনীতি, সমস্তই বিপর্যান্ত করিয়া ফোল। এমত অবস্থায়, তোমাদের দশাটা কি হইয়াছে, তাহা যদি বেশ করিয়া আলোচনা করিয়া দেখি, তবে আশা করি, মাপ করিবে।

যাহা দেখা যায়, দেটা ত বড় উৎসাহজনক নহে। প্রতিযোগিতানামক একটা
দৈত্যকে তোমরা ছাড়িয়া দিয়াছ, এখন
আর সেটাকে কিছুতেই কায়দা করিতে
পারিতেছ না। তোমাদের গত একশো
বংসরের বিধি-বিধান কেবল এই আর্থিক
বিশৃঞ্জলাকে সংযত করিবার জন্য অবিশ্রাম
নিক্ষল চেষ্টামাত্র। তোমাদের গরিবেরা,
মাতালেরা, অক্ষমেরা, তোমাদের পীড়া ও

জরা প্রস্তগণ একটা বিভীষিকার মত তোমা-দের ঘাড়ে চাপিয়া আছে। মারুষের সহিত° সমস্ত ব্যক্তিগত বন্ধন তোমরা ছেলন করিয়া বসিয়া আছ, এখন প্রেট্ অর্থাৎ সরকারের অব্যক্তিক উদ্যমের দারা তোমরা ব্যক্তির সারিয়া শইবার রুথা চেষ্টা সমস্ত কাজ করিতেছ। তোমাদের সভ্যতার লক্ষণ দায়িত্রবিহীনতা। তোমাদের কার-বারের সর্বতিই তোমরা ব্যক্তির জায়গায় কোম্পানি এবং মজুরের জায়গায় কল বদাইতেছ। মুনফার চেষ্টাতেই ব্যস্ত-শ্রমজীবীর মঙ্গলের ভার কাহারই नरह, (मछ। मत्रकारत्रत्र । मत्रकात्र (मछ। रक দাম্লাইয়া উঠিতে পারেন না। সহস্রকোশ দুরে যদি ছভিক্ষ হয়, যদি কোথাও মাণ্ডলের কোন পরিবর্ত্তন হয়, তবে তোমাদের লক্ষ লোকের কারবার বিশ্লিষ্ট হইবার জো হয়-যাহার উপরে তোমাদের হাত নাই, তাহার উপরে তোমাদিগকে নির্ভর করিতে হয়। তোমাদের মূলধন একটা সঞ্জীব পদার্থ, দেটা **খোরাকের জ**ন্য সর্বাদাই চীৎকার করিতেছে; তাহাকে আহার না জোগাইলে সে তোমাদের গলা চাপিয়াধরে। তোমরা বে উৎপন্ন কর, সেটা ইচ্ছামত নহে, সেটা অগত্যা,এবং ভোমরা যে কিনিয়া থাক, সেটা বে চাও বলিয়া, তাহা নহে, সেটা তোমা-দের ঘাড়ের উপর আসিয়া পড়ে বলিয়া। এই যে বাণিজাটাকে তোমরা মুক্ত বল, ইহার মত বন্ধ বাণিজ্ঞা আর নাই। কিন্তু ইহা কোন বিবেচনাসঙ্গত ইচ্ছার দ্বারা বদ্ধ নহে, ইহা আকক্ষিক থেয়ালের স্তূপা-কার মৃঢ়ভার দ্বারা বন্দীক্বত।

চীনেম্যানের চক্ষে তোমাদের দেশের ভিতরকার আর্থিক অবস্থা এইরকমই ঠেকে। পররাষ্ট্রের সহিত তোমাদের বাণিজ্ঞ্য-সম্বন্ধ, সে-ও অত্যন্ত উল্লাসজনক নয়। পঞ্চাশবৎসর পূর্বে ধারণা হইয়াছিল যে, বিভিন্ন জাতির মধ্যে যথন বাণিজ্যসম্বন্ধ স্থাপিত হইবে, তথন শাস্তির আসিবে। কাজে দেখা গেল, সমস্তই উল্টা। প্রাচীনকালের রাজাদের অত্যাকাজ্ঞা ধর্মবাজকদের গোঁড়ামীর চেয়ে এই বাণিজ্ঞা-স্থান লইয়া পরস্পর টানাটানিতে যুদ্ধবিগ্রহের সম্ভাবনা আরো বেশি প্রবল হইয়া উঠি-পৃথিবীর যেখানেই একটুথানি অপরিচিত স্থান ছিল, সেইখানেই যুরোপের লোক একেবারে ক্ষুধ্রিত হিংস্রজম্ভর মত হুঞ্চার দিয়া পড়িতেছে। এখন যুরোপের এলাকার সীমানার বাহিরে এই সুঠনব্যাপার চলিতেছে। কিন্তু যতক্ষণ ভাগাভাগি চলি-তেছে, ততক্ষণ পরস্পরের প্রতি পরস্পর কট্-মটু করিয়া তাকাইতেছে। আজ হৌকৃ বা काल रहोक्, यथन आत बारिहामाता कतिवात জন্য কিছুই বাকি থাকিবে না, তথন তাহারা পরস্পরের ঘাড়ের উপরে গিয়া <mark>পড়িবে</mark>। তোমাদের শস্তবজ্জার এই আসল তাৎপর্যা— হয় তোমরা অন্যকে গ্রাস করিবে, নয় অত্তৈ তোমাদিগকে গ্রাস করিবে। যে বাণিজ্ঞা-সম্পর্ককে তোমরা শাস্তির বন্ধন মনে করিয়া-ছিলে, তাহাই তোমাদিগকে পরস্পরের গলা-কাটাকাটির প্রতিযোগী করিয়া তুলিয়াছে এবং তোমাদের সকলকে একটা বিরাট্ বিনাশব্যাপারের অনতিদূরে আনিয়া স্থাপন করিয়াছে।

লেথক বলেন, পরিশ্রম বাঁচাইবার কল তৈরি করিতে তোমরা যে বৃদ্ধি থাটাইতেছ, তাহাতে সমাজের কল্যাণ হইতেছে না। তাহাতে ধনবৃদ্ধি হইতেছে সন্দেহ নাই, কিন্তু সেটা যে মঙ্গলই, আমার মতে, এমন কথা মনে করিবার হেতু নাই। ধন কিরুপে ভাগ হয় এবং সেই ধনে জাতির চরিত্রের উপরে কি ফল হয়, তাহাই চিস্তার বিষয়। সেইটে যথন চিস্তা করি, তথন বিলাতি পদ্ধতি চীনে ঢুকাইবার প্রস্তাবে মন বিগড়িয়া যায়।

এই তোমরা যতদিন ধরিয়া যন্ত্রতন্ত্রের শ্রীবৃদ্ধিসাধনে লাগিয়াছ, ততদিনে, তোমাদের अमकीवीनिगरक मक्षरि एक मिन्ना जाहा हहे रि উদ্ধারের কোন একটা ভাল উপায় বাহির कत नाहै। हेहा आ़ कटर्यात्र विषय नटह; কারণ টাকা করা তোমাদের প্রধান লক্ষা, জীবনের আর সমস্ত লক্ষ্য তাহার নীচে। চীনেম্যানের কাছে এটা কিছুতেই উৎসাহ-জনক ঠেকে না। বিলাতি কারবারের প্রণালী यिन हीनत्तर काला ७ कवित्रा তোলা यात्र, তবে তাহার চল্লিশকোটি অধিবাদীর মধ্যে যে নিশ্চিত বিশৃঙ্খলা জাগিয়া উঠিবে—অন্তত আমি ত তাহাকে অত্যন্ত আশস্কার চক্ষে দেখি! তোমরা বলিবে, সে বিশৃষ্থলা সামিরিক, আমি ত দেখিতেছি, তোমাদের দেশে তাহা চিরস্থায়ী। আচ্ছা সে কথাও যাক, তাহাতে আমাদের লাভটা কি ? আমরাত তোমাদেরই মত হইয়া যাইব। সে সম্ভাবনা কি অবিচলিতচিত্তে কল্পনা করা যায় ? তোমাদের লোকেরা না হয় আমাদের চেয়ে আরামে খায় বেশি, পান করে বেশি, নিদ্রা যায় বেশি—কিন্তু তাহারা প্রফুল নয়, সম্ভষ্ট নয়, শ্রমামুরাগী নয়, তাহারা আইন মানে না। তাহাদের কর্মা শরীর-মনের পক্ষে অস্বাস্থ্যকর,—তাহারা প্রকৃতি হইতে বিচ্যুত হইয়া, ভূমিথণ্ডের অধিকার হইতে বঞ্চিত হইয়া সহরে এবং কার্থানার মধ্যে ঠাসাঠাসি করিয়া থাকে।

আমাদের কবিগণ—লেথকগণ ধনের মধ্যে, ক্ষমতার মধ্যে, নানাপ্রকার উদ্যোগের মধ্যে,কল্যাণ অমুসন্ধান করিতে উপদেশ দেন নাই, কিন্তু মানবজীবনের অত্যন্ত সরল ও বিশ্বব্যাপী সম্বন্ধগুলির সংযত, স্থনির্বাচিত, সুমার্জ্জিত রসাস্বাদনের পথে আমাদের মনকে তাঁহার। প্রবর্ত্তিত করিয়াছেন। এই জিনিষ্টা আমাদের আছে—এটা তোমরা আমাদিগকে দিতে পার না, কিন্তু এটা তোমরা অনায়াসে অপহরণ করিতে পার। তোমাদের কলের গর্জ্জনের মধ্যে ইহার স্বর শোনা যায় না, তোমাদের কারথানার কালো ধোঁয়ার মধ্যে ইহাকে দেখিতে পাওয়া যায় না,—তোমাদের বিলাতি জীবনযাত্রার ঘূর্ণা এবং ঘর্ষণের মধ্যে ইহা মরিয়া যায়। যে কেন্ধো লোকদিগকে ভোমরা অভান্ত থাতির করিয়া থাক, যথন দেখি ভাহারা घण्डात পत्र घण्डाय, मिरनत्र भत्र मिरन, व -সরের পর বৎসরে তাহাদের জাঁতার মধ্যে আনন্দহীন অগত্যা-প্রেরিত থাটুনিতে নিযুক্ত, यथन (मथि जाशामित्र मित्नत्र छे९कश्रीरक তাহারা স্বল্লাবশিষ্ট অবকাশের মধ্যে টানিয়। আনিতেছে, এবং পরিশ্রমের দারা ততটা नटर, यउँछ। ७ क मझीर्ग श्रनिका वाता जाश-নাকে জীর্ণ করিয়া ফেলিতেছে, তথন-এ কথা স্বীকার করিতেই হইবে যে. আমাদের

দেশের প্রাচীন বৈশ্যবৃত্তির সরলতর পদ্ধতির কথা স্থরণ করিয়া আমি সস্তোষলাভ করি—
এবং আমাদের যে সকল চিরব্যবহৃত পথগুলি
আমাদের অভ্যন্ত চরণের কাছে এমন পরিচিত বে, তাহা দিয়া চলিবার সময়েও অনস্ত
নক্ষত্রমগুলীর দিকে দৃষ্টপাত করিবার জন্য
আমাদের অবকাশের অভাব ঘটে না—
তোমাদের সম্দয় ন্তন ও ভয়সঙ্কল বয়ের র
চেয়ে দেই পথগুলিকে আমি অধিক ম্ল্যবান্
বলিয়া গৌরব করি।

ইহার পরে লেথক রাষ্ট্রতন্ত্রের কথা তুলিয়াছেন। তিনি বলেন, গবমে छै তোমাদের কাছে এতই প্রধান এবং দর্ববত্রই দে তোমাদের সঙ্গে এমনি লাগিয়াই আছে যে, যে জাতি গবমে টিকে প্রায় সম্পূর্ণই বাদ দিয়া চলিতে পারে, তাহার অবস্থা তোমরা কল্পনাই করিতে পার না। অথচ আমা-দেরই সেই অবস্থা। আমাদের সভ্যতার সরল এবং অক্বত্রিম ভাব, আমাদের লোকদের শান্তিপ্রিয় প্রকৃতি, এবং সর্কোচ্চে আমাদের সেই পরিবারতন্ত্র, যাহা পোলিটিক্যাল, সামা-জিক ও আর্থিক ব্যাপারে এক একটি কুদ্র ताकाविरणय, जाहाता आमानिशतक शवरम रिं-শাসন হইতে এতটা-দূর মুক্তিদান করিয়াছে যে, যুরোপের পক্ষে তাহা বিশ্বাস করাই कठिन।

আমাদের সমাজের গোড়াকার জিনিষ-গুলি কোন রাজক্ষমতার তথ্য ক্রত স্ত্ত্বন নহে। আমাদের জনসাধারণ নিজের জীব-নকে এইরূপ শরীরতন্ত্রের মধ্যে প্রতিষ্ঠিত করিশ্নাছে। কোন গবমে ট্ তাহাকে গড়ে নাই, কোন গবমে ট্ তাহার বদল করিতে

পারে না। এক কথায়, আইন-বিনষ্টা উপর হইতে আমাদের মাধার চাপান হয় নাই.—তাহা আমাদের জাতিগত জীবনের মূলস্ত্র, এবং যাহা শাস্ত্রে লিপিবদ্ধ আছে, তাহাই ব্যবহারে প্রবর্ত্তিত হইয়াছে। এই-क्रना होत्न भवत्म पें यरथष्ठाहात्री नटह, অত্যাবশ্যকও নয়। রাজপুরুষদের শাসন তুলিয়া লও, তবু আমাদের জীবনযাত্রা প্রায় পূর্বের মতই চলিয়া যাইবে। যে আইন আমরা মান্য করি, সে আমাদের স্বভাবের আইন, বহুশতাকীর অভিজ্ঞতায় তাহা অভি-ব্যক্ত হইয়া উঠিয়াছে,—বাহিরের শাসন তুলিয়া লইলেও ইহার কাছে আমরা বশ্যতা স্বীকার করি ৷ যাহাই ঘটুক্ না, আমাদের পরিবার থাকে, পরিকারের সঙ্গে সঙ্গে মনের সেই গঠনটি থাকে, সেই শৃঙ্খলা, কর্মনিষ্ঠতা ও মিতবারিতার ভাবটি থাকিয়া যায়। ইহারাই চীনকে তৈরি করিয়াছে :

তোমাদের পশ্চিমদেশে গবমে তি-্ব্যাপারটা সম্প্ স্বতন্ত্র। এথানে কোন ম্লবিধান নাই, কিন্তু ইচ্ছাক্তত অন্তহীন আইন পড়িয়া আছে। মাটি হইতে কিছুই গজাইয়া উঠে না, উপর হইতে সমস্ত পুঁতিয়া দিতে হয়। যাহাকে একবার পোঁতা হয়, তাহাকে আবার পোঁতা দরকার হয়। গত শত বৎসরের মধ্যে তোমরা তোমাদের সমস্ত সমাজকে উল্টাইয়া দিয়াছ। সম্পত্তি, বিবাহ, ধর্মা, চরিত্র, শ্রেণীবিভাগ পদবিভাগ, অর্থাৎ মানবসন্থক্ত লির মধ্যে যাহা কিছু সব চেম্মে উদার ও গভীর, তাহাদিগকে একেবারে শিকড়ে ধরিয়া উপ্ডাইয়া কালের শ্রোতে আবর্জনার মত ভাসাইয়া দেওয়া হইয়াছে।

এইছন্যই ভোমাদের গবমে নি কে এত বেশি উদ্যম প্রয়োগ করিতে হয়—কারণ,গবমেণ্ট্ নহিলে কে তোমাদের সমাজকে ধারণ করিয়া রাথিবে

ভাষাদের পক্ষে গবমে

ভীষ্ একান্ত আবশ্যক, সৌভাগ ক্রমে আমাদের পূর্বদেশের পক্ষে তত নয়। আমার কাছে এটা একটা অমঙ্গল বলিয়াই বোধ হয়---किछ (मथिতिছ, ইश निहाल छ। नामामत চলিবার উপায় নাই। তবু, এত বড় কাজটা याशास्क निया जानाय कतिएक ठाउ, त्मरे ষন্ত্রটার অসামান্য অপটুতা দেখিয়া আমি আবো আশ্চর্যা হই। যোগ্য-লোক নির্ব্বা-চনের স্থনিশ্চিত উপায় আবিষ্ণার বা উদ্ভা-বন করা চুরাহ, দে কথা স্বীকার করি, কিন্তু তবু এটা বড়ই অন্তত্ত, যে, যাহাদের উপরে এমন একটা মহৎ-ভার দেওয়া হয়, তাহাদের ধর্মনৈতিক ও বুদ্ধিগত সামর্থোর কোন-প্রকার পরীক্ষার চেষ্টা হয় না।

ইলেক্শন্-ব্যাপারটার অর্থ কি ? তোমরা মুথে বল, তাহার অর্থ জনসাধারণের দ্বার: প্রতিনিধি-নির্ম্বাচন—কিন্তু তোমরা মনে মনে কি নিশ্চয় জান না, তাহার অর্থ তাহা নহে ? বস্তুত এক একটি দলীয় স্বার্থেরই প্রতিনিধি নির্ম্বাচিত হয়। জমিদার, মদের কারথানার কর্তা,রেল কোম্পানির অধ্যক্ষ—ইহারাই কি তোমাদিগকে শাসন করিতেছে না ? আমি জানি, একদল আছে, তাহারা মান্য অর্থাৎ জনসাধারণের প্রচণ্ড পশু-শক্তিকেও এই কর্ভূপক্ষদের দলভুক্ত করিয়া সামঞ্জস্যসাধন করিতে চাহে। কিন্তু তোমাদের জানে জনসাধারণও যে একটা স্বতম্ব বিশেষ দল—তাহাদেরও একটা দলগত

দঙ্কীর্ণ স্বার্থ আছে। তোমাদের এই ধন্তটার উদ্দেশ্য দেখিতেছি, একটা গর্ত্তের মধ্যে কতকগুলা প্রাইভেট্ স্বার্থের আত্মন্তরী শক্তিকে ছাড়িয়া দেওয়া,—তাহারা গুদ্ধমাত্র পরম্পর লড়াইয়ের জোরেই সাধারণের কলাণে উপনীত হটবে। ধর্ম্ম এবং সন্ধিবে-চনার কর্তৃত্বের উপর চীনেম্যানের এমন একটা মজ্জাগত শ্রদ্ধা আছে যে, তোমাদের এই প্রণালীকে আমার ভালই বোধ হয় না। তোমাদের বিশ্ববিদ্যালয়ে এবং অন্যত্র আমি এমন দকল লোক দেখিয়াছি, যাঁহারা ভোমা-দের ব্যবস্থাযোগ্য সমস্ত বিষয়গুলিকে স্থগভীরভাবে আলোচনা করিয়াছেন, যাঁহা-দের বৃদ্ধি পরিষ্কৃত, বিচার পক্ষপাতশুনা, উৎসাহ নিঃস্বার্থ এবং নির্ম্মল,--কিন্তু তাঁহারা তাঁহাদের প্রাক্ততাকে কোন কাজে লাগাই-বার আশাও করিতে পারেন না-কারণ, তাঁহাদের প্রকৃতি, তাঁহাদের শিক্ষা, তাঁহাদের অভ্যাদ, জানপদিক ইলেকশনের উপদ্র সহ্য করিবার পক্ষে তাহাদিগকে অপটু করিয়াছে। পালামেন্টের সভা হওয়াও একটা বাবসাবিশেষ-এবং ধর্মনৈতিক ও মানসিক যে সকল গুণ সাধারণের মঙ্গল-সাধনের জন্ম আবশ্রক, এই ব্যবসায়ে প্রবেশ করিবার গুণ ভাহা হইতে স্বভন্ত বলিয়াই বোধ হয়।

আমি সংক্ষেপে চীনেম্যানের পতের প্রধান অংশগুলি উপরে বিবৃত করিলাম। এই পত্রগুলি পড়িলে প্রাচ্যসমাজের সাধারণ ভিত্তি-সহজে আমাদের পরস্পারের যে ঐক্য, তাহা বেশ স্পষ্ট বোঝা যায়। কিন্তু ইহাও দৈখিতে পাই, এই যে শাস্তি এবং मृद्धना, मरखाँव এবং সংযমের উপরে সমস্ত গডিয়া তোলা—তাহার চরমী সার্থকতার কথা এই চিঠিগুলির সংধ্য পাওয়া गात्र ना। हीनाम स्थी, मख्हे, कर्यान्छ হইয়াছে, কিন্তু সেই সার্থকতা পায় নাই। অস্থথে-অসন্তোষে মামুষকে ব্যর্থ করিতে পারে, কিন্তু স্থথে-সন্তোষে মাতুষকে কুদ্র करत। हीन विलाउटह, आमि वाहिरतत কিছুতেই দুক্পাত করি নাই নিজের এলা-কার মধ্যেই নিজের সমস্ত চেষ্টাকে বদ্ধ कत्रिया स्थी इरेग्राहि, किन्छ এ कथा गर्थहे নহে। এই সঙ্কীর্ণতাটুকুর মধ্যে সরল উৎকর্ষ লাভ করাকেই চরম মনে করিলে হতাশ **इटेट्ड इय्र। क्ल**शांता यनि नमूजटक ठाव, তবে নিজেকে হুই তটের মধ্যে সংহত-সংযত করিয়া তাহাকে চলিতে হয়, কিন্তু তাই বলিয়া নিজেকে একজায়গায় আনিয়াবদ্ধ कतिरल हरत ना। मुक्तित अग्रहे छाहारक করিলে তাহার চরম উদ্দেশ্য বার্থ হয়---তাহা হইলে नमीरक शिल হইতে হয় এবং স্রোতের অন্তহীন ধারাকে সমুদ্রের অন্তহীন তৃপ্তির মধ্যে লইয়। যাওয়া হয় না।

ভারতবর্ষ সমাজকে সংযত-সরল করিয়া তুলিয়াছিল, তাহা সমাজের মধ্যে আবদ্ধ হইবার জন্য নহে। নিজেকে শতধাবিভক্ত অন্ধচেষ্টার মধ্যে বিক্ষিপ্ত না করিয়া, সে আপন সংহত শক্তিকে অনস্তের অভিমুথে একাগ্র করিবার জন্যই ইচ্ছাপুর্বাক বাহ্য-বিষয়ে সঙ্কীর্ণভা আশ্রম করিয়াছিল। নদীর তটবন্ধনের ন্যায় সমাজবন্ধন ভাহাকে বেগদান করিবে, বন্দী করিবে না, এই তাহার

উদেশ हिनै। 'এইজনা ভারতবর্ষের সমস্ত ক্রিয়াকর্মের মধ্যে, স্থশান্তিসন্তোষের মধ্যে মুক্তির আহ্বান আছে---আত্মাকে ভূমানন্দে ব্রন্ধের মধ্যে বিকশিত করিয়া তুলিবার জগুই সে সমাজের মধ্যে আপন শিক্ড বাঁধিয়াছিল। यांन (महे नका इहेट खंडे इहे, जड़्ब्दमंड সেই পরিণামকে উপেক্ষা করি, তবে বন্ধন কেবল বন্ধনই থাকিয়া যায়, তবে অতিকুদ্ৰ সম্ভোষ-শান্তির কোন অর্থই থাকে না। ভারতবর্ষের লক্ষ্য ক্ষুদ্র নহে, তাহা ভারতবর্ষ স্বীকার করিয়াছে—ভূমৈব স্থং নাল্লে স্থধ-মস্তি-ভূমাই স্থ, অল্লে স্থুথ নাই। ভারতের ব্ৰহ্মবাদিনী বলিয়াছেন—যেনাহং নামুতা স্থাং কিমহং তেন কুৰ্য্যাম্ যাহার দারা অমর মা হইব, তাহা শইয়া আমি কি করিব ? কেবল-মাত্র পারিবারিক শৃঙ্খলা এবং সামাঞ্চিক স্থাবস্থার দারা আমি অমর হইব না, তাহাতে আমার আত্মার বিকাশ হইবে না। সমাজ যদি আমাকে সম্পূৰ্ণ সাৰ্থকতা না দেয়, তবে সমাজ আমার কেণু সমাজকে রাথিবার জ্বন্ত যে আমাকে বঞ্চিত হইতে হইবে, একথা স্বীকার করা যায় না---যুরোপও বলে, individualকে যে সমাজ পঙ্গু ও প্রতিহত করে, সে সমাজের বিরুদ্ধে विष्मार ना कतिरा शैनका श्रीकात कता হয়। ভারতবর্ষও অতান্ত অসক্ষোচে নির্ভয়ে বলিয়াছে, আত্মার্থে পৃথিবীং ত্যকেৎ। সমা-জকে মুখ্য করিলে উপায়কে উদ্দেশ্য করা হয়। ভারতবর্ষ তাহা করিতে চাহে নাই, সেইজন্ম তাহার বন্ধন যেমন দুঢ়, তাহার ত্যাগও দেইরূপ সম্পূর্ণ। সাংসারিক 'পরি-পূর্ণতার মধ্যে ভারতবর্ষ আপনাকে বেষ্টিত,

বদ্ধ করিত না, তাহার বিপরীতই করিত। সমস্ত সঞ্চিত হইয়াছে, ভাণ্ডার পূৰ্ণ হইয়াছে, পুত্ৰ হইয়া বয়ঃপ্রাপ্ত বিবাহ করিয়াছে, যথন সেই পূর্ণপ্রতিষ্ঠিত সংসারের মধ্যে আরাম করিবার, ভোগ করিবার অবদর উপস্থিত হইয়াছে, ঠিক সেই সময়েই ু সংসারপরিত্যাগের ব্যবস্থা— যতদিন খাটুনি, ততদিন তুমি আছ, যথন খাটুনি বন্ধ, তথন আরামে ফলভোগের দ্বারা জভত্বলাভ করিতে বসা নিষিদ্ধ। দংদারের কাজ হইলেই সংদার হইতে মুক্তি হইল-ভাহার পরে আত্মার অবাধ অনস্ত গতি। তাহা নিশ্চেষ্টতা নহে। সংসারের হিসাবে তাহা জড়ত্বের ভার দৃভামান -কিন্তু চাকা অত্যন্ত মুরিলে যেমন তাহাকে দেখা যায় না, তেমনি অ।ত্মার অত্যস্ত বেগকে নিশ্চলতা বলিয়া প্রতীয়মান হয়। আত্মার দেই বেগকে চতুর্দিকে নানারূপে অপবায় না করিয়া সেই শক্তিকে উদ্বোধিত করিয়া তোলাই আমাদের সমাজের কাজ हिल। आभारतत मभारक श्रद्राखिरक थर्क করিয়া প্রত্যাহই নিঃস্বার্গ মঙ্গলসাধনের যে ব্যবস্থা আছে, তাহা ব্রহ্মলাভের সোপান विवाहे आमता जाहा नहेगा शोतव कति। বাসনাকে ছোট করিলে আত্মাকেই বড় করা হয়, এইজন্মই আমরা বাসনা থর্ক করি—সম্ভেষ অনুভব করিবার জন্ম নছে।

যুরোপ মরিতেও রাজি আছে, তব্ বাসনাকে ছোট করিতে চার না, আমরাও মরিতেও রাজি আছি,তবু আত্মাকে তাহার চরমগতি—পরমসম্পদ্ হইতে বঞ্চিত করিয়া ছোট করিতে চাই না। হুর্গতির দিনে ইহা আমরা বিশ্বত হইরাছি—সেই সমাজ আমাণদের এখনো আছে, কিন্তু তাহার ভিতর দিয়া ব্রজাভিমুখী মোকাভিমুখী বেগবতী স্রোতোধারা 'যেনাহং নামৃতা স্থাং কিমহং তেন কুর্যাম্' এই গান করিয়া ধাবিত হইতেছে না—

মালা ছিল, তার ফুলগুলি গেছে,

রয়েছে ডোর।

সেইজন্ত আমাদের এতদিনকার সমাজ আমাদিগকে বল দিতেছে না, গৌরব দিতেছে না, গৌরব দিতেছে না, আমাদিগকে চতুদিকে প্রতিহত করিয়া রাখিয়াছে। এই সমাজের মহৎ উদ্দেশ্য ধখন আমরা সচেতনভাবে বুঝিব, ইহাকে সম্পূর্ণ সফল করিবার জন্ত ধখন সচেষ্টভাবে উদ্যুত হইব, অখনই মুহুর্জের মধ্যে বৃহৎ হইব, মুক্ত হইব, অমর হইব—অগতের মধ্যে আমাদের প্রতিষ্ঠা হইবে, প্রাচীন ভারতের তপোবনে ঋষিরা ধে যক্ত করিয়াছিলেন, তাহা সফল হইবে, এবং পিতামহগণ আমাদের মধ্যে ক্বতার্থ হইরা আমাদিগকে আশীর্কাদ করিবেন।*

 [&]quot;বাক্ষণ" এবং "চীনেম্যানের চিঠি" সম্পাদককর্তৃক মজুম্দার লাইত্রেরির সংস্টু "আলোচনা সমিতির"
 বিশেষ অধিবেশনে পঠিত হইয়াছিল।

প্রকাশ্।

>

কথনো বলিনি যাহা, আজু দেই কথা, দেবি,
শুনিতে কি বাসনা তোমার ?

যে ত্রত জীবন-পণে দেবতা-শপথ করি'
কথিয়াছি হৃদয়-হ্যার !
আজু সে মন্দির ভাঙি, দেখিতে চাহিবে কি গো,
চির-ধ্যেয়—সাধনার ধন ?
থর্ম কি করিবে তার হৃদয়ের প্রেমগর্ম
চুণ করি' সে কঠিন পণ ?

ব বিশ্ব ব্যক্ত হবে, হবে ক্ষুদ্র—সাধারণ
বে ব্রন্ধাণ্ড চাপিয়াছি বৃকে!
বর্ষ-যুগ-পরিমেয় তপস্থার তীব্র তৃপ্তি
গ্রাসিবেক মুহুর্ত্তের স্থাথে।
ক্ষম করিয়াছি দ্বার— শুদ্ধ অন্তঃপুরে মম
করিও না নিক্ষল আঘাত;
মোহ নয়—মায়া নয়, কঠোর-নিবৃত্তি-স্থা—
আজীবন-সাধন-সঞ্জাত!

೨

ন্ধপ নাই—স্পৃহা নাই, অমূর্ত্ত—নিফাম সেই—
আমার সে চিদানকমরী!
আমার বৈরাগ্য—মন্ত্র, কামনা-সংহার—পূজা,
প্রেম মম—সর্ক-হৃঃথ-জয়ী।
করিও না ক্ষুদ্র তারে, তপস্থারে প্রেম বলি'
করিও না তার গর্কাহানি;
জব সেই—লক্ষ্য সেই, জীবন—সাধনা তার
সে পূজায় নাহি জানাজানি!

শীগিরিজানাথ মুখোপাধ্যায়।

তুলনা।

তুমি দিয়েছিলে নারি, বাসনার স্থা
তুলি নিজ হাতে; ওগো, উন্মদ চুপনে
ধাগাইয়া দিয়েছিলে নিথিলের ক্ষ্ণা,
উন্মাদনা ঢেলেছিলে ধরার যৌবনেঁ!
প্রেম যাহা দিয়েছিলে, সে ত প্রেম নয়;
—সে যে আত্মপ্রতিষ্ঠার শুধু নামান্তর!
নর-ভাগ্য লয়ে থেলা—সে যে গো প্রলয়,
তোমার মলয়-খাসে জাগে বৈখানর!
আর এক জন নারি,—কর্লারূপিণী
মেঘচ্ছায়া দেছে রৌদ্রে; শুদ্ধ কণ্ঠে বারি;
এশ পতিতের তরে; বিশ্ববিপ্লাবিনী
দেছে প্রেমভোগবতী হৃদয়ে সঞ্চারি'।
প্রেমময়ী—ক্ষাময়ী—স্বার্থবিরহিতা—
জীবনের চিরারাধায়—সে মম কবিতা!

শ্রীগিরিজানাথ মুখোপাধ্যায়

গ্রন্থ-সমালোচনা।

"We poets in our youth
begin in gladness;
But thereof comestin the end
despondency and madness."
দেখিতেছি, যাহা শেষে ঘটবার কথা,
ভাহা আগেই ঘটয়াছে। অলমভিবিস্তরেণ।

ত্রীচন্দ্রশেশর মুখোপাধ্যায় !

वक्रंपर्भन ।

বঙ্গভাষা ও সাহিত্য।*

আমাদের সৌভাগ্যক্রমে দীনেশচক্সবাব্র 'বঙ্গভাষা ও সাহিত্য" গ্রন্থের দিতীয় সংস্করণ প্রকাশিত হইয়াছে। এই উপ-লক্ষ্যে প্রকেধানি দিতীয়বার পাঠ করিয়া আমরা দিতীয়বার আনন্দশাভ করিলাম।

যাহার। প্রথম সংস্করণ পড়িয়াছেন বলিয়া নিশ্চিন্ত হইয়া থাকিবেন, তাঁহারা বঞ্চিত হইবেন। বিতীয় সংস্করণে বইথানি নব আকার ধারণ করিয়াছে অথবা দিতীয়বার পাঠে আমাদের আনন্দ নবীভূত হইয়াছে, এ উভয়ই সম্ভব।

এই গ্রন্থের প্রথম সংস্করণ যথন বাছির হইয়াছিল, তথন দীনেশবাবু আমাদিগকে বিশ্বিত করিয়া দিয়াছিলেন। প্রাচীন বঙ্গনাহিত্য বলিয়া এতবড় একটা ব্যাপার যে আছে, তাহা আমরা স্থানিতাম না,—তথন সেই অপরিচিতের সহিত পরিচয়স্থাপনেই ব্যস্ত ছিলাম।

বিতীয়বার পাঠে 'গ্রন্থের অভ্যন্তরে প্রবেশ করিবার সময় ও অ্বোগ প্লাইয়াছি।

এবারে বাংলার প্রাচীন সাহিত্যকারদের স্বতন্ত্র ও ব্যক্তিগত পরিচয়ে বা তুলনামূলক সমালোচনায় আমাদের মন আকর্ষণ
করে নাই—আমরা দীনেশবাবুর গ্রন্থের
মধ্যে বাংলাদেশের বিচিত্রশাধাপ্রশাধাসম্পন্ন
ইতিহাস-বনম্পতির বৃহৎ আভাস দেখিতে
পাইয়াছি।

বে সকল গ্রন্থকে বাংলার ইতিহাস বলে, তাহাও পড়া গিয়াছে। তাহার মধ্যে বাদ্শাহদের সহিত নবাবদের, ও নবাবদের সহিত বিদেশী বণিক্দের, ও বণিক্দের সহিত দেশী বড় ব্যবকারীদের কি থেলা চলিতেছিল, তাহার অনেক সত্যমিথ্যা বিবরণ পাওয়া যায়। সে সকল বিবরণ যদি কোন দৈবঘটনায় সম্পূর্ণ বিলুপ্ত হয়, তবে বাংলাদেশকে চিনিবার পক্ষে অয়ই ব্যাঘাত ঘটে। বাংলাদেশের সহিত নবাবদের কি সম্বন্ধ ছিল, তাহার বিবরণ বাংলাসাহিত্যের ইতস্তত বেটুকু পাওয়া যায়, তাহাই পর্য্যাপ্ত—তাহার অতিরিক্ত যাহা

^{*} গত জৈ। ঠমানে মজুমদার লাইত্রেরীর অন্তর্গত ''আলোচনা-সমিতির'' বিশেষ অধিবেশনে সম্পাদককর্তৃক পঠিত।

পাঠ্যগ্রন্থে আলোচিত হয়, তাহা ব্যক্তিগত কাহিনীমাত্র।

কিন্তু দীনেশবাবুর এই গ্রন্থে ছদেন না, পরাগল থাঁ, ছুটিথাঁর সহিত আমাদের বেটুকু পরিচয় হইয়াছে, তাহাতে ইতিহাস আমাদের কাছে অনেকটা সজীব হইয়া উঠিয়াছে। মুসলমান ও হিন্দু যে কত কাছাকাছি ছিল, নানা উপদ্রব-উচ্ছুজ্ঞালতা সন্থেও উভয়ের মধ্যে যে হল্যতার পথ ছিল, ইহা এমন একটি কথা, যাহা যথার্থই জ্ঞাতব্য, যাহা প্রকৃতপক্ষেই ঐতিহাসিক। ইহা দেশের কথা,ইহা লোকবিশেষের সংবাদবিশেষ নহে।

ষেমন ভৃত্তরপর্যায়ে ভূমিকম্প, অগ্নি-উচ্ছাদ, জলপ্লাবন,তুষারসংহতি,কালে কালে ভূমিগঠনের ইতিহাস নানা অক্ষরে লিপিবদ্ধ করে এবং বৈজ্ঞানিক' সেই লিপি উদ্ঘাটন করিয়া বিচিত্র স্জনশক্তির রহস্তলীলা বিশ্বয়ের সহিত পাঠ করেন – তেমনি যে সকল প্রলয়শক্তি ও স্জনশক্তি অদুখভাবে সমাজকে পরিণতিদান করিয়া আসিয়াছে, সাহিত্যের স্তরে স্তরে তাহাদের ইতিবৃত্ত আপনি মুদ্রিত হইয়া যায়। সেই নিগৃঢ় ইতিহাসটি উদ্ঘাটন করিতে পারিলে প্রক্লত-ভাবে—সন্ধীবভাবে আমাদের দেশকে আমর। জানিতে পারি। রাজার দপ্তর ঘাঁটয়া যে সকল কীটজৰ্জ্জর দলিল পাওয়া যায়, তাহাতে অনেক সময়ে কেবলমাত্র কৌতৃহল পরিতৃপ্ত ও অনেক সময়ে ভূল ইতিহাদের সৃষ্টি হইতে পারে—কারণ, তাহাকে তাহার যথা-স্থান ও যথাসময় হইতে, তাহার চারিপাশ হইতে বিচ্যুত আকারে যথন দেখি, তথন কল্পনা ও প্রবৃত্তির বিশেষ ঝোঁকে তাহাকে অসত্যরূপে বড় বা অসত্যরূপে ছোট করিয়া দেখিতে পারি।

বৌদ্ধযুগের পরবন্তী ভারতবর্ষই বর্ত্তমান ভারতবর্ষ । সেই যুগের অস্তিম অবস্থায় যথন গৌড়ের রাজসিংহাসন ক্ষণে ক্ষণে हिन्दू ७ वोक ताकएकत मध्या मानाव्यमन হইতেছিল, তথন ' প্রজাসাধারণের মধ্যে সমাজ যে স্থিরভাবে ছিল, তাহা সম্ভব নহে। তথনকার সেই আধ্যাত্মিক অরাজকতার मर्था वाःलारिका यन अकठा रिवर्तिवीत লড়াই বাধিয়াছিল-তথন সমস্ত সাজ-সর-ঞ্জাম-সমেত এক দেবতার মন্দির আর এক দেবতা অধিকার করিয়া পুজার্চনায় নানা-প্রকার মিশ্রণ উৎপন্ন করিতেছিল। এক দেবতার বিগ্রহে আর এক দেবতার সঞ্চার, এক সম্প্রদায়ের তীর্গে আর এক সম্প্রদায়ের প্রাহর্ভাব, এমনি একটা বিপর্য্যয়-ব্যাপার ঘটতেছিল। ঠিক সেই সময়কার কথা সাহিত্যে আমরা স্পষ্ট করিয়া খুঁজিয়া পাই না :

ইহা দেখিতেছি, বৈদিক কালের দেবতম্বে মহাদেবের আধিপত্য নাই। তাহার পরে দীর্ঘকালের ইতিহাসহীন নিস্তর্কতা কাটিয়া গেলে দেখিতে পাই, ইক্ত ও বরুণ ছায়ার মত অস্পপ্ত হইয়া গেছে, এবং ব্রহ্মা-বিষ্ণু-মহে-খরের মধ্যে ক্ষণে ক্ষণে ছক্ত ও মিলন ঘটিতেছে। এই দৈবসংগ্রামে ব্রহ্মা সর্বপ্রথমেই প্জাগৃহ হইতে দ্রে আশ্রম লইলেন, বিষ্ণুনানা পরিবর্ত্তনের মধ্যে নানা আকারে নিজের দাবী রক্ষা করিতে লাগিলেন এবং মহেশ্বর এক সম্বে অধিকাংশ ভারত অধিকার করিয়া লইলেন।

এই সক্ল দেবদ্বদ্বের মূল কোথার, তাহা
অনুসন্ধানবোগ্য। ভারতবর্ষের কটাহে আর্য্য,
অনার্য্য, নানা জাতির সন্মিশ্রণ হইরাছিল।
এক এক সময়ে এক এক জাতি ফুটিয়া উঠিয়া
আপন আপন দেবতাকে জয়ী করিয়াছিল,
তাহাতে সন্দেহ নাই। সেই অনবরত
বিপ্লবের সময় হিল্ব প্রতিভা সমস্ত বিরোধবিপ্লবের মধ্যে আপনার ঐক্যন্ত্র বিস্তার
করিয়া নানা বৈপরীত্য ও বৈচিত্র্যের
মধ্যে আর্থ্য-অনার্য্যের সময়য়স্থাপনের চেষ্টা
করিতেছিল।

কথাসরিৎসাগরে আছে, একদা ব্রহ্মা ও বিষ্ণু হিমাদ্রিপাদমূলে কঠোর তপস্থা সহ-কারে ধৃর্জ্জাটর আরাধনায় নিযুক্ত হইয়া-ছিলেন। শিব তুষ্ট হইয়া বর দিতে উত্যত হইলে, ব্রহ্মা শিবকেই নিজের পুত্ররূপে লাভ করিবার প্রার্থনা করিলেন, এই অন্তুচিত আকাজ্জার জন্ম তিনি নিন্দিত ও লোকের নিকট অপুজ্য হইলেন। বিষ্ণু এই বর চাহিলেন, যেন আমি তোমারই সেবাপর হইতে পারি। শিব তাহাতে সন্তুষ্ট হইয়া বিষ্ণুকে নিজের অর্দ্ধাঙ্গ করিয়া লইলেন। সেই অর্দ্ধাঙ্গই শিবের শক্তিরূপিণী পার্ব্বতী।

এক এক সময়ে এক এক দেবতা বড় হইয়া অস্থান্ত দেবতাকে কিরপে গ্রাস করিবার চেষ্টা করিয়াছিলেন, এই গল্পেই তাহা বুঝা যায়। ব্রহ্মা, যিনি চারি বেদের চতুর্মাপুথ-বিগ্রহম্বরপা, তিনি বেদবিজ্ঞোহী বৌদ্ধর্যার অধঃক্বত হইয়াছিলেন। বিষ্ণু, যিনি বেদে বাহ্মাদের দেবতা ছিলেন, তিনিও একসময় হীনবল হইয়া এই শ্রাশানচারী কপালমালী

দিগম্বরের পৃশ্চাতে আশ্রয় লইতে বাধ্য হইয়াছিলেন।

• শিবের যথন প্রথম অভ্যুত্থান হইয়াছিল, তথন বৈদিকদেবতারা যে তাঁহাকে আপনা-দের মধ্যে স্থান দিতে চান নাই, তাহা দক্ষ-যজ্ঞের বিবরণেই বুঝা যায়। বস্তুতই তথন-কার অন্তান্ত আর্যাদেবতার সহিত এই বিলোচনের অত্যন্ত প্রভেদ। দক্ষের মুথে যে সকল নিন্দা বসান হইয়াছিল, তথনকার আর্গ্যমণ্ডলীর মুথে সে নিন্দা স্বাভাবিক। সমস্ত দেবমণ্ডলীর মধ্যে ভৃতপ্রেতপিশাচের দারা এই অন্তত দেবতাকর্ত্তক দক্ষযজ্ঞধ্বংস কেবল কাল্পনিক কথা নহে। ইহা একটি সংক্ষিপ্ত ইতিহাদের তুল্য। আধ্যমগুলীর रव रेविनक या खाडीन আর্ঘাদেবভারা আহুত হইতেন, সেই বজে এই শ্লশানে-শ্বকে দেবতা বলিয়া স্বীকার করা হয় নাই এবং ঠাহাকে অনার্য্য অনাচারী বলিয়া নিন্দা করা হইয়াছিল; সেই কারণে তাঁহার সেবকদের সহিত আর্যাদেবপুদ্ধকদের প্রচণ্ড বিরোধ বাধিয়াছিল। এই বিরোধে অনার্য্য ভূতপ্রেতপিশাচের দারা বৈদিক্ষঞ্জ লণ্ডভণ্ড হইয়া যায় এবং সেই শোণিতাক অপবিত্র যজ্ঞবেদীর উপরে নৰাগত দেব-তার প্রাধান্ত বলপূর্ব্বক স্থাপিত হয়।

আর্যাদেবস্থাজে এই অভুতাচারী দেবতা বলপূর্ব্বক প্রবেশ করিলেন বটে, কিন্তু ইংকে অনেক জ্বাবদিছি করিতে হইয়া-ছিল। কথাসরিৎসাগরেই আছে, একদা পার্বতী শস্তুকে জিজ্ঞাদা করিলেন, "নর-কপালে এবং শাশানে তোমার এমন প্রীতি কেন ?" এ প্রশ্ন তথনকার আর্য্যমণ্ড্লীর প্রশ্ন।
আমাদের আর্যদেবতারা স্বর্গবাসী তাঁহারা
বিক্কতিহীন, স্থান্দর, সম্পৎশালী। যে
দেবতা স্বর্গবিহারী নহেন, ভঙ্গা, নুমুণ্ড, কৃধিরাক্ত হস্তিচর্গা যাঁহার সাজ, তাঁহার নিকট
হইতে কোন কৈফিয়ৎ না লইয়া তাঁহাকে
দেবসভার স্থান দেওয়া যায় না।

মহেশ্বর উত্তর করিলেন, "করাবসানে যথন জগৎ জলময় ছিল, তথন আমি উক তেদ করিয়া একবিন্দু রক্তপাত করি। সেই রক্ত হইতে অগু জন্মে, সেই অগু হইতে ব্রহ্মার জন্ম হয়। তৎপরে আমি বিশ্বন্ধনের উদ্দেশে প্রকৃতিকে স্ক্রন করি। সেই প্রকৃতি-পুরুষ হইতে অস্থান্য প্রজ্ঞাপতি ও সেই প্রজ্ঞাপতিগণ হইতে অথিল প্রজার সৃষ্টি হয়। তথন, আমিই চরাচরের স্ক্রনকর্তা বলিয়া ব্রহ্মার মনে দর্প হইয়াছিল। সেই দর্প সন্থ করিতে না পারিয়া আমি ব্রহ্মার মুগুচ্ছেদ করি—সেই অবধি আমার এই মহাব্রত, সেই অবধিই আমি কপাল-পাণি ও শ্রশানপ্রিয়।

এই গলের ঘারা একদিকে ব্রহ্মার পূর্ব্বতন-প্রাধান্তচ্চেদন ও ধৃর্জ্জটির আর্যরীতিবহিত্তি অভুত আচারেরও ব্যাথ্যা হইল।
এই মুগুমালী প্রেতেশ্বর ভীষণ দেবতা
আর্যাদের হাতে পড়িয়া ক্রমে কিরপ পরম
শাস্ত যোগরত মঙ্গলমূর্ত্তি ধারণ করিয়া
বৈরাগ্যবানের ধ্যানের সামগ্রী হইয়াছিলেন,
ভাহা কাহারও অগোচর নাই। কিন্ত
ভাহাও ক্রমশ হইয়াছিল। অধুনাতন-কালে
দেবী চণ্ডীর মধ্যে যে ভীষণ চঞ্চলভাবের
আরোপ করা হইয়াছে, এক সময়ে তাহা

প্রধানত শিবের ছিল। শিবের এই ভীষগৃত্ব কালজনে চণ্ডীর মধ্যে বিভক্ত হইয়া
শিব একান্ত শান্ত-নিশ্চল যোগীর ভাব প্রাপ্ত
হইলেন।

কিন্নরজাতিসেবিত হিমাদ্রি শব্দন করিয়া কোন্ শুক্রকায় রজতগিরিনিভ প্রবশঙ্গাতি এই দেবতাকে বহন করিয়া আনিয়াছে? অথবা ইনি শিঙ্গপূক্ষক দাবিভগণের দেবতা, অথবা ক্রমে উভয় দেবতায় মিশ্রিত হইয়া ও আর্য্য-উপাসকগণকর্ত্বক সংস্কৃত হইয়া এই দেবতার উদ্ভব হইয়াছে, তাহা ভারতবর্ষীয় আর্য্যদেবতত্ত্বের ইতিহাসে আলোচ্য। সে ইতিহাস এখনো শিখিত হয় নাই। আশা করি, তাহার অভ্যভাষা হইতে অনুবাদের অপেক্ষায় আমরা বিস্যা নাই।

কথনো সাংখ্যের ভাবে, কথনো বেদাস্তের ভাবে, কথনে৷ মিশ্রিত ভাবে, এই শিব-শক্তি কথনো বা জড়িত হইয়া, কথনো বা স্বতম্ব হইয়া, ভারতবর্ষে আবর্দ্ধিত হুইতেছিলেন। এই রূপান্তরের কালনির্ণয় হুরুহ। ইহার বীজ কথন্ ছড়ান হইয়াছিল এবং কোন্ বীজ কথন অঙ্কুরিত হইয়া বাড়িয়া উঠিয়াছে, তাহা সন্ধান করিতে হইবে। ইহা নি:সন্দেহ যে, এই সকল পরিবর্তনের মধ্যে সমাজের ভিন্ন ভিন্ন স্তবের ক্রিয়া প্রকাশিত হইয়াছে। বিপুল-ভারতসমাজ-গঠনে নানাজাতীয় স্তর যে মিশ্রিত হইয়াছে, তাহা নিয়তই আমাদের धर्माञ्चनानीत नाना विमृत्य व्याभारतत विरत्नाध ও সমৰ্য়চেষ্টার স্পষ্টই বুঝা যায়। ইহাও বুঝা যায়, অনার্য্যগণ মাঝে মাঝে প্রবল হইয়া উঠিয়াছে এবং আর্য্যগণ ভাহাদের

অনেক আচুার-ব্যবহার-পূজাপদ্ধতির দারা অভিত্ত হইরাও আপন প্রতিভাবলে সে-সমস্তকে দার্শনিক ইক্সঞ্জালদারা আর্য্য আধ্যাত্মিকতার মণ্ডিত করিয়া^ত লইতে-ছিলেন। সেইজন্ম আমাদের প্রত্যেক দেবদেবীর কাহিনীতে এত বৈচিত্র্য ও বিভিন্নতা—একই পদার্থের মধ্যে এত বিরুদ্ধ ভাবের ও মতের সমাবেশ।

এককালে ভারতবর্ধে প্রবলতা প্রাপ্ত অনার্য্যদের সহিত ত্রাহ্মণপ্রধান আর্য্যদের দেবদেবী-ক্রিয়াকর্ম্ম লইয়া এই যে বিরোধ বাধিয়াছিল—দেই বছকালব্যাপী বিপ্লবের মৃত্তর আন্দোলন সেদিন পর্যান্ত বাংলাকেও আঘাত করিতেছিল,দীনেশবাবুর বাংলা ভাষা ও সাহিত্য পড়িলে তাহা স্পষ্টই বুঝা যায়।

কুমারসম্ভব প্রভৃতি কাব্য পড়িলে দেখিতে পাই, শিব যথন ভারতবর্ধের মহেশ্বর, তথন কালিকা অন্তান্ত মাতৃকাগণের
পশ্চাতে মহাদেবের অন্তর্নীর্ত্তি করিয়াছিলেন। ক্রমে কথন্ তিনি করালমূর্ত্তি
ধারণ করিয়া শিবকেও অতিক্রম করিয়া
দাঁড়াইলেন, তাহার ক্রমপরম্পরা নির্দেশ
করার স্থান ইহা নহে, ক্রমতাও আমার
নাই। কুমারসম্ভব কাব্যে বিবাহকালে
শিব ধথন হিমাদ্রিভবনে চলিয়াছিলেন,
তথন তাঁহার পশ্চাতে মাতৃকাগণ এবং—

তাসাঞ্চ পশ্চাৎ কনকপ্ৰভাগাং কালী কপালাভৱণা চকালে।

তাঁহাদেরও পশ্চাতে কপালভূষণা কালী প্রকাশ পাইতেছিলেন। এই কালীর সহিত মহাদেবের কোন ঘনিষ্ঠতর সম্বন্ধ ব্যক্ত হয় নাই। মেঘদ্তে গোপবেশী বিষ্ণুর কথাও পাওয়া যায়, কিন্তু মেঘের ভ্রমণকালে কোন মালের উপলক্ষ্য করিয়া বা উপমাচ্চলে কালিকাদেবীর উল্লেখ পাওয়া যায় না। স্পষ্টই দেখা যায়, তৎকালে ভ্রসমাজের দেবতা ছিলেন মহেশ্বর। মালতীমাধবেরও করালাদেবীর প্রোপচারে যে নৃশংস বীভংসতা দেখা যায়, তাহা কখনই আর্ঘ্য-সমাজের ভ্রমগুলীর অন্থুমোদিত ছিল বলিয়া মনে করিতে পারি না।

এক সময়ে এই দেবীপুজা যে ভদ্রসমাজের বহিভূতি ছিল, তাহা কাদম্বরীতে
দেখা যায়। মহাশ্বেতাকে শিবমন্দিরেই
দেখি; কিন্তু কবি ম্বণার সহিত অনাগ্য
শবরের পূজাপদ্ধতির যে বর্ণনা করিয়াছেন,
তাহাতে বুঝা যায়, পণ্ডক্রধিরের দারা দেবতাচ্চন ও মাংসদারা বলিকর্ম্ম তথন ভদ্রমণ্ডলীর
কাছে নিন্দিত ছিল। কিন্তু সেই ভদ্রমণ্ডলীও
পরাস্ত হইয়াছিলেন। দেই সামাজিক
মহোৎপাতের দিনে নীচের জিনিষ উপরে
এবং উপরের জিনিষ নীচে বিক্ষিপ্ত
হইতেছিল।

বঙ্গদাহিত্যের আরম্ভস্তরে দেই সকল উৎপাতের চিহ্ন লিখিত আছে। দীনেশ-বাবু অন্তত পরিশ্রমে ও প্রতিভায় এই দাহিত্যের স্তরগুলি যথাক্রমে বিস্তাদ করিয়া বঙ্গদমাজের নৈদর্গিক প্রক্রিয়ার ইতিহাদ আমাদের দৃষ্টিগোচর করিয়াছেন।

তিনি যে ধর্মকলহব্যাপারের সমুথে আমাদিগকে দণ্ডায়মান করিয়াছেন, দেখানে বিশিষ্ট সম্প্রদায়ের দেবতা শিবের বড় ছুর্গতি। তাঁহার এতকালের প্রাধান্ত "মেয়ে দেবতা" কাজিয়া লইবার জন্ম রণভূমিতে অবতীর্ণ হইয়াছেন—শিবকে পরাস্ত হইতে হইল।

শপষ্টই দেখা যার, এই কলহ বিশিষ্ট দলের সহিত ইতরসাধারণের কলহ। উপেক্ষিত সাধারণ যেন তাহাদের প্রচণ্ডশক্তি মাতৃদেবতার আশ্রম লইয়া ভদ্রসমাজের শাস্ত-সমাহিত-নিশ্চেষ্ট বৈদান্তিক যোগীশ্বরকে উপেক্ষা করিতে উন্থত হইয়াছিল।

এক সময়ে বেদ তাহার দেবতাগণকে
লইয়া ভারতবর্ষের চিত্তক্ষেত্র হইতে দ্রে
গিয়াছিল বটে, কিন্তু বেদান্ত এই স্থাণুকে
ধানের আশ্রম্মস্বরূপ অবলম্বন করিয়া জ্ঞানী,
গৃহস্থ ও সন্ধানীদের নিকট সন্মান প্রাপ্ত
হইয়াছিল।

কিন্তু এই জ্ঞানীর দেবত। অজ্ঞানীদিগকে আনন্দদান করিত না, জ্ঞানীরাও অজ্ঞানীদিগকে অবজ্ঞাভরে আপন অধিকার হইতে দূরে রাখিভেন। ধন এবং দারিদ্যের মধ্যেই হৌক্, উচ্চপদ ও হীনপদের মধ্যেই হৌক্, বেখানে এত-বড় একটা বিচ্ছেদ ঘটে, সেধানে ঝড় না আসিয়া থাকিতে পারে না। শুক্লতর পার্থক্যমাত্রই বড়ের কারণ।

আর্থ্য-অনার্যা ধথন মেশে নাই, তথনো
ঝড় উঠিয়াছিল, আবার ভদ্র-অভদ্র-মণ্ডলীতে
জ্ঞানী-অজ্ঞানীর ভেদ ধথন অত্যন্ত অধিক
হইয়াছিল, তথনো ঝড় উঠিয়াছে।

শঙ্করাচার্য্যের ছাত্রগণ ধথন বিদ্যাকেই প্রধান করিয়া তুলিয়া জগৎকে মিথ্যা ও কর্ম্মকে বন্ধন বলিয়া অবজ্ঞা করিতে-ছিলেন - তথন সাধারণে মাধাকেই, শাস্তস্কর- পের শক্তিকেই মহামায়া বলিয়া শক্তীশবের উর্দ্ধে দাঁড় করাইবার জন্ম কেপিয়া উঠিয়া-ছিল। মায়াকে মায়াধিপতির চেয়ে বড় বলিয়া ঘোষণা করা, এই এক বিদ্রোহ।

ভারতবর্ষে এই বিদ্রোহের প্রথম স্ত্র-পাত কবে হইয়াছিল বলা যায় না, কিন্তু এই বিদ্রোহ দেখিতে দেখিতে সর্বসাধা-तर्गत क्रमग्र आकर्षण कतिशाहिल। कात्रण. ব্রন্ধের সহিত জগৎকে ও আত্মাকে প্রেমের সম্বন্ধে, নিত্য সম্বন্ধে, সত্য সম্বন্ধে যোগ कतिया ना दिशाल क्षार्यत পतिकृष्ठि रश তাঁহার সহিত জগতের সম্বন্ধ স্বীকার না করিলেই জগৎ মিথ্যা—সমন্ধ স্বীকার করিলেই জগৎ সতা। যেথানে ব্রহ্মের শক্তি বিরাজমান, সেইথানেই ভক্তের অধিকার, যেথানে তিনি সম্পূর্ণ স্বতন্ত্র, সেথানে ভক্তির মাৎসর্য্য উপস্থিত হয়। ব্রন্ধের শক্তিকে ব্রন্ধের চেয়ে বড বলা ভক্তির মাৎস্থা—কিন্ত তাহা ভক্তি:--শক্তির পরিচয়কে একে-বারেই অসত্য বলিয়া গণ্য করাতে ও তাহা হইতে সম্পূর্ণ বিমুখ হইবার চেষ্টা করাতেই কুন্ধ ভক্তি যেন আপনার তীর লঙ্ঘন করিয়া উদ্বেলিত হইয়াছিল।

এইরূপ বিদ্যোহকালে শক্তিকে উৎকটরূপে প্রকাশ করিতে গেলে, প্রথমে তাহার
প্রবলতা, তাহার ভীমতাই জাগাইয়া তুলিতে
হয়। তাহা ভয় হইতে রক্ষা করিবার সময়
মাতা ও ভয় জয়াইবার সময় চণ্ডী। তাহার
ইচ্ছা কোন বিধিনিধানের দারা নিয়মিত
নহে—তাহা বাধাবিহীন লীলা, কথন কি
করে, কেন কি রূপ ধরে, তাহা বুঝিবার
জো নাই, এইজস্ত তাহা ভয়য়য়।

নিশ্চেষ্টভার বিরুদ্ধে এই প্রচণ্ডভার বড়। নারী বেমন স্থামার নিকট হুইতে সম্পূর্ণ উদাসীজ্ঞের স্থাদবিহীন মৃহতা অপেকা প্রবল শাসন ভালবাসে, বিট্রোহী ভক্ত সেইরূপ নিগুণ নিজ্ঞিয়কে পরিত্যাগ করিয়া ইচ্ছাময়ী শক্তিকে ভীষণভার মধ্যে সর্বাস্তঃকরণে অমুভর্ব করিতে ইচ্ছা করিল।

শিব আর্য্যসমাজে ভিঞ্জি বে ভীষণতা, যে শক্তির চাঞ্চল্য পরিত্যাগ করিলেন, নিরসমাজে তাহা নষ্ট হইতে দিল না। যোগানন্দের শাস্ত ভাবকে তাহারা উচ্চশ্রেণীর ক্ষন্ত রাথিয়া ভক্তির প্রবল উত্তেজনার আশায় শক্তির উগ্রতাকেই নাচাইয়া তুলিল। তাহারা শক্তিকে শিব হইতে স্বতন্ত্র করিয়া লইয়া বিশেষভাবে শক্তির পূজা থাড়া করিয়া তুলিল।

কিন্ত কি আধ্যাত্মিক, কি আধিভৌতিক, বড় কথনই চিরদিন থাকিতে পারে না। ভক্তহ্বদয় এই চণ্ডাশক্তিকে মাধুর্য্যে পরিণত করিয়া বৈষ্ণবধর্ম আশ্রয় করিল। প্রেম সকল শক্তির পরিণাম—তাহা চুড়ান্ত শক্তিব পরিণাম—তাহা চুড়ান্ত শক্তিব পরিণাম—তাহা চুড়ান্ত শক্তির পরিণাম—তাহা চুড়ান্ত শক্তির পথ কথনই প্রচণ্ডতার মধ্যে গিয়া থামিতে পারে না—প্রেমের আননন্দেই তাহার অবসান হইতে হইবে। বস্তুত মাঝখানে শিবের ও শক্তির যে বিচ্ছেদ ঘটিয়াছিল, বৈষ্ণবধর্মে প্রেমের মধ্যে সেই শিব-শক্তির কতকটা-সন্মিলনচেটা দেখা যাইতেছে। মায়াকে ব্রহ্ম হইতে স্বতম্ব করিলে তাহা ভয়্তর্মনী, ব্রন্ধকে মায়া হইতে স্বতম্ব করিলে ব্রহ্ম অনধিগম্য—ব্রক্ষের

সহিত মান্নাকে সন্মিলিত করিয়া দেখিলেই প্রেমের পরিতৃপ্তি।

ু প্রাচীন বঙ্গসাহিত্যে এই পরিবর্ত্তন-পর-ম্পরার আভাস দেখিতে পাওয়া বৌদ্ধযুগ ও শিবপুজার কালে ত্যের কি অবস্থা ছিল, তাহা দীনেশবাব খুঁজিয়া পান নাই। "ধান ভান্তে শিবের গীত" প্রবাদে বুঝা যায়, শিবের গীত এক-সময়ে প্রচলিত ছিল, কিন্তু সে সমস্তই সাহিত্য হইতে অন্তর্জান করিয়াছে বৌদ্ধধের্ম্মর যে সকল চিহু ধর্মমঙ্গল প্রভৃতি কাব্যে দেখিতে পাওয়া যায়, সে সকলও বৌদ্ধযুগের বছপরবত্তী। আমাদের চক্ষে বঙ্গসাহিত্য-মঞ্চের প্রথম ঘবনিকাটি যথন উঠিয়া গেল, তথন দেখি, সমাজে একটি কলহ বাধিয়াছে— সে দেবতার কলহ। আমাদের সমালোচ্য গ্রন্থ-थानित शक्षम अधारम मीरनमवाव श्राहीन শিবের প্রতি চণ্ডী, বিষহরি ও শীতলার আক্রমণব্যাপার স্থন্দর বর্ণনা করিয়াছেন। এই সকল স্থানীয় দেবদেবীরা জনসাধারণের কাছে বল পাইয়া কিরূপ হর্দ্ধ হইয়া উঠিয়া-ছিলেন, তাহা বঙ্গদাহিত্যে তাঁহাদের ব্যবহারে দেখিতে পাওয়া যায়। প্রথমেট চোখে পড়ে—দেবী চণ্ডী নিজের পৃত্বাস্থাপনের জ্ঞ অন্থর। যেমন করিয়া হউক্, ছুলে-বলে-কৌশলে মর্ত্তো পূজা প্রচার করিতে **इटेरवरे**। देशांखरे वृत्रा यात्र, शृक्षा नहेत्रा একটা বাদবিবাদ আছে। তাহার পর দেখি, যাহাদিগকে আশ্রয় করিয়া দেবী পূজা-প্রচার করিতে উত্তত, তাহারা উচ্চশ্রেণীর লোক নহে। যে নীচের, তাহাকেই উপরে উঠাইৰেন-ইহাতেই দেবীর শক্তির পরি-

চয়। নিয়শ্রেণীর পক্ষে এমন সাস্থনা—এমন বলের কথা আর কি আছে ! যে দরিদ্র, ছইবেলা আহার জোটাইতে পারে না, সে-ই শক্তির লীলায় সোণার ঘড়া পাইল; যে বাধে নীচ্জাতীয় ভদ্রজনের অবজ্ঞাভাজন, সে-ই মহত্বলাভ করিয়া কলিঙ্গরাজের কন্তাকে বিবাহ করিল;—ইহাই শক্তির লীলা।

তাহার পরে দেখি, শিবের পূজাকে হত-মান করিয়াই নিজের পূজা প্রচার করা দেবীর চেষ্টা। শিব তাঁহার স্বামা বটেন, কিন্তু তাহাতে কোন সঙ্কোচ নাই। শিবের সহিত শক্তির এই লড়াই। এই লড়াইয়ে পদে পদে দয়ামায়া বা ভ্যায়-অভ্যায় পর্যাস্ত উপেক্ষিত হইয়াছে।

কবিকল্প চণ্ডীতে বাাধের গল্পে দেখিতে পাই, শক্তির ইচ্ছার 'নীচ উচ্চে উঠিয়াছে। কেন উঠিয়াছে, তাহার কোন কারণ নাই— ব্যাধ যে ভক্ত ছিল, এমনো পরিচয় পাই না। বরঞ্চ সে দেবীর বাহন সিংহকে মারিয়া দেবীর ক্রোধভান্ধন হইতেও পারিত। কিন্তু দেবী নিতাপ্তই যথেচ্ছাক্রমে তাহাকে দুয়া করিলেন। ইহাই শক্তির থেলা।

ব্যাধকে বেমন বিনা কারণে দেবী দয়া করিলেন, কলিঙ্গরাজকে তেমনি তিনি বিনা দোবে নিগ্রহ করিলেন। তাহার দেশ জলে ডুবাইয়া দিলেন। জগতে ঝড়, জ্বল-প্লাবন, ভূমিকম্পে বে শক্তির প্রকাশ দেখি, তাহার মধ্যে ধর্ম্মনীতিসক্ষত কার্য্যকারণ-মালা দেখা য়য়না এবং সংসারে স্থগুঃখবিপৎসম্পদের যে আবর্ত্তন দেখিতে পাই, তাহার মধ্যেও ধর্ম্মনীতির স্থসঙ্গতি খুঁজিয়া পাওয়া কঠিন। দেখিতেছি, যে শক্তি নির্ধি-

চারে পালন করিতেছে, সেই শক্তিই নির্বিধ-চারে ধ্বংস করিতেছে। এই অহৈতৃক পালনে এবং অহৈতৃক বিনাশে সাধু-অসাধুর ভেদ নাই। এই দয়ামায়াহীন ধর্মাধর্ম-বিবর্জ্জিত শক্তিকে বড় করিয়া দেখা তথন-কার কালের পক্ষে বিশেষ স্বাভাবিক ছিল।

তথন নীচের পোকের আক্ষিক অভ্যুখান ও উপরের লোকের হঠাৎ পতন সর্বাদাই দেখা যাইত । হীনাবস্থার লোক কোথা
হইতে শক্তি সংগ্রহ করিয়া অরণ্য কাটিয়া
নগর বানাইয়াছে এবং প্রতাপশালী রাজা
হঠাৎ পরাস্ত হইয়া লাঞ্চিত হইয়াছে। তথনকার নবাব-বাদ্শাহদের ক্ষমতাও বিধিবিধানের অতীত ছিল—তাহাদের খেয়ালমাত্রে সমস্ত হইতে পারিত। ইহারা দয়া
করিলেই সকল বাধা অতিক্রম করিয়া
নীচ মহৎ হইত, ভিক্ষক রাজা হইত। ইহারা
নির্দিয় হইলে ধর্মের দোহাইও কাহাকে
বিনাশ হইতে রক্ষা করিতে পারিত না।
ইহাই শক্তি।

এই শক্তির প্রসন্ন মুথ মাতা, এই শক্তির অপ্রসন্ন মুথ চণ্ডী। ইহার "প্রসাদোহপি ভয়স্কর:"—সেইজন্ত সর্বাদাই করজোড়ে বিসিয়া থাকিতে হয়। কিন্তু যতক্ষণ ইনি যাহাকে প্রশ্রম দেন, ততক্ষণ তাহার সাত-থুন মাপ—যতক্ষণ দে প্রিয়পাত্র, ততক্ষণ তাহার সঙ্গত-অসঙ্গত সকল আবদারই অনায়াসে পূর্ণ হয়।

এইরপ শক্তি ভয়ন্বরী হইলেও মান্ধ্রের চিত্তকে আকর্ষণ করে। কারণ, ইহার কাছে প্রত্যাশার কোন সীমানাই। আমি অন্তায় করিলেও জয়ী হইতে পারি, আমি অক্ষম হইলেও আমার গুরাশার চরমতম শ্বপ্ন সফল হইতে পারে। বেখানে নির্মের্ বন্ধন, ধর্মের বিধান আছে, সেথানে দেবতার কাছেও প্রত্যাশাকে থর্ক করিয়া রাথিতে হয়।

এই সকল কারণে যে সময় বাদ্শাহ
ও নবাবের অপ্রতিহত ইচ্চা জনসাধারণকে
ভরে-বিশ্বয়ে অভিভূত করিয়া রাথিয়াছিল,
এবং স্থায়-অস্থায়—সস্তব-অসম্ভবের ভেদচিয়্লকে ক্ষীণ করিয়া আনিয়াছিল, হর্ষশোক —বিপৎ-সম্পদের অভীত শান্ত-সমাহিত
বৈদান্তিক শিব সে-সময়কার সাধারণের
দেবতা হইতে পারেন না। রাগছেয়—প্রসাদঅপ্রসাদের লীলাচঞ্চলা য়ঢ়৽ছাচারিণী শক্তিই
তথনকার কালের দেবছের চরমাদর্শ।
সেইজন্মই তথনকার লোকে ঈশ্বরকে
অপ্রমান করিয়া বলিত—"দিল্লীশ্বরো বা
জগদীশ্বরো বা।"

কবিকল্পণে দেবী এই যে ব্যাধের দারা নিজ্বের পূজা মর্প্ত্যে প্রচার করিলেন, স্বরং ইন্দ্রের পূজা যে ব্যাধরূপে মর্প্ত্যে জন্মগ্রহণ করিল, বাংলাদেশের এই লোকপ্রচলিত কথার কি কোন ঐতিহাসিক অর্থ নাই ? পশুবলি প্রভৃতির দারা যে ভীষণ পূজা এক কালে ব্যাধের মধ্যে প্রচলিত ছিল, সেই পূজাই কি কালক্রমে উচ্চসমাজে প্রবেশলাভ করে নাই ? কাদম্বরীতে বর্ণিত শবরনামক ক্রেরকর্মা ব্যাধজাতির পূজাণদ্বরনামক ক্রেরকর্মা ব্যাধজাতির পূজাণদ্বরনামক ক্রেরকর্মা ব্যাধজাতির পূজাণদ্বতিতেও ইহারই কি প্রমাণ দিতেছে না ? উড়িয়াই কলিজ্বদেশ। বৌদ্ধর্ম্বালোপের পর উড়িয়ার শৈবধর্মের প্রবল অভ্যুদ্র ইইরাছিল—ভূবনেশ্বর তাহার প্রমাণ।

কলিঙ্গের রাজারাও প্রবল রাজা ছিলেন।
এই কলিঙ্গরাজ্জের প্রতি শৈবধর্মবিদের
আন্ত্রোশপ্রকাশ—ইহার মধ্যেও দূর ইতিহানের আভাস দেখিতে পাওয়া যায়।

ধনপতির গল্পে দেখিতে পাই, উচ্চকাতীয় ভদ্রবৈশু শিবোপাসক। গুদ্ধমাত্র এই পাপে চণ্ডী তাঁহাকে নানা তুর্গতির দারা পরাস্ত করিয়া আপন মাহাত্ম্য প্রমাণ করিলেন।

বস্তুত সাংসারিক স্থগ্রঃথ-বিপৎসম্পদের ঘারা নিজের ইষ্টদেবতার বিচার করিতে গেলে, দেই অনিশ্চয়তার কালে শিবের পূজা টি কিতে পারে না। অনিয়ন্ত্রিত ইচ্ছার তরঙ্গ যথন চারিদিকে জাগিয়া উঠিয়াছে. ইচ্ছাসংযমের আদর্শ. তথন যে দেবতা তাঁহাকে সাংসাারক উন্নতির উপায় বলিয়া গ্রহণ করা যায় না। ইুর্গতি হইলেই মনে হয়, আমার নিশ্চেষ্ট দেবতা আমার জ্ঞা কিছুই করিতেছেন না, ভোলানাথ সমস্ত ভূলিয়া বদিয়া আছেন। চণ্ডীর উপাসকেরাই কি দকল ছুৰ্গতি এড়াইয়া উন্নতিলাভ করিতে-ছিলেন ? অবশ্ৰই নহে। কিন্তু শক্তিকে দেবতা করিলে সকল অবস্থাতেই আপনাকে ভুলাইবার উপায় থাকে। **শক্তিপূজক** তুর্গতির মধ্যেও শক্তি অমুভব করিয়া ভীত হয়, উন্নতিতেও শক্তি অনুভব করিয়া কুতুক্ত হইয়া থাকে। আমারই প্রতি বিশেষ অকুপা, ইহার ভয় যেমন আত্যস্তিক, আমা-রই প্রতি বিশেষ দয়া, ইহার আনন্দও তেমনি অতিশয়! কিন্তু যে দেবতা বলেন, স্থ-ছ:থ, ছর্গতি-সদগতি, ও কিছুই নয়, ও **क्विन मात्रा, ७ मिटक मृक्**शां कतिरहा ना, সংসারে তাঁহার উপাসক অল্লই অবশিষ্ট থাকে;—সংসার, মুথে যাহাই ব্লুক্, মুক্তি
চায় না, ধন-জন-মান চায়। ধনপতির মত
ব্যবসায়ী লোক সংযনী সদাশিবকে আশ্রয়
করিয়া থাকিতে পারিল না, বছতর নৌকা
ভূবিল, ধনপতিকে শেষকালে শিবের উপাসনা ছাড়িয়া শক্তি-উপাসক হইতে হইল।

নানাবিভীষিকাগ্রস্ত কিন্ত তথনকার পরিবর্ত্তনবাাকুল ছুর্গতির দিনে শক্তিপূজ্ব-রূপে এই যে প্রবলতার পূজা প্রচলিত হইয়া-हिल, हेश आभारतत मसूरायरक जित्रितन পরিতৃপ্ত রাখিতে পারে না। যে ফলের মিষ্ট হইবার ক্ষমতা আছে, সে প্রথম অবস্থার তীব্র অমুত্ব পক অবস্থায় পরিহার করে: ভক্তি স্থতীব্ৰ কঠিন ক্ষমতাকে গোড়ায় যদি-বা প্রাধান্ত দেয়, শেষকালে তাহাকে উত্তরোত্তর মধুর, কোমল ও বিচিত্র করিয়া আনে। বাংলাদেশে অত্যুগ্র চণ্ডী ক্রমশ মাতা অনপূর্ণার রূপে, ভিথারীর গৃহলক্ষীরূপে, বিচ্ছেদবিধুর পিতামাতার ক্লারপে-মাতা, পত্নী ও কন্তা, রমণীর এই ত্রিবিধ মঙ্গল-স্কুন্দর রূপে দরিদ্র বাঙালীর ঘরে যে রসসঞ্চার করিয়াছেন, চণ্ডীপূজার দেই পরিণাম-রমণীয়তার দৃশ্য দীনেশবাবু তাহার এই প্রন্থে বঙ্গদাহিত্য হইতে যথেষ্টপরিমাণে উদ্ধার क्तिश (नथान नारे। कालिनारमत कूमातमञ्जव माहिरका माम्लका-एथमरक महौबान कतिबा এই মঙ্গলভাবটিকে মূর্ত্তিমান্ করিয়াছিল। বাংলা সাহিত্যে এই ভাবের সম্পূর্ণ পরিকুটতা অপেকাকৃত আধুনিক। তথাপি বাঙালীর **मतिज्ञृ**रहत मर्या এই मञ्जनमापूर्यामिक দেবভাবের অবতারণা কবিকঙ্গণ চণ্ডীতে কিয়ৎপরিমাণে আপনাকে অঙ্কিত করিয়াছে,

অন্ধলামঙ্গলও তাহার উপর রঙ্ফলাইরাছে।
কিন্তু মাধুর্য্যের ভাব গীতিকবিতার সম্পতি।
চণ্ডীপূজা ক্রেমে যথন ভক্তিতে স্নিগ্ধ ও রসে
মধুর হইরা উঠিতে লাগিল,তথন তাহা মঙ্গলকারা ত্যাগ করিয়া থণ্ড থণ্ড গীতে উৎসারিত
হইল। এই সকল বিজয়া-আগমনীর গীত
ও গ্রামা থণ্ডকবিতা গুলি বাংলাদেশে বিক্ষিপ্ত
হইয়া আছে। বৈষ্ণবপদাবলীর ভায় এগুলি
সংগৃহীত হয় নাই। ক্রমে ইহারা নই ও
বিক্বত হইবে, এমন সন্তাবনা আছে। এক
সময়ে ভারতীতে গ্রাম্যকবিতানামক প্রবন্ধে
আমি এই কারাগুলির আলোচনা করিয়াছিলাম।

চণ্ডী যেমন প্রচণ্ড উপদ্রবে আপনার পূজা প্রতিষ্ঠা করেন, মনসা-শাতলাও তেমনি তাঁহার অন্সরণ করিয়াছিলেন। শৈব চাঁদ-সদাগরের গুরবন্থা সকলেই জানেন। বিবহরি, দক্ষিণরায়, সত্যপীর প্রভৃতি আরো অনেক চোটখাট দেবতা আপন আপন বিক্রম প্রকাশ করিতে ক্রটি করেন নাই। এমনি করিয়া সমাজের নিয়ন্তরগুলি প্রবল ভূমিকম্পে সমাজের উপরের স্তরে উঠিবার জন্ম কিরপ চেষ্টা করিতেছিল, দীনেশবাবুর গ্রন্থে পাঠকেরা তাহার বিবরণ পাইবেন— এই প্রবন্ধে তাহার আলোচনা সম্ভব নহে।

কিন্ত দীনেশবাব্র সাহাযে। বঙ্গসাহিত্য আলোচনা করিলে স্পষ্টই দেখা যায়, সাহিত্যে বৈক্ষবই জয়লাভ করিয়াছেন। শঙ্করের অভ্যাথানের পর শৈবধর্ম ক্রমশই অবৈতবাদকে আশ্রয় ক্রিতেছিল। বাংলা সাহিত্যে দেখা যায়, জনসাধারণের ভক্তিব্যাকুল হৃদয়সমুদ্র হইতে, শাক্ত ও বৈক্ষব, এই ছুই বৈতবাদের

চেট উঠিয়া সেই শৈবধর্মকে ভাঙিয়াছে। এই উভয় ধর্মেই ঈশ্বরকে বিভক্ত করিয়া দেখিয়াছে। শাক্তের বিভাগ গুরুতর। যে শক্তি ভীষণ, যাহা থেয়ালের উপর প্রতিষ্ঠিত, তাহা আমাদিগকে দূরে রাখিয়া স্তব্ধ করিয়া দেয়;—দে আমার সমস্তই দাবী করে, তাহার উপর আমার কোন দাবী নাই। শক্তি-পূজায় নীচকে উচ্চে তুলিতে পারে, কিন্তু উচ্চ-मीरहत वाववान भगानहे ताथिया (नय— मक्तम-वक्तरमञ् প্রভেদকে স্থদুঢ় दिकावधर्मात मिक स्नामिनी मिक-एम मिक বলরপিণী নছে. প্রেমরপিণী। ভগবানের সহিত জগতের যে দৈতবিভাগ স্বীকার করে, তাহা প্রেমের বিভাগ, আন-ন্দের বিভাগ। তিনি বল ও ঐপার্য বিস্তার করিবার জন্ম শক্তিপ্রয়োগ করেন নাই, তাঁহার শক্তি সৃষ্টির মধ্যে নিজেতে নিজে আনন্দিত হইতেছে—এই বিভাগের মধ্যে তাঁহার আনন্দ নিয়ত মিলনরূপে প্রতিষ্ঠিত। শাক্তধর্মে অমুগ্রহের অনিশ্চিত বৈষ্ণবধর্ম্মে প্রেমের নিশ্চিত সম্বন্ধ। শক্তির লীলায় কে দয়া পায়, কে না পায়, তাহার ঠিকানা নাই; কিন্তু বৈষ্ণবধর্ম্মে প্রেমের সম্বন্ধ रयथारन, रमथारन मकरनत्र निजा माती। শাক্তধর্মে ভেদকেই প্রাধান্ত দিয়াছে— বৈষ্ণবধৰ্ম্মে এই ভেদকে নিতামিলনের নিতা উপায় বলিয়া স্বীকার করিয়াছে।

বৈষ্ণব এইরূপে ভেদের উপরে সাম্য-স্থাপন করিয়া প্রেমপ্লাবনৈ সমাজের সকল অংশকে সমান করিয়া দিয়াছিলেন। এই প্রেমের শক্তিতে বলীয়সী হইয়া আনন্দ ও ভাবের এক অপূর্ক স্বাধীনতা প্রবল-

বেগে বাংলা সাহিত্যকে এমন এক জায়-গায় উত্তীৰ্ করিয়া দিয়াছে, যাহা, পূর্বা-পরের তুলনা করিয়া দেখিলে, খাপ্ছাড়া বলিয়া বোধ হয়। তাহার ভাষা, ছন্দ, ভাব, তুলনা, উপমা ও আবেগের প্রবলতা, সমস্ত বিচিত্র ও নৃতন। তাহার পূর্ববর্ত্তী বঙ্গভাষা ও বঙ্গদাহিত্যের সমস্ত দীনতা কেমন করিয়া এক মুহূর্ত্তে দূর হইল, অলম্বারশান্তের পাষাণ্বন্ধনস্কল कतिया এक मूहूर्ख विमीर्ग इहेन, ভाষা এত শক্তি পাইল কোথায়, ছন্দ এত সঙ্গীত কোথা इटेट आहत्र कतिन १ विष्ने माहि-ত্যের অমুকরণে নহে, প্রবীণ সমালোচকের অনুশাসনে নছে---দেশ আপনার বীণায় আপনি স্থর বাধিয়া আপনার গান ধরিল। প্রকাশ করিবার আনন্দ এত, আবেগ এত যে, তথনকার উন্নত মার্জিত কালোয়াতি मश्री उथहे भारेण ना, प्रिथिट प्रिथिट प्रत्थ মিলিয়া এক অপূর্ব্ব সঙ্গীতপ্রণালী তৈরি করিল; আর কোন দঙ্গীতের সহিত তাহার সম্পূর্ণ সাদৃশু পাওয়া শক্ত। মুক্তি কেবল জ্ঞানীর নহে, ভগবান কেবল শাক্তের নহেন, এই মন্ত্র যেমনি উচ্চারিত হইল, অমনি দেশের যত পাথী স্বপ্ত হইয়া ছিল, সকলেই এক নিমেষে জাগরিত হইয়া গান ধরিল।

ইহা হইতেই দেখা যাইতেছে, বাংলাদেশ আপনাকে যথাৰ্থভাবে অমুভব করিয়াছিল বৈষ্ণবযুগে। সেই সময়ে এমন একটি গৌরব সে প্রাপ্ত হইয়াছিল, যাহা অলোকসামাল্প, যাহা বিশেষরূপে বাংলাদেশের—যাহা এ দেশ হইতে উচ্চ্বুসিত হইয়া অল্পত্র বিস্তানিরত হইয়াছিল। শাক্তযুগে তাহার দীনতা

বোচে নাই—বরঞ্চ নানারপে পরিন্দুট হইয়া-ছিল, বৈক্ষবযুগে অযাচিত-এখর্যা-লাভে সে আশ্চর্যারপে চরিতার্থ হইয়াছে।

শাক্ত যে পূজা অবলম্বন করিয়াছিল, তাহা তথনকার কালের অনুগামী। অর্থাৎ मगांटक उथन य व्यवशा विद्याहिन, य শক্তির খেলা প্রতাহ প্রতাক্ষ হইতেছিল, যে সকল আকন্মিক উত্থানপতন লোককে প্রবল-বেগে চকিত করিয়া দিতেছিল—মনে মনে তাহাকেই বিশ্বব্যাপ্ত করিয়া, তাহাকেই দেবত্ব দিয়া, শাক্তধর্ম নিজেকে প্রতিষ্ঠিত করিয়া-ছিল। বৈষ্ণবধর্ম এক ভাবের উচ্ছােুুুেন সাম-য়িক অবস্থাকে লজ্মন করিয়া তাহাকে প্লাবিত ক্রিয়া দিয়াছিল। সাম্য্রিক অবস্থার বন্ধন इटेर्ड এक दूहर जानरमत मर्था मकनरक করিয়ার্ছিল। নিঙ্গতিদান শক্তি সকলকে পেষণ করিতেছিল, উচ্চ যথন নীচকে দলন করিতেছিল,তথনই দে প্রেমের कथा विनिग्नाहिन। তथनहे तम जगवानुतक তাঁহার রাজিদিংহাদন হইতে আপনাদের থেলাঘরে নিমন্ত্রণ করিয়া আনিয়াছিল --এমন কি. প্রেমের স্পর্দায় সে ভগবানের ঐশ্বর্যকে উপহাস করিয়াছিল। করিয়া, যে ব্যক্তি ভূণাদপি নীচ, দে-ও গৌরব লাভ করিল; যে ভিক্ষার ঝলি লইয়াছে, সে-ও সন্মান পাইল; যে মেচ্ছাচারী, সে-ও পবিত্র হইল। তথন সাধারণের হৃদয় রাজার পীডন ও সমাজের শাসনের উপরে উঠিয়া (श्रंग। वाक् व्यवक्षा मधानहे त्रहिल, किन्छ মন সেই অবস্থার দাসত্ব হইতে মুক্ত হইয়া নিখিল জগৎসভার মধ্যে স্থানলাভ করিল। প্রেমের অধিকারে, সৌন্দর্য্যের অধিকারে.

ভূগবানের অধিকারে কাহারও কোন বাধা রহিল না।

প্রশ্ন উঠিতে পারে, এই ষে ভাবোদ্ধান, ইহা স্থায়ী হইল না কেন ? সমাজে ইহা বিক্ত ও সাহিত্য হইতে ইহা অন্তহিত হইল কেন ? ইহার কারণ এই যে, ভাব- স্কলনের শক্তি প্রতিভার, কিন্তু ভাব রক্ষা করিবার শক্তি চরিত্রের। বাংলাদেশে ক্ষণে ক্ষণে ভাববিকাশ দেখিতে পাওয়া যায়, কিন্তু তাহার পরিণাম দেখিতে পাই না। ভাব আমাদের কাছে সন্তোগের সামগ্রী, তাহা কোন কাজের স্টে করে না, এইজন্ম বিকারেই তাহার অবসান হয়।

পশ্চিমে রামচরিত্র লোকের হৃদয় অধি-করিয়া লইয়াছে। দেই চরিত্রে ভাবের উচ্ছ্যাসমাত্র নহে, তাহাতে কর্ত্তব্যের আদর্শ আছে সেই চরিতকাব্যে পিতসভা-পালনের জন্ম রামের নির্বাসনগ্রহণ, ভ্রাতার জ্ঞ লক্ষণের আত্মত্যাগ, স্বামীর জ্ঞ সীতার বনবাসস্বীকার, প্রভুর প্রতি হ্রুমানের মচলা ভক্তি,ধর্মের জন্য ভরতের স্বার্থত্যাগ, এ সমস্তই বীর্য্যের আদর্শ. কর্ত্তব্যের আদর্শ। এই আদর্শের সৌন্দর্য্য ঘাহাদিগকে মুগ্ধ করিয়াছে, ভাহারা নিষ্ঠালাভ করিয়াছে, কর্ত্তব্যসাধনে বললাভ করিয়াছে, ধর্মের জন্য তাহারা প্রাণ দিতে পারে। ভাব উপভোগ করিয়া অশুরুলে নির্কেকে প্লাবিত করিয়াছি, কিন্তু পৌরুষলাভ করি नार, नृज़्निक्षा পारे नारे। आमता मंकि-পূজায় নিজেকে শিশু কল্পনা করিয়ামা মা করিয়া আবদার করিয়াছি এবং বৈষ্ণব-সাধ-নায় নিজেকে নায়িকা কল্পনা করিয়া মান-

অভিমানে, বিরহ-মিলনে ব্যাকুল হইয়াছি। শক্তির প্রতি ভক্তি আমাদের মনকে বীর্য্যের পথে লইয়া যায় নাই, প্রেমের পূজা আমা-দের মনকে কর্ম্মের পথে প্রেরণ করে নাই। আমরা ভাববিলাসী বলিয়াই আমাদের দেশে ভাবের বিকার ঘটিতে থাকে, এবং এই জ্ঞাই চরিতকাব্য আমাদের দৈশে পূর্ণ স্থাদর লাভ করিতে পারে নাই। একদিকে হুর্গায় ও আর একদিকে রাধায় আমাদের সাহিত্যে নারীভাবই অত্যন্ত প্রাধান্য লাভ করিয়াছে। বেচলা ও অন্যান্য নায়িকার চরিত্র-সমালো-চনায় দীনেশবাব তাহার আভাস দিয়াছেন। পৌরুষের অভাব ও ভাবরদের প্রাচুর্য্য বঙ্গ-দাহিত্যের প্রধান লক্ষণ বলিয়া গণ্য হইতে পারে। বঙ্গদাহিত্যে হুর্গা ও রাধাকে অব-লম্বন করিয়া হুই ধারা হুই পথে গিয়াছে— প্রথমটি গেছে বাংলার গৃহের মধ্যে, দ্বিতীয়টি গেছে বাংলার গৃহের বাহিরে। কিন্তু এই হুইটি ধারারই অধিষ্ঠাত্রী দেবতা রমণী এবং এই হুইটিরই স্রোত ভাবের স্রোত।

ষাহা হউক্, বঙ্গদাহিত্যে শাক্ত ও বৈষ্ণব প্রভাবের সম্বন্ধে যে আলোচনা করা গেল, তাহা হইতে সাহিত্যসম্বন্ধে আমরা একটি সাধারণ তত্ত্ব লাভ করিতে পারি। সমাজের চিত্ত ধ্বন নিজের বর্ত্তমান অবস্থাবন্ধনে বন্ধ থাকে এবং সমাজের চিত্ত ধ্বন ভাবপ্রাবল্যে নিজের অবস্থার উর্দ্ধে উৎক্ষিপ্ত হয়, এই তুই অবস্থার সাহিত্যের প্রভেদ অত্যন্ত অধিক।

সমাজ যথন নিজের চতুর্দিক্বর্তী বেই-নের মধ্যে, নিজের বর্জমান অবস্থার মধ্যেই সম্পূর্ণ অবক্লদ্ধ থাকে, তথনো সে বসিয়া বসিয়া আপনার সেই অবস্থাকে কল্পনার

দারা দেবত্ব দিয়া মণ্ডিত করিতে করে। সে[•]্যন কারাগারের ভিত্তিতে ছবি আঁকিয়া কারাগারকে প্রাসাদের মত সাজা-ইতে চেষ্টা পায়। সেই চেষ্টার মধ্যে মানব-চিত্তের যে বেদনা—যে ব্যাকুলতা আছে. তাহা বড় সকরুণ। সাহিত্যে সেই চেষ্টার বেদনা ও করুণা আমরা শাক্তযুগের মঙ্গল-কাবো দেখিয়াছি। তথন সমাজের মধ্যে ষে উপদ্ৰব-উৎপীড়ন, আকন্মিক উৎপাত, যে অন্তায়, যে অনি**শ্চ**য়তা ছিল, মঙ্গলকাব্য তাহাকেই দেবমর্যাদা **मिया मयख इ:**थ-ভীষণ দেবতার অনিয়ন্ত্রিত অবমাননাকে ইচ্ছার সহিত সংযুক্ত করিয়া কথঞ্চিৎ সাম্বনা-লাভ করিতেছিল এবং হঃখক্লেশকে ভাঙাইয়া ভক্তির স্বর্ণমুদ্রা গড়িতেছিল। এই চেষ্টা কারাগারের মধ্যে কিছু আনন্দ-কিছু সাত্তনা বটে, কিন্তু কারাগারকে ুলিতে পারেনা। এই চেষ্টা ভাহার বিশেষ দেশকালের বাহিরে লইয়া যাইতে পারে না।

কিন্তু সমাজ যথন পরিব্যাপ্ত ভাবাবেগে
নিজের অবস্থাবন্ধনকে লজ্জন করিয়া আনন্দে
ও আশায় উচ্ছ্বিত হইতে থাকে, তথনই
সেহাতের কাছে যে ভূচ্ছভাষা পায়, তাহাকেই
অপরূপ করিয়া ভোলে, মে সামান্ত উপকরণ
পায়, তাহার ছারাই ইক্রজাল ঘটাইতে
পারে। এইরূপ অবস্থায় যে কি হইতে
পারে ও না পারে, তাহা পূর্ব্ববর্তী অবস্থা
হইতে কেহু অমুমান করিতে পারে না।

একটি নৃতন আশার যুগ চাই। সেই আশার যুগে মাত্র্য নিজের সীমা দেখিতে পায় না— সমস্তই সম্ভব বলিয়া বোধ করে। সমস্তই সম্ভব বলিয়া বোধ করিবামাত্র যে বল পাওয়া যায়, তাহাতেই অনেক অসাধ্য সাধ্য হয় এবং যাহার যতটা শক্তি আছে, ডাহা পূর্ণমাত্রায় কাজ করে।

বর্ত্তমান বঙ্গদাহিত্যও হঠাৎ একদিন অভাবনীয় উন্নতির উচ্চশিখন্নে উঠিবে, এরূপ আশা করি। কথন্ উঠিবে ? যখন একমাত্র ভাব উচ্চু সিত হইয়া তাহার প্লাবনের দ্বারা नानारक এक कतिया निरव, मकरनत क्रमयरक সকলের দক্ষুথে আনিয়া দিবে, কাহারো কাহাকেও বুঝিতে বিলম্ব হইবে না। যথন বিভাগের মধ্যে এককে পাইব, বিচ্ছেদের মধ্যে মিলন পাইব। যথন অমুগ্রহের দারা পীড়িত হইব না, ষেখানে আমাদের গৌরব আছে, সেই জায়গাটা সন্ধান করিয়া বাহির করিতে পারিব। যথঁন আমরা বর্ত্তমানের বন্ধন ছেদন করিয়া তাহার বাহিরে একটা অনস্ত আশার ক্ষেত্র বিস্তৃত দেখিব। এখন ইংরাজের সাহিত্য, দর্শন, বিজ্ঞান, রাষ্ট্রতন্ত্র, व्यामानिशतक हातिनितक नीतकु ভाবে विष्टेन করিয়া আছে, আমরা তাহার বাহিরে কিছুই **(मथिए) পাই ना। পরের জিনিষ আমা-मिशत्क এक्वाद्य धाम क्रियाह्य । यथन** কোন্ প্রতিভাসম্পর মনীধী আসিয়া এই বেষ্টনকে ভেদ করিয়া আমাদিগকে মুক্তি দিবেন; যথন হঠাৎ আমরা অহুভব করিব, অমুকরণই আমাদের একমাত্র গৌরব নয়; আবিষ্কার করিব, আমাদের নিজের মধ্যে এমন এক বিশেষ শক্তি আছে, যাহা অন্ত কোন জাতির নাই; যথন চেতনা হইবে. ইংরাজিগ্রন্থের অর্থপুস্তক না মুথস্থ করিয়াও আমাদের শিক্ষা সম্পূর্ণ হইতে পারে: যথন

.আমাদের নিজের গৌরবের আ্বানন্দে আমা-দিগকে এক করিয়া দিবে, পরস্পরের সহিত সম্বন্ধীকারে আমাদের কোন शिकित्व मी; ज्थन त्महे जानत्मत्र मितन, আশার দিনে, গৌরবের দিনে, মিলনের मित्न, **य त्रो**डांगावान् कवि वांश्नादम গান ধরিবেন, তাঁহার গান জগতের মধ্যে मार्थक इटेर्रि। वक्रमण यथन অমরত্ব নিজের মধ্যে স্থুস্পষ্টরূপে উপলব্ধি ক্রিবে, নিজের সম্বন্ধে যথন তাহার কোন সংশয় - কোন সঙ্কোচ থাকিবে না, তথন নিভীক বঙ্গদাহিত্য সমস্ত সমালোচকের সমন্ত বাঁধি-বোল, সমন্ত ইস্কুলের সমন্ত মুথস্থ গৎ অবজ্ঞাভরে উপেক্ষা করিয়া নিজের অন্তরের মহানু আদর্শ অবলম্বন করিয়া অপূর্ব্ব কাৰুকৌশলে আপন নবীন দেবমন্দিরকে অভ্রভেদী করিয়া তুলিবে, এবং মুহুর্ত্তের মধ্যে তাহাকে প্রাচীনের চিরস্তন মহিমা ममर्थन कतिरव। यामता निष्कत अवश्र-গভীর মধ্যে বদ্ধ হইয়া, যাহা পারিয়াছি, তাহাই করিয়াছি, যাহা শিথিয়াছি, তাহাই বকিয়াছি, যাহা সন্মুথে পাইয়াছি, তাহাই বিহিতনিয়নে সাঞ্জাইয়া গেছি। আমাদের রচনা বাংলার বর্ত্তমান ভিত্তির মধ্যে এখনো কোন নৃতন গবাক্ষ কোন নৃতন আলোক আনে নাই, কোন নৃতন আশায় দেশকে প্লাবিত করে নাই, সাহিত্যকে এমন একটি প্রাণশক্তি দেয় নাই, যে শক্তিবলে আমাদের জন্ম প্রাণের, সৌন্দর্য্যের ও কল্যাণের অক্ষয় ভাণ্ডার হইয়া থাকে।

কিন্তু অন্তরের মধ্যে অমুভব করিতেছি, সেদিন দুরে নাই। সমস্ত অমুকরণ-অমু-সরণকে তৃচ্ছ করিয়া দিয়া নিজেকে নিজে লাভ করিবার জন্ম আমাদের হৃদন্তের মধো তীব্র বেদনা উপস্থিত হইয়াছে। মক্রভূমির মধ্যে ক্ষুধাতুর তৃষার্ত্তের স্কন্ধে টাকার থলি যেনন কেবল ভারমাত্র, "তেমনি বিদেশের যে সমন্ত বহুমূল্য বোঝা আমরা মাথায় চাপাইয়াছি, বুঝিতে পারিতেছি, তাহার মূল্য বৃত্তই হোক্, তাহা আমাদের বল অপ-হরণ করিজেছে—এখন মন কেবলি বলি-তেছে চাহি না, চাহি না, এ সমস্ত কিছুই চাহিনা। তবে কি চাই ? হৃদয়ের মধ্য হইতে এই প্রাথনা উদ্ধন্তরে কাঁদিয়া উঠি-তেছে, আপনাকে চাই চাই আপনার শক্তিকে ৷ প্রচুর হইলেও উপকরণমাত্রে কোন লাভ নাই—তাহা আবৰ্জনা ! সভা-সমিতি, দরখান্ত ও কন্ত্রেদে যে আমা-**मिशिक शैन**े हरेट पूक्ति मिट शास्त्र, এ গোহ আমাদের মন হইতে চলিয়া ঘাই-তেছে, গবর্মেণ্ট্ অনুগ্রহপূর্বক উচ্চ আসনে চড়াইয়া আমাদিগকে বড় করিতে পারে, এই মিথ্যা আশাও শিথিল হইয়া আদিয়াছে। এথনি যথাথ সময় ! এখনি মনে হইতেছে, কোন মহাপুরুষের আবির্ভাব আসম হই-য়াছে, যিনি ভারতবর্ষের সমুথে ভারতবর্ষের পথ উদ্যাটিত করিয়া দিবেন-বিনি আমা-দের অন্তরের মুধ্যে এই কণা ধ্বনিত করিয়া

তুলিবেন যে, আমরা ভারতবাদী, আমরা ফিরিঙ্গি নই, আমরা বর্কর নই, আমাদের লজ্জার কোন কারণ নাই। যিনি আমাদের मनत्क, आंभारमंत्र इमग्रत्क, आंभारमंत्र कन्न-नाटक श्राधीन कतिया जिटन-पिनि आमा-দের শিক্ষার বন্ধনমোচন করিবেন, আমা-দের বিদেশী সংস্কারের সমস্ত কুহেলিকা অপসারিত করিয়া দিবেন। তথন আমাদের বর্ত্তমান অবস্থা যেমনি থাক, আমাদের চিত্ত তাহার বহু উর্দ্ধে উঠিয়া সমস্ত বিশ্ব-জগৎকে প্রত্যক্ষ আপনার সন্মুথে প্রসারিত **(मिथिदि । এমন মুক্তি আছে, यादाकि** রাজার শাসন, প্রবলের পীড়ন, অবস্থার পেষণ ম্পর্ণ করিতে পারে না। সেই মুক্তিই ভারতবর্ষের লক্ষ্যস্থল ছিল এবং সকল কুদ্রতা ও স্বার্থচেপ্তার আক্রমণ্ণ হইতে সেই রত্নকে রক্ষা করিবার ভার লইয়াই ব্রাহ্মণ ভারতবর্ষে গৌরব লাভ করিয়াছিলেন এবং দেই রয় হারাইয়াই ব্রাহ্মণ ও ভারতবর্ষ রুসাতলে গেছে। সেই মুক্তির আশা ও আনন্দ যথন অরুণালোকের স্থায় আমাদের মাতৃভূমির উদয়াচল স্পর্শ করিবে, তথন যে অপরূপ সঙ্গীত চতুর্দ্দিক্ হইতে ধ্বনিত—উ**ল্গীত হই**য়া উঠিবে, তাহা আমার অন্তরে বাজিতেছে, কিন্তু তাহা প্রকাশ করিবার সাধ্য আমার নাই। সেইদিনকার বঙ্গসাহিত্যের জ্বন্স অমিরা অপেক্ষা করিয়া আছি, ততদিন যাহা করি-তেছি, তাহা ক্রীড়াচ্ছলে সময়যাপন মাত।

স্কুলের স্মৃতি

<u>---</u>

আমাদের বাড়ীর নিকট পাঁচটি স্কুল ছিল। একটি ইংরাজ গবর্ণমেন্টের সাহায্য-প্রাপ্ত এন্ট্রেন্স স্কুল। এটি ফরাসী চন্দন-নগরের ভদ্রলোকের ষত্নে সংস্থাপিত হইলেও বুটিশ চন্দননগরে অবস্থিত ছিল এবং গড়-বাটী-নামক স্থানে ছিল বলিয়া সকলে ইহাকে গড়ের স্কুল বলিত। দ্বিতীয় স্কুলটি ফরাসী চন্দননগরের মধ্যে সংস্থাপিত ছিল এবং রোমান্ ক্যাণলিক্ পাদ্রিরা ইহা প্রতিষ্ঠা করেন, এইজন্য সকলে ইহাকে ফরাসী স্কুল বা পাদ্রীর স্কুল বলিত। তৃতীয় হুগলী কলেজ— পরিচয় অনাবশুক। • চতুর্থ চুঁচুড়া ফ্রীচর্চ্চ বা ডফের স্কুল, এটি কলিকাতা ফ্রীচর্চের শাখা। পঞ্ম ভগলী নর্মাল স্কুল। ভগলী কলেজ ও নর্মাল স্কুল ইংরাজ গবর্ণমেন্টের খাস। গড়ের স্কুল, পাদ্রী স্কুল ও ফ্রীচর্চেচ এণ্ট্রেন্স ক্লাস পর্যান্ত পড়াইবার বন্দোবন্ত ছিল। হুগলি কলেজে এম্, এ, ও নর্মাল স্কুলে ত্রৈবার্ষিক পরীক্ষা পর্যান্ত পড়ান व्यधीरन कलिक्षिरब्रह কলেজের ऋ्व এবং नर्माव ऋ्रवत अभीत मर्छव क्र्न हिन। মডেन क्र्रन मध्य देश्ताकी वा মধ্য বাংলা পর্যান্ত পড়া চলিত।

গড়ের স্থলটি মধ্যে একেবারে লোপ পাইয়াছিল, এখন আবার স্থানীয় লোকের যত্নে মাথা তুলিয়াছে। ফরাসী স্থলটি এখন আর পাদ্রীদের হাতে নাই, ফরাসী গবর্ণ-মেণ্ট এখন উহা নিজের হত্তে লইয়া-

"ছপ্লে কলেজ"। স্কুলটি ফরাদী অধিকারে স্থাপিত ও ফরাসী গবর্ণমেন্টের দ্বারা পরি-চালিত হইলেও, উহা কলিকাতা বিশ্ববিদ্যা-লম্বের অন্তর্ক্ত। উহাতে এফ্, এ, প্যান্ত পড়ান হইয়া থাকে। পূর্বে স্কুলটির নাম ছিল-"সেণ্ট মেরীজ্ ইন্ষ্টিটিউশন্"। এথনও চন্দন-নগরের বাহিরে উহা এই নামেই পরিচিত। হুপ্লে কলেজে ফরাসী পড়িবার জন্ম স্বতম্ভ বিভাগ আছে। এই বিভাগে সকল বিষয়ই ফরাদীতে পড়ান হইয়া থাকে, কেবল ইংরাজী ও বাংলা দিতীয় ভাষা (second language) বলিয়া পড়ান হয়। ফরাদী বিভাগের ছাত্রের। প্রথমে একটা পরীক্ষা দেয়, তাহার নাম সার্তিফিকাদেত্যুদ্"। ইহার পরে যে পরীক্ষা হয়, তাহার নাম "ব্রেভে"। ব্রেভে-পরীক্ষা ষাবার হই প্রকারের আছে—নিম্ন ও উচ্চ। ত্রেভে-পরীক্ষা চন্দননগরে হয় না, পরীক্ষার্থী-দিগকে পণ্ডীচারীতে গিয়া পরীক্ষা দিতে হয়। নিম্ন ব্ৰেভে অনেক বাঙালী পাস্ হইয়াছেন, কিন্তু উচ্চ ব্ৰেভে এ পৰ্য্যস্ত কোনও वाक्षांनी (एन नाहै। উচ্চ ব্ৰেভে নাকি ইংরাজী বি, এ, পরীক্ষার অপেক্ষা কঠিন। অধিকস্ত ইহাতে সঙ্গীত, যুদ্ধবিদ্যা ইত্যাদিও শিক্ষা করিতে হয় ৷ ছুপ্লে কলেজের প্রিন্সি-পাল একজন ফরাসী সাহেব, সহকারী প্রিন্দিপাল এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের এম, এ, উপাধিধারী একজন বাঙালী যুবক।

সমন্ত ইংরাজী বিভাগের ইনি সর্বাময় কর্তা। ইংরাজী বিভাগের নিম্নশ্রেণীতেও ফরাসী ভাষা পড়ান হয়, কিন্তু চতুর্থ শ্রেণী হইতে উহা ছাত্রদের ইচ্ছাধীন।

ফরাদী-শিক্ষা আমাদের তত আবশুক ছিল না বলিয়াই হউক, অথবা তথন পাদ্রী-দের আমলে ভাল ইংরাজী পড়ান হইত ना विषया इंडिक, आभारत वांदीत निक्रे চইলেও আমরা ফরাদী স্কুলে না পড়িয়া গড়ের স্কুলে পড়িতে যাইতাম। তথন গড়ের ক্লের পড়্তা ভাল ছিল। আমাদের পাড়ার অধিকাংশ ছেলেই গড়ের স্কুলে পড়িত। আমি ফরাসী স্কুলে গুতি অল্পদিনমাত্রই পড়িয়াছিলাম। ফরাসী স্কুলের কতকগুলি বন্দোবস্ত বড় ভাল ছিল এবং এখনও আছে। কোন বালক দণ্ডাৰ্হ কারণে হইলে শারীব্রিক বা আর্থিক দণ্ড ভোগ করিতে হইত না। একমাত্র দণ্ড ছিল---रुषांकत (लथा। 'गांतरधात' कृतांत्री कृत्ल একেবারেই ছিল না। কোন বালককে দণ্ড দিতে হইলে শিক্ষক বলিতেন,"তোমার ছইশত ছত্ত দণ্ড হইল।" অর্থাৎ সেই বালককে তাহার নিতাকর্ত্তবা পাঠ ছাড়া আরও ২০০ ছত্র শিথিতে হইত। এই ছত্তেরও একটা নিয়ম ছিল। স্কুলের কর্তৃপক্ষেরা ফ্রান্স হইতে একপ্রকার অক্ষর লিখিবার আদর্শপুঞ্ক (copy book) আনাইতেন। ভাহাতে অক্ষর লিখিবার বড় স্থলর উপায় প্ৰদৰ্শিত ছিল। এক হইতে দশ নম্বর পর্যান্ত কপি-বই কিনিতে পাওয়া যাইত। প্রতি পৃষ্ঠার উপরে এক ছত্র, আঁর নিয়ে অতি হৃদ্ধ বিন্দু দ্বারা সেই উপরিস্ক ছত্তের

অক্ষরগুলিই লেখা থাকিত। পাঁচ-দাত পৃষ্ঠার পর আর পূরা অক্ষরে লেখা থাকিত না, কেবল কয়েকটি বিন্দুধারা অক্ষরের আয়-তন দেখান হইত। ছাত্রেরা অভ্যাসবশত ঠিক ছাপার ন্যায় লিথিয়া যাইত। খাতাগুলির আয়তন ফুলস্ক্যাপ কাগজের চারিভাগের এক ভাগ। যথন এই থাতার প্রচলন ছিল, তথন ফরাসী কুলের ছাত্রদের হস্তাক্ষর অতি স্থুনর ও সকণের হস্তাক্ষর প্রায় ছাঁদের হইত। ফ্রান্সের কর্তৃপক্ষগণ এখন অন্ত প্রকার ধারণায় কপিবই উঠাইয়া দিয়া-ছেন। তাঁহারা বলেন, কপিবই দেখিয়া লিখিলে হস্তাক্ষর ভাল হয় বটে, কিন্তু হাতের লেখায় ছেলেদের স্বাধীনতা না তাহাদের মনোবৃত্তির স্বচ্ছন স্ফুর্ডি বিকাশে ব্যাঘাত ঘর্ট। তাঁহাদের মতে প্রত্যেক লোকের হস্তাক্ষর ভিন্ন ভিন্ন প্রকারের হওয়া উচিত। কপিবই দেখিয়া লিখিলে তাহা হয় না। হস্তাক্ষরশিক্ষক এখন কপি লিখিয়া দেন না, প্রত্যেক ছাত্রের লেখ। তাহারই ছাঁদে বজায় রাখিয়া শুদ্ধ করিয়া দেন। তিনি কেবল দেখেন, লেখা-গুলি সরল রেথায় চলিতেছে কি না, সমান্তর এবং সমায়তন হইতেছে কি না। স্বাধীন-তার লীশাভূমি ফ্রান্সে হস্তাক্ষরের স্বাধীনতা-টুকু নষ্ট করিতেও কর্তৃপক্ষ বিরক্ত।

এই দকল 'কপি-বই'এর হিদাবে ছাত্র-দের দণ্ড হইত। প্রত্যাহ ছুটির পর অথবা টিফিনের ছুটির সময় অপরাধী বালক একাকী আবদ্ধ থাকিয়া এই হস্তলিপিরূপ দণ্ড ভোগ করিত। এই লেখা স্কুলে বদিয়া লিথিতে হইত। অন্তান্ত বালকেরা ধেলা

করিতেছে অথবা ছুটির পর বাড়ী চলিয়া গেছে, আর একজনমাত্র বালক পাঠগৃহে আবদ্ধ থাকিয়া বদিয়া-বদিয়া লিখিতেছে, ইহা বোধ হয় বালকদের পক্ষে দণ্ডের চূড়ান্ত। স্কুলের কর্ভূপক্ষ মিশনরীরা বলিতেন যে, বালকদের জরিমানা করিলে কার্য্যত তাহাদের অভিভাবকগণেরই জরি-মানা করা इয়। বালকদিগকে অর্থদত্তে দণ্ডিত করিলে তাহারা প্রায়ই পিতামাতার নিকট অর্থ চাহিতে সাহস করে না, অনেক স্থলে চুরি করিয়া বদে, অথবা অন্য কোন অসত্পায়ে পর্মা সংগ্রহ করিতে চেষ্টা দরে; সেইজন্ম ছাত্রদের অর্থদণ্ডের অপেক্ষা জঘন্ত প্রথা আর নাই। লিখনদত্তে ছাত্রেরাও শাসিত হয়, অথচ তাহাদের হস্তাক্ষরের ও উন্নতি হইয়া থাকে। কুলের ছোটসাহেব বালকগণকে বড় ভাল বাসিতেন, এমন কি, ছাত্রদের পীড়া হইলে স্বয়ং তাহাদের বাড়ীতে গিয়া দেখিয়া আসিতেন। পাদীরা সকলেই অৱ-অৱ বাংলা শিথিয়াছিলেন। সময়ে সময়ে তাঁহাদের বাংলা ভূনিয়া বালকগণ হাস্য-সংবরণ করিতে পারিত না। ছোট-সাহেব কোন বালকের উপর বিরক্ত হইলে অক-ন্মাৎ চীৎকার করিয়া বলিয়া উঠিতেন, "জাঁ— দুঁর---" অর্থাৎ যা---দূর। এই 'ঘা'শব্দটা উচ্চারণ করিতেন ইংরাঙ্গী pleasure শব্দের 'S' এ চক্রবিন্দু দিলে ধেমুন হয়, কতকটা সেইরপ। ফরাসীরা 'b' 'ছ' উচ্চারণ করিতে পারে না, তাহার পরিবর্ত্তে 'শ' ও 'স' ব্যবহার করে। ছোট-সাহেব ছাত্র-গণকে গালাগালি দিতেন "নেরা পোশা" বলিয়া। অর্থাৎ "নেরা পোশা"

পচা।" কেশশুন্য মন্তক যে একটা গালাগালি, তাহা বাঙালী ছাত্তের। কোনপ্রকারেই হাদরক্ষম করিতে পারিত না। তাঁহার
আর একটা তিরস্কারস্ফচক কথা ছিল-—
"বাঁরের ছাদ থেয়ে বাস্থরের মত হয়েসিদ্।"
(বাঁড়ের ছাদ থেয়ে বাছুরের মত হয়েছিদ্!)

ফরাসী স্কুলে মাদে একবার করিয়া পরীকা হইত। যে সকল বালক পরীকায় উচ্চস্থান লাভ করিত, তাহারা প্রতিমাসে একথানা ছাপান **শাটিফিকেট** করিয়া পাইত : ঐ সাটিফিকেট্কে 'নোত্-দে-অনার' (note of honour) বলিত। ছোট ছোট ছেলেরা বলিত 'ন্তদানায়' এবং কেছ কেছ বা 'নরদামায়'ও বলিত। ষাহাদের নোত্-দে-অনারের সংখ্যা সর্বাপেক্ষা অধিক এবং বাৎসরিক পরীক্ষাতে ফল ভাল হইত, তাহা-রাই প্রাইজ পাইত। বাংসরিক পরীক্ষাব সময় কেহ পীড়িত হইয়া পরীক্ষা দিতে অস-মর্থ হইলে, সে নোত্দে-অনার দেখাইয়া উপরের শ্রেণীতে উঠিতে পারিত। এখন এইপ্রকার নোত্-দে-অনার নাই,তাহার পরি বর্ত্তে প্রতি বালকের জন্য একথানি কবিয়া ছাপান পুত্তক শিক্ষকের নিকট রাখিয়া দেওয়া হয়। প্রতাহ কোন্ বালক কোন বিষয়ে কত নম্বর পাইল, তাহা ঐ পুস্তকে লেখা থাকে। মাদের শেষ ঐ পুস্তকখানিতে শিক্ষক নিজের অভিপ্রায় লিথিয়া ছাত্তের অভিভাবকের নিকট পাঠাইয়া দেন এবং অভিভাবক তাহা দেথিয়া ছাত্রের প্রড়ান্তনার পরিচয় পান। অভিভাবক দেখিয়া নাম সই করিয়া আবার ছাত্তের দ্বারা শিক্ষকের

নিকট পাঠাইরা দেন। এইপ্রকারে বালকের প্রাভাহিক পাঠের দোষগুণ লিখিতৃ

হইতে থাকে এবং বংসরের শেষে এই
পুস্তক দেখিয়া ছেলেদের পারদর্শিতার বিচার
করা হয়। এইপ্রকার লেখাপড়া থাকায়
ছেলেরা স্কুলে ফাঁকি দিতে পারে না।

ফরাসী স্কুলের আর[°]একটি স্থন্দর নিয়ম এই ষে, টিফিনের ছুটি হইলে অথবা অপরাফে ऋल वस इटेरल वालकनन इटेबन इटेबन করিয়া শ্রেণীবদ্ধভাবে ক্লাস হইতে বাহির হয়। অন্যান্য স্কুলে যেমন দেখিতে পাই, ছুট इटेरनरे वानरकता खग्नानक शानमान कतिया ८वक ডिঙारेया कान्ना नाकारेया পরস্পরকে ধাকা দিয়া উদ্ধর্যাদে রাস্তার **मिरक धारमान इय़, ফরাসী ऋरल সেরপ** হইত না এবং এখনও হয় না। ছুটির ঘণ্টা বাজিবামাত ছাতেরা দণ্ডায়মান হইয়া হই-জন গুইজন করিয়া নীরবে কক্ষ হইতে বাহির হইতে থাকে। প্রথমে দর্কনিম্ন শ্রেণীর, তার পর তার উপর শ্রেণীর এবং দর্বদেষে প্রথম শ্রেণীর ছাত্রগণ বাহির হয়। স্কুল পার হইয়া পথে গিয়া ছাত্ৰগণ ছত্ৰভঙ্গ হইয়া পড়ে। ফরাসী স্থালের এই প্রথাগুলি সকল विमानास প্রবর্ত্তিত হইলে ভাল হয়।

গড়ের স্কুলে একটি বাংলা বিভাগ ছিল।
বিদিও তাহা হইতে কথনও কাহাকেও
ছাত্রস্থি বা প্রাইমারী পরীক্ষা দিতে দেখি
নাই, তথাপি একটি বাংলা বিভাগ ছিল।
প্রভাহ ছুটির পূর্বে প্রায় আধঘণ্টা ধরিয়া
ছাত্রেরা বাংলা কবিতা আর্ত্তি করিত।
বালক্রগণ যথন কোমল কঠে "দয়ার সাগর,
সর্বাগুণাকর, যিনি অথিলের স্বামী" অথবা

"একে একে দিবারাত, করিতেছে গভায়াত, রবি-শশী আলো করে অগতে কেমন হে" বলিয়া সমস্বরে কবিতাপাঠ করিত, তখন সে কবিতপাঠ বড় মিষ্ট লাগিত। শুনি-য়াছি, শিশুগণের এইপ্রকার কবিতা আবৃত্তি করিবার প্রথা হুগলী মডেল স্কুলের কোন একজন শিক্ষক প্রথমে প্রবর্ত্তিত করেন। 'প্রথমে প্রবর্ত্তিত' অর্থে স্কুলে প্রথমে প্রব-র্ত্তিত। নচেৎ আমাদের দেশীয় পাঠশালে "বন্দে মাত হুরধুনি, পুরাণে মহিমা ভনি, পতিতপাবনী পুরাতনী" আবৃত্তি হইত। किन्छ, ऋननाभक विमानात्र (वरक विमान ঈশ্বরের মহিমাবিষয়ে কবিতা আরুত্তির স্ষ্টি প্রথমে হুগলী মডেল স্কুলেই হইয়াছিল। তথন বন্ধমানবিভাগে এমন কোনও বিদ্যা-লয় ছিল না, যেখানে ^{*}হুগলী নর্মাল স্কুলের ছাত্রেরা শিক্ষকতা না করিয়াছেন। আমা-দের গড়ের স্থূলের পণ্ডিতমহাশয়ও ছগলী নশ্মাল স্কুলের ছাত্র ছিলেন,তাই সেই কবিতা-আবৃত্তির প্রথা আমাদের স্কুলেও সংক্রামিত কোন শ্রেণীর **ट्रिया** ছिल । বালকেরা অধিক গোলমাল করিলে পণ্ডিতমহাশয় বলিয়া উঠিতেন, ''উত্তিষ্ঠ।" আর অমনি দকলে মুখের অদ্ধনমাপ্ত কথা অসমাপ্ত রাখিয়া নীরবে দণ্ডায়মান হইয়া উঠিত এবং ষ্তক্ষণ পণ্ডিতমহাশয় না বলিতেন "উপবিশ", ততক্ষণ নিস্তব্ধ হইয়া দাঁড়াইয়া থাকিত। আমাদের যিনি হেড্ পণ্ডিত ছিলেন, তাঁহাকে আমরা যমের মত ভয় করিতাম। তাঁহার সময়ে কথা কহা দূরে থাক্, কাশিতে ভয় হইত। আমাদের স্কুলে ছাত্রদের সন্মুখে ডেক্স অথবা টেবিল ছিল না, ছাত্রেরা

সম্মুখের মেঝের উপরেই পুস্তক রাখিত। এই পুস্তকরক্ষাও ঠিক সরলরেথাতে করিতে হইত। যদি রেথা বাঁকিয়া যাইত, তাহা হইলে পণ্ডিতমহাশয় এক একবার নাম ধরিয়া হুহুঙ্কার দিয়া উঠিতেন, আর ছাত্রদের এক-সের রক্ত শুথাইয়া যাইত। হেড্পণ্ডিত-মহাশয় একটু অধিক প্যারেড প্রিয় ছিলেন। তিনি ক্লাসে প্রবেশ করিয়াই বলিতেন, "পুস্তক লও—সমশির" অর্থাৎ সকলে মস্তক সমান নত করিয়া পুস্তক লও। তার পর যত-ক্ষণ তিনি না বলিতেন "মস্তক তোল", তত-ক্ষণ আমরা মাথানত করিয়া থাকিতাম। এই স্কুলে ছুটির পর সারিবন্দী হইয়া যাওয়া অথবা কোন অপরাধে লেখা-দণ্ড ছিল না। বড় পণ্ডিতমহাশয় বেত্রদণ্ডেই সকল অপ-রাধের শান্তিবিধান করিতেন। এই স্কুলে শান্তির চরম অর্থাৎ capital punishment ছিল 'গাধার টুপি'। গাধার টুপি আবার তুই প্রকারের ছিল-ক্লাসের মধ্যে গাধার টুপি, আর **স্থাের প্রাঙ্গ**ণে গাধার টুপি। ऋ त्वत्रायथारन এक है। वड़ छेठान हिल। কাহাকেও চরম শান্তি দিতে হইলে এই উঠানের মাঝথানে একট। টুল রাথিয়া অপরাধীর মস্তকে একটা ত্রিকোণ কাগজের টুপ্লি পরাইয়া দেওয়া হইত। নির্ব্দ্ধিতা यि गांधांत्र लक्षण रय, তारा रहेटल याहा-দের মাথায় এই টুপি দেওয়া হইত, তাহাদিগকে গাধা বলিতে পারি না। কারণ নির্বোধ ছেলেরা প্রায় কথনও হুই গাধার টুপি কথনও হয় না। এই নিৰ্বাদিতার জন্ম ব্যবহৃত হইত ধাহারা অভিরিক্ত বুদ্ধিমান্ অর্থাৎ হুষ্ট,

তাহারাই এই অদ্ভূত শির**ক্লাণে দজ্জিত** হুইত।

গ্রীম্মাবকাশের একমাস পূর্ব হইতে আমাদের মণিং স্কুল হইত। সে এক মহা-আমোদ। আমাদের বাড়ী হইতে গড়ের স্কুল নিতান্ত কাছে ছিল না, প্রায় দেড়-মাইল পথ হইবে। প্রাতে সাড়ে ছয়টার সময় আমাদের স্থুল বসিত, কিন্তু আমরা অতি প্রত্যুধে, বোধ হয় সাড়ে তিনটা বা চারিটার সময়, শ্যাত্যাগ করিয়া স্কুলে যাইবার জন্য প্রস্তুত হইতাম। মা পূর্বাদিন বৈকালে কিছু থাবার আনাইয়া রাখিতেন। অতি প্রত্যুষে উঠিয়া মুখ হাত ধুইয়া দেই খাবার থাইয়া পথে বাহির হইতাম। তথনও বেশ অন্ধকার থাকিত। মার অনিচ্ছাসত্ত্বেও আমাদিগকে এই অন্ধকার থাকিতে থাকিতে যাইতে হইত, কারণ পাড়ার অন্যান্য বয়স্করা আমাদিগকে ডাকিতে থাকিত। এক-এক-দিন এত প্রাতে যাইতাম যে, যথন স্কুলে উপস্থিত হইতাম, তথনও ১০৷১৫ হাত দুরের পারা ষাইত না। লোক চিনিতে স্কুলে একটি অতি প্রাচীন মালী ছিল। বেচারা সমস্তরাত্রি মশার অত্যাচারে ছট্ফট্ করিয়া ভোরবেশায় একটু চক্ষু বৃঞ্জিত, আর সেই সময় স্কুলের পোড়োরা গিয়া চীৎকার-স্বরে তাহার নিদ্রা ভাঙাইয়া দিত। যাইবার সময় যে আমরা খুব ভাল মাতুষটির মত যাইতাম না, তাহা বলাই বাছল্য। চৈত্র-মাদের প্রায় অর্দ্ধেক আন্দাব্ধ হইলেই আমা-দের মর্ণিং কুল আরম্ভ হইত। দেই সময় তারকেশ্বর্যাত্রী সন্ন্যাসীরা প্রাতে গ্রনামান করিয়া দলবদ্ধ হইয়া তারকেশ্বর

করিত। তুথন তারকেশ্বরের গাড়ি হয় নাই, স্থতরাং যাত্রীরা পদবক্ষে যাইত ও্ মাঝে মাঝে জনশূন্য পথের নিস্তর্কতা ভঙ্গ করিয়া "বলে ভারকেশ্বরের শিংবা –মহা-বলিয়া দেব**—জ**য় বাবা তারকনাথ" উ**ল্ভেম্ব**রে চীৎকার করিত। আমরাও ভাহাদের অমুকরণে "তারকেশ্বরের শিবো" বলিয়া চীৎকার করিতাম। দলবদ্ধ হইয়া তালে তালে "ধন্য ধন্য ধন্য আজি দীন-আনন্দকারী" বলিয়া গান করিতে করিতে যাইতাম। আমাদের স্কুলে একটি ব্রাহ্মসমাজ ছিল, তাহার বাৎদরিক অধি-বেশনের দিন আচার্যামহাশয়ের মুখে ঐ গান ভানিয়া আমরা শিথিয়াছিলাম।

পুর্বেব লিয়াছি, আমরা খুব শান্ত-শিষ্ট, প্রথমভাগের 'গোপালের' মত বালক ছিলাম না। আমরা ধ্থন পঞ্চম-শ্রেণীতে পড়ি, তথন আমাদের একজন নৃতন শিক্ষক আসিলেন। তিনি জাতিতে কলু। আমাদের দলের একজন ডান্পিটে ছেলে একদিন বলিল, "ভাই মণিং স্কুল আদচে, সকালে এসে যে কলুর মুথ দেখুব, তা হবে না। হয় কলুকে তাড়াব, নয় আমি কুল ছাড়্ব," ইত্যাদি ইত্যাদি। তার পর মণিং স্কুল আরম্ভ হইল। ক্লাসে গিয়া দেখি, আমাদের দেই মাতব্বর বন্ধুটি চক্ষু মুদ্রিত করিয়া ধানমগ্র হইয়া রহিয়াছে! মাষ্টার যাহা প্রশ্ন করেন, তাহার উত্তর দেয়, কিন্তু মুদ্রিতনেত্রে। শিক্ষকমহাশয় প্রথমদিন किছू विलियन ना। २। ४ मिरन त्र मूर्या हकू-বোজা-রোগটা সংক্রামক হইয়া পড়িল। মাষ্টারমহাশয় ক্লাসে প্রবেশ করিয়া দেখি-

रनन य, ठाँशांत निषानन मकरनहे ४७ ता है **रुहेशारह। वना वाह्ना, जिनि ज**९क्रना९ কাব্লণ বুঝিতে পারিলেন এবং অবিলয়ে গিয়া দিতীয় শিক্ষকমহাশয়কে বালকদের এই অদ্তুত ব্যবহারের কথা বলিয়া দিলেন। আমাদের স্থল হেড্মাষ্টার সম্বেও second masterই সর্বেদর্কা ছিলেন। কারণ তাঁহা-রই কয়েকজন বন্ধুর উদেয়াগে এই স্কুলটি তিনি বিভালয়ের আরম্ভ স্থাপিত হয়. হইতে মাষ্টারি করিতেছেন, আর ভাহার আমলে অনেক হেড্ মাষ্টারের প্রেশ ও প্রস্থান হইয়াছে। অধিকন্তু তিনি বড় রাশ-ভারী লোক। এই দকল কারণে তিনি ইংরাজী বিভাগের সর্বময়-কর্ত্তা ছিলেন। যাহা হউক, আমরাত চকু বুজিয়াবদিয়া আছি, এমন-সময় হঠাঁৎ "আর কর্বো না sir," "ঘাট হয়েছে sir," "আব sir" ইত্যাদি সকাতর চীৎকারধ্বনিতে চমকিত হইয়াচকু চাহিয়া দেখি—সক্ষনাশ ! স্বয়ং দেকেও মাষ্টার বেত্রদণ্ডহন্তে ক্লাদে অধিষ্ঠিত হইয়া মুদ্রিতচকু বালকগণের ধ্যানভঙ্গ করিতেছেন। সেকেণ্ড মাষ্টার ক্লাদের এক ধার হইতে আরম্ভ করিয়া সজোরে এক এক ঘা সকলের মন্তকে প্রহার করিতে করিতে যাইতে লাগিলেনু। আমাদের ধ্যানমগ্ন হওয়াটা যেমন সংক্রামক হইয়াছিল, ধ্যানভঙ্গটাও সেইপ্রকার আক-শ্বিক হইল। আঘাতপ্ৰাপ্ত হইয়া ধ্যানভঙ্গ হইলে যোগীরা যে যথেষ্ট ব্যথা অনুভব করেন, তাহা আমরা বেশ বুঝিতে পারি-বুঝিলাম যে, পুষ্পশরে লাম। হইয়া মহাযোগী মহাদেব কেন

ঠাকুরকে ভন্ম করিয়াছিলেন। এক্ষেত্রে কিন্তু মনে মনে সেকেণ্ড মান্টারকে এবং তাঁহার সহিত কলু মান্টারকে মদনের দশা পাওয়াইবার জন্তু আমাদের বিশেষ চেটা সত্ত্বেও তাঁহারা সশরীরে স্বস্থ নিদ্দিষ্টস্থানে ফিরিয়া যাইলেন। বলা বাহুল্য যে চোরা গাভীর সহিত অনেক কপিলা গাভীও সেকেণ্ড মান্টারের স্থমিষ্ট বেত্রদণ্ডের আসাদ অনুভব করিয়াছিলেন:

মর্ণিং স্কুলে দশটার সময় ছুটি হইত, আমরা প্রায় এগারটার সময় বাটী পৌছি-তাম। তাহার পর বোধ হয় ৪।৫ মিনিটের বস্ত্রপরিবর্ত্তন, পুস্তকরক্ষা, তৈল-ম্রক্ষণ ইত্যাদি শেষ করিয়া নিকটপ্ত বৃহৎ সরোবরে দলবদ্ধ হইয়া পড়িতাম। সে পতন মৈনাকের সাগরজলে অবগাহনের ন্থায়, তাহার আর শেষ নাই। স্নানার্থী আসিয়া স্নান-আহ্রিক শেষ করিয়া উঠিয়া গেল; কত যুবতী, কত প্রোঢ়া, কত বুদ্ধার নিকট হইতে গালি থাইলাম: কেছ বামার নিকট নালিশ করিবার ভয় পর্যান্ত দেখাইতে লাগিল; কিন্তু আমাদের স্নান আর **भिष इग्र ना । अवस्थित यथन श्रुक्तिशी**त ঘাটের জল যথেষ্ট কর্দমাক্ত এবং চক্ষ রক্তবর্ণ ও হন্ত-পদ-তল রক্তশৃতা ও কুঞ্চিত হইয়া উঠিত, তথন আমাদের স্থান শেষ হইত। তথন বোধ হয় বেলা একটা বাজিত। তার পর আহারাম্ভেই কি রৌদ্রের ভয়ে স্থির হইয়া গৃহে থাকিতাম ? সমস্ত মধ্যাহে বাগানে বাগানে কাঁচা আম পাড়িয়া তাহাই পুদিনা, नक्षा ও गर्ग সংযোগে অর্দ্ধ-কুটিত করিয়া চাট্নি করিতাম ও কদলী-

পত্রের দীর্ঘাকৃতি ঠোঙা ক্রিয়া ঠোঙার
দক্টা মুথে দিয়া চ্ষিরা চ্যিরা সেই
চাট্নির রস থাইতে থাকিতাম। মর্ণিং
কুলে ছেলৈদের যা কল্যাণ সাধিত হইত,
তা আমরা বেশ বুঝিতে পারিতাম।
যদি ইহাতে কাহারও কোন উপকার হইয়া
থাকে, তাহা হইলে সে শিক্ষকগণের।
কারণ মধ্যাহে চেয়ারে বিসয়া ক্লাশের মাঝে
না চুলিয়া বেশ স্থাথে তাঁহারা গৃহে গিয়া
নিদ্রা দিতেন।

हगनी कनिष्करप्रे कृतन यथन श्रविष्टे হংলাম, তথনও আমরা বালক। ছগলী কলেজে মণিং স্কুল হইত না বটে, কিন্তু আমাদের আবার নৃতন উপদর্গ আদিয়া জুটিল। আমাদের বাড়ী হইতে হুগলীর কলেজ প্রায় দেড়কোশ পথ। আমরা প্রতাহ নৌকাযোগে কলেজে যাতায়াত করিতাম। হুগলী কলেজ গঙ্গার উপরেই অবস্থিত, আর আমাদের বাড়ীও গুলার তীর হইতে দশ মিনিটের পথ, স্থতরাং জলপথটাই আমাদের পক্ষে প্রশন্ত ছিল। কলেজে যাইবার জন্ম প্রত্যন্ত (১৬খানি নোকা আমাদের চলননগর হইতে কলেজে যাইত। কলেজে মোটের উপর বোধ হয় ২০।২৫থানি নৌকা জড় হইত। ষাহাদের এইরূপ নৌকায় যাতায়াত, তাহাদের প্রত্যেকের কাছ হইতে কলেজের নৌকার মাঝির মাসিক একটাকা করিয়া বেতন বরাদ **ছिल।** आभारनंत्र त्नोका यथन आभारनंत्र ঘাট হইতে ছাঙ্িত, তথন রেলা ৯টা; ১০টার সময় কলেজ বসিত। এক এক খানি নৌকায় ১২।১৩জন ছাত্র থাকিত। প্রতি

মাদে এই ১২০১০ টাকা মাঝির বাঁধা বেতন, তা ছাড়ী পুজার সময় সে প্রায় সকল ছাত্রের নিকট হইতে ধুতি-চাদর এবং ছাত্র-গণের বিবাহ, উপনয়ন অথবা 'পাঁদ্' হওয়া প্রভৃতি উপলক্ষে নানা প্রকার বক্সিস পাইত। গ্রীমাবকাশ বা পূজার বন্ধে কলেজ বন্ধ হইত, কিন্তু মাঝিদের বেতন বন্ধ হইত না। এইসময় মাঝিরা স্বেঞামত নৌকা ভাড়া দিত। ভঙ্কির প্রাতে, মধ্যাহে ও রাত্রে তাহার গঙ্গায় ইলিশ-মাছ ধরিত বা ভাডা পাইলে ভাড়ায় যাইত মোটের উপর क त्मर इत्र तोकात माथिए तत्र अवश मन ছিল না। অনেকেরই মাসে গড়ে ত্রিশ-টাকা উপার্জন হইত। অধিকাংশ নৌকায় একজন করিয়াই মাঝি থাকিত, কেবল তুইএকথানি নৌকাতে একজন সহকারী মাঝি বা দাঁড়ি দেখা যাইত, নতুবা নৌকার বাবুরাই মাঝির সহকারী হইত। কলেজের নৌকায় প্রত্যেক বাবুই একএকজন পাকা মাঝি। প্রতাহ প্রাতে এবং অপরাত্তে ছাত্রেরা পালা করিয়া হাল না ধরিলে, নৌকা কেবলমাত্র মাঝির সাহায্যে ক্রতগতি যাইতে পারিত না, তাহাতে ফুলের বেলা হইবার সম্ভাবনা, আর বাড়ী আসিতেও বিলম্ব ঘটিত। স্তরাং ছাত্রদিগকে পালা করিয়া হাল ধরি-তেই হইত। ভাদ্রমাসের ভরা-গাঙে রক্তবর্ণ वातितानि यथन প্রবলবেগে সগর্জনে সাগরা-ভিমুখে ছুটত, তথন আমরা অতি নিশ্চিন্ত-ভাবেই হাল ধরিয়া বসিয়া থাকিতাম; জলের গর্জ্জনে, আবর্ত্তের আক্ষালনে, স্রোতের আকর্ষণে জ্রকেপও করিতাম না। আমরা প্রায়ই হালের নিকটে বসিয়া বামককে

হাল জড়াইয়া ধরিতাম,আর দক্ষিণ হতে ছত্র ধরিয়া সম্মুথে পুস্তক খুলিয়া রাথিয়া পাঠ করিতাম। নৌকা পুরাইবার-ফিরাইবার আবশুক হইলে বাম হস্তের সাহাষ্টে তাহা সমাধা হইত। বৈশাথমাসের অপরাত্তে কলেজ হইতে ফিরিবার সময় প্রায়ই ঝড়বৃষ্টিতে পড়িতাম। অপরাফ্রে পশ্চিম আকাশে মেঘ দেখিলে আমাদের অভিভাবক-গণ চিস্তিত হইতেন, কিন্তু আমরা তাহা গ্রাহও করিতাম না। আমরা যথন কলেজে পড়ি, দেই সময় ছগলীর পুল নির্শিত হইতে थाक । श्रुनिर्म्यानकारन 'मार्गारत्रहे'-नामक একখানি অতি ক্রতগামী কুদ্র ষ্টীমার প্রায়ই কলিকাতা হইতে চগলীতে যাতায়াত করিত। তাহার মন্ত হুইখানা চাকা ছিল, त्मरेकना श्रीमातथानि **है** निशा श्राटन, 816 है। অতি প্রকাণ্ড ঢেউ সমস্ত গঙ্গার একুল ওকুল আলোড়িত করিয়া দিত। মার্গারেটের চেউ লাগিয়া বড় বড় নৌকাগুলিও হুলিয়া উঠিত: কিন্তু আমরা সে ঢেউ দেখিয়া, ভয় পাওয়া দূরে থাক্, সময়-সময় এক আধ-ক্রোশ এই চলস্ক ষ্টীমার ধরিয়াই চলিয়া যাইতাম। কথন-কথন তিন-চারি-থানা কলেজের নৌকাতে বাচ-থেলা লাগিয়া যাইত। বাচ-থেলাটা প্রায় অপরাফ্লেই হটত। আমাদের নৌকায় मिनकरम्दद अग्र এक कन माँ कि आंत्रिमा-ছিল। সে বড় অন্তুত প্রকৃতির লোক। নৌকায় যদি ছাত্রেরা গোলমাল করিত, তাহা হইলে দে বলিত, "বাবুরা গোলমাল कार्त्रा ना शा-शानमान करत्र निका-रेक्टका हटन ना।" त्म नोकारक वनिछ 'নৈকো'। গোলমাল করিলে অর্থাৎ আরো-

হীরা সকলে একসঙ্গে উচ্চস্বরে কথা কহিলে "নৈকো" যে কেন চলিবে না, তাহা আমরা ব্রিতে পারিতাম না।

আমরা যে সময়ের কথা বলিতেছি, তথন কলেজের সম্মুথে গঙ্গার মাঝখানে একটা খুব বড় রকমের চড়া ছিল। চড়াটা বড় বড় ঘাস, হোগলা, শর, থড়ি এবং অনে ক-গুলি শিমুলগাছে ভরিয়া গিয়াছিল। থানিকটা একজন ক্লযক আবাদ করিত। সময়ে সময়ে মধাহে আমরা নৌকা লইয়া এই চড়ায় যাইতাম। আমাদের নৌকায় ছগলী কলেজ ছাড়া অন্যান্য স্কুলেরও তুই-চারিজন ছাত্র ছিল। যদি কোন কারণে আমাদের হাফ্সুল হইত, তাহা হইলে আমরা অক্সাক্ত ছাত্রদের জনা তিন্টা পর্যান্ত অপেকা করিতাম। এই অ'পেকাটা অনেকসময়ে চড়ার উপরেই কার্টিয়া যাইত। মধ্যাহে মাঝিরা প্রায় নৌকায়থাকিত না। কলেজের ঘাটের দক্ষিণের ঘাটে একটা খুব বৃহৎ অশ্বখ-বৃক্ষ আছে, তাহার তলদেশ সান-বাঁধান। মাঝিরা প্রায় প্রতিদিন এই অশ্বখতলে একত্র হইয়া তাস খেলিত, কেহ বা গাত্র-মার্জনীর উপাধান করিয়া নিদ্রাদেবীর সেবা করিত। আমরা যথন মধ্যাহে চড়ায় যাইতাম, তথন প্রায়ই মাঝিরা নৌকায় থাকিত না। একদিন আমরা ৪।৫ জনে জুটিয়া এইপ্রকার চড়ায় গিয়া দেখি যে, একটা শিমুল গাছের তলায় আমাদের সমপাঠী বসিয়া তিনজন 'চড়িভাতি' করিতেছে। তাহাদের নৌকার মাঝি তাহাদের <u> আয়োজ</u>ন করিয়া দিতেছে। কেরোসিনের টোভ জালিয়া ভাহাতে

খিচুড়ি রন্ধন হইয়াছে, আর ই**্লিশমাছ ভাজ।** ৃহইতেছে।

কলেজে অধ্যয়নকালে আমাদের জল-যোগটা প্রায়ই ছুটির পর নৌকায় বসিয়া হইত। ঐ সময় হুইজন খাদ্যবিক্তো মিষ্টাল, লুচি, কচুরি ও আলুর দম লইয়া ঘাটে বসিয়া থাকিত। আমরা নৌকায় যাইবার সময় তাহার নিকট হইতে থাবার কিনিয়া লইতাম। কথনও বাস্কুলে ঘাই বার সময় আমাদের মাঝির নিকট পয়সা দিয়া যাইতাম, সে বাজার হইতে থাবার কিনিয়া-আনিয়া রাথিয়া দিত। আমাদের মাঝি দিনকতক খাবারের ব্যবসা আরম্ভ করিয়াছিল। আমরা যে কয়জন নৌকায় জল থাইতাম, মাঝি সেই হিসাবে বাজার হইতে ওজন করিয়া থাবার কিনিয়া আনিত এবং আমাদিগকে খুচরা দরে বিক্রয় করিত। তাহাতে আমাদেরও কোন ক্ষতি হইত না, অথচ মাঝে হইতে মাঝি প্রত্যন্ত হুই এক-ফানা পাইয়া যাইত।

আমাদের পাঠাবিস্থার 'বার্ডসাই' ছিল
না। চুক্টও যাহা ছিল, তাহা স্কুলের
বালকগণের মধ্যে বড় দেখিতে পাইতাম না।
এখন দেখিতে পাই, ভাণবৎসরের ছেলেগুলোও বার্ডসাই থায়। তখন মুবকেরাও চুক্ট
থাইত না, তবে অনেকে ছ কাতে তামাক্
থাইত। আমি যখন সপ্তম কি অন্তম
শ্রেণীতে পড়ি, তখন একজন প্রথম শ্রেণীর
ছাত্রকে চুক্ট থাইতে দেখিয়া আশ্চর্যা হইয়াছিলাম। তাহার বয়স তখন ১৮।১৯বৎসর
হইবে। ভদ্রলোকের ছেলে এত অল্প বয়সে
চুক্ট থায়, তাহা পুর্ক্ষে কখনও দেখি নাই।

আমাদের সমশ্বের আর একটা বিষয়ের অভাব আজকাল বড় অধিক বলিয়া বোধ আমার মনে হয়, আমাদের সময়ে ছেলেদের মধ্যে গুরুজনকে সন্ত্রম-সন্মান-প্রদ-র্শন ধেন এখনকার অপেক্ষা বেশী ছিল। আমরা যথন দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীতে পড়িতাম, তথন প্রথমশ্রেণীর বা কলেজের এফ্, এ, ক্লাদের ছাত্রদিগকে অতিশয় ভয় করিতাম ৷ **সহ**পাঠাদের **স**হিত খুবই বাচালতা চলিত, কিন্তু উপরশ্রেণীর ছাত্র দেখিলে লজ্জায় সঙ্কুচিত হইতাম। আমা-দের নৌকায় উপরশ্রেণীর ছাত্রগণকে ঠিক জ্যেষ্ঠভাতার ন্যায় দেখিতাম। কিন্তু আজ-কাল দেখিতে পাই, উপরশ্রেণীর ছাত্রগণকে ভয় করা দূরে থাক্, স্কুলের বাহিরে ছাত্রেরা নিজের শিক্ষকগণকেও গ্রাহ্য করে না। এ কথা আমার কল্পিত নহে। প্রায় ছইবৎসর হইল, একদিন হেয়ার স্কুলের হেড্মাষ্টারের সহিত সাক্ষাৎ করিতে যাই। তাঁহার নিকট আমরা হুগলী কলেজে পড়িয়াছিলাম। তিনি কথায় কথায় বলিলেন, "বাপু, আজ-কাল আমি ভারতবর্ষের মধ্যে একটি দর্কশ্রেষ্ঠ স্থুলের প্রধান শিক্ষক। ভারতবর্ষের রাজ-ধানী কলিকাতায় দর্কশ্রেষ্ঠ গবর্ণমেণ্টের বিদ্যালয় আমার অধীনে। কিন্তু আমার মনে

হয়, আমি হগলীতে অথবা অন্ত কোন পল্লীগ্রামে থাকিলৈ ভাল হইত। এখানকার
ছেলেদের কথা বলিও না; কাহাকেও কিছু
বলিতে ভয় করে, পাছে রাস্তায় ছুরি মারে।
আমার ছাত্রেরা পথে আমার সমুথে বার্ডগাই
খায়—লজ্জায় আমি ছাতা আড়াল দিয়া
চলিয়া যাই।"

এখন যেমন স্কুল-কলেজের ছেলেদের মধ্যে ফুট্বল হইয়াছে, তথন তেম্নি জিম্ন্যাষ্টিক ছিল। আমাদের এ অঞ্লে প্রতি পাড়াতেই একটা করিয়া বিম্ন্যাষ্টিকের আডা ছিল। একটা হরাইজণীল বার, একজোড়া প্যারালাল্ বার্ ও একটা ট্রেপিজ বার তথন সকল পাড়াতেই দেখিতে পাই-তাম। এখন দে সকল অদৃশ্য হইয়া তাহার স্থানে ফুট্বল্ দেখা দিয়াছে। এখন कर्नाहि इशे-अकठा ऋल किम्अाष्टिरकत সরঞ্জাম দেখিতে পাই। ইহার মধ্যে কে ভাল, কে মন্দ, ভাহা বলিতে পারি না, তবে হাত-পা-মাথা-ভাঙা উভয়ের মধ্যেই আছে। জিম্ন্যাষ্টিকের ছেলে অপেকা ফুট্বল্ওয়ালা উঠিয়াছে। এখন বঙ্গসম্ভানগণ **ফুট্বলে**র প্রসাদে সাহেবস্থবোকে গুঁতাটাগাঁতাটা দিতে কুঞ্চিত হয় না।

শ্রীযোগেক্তকুমার চট্টোপাধ্যায়।

চোখের বালি।

<u>~~~</u>

(89)

পরদিন প্রভাষেই মহেন্দ্র বিহারীর বাড়ীতে গিরা উপস্থিত হইল। দেখিল, ঘারের কাছে অনেকগুলা গোরুর গাড়িতে ভৃত্যগণ আস্বাব্ বোঝাই করিতেছে। ভঙ্কুকে মহেন্দ্র জিজ্ঞানা করিল, "বাপারখানা কি ?" ভঙ্কুকহিল, "বাবু বালিতে গঙ্গার ধারে একটি বাগান লইয়াছেন, দেইখানে জিনিষপত্র চলিয়াছে।" মহেন্দ্র জিজ্ঞানা করিল, "বাবু বাড়ীতে আছেন না কি ?" ভঙ্কু কহিল, "তিনি ছইদিনমাত্র কলিকাতায় থাকিয়া কাল বাগানে চলিয়া গোছেন।"

শুনিয়া মহেল্কের মন আশক্ষায় পূর্ণ হইয়া গেল। সে অমুপস্থিত ছিল, ইতিমধ্যে বিনোদিনী ও বিহারীতে যে দেখা হইয়াছে, ইহাতে তাহার মনে কোন সংশয় রহিল না। সে কল্পনাচক্ষে দেখিল, বিনোদিনীর বাসার সন্মুখেও এভক্ষণে গোরুর গাড়ি বোঝাই হইতেছে। তাহার নিশ্চয় বোধ হইল, 'এইজক্টই নির্কোধ-আমাকে বিনোদিনী বাসা হইতে দ্বে রাখিয়াছিল।'

শুহুর্ত্তকাল বিলম্ব না করিয়। মহেক্স
তাহার গাড়িতে চড়িয়া কোচ্মান্কে হাঁকাইতে কহিল। ঘোড়া যথেষ্ট ক্রত চলিতেছে
না বলিয়া মহেক্র মাঝে মাঝে কোচ্মান্কে
গালি দিল। গলির মধ্যে সেই বাসার
ঘারের সমূথে পৌছিয়া দেখিল, সেখানে
যাত্রার কোন আরোজন নাই। ভয় হইল,

পাছে দে কাষ্য পূর্বেট সমাধা হইয়া থাকে। বেগে দারে আঘাত করিল। ভিতর হইতে বৃদ্ধ চাকর দরজা খুলিয়া দিবামাত মহেন্দ্র জিজ্ঞানা করিল, "সব খবর ভাল ত ?" সে কহিল—"আজ্ঞা হাঁ, ভাল বই কি।"

মহেন্দ্র উপরে গিয়া দেখিল, বিনোদিনী
সানে গিয়াছে। তাছার নির্জ্জন শয়নঘরে
প্রবেশ করিয়া মহেন্দ্র বিনোদিনীর গতরাত্রে
ব্যবহৃত শঘার উপর লুটাইয়া পড়িল—দেই
কোমল আন্তরণকে হই প্রসারিত হস্তে
বক্ষের কাছে আকর্ষণ করিল এবং তাহাকে
ভ্রাণ করিয়া তাহার উপরে মুথ রাশিয়া
বলিতে লাগিল—"নিষ্ঠুর! নিষ্ঠুর!"

এইরপে হৃদয়েচছ্বাস উন্মুক্ত করিরা

দিয়া শ্বা হইতে উঠিয়া মহেক্ত অধীরভাবে

বিনোদিনীর প্রতীক্ষা করিতে লাগিল।

ঘরের মধ্যে পায়চারি করিতে করিতে

দেখিল, একখানা বাংলা খবরের কাগজ্ব
নীচের বিছানায় খোলা পড়িয়া আছে।

সময় কাটাইবার জন্ম কতকটা অন্যমনস্থভাবে সেখানা তুলিয়া লইয়া, বেখানে

চোথ পড়িল, মহেক্ত সেখানেই বিহারীর

নাম দেখিতে পাইল। এক মুহুর্জে ভাহার

সমস্ত মন খবরের কাগজের সেই জায়গাটাতে ঝুঁকিয়া পড়িল। একজন পত্রপ্রেরক

লিখিতেছে, অয়বেতনের দরিদ্র কেরাণীগণ

কর্গণ হইয়া পড়িলে তাহাদের বিনামুল্যে

চিকিৎসা ও সেবার জন্ম বিহারী বালিতে

গলার ধারে একটি বাগান লইয়াছেন— সেধানে এককালে পাঁচজনকে আশ্রয় দিবার বন্দোবস্ত হইয়াছে, ইত্যাদি।

ৰিনোদিনী এই খবরটা [•]পড়িয়াছে ! পড়িয়া তাহার কিরপ ভাব হইল ? নিশ্চয় তাহার মনটা সেইদিকে পালাই-পালাই করিতেছে। ওধু সেজঁগু নহে, মহেল্রের মন এই কারণে আরও ছট্ফট্ করিতে লাগিল ষে,বিহারীর এই সঙ্কল্পে তাহার প্রতি वित्नामिनीत ভক্তি আরো বাডিয়া উঠিবে। विश्तेतीरक मरहक्त मरन मरन "श्राभाग्" विनन, বিহারীর এই কাজটাকে "হুজুগ" বলিয়া **घिष्ठिक क्रिल-क्रिल, "लार्क्त्र हिछ-**কারী হইয়া উঠিবার ছজুগ বিহারীর ছেলে-বেলা इटेट चाह्य;"- मरहक निस्करक বিহারীর তুলনায় একাস্ত অকপট অক্লত্রিম विषया वाह्या निवात (ठाँहा कतिन - कहिन. "ওদার্ঘ্য ও আত্মত্যাগের ভড়ঙে মৃঢ়লোক ভুলাইবার চেষ্টাকে আমি ঘুণা করি।" কিন্তু হার, এই পরম নিশ্চেষ্ট অক্কৃত্রিমতার মাহাত্ম্য লোকে অর্থাৎ বিশেষ কোন একটি লোক হয় ত বুঝিবে না। মহেক্রের মনে হইতে लांशिन, विश्वाती (यन जाशांत्र উপরে এ-ও একটা চাল চালিয়াছে।

বিনোদিনীর পদশব্দ শুনিয়া মহেন্দ্র তাড়াতাড়ি কাগজখানা মুড়িয়া তাহার উপর চাপিয়া বসিল। সাত বিনোদিনী ঘরে প্রবেশ করিলে, মহেন্দ্র তাহার মুখের দিকে চাহিয়া বিশ্বিত হইয়া উঠিল। তাহার কি এক অপরূপ পরিবর্ত্তন হইয়াছে। সে যেন এই কয়দিন আগুন জালিয়া তপস্তা করিতে-ছিল। তাহার শরীর রুশ হইয়া গেছে—

এবং সেই ক্লশতা ভেদ করিয়া তাহার পাঞ্বর্ণ মুখে একটি দীপ্তি বাহির হইতেছে। , বিনোদিনী বিহারীর পত্রের আশা ত্যাগ করিয়াছে। নিজের প্রতি বিহারীর নিরতি-শয় অবজ্ঞা কল্পনা করিয়া সে অহোরাত্তি निः भरम मध इटेर्डिंग। এই দাহ इटेर्ड নিষ্কৃতি পাইবার কোন পথ তাহার কাছে ছিল না। বিহারী যেন তাহাকেই তিরস্কার করিয়া পশ্চিমে চলিয়া গেছে—ভাহার নাগাল পাইবার কোন উপায় বিনোদিনীর হাতে নাই। কর্মপরায়ণা নির্লসা বিনো-দিনী কর্ম্মের অভাবে এই ক্ষুদ্র বাসার মধ্যে যেন রুদ্ধাস হইয়া উঠিতেছিল—তাহার সমস্ত উত্তম তাহার নিজেকে ক্ষতবিক্ষত করিয়া আঘাত করিতেছিল। তাহার সমস্ত ভাবী জীবনকে এই °প্রেমহীন, কর্মহীন, আনন্দহীন বাদার মধ্যে,এই রুদ্ধ গলির মধ্যে চিরকালের জন্ম আবদ্ধ কল্পনা করিয়া তাহার বিদ্রোহী প্রকৃতি আয়ন্তাতীত অদৃষ্টের বিরুদ্ধে যেন আকাশে মাথা চুকিবার ব্যর্থ চেষ্টা করিতেছিল। যে মৃঢ় মহেন্দ্র বিনো-দিনীর সমস্ত মুক্তির পথ চারিদিক্ হইতে ক্তম করিয়া ভাহার জীবনকে এমন সঙ্কীর্ণ করিয়া ভূলিয়াছে, তাহার প্রতি বিনোদিনীর चुना ७ विष्यस्त्र मौमा हिन ना। विता-দিনী বুঝিতে পারিয়াছিল, সেই মছেন্ত্রেক সে কিছুতেই আর দূরে ঠেলিয়া রাখিতে পারিবে না। এই কুদ্র বাসায় তাহার কাছে ঘেঁষিয়া সমুধে আসিয়া বসিবে-প্রতিদিন অলক্ষ্য আকর্ষণে তিলে তিলে তাহার দিকে অধিকতর অগ্রসর হইতে থাকিবে,—এই অন্ধকুপে, এই সমাজ-

অষ্ট জীবনের পদ্ধশায়া ঘুণা এবং আসন্তির
মধ্যে যে প্রাত্যহিক লড়াই হইতে থাকিবে,
তাহা অত্যন্ত বীভৎস। বিনোদিনী স্বহস্তে,
স্বচেষ্টার মাটি গুঁড়িয়া মহেল্ফের হৃদরের
অন্তন্তন হইতে এই যে একটা লোলজিহ্বা
লোলপতার ক্লেদাক্ত সরীস্থপকে বাহির
করিয়াছে,ইহার পুচ্ছপাশ হইতে সে নিজেকে
কেমন করিয়া রক্ষা করিবে পুতকে
বিনোদিনীর ব্যথিত হৃদর, তাহাতে এই
কুদ্র অবক্লর বাসা,তাহাতে মহেল্ফের বাসনাতরক্লের অহরহ অভিঘাত—ইহা কল্পনা
করিয়াও বিনোদিনীর সমস্ত চিত্ত আতক্লে
পীড়িত হইয়া উঠে! জীবনে ইহার সমাপ্তি
কোথার পুকবে সে এই সমস্ত হইতে
বাহির হইতে পারিবে পু

वितामिनीत (मह कुम-भाष्ट्रत मूथ (मिश्रा मरश्तुत मरन क्रेबानल खलिया उठिता তাহার কি এমন কোন শক্তি নাই,যাহা দারা সে বিহারীর চিন্তা হইতে এই তপম্বিনীকে বলপূর্ব্বক উৎপাটিত করিয়া লইতে পারে গ ঈগল্ ষেমন মেষশাবককে এক নিমেষে ছোঁ মারিয়া ভাহার স্কুর্গম অভ্রভেদী পর্বত-নীড়ে উত্তীর্ণ করে, তেমনি এমন কি. কোন মেঘপরিবৃত নির্থিলবিশ্বত স্থান নাই, ষ্থোনে একাকী মহেক্স তাহার এই কোমল-স্থন্দর শিকারটকে আপনার বুকের কাছে লুকাইয়া রাখিতে পারে ? ঈর্ধার উত্তাপে তাহার ইচ্ছার আগ্রহ চতুগুণ বাড়িয়া উঠিল। আর কি সে একমুহূর্ত্তও বিনো-দিনীকে চোথের আড়াল করিতে পারিবে ? বিহারীর বিভীষিকাকে অইরহ ঠেকাইয়া রাখিতে হইবে, তাহাকে স্চ্যগ্রমাত্র অব- কাশ দিতে আর ত মহেল্রের সাহস হইবে না!

বিরহতাপে রমণীর সৌন্দর্য্যকে স্থকুমার করিয়া তোলে, মহেল এ কথা সংস্কৃতকাবো পড়িয়াছিল, আজ বিনোদিনীকে দেখিয়া সে তাহা যতই অমুভব করিতে লাগিল, ততই স্থমিশ্রিত হৃংথের স্থতীব্র আলোড়নে তাহার হৃদয় একাস্ত মথিত হইয়া উঠিল।

বিনোদিনী কণকাল স্থির থাকিয়া মহেক্রকে জিজ্ঞাসা করিল, "তুমি কি চা খাইয়া আসিয়াছ ?"

মহেল্র কহিল, "না হয় থাইয়া আসিয়াছি, তাই বলিয়া স্বহস্তে আর এক পেয়ালা দিতে ক্নপণতা করিয়োনা!--পাালা মুঝ ভর দেরে!"

বিনোদিনী বোধ হয় ইচ্ছা করিয়া
নিতান্ত নিষ্ঠুরভাবে মহেক্রের এই উচ্চ্বাদে
হঠাৎ আঘাত দিল—কহিল, "বেহারি-ঠাকুর-পো এখন কোথায় আছেন, খবর জান ?"

মহেন্দ্র নিমেষের মধ্যে বিবর্ণ হইয়া কহিল, "দে ত এখন কলিকাতায় নাই।"

বিনোদিনী। তাহার ঠিকানা কি ?

মহেক্র। সে ত কাহাকেও বলিতে
চাহে না।

বিনোদিনী। সন্ধান করিয়াকি থবর লওয়াধায়না ?

মহেক্র। আমারত তেমন জরুরি দরকার কিছুদেথি না।

বিনোদিনী। দরকারই কি সব ? আনৈশব বন্ধু হ কি কিছুই নয় ?

মহেক্র। বিহারী আমার আশেশব বন্ধু ব্টে, কিন্তু তোমার সঙ্গে তাহার বন্ধুত্ব ছদিনের—তবু তাগিদটা তোমারই বেন অত্যস্ত বৈশি বোধ হইতেছে।

বিনোদিনী। তাহাই দেখিয়া তোমার লজ্জা পাওয়া উচিত। বন্ধু কেমন করিয়া করিতে হয়, তাহা তোমার অমন বন্ধুর কাছ হইতেও শিথিতে পারিলে না ?

মহেন্দ্র। সেব্বয়ে তত হঃখিত নহি,
কিন্তু ফাঁকি দিয়া স্ত্রীলোকের মন হরণ
কেমন করিয়া করিতে হয় সে বিভা তাগার
কাছে শিথিলে আজ কাজে লাগিতে
পারিত।

বিনোদিনী। সে বিভা কেবল ইচ্ছা থাকিলেই শেখা যায় না, ক্ষমতা থাকা চাই।

মহেক্স। গুরুদেবের ঠিকানা যদি তোমার জানা থাকে ত বলিয়া দাও, এ বয়দে তাঁহার কাছে একবার মন্ত্র লইয়া আদি, তাহার পরে ক্ষমতার পরীক্ষা হইবে।

বিনোদিনী। বন্ধুর ঠিকানা যদি বাহির করিতে না পার, তবে প্রেমের কথা আমার কাছে উচ্চারণ করিয়ো না! বিহারি-ঠাকুর-পোর সঙ্গে তৃমি যেরূপ ব্যবহার করিয়াছ, ভোমাকে কে বিশাস করিতে পারে ?

মহেক্স। আমাকে যদি সম্পূর্ণ বিশ্বাস না করিতে, তবে আমাকে এত অপমান করিতে পারিতে না! আমার ভালবাসা-সম্বন্ধে যদি এত নিঃসংশন্ধ না হইতে, তবে হয় ত আমার এত অসহু হঃথ ঘটত না! বিহারী পোষ না মানিবার বিভা জানে, সেই বিভাটা যদি সে এই হতুভাগ্যকে শিথাইত, তবে বন্ধুছের কাজ করিত।

"বিহারী যে মাত্রুষ, তাই সে.পোষ

মানিতে পারে না" এই বলিয়া বিনোদিনী খোলা চূল পিঠে মেলিয়া ষেমন স্থান্লার কাছে দাঁড়াইয়া ছিল, তেমনি দাঁড়াইয়া রহিল। মহেন্দ্র হঠাৎ দাঁডাইয়া উঠিয়া মুষ্টি বদ্ধ করিয়া রোষগর্জ্জিতস্বরে কহিল— "কেন তুমি আমাকে বারবার করিতে দাহদ কর ৷ এত অপমানের যে কোন প্রতিফল পাও না, সে কি তোমার ক্ষমভায়, না আমার গুণে ? আমাকে যদি পশু বলিয়াই স্থির করিয়া থাক, তবে হিংস্র পশু বলিয়াই জানিয়ো! আমি একেবারে আঘাত করিতে জানি না. এত-বড কাপুরুষ नहे।" विषया वित्नामिनीत मूरथत मिरक চাহিয়া ক্ষণকাল স্তব্ধ হইয়া রহিল—ভাহার পর বলিয়া উঠিল, "বিনোদ, এথান হইতে কোথাও চল ৷ আমর বাহির হইয়া পড়ি ৷ পশ্চিমে হৌক, পাহাড়ে হৌক, ধেখানে তোমার ইচ্ছা, চল। এথানে বাঁচিবার স্থান নাই! আমি মরিয়া যাইতেছি।"

বিনোদিনী কহিল, "চল এখনি চল— পশ্চিমে যাই।"

মহেক্স। পশ্চিমে কোথায় ষাইবে १

বিনোদিনী। কোণাও নছে। এক জায়গায় ছদিন থাকিব না— ঘুরিয়া বেড়াইব। মহেল্র কহিল, "সেই ভাল, আজ রাত্রেই চল।"

বিনোদিনী সম্মত হইয়া মহেক্তেরে জক্ত রন্ধনের উদেযাগ করিতে গেল।

মহেন্দ্র ব্ঝিতে পারিল, বিহারীর থবর বিনোদিনীর চোথে পড়ে নাই। থবরের কাগজে মন দিবার মত অবধানশক্তি বিনো-দিনীর এখন আর নাই। পাছে দৈবাৎ দে থবর বিনোদিনী জানিতে পারে, সেই উদ্বেগে মহেক্র সমস্তদিন সতর্ক ইইয়া রহিল।

(89)

বিহারীর খবর লইয়া মহেন্দ্র ফিরিয়া আসিবে, এই স্থির করিয়া বাড়ীতে তাহার জন্ম আহার প্রস্তুত হইয়াছিল। অনেক দেরি দেখিয়া পীড়িত রাজলক্ষী উদ্বিগ্ন হইতে লাগিলেন। সারারাত ঘুম না হওয়াতে তিনি অত্যন্ত ক্লান্ত ছিলেন, তাহার উপরে মহেন্দ্রের জ্ঞা উৎকণ্ঠায় তাঁহাকে ক্লিষ্ট করিতেছে, দেখিয়া আশা থবর লইয়া জানিল, মহে-ক্রের গাড়ি ফিরিয়া আসিয়াছে। কোচ্-মানের কাছে সংবাদ পাওয়া গেল, মহেল বিহারীর বাড়ী হইয়া পটলডাঙার বাসায় গিয়াছে। শুনিয়া রাজলক্ষী দেয়ালের দিকে পাশ ফিরিয়া ন্তব্ধ হুইয়া শুইলেন। আশা তাঁহার শিশ্বরের কাছে চিত্রার্পিতের মত স্থির হইয়া বসিয়া বাতাস করিতে লাগিল। অন্তদিন যথাসময়ে আশাকে থাইতে যাই-বার জন্ম রাজ্বলক্ষ্মী আদেশ করিতেন---আজ आत कि इरे विलालन ना। काल ताव তাঁহার কঠিন পীড়া দেখিয়াও মহেক্র যথন বিনোদিনীর মোহে ছুটিয়া গেল, তথন রাজ-লক্ষীর পক্ষে এ সংগারে প্রশ্ন করিবার, চেষ্টা করিবার, ইচ্ছা করিবার আর কিছুই রহিল না। তিনি বুঝিয়াছিলেন বটে যে, মহেল তাঁহার পীড়াকে দামাত জ্ঞান করিয়াছে; অক্তান্তবার যেমন মাঝে মাঝে রোগ দেখা দিয়া সারিয়া গেছে, এবারেও সেইরূপ একটা ক্ষণিক উপসর্গ ঘটিয়াছে মনে করিয়া মহেক্র নিশ্চিন্ত আছে:-কিন্তু এই আশহাশূত অমুবেগই রাজ্বন্দীর কাছে বড় কঠিন

বিশিয়া মনে হইল। মহেন্দ্র প্রেমোয়ন্তভার
কোন আশস্কাকে, কোন কর্ত্তব্যকে মনে
স্থান দিতে চায় না, তাই সে মাতার কন্তকে,
পীড়াকে 'এতই লঘু করিয়া দেখিয়াছে—
পাছে জননীর রোগশ্যায় তাহাকে আবদ্ধ
হইয়া পড়িতে হয়, তাই সে এমন নির্লজ্জের
মত একটু অবকাশ পাইতেই বিনোদিনীর
কাছে প্লায়ন করিয়াছে! রোগ-আরোগ্যের
প্রতি রাজ্লক্ষীর আর লেশমাত্র উৎসাহ
রহিল না—মহেন্দ্রের অন্তব্ধের অম্লক,
দারুণ অভিমানে ইহাই তিনি প্রমাণ করিতে
চাহিলেন।

বেলা হটার সময় আশা কহিল "মা, তোমার ওষ্ধ খাইবার সময় হইয়াছে।" রাজলক্ষ্মী উত্তর না দিয়া চুপ করিয়া রহিলেন।
আশা ওষ্ধ আনিবার জন্ম উঠিলে তিনি
বলিলেন—"ওর্ধ দিতে হইবে না বৌমা,
তুমি যাও!"

আশা মাতার অভিমান ব্বিতে পারিল,
— সেই অভিমান সংক্রামক হইয়া তাহার
হৃদয়ের আন্দোলনে দিগুণ দোলা দিতেই
আশা আর থাকিতে পারিল না—কায়া
চাপিতে চাপিতে গুমরিয়া কাঁদিয়া উঠিল।
রাজলন্দ্রী ধীরে ধীরে আশার দিকে পাশ
ফিরিয়া তাহার হাতের উপরে সকরুণ স্নেহে
আন্তে আন্তে হাত বুলাইতে লাগিলেন,
কহিলেন—"বৌমা তোমার বয়ল অয়, এখনো
ভোমার স্থাথের মুখ দেখিবার সময় আছে।
আমার জক্ত তুমি আর রুখা চেষ্টা করিয়ো
না বাছা—আমি ত অনেক্রিন বাঁচিয়াছি—
আর কি হইবে।"

শুনিয়া আশার রোদন আরো উচ্চুসিত

হইরা উঠিল—ুসে মুথের উপর আঁচল চাপিয়া ধবিল।

এইরূপে রোগীর গৃহে নিরানন্দ দিন মন্দগতিতে কাটিয়া গেল। অভিমানের মধ্যেও এই হুই নারীর ভিতরে ভিতরে আশা **डिन.** এथनि মहिन चांत्रित। भक्तभाखि উভরের দেহে যে একটি চমক-সঞ্চার হইতে-ছিল, তাহা উভয়েই বুঝিতে পারিতেছিল। ক্রমে দিবাবসানের আলোক অস্পষ্ট হইয়া আসিল: কলিকাতার অন্ত:পুরের মধ্যে দেই গোধূলির যে আভা, তাহাতে আলো-কের প্রফুল্লতাও নাই, অন্ধকারের আবরণও নাই-তাহা বিষাদকে গুরুতার এবং নৈরা-খকে অশ্হীন করিয়া তোলে, তাহা কর্ম ও আখাদের বল হরণ করে, অথচ বিশ্রাম ও বৈরাগ্যের শান্তি আনয়ন করে না। রুগণ-গৃহের সেই শুক্ষ শ্রীহীন সন্ধ্যায় আশা নিঃ-भक्त पर उठिया এक है अमील जानिया यत यानिया निल। ताकलको कहिरलन, "বৌমা, আলো ভাল লাগিতেছে না, প্রদীপ विहिंदत दाश्विम नाउ!"

আশা প্রদীপ বাহিরে রাখিয়া আসিয়া বিসল। অন্ধকার যথন ঘনতর হইয়া এই ক্ষুদ্রকক্ষের মধ্যে বাহিরের অনস্ত রাত্রিকে আনিয়া দিল, তথন আশা রাজ-লন্ধীকে মৃত্থরে জিজ্ঞাসা করিল—"মা, তাঁহাকে কি একবার ধবর দিব ?"

রাজলন্দ্রী দৃঢ়স্বরে কহিলেন, "না বৌমা, তোমার প্রতি আমার শপথ রহিল, মহেক্রকে ধবর দিয়ো না।" 👟

ওনিয়া আশা স্তব্ধ হইয়া রহিল; তাহার আর কাঁদিবার বল ছিল না। বাহিরে দাঁড়াইরা বেহারা কহিল, "বাবুর কাছ হইতে চিঠ্ঠি আদিয়াছে !"

. শুনিয়া মুহুর্ত্তের মধ্যে রাজলক্ষীর মনে হইল, মহেক্রের হয় ত হঠাৎ একটা কিছু ব্যামো হইরাছে, তাই সে কোনমতেই আসিতে না পারিয়া চিঠি পাঠাইয়াছে। অঞ্বতপ্ত ও ব্যস্ত হইয়াকহিলেন, "দেখ ত বৌমা, মহীন কি লিখিয়াছে?"

আশা বাহিরের প্রদীপের আলোকে কম্পিতহন্তে মহেন্দ্রের চিঠি পড়িল। মহেন্দ্র লিখিয়াছে, কিছুদিন হইতে দে ভাল বোধ করিতেছিল না, তাই সে পশ্চিমে বেডা-ইতে যাইতেছে। মাতার অস্থের জ্ঞ চিন্তার কারণ किडूरे नारे। তাঁহাকে নিয়মিত দেখিবার জন্ম সে নবীল-ডাক্তারকে বলিয়া দিয়াছে। রাত্রে ঘুম না হইলে বা মাথা ধরিলে কখন কি করিতে হইবে, তাহাও চিঠির মধ্যে লেখা আছে— এবং হই-টিন লঘু ও পৃষ্টিকর পথ্য মহেক্স ডাক্তারখানা হইতে আনাইয়া চিঠির সঙ্গে পাঠাইয়াছে। আপাতত গিরিধির ঠিকানায় মাতার সংবাদ অবশ্র অবশ্র জানাইবার জন্ম চিঠিতে পুনশ্চের মধ্যে অনুরোধ আছে।

এই চিঠি পড়িয়া আশা শুন্তিত হইয়া গেল;—প্রবল ধিক্কার তাহার ছঃথকে অতু-ক্রম করিয়া উঠিল। এই নিষ্কুর বার্ত্ত। মাকে কেমন করিয়া শুনাইবে ?

আশার বিলম্বে রাজলক্ষী অধিকতর উদিগ্ন হইয়া উঠিলেন। কহিলেন, "বৌমা, মহীন্ কি লিথিয়াছে, শীঘ্ৰ আমাকে শুনাইয়া বাও!"—বলিতে বলিতে তিনি আগ্রহে বিছানায় উঠিয়া বসিলেন।

আশা তথন ঘরে আসিয়া ধীরে ধীরে সমস্ত চিঠি পড়িয়া শুনাইল। রাজলন্দী জিজ্ঞাসা করিলেন—"শরীরের কথা মহীনু কি লিখিয়াছে, এখানটা আর একবার পড় ত!"

আশা পুনরায় পড়িল—"কিছুদিন হই-তেই আমি তেমন ভাল বোধ করিতেছিলাম না, তাই আমি—"

রাজলক্ষী। থাক্ থাক্, আর পড়িতে হইবে না! ভাল বোধ হইবে কি করিয়া! বুড়ো মা মরেও না, অথচ কেবল বাামো লইয়া তাহাকে জালায়! কেন তুমি মহিন্কে আমার অস্থপের কথা থবর দিতে গেলে? বাড়ীতে ছিল, ঘরের কোণে বসিয়া পড়াগুনা করিতেছিল, কাহারো কোন এলাকায় ছিল না—মাঝে হইতে মার ব্যামোর কথা পাড়িয়া তাহাকে ঘরছাড়া করিয়া তোমার কি স্থ হইল? আমি এখানে মরিয়া থাকিলে তাহাতে কাহার কি ক্ষতি হইত ? এত হঃথেও তোমার ঘটে এইটুকু বুদ্ধি আসিল না!

বলিয়া বিছানার উপর শুইয়া পড়িলেন। বাহিরে মদ্মদ্ শব্দ শোনা গেল। বেহারা কহিল, "ডাক্তারবাবু আয়া।"

ডাক্তার কাশিয়া ঘরের মধ্যে প্রবেশ করিল। আশা তাড়াতাড়ি ঘোন্টা টানিয়া থাটের অন্তরালে গিয়া দাঁড়াইল। ডাক্তার জিজ্ঞানা করিল, "আপনার কি হইয়াছে বলুনু ত ?"

রাজলক্ষী ক্রোধের স্বরে কহিলেন, "হইবে আর কি ? মামুষকে কি মরিতে দিবে না ? তোমার ওষুধ থাইলেই কি অমর হইয়া থাকিব ?"

ডাক্তার সাম্বনার স্বরে কহিল, "অমর

করিতে না পারি, কট যাহাতে কমে, সে ্চেটা--"

রাজলক্ষী বলিয়া উঠিলেন, "কণ্টের ভাল চিকিৎসা'ছিল, যথন বিধবারা পুড়িয়া মরিত —এথন এ ত কেবল বাঁধিয়া মারা! বাও ডাক্তারবাব্, তুমি যাও—আমাকে আর বিরক্ত করিয়ো না, আমি একলা থাকিতে চাই।"

ডাব্জার ভয়ে ভয়ে কহিল—"আপনার নাড়ীটা একবার—"

রাজলক্ষী অত্যস্ত বিরক্তির স্বরে কহি-লেন, "আমি বলিতেছি তুমি যাও! আমার নাড়ী বেশ আছে—এ নাড়ী শাম্ব ছাড়িবে, এমন ভরদা নাই!"

ডাক্তার অগত্যা ঘরের বাহিরে গিয়া আশাকে ডাকিয়া পাঠাইল। আশাকে নবীনডাক্তার রোগের সমস্ত বিবরণ জিজ্ঞাসা
করিল। উত্তরে সমস্ত শুনিয়া গন্তীরভাবে
ঘরের মধ্যে পুনরায় প্রবেশ করিল। কহিল—
"দেখুন, মহেন্দ্র আমার উপর বিশেষ করিয়া
ভার দিয়া গেছে। আমাকে যদি আপনার
চিকিৎসা করিতে না দেন, তবে সে মনে
কিষ্ট পাইবে!"

মহেল কই পাইবে, একথাটা রাজলক্ষীর কাছে উপহাদের মত শুনাইল— তিনি কহি-লেন, "মহিনের জন্ম বেশি ভাবিয়ো না! কই সংসারে সকলকেই পাইতে হয়! এ কপ্তে মহেলকে অত্যন্ত বেশি কাতর করিবে না। তুমি এখন যাও ডাক্তার! আমাকে একটু ঘুমাইতে দাও!"

নবান-ডাক্তার ব্ঝিল, রোগীকে উত্যক্ত করিলে ভাল হইবে না। ধীরে ধীরে বাহিরে আদিরা, বাহা যাহা কর্ত্তব্য, আশাকে উপদেশ দিরা গেল।

আশা ঘরে চুকিতেই রাজলক্ষ্মী কহি-লেন, "যাও ৰাছা, তুমি একটু বিশ্রাম করগে! সমস্তদিন রোগীর কাছে বসিরা আছ। হারুর মাকে পাঠাইরা দাও— পাশের ঘরে বসিরা থাক্!"

আশা রাজলক্ষীকে ব্ঝিত। ইহা তাঁহার স্মেহের অফ্রোধ নহে, ইহা তাঁহার থাদেশ;—পালন করা ছাড়া আর উপায় নাই। হারুর মাকে পাঠাইয়া দিয়া অন্ধ-কারে সে নিজের ঘরে গিয়া শাতল ভূমি-শ্যার শুইয়া পড়িল।

সমস্ত দিনের উপবাদে ও কন্টে তাহার শরীর-মন শ্রান্ত ও অবদর। পাড়ার বাড়ীতে **मित्र थाकिया थाकिया विवाद्श वाश्र** বাজিতেছিল। এই সময়ে সানাইয়ে আবার স্বর ধরিল। সেই রাগিণীর আঘাতে রাত্রির সমস্ত অন্ধকার যেন স্পন্দিত হইয়া আশাকে বারংবার বেন অভিঘাত করিতে লাগিল। তাহার বিবাহরাত্রির প্রত্যেক ক্ষুদ্র ঘটনাটিও সজীব হইয়া রাত্রির আকাশকে স্বপ্নচ্ছবিতে পূর্ণ করিয়া ভূলিল; সেদিনকার আলোক, (कालाइन, बन्छा ;---(मिन्कात मानाइन्दन, নববন্ধ ও হোমধ্মের গন্ধ; নববধ্র শক্তি, লজ্জিত, আনন্দিত হৃদয়ের নিগূঢ়-কম্পন —সমস্তই শ্বৃতির আকারে যতই তাহাকে চারিদিকে আবিষ্ট করিয়া ধরিল, ততই তাহার হৃদয়ের ব্যথা প্রাণ পাইয়া বল করিতে লাগিল। দারুণ ছর্ডিকে কুধিত বালক যেমন থান্তের জন্ত মাতাকে আঘাত ক্রিতে থাকে, তেমনি কাগ্রত স্থাধের স্থৃতি আপনার খাছ চাহিয়া আশার বক্ষে বারংবার সরোদনে করাঘাত করিতে লাগিল। অবসর আশাকে আর পড়িয়া থাকিতে দিল না। হুই হাত জোড় করিয়া দেবতার কাছে প্রার্থনা করিতে গিয়া সংসারে তাহার এক-মাত্র প্রত্যক্ষদেবতা মাসিমার পবিত্র স্নিগ্ধ-মৃর্ত্তি আশার অশ্রুবাষ্পাচ্ছন্ন হৃদয়ের মধ্যে আবিভূতি হইল। পুনরায় সংসারের ছঃখ-ঝঞ্চটে সেই তাপসীকে আহ্বান করিয়া আনিবে না, এতদিন ইহাই তাহার প্রতিজ্ঞা ছিল। কিন্তু আ**ত্র** সে স্থার কোথাও কোন উপায় দেখিতে পাইল না—আজ তাহার চতুর্দ্দিকে ঘনায়িত নিবিড় ছঃখের মধ্যে আর রন্ধুমাত্র ছিল না। তাই আৰু দে ঘরের মধ্যে আলো জ্বালিয়া কোলের উপর একথানা থাতায় চিঠির• কাগজ রাখিয়া ঘন-ঘন চোথের জল মুছিতে মুছিতে চিঠি লিখিতে লাগিল।—

"শ্রীচরণকমলেযু—

মাসিমা, তুমি ছাড়া আজ আমার আর কেহ নাই। একবার আসিয়া তোমার কোলের মধ্যে এই ছঃথিনীকে টানিয়া লও—নহিলে আমি কেমন করিয়া বাঁচিব ? আর কি লিথিব, জানি না। তোমার চরণে আমার শতসহশ্রকোটি প্রণাম।

> তোমার ক্ষেহের চুনি।"

(85)

অন্নপূর্ণ। কাশ। হইতে ফিরিয়া আসিয়া অতি ধীরে ধীরে রাজলন্ধীর ঘরে প্রবেশ-করিয়া প্রণামপূর্ককে তাঁহার পায়ের ধূল। মাথায় তুলিয়া লইলেন। মাঝখানের

विद्राथ-विटळ्ल-मटब् अन्तर्भारक प्रिशा রাজবন্ধী যেন হারান-ধন ফিরিগা পাইলেন। ভিত্রে-ভিতরে তিনি ধে নিবের অলক্ষ্যে-অধোচরে অন্নপূর্ণাকে চাহিতেছিলেন, অন্ন-পূর্ণাকে পাইয়া ভাহা বুঝিতে পারিলেন। তাঁহার এতদিনের অনেক প্রান্তি-অনেক কোভ যে কেবল অন্নপূর্ণার অভাবে, অনেক-দিনের পরে আজ তাহা তাঁহার কাছে মুহু-র্ভের মধ্যে স্কুম্পট হইল,—মুহুর্ভের মধ্যে ভাঁহার সমস্ত ব্যথিত হাদর তাহার চিরস্তন श्रानिष्ठे अधिकात कतिल। भट्टरकृत करमत পুর্বেও এই ছটি হা ধখন বধুভাবে এই পরিবারের সমস্ত স্থগ্র:থকে বরণ করিয়া वहेबाहित्वन-शृकाव, उदमत्व, মৃত্যুতে, উভয়ে এই সংসাররথে একতে যাত্রা করিয়াছিলেন-তথনকার সেই ঘনিষ্ঠ সথিত্ব बाकनकीत कामप्रतक आब मृहूर्स्टत मरधा আছের করিয়া দিল। যাঁহার সঙ্গে স্থানুর অতীতকালে একত্রে জীবন আরম্ভ করিয়া-ছिলেন, নানা ব্যাঘাতের পর সেই বালাসহ-**চরীই পরম হঃখের দিনে ভাঁহার পার্শ্বর্ত্তিনী** হইলেন—তথনকার সমস্ত স্থপত্ঃথের, সমস্ত প্রের্ঘটনার এই একটিমাত্র স্বরণাশ্রর রহি-श्राष्ट्र । शहात क्य ताक्वको हैशाक अ নিষ্ঠুরভাবে আঘাত করিয়াছিলেন, সেই বা অভি কোথায় ৷

অন্নপূর্ণা রোগিণীর পার্স্থে বিসিন্না তাঁহার দক্ষিণহস্ত হস্তে লইয়া কহিলেন—"দিদি!"

রাশ্বশন্ত্রী কহিলেন—"মেজ-বৌ!" বলিয়া আর তাঁহার কথা রাহির হইল না। তাঁহার ছই চকু দিয়া অন পড়িতে লাগিল। আশা এই দৃশ্ব দেখিয়া আর থাকিতে পারিল না— পাশের ঘরে গিয়া মাটিতে বসিয়া কাঁদিতে লাগিল।

রাজনন্দ্রী বা আশার কাছে অরপূর্ণা মহেল্রের দধকে কোন প্রশ্ন পাড়িতে সাহদ করিলেন না। সাধুচরণকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন—"মামা, মহিন কোথায় ?"

তথন সাধুচরণ বিনোদিনী ও মহেক্রের সমস্ত ঘটনা বিবৃত করিয়া বলিলেন। অন্ধ-পূর্ণা সাধুচরণকে জিজ্ঞাসা করিলেন, "বিহা-রীর কি থবর ?"

সাধুচরণ কহিলেন, "অনেকদিন তিনি আসেন নাই—তাঁহার থবর ঠিক বলিতে পারি না।"

অন্নপূর্ণা কহিলেন, "একবার বিহারীর বাড়ীতে গিয়া তাহার সংবাদ জানিয়া আইস।"

সাধুচরণ ফিরিয়া আসিয়া **কহিলেন,** "তিনি বাড়ীতে নাই, বালিতে গ**লার** ধারে বাগানে গিয়াছেন।"

অন্নপূর্ণা নবীন-ডাকারকে ডাকিয়া রোগীর অবস্থা জিজ্ঞাসা করিলেন। ডাক্তার কহিল, "হুৎপিডের হর্বলতার সঙ্গে উদরী দেখা দিয়াছে, মৃত্যু অকস্মাৎ কথন্ আসিবে, কিছুই বলা যায় না।"

সন্ধার সময় রাজলন্ধীর রোগের কট্ট যথন বাড়িয়া উঠিতে লাগিল, তথন অন্নপূর্ণা জিজ্ঞাসা করিলেন, "দিদি, একবার নবীন-ডাক্তারকে ডাকাই ?"

রাজ্বশন্ত্রী কহিলেন, "না মেজবৌ, নবীন-ডাক্তার আমার কিছুই করিতে পারিবে না।" অন্নপূর্ধা কহিলেন, "তবে কাহাকে তুমি

ডাৰ্কিতে চাও, বল।"

রাজনানী কহিলেন, "একবার বিহারীকে যদি থবঁর দাও ত ভাল হয় !"

অরপূর্ণার বক্ষের মধ্যে আঘাত লাগিল।
সেদিন দ্রপ্রবাসে সন্ধ্যাবেলার তিনি
ঘারের বাহির হইতে অন্ধকারের মধ্যে
বিহারীকে অপমানের সহিত বিদার করিয়।
দিয়াছিলেন, সেই বেদনা তিনি আজ পর্যান্ত ভূলিতে পারেন নাই। বিহারী আর কখনই তাহার ঘারে ফিরিয়া আসিবে না। ইহজীবনে আর বে কখনো সেই অনাদরের প্রতিকার করিতে অবসর পাইবেন, এ
মাশা তাঁহার মনে ছিল না।

সরপূর্ণা একবার ছাদের উপর মহেক্তের হরে গেলেন। বাড়ীর মধ্যে এই হরটিই ছিল আনন্দনিকেতন। আজ সে হরের কোন শ্রী নাই—বিছানাপত্র বিশৃষ্থাল, সাজ-সজ্জা অনাদৃত, ছাদের টবে কেহ জল দেয়। না, গাছগুলি শুকাইয়া গেছে।

মাসিমা ছাদে গিরাছেন ব্ঝিরা আশাও ধীরে ধীরে তাঁহার অফুসরণ করিল। অর্নপূর্ণা তাহাকে বক্ষে টানিরা লইরা তাহার মন্তকচ্ছন করিলেন। আশা নত হইরা ছই হাতে তাঁহার ছই পা ধরিরা বারবার তাঁহার পারে মাথা ঠেকাইল। কহিল, "মাসিমা, আমাকে আশীর্ঝাদ কর, আমাকে বল দাও! মাকুষ যে এত কট্ট সহু করিতে পারে, তাহা আমি কোনকালে ভাবিতেও পারিতাম না! মাগো! এমন আর কতদিন সহিবে!"

অন্নপূর্ণা সেইথানেই মাটিতে বসিলেন,
—আশা ভাঁহার পায়ে মাথা দিয়া দুটাইয়া
পড়িল। অন্নপূর্ণা আশার মাথা কোলের

উপরে তুলিয়া লইলেন—এবং কোন কথা না কহিয়া নিস্তব্ধভাবে জোড়হাত করিয়া দেবতাকে শ্বরণ করিলেন।

অরপূর্ণার সেহসিঞ্চিত নিঃশব্দ আশীর্কাদ
আশার গভীর হৃদয়ের মধ্যে প্রবেশ করিয়।
অনেকদিন পরে শাস্তি আনয়ন করিল।
তাহার মনে হইল, তাহার অভীষ্ট বেন
সিদ্ধ প্রায় হইয়াছে। দেবতা তাহার মত
মৃঢ়কে অবহেলা করিতে পারেন, কিন্তু মাসিমার প্রার্থনা অগ্রাহ্থ করিতে পারেন না।

হৃদবের মধ্যে আখাস ও বল পাইরা আশা অনেককণ পরে দীর্ঘনিখাস ফেলিরা উঠিরা বসিল। কহিল, "মাসিমা, বিহারি-ঠাকুরপোকে একবার আসিতে চিঠি লিখিয়া দাও!"

অনপূর্ণ। কহিলেনী, "না, চিঠি লেখা ছইবে না।"

আশা। তবে তাঁহাকে ধবর দিবে কি করিয়া ?

অন্নপূর্ণা কহিলেন, "কাল আমি বিহারীর সঙ্গে নিজে দেখা করিতে ধাইব।"

(83)

বিহারী বখন পশ্চিমে ঘ্রিয়া বেড়াইতেছিল, তখন তাহার মনে হইল, একটা কোন কাজে নিজেকে আবদ্ধ না করিলে তাহার আর শাস্তি নাই। সেই মনে করিয়া কলিকাতার দরিদ্র কেরাণীদের চিকিৎসা ও শুশ্রবার তার সে গ্রহণ করিয়াছে। গ্রীম্মকালের ডোবার মাছ যেমন অরজল পাঁকের মধ্যে কোনমতে শীর্ণ হইয়া থাবি শ্রেইয়া থাকে, গলি-নিবাসী অরাশী পরিবারভারগ্রস্ত কেয়াণীর বঞ্চিত্রীবন সেইয়প;—সেই বিবর্ণ

ক্লশ ছশ্চিস্তাগ্রন্ত ভদ্রমণ্ডলীর প্রতি বিহারীর অনেকদিন হইতে করুণাদৃষ্টি ছিল—তাহা-দিগকে বিহারী বনের ছারাটুকু ও গঙ্গার খোলা হাওয়া দান করিবার সঙ্কল করিল।

বালিতে বাগান লইয়া চীনে মিস্তির সাহায়ে সে স্থলর করিয়া ছোট ছোট কুটার তৈরি করাইতে আরম্ভ করিয়া দিল। কিন্তু ভাহার মন শাস্ত হইল না। কাজে প্রবৃত্ত হইবার দিন তাহার যতই কাছে আসিতে লাগিল, ততই তাহার চিত্ত আপন সঙ্কল হইতে বিমুথ হইয়া উঠিল। তাহার মন কেবলি বলিতে লাগিল, "এ কাজে কোন স্থথ নাই, কোন রস নাই, কোন সৌল্গা নাই,—ইহা কেবল শুক্ষ ভারমাত্র!" কাজের করানা বিহারীকে কথনো ইতিপুর্কে এমন করিয়া ক্লিষ্ট করে নাই।

একদিন ছিল, যথন বিহারীর বিশেষ কিছুই দরকার ছিল না; তাহার সম্মুথে যাহা কিছু উপস্থিত হইত, তাহার প্রতিই অনায়াসে সে নিজেকে নিযুক্ত করিতে পারিত। এখন তাহার মনে একটা-কি কুধার উদ্রেক হইরাছে, আগে তাহাকে নিরুত্ত না করিয়া অন্ত কিছুতেই তাহার আসক্তিহম না! পুর্বেকার অভ্যাসমতে সে এটা-ওটা নাড়িয়া দেখে, পরক্ষণেই সে-সমস্ত পরিত্যাগ করিয়া নিষ্কৃতি পাইতে চায়।

বিহারীর মধাে যে ধৌবন নিশ্চলভাবে সুপ্ত হইয়া ছিল, যাহার কথা সে কথনা চিস্তাও করে নাই, বিনােদিনীর সােণার কাঠিতে সে আজ জাগিয়া উঠিয়াছে। সজাে-জাত গরুড়ের মত সে আপন থােরাকের জন্ম সমস্ত জগংটাকে ঘাঁটিয়া বেড়াইতেছে। এই কুষিত প্রাণীর সহিত বিহারীর পূর্ব্ব-পরিচয় ছিল না, ইহাকে লইয়া সে ব্যস্ত হইয়া উঠিয়াছে; এখন কলিকাতার ক্ষীণ-জীর্ণ স্বল্লীয়ু কেরাণীদের লইয়া সে কি করিবে ৪

আষাঢ়ের গঙ্গা সন্মুখে বহিয়া চলিয়াছে। থাকিয়া থাকিয়া পর্নপারে নীলমেষ ঘনশ্রেণী গাছপালার উপরে ভারাবনত নিবিডভাবে व्याविष्टे श्रेषा উঠে; ममख नमीजन हेम्ला-তের তরবারির মত কোথাও বা উচ্চল কৃষ্ণবর্ণ ধারণ করে, কোথাও বা আগুনের মত ঝক্ঝক করিতে থাকে। নববর্ষার এই मभारतार्वत मर्या रामनि विदातीत पृष्टि পড़ে. অমনি তাহার হৃদয়ের দার উদ্ঘাটন করিয়া আকাশের এই নীল-শ্লিগ্ধ আলোকের মধ্যে কে একাকিনী বাহির হইয়া আসে, কে তাহার স্নানসিক্ত ঘনতরঙ্গায়িত ক্লঞকেশ উন্মুক্ত করিয়া দাঁড়ায়,বর্ধাকাশ হইতে বিদীর্ণ-মেঘচ্ছুরিত সমস্ত বিচ্ছিল রশ্মিকে কুড়াইয়া লইয়া কে একমাত্র তাহারই মুথের উপরে অনিমেষ-দৃষ্টির দীপ্ত-কাতরতা প্রসারিত করে।

পূর্বের যে জীবনটা তাহার স্থাথ-সংস্থাষে কাটিয়া গোছে, আজ বিহারী সেই জীবনটাকে পরম ক্ষতি বলিয়া মনে করিতেছে। এমন কত মেঘের সন্ধ্যা, এমন কত পূর্ণিমার রাত্রি আসিয়াছিল, তাহার। বিহারীর শৃশুভ্দদ্রের দ্বারের কাছে আসিয়া স্থাপাত্রহস্তে নিঃশব্দে ফিরিয়া -গেছে,—সেই সকল ছর্লভ শুভক্ষণে কত সঙ্গীত অনারন্ধ, কত উৎসব অসম্পন্ন ইইয়াছে, তাহার আর শেষ নাই! বিহারীর মনে যে সকল পূর্বেম্মতি ছিল,

বিনোদিনী সেদিনকার উষ্ণত চুম্বনের রক্তিম আভার ছারা সেগুলিকে আৰু এমন বিবর্ণ অকিঞিৎকর করিয়া দিয়া গেল! মহেন্দের ছায়ার মত হট্যা জীবনের অধিকাংশ দিন কেমন করিয়া কাটিয়াছিল ? তাহার মধ্যে কি চরিতার্থতা ছিল! প্রেমের বেদনায় সমস্ত জল-স্থল-আকাশের কেন্দ্রকু হইতে ষে এমন রাগিণীতে এমন বাঁশা বাজে, তাহা ত অচেতন বিহারী পূর্কে কখনো অমু-মান করিতেও পারে নাই ৷ যে বিনোদিনী ছই বাছতে বেষ্টন করিয়া একমুহুর্ত্তে অক-শ্বাৎ এই অপরপ সৌন্দর্য্যলোকে বিহারীকে উত্তীর্ণ করিয়া দিয়াছে, তাহাকে সে আর কেমন করিয়া ভূলিবে ? তাহার দৃষ্টি, তাহার আকাজকা আৰু সৰ্বতি ব্যাপ্ত হইয়া পড়ি-য়াছে, তাহার ব্যাকুল ঘননিখাস বিহারীর রক্তশ্রোতকে অহরহ তরঙ্গিত করিয়া তুলি-তেছে এবং তাহার স্পর্শের স্থকোমল উত্তাপ বিহারীকে বেষ্টন করিয়া পুলকাবিষ্ট সদয়কে কুলের মত ফুটাইয়া রাথিয়াছে।

কিন্তু তবু সেই বিনোদিনীর কাছ হু তে বিহারী আৰু এমন দূরে রহিয়াছে কেন ? তাহার কারণ এই, বিনোদিনী যে সৌলগ্যারদে বিহারীকে অভিষিক্ত করিয়া দিয়াছে, সংসারের মধ্যে বিনোদিনীর সহিত সেই সৌল্পর্যাের উপযুক্ত কোন সম্বন্ধ সে করনা করিতে পারে না। পদ্মকে তুলিতে গেলে পরু উঠিয়া পড়ে। কি বলিয়া তাহাকে এমন কোথায় স্থাপন করিতে পারে, যেখানে ফুলর বীভৎস হইয়া না উঠে! তাহা ছাড়া মহেন্দ্রের সহিত ধদি কাড়াকাড়ি বাধিয়া যায়, তবে সমন্ত ব্যাপারটা এতই কুৎসিত আকার

ধারণ করিবে যে, সে সম্ভাবনা বিহারী মনের প্রাস্থেও স্থান দিতে পারে না। তাই বিহারী নিভ্ত গঙ্গাতীরে বিশ্বসঙ্গীতের মাঝখানে তাহার মানসী প্রতিমাকে প্রতিষ্ঠিত করিয়া আপনার হৃদয়কে ধূপের মত দগ্ধ করি-তৈছে। পাছে এমন কোন সংবাদ পায়, যাহাতে তাহার স্থেম্বপ্রজ্ঞাল ছিন্ন-বিচ্ছিন্ন হট্রা যায়, তাই সে চিঠিলিথিয়া বিনোদিনীর কোন ধ্বরও লব্ধ না।

তাহার বাগানের দক্ষিণ প্রান্তে ফলপূর্ণ জামগাছের তলায় মেঘাছের প্রভাতে বিহারী চুপ করিয়া পড়িয়া ছিল, সন্মুথ দিয়া কুঠির পান্দী যাতায়াত করিতেছিল, তা-ই সে মলসভাবে দেখিতেছিল। ক্রেমে বেলা বাড়িয়া যাইতে লাগিল। চাকর আসিয়া, আহারের আয়োজন করিবে কি না, জিজ্ঞাসা করিল—বিহারী কহিল, "এখন থাক়!" মিস্তির সন্দার আসিয়া বিশেষ পরামর্শের জন্ম তাহাকে কাজ দেখিতে আহ্বান করিল—বিহারী কহিল —"আর একটু পরে!"

এমন-সময় বিহারী হঠাৎ চমকিয়া
উঠিয়া দেখিল, সম্মুথে অয়পূর্ণা। শশব্যস্ত
হইয়া উঠিয়া পড়িল—ছই হাতে তাঁহার পা
চাপিয়া ধরিয়া ভূতলে মাথা রাথিয়া প্রণাম
করিল। অয়পূর্ণা তাঁহার দক্ষিণহস্ত দিয়া
পরমঙ্গেহে বিহারীর মাথা ও গা স্পাশ
করিলেন। অশুজড়িতস্বরে কহিলেন,
"বিহারি, ভূই এত রোগা হইয়া গেছিদ্
কেন ?"

বিহারী কহিল, "কাকীমা, ভোমার দ্বেহ ফিরিয়া পাইবার জন্ম।"

গুনিয়া অরপূর্ণার চোথ দিয়া ঝর্ঝর্

করিয়া জল পড়িতে লাগিল। বিহারী ব্যস্ত হইয়া কহিল, "কাকীমা, তোমার এখনো খাওয়া হয় নাই ?"

অনপূর্ণা কহিলেন, "না, এখনো আমার সময় হয় নাই।"

বিহারী কহিল—"চল, আমি রাঁধিবার জোগাড় করিয়া দিইগে। আজ অনেকদিন পরে তোমার হাতের রালা এবং তোমার পাতের প্রসাদ থাইয়া বাঁচিব।"

মহেন্দ্র-আশার সম্বন্ধে বিহারী কোন কথাই উত্থাপন করিল না। অন্নপূর্ণা এক-দিন স্বহস্তে বিহারীর নিকটে দেদিক্কার ধার রুদ্ধ করিয়া দিয়াছেন। অভিমানের সহিত সেই নিষ্ঠুর নিষেধ সে পালন করিল।

আহারান্তে অনুপূর্ণা কহিলেন, "নৌক। টেই প্রস্তুত আছে বিহানি^{ব্হায়}ন একবার কলিকাতায় চলু।"

বিহারী কহিল, "কলিকাতায় আমার কোন প্রয়োজন ?"

অনপূর্ণ। কহিলেন—"দিদির বড় অন্তথ, তিনি তোকে দেখিতে চাহিয়াছেন।"

শুনিয়া বিহারী চকিত হইয়া উঠিল। জিজ্ঞানা করিল, "মহিন-দা কোথায় ?" অন্নপূৰ্ণা কহিলেন - "সে, কলিকাডান্ন নাই, পশ্চিমে চলিন্না গেছে!"

ওনিয়া মুহুর্ক্তে বিহারীর মুথ বিবর্ণ হটয়। গেল। সেঁচুপ করিয়া রহিল।

অরপূর্ণ বিবজাসা করিলেন—"তুই কি সকল কথা জানিস্না ?"

বিহারী কহিল— "কতকটা জানি, কিন্তু শেষ পর্যাস্ত জানি না !"

তথন অরপূর্ণা, বিনোদিনীকে লইয়া
মহেন্দ্রের পশ্চিমে পলায়নের বার্স্তা বলিলেন।
বিহারীর চক্ষে তৎক্ষণাৎ জল-স্থল-আকাশের
সমস্ত রং বদ্লাইয়া গেল, তাহার কয়নাতাগুরের সমস্ত সঞ্চিত্রস মূহুর্স্তে তিক্ত
হইয়া উঠিল। 'মায়াবিনী বিনোদিনী কি
সেদিনকার সন্ধ্যাবেলায় আমাকে লইয়া থেলা
করিয়া গেল ? তাহার ভালবাসার আত্মসমর্পণ সমস্তই ছলনা! সে তাহার গ্রাম ত্যাগ
করিয়া নির্লজ্জভাবে মহেন্দ্রের সঙ্গে একাকিনী
পশ্চিমে চলিয়া গেল! ধিক্ তাহাকে, এবং
ধিক্ আমাকে, যে আমি-মৃচ্ তাহাকে এক
মূহুর্ন্তের জন্যও বিশ্বাস করিয়াছিলাম!'

হার মেঘাক্তর আবাঢ়ের সন্ধ্যা, হার গতর্ষ্টি পূর্ণিমার রাত্তি, তোমাদের ইক্তঞাল কোথার গেল!

क्रमण ।

সার সত্যের আলোচন।

মোট-বন্ধন।

সার সভ্যের আলোচনার প্রথম উপক্রমে সতা-জগৎ এবং ভাব-জগতের আলোচনা-প্রসঙ্গে দেখানো হইয়াছে যে, একই জগৎ এক দিকে मध्यक्राभित्र अधिष्ठीत्न मङ्गवान, স্থভরাং সভ্য কিনা সংসম্পর্কীয়, * স্থার-এক দিকে ভিন্ন ভিন্ন ৰ্যক্তির নিকটে ভিন্ন ভিন্ন ভাবে প্রকাশিত, স্বতরাং ভিন্ন ভিন্ন বাক্সিগত ভাব। সেই দঙ্গে এটাও ইঙ্গিত করা হইয়াছে যে, ভিন্ন ভিন্ন ভাব-জগতের দাকাৎ অধিষ্ঠাতা যেমন ভিন্ন ভিন্ন জীবাত্মা<u>,</u> অৰিতীয় একমাত্র সভা-জগতের সাক্ষাৎ অধিষ্ঠাতা তেমনি অভিতায় একমাত্র প্ৰমান্ধা।

বিতীর উপক্রমে—জীবাত্মা হইতেই
বাত্রারম্ভ করা বিধের এবং জীবাত্মা হইতে
বাত্রারম্ভ করিতে হইলে জীবাত্মা আপনার
জ্ঞানে আপনি কিরপ প্রতীরমান হ'ন,
তাহাই সর্ব্বাগ্রে আলোচ্য এইরূপ বিবেচনার
বশবর্ত্তী হইরা দেখানো হইরাছে বে, জীবাত্মার প্রধানতম তিনটি অবস্থা হ'চে জাগ্রৎ,
বপ্র এবং স্ব্র্বি ; আর, জীবাত্মা আপনার
নিকটে আপনি প্রকাশ পাইবার সময় সেই

তিন বিভিন্ন অবস্থার মধ্যে একই অভিন্ন কর্ত্তা ভোক্তা এবং জ্ঞাতা রূপে প্রকাশ পা'ন। সেই সঙ্গে এটাও ইন্ধিত করা হইয়াছে যে, ভোগ, কর্ম্ম এবং জ্ঞান, এই তিনটি ব্যাপার জীবাত্মার তিনটি প্রধানতম গুণ-ফুর্ক্তি।

তৃতীয় উপক্রমে ভোগ কর্ম্ম এবং জ্ঞান, এই তিনটি মৌলিক ব্যাপারের সহিত প্রাণ মন এবং বৃদ্ধি, এই তিনটি অস্তঃকরণ-বৃত্তিরাধাপে-ধাপে মিল রহিয়াছে দেখাইয়া—প্রাণ মন এবং বৃদ্ধির ভেদাভেদ-সম্বন্ধীয় সারক্ষাগুলি বিস্তার-পূর্বক বলিতে আরম্ভ করা হইয়াছে; বলিতে আরম্ভ করিয়া তিনের মধ্যগত বৈশেষিক লক্ষণগুলির আলোচনাকার্য্য প্রথম চোটে ষতদ্র সম্ভবে, তাহা এক-প্রকার করিয়া-চোকা হইয়াছে। দেখানো হইয়াছে বে,—

- (>) প্রাণ ভোগ-প্রধান; মন ক্রিয়া-প্রধান, অপবা বাহা একই কপা—প্রবৃত্তি-প্রধান; বৃদ্ধি জ্ঞান-প্রধান।
- (২) প্রাণের গতি তরঙ্গের উত্থান-পতনের ন্যায় স্বস্থানেই আবদ্ধ; অর্থাৎ প্রাণ-ক্রিয়া নিশাস-প্রখাসের গ্রহণ-বর্জনের ন্যায় প্রকৃতির বাঁধা নিয়মে নিরস্তর সমভাবে

^{*} দুল্ক, দিধি, যুক্ত প্রভৃতি গোসম্পর্কীয় পদার্থসকল ধে-হিদাবে গবা-শন্দের বাচ্য—জগতের যাবতীর পদার্থ সেই হিদাবে সক্তা-শব্দের বাচ্য। "সক্তা" কিনা স্ৎস্ম্পর্কীয়। "স্ৎ" কিনা অনাদি অন্ত অপরিবর্জনীয় নিতাব্দ্ধ।

অনতিপরে দেখিতে পাওরা বাইবে বে, প্রাণ অন্ত:করণেরই সামিল।

চলিতে থাকে। মনের গতি বিক্ষেপাত্মিকা;
মনঃক্রিয়া ভাবের-অন্থবন্ধিতা-মূলক * প্রতি
যোগের পথান্থবর্তী। বৃদ্ধির গতি সমাধিমুখী;—বৃদ্ধিক্রিয়া অগ্রপশ্চাৎ-বিবেচনা-মূলক
সংযোগের পথান্থবর্তী।

- (৩) প্রাণের বিশেষ কার্যাকারিত।
 দেখিতে পাওয়া যায় সুষুপ্তির অবস্থায়;
 মনের—স্বপ্নাবস্থায়; বৃদ্ধির—জাগরিতাবস্থায়: শেষোক্ত কথাট আমাদের দেশে
 এমনি স্প্রসিদ্ধ যে, জাগরিতাবস্থার নামই
 প্রবৃদ্ধ অবস্থা।
- (৪) প্রাণের বিচরণ-ক্ষেত্র অব্যক্ত সত্তা; মনের—প্রাতিভাসিক সত্তা; বৃদ্ধির—বাস্তবিক সত্তা।

প্রাণ, মন এবং বৃদ্ধির পৃথক্ পৃথক্ বৈশেষিক লক্ষণগুলি এক-তো এইরূপ পৃথক্ পৃথক্ করিয়া দেখানো হইরাছে; তা ছাড়া—স্থানে স্থানে তিনের মধ্যস্থিত একাত্মভাবের কতক কতক আভাস প্রদান করিতেও ক্রাট করা হয় নাই। কিন্তু তাহা আভাস-মাত্র; তা বই—তাহা জিজ্ঞাস্থ ব্যক্তির আকাজ্জা মিটিতে পারিবার মতো পরিষ্ণার অভিজ্ঞপ্তি † নহে। কর্ত্তব্য হ'চেচ এখন—তিনের মধ্যগত একাত্মভাবের প্রকৃত র্তাপ্তটি স্পষ্ট করিয়া খুলিয়া বলা, তাহা হুইলেই পাঠক এবং লেথকের মধ্যে বোঝা-পড়া'র গোলোযোগ মিটিয়া যাইবে;—লেথক কোন্ কথা কি অর্থে বলিয়াছে, তাহা খুঁজিয়া-পাতিয়া বাহির করিবার জ্ঞা

পাঠককে আর অন্ধকারে হাতড়াইতে হইবে না।

প্রাণের অব্যক্ত-চেতনতা।

একটু স্থির-চিত্তে প্রণিধান করিয়া দেখিলেই প্রতীয়মান হইবে ষে, প্রাণ হই নৌকায় পা দিয়া দাঁড়াইয়া থাকে; এক নৌকা হ'চে চেতনা, আর-এক নৌকা জড়তা। প্রাণের গতিও তদ্বৎ—অর্থাৎ হই-নৌকায়-পা-দেওয়া রকমের। সে গতি আর-কিছুনা— নিশ্বাস হইতে প্রশ্বাস, প্রশ্বাস হইতে নিশ্বাস; অরগ্রাহী কণ্ঠনলীর সঙ্গোচ হইতে বিকোচ, বিকোচ হইতে সঙ্গোচ; হৎপিণ্ডের উত্থান হইতে পতন, পতন হইতে উত্থান; এইরপে এপাশ-ওপাশ করিয়া হেলন-দোলন; এক কথায়—স্পান্দন।

সম্প্রতি পাশ্চাত্য-দর্শন-রাজ্যে একটি পুরাতন কথাকে নৃতন উপাধি দিয়া সাজানো হইয়াছে। উপাধিটি হ'চ্চে Subconscious। Subconsciousness একপ্রকার অবশ্রপ্তন-বতী সন্ধ্যাচ্ছায়া; না তাহা ব্যক্ত-চেতনা'র দিবালোক—না ভাহা অচেতনতা'র নিশা-ন্ধকার-পরস্ত হয়ের মাঝামাঝি: তাহা অব্যক্ত চেতনা। এই Subconscious উপাধিটি প্রাণের হুই-নৌকায়-ভর-দেওয়া প্রকৃতির সহিত দিব্য সংলগ্নহয়। ভাষায় কথোপকথনের সময় প্রাণ এবং মনের মধ্যগত প্রভেদকে গ্রাহ্যের মধ্যে বড়-একটা আমল দেওয়া হয় না। "মন ঠাওা হ'ল", "প্রাণ ঠাণ্ডা হ'ল", এ হই কথার মধ্যে,

^{*} ভাবের অনুবন্ধিতা = Association of ideas.

[†] অভিজ্ঞপ্তি = অভিজ্ঞান জন্মাইরা দেওয়া'র ব্যাপার = চিনাইরা দেওয়া'র ব্যাপার।

অথবা "মন চায়," "প্রাণ চায়," এই ছই কথার বিধন নতে-একাস্ত-পক্ষেই অচেতন বধন মধ্যে—ধরা-পাঁক্ড়া করিলে—প্রভেদ অবী-কার করিতে পারা বায় না সভ্য, কিন্ত তথাপি—লৌকিক ধাঁচা'র কথাবার্ভার মাঝ-থানে দে প্রভেদ কাহারো বড়-একটা গ্রাহ্যের মধ্যে আসে না। পকাস্তরে এইরূপ দেখিতে পাওয়া যায় যে, দর্শনাদি পাল্লের আলোচনা-कारण मन এবং वृद्धित्करे त्कवण मछःकत्रत्वत কোটায় স্থান দেওয়া হয়; প্রাণকে মনে করা হয়, অচেতনতা-প্রযুক্ত অন্তঃকরণের কোটায় স্থান পাইবার অমুপবৃক্ত। প্রাণ-বেচারীর প্রতি এইরূপ শক্ত আইন-জারি করিয়া তাহার প্রাণে আঘাত করা বড় य छोन काम, जाहा वनिए भाति ना। পত্য বটে--প্রাণ অব্যক্ত-চেতন (Subconscicus); কিন্তু সেই অপরাধে তাহাকে সর্বসমকে একান্ত-পক্ষেই অচেতন (Unconscious) বলিয়া খোঁটা দিয়া অস্তঃকরণের কোটা হইতে বহিষ্কৃত করিয়া দিলে লঘু অপরাধে গুরুদণ্ড বিধান করা হয়—ইহা যথন বুঝিতেই পারা যাইতেছে, তথন, জানিয়া-ভনিয়া কে এমন নির্কোধ বিচার-পতি যে, তিনি সামান্ত অপরাধে ঐরপ অতি-দণ্ডের আজ্ঞা প্রদান করিয়া আপীল-আদালতের বিচারে নিজে দণ্ডার্হ ইইবেন গ ইহার বিরুদ্ধে উচ্চ আদাবতের ধর্মাসন হইতে যেরপ স্থবিচার-প্রাপ্তির প্রত্যাশা করা যায়, তাহা এই :---

পরীক্ষারপী প্রবীণ সাক্ষীর জবান-বন্দিতে প্রমাণ হইতেছে এই যে, প্রাণ অব্যক্ত-চেতন। তবেই হইওেছে বে, প্রাণ একাস্ত-পক্ষেই অচেতন নহে। তাহা নহে —তথন অবখ্য প্ৰাণ এক হিসাবে স্ক তন, আর-এক হিসাবে সচেতন। ষে হিসাবে সচেতন, সে হিসাবে তাহা বৃদ্ধি এবং মনের দলভুক্ত, স্থৃতরাং অস্তঃকরণের কোটার স্থান পাইবার অন্ত্রপযুক্ত নহে।

উচ্চ আদালতের প্রথামুবারী এইরূপ নিব্দির ওব্দনের বিচারকে বথার্থ তার-বিচার বানিয়া তদমুসারে আমি বৃদ্ধি, মন এবং প্রাণ, তিনকেই অস্তঃকরণের কোটায় এক-সঙ্গে বসাইলাম—একসজে বসাইয়া তিন ভাতার একত মেলামেশা-গতিকে তাহাদের लाज्राशास्त्र मानमूथ उज्जन इहेमा ७८% কি না, তাহার পরীক্ষায় প্রবৃত্ত হইলাম। পরীক্ষা করিয়া পাইলাম কি-- সেইটিই এখন জিজান্ত। পাইলাম দে কি, তাহা "কলেন পরিচীয়তে": অতএব নিষের উদাহরণ-গুলির প্রতি দৃষ্টিপাত করা হো'ক।

প্রাণ এবং মনের একাজভাব। প্রথম উদাহরণ।

স্থনিদ্রার সময় যথন নিদ্রিত ব্যক্তির নিখাস-প্রখাস-ক্রিয়া স্বভাব-গুণে আপনা-আপনি চলিতে থাকে, তথন তাহাকে বলা হয় প্রাণ-ক্রিয়া। পক্ষান্তরে, প্রাণায়াম-সাধনের সময় যথন সাধকের নিশাস-প্রশাস-ক্রিয়া শাস্ত্রোক্ত নিয়মে পরিচালিত হয়. তথন তাহাকে বলা হয় মানসী ক্রিয়া। এখন বিজ্ঞান্ত এই বে, নিদ্রিত ব্যক্তির কথা এবং প্রাণায়াম-সাধকের কথা ছাড়িয়া निया, बाधर-कारन लारक महन्नाहत्र य-ভাবে নিখাস-প্রখাস গ্রহণ-বর্জন করে,

দে-ভাবের খাদ-ক্রিয়াকে কোন্ শ্রেণীর ক্রিয়া বলিব ? প্রাণ-ক্রিয়া বলিব, না মন:ক্রিয়া বলিব ? আমি এই যে নিখাস-প্রখাস টানি-তেছি-ফেলিতেছি----টানিতেছি--ফেলিতেছি, কিসের বলে ? মনের বলে –না প্রাণের वरन १ हेरात উखत এই यে, মনে করিলেই मानत कुल, मान ना कतिलहे श्रीतित বলে। এরপ স্থলে প্রাণ এবং মনের অধি-কারের সীমা-নির্দেশ করা এক প্রকার অসাধ্য-সাধনা। আমি যথন দেখি যে, জাগরিতা-বস্থায় ইচ্ছা করিলেই আমি আমার নিখাস-প্রশাসের পরিচালনা স্থগিত করিতে পারি. তথন আমি বলি যে, আমার এই জাগরিতা-বস্থার খাস-ক্রিয়াতে আমার মন নিরবচ্ছেদে লাগিয়া আছে; সংক্ষেপে—জাগরিতাবস্থার খাদ-ক্রিয়া সমনস্থা। পক্ষাস্তরে, আমি বখন দেখি যে, জাগরিতাবস্থাতেও আমার খাস-ক্রিয়া আমার মনোযোগের অপেকা না করিয়া আপনা-আপনি চলিতে থাকে; তখন আমি আর-এক কথা বলি; তখন বলি যে, জাপরিতাবস্থার খাস-ক্রিয়া সুযুপ্ত অবস্থার খাদ-ক্রিয়ারই যমক সহোদর;---তাহাও অমনস্বা। তবেই হইতেছে যে, জাগ-রিতাবস্থার খাস-ক্রিয়া এক হিসাবে সমন্ত্রা, আর-এক হিসাবে অমনস্কা; যে-হিসাবে ভাহা সমনত্বা,সেই হিসাবে তাহা মন:ক্রিয়া: বে-হিসাবে ভাহা অমনস্বা, সেই হিসাবে তাহা প্রাণ-ক্রিয়া।

षिতীয় উদাহরণ।

একটি ছই-বংসরের বালক মাতার ক্রোড়ে থুমাইয়া-ঘুমাইয়া নিয়ীলিত চক্ষে স্তনপান ক্ষরিতে ক্রিতে জাগিয়া-উঠিয়া উন্মীলিত

চক্ষে স্তনপান করিতে লাগিল। এরপ স্থলে ,বালকটির জাগরিভাবস্থার স্থপাবস্থারই পান-ক্রিয়ার লেজুড় চলিতেছে, ভাহা দেখিভেই পাওয়া ঘাইতেছে। তবেই হইতেছে বে. জাগরিতাবস্থাতেও বালকটির পানক্রিয়া व्यमनका। बात-এक निर्क त्रया यात्र (व, মাতা ধখন কোনো আবখ্যক গৃহকার্য্যের অমুরোধে ক্রোড়স্থ বালকটির মুথ হইতে স্তনাগ্র ছাডাইয়া লইতে চেষ্টা করেন---বালকটি তথন কিছুভেই ভাহা ছাড়িতে চাহে না; ইহাতে প্রমাণ হইতেছে এই ষে, বালকটি মনের সহিত স্তনপান করিতেছে, স্থতরাং তাহার পান-ক্রিয়া এবারেও স্পষ্ট দেখিতে পাওয়া যাইতেছে যে. জাগ্রৎকালের স্তনপান-ক্রিয়া এক হিসাবে অমনস্বা, আর-এক হিসাবে সমনস্বা। যে-হিসাবে তাহা অমনস্কা, সেই হিসাবে ভাহা প্রাণ-ক্রিয়া, ধে-হিসাবে তাহা সমন্ত্রা, সেই হিসাবে তাহা মন:ক্রিয়া।

তৃতীয় উদাহরণ।

এক জন গায়ক যথন নিভ্ত তক্তলে ভাবে ভোর হইয়া সঙ্গীত-শহরীতে প্রাণ্মন ঢালিয়া দিতেছে, তথন মাভা সরস্বতী ভাহার কঠে আবিভূত হইয়া গান করিতেছে, তাহা বলিতে পারা স্কটিন। এরূপ স্থলে গায়কের গানকিয়া যে-হিসাবে মা-সরস্বতীর অনুপ্রাণনা, সেই হিসাবে তাহা প্রাণকিরা; যে-হিসাবে তাহা গায়কের করিকুরি, সেই হিসাবে তাহা মন:ক্রিয়া।

ুচতুর্থ উদাহরণ। বিষাত বিখন সপদ্মীপুত্রের কোনোপ্রকার, ব্যক্ত সদৃগুণ দেখিয়া তাহাকে লইয়া আদর করেন, তথন সেরূপী সহেতৃক ভাৰবাদাকে বলা যাইতে পারে মনের ভালবাদা। পক্ষান্তরে, স্বমাতা যথন অপরাধী পুত্রের কোনোপ্রকার গুণাগুণের প্রতি কিছুমাত্র দৃক্পাত না করিয়া ভাহাকে क्कारफ ज्लिया नहेबा मूर्य छ९ मना करतन, অথচ মনে মনে তাহার মুখচুম্বন করেন, তথন সেরূপ অহৈতৃক ভালবাসাকে বলা যাইতে পারে প্রাণের ভালবাসা। তাহা स्म इटेन-- এখন किकाश এই यে, ताधा-কৃষ্ণের ভালবাসাকে কোন্ শ্রেণীর ভালবাসা বলিব ? তাহা প্রাণের ভালবাসা, না মনের ভালবাসা ? প্রেমোমত ব্যক্তির মনের ভাব যদি এইরূপ হয় যে, "কি-গুণে উহাকে আমি ভালবাসি তাহা জানি না—জানি মাত্র এই যে, উহাকে দেখিলে প্রাণ পাই-ना (मिथल প्रान-विद्यांग इय", उत्वह বলিব যে, তাহার ভালবাসা প্রাণের ভাল-বাসা। পক্ষাস্তবে, তাহার^{*}মনের ভাব যদি এরপ হয় যে, "এই গুণে উহাকে আমি ভালবাসি', তবে তাহা মনের ভালবাসা। পুরাণের মতান্থসারে রাধা-ক্ষের ভালবাদা নিতান্ত-পক্ষেই জন্মজন্মা-স্তরের ভালবাসা; স্বভরাং কি-শুণে দোঁহে माहारक जान वांत्रिरक्टहन, माहा'त जाहा না জানিতে পারিবারই কথা। এই হিসাবে षौरात ভागवामा প্রাণের ভাগবাদা। এটাও কিন্তু দেখিতে পাওয়া বায় বৈ, এক দিকে রাধিকার অত্পম রূপলাবণ্য, আর-

এক দিকে ক্লঞ্জের মনোহর ত্রিভঙ্গ ঠাম, वानविककाती नत्रन-छन्ने जवः मूज्नौश्वनि--- इटे पिएकज এই হুইদ্বপ মোহন গুণের গলা-যমুনার সক্ষম হইতে ভূমুল তরঙ্গ উঠিয়া ভালবাসাকে ক্ষণে স্থৰ-স্বপ্নের স্বর্ণে তুলিতেছে, ক্ষণে ছঃস্বপ্নের পাতালে নাবাইতেছে; সাগ্রমন্থন হইতে স্থাও যেমন-হলাহলও তেমনি-ছই ই ছই কৃল ছাপাইয়া উদ্বেলিত হইয়া উঠিতেছে: এইরপ অধীর ধাঁচা'র ভালবাসা বিক্ষেপাত্মক মনের ভালবাসা। রাধাক্তফের বাসাতে প্রাণের অব্যক্ত সংস্কার এবং মনের উদ্রিক্ত বাসনা এরূপ গারে-গায়ে লিগু হইয়া রহিয়াছে যে, ছয়ের মধ্যে ছেদ-রেথার স্থানাভাব।

উপরের উদাহরণগুঁলিতে প্রমাণ হই-তেছে এই যে, মন:ক্রিয়া এবং প্রাণক্রিয়ার মধ্যে প্রভেদ কেবল ব্যক্তাব্যক্তের তারতম্য লইয়া; তা বই,বস্ত-পক্ষে হয়ের মধ্যে কোনো প্রভেদ নাই; বস্তু-পক্ষে প্রভেদ না থাকি-वात्रहे कथा--- त्कन ना, श्रांग वदः मन, छे छ एव একই জীবাত্মার ছই অন্ত:করণ-বৃত্তি: ভা বই, ও ছই বৃত্তি ছই শ্রেণীর ছই বৃত্তিও নছে: ছই ব্যক্তির ছই বৃত্তিও নহে। প্রাণ এবং মনের মধ্যে বস্ত-পক্ষে প্রভেদ না থাকিলেও — खन-পক্ষে প্রভেদ আছে, তাহা দেখিতেই পাওয়া যাইতেছে। সে প্রভেদ এই বে, মন ব্যক্ত-চেতন, প্রাণ অব্যক্ত-চেতন ৷ মন ব্যক্ত-চেতন বটে, কিন্তু স্থব্যক্ত-চেতন नर्ह ;-- मन अर्कवाखन-८०७न। खवाख-চেতন কে ? না বৃদ্ধি। এই জ্বস্তু, মন ৰধাগত একান্মভাৰটিকে

শৃষ্কঃকরপের গভীর প্রদেশ হইতে প্রকাশ-ক্লেন্তে টানিয়া তুলিতে গেলে বৃদ্ধি পর্যন্ত টান পড়ে। নিমের উদাহরণ দৃষ্টে প্রকাশ পাইরে বে, একাজ্মভাব কেবল মন এবং প্রাণের মধ্যেই আবদ্ধ নহে; পরস্ক তাহা প্রাণ, মন এবং বৃদ্ধি, তিনকেই এক হুত্রে প্রাণিত করিয়া অব্যক্ত হুইতে অর্দ্ধব্যক্তের

প্রাণ, মন এবং বুদ্ধির একাস্থভাব। উদাহরণ।

মনে কর, আমি দেশ-ভ্রমণে বাহির হইরা পথিমধ্যে মাস-করেকের জন্ত একটি অপরি-চিত গ্রামে বাদ করিতেছি। প্রত্যহ প্রাতঃ-কালে আমি একবার করিয়া গ্রাম প্রদক্ষিণ করি। পথিমধ্যে আমি প্রত্যহ আম, জাম, त्वन, कांशन, এই हात्रि करनत हातिहै। शाह পরে পরে অবলোকন করি। প্রতিদিনের **बहें ज़ृरबामर्नेटनंत कन रहेन এই रिंग, खे** চারিটি বৃক্ষের মধ্যগত ভেদাভেদ-সম্বন্ধ আমার প্রাণে গাঁধা পড়িয়া গেল। কেহ বলিতে পারেন বে, "প্রাণে গাঁণা পড়িয়া গেল", এটা কেবল একটা কথার কথা; "মনে গাঁপ্লা পড়িয়া গেল" বলিতে দোষ কি ? ইহার উত্তর এই বে, সত্যসত্যই আমাতে যাহা ঘটল, তাহাই খামি বলিলাম। তাহা এই বে, পথিমধ্যে প্রভাহ ঐ চারিটি বুক্ষের कृत्बोपर्यत्नत बांत्र पित्रा উर्शापत मधाः গত তেলাতেদ-শবদ আমার অন্ত:করণের অবাক্ত মহলে চুপিচুপি প্রবেশ করিল— ক্থন যে প্রবেশ করিল, তাহা আমি

পারিশাম না। 'অভঃকরণের ৰানিতেও গৈই যে অব্যক্ত মহল, তাহার নাম[্] প্রাণ_় তা वह, जारात नाम मनल नरह, वृक्षिल নহে। মন সচেতন অস্ত:করণ-বৃত্তি; যাহা মনে বাদ করে, তাহা মনে প্রকাশ পার। "মনে বাস করিভেছে, অথচ মনে প্রকাশ পাইতেছে না", এ কথা বলাও বা, আর "এক ব্যক্তি কথা কহিতেছে, অথচ তাহার মুখ **मित्रा भक्त वाहित्र इटेएड(इ ना", এ क्था** বলাও তা-ছই-ই অর্থীন জন্ন। অভএব এই কথাই ঠিক্ যে, ঐ চারিটি বুক্ষের ভেদা-ভেদ-সম্বন্ধ আমার প্রাণে গাঁধা পড়িরা গেল। তাহার পরে দেখি বে, প্রতিদিনই সেই স্থানের সেই আম-গাছটি দেখিবামাত্র আমার মনে জামগাছটির দর্শনাকাক্ষা জাগিয়া ওঠে; তেমনি, জাম-গাছটি দেখিবামাত্র বেল-গাছটির দর্শনাকাজ্ঞা, বেল-গাছটি দেখিবা-মাত্র কাঁঠাল-গাছটির দর্শনাঞ্চাজ্ঞা মনো-মধ্যে ক্রমান্বরে জাগিয়া ওঠে। হয় আর কিছু না—প্রাণে যাহা অব্যক্তভাবে গাঁথা রহি-রাছে,মনে তাহার ঞুক এক অংশ চাকুষ-দৃষ্টি-যোগে ব্যক্ত হয় এবং সেই সঙ্গে পরপরবন্তী অংশের দর্শনাকাজ্ঞা ভাবের অমুবন্ধিতা-সূত্তে वाक रहा। वाक रहेवांत्रहे कथा; (कन ना, কোনো অভান্ত সংস্থার যথন অন্ত:কর্ণে বন্ধসূল হয়, তখন তাহা প্রাণের নজে মিশিরা গিরা লুকাইরা অবস্থিতি করে; আবার, সেই সংখার- যথন কোনোপ্রকার সারকের উত্তেজনার নাড়াচাড়া সাইয়া প্রকট-বাসনা-রূপে অভিবাক্ত হয়, ভেখন कारबरे जारा मरन जानिया ७८३। একদিন আমি কাঁঠাল-গাছটার আব্যক্ত

হিত-পর্বর্ত্তী • মাঠের মধ্য দিয়া চলিতে চলিতে মাঠ পার হইয়া ধান্ত-ক্ষেত্রে আসিয়া পজিলাম। এতকণ ধরিয়া, আম হটুতে জাম ভিন্ন, জাম হইতে কাঁঠাল ভিন্ন, কাঁঠাল হইতে তৃণ ভিন্ন, এইরূপ একটা ভিন্নভার ব্যাপার— দৃষ্টপূর্ব্ব বিষয়-সভ্তের এক এক অংশের मर्नन এবং পরপরবর্ত্তী অংশের দর্শনাকাজ্ঞা, এই গৃই পকে ভর করিয়া মনের আকাশে উড়িয়া চলিতেছিল। ধান্ত-ক্ষেত্ৰ হইতে প্রতিঘাত প্রাপ্ত হইবামাত্র মন থমকিয়া দাঁড়াইল; বৃদ্ধির পালা আরম্ভ হইল। ভাবের অস্থ্রন্ধিতা (association of ideas) আড়ালে সরিরা দাঁড়াইল; অগ্রপশ্চাৎ-বিবেচনা প্রকাঞ্জে আবির্ভুত হইল। দৃষ্ট-পূর্ব বিষয়সকলের ভিন্নতার মধ্য হইতে অভিনতা ক্রমে ক্রমে মন্তক উত্তোলন করিতে আরম্ভ করিল। অপ্রপশ্চাৎ-বিবে-চনাই বা কিরাপী এবং ভিন্নতার মধ্য হইতে অভিন্নতার বিনির্গমনই বা কিরপ—তাহা (पथा या'क्।

ধান্ত-বৃক্ষ আম-জামু-বেল-কাঁঠাল-গাছ হইতে কেবল যে ভিন্ন, তাহা নহে, পরস্ক জাত্যংশে ভিন্ন তাহা বদি হইল--. चाञापि-दृक् यपि शास्त्र-तृक श्रेटल खाजाःत्य ভিন্ন হইল, তবে আত্রাদি বৃক্ত লা আপনা-দের মধ্যে অবশ্রই জাত্যংশে অভিন। ফলেও এইৰূপ দেখিতে পাওয়া বার বে, ভাহারা नकरनरे अकरे अधित स्थापित छक्र--- नकरनरे উত্থান-ভক্ন।

্এই প্রকার বিবেচনার অভ্যুদ্ধে আমার (Hypothesis) উপস্থিত হইগ বে; ঐ মধ্যে অব্যক্তভাবে শ্লানিত হইতে থাকে।

চারিট ফল-ব্রুক্তর প্রতিষ্ঠা-ভূমি, বাহা আমি পশ্চাতে ছাড়িয়া আসিয়াছি, তাহা বোধ করি কোনো একটি উদ্যান-ভূমির অন্তঃপাতী। তাহার পরে, সেই আন্তুমানিক সিদাস্ট্রীর যাথার্থ্য পরীকা করিবার জন্য আম জাম-কাঁঠালের সঙ্গম-স্থানটিতে পুনরাগমন করিয়া আশপাশের সমস্ত প্রদেশ পরিভ্রমণ করিতে লাগিলাম। দেখিলাম যে, সেথানকার ষতুত গুলা গাছ, সবগুলাই উদ্যান-তরু-কেবলি ফুলগাছ এবং ফলগাছ; তা ছাড়া---অপর কোনোপ্রকার বৃক্ষ দেখিলাম না। এখন দ্ৰপ্তৰা এই বে, আম হইতে জাম ভিন্ন, জাম হইতে কাঁঠাল ভিন্ন, এইরূপ ধাঁচার প্রভেদকে বলা যায় ব্যক্তিগত প্রভেদ। নিছক ব্যক্তিগত প্রভেদ্ বাহা মনে প্রতি-ভাসিত হইয়াই ক্ষান্ত থাকে, তাহার সহিত व्याख्यात वड़ अक्डी (मथी-माक्नार नारे) পক্ষাস্তরে, ওষধি এবং বনস্পতির মধ্যগত প্রভেদ যাহা বৃদ্ধিতে প্রকাশ পায়, ভাহা জাতিগত প্রভেদ। তাহা একপ্রকার ভেদা-ভেদ কিনা অভেদাত্মক প্রভেদ। তৃণ এবং পর্বতের মধ্যে যতই প্রভেদ থাকুক্ না কেন — उथानि इरवत मर्या अरडम এই य, इरे-रे পার্থিব বস্তু; ইহারই নাম অভেদাতাক প্রভেদ।

উপরে যতগুলি দৃষ্টান্ত সবিস্তরে প্রদর্শিত হইল, তাহার মধ্য হইতে সার সংগ্রহ করিয়া মোট কথাটি বাহা পাওয়া বাইতেছে, ভাহা मःरकर्भ अहे :--

(১) প্রথমে ভূরোদর্শন-জনিত ভেদা-वृक्तिक अहेन्नन अक्षेत्र काश्यानिक निकार एउएन नःकात बुदकत धूक्यूक्नित छात्र शादन

- (২) ভাহার পরে সেই প্রাণে-গাঁথা অব্যক্ত ভেদাভেদের ভেদাংশটি ভাবের অস্থবন্ধিতা-হত্তে মনের বাসনা-ক্ষেত্রে ভাসিরা-ভাসিরা উঠিতে থাকে।
- (৩) তাহার পরে প্রাণে-গাঁথা ভেদা-ভেদের অভেদাংশটি মনঃসমুখিত ভেদাংশটির সহিত একতানে মিলিয়া গিয়া, ভেদাভেদ উভয়াংশ, বৃদ্ধির আলোকে বিনিক্রান্ত হয়। তাহা যথন হয়, তথন যেমন—

প্রসা কমলং কমলেন প্রঃ পর্সা ক্মলেন বিভাতি সর:। মণিনা বলয়ং বলয়েন মণি-ম'ণিনা বলয়েন বিভাতি কর:॥ শলিৰাচ ৰিশা নিশয়াচ শশী নিশল শশিনা চ বিভাতি নভ:। কবিনা চ বিভুবি ভুনা চ কবিঃ কবিনা বিভুনা চ বিভাতি সভা। * क्रमाल मिल्ला भाष्य मिल्ला क्रमा কমলে সলিলে শোভে সর নিরমল। ৰলয়ে জ্বলয়ে মণি মণিতে বলয়। বলয়ে মণিতে শোভে কর-কিসলয়। নিশীথে শোভরে শশী শশীতে নিশীথ। নিশিতে শশিতে নভ তারকা-ভূষিত॥ ৰূপ পালে কৰি শোভে কৰি পালে ভূপ। **ক্**বিতে বিভূতে সভা শোভে অপরূপ ॥

তেমনি প্রভেদের আলোকে অভেদ ব্যক্ত

অভেদের আলোকে প্রভেদ ব্যক্ত रुष, এবং উভয়গ্রাহী বৃদ্ধির জালোকে ভেদাভেদ ব্যক্ত হয়। নৃতন কিছুই ব্যক্ত হয় না: - যে ভেদাভেদের শিক্ষিত বা অশিক্ষিত সংস্থার পূর্ব হইতেই প্রাণের অ গ্রন্থরে অব্যক্তভাবে লুকাইয়া অবস্থিতি করে. এবং মনের বাসনা-ক্ষেত্রে যাহার অর্দ্ধাংশ (ভেদাংশ) ভাবের অমুবন্ধিতা-হত্তে ভাসিয়া-ভাসিয়া উঠিতে থাকে, বুদ্ধিতে তাহারই সর্বাংশ (ভেদাভেদ উভয়াংশ) অগ্রপশ্চাৎ-বিবেচনার আলোকে স্বাক্ত **ब्रह्मा डिर्फा कारकडे विनाल बम्न त्य.** প্রাণ, মন এবং বৃদ্ধি, পরস্পরের সহিত এক-সত্তে গাঁথা রহিয়াছে। এই প্রসঙ্গে অতীব একটি গুরুতর বিষয় বিবেচ্য: এই যে, বুদ্ধির উচ্চ-ভূমিতে ব্যক্তের আলোকে আলোকিত **অ**ব্যক্ত অব্যক্তের সংস্পর্শে ব্যক্ত, প্রতিষ্ঠা-লাভ করে, এবং উভয়ের সন্ধিন্থলৈ বাস্তবিক সতা অব্যক্তের আশ্রমে প্রতিষ্ঠিত এবং বাক্তের আলোকে আলোকিত হয়। বিষয়ট অতীব গুরুতর;—এখানে ভাহাকে ঘাঁটাইৰ না। বারাস্তরে ভাহাকে বিধিমতে অভার্থনা করিয়া আনিয়া আনো-চনা-ক্ষেত্রে অধিষ্ঠান করানো যাইবে।

बिविद्यस्तनाथ ठीकूत्र।

উলিপিত সংস্কৃত লোকটি একটি প্রসিদ্ধ উত্তট-শ্রেপীর লোক। বোধ করি, উচা কোনে। পানান

 অসল্লারশান্ত্রিপ পান্তিত-কর্তৃক বিরচিত হইরা থাকিবে।

मीन।

ষেদিন প্রথম সেই কতদিন হ'ল भात्र काष्ट्र वहेटन विनात्र, স্থূদুর প্রবাসে গিয়ে ভূলে যাও পাছে ছবিথানি দিলাম তোমায়। তুমি তব কণ্ঠ হতে হাতে দিলে তুলে এক-ছড়া বকুলের হার,---আজো আছে মোর কাছে সে মালা দে ছবি इक्टनत्र इहे उपहात्र। ছবিটির আলো-ছায়া লুপ্ত হয়ে গেছে কার মুখ চেনা স্কঠিন। শুষমাশা হতে আব্দো গন্ধটুকু তার একেবারে হয়নি বিলীন। তোমার সে ফুলগুলি বিশ্ববিধাতার প্রেমপূর্ণ আনন্দরচনা, মোর দান সেই ছবি ভধু মানবের প্রাণপণ অক্ষম সাধনা !

বিপরীত।

ষবে মোরা অতি শিশু

মনে কিছু রাখিতে পারি না,
হাতে যদি পড়ে কিছু

তবে তাহা সহজে ছাড়ি না।
বড় হ'লে হাত ছেড়ে

বুকে যদি কিছু ধরা পড়ে
রাখিতে পারি না তাও

সবি শুধু রাখি মনে করে।

वस्त्रन्त्र ।

দেখ স্থা, কেশপ্রাস্ত গুচ্ছ থরে থরে উঠেছে কুঞ্চিত হয়ে অঙ্গুরী ফাঁদিয়া। এ মৃছ বন্ধনে শুধু ক্ষণেকের তরে রাখিব তৰ্জনী তব জড়ায়ে বাঁধিয়া !

অভীষ্ট।

তোমারে ভুলিতে মোর হ'ল নাক মতি, এ জগতে কারো তাহে নাহি কোন ক্ষতি वािंग जारह मीन निह, जूमि नह श्री, দেবতার অংশ তাও পাইবেন তিনি।

পঞ্চ পাল-নরপাল।

পঞ্চগৌড়েশ্বর জয়স্তের তিরোভাবের পর, গৌড়ীয় হিন্দুদামাজ্য পুনরায় ছত্রভঙ্গ হইয়া পড়িয়াছিল। বাহুবলই সর্বত ब्राष्ट्रेविश्वव । ভারানাথের বর্ণনাপাঠে বোধ হয়, এই সময়ে রাষ্ট্রবিপ্লবে অরাজকতার স্ত্রপাত হইয়া-ছিল। কিন্তু সে বিপ্লবে দেশের প্রজাসাধা-রণ বিশেষ বিপন্ন হইয়াছিল বলিয়া বোধ হয় না। তাহারা প্রবলপুরুষকে করপ্রদান করিয়া গৃহধর্ম প্রতিপালন করিত; কে সিংহাসনে আরোহণ করিল, কে সিংহাসন-চ্যুত हरेन, তাহার मसान नरेवात क्रु वार

হইত না। তাহারা কুদ্র কুদ্র মণ্ডলপতি-শামন্তের অধীনে বাস করিত; রাজচক্র-বর্ত্তীকে সাক্ষাৎসম্বন্ধে স্থানিবার অবসর বা প্রবল হইয়া উঠিয়াছিল। প্রয়োজন উপস্থিত হইত না। সামস্তপণ क्थन-क्थन এक्बनरक त्राबहक्कवर्खी कतिया তাঁহার অধীনে রাজ্যভোগ করিতেন। তাহাতে কিছুদিনের জ্বতা যুদ্ধকোলাহল শান্তিলাভ করিত। এই সকল কারণে, মগধের পালবংশীয় নরপালগণ বঙ্গভূমিতে অধিকার-বিস্তারের অবসর প্রাপ্ত ছিলেন।

পালবংশের ইতিহাস

কাহিনীর আধার। তাঁহারা দীর্ঘকাল বঙ্গভূমির অধিপতি থাকিয়া, পালবংশ। নানা স্থানে গ্রাম, নগর ও রাজধানী সংস্থাপিত করিয়াছিলেন। উত্তর ও পূর্ব্ব বঙ্গে অত্যাপি তাঁহাদের কোন কোন কীর্ন্তিচিহ্ন বিভয়ান আছে। পাল-নরপাল-গণ জাতিতে চক্তবংশীয় ক্ষত্রিয় এবং ধর্মে বৌদ্ধ ছিলেন বলিয়া প্রমাণ প্রাপ্ত হওয়া यात्र। किश्व भागवः । अञ्चानत्रकात्म বৌদ্ধশ্যের প্রবল প্রতাপ মন্দীভূত হইয়া-ছিল; শৈবমত দকল স্থানেই প্রতিষ্ঠালাভ করিয়াছিল। প্রজাসাধারণ বৌদ্ধ ও শৈব নামক হুই শাখায় বিভক্ত হইয়া পড়িয়াছিল। পাল-নরপালগণ বৌদ্ধর্মের উৎসাহদাতা হইলেও, শৈবমত প্রতিহত করিতে দক্ষম हन नाहे; वतः (लाक्तक्षनार्थ সময়ে সময়ে শৈবমত-সংস্থাপনেরও সহায়তা-সম্পাদন করিয়াছেন।

দিনাঞ্চপুরে আবিষ্কৃত তামুশাসনে পালবংশার সপ্তদশ নরপালের নাম প্রাপ্ত হওরা

সপ্তদশ নরপাল।

কিন্তুমিতে বাস করিয়াছিলেন বলিয়া বোধ হয় না; সকলে সমগ্র
বঙ্গভূমি করতলগত করিতে সক্ষম হইয়াছিলেন
বলিয়াও বোধ হয় না। ক্রমে মগধ হইতে
প্র্বাভিমুথে অগ্রসর হইয়া, প্রথমে উত্তর ও
পরে পূর্ব বঙ্গ অধিকার করিয়া,পাল-নরপালগণ শাসনক্ষমতা বিস্তৃত করিয়া থাকিবেন।
কিন্তু পালবংশীর প্রথম পঞ্চ'নরপাল আদৌ
বঙ্গভূমিতে রাজধানী-সংস্থাপনে সক্ষম হইয়াছিলেন বলিয়া বোধ হয় না। তাঁহাদের নাম
বঙ্গীর ক্লঞ্চিত হইতে বিলুপ্ত হইয়া লিয়াছে।

भागतामदः भारताहरू अधि ने अधि न পতির ইতিহাস পৃথক্ আলোচিত হওয়া আর্শ্রক। সমগ্র পাল-নরপালগণের নাম, —(১) গোপাল, (২) ধর্মপাল, (৬) দেবপাল, (৪) বিগ্রহপাল, (৫) নারায়ণপাল, (৬) রাজ্য-পাল, (৭) দ্বিতীয় গোপাল (৮) দ্বিতীয় বিগ্রহপাল, (৯) মহীপাল, (১০) নরপাল, (১১) তৃতীয় বিগ্রহপাল, (১২) দিতীয় মহী-পাল, (১৩) স্থরপাল, (১৪) রামপাল, (১৫) क्यांत्रभाव, (১৬) यहनभाव, (১৭) क्छींब्र গোপাল। এই বিখ্যাত রাজবংশের ধর্ম-পাল, দেবপাল, বিগ্রহপাল, নারায়ণপাল ও মদনপালের প্রদত্ত কয়েকথানি তাম্রশাসন এবং গোপাল, দেবপাল, মহীপাল ও নর-পালের নামাঙ্কিত কয়েকথানি শিলালিপি আবিষ্ণত হইয়াছে। ওঁনধো তাম্রশাসনগুলি নানা ঐতিহাসিক তথ্যের আধার। সেগুলি, राथारन राथारन आविष्ठ्र इहेब्राहिन, त्रहे সকল স্থানের নামাসুসারে পরিচিত হই-রাছে। তদমুদারে ধর্মপালের তাম্রশাদনের নাম "মালদহের ভাষ্রশাসন", দেবপালের তাম্রশাসনের নাম "মুঙ্গেরের তাম্রশাসন", বিগ্রহপালের তাম্রশাসনের নাম "আমগাছীর তাম্রশাসন", নারায়ণপালের তাম্রশাসনের নাম "ভাগলপুরের তাত্রশাসন" এবং মদন-পালের তাম্রশাসনের নাম "দিনা**জপু**রের তাম্ৰশাসন"। এই সকল তাত্রশাসনে রাজবংশের জাতি, ধর্ম ও বংশাবলী লিখিত আছে; প্রসক্তমে শাসনপ্রণালীরও আভাস প্রদন্ত হইয়াছে। এতথ্যতীত দিনাজ্বংরের অন্তর্গত বোদালের গরুড়স্তন্তে বে শিলালিপি থোদিত আছে, তাহাতেও পালবংশের কিছু

কছু বিবরণ প্রাপ্ত হওরা যায়। এই সকল
সমসামন্ত্রিক পুরাতন লিপি বছমূল্য হইলেও,
সাধারণ পাঠকসমাজে স্পরিচিত হয় নাই।
তজ্জ্ঞ্জ তারানাথ-সঙ্গলিত জনশ্রুতি ও
"আইন-ই-আক্বরির" গল্লগুজ্ব ইতিহাসের
উপাদান বলিয়া পরিচিত ছিল; ক্রমে সে
ভ্রম দূর হইয়া যাইতেছে।

পালবংশায় প্রথম নরপালের নাম কি ছিল, তাহা লইয়া একসময়ে বহু তর্কবিতর্ক **अठिंग २२ ग्रा**क्ति। গোপাল। গাছীর তামশাসনে" প্রথম নর-পালের যে নাম লিখিত আছে, তাহাকে "লোকপাল" পাঠ করিয়া, ইংরাজেরা এই তর্কবিতর্কের স্ত্রপাত করিয়াছিলেন। পালের ও মদনপালের তামশাসন পাল-বংশীয়-নরপতি প্রদর্ভ প্রথম ও শেষ তাম-শাসন বলিয়া পরিচিত। এই উভয় প্রাচীন লিপিতেই "গোপাল"নাম স্পষ্টাক্ষরে থোদিত আছে। গোপালপ্রদত্ত কোন তাম্রশাসন এ পর্যান্ত আবিষ্কৃত হয় নাই। নালনায় বাগীশ্বরীনামী এক চতুভুজা মৃত্তি আবিষ্কৃত হয়। তাহার পাদপীঠের খোদিত-লিপিতে গোপালের নামোলেথ আছে। রাজসাহীর অন্তর্গত মান্দার নিকটবন্তী ভগাবশেষের মধ্যে এক শৈবমন্দিরের ফলক-লিপি আবিষ্কৃত হইয়া আমার হস্তগত হইয়াছে। **তাহাতেও** গোপালদেবের নাম থোদিত আছে। কিন্তু এই ছই मिलालिপिর গোপালদেব কোন্ গোপালদেব, তাহা নির্ণয় করিবার উপায় নাই। স্থতরাং ধর্মপালাদি পরবর্ত্তী নর-পালগণের তাত্রশাসনে প্রসক্তমে গোপাল-দেবের যাহা কিছু পরিচয় প্রাপ্ত হওয়া যায়,

তাহার অধিক আর কোন বিশ্বাস্থােগ্য বিব, রণ অতাপি আবিষ্কৃত হয় নাই। বঁওনােনে,
ধর্মপালের তামশাসনকেই বঙ্গভূমির সর্বাপেক্ষা প্রাতন লিপি বলিয়া গ্রহণ করিতে
হইবে।

এই পুরাতন শাসনলিপি অস্থান্ত শাসন-

লিপির ভায় স্থললিত সংস্কৃতভাষায় লিখিত; -প্রথমাংশ কবিতা, শেষাংশ গন্ত। মহা-রাজাধিরাজ ধর্মপাল এতদ্বারা তদীয় বিজয়-রাজ্যের দ্বাত্রিংশৎ বৎসরের অগ্রহায়ণমাসের ঘাদশ দিবসে পৌণ্ডুবর্দ্ধনভুক্তির অস্তঃপাতি-ভূমি দান করিয়াছিলেন। এই ভূমি কাহাকে প্রদত্ত হইয়াছিল, তৎসম্বন্ধেও বাদামুবাদ প্রব-র্ত্তিত হইয়াছে। ধর্মপালের এই তামশাসন-থানি গৌড়ান্তর্গত থালিমপুর-ধশ্বপাল। গ্রামের উত্তরাংশে ১৮৯০ খুষ্টাব্দে ভূমিকর্ধণোপলক্ষে জনৈক ক্লয়ক কর্ত্ত্বক আবি-ষ্কত হয়। ক্ববক ইহা হস্তান্তর করিতে অসম্মত বলিয়া, দন্ধান পাইয়াও লোকে এই তাত্ৰ-শাসন পরীক্ষা করিবার স্রযোগ পাইত না। স্থপণ্ডিত স্বর্গীয় উমেশচন্দ্র বটব্যাল মহাশ্র मानमरहत्र कारनक्कात हरेगा शो ए। अरन छे १४-নীত হটবার সময়ে ক্লয়ক প্রলোকগ্মন বটব্যাল-মহাশয় ক্বয়কপত্নীর করিয়াছিল। নিকট তামশাসনথানি ক্রন্থ করিয়া, পণ্ডিত-বর শ্রীযুক্ত রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয়ের সহায়তায় পাঠোদ্ধার ও ব্যাখ্যা সংযুক্ত প্রবন্ধ প্রকাশিত করেন: তাহাতে বেণীসংহার-রচ-গ্নিতা কবিবর ভট্টনারায়ণের নামাঙ্কিত ভূমি-দানপত্র বলিয়া এই তামশাসন পরিচিত হয়। প্রকৃতপক্ষে ইহা কষ্টকল্পনামাত্র। এই তাম্পাদন নারায়ণনামক বিগ্রহের উদ্দেশ্রে

ভূমিদানপত্র। তৎকালে নারায়ণ বর্দ্ধা মহা-সামস্তাধিপতিপদে প্রতিষ্ঠিত ছিলেন ৷ তিনি ' নারারণবিগ্রহ সংস্থাপন করিয়া দেবাপূজা-নির্বাহার্থ ভূমিদানপ্রার্থনায় মুবরাজ ত্রিভুবন-পালের মুথে ধর্মপালকে অনুরোধ জ্ঞাপন করায়, এই দানপত্র লিখিত হইয়াছিল। সকল কথা দানপত্ৰেই উল্লিখিত আছে। এই রাজশাসন পাটলিপুত্রের জয়স্করাবার হইতে প্রদত্ত হইবার কথা গোদিত আছে। রাজধানী পর্যাস্তপ্ত পাল-নরপালগণের পাটলিপুত্রেই সংস্থিত ছিল। কিন্তু এই সময়ে কান্তকুব্জের প্রবল-প্রতাপে মগধ দান্রাজ্যদীমা ক্রমেই সঙ্কৃতিত পাল-নরপালগণ পাটলিপুত্র হইতেছিল। ছাড়িয়া মুদ্যগিরিতে রাজধানী সংস্থাপিত করিয়া, কালক্রমে উত্তর ও পূর্ব্ব বঙ্গে রাজ-ধানী স্থানান্তরিত করিয়াছিলেন বলিয়া বোধ তামশাদনগুলি একতা বিচার করিলে এই সিদ্ধান্ত সঙ্গত বলিয়া স্বীকার করিতে इट्टेंद्र ।

দেবপালপ্রদত্ত এক তামশাসন মুক্সেরের ধ্বংসাবশেষের মধ্যে প্রাপ্ত হওয়া ষার।

্দেবপাল। খৃষ্টীর ১৭৮১ অকে শ্রীমন্তগবদ্
গীতার অনুবাদক স্বনামখ্যাত
পণ্ডিতবর স্থার চাল স্ উইল্কিন্স তাহার
এক ইংরাজি অনুবাদ "এসিয়াটিক্ রিসার্চস্"
পত্রে প্রকাশিত করেন। এই তামশাসনে
দেবপালের রাজধানী মুল্গগিরি-নগরে সংস্থাপিত থাকার পরিচয় প্রাপ্ত হওয়া যায়।
বর্ত্তমান মুক্সেরের প্রাতন নাম মুক্সগিরি।
দেবপাল প্রসন্ধেরের প্রাতন নাম মুক্সগিরি।
দেবপাল প্রসন্ধেরের গ্রাতন নাম মুক্সগিরি।
দেবপাল প্রসন্ধিরেন। তদক্সারে

ধর্মপালের ধর্মবিছেষীদিগের সহিত সংগ্রামে নিহত হইবার পরিচয় প্রাপ্ত হওয়া যায়। (प्रविभाग क्र.— जिवस्य अकृता नाना जर्क-বিতর্ক প্রচলিত হইয়াছিল। ভাগলপুরের তামশাসনে ধর্মপালের সহিত ইন্দ্রাজার যুদ্ধ ও পরাভব কীর্ত্তিত আছে। উক্ত তাম-শাসনের সমালোচনার স্থবিখ্যাত পঞ্জিত ডাক্তার রাজেন্দ্রলাল দেবপাল ও জয়পালকে ধর্মপালের ভাতা বাক্পালের পুত্র বলিয়া ঘোষণা করিয়াছিলেন। জয়পাল উড়িষ্যা ও প্রাগজ্যোতিষ (আগাম) জয় করার সংবাদও লিপিবদ্ধ করিয়াছিলেন। কিন্তু মুঙ্গেরের তামশাসনে দেবপাল আপনাকে স্পষ্টাক্ষরে ধর্মপালের পুত্র বলিয়াই ঘোষণা করিয়াছেন। এই তামশাসনে পালবংশাবলী যে ভাবে কীর্ত্তিত হইয়াছে, তাহার সারমর্শ্ম এই যে:— "গোপালের ধর্মপাল নামে পুত্র জন্মগ্রহণ করিয়াছিল। ধর্মপাল পরবল-নামক রাজার রধাদেবীনামী কন্তার পাণিগ্রহণ দেবপাল-নামক পুত্র জন্মগ্রহণ করে।" এই তামশাদনের শেষাংশে লিখিত আছে যে,— "দেবপাল তাঁহার ধর্মশীল পুত্র রাজ্যপালকে যৌবরাজে: অভিষিক্ত করিয়াছিলেন।" ইহা দেবপালরাজ্যের ৩৩ সংবৎসরের শাসন-লিপি। যুবরাজ রাজ্যপাল বোধ হয় পিতা वर्खमात्ने अंत्रलाक्शमन क्रांतन ; क्रांत्र দেবপালের পর বিগ্রহপাল সিংহাদনে আরো-হণ করিয়াছিলেন। বিহারে স্থাবিষ্ণত এক শিলালিপিতে দেবপালের প্রসঙ্গ দেখিতে পাওয়া যায়। তাহাতে তাঁহার বিদ্ধা, কাদোক ও কন্তাকুমারী পর্যান্ত দিখিলয় করিবার कथा (मथिएक পाउन्ना यात्र। (मवभागरमरवन

মুক্তেরের তামশাদনে তাঁহার দিখিজয়ের উল্লেখ নাই; বঙ্গভূমিতে অধিকারবিস্থৃতিরও আভাস প্রাপ্ত হওরা বার না। মুক্লেরের তাম্রশাদন একথানি ভূমিদানপত্র। তদ্বারা দেবপালদেব শ্রীনগর-(পাটলিপুত্র)-ভুক্তির অন্তর্গত ক্রিমিল-নামক বিভাগে মেসিক-নামক নগর দান করিয়াছিলেন। কি স্ত দিনাজপুরের অন্তর্গত বোদালের গরুড-স্তম্ভে থোদিত লিপিতে দেবপালের দিগ্নি-ক্রের উল্লেখ আছে। তাহা ভট্টগুরব-নাম-ধেয় নারায়ণপালের স্থবিখ্যাত মন্ত্রীর সংস্থা-পিত। ভট্গুরব যে নারায়ণপালের মন্ত্রী। ছিলেন, সে কথা ভাগলপুরের তামশাসনেও উল্লিখিত আছে। স্থতরাং ভট্টগুরবের গরুড়-স্তম্ভলিপির বর্ণনা প্রত্যাখ্যান করা যায় না। তাহাতে দেবপালের দিথিজয়-ব্যাপারে বাছ-বল অপেকা ভট্টগুরবের আরাধ্য প্রপিতামহ দর্ভপাণি মিশ্রের নীতিকৌশলেরই প্রাধান্ত কীর্ত্তিত হইয়াছে। যথা:---

"আরেবান্ধনকার তঙ্গন্ধনিত্ম্য চিছ্লাসংহতেরাগোরীপিতৃরীষরেন্দ্কিরণৈঃ পুষাৎসিতিয়ো গিরেঃ। মার্ত্তপান্তময়োদরারূপজলাদাবারিরাশিদ্যাৎ নীত্যা যক্ত ভূবং চকার করদাং শ্রীদেবপালো নৃপঃ॥"

দেবপালের নাম বঙ্গীর ঘটক ও কুলজ্ঞ-গণের গ্রন্থেও অ-রিচিত নছে। ধর্ম্মপাল ও দেবপাল তাঁহাদের পাটলিপুত্র ও মুদাগিরির জন্মস্কাবার হইতে বঙ্গভূমির শাসনকার্য্য যথা-বিধি স্থসম্পন্ন করিতে সক্ষম হইতেন কি না, তাহাতে নানা সংশন্ন উপস্থিত হয়। কারণ, বারেক্রবংশাবলীলেথক কুলজ্ঞগণের মতামু-সারে এই সময়ে আদিশ্র-নামক নরপতি গৌড়াধিপতি ছিলেন, জানিতে পারা যায়।

পালবংশীয় চতুর্থ নরপালের নাম, বিগ্রহ-हेनि हे जिहारम अथम विश्वह्मान 'शांग। বলিয়া পরিচিত। ভট্টগুরবের বিগ্রহপাল। পিতা কেদারমিশ্র সুরপাল-নামধেয় নরপতির প্রধান মন্ত্রী ছিলেন, এ কথা বোদালের গরুভ়স্তত্তে খোদিত আছে। মুরপাল প্রথম বিগ্রহপালের অন্ত নাম কি না, তাহা নির্ণয় করিবার উপায় নাই। ভট্ট-গুর্ব পুরুষামুক্মে পালবংশার নরপালের কর্মচারী। তাঁহার পিতা কোন্ নরপতির মন্ত্রিত্ব করিতেন, তদিষয়ে ভট্টপ্তরবের ভ্রান্তি সংঘটিত হওয়া সম্ভব বলিয়া না। ভট্টগুরব কেবল স্থরপালের নামোলেথ করিয়াই নিরস্ত হন নাই; তিনি যে উড়িষাা, দ্রাবিড় ও গুর্জার জয় করিয়াছিলেন, সে কথাও লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। বিগ্রহপালের এরপ কোন দিখিজয় সাধন করার পরিচয় প্রাপ্ত হওয়া যায় না। তাঁহার পুত্র নারায়ণপাল ভামশাসনে পিতার পরিচয় দিবার সময়ে এরূপ কোন দিখিভয়ের উল্লেখ करतन नाहे। रकतन तनिशारहन,-- शिठा বিগ্রহপাল আজন্ম অজাতশক্তর স্থায় শক্ত-শূন্য ছিলেন। নারায়ণপালের তাম্রশাসনে বিগ্রহপালের যে পরিচয় প্রাপ্ত হওয়া যায়. তাহা নিম্নে উদ্বত হইল :---

"শীমান্ বিগ্রহপালভংস্কুরজাতশক্ররিব। জাতঃ শক্রবনিতাপ্রসাধনবিলোপিৰিমলাসিজলধার:॥

রিপবে। যেন গুর্বীণাং বিপদামাস্পট্টকৃতা: ।
পুরুষায়ুবদীর্ষণোং হুহুদঃ সম্পদামপি ॥
লব্জতে তস্য জলধেরিব জহুকৃষ্ণ।
পদ্ধী বছুব কৃতহৈহ্রবংশভ্ষা।
যক্তা: শুনীনি চরিতানি পিতৃক্ট বংশে
পত্যুদ্ট পাবনবিধি: প্রমো বছুব ॥"

ইহাতে বিশেষ কোন দেশক্ষরের উল্লেখ নাই; সাধারণ বীরকীর্ত্তির উল্লেখ আছে । বিগ্রহপালের রাজধানী কোথায় ছিল,তাহারও উল্লেখ নাই। কিন্তু তখনও মুদ্গগিরিই যে পাল-নরপালবর্গের রাজধানী ছিল, তাহা অকুমান করিবার কারণের অভাব নাই।

প্রথম বিগ্রহপালের পুত্র নারায়ণপালের তামশাসন ও ভট্টগুরবের গরুড়স্তভলিপি ঐতিহাসিক नाना তথ্যের নাবারণপাল। আধার। নারায়ণপালের তাম-শাদন মুদ্রাগিরির জয়স্কর্যাবার **इ**टेर उ প্রদত্ত হইয়াছিল। তদ্বারা তাঁহার রাজ-ধানীও মুঙ্গেরে থাকাই অহুমিত হয়। দেব-পালের রাজধানী ও নারায়ণপালের রাজ-ধানী মূলাগিরিতে থাকার প্রমাণ পাইয়া, প্রথম বিগ্রহপালের রাজধানীও মুক্তেরে থাকাই দিদ্ধান্ত করিতে হয়। স্থতরাং পাল-বংশার প্রথম পঞ্চ নরপ্রলের মধ্যে কাহারও বঙ্গভূমিতে রাজধানী থাকা দিদ্ধান্ত করা যায় না। সেরূপ কোন প্রমাণ অভাপি আবিষ্কৃত হয় নাই। এই পঞ্চনরপালের মধ্যে এক-মাত্র ধর্মপালেরই পৌণ্ডুবর্দ্ধনভূক্তির অন্তঃ-পাতি-ভূমি দান করিবার প্রমাণ প্রাপ্ত ইওয়া গিয়াছে। তাঁহার শাসনসময়ে রাজ্ধানী भावेनिशूख প্রতিষ্ঠিত থাকিলেও, পৌতু-वर्कनजूष्कि य ठांशात्र ताकाजूक श्रेगाहिन, তাহা স্বীকার করিতে হইবে। কিন্তু দেব-পাল, বিগ্রহপাল ও নারায়ণপাল যে প্রকৃত প্রস্তাবে বঙ্গভূমি উপভোগ করিয়াছিলেন, তাহার বিশাস্যোগ্য প্রমাণের অভাব ধর্মপালের পাটলিপুত্রের স্থবিখ্যাত রাজধানী

দেবপাল, বিগ্রহপাল ও নারায়ণপালের অধি-कात्रज्ञ कि विशाख (वाध इम्र ना। ७९-কালে কান্তকুজের প্রবল প্রতাপ মগধে-খরকে ক্রমে পূর্বাভিমুখে পলায়নপর করিয়া-ছিল। তাহাই হয় ত মুলাগিরির রাজধানী-সংস্থাপনের মূল কারণ। কিন্তু এথানে ইতিহাস নীরব; কেবল অনুমানের উপর নির্ভর করিয়া তথ্যনির্ণয় করা অসম্ভব ! ধর্মপালের পর বঙ্গভূমি কিয়ৎকাল শ্রবংশের অধিকারভুক্ত হওয়া স্বীকার করিলে, জন-শ্রুতির সঙ্গে এই সকল ঐতিহাসিক ব্যাপারের সামঞ্জ স্থরক্ষিত হয়। নারায়ণপালের তামশাসন আবিষ্কৃত হইয়াও, তাঁহার কথা यथायथक्रात्र जात्नाहिज इम्र नाहे। उाँहात ধর্মমত কি ছিল, ত্র্বিষয়ে এখনও বছ বিতর্ক বিঅমান। জাঁহার প্রধান মন্ত্রী ভট্ট-গুরুব যে বেদামুরক্ত ছিলেন, তাহাতে সংশয় নাই। নারায়ণপালের তামশাসনের শেষাংশে তাহা স্পষ্টই উল্লিখিত আছে। নারায়ণ-পালের তাত্রশাসনে বৌদ্ধমুদ্রা সংযুক্ত দেখিয়া এবং মঙ্গলাচরণশ্লোকে দশবৌদ্ধবলের উল্লেখ (मिथ्रा, उाँशांक (वोक्सर्यावस्त्री विन-য়াই বোধ হয়। কিন্তু অভিনিবেশ-সহকারে वारमाहना क्रिटन, এই मिक्तान्छ मर्व्यथा मम-র্থন করা যায় না। স্থপণ্ডিত ডাক্তার রাজেন্দ্র-লাল মিত্র এই তামশাসনের পাঠ ও ব্যাখ্যা মুদ্রিত করিয়া নানা তর্কবিতর্কের স্বচনা করিয়া গিয়াছেন। তাঁহার ব্যাখ্যা মূলামুখায়ী विश्वा श्रीकात कता यात्र ना। श्रूखताः তাঁহার সিদ্ধান্তও অন্ধবৎ অনুসরণ করা অসম্ভব।

পালবংশীয় প্রথম পঞ্চ নরপালের বৌদ-

ধর্মাত্রাগ প্রবল ছিল। কিন্ত তাহার সহিত হিন্দুবিদেষ বর্ত্তমান থাকার পরি-চয় প্রাপ্ত হওয়া যায় না। তেৎ-कारण भाका-रेभव-मः चर्षत जुमून त्कालाइन শান্ত হইয়াছিল; হিন্দু ও বৌদ্ধ পরস্পরের ধর্মতকে শ্রদা করিতে শিক্ষা করিয়াছিল। लाकत्रक्षनार्थ ताकाउ हिन्तू এवः तोकत्क তুশাভাবে অমুগ্রহ বিতরণ করিতে আরম্ভ করিয়াছিলেন। রাজা ধর্মপাল সামস্কাধি-পতি নারায়ণ বর্মার অন্তরোধে নারায়ণের সেবাপুজা-নির্কাহার্থ ভূমিদান করিয়াছিলেন; রাজা নারায়ণপাল পাঞ্পত মতের আশ্রয়-দানের জন্ম ব্যবস্থা করিয়া উদারতার পরি-বিগ্রহপাল ও নারায়ণপাল বেদানুর ক্ত মিশ্র-বংশায় ব্রাহ্মণগণকে প্রধান মন্ত্রীর উচ্চাসন প্রদান করিয়া তাঁহাদের নীতিকৌশলেই রাজ্যশাদন করিয়াছিলেন। ধর্মমত কাহারও পক্ষে রাজপ্রসাদলাভের অন্তরায় হইত না। অন্তথা বৌদ্ধ ভূপালের নিকট দামস্তাধিপতি বা রাজমন্ত্রী উচ্চপদ প্রাপ্ত इटेर्डन ना।

এ সময়ে গৌড়ীয় হিন্দুসাআজার সহিত
মগধের সঙ্গীর্ণ সাআজা সংস্কু হইয়া, মগধসাআজাকে পুনরায় বিপুলাসাআজাকৈ পুনরায় বিপুলায়তন করিয়া তুলিয়াছিল। গৌরবের দিনে মগধের অধিকার পশ্চিমাঞ্চলেই
সমধিক বিস্তৃতিলাভ করিয়াছিল। অধংপতনকালে মগধের সাআজাসীমা পশ্চিমে
সঙ্গীর্ণ হইয়া পূর্বাঞ্চলে বিস্তৃতিলাভ করিয়াছিল। তৎকালে উৎকল ও আসাম কখনকথন গৌড়ের মস্তু্তি হইত। পালবংশীয়

প্রথম পঞ্চ নরপালের শাসনসময়ে পুনঃপুন এই দকল দেশজ্বের বর্ণনাপাঠে বোধ হয়, এই দকল থগুরাজ্যের সহিত গৌড়ীয় দান্তাজ্যের সংঘর্ষ বর্ত্তমান ছিল; দান্ত্রিক আক্রমণে ভারত-বর্ষ বিপর্যান্ত হইত; গৌড়ীয় হিন্দুসান্তাজ্যও তজ্জ্য হ্নপর্ব্ব থব্ব করিতে অগ্রসর হইন্য়াছিল। ভট্টগুরবের গরুড়ন্তন্তলিপিতে ভাহার আভাস প্রাপ্ত হওয়া যায়।

এই সময়ে উত্তরবঙ্গ সবিশেষ সমৃদ্ধি-লাভ করিয়াছিল বলিয়া বোধ হয়। নরপালবর্গের প্রধান মন্ত্রিগণ উত্তরবঙ্গ। উত্তরবঙ্গের অধিবাসী ছিলেন। সে বিখ্যাত মিশ্রবংশে ভট্টগুরবই শেষ সোভাগ শালী ব্যক্তি। তিনি অপুত্রক অবস্থায় পরলোকগমন করেন। কীর্তনের জন্ম উত্তরাধিকারী বর্তমান রহিল না বলিয়া, ভট্টগুরব শেষজীবনে গরুড়গুস্ত-বংশবৃত্তান্ত খোদিত করাইয়া-ছিলেন। উত্তরবঙ্গের স্থায় দক্ষিণবঙ্গও তৎ-কালে জ্ঞান ও শিল্পালোচনার জ্বন্ত খ্যাতিলাভ করিয়াছিল। দক্ষিণ্বঙ্গ তথন "সমত্ট"নামে পরিচিত हिन। ভথা-কার শিল্পিগণ পাল-নরপালবর্গের শাসন-লিপি উৎকীর্ণ করিতেন। নারায়ণপা**লে**র তামশাসনের শেষলোকে তাহার পরিচয় প্রাপ্ত হওয়া যায়। দক্ষিণবঙ্গ ক্লুষি, শিল্প ও বাণিজ্যে সমৃদ্ধিলাভ করিয়াছিল; তথায় রাষ্ট্রবিপ্লব সংঘটিত হইত না। কিন্তু নানা কারণে উত্তর্বঙ্গ বহু বিপ্লবের লীলাভূমি হইয়া উঠিয়াছিল। পূর্ব্বে প্রাগৃ-জ্যোতিষ রাজ্য, পশ্চিমে মিথিলা ও উত্তরে

ভোট নিম্নত কলহ উপস্থিত করিত। এই
সকল কলহের মধ্যে পালবংশ যে নিরুদ্ধেরে
বংশাস্কুমে পৌজুবদ্ধনে আধিপত্য রক্ষা
করিতে সক্ষম হইয়াছিলেন, তাহার প্রমাণ
প্রাপ্ত হওয়া যায় না। তাঁহারা তথনও
মগধেশব; বঙ্গভূমির সঙ্গে সাক্ষাৎসম্বন্ধে
পরিচিত ছিলেন বলিয়া বোধ হয় না।

তজ্জন্তই বন্ধীয় জনশ্রুতির মধ্যে এই পঞ্চনরপালের নাম প্রাপ্ত হওয়া ধার না। প্রথমে পাটলিপুত্র ও পরে মূলাগিরি ইহাদের প্রধান আবাসস্থল বলিয়া থ্যাতিলাভ করিয়াছিল। ইহারো বঙ্গভূমিতে রাজধানীস্থাপন করিয়া বসতি করিলে, তাহার প্রমাণ্বা জনশ্রুতি সম্পূর্ণরূপে বিলুপ্ত হইত না।

শ্রীঅক্ষয়কুমার মৈত্রেয়।

গ্রন্থ-সমালোচনা।

যুবতী-জীবন। শ্ৰীবিপ্ৰদাস মুখো-পাধ্যায় প্ৰণীত। মূল্য ১১ একটাকা মাত্র:

পুস্তকথানি জ্ঞানগর্ত্ত জ্ঞাতব্য কণায় পরিপূর্ণ। কিন্তু জ্ঞানগর্ত্ত জ্ঞাতব্য, সকল কথাই কি সকলকে শুনান যায়? অথচ যাহা জ্ঞানগর্ত্ত, যাহা বহু-দর্শন বা বহু-অধ্যয়ন লক, যাহা বিজ্ঞানানুমোদিত, যাহা অবশ্য-জ্ঞাতবা—যাহা জানিলে এবং চলিলে সমাজের লাভ আছে, স্থ আছে, শাস্তি আছে. স্বাস্থ্য আছে—তাহা সমাজকে, দেশের লোককে, না বলা-ও ত একটা পীপ। এমন অবস্থায় উপায় কি ? ইউরোপে একটা উপায় অবলম্বিত হয়। সমাজতত্ব বা জীব-তত্ত্ব বিষয়ক গ্রন্থে, যে কথা সকলের শ্রোতব্য নহে, তাহা অপরদেশীয় বা কোন পাচীন ভাষায় লিথিত হয়। ফরাশী পুস্তকে দেখা যায় যে, সাধারণের অশ্রোতব্য কথা ল্যাটীন বা ইতালীয় ভাষায় লিখিত হয়। ইংরেজি ভাষার সেইরূপ স্থলে ল্যাটিন্ বা ফরালা ব্যবহৃত হইয়। থাকে। আমাদের
দেশে সেরপ পথ নাই। আমাদের দেশে
সেইরপ কথা সংস্কৃতে লিখিলে চলিতে পারে
বটে; কিন্তু আমাদের সদিঘান্ পাঠকেরাও
সংস্কৃত জানেন না; আমাদের অতিবিধান্
লেথকেরাও সংস্কৃতে লিখিতে পারেন না—
সাধারণ লোকের ত কথাই নাই। এরপ
অবস্থার, বক্তব্য কথা যাহার আছে, তাহাকে
সে কথা আমাদের নিজের ভাষাতেই বলিতে
হইবে। তবে, ভরস্থার স্থল এই যে, যাহাতে
জ্ঞাতব্য কথা আছে, সেরপ পুত্রক আমাদের
দেশের লোকে পড়িবে না।

সমালোচ্য গ্রন্থের সম্বন্ধে বক্তব্য এই যে, হিন্দু ও অহিন্দু, সকল গৃহের কর্ত্তা বা কর্ত্রী যদি কেবল নিজে এই পুস্তক পড়িয়া ইহার উপদেশ অনুসারে নিজ নিজ সংসারের ব্যবস্থা করিতে পারেন, তাহা হইলে যে সংসার স্বাস্থ্যের, শান্তির, প্রসন্নতার ও স্থ্রের হয়, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। বিপ্র- দাসবাৰু এইরূপ সংকার্য্যে ব্রক্তী থাকুন, ইহাই আমাদের কামনা।

এই পৃস্তকের ভাষা অতি প্রাঞ্জল — বাহার কিছুমাত্র লেখাপড়া জানা আছে, সে-ই ব্ঝিতে পারিবে। এই পৃস্তক স্ত্রী-পৃক্ষের কণুথাপকথন-রক্ষে কেন লিখিত হইরাছে, তাহা ব্ঝিতে পারিলাম না। এরপ সারগর্ত্ত পৃস্তক অনুবন্ধাকারে লিখিত হইলেই ভাল হয় না ?

রত্বযুগল। এজিয়গোপাল গোস্বামী।

টাইটেল্-পেজে আর কিছুই লেখা নাই—
অসম্ভবের অপেক্ষাও বাহা অসম্ভব, মূল্যও
লেখা নাই। গোস্বামী মহাশরের আক্ষী
বিস্কুলন প্রশংসনীয়। আমরা রহস্ত-পটু
হইলে এমনও বলিঠে পারিতাম যে, প্রক্
খানির নাম রঞ্জয় হইলেই ঠিক হইত;
কেন না, রজের হিসাবে গোস্বামী মহাশয়ও
ফেলিবার নহেন।

উপন্তাস লিখিলেই যে চতুর্বর্গলাভ ষ্ট্রে, এবং উপন্তাস না লিখিলেই ধে মহা- ভারত অগুদ্ধ হইরা যাইবে, এরপ কোন
,নৈসর্গিক নিয়ম বা ঋষিবাক্যের কথা আমরা
অবগত নহি। গুনিরাছি, গোস্বামী মহাশর
প্রবীণ এবং সংস্কৃত-সাহিত্যে স্পণ্ডিত।
প্রীচীন অবস্থায় তাঁহার অদৃষ্টে উপস্থাস
লিথিবার বিজ্পনা কেন, ভাল ব্রিতে
পারিলাম না।

কার্য্য-কারণ বলিয়া একটা নিয়ম যে জগতে আছে —অন্তত আমাদের মতন মৃঢ়েরা বাহা স্বীকার করে—তাহা গোস্থামী মহাশয় এই উপত্যাসে একেবারে উপেক্ষা করিয়াছেন। ঘটনাগুলি যে কেন ঘটতেছে, তাহা কিছুতেই বুঝা যায় না—তবে গোস্থামী মহাশয়ের উপত্যাস থাড়া করিবার প্রয়োজন যদি নিদর্গ-নিয়মের একটা অঙ্গ হয়, সে অন্যক্ষা। এই উপত্যাসের প্র্যাহ্মপুত্র সমালোচনা যদি করি,তাহা গ্রন্থ ক্ষার্মপুত্র সমালোচনা যদি করি,তাহা গ্রন্থ ক্ষার্মপুত্র সমালোচনা বদি করি,তাহা গ্রন্থ ক্ষার্ম প্রাচীনতার থাতিরে তাহা করিতে বিরত হইলাম। ক্ষেবল এইন্যাত্র বলিয়া ক্ষান্ত হইব য়ে, উপত্যাসথানি—গাল-গল্প হইয়াছে মাত্র, উপত্যাস হয় নাই।

শ্রীচক্রশেখর মুখোপাধ্যায়।

বঙ্গদর্শন।

ভারতবর্ষের ইতিহাস। *

আমাদের দেশে রাজা ছিলেন সমাজের একটি অঙ্গ। ব্রাহ্মণ গুরুগণও এক ভাবে সমাজরকা-ধর্মরকায় প্রবৃত্ত ছিলেন, ক্রিয় রাজারাও অগুভাবে দেই কার্গ্যেই ছিলেন। দেশরক্ষা গৌণ, কিন্তু দেশের ধর্ম-রক্ষাই তাঁহাদের মুখ্য কর্ত্তবা ছিল। ভারত-বর্ষে সাধারণত রাজা সমস্ত দেশকে গ্রাস করেন নাই। তাঁহারা প্রধানব্যক্তি ছিলেন मत्नर नारे, किन्छ छांशामत सान मीमावक, निर्फिष्ठे ছिन। **দেইজন্ম রাজার অভাবে** ভারতীয় সমাজ অঙ্গহীন হইত, হুর্বল হইত, তবুমরিতনা। যেমন এক চকুর অভাবে অহা চকু দিয়া দৃষ্টি চলে, তেমনি স্বদেশী রাজার অভাবেও সমাজের কাঞ্চ চলিয়া গেছে।

বিদেশী রাজা আর সমস্ত অধিকার করিতে পারে, কিন্তু সামাজিক সিংহাসনের অংশ গ্রহণ করিতে পারে না। সমাজই ভারতবর্ষের মর্ম্মনা; সেই সমাজের সহিত বিদেশী রাজার নাড়ীর সম্বন্ধ মা থাকাতে যণার্থ ভারতবর্ধের সহিত তাহার সম্বন্ধ অত্যন্ত ক্ষীণ।

সকল দেশেই বিদেশী রাজা দেশের সম্পূর্ণ অভ্যন্তরে প্রবেশ করিতে পারে না—ভারতবর্ষে আরো বেশি। কারণ, ভারতবর্ষীর সমাজ হুর্গের ভার দৃঢ় প্রাকারের ছারা আপনাকে হুর্গম করিয়া রাথিয়াছে। বিদেশী অনাত্মীয় তাহার মধ্যে অবারিত পথ পায় না। এইজন্ম বিদেশী সাম্রাজ্যের ইতিহাস ভারতবর্ষের প্রক্বত ইতিহাস নহে। ভারতবর্ষের রাষ্ট্রীয় ইতিবৃত্ত ভারত-ইতিবৃত্তের অতি সামান্য অংশ—তাহা পরিশিষ্টভাগে লিখিত হইবার যোগ্য।

ভারতবর্ধের যে ইতিহাস আমরা পড়ি এবং মুখস্থ করিয়া পরীক্ষা দিই, তাহা ভারত-বর্ধের নিশীথকালের একটা ছঃস্থপ্পকাহিনী-মাত্র। কোথা হইতে কাহারা আসিল, কাটাকাটি-মারামারি পড়িয়া গেল, বাপে-ছেলেয় ভাইয়ে-ভাইয়ে সিংহাসন লইয়া টানা-টানি চলিতে লাগিল, এক দল যদি বা যায়,

গত জ্যৈষ্ঠিয়ালে মজুম্দার লাইব্রেরির সংস্ট আলোচনা-সমিতিতে বঙ্গদর্শন-সম্পাদক-কর্তৃক পঠিত।

কোথা হইতে আর-এক দল উঠিয়া পড়ে
—পাঠান-মোগল, পর্জ্ গীজ-করাসী-ইংরাজ,
দকলে মিলিয়া এই স্থাকে উত্তরোত্তর জটিল
করিয়া তুলিয়াছে।

িকিন্তু এই রক্তবর্ণে রঞ্জিত পরিবর্ত্তমান শ্বপ্রদৃগুপটের ছারা ভারতবর্ষকে আচ্ছন্ন করিয়া দেখিলে, যথার্থ ভারতবর্ষকে দেখা হয় না। ভারতবাসী কোণান্য—এ সকল ইতিহাস তাহার কোন উত্তর দেয় না। মেন ভারতবাসী নাই—কেবল যাহারা কাটাকাটি-খুনাধুনি করিয়াছে, তাহারাই আছে।

তথনকার হর্দিনেও এই কাটাকাটি খুনা-খুনিই যে ভারতবর্ষের প্রধানতম ব্যাপার, তাহা নহে। ঝড়ের দিনে যে ঝড়ই সর্বা-প্রধান ঘটনা, তাহা তাহার গর্জনসত্ত্বেও श्रीकात कता यात्र ना,--'(म निनल मिटे धृनि-नमाष्ट्रम व्याकारमंत्र मस्या भलीत गृहर गृहर (य জন্ম-মৃত্যু-স্থ-হঃথের প্রবাহ চলিতে থাকে, তাহা ঢাকা পড়িলেও মানুষের পকে তাহাই প্রধান। কিন্তু বিদেশী পথিকের কাছে এই ঝড়টাই প্রধান, এই ধূলিজালই তাহার চকে আর সমস্তই গ্রাদ করে; কারণ, সে ঘরের ভিতরে নাই, সে ঘরের বাহিরে। সেইজ্ঞ বিদেশীর ইভিহাসে এই ধূলির কথা—ঝড়ের কথাই পাই, ঘরের কথা কিছুমাত্র পাই না। সেই 'ইতিহাস পড়িলে মনে হয়, ভারতবর্ষ তথন ছিল না, কেবল মোগল-পাঠানের গৰ্জনমুথর বাত্যাবর্ত্ত ভঙ্কপত্রের ধ্বজা তুলিয়া উত্তর হইতে দক্ষিণে এবং পশ্চিম হইতে शूरक् प्रतिम्।-प्रतिमा त्व जाहर उहिन।

কিন্ত বিদেশ বর্থন ছিল, দেশ তথনো ছিল, নহিলৈ এই সমন্ত উপদ্রবের মধ্যে কবীর, নানক, চৈত্ত, তুকারাম, ইহাদিগকে জ্ম দিল কে ? তথন যে কেবল দিলী এবং আগ্রা ছিল, তাহা নহে—কাশী এবং নবৰীপণ্ড ছিল। তথন প্রকৃত ভারতবর্ষের মধ্যে যে জীবনস্রোত বহিতেছিল, যে চেষ্টার তরঙ্গ উঠিতেছিল, যে সামাজিক পরিবর্জন ঘটতেছিল, তাহার বিবর্ষণ ইতিহাসে পাওয়া যায় না।

কিন্তু বর্ত্তমান পাঠ্যগ্রন্থের বহিভূতি সেই ভারতবর্ধের সঙ্গেই আমাদের যোগ। সেই যোগের বহুবর্ধকালব্যাপী ঐতিহাসিক স্থ্র বিলুপ্ত হইয়া গেলে আমাদের হৃদয় আশ্রম্ব পায় না। আমরা ভারতবর্ধের আগাছা-পর্ব-গাছা নহি—বহুশত শতান্দীর মধ্য দিয়া আমাদের শতসহত্র শিকড় ভারতবর্ধের মর্ম্মস্থান অধিকার করিয়া আছে। কিন্তু হ্রম্প্তক্রমে এমন ইতিহাস আমাদিগকে পড়িতে হয় য়ে, ঠিক সেই কথাটাই আমাদের ছেলেরা ভূলিয়া যায়। মনে হয়, ভারতবর্ধের মধ্যে আমরা যেন কেহই না, আগন্তুকবর্গই যেন সব।

নিজের দেশের সঙ্গে নিজের সম্বন্ধ
এইরপ অকিঞ্চিৎকর বলিয়া জানিলে,
কোথা হইতে আমরা প্রাণ আকর্ষণ করিব ?
এরপ অবস্থায় বিদেশকে স্থাদেশের স্থানে
বদাইতে আমাদের মনে বিধামাত্র হয় না—
ভারতবর্ষের অগোরবে আমাদের প্রাণাস্তকর
লজ্জাবোধ হইতে পারে না। আমরা অনায়াসেই বলিয়া থাকি, পুর্কে আমাদের কিছুই
ছিল না, এবং এখন আমাদিগকে অশনবসন,
আচারব্যবহার, সমস্তই বিদেশীর কাছ হইতে
ভিকা ক্রিয়া লইতে হইবে।

যে সকল দেশ ভাগাবান, তাহারা চিরন্তন चरमभरक रमेरभत हेजिहारमत मर्साहे श्रृँकिया পায়—বাৰককালে ইতিহাসই দেশের সহিত করাইয়া তাহাদের পরিচয়দাধন আমাদের ঠিক ভাহার উণ্টা। ুদেশের ইতি-হাস্ট আমাদের স্বদেশকে আচ্ছন্ন করিয়া রাধিয়াছে। মামুদের আক্রমণ হইতে লর্ড কার্জনের সামাজ্যগর্কোদগারকাল পর্যান্ত य किছू ইতিহাসকথা, তাহা ভারতবর্ষের পকে বিচিত্ৰ কুহেলিকা—তাহা স্বদেশসম্বন্ধ আমাদের দৃষ্টির সহায়তা করে না, দৃষ্টি আবৃত করে মাত্র। তাহা এমন স্থানে ক্বতিম আলোক ফেলে যাহাতে আমাদের দেশের मिक्छोटे जामारमत हार्थ जन्नकात रहेग यात्र। त्महे अक्षकाद्यत्र मत्था नवाद्यत्र विनाम-শাनात मौপालारक नर्खकौत मिंग्रुवन बनिया উঠে; বাদ্শাহের স্থরাপাত্তের রক্তিম ফেনো-চ্ছাদ উন্মন্ততার জাগর-রক্ত দীপ্ত-নেত্রের ग्राय (नथा (नय---(नरे असकादत आमा-দের প্রাচীন দেবমন্দিরসকল মন্তক আবৃত করে এবং স্থলতান-প্রেম্বনীদের খেতমর্ম্মর-রচিত কার্মুখচিত কব্রচুড়া নক্ষত্রলোক চুম্বন ক্রিতে উত্ত হয়। সেই অন্ধকারের মধ্যে অখের খুরধ্বনি, হন্তীর বুংহিত, অস্ত্রের ঝঞ্চনা, স্থূরব্যাপী শিবিরের তরঙ্গিত পাভুরতা, কিংখাব-আন্তরণের স্বর্ণচ্ছটা, মদজিদের কেনবুদ্বুদাকার পায়াণমগুপ, থোজাপ্রহরি-রক্ষিত প্রাধাদ-অন্তঃপুরে রহস্তনিকেতনের निस्न भोन- এ সমস্তই বিচিত भरत ও বর্ণে ও ভাবে যে প্রকাশ্ত ইন্তকাল রচনা করে, ভাহাকে ভারভবর্ষের ইতিহাস বলিয়া লাভ কি পূ তাহা ভারতবর্ষের পুণামত্রের পুঁথি-

টিকে একটি অপরূপ আরব্য উপস্থাস দিয়া মুড়িয়া রাথিয়াছে—সেই পুথিথানি কেহ থোলে না, সেই আরব্য উপস্থাদেরই প্রত্যেক ছতা ছেলেরা মুথস্থ করিয়া লয়। ভাহার পরে প্রশার এই মোগলসামাজ্য যথন মুষ্যু, তথন শাশানস্থলে দুরাগত গৃধগণের পরস্পরের মধ্যে যে সকল চাতুরী-প্রবঞ্চনা-হানাহানি পড়িয়া গেল, তাহাও কি ভারত্-বর্ষের ইতিবৃত্ত ৷ এবং তাহার পর হইতে **ঁপাঁচ পাঁচ বংসরে বিভক্ত ছক-কাটা সতরঞে**র মত ইংরাজশাসন, ইহার মধ্যে ভারতবর্ষ আরো কুদ্র ;--বস্তুত সতরঞ্চের সহিত ইহার প্রভেদ এই যে, ইহার ঘরগুলি কালোম-भागांत्र मभान विভक्त नरह, हेशांत्र পन्तरता-আনাই শাদা। আমরা পেটের অরের বিনিময়ে সুশাসন, স্কুবিচার, স্থশিক্ষা, সমস্তই বৃহৎ হোয়াইট্যাও্য়ে-লেড্ল-র দোকান হইতে কিনিয়া লইতেছি---আর সমন্ত দোকানপাট বন্ধ। এই কারথানাটির বিচার হইতে বাণিক্য পর্যান্ত সমস্তই স্থ হইতে পারে, কিন্তু ইহার মধ্যে কেরাণীশালার এককোণে আমাদের ভারতবর্ষের স্থান অতি যৎসামান্ত।

কিন্ত তব্ও ভারতবর্ষ আছে। তাহা
আমাদের রাষ্ট্রশালা ও পাঠ্যগ্রছসভার
নেপথ্যে রহিরাছে। আমাদের স্থশিক্ষাস্থশাসনের রক্তৃমির আলোকে তাহাকে
দেখিতে পাই না--রক্মঞ্চের উপর নানাসাজে
নানা নট নাচিয়া বাহবা ও বেতন লইকা
চলিয়া যাইতেছে—দে বাহিরের বিত্তীর্ণনিত্তক্ব ক্ষেত্রে ধ্ববতারার আলোকে মৌন
হইয়া বিয়া আছে। প্রতিদিন তাহার

সহিত আমাদের—অর্থাৎ এই বিদেশী নাট্যের ভারতবর্ষীয় দর্শকদের—পরিচয় অস্পষ্ট হইয়া আসিতেছে। প্রাচীন বেদীর উপর হইতে কোন রাত্রে তাহার আহ্বান যদি আসে, তবে সাজ বদল করিয়া, মচ্মচে বুট খুলিয়া কাবায়-বদন পরিয়া করজোড়ে তাহার কাছে যাইবার পথ কি আর খুঁজিয়া পাইব ? বে পতক প্রদীপে পুড়িয়া মরিতে আসে, হায়, সেই দগ্ধপক পকু কি আর তাহার দিগ্ধশ্লামল জন্মভূমির কোমল ক্রোড়ে মরিবার জন্ম ও ফিরিয়া যাইতে পারে না ?

देखिशांत्र मकल (मर्ग नमान इटेरवरे, u কুদংস্কার বর্জন না করিলে নয়। যে ব্যক্তি রথ্চাইল্ডের জীবনী পড়িয়া পাকিয়া গেছে, সে খুষ্টের জীবনীর বেলায় তাঁহার হিসাবের খাতাপত্র ও আপিসের ভায়ারি ভলৰ করিতে পারে: যদি সংগ্রহ করিতে না পারে, তবে ভাহার অবজ্ঞা জন্মিবে এবং সে বলিবে, যাহার এক পয়সার সঙ্গতি ছিল না, ভাহার আবার জীবনী কিসের? তেমনি ভারতবর্ধের রাষ্ট্রীয় দফ্তর হইতে ভাহার রাজবংশমালা ও জয়পরাজয়ের কাগৰপত না পাইলে যাঁহারা ভারতবর্ষের ইতিহাসময়দ্ধে হতাখাস হইয়া পড়েন এবং वरनन, रयथारन পनिष्टिका नाहे, रमथारन আবার হিষ্ট্রী কিসের, তাঁহারা ধানের ক্ষেতে বেগুন খুঁজিতে যান এবং না পাইলে মনের কোভে ধানকে শভের মধ্যেই গণ্য করেন না। সকল কেতের আবাদ এক নহে, ইহা জানিয়া যে ব্যক্তি যথাস্থানে উপযুক্ত শক্তের প্রত্যাশা করে, সেই প্রাক্ত।

্ যিতথুষ্টের হিসাবের থাতা দেখিলে

তাঁহার প্রতি অবজ্ঞা জন্মিতে পারে, কিন্তু তাঁহার অন্ত,বিষয় সন্ধান করিলে প্রভা-পত্র সমস্ত নগণ্য হইয়া যায়। রাষ্ট্রীয় ব্যাণারে ভারতবর্ষকে দীন ৰলিয়া জানিয়াও অভ বিশেষ দিকৃ হইতে সে দীনতাকে তুচ্ছ করিতে পারা যায়। ভারত-বর্ষের সেই নিজের দিক্ হইতে ভারতবর্ষকে না দেখিয়া, আমরা শিশুকাল হইতে তাহাকে থৰ্ক করিতেছি ও নিজে থৰ্ক হইতেছি। ইংরাজের ছেলে জানে, তাহার বাপ-পিতা-মহ অনেক যুদ্ধজয়, দেশ-অধিকার ও বাণিজ্যব্যবসায় করিয়াছে, দে-ও নিজেকে त्रगरगोत्रव, धनरगोत्रव, ताकारगोत्रवत्र व्यक्ष-কারী করিতে চায়। আনরা জানি, আমাদের পিতামহগণ দেশ-অধিকার ও বাণিজাবিস্তার নাই-এইটে জানাইবার ভারতবর্ষের ইতিহাস। তাঁহারা কি করিয়া-ছিলেন জানি না, স্থতরাং আমরা কি করিব, তাহাও জানি না। স্থতরাং পরের নকল করিতে হয়। ভিতরে সার না থাকিলে আসল জিনিষ্টির নকল কেহ করিতে পারে না, তাই বিদেশা নিত্যবস্তুর পরিবর্তে বিদেশা পোষাক-ভক্মা, বিলাস-বিহার-চালচলন গ্রহণ করিয়া প্রচুর :বাক্যাড়ছরে সমস্ত শৃন্ততাকে স্ফীত করিয়া তুলিতে হয়। আমরা কন্গ্রেদ্ করিতেছি, মনে করিতেছি যেন আমরা লড়াই করিতেছি; ভিক্ষাপত্রে সই করিতে একত হইয়াছি, মনে করিতেছি আমরা পার্লামেণ্ট করিতেছি; যথেচ্ছাচার করিতেছি, মনে করিতেছি আমরা সুমাজ-সংস্থারক ; পরের সমস্ত সংস্থার ভাষ্টভাবে গ্রহণ করাকেই বলিতেছি ওদার্য্য, নিজের

সমস্ত সংস্কার অন্ধভাবে ত্যাগ করাকেই বলিতেছি কুদংস্বারমুক্তি।

इहात जञ्च काहारक मात्र मिव ? ছেলে-বেলা হইতে আমরা যে প্রণালীতে যে শিকা পাই, তাহাতে প্রতিদিন দেশের সহিত আমা-त्तत्र विष्टम घरिया जन्म पर्मत्र विकक्ष আমাদের বিদ্রোহভাব জন্ম। সেই দেশ-विष्णां नर्साष्ट्र थवः नकल मत्न वहन করিয়া আমরা কন্গ্রেদ্ করি,—ভাষায়, ভাবনায়, ভঙ্গীতে সেই দেশবিদ্রোহের ধ্বজা উড়াইয়া আমরা দেশের কাজ করিতেছি বলিয়া স্পর্কা করিয়া থাকি।

আমাদের দেশের শিক্ষিত লোকেরাও ক্ষণে ক্ষণে হতবুদ্ধির স্থায় বলিয়া উঠেন, দেশ তুমি কাহাকে বল, আমাদের দেশের বিশেষ ভাবটা কি, তাহা কোথায় আছে, তাহা কোথায় ছিল ? প্রশ্ন করিয়া ইহার উত্তর পাওয়া যায় না। কারণ, কথাটা এত স্ক্ল, এত বৃহৎ যে, ইহা কেংলমাত্র বুক্তির দ্বারা বোধগম্য নছে। वन, कतामी वन, कान (मर्भत्र लाकह আপনার দেশীয় ভাবটি কি, দেশের মূল মর্শ্বস্থানটি কোথায়, তাহা এক কথায় ব্যক্ত করিতে পারে না—তাহা দেহস্থিত প্রাণের খ্রায় প্রত্যক্ষ সত্য, অথচ প্রাণের খ্রায় সংজ্ঞা ও ধারণার পকে হুর্গম। তাহা শিশুকাল হইতে আমাদের জ্ঞানের ভিতর, আমাদের প্রেমের ভিতর, আমাদের কল্পনার ভিতর নানা অলক্ষ্য পথ দিয়া নানা আকারে প্রবেশ করে। সে তাহার বিচিত্র শক্তি দিয়া আমাদিগকে নিগুঢ়ভাবে গড়িয়া ভোলে—আমাদের অতীতের সহিত্ বর্ত্ত-

মানের ব্যবধান ঘটিতে দেয় না – তাহারই প্রসাদে আমরা বৃহৎ, আমরা বিচ্ছিন্ন নহি। এই বিচিত্র উন্তমসম্পন্ন গুপ্ত পুরাতনী শক্তিকে সংশয়ী জিজ্ঞান্তর কাছে আমরা সংজ্ঞার ধারা হই-চার কথায় ব্যক্ত করিব কি করিয়া १

এই প্রত্যক্ষ, অন্তর্নতর, অথচ আয়তের অতীত স্বদেশসত্তা সম্বন্ধে যে প্রশ্ন উঠে—তর্ক উঠে, তাহার কারণ, বাল্যকাল হইন্ডে আমাদের জ্ঞান-প্রেম-কল্পনার দ্বারে গোরা-সৈন্যের পাহারা বসে—আমাদের প্রকৃতির অস্তঃপুরের মধ্যে স্থদেশলক্ষী করিতে পান না—বিদেশ হইতে আনীত যুক্তি-সংশয় প্রভৃতি কতকগুলা কিম্বর-কিম্<u>বরী</u> সেথানে ভিড় করিয়া বেড়ায়, কিন্তু যিনি তাহাদের কত্রী হইয়া তাহাদিগকে আপন কল্যাণের কাজে, ঐক্যের মহোৎসবে খাটাইতে পারিতেন, তিনি নাই। তাই আমাদের এমন লক্ষীছাড়ার দশা, তাই এই ভিকাবৃত্তি, এই উচ্ছু ছালভা। তাই এমন বারংবার আড়ম্বরপূর্ণ অক্বতকার্যাতা, বাক্যে ও কর্মে, শিক্ষায় ও ব্যবহারে তাই পদে পদে অসামঞ্জ । : সেই মহালক্ষী, যিনি পিতার সহিত পুদ্রকে, ভ্রাতার সহিত ভাতাকে, নিকটের সহিত দূরকে, অনা-গতের সহিত অতীতকে, ভিতরের সহিত বাহিরকে অদৃশ্র ঐক্যবন্ধনে চিরকাল গ্রথিত করিতেছেন, তাঁহাকে পথ ছাড়িয়া দাও! তিনি সমস্ত জ্যামিতি, বীজগণিত, ব্যাক-রণ, ভূগোল ও অর্থপুস্তকের পর্বভিন্তপ বিদীর্ণ করিয়া আমাদের হৃদয়ের অন্তঃপুরে তাঁহার চিরস্তন সিংহাদনে আসিয়া বস্থন--

সমস্ত শৃত্य পূর্ণ হইবে, সমস্ত সংশন্ন দূর হইবে।

কিন্তু আমাদের প্রকৃতির ঘারের কাছে এই যে স্কৃল জ্ঞাল জমিয়া আছে, যাহাতে বাহিরেই পাড়িয়া থাকে এবং জন্তরের ধন আমাদের জন্তরে প্রবেশ করিতে পারে না, তাহার মধ্য দিয়া পথ করিবে কে? প্রতিদিনের প্রহসন ও পরিণামের বিভীষিকা হইতে আমাদিগকে উদ্ধার করিবে কে?

ভারতবর্ষের একথানি প্রকৃত ইতিহাস এই হাক্সকর-এই শোকাবহ বিড়ম্বনা হইতে আমাদিগকে উদ্ধার করিবার একমাত্র উপার। বিদেশী আক্রমণপরম্পরার তারিথ-কণ্টকিত সমস্ত জঙ্গল পরিষ্কার করিয়া ভারতবর্ষের চিরস্তন রাজপথটি উদ্বাটিত করিতে হইবে। দেখিব, সেই প্রাচীন পুৰ্ণটি নদীবালজড়িত বঙ্গদেশ হইতে शक्षाताविद्योज बन्नावर्ख हिन्सा श्राह ; দেখিব, কত-শত জীর্ণ, কত-শত নবদংস্কৃত পাছশালা ছইধারে রাখিয়া এই পুরাতন পথ সহস্র বৎসরের ভিতর দিয়া মানব-সভ্যতা ইতিহাসের স্থদূর প্রাস্তভাগে উত্তীর্ণ रहेब्राट्या এই পाइमाना छनि जीर्व रहेक, সংস্কৃত**্রতক, ভগ্নইটকের স্তৃপ** হউক, কালে কালে আমাদের পিতামহগণ ইহা অাশ্র করিয়াছিলেন—ইহারা তাঁহাদেরই চেষ্টার পথ, চিস্তার পথ, যাত্রার পথ নির্দেশ ক্রিরা দিতেছে, ইহাই মনে রাথিয়া ভক্তির দৃষ্টিতে তাহাদিগকে নিরীকণ করিতে रुटेर्प ;—विरमनीत विठारतत कांमर्ग मृत्त পরিহার করিয়া শ্রদ্ধার সাহাত্যে পিতামহ-

গণের অন্তরের মধ্যে প্রবেশ করিছে হইবে।

নহিলে আমরা ভূল ব্রিব। বিষেববৃদ্ধির দারা আমরা কোনমতেই প্রাচীনকালের বিচ্ছিন্ন-বিক্লিপ্ত প্রমাণাংশগুলিকে
ঐক্যদান করিয়া সঞ্জীবিত করিতে পারিব
না। ছড়ানোকে টানিয়া আনিবার এবং
ভাঙাকে জোড়া দিবার শক্তি শ্রদ্ধা-ভক্তি ও
অন্তরাগেরই আছে। সেই সঙ্গে বৃদ্ধিবিচারকে নির্বাসন দিতে বলি না। বৃদ্ধিবিচার কাজ করিবে, সংশোধন করিবে, কিন্তু
স্থলন করিবে শ্রদ্ধা।

এই শ্রদ্ধা না থাকিলে আমরা ভুল করিব। কারণ, যে সকল আধুনিক বিদেশী সংস্কার আমাদের মনে বদ্ধমূল হইয়া গেছে, ভারতের প্রাচীন-ইতিহাস-আলোচনা-কালে ভাহাদিগকে সংযত করিয়া না রাখিলে, ভাহারা অভ্যস্ত দৌরাত্ম্য করিবে।

দৃষ্ঠান্তবরূপে দেখান বাইতে পারে, জাতি-ভেদ। এই জাতিভেদের পারে অত্যন্ত অশ্রদ্ধা যদি থাকে, তবে ভারতবর্ষের ইতিহাস ঠিক-ভাবে লেখা একেবারেই অসম্ভব হয়। বর্ণভেদ ভারতসমাজের আধার। কেন এমন হইল ? ভারতবর্ষীয় প্রতিভা সমাজকে বর্ণভেদের উপর স্থাপন করিয়া গড়িয়া তুলিল কেন ?

আধুনিক সংস্কারগুলিকে বক্ষে পোষণ করিয়া লইয়া বসিলে আমরা উধোর বোঝা বুধোর ঘাড়ে চাপাই। যদি বর্ণভেদের উপর আমাদের রাপ থাকে, ভারতবর্ধের বেথানে যত-কিছু তুর্গতি হইয়াছে, সমস্তই ঐ বর্ণ-ভেদের ঘাড়েই চাপান হয়।

্বাহির হইতে আমাদের পাদের ভুকুরে

ষদি সাংঘাতিক বা লাগে, তবে সমন্ত পা আগাগোড়া পচিয়া উঠিতে পারে —ক্ষতের. সংসর্গে সজীব অংশ দ্বিত হইয়া নিজের কাজ চালাইতে অক্ষম হয়। তেমনি বাহা কারণে দেশের যথন হুর্গতি ঘটে, তথন তাহার ভিতরের যন্ত্রগুলি কেবল যে বিকল হয়, তাহা নয়, দ্যিতও হইতে পারে। সে দোষ তাহার আন্তরিক নহে, তাহা আগত্তক।

অতএব, হুর্গতিপ্রাপ্ত ভারতবর্ষের অঙ্গ-প্রত্যঙ্গ, ক্রিয়াকলাপ দেখিয়া প্রাচীন ভারত-বর্ষের আদর্শকে লঘুভাবে বিচার করা চলে না। তাহা ছাড়া, যুরোপের আদর্শকেই একমাত্র শ্রেষ্ঠ আদর্শ করনা করিয়া তাহারই দিকে দাঁড়াইয়া বিপর্যন্ত দ্রবীক্ষণ দিয়া ভারতবর্ষকে অতি কৃত্র করিয়া দেখিলেও ভারতবর্ষকে দেখা হুইবে না।

ভারতবর্ষীয় সমাজপ্রকৃতিসম্বন্ধে আর

একটা বিভীষিকা আমাদিগকে চঞ্চল করিয়া
ভোলে। আমরা বলি—"ব্যক্তিগত স্বাতস্ত্রাকে
ভারতবর্ষ, সমাজের মাপে ছাঁটিয়া ফেলিতে
চায়, সেটা উচ্চ অক্সের সভ্যতার লক্ষণ নহে।
কেবল সমাজের দিক্ দেখিলে হইবে না
মাম্বের নিজের একটা দিক্ আছে। সমাজ
এমন হওয়া চাই, য়াহাতে মাম্ম তাহার
নিজম্বকে ব্যাসম্ভব সার্থকতা দিতে পারে।"
ভারতবর্ষীয় সভ্যতাকে এই দিক্ হইতে
আক্রমণ করা বায়, এইরূপ আমাদের অনেকের বিশ্বাস।

মান্ত্র নিজেকে লাভ করিবে, নিজেকে পরিণতিদান করিবে, এ সব কথা ভাল। ভারতবর্ষেরও সেই অভিপ্রায় দ্বিল এবং মুরোপেরও সেই অভিপ্রায়। কিন্তু এই প্রকৃত নিজ্বটা বে কি, সে সহদ্ধে মতভেদ থাকিলে তাহার লাভের উপারসহদ্ধেও পর্যভেদ ঘটে। অতিরিক্ত সার দিলে গাছের অভি-বাড় হইয়া তাহার ডালপালাপাতার প্রাচুর্য্য হয়, তাহাতে ফসল হয় না। যে ব্যক্তি ডালপালার অভিবৃদ্ধিকেই প্রাধান্ত দেয়, সে যে-ভাবে চাষ করে, যে ব্যক্তি ফসল চায়, সে সে-ভাবে চাষ করে, যে ব্যক্তি ফসল চায়, সে সে-ভাবে করে না, সে সায়

ভারতবর্ষ বলে, প্রবৃত্তিকে অতিরিক্ত সার তাহাতে আমাদের ডালপালা **ভোগাই**লে বাড়ে, কিন্তু ফসল নষ্ট হয়। ভারতবর্ষ অতিবৃদ্ধি চায় নাই বলিয়া ডালপালার বাল্যকাল হইতে প্রবৃত্তিকে নিয়মিত করি-য়াছে। ইহা বিশেষক্ষপৈ ব্যক্তিগত সার্থ-কতারই জন্ত, সমাজের জন্ত নহে। স্পার্টান্-সমাজ মামুষকে বিশেষ একটা সমাজের উপযোগী করিবার জন্মই চেষ্টা করিত, কিছ ভারতবর্ষ তাহার সম্ভানদিগকে ব্যক্তিগত চরমপরিণতির দিকে লক্ষ্য রাথিয়াই গডিত। তাহার ব্রহ্মচর্য্যের অর্থ ই এই, প্রবৃত্তির চাঞ-नारक थर्स कतिया यथार्थ मासूयिंटिक वाहित করিয়া আনা। সংযমের সার্থকতাই তাই। সাহিত্যে যে সংযম, তাহার অর্থ এই, ভিত-রের ভাবটিকে উজ্জল করিয়া বাহির করিবার জন্ম বাহিরের আড়ম্বরকে নিয়মিত করা। বে লোক বকিতে ভালবাদে, তাহাকে বকিতে দিলে তাহার যথেষ্ট সুথ হয়, বকুনিও পল্লবিত হইয়া উঠে, কিন্তু বক্তার মধার্থ विवद्यक्ति इस्त रहेशा পড़ে।

ভারতবর্ষের চতুরাশ্রমের প্রতি ভাল

করিরা মনোবোগ করিলে দেখা বার, ভারতবর্ব গৃহস্থাশ্রমকে আত্মার বিকাশের একটি
সোপানস্বরূপ গণ্য করিত। স্থতরাং তাহাকেই চরমলক্ষ্য করিয়া ভারতবর্ধ মাহ্য্য
গড়িতে চার নাই। বরঞ্চ ভারতবর্ধ এমন
করিয়া তাহার গৃহস্থাশ্রমকে গড়িতে চাহিয়াছে, যাহাতে সে মাহ্যুবের আত্মাকে মুক্তির
পথে অগ্রসর করে, বাধা না দের— যাহাতে
প্রবৃত্তিকে যথাপথে নিয়মিত করিয়া ভোগের
সঙ্গে সঙ্গে ভোগনিবৃত্তিরও চর্চ্চা থাকে।
কারণ, এই পুরাতন সত্য ভারতবর্ধ বিস্মৃত
হয় নাই বে—

ন জাতু কাম: কামানাম্ উপভোগেন শামাতি।
প্রবৃত্তিকে সম্পূর্ণ দমন করিলে প্রবৃত্তিকে
নিক্ষল করা হয় এবং প্রবৃত্তিকে প্রশ্রম দিতে
থাকিলেও বিনাশর্কে আহ্বান করা হয়।
এইজক্ষ ভারতবর্ষ মমুষ্যত্বের প্রতি লক্ষ্য
রাধিয়াই গৃহস্থাশ্রমে প্রবৃত্তি ও নিবৃত্তির
সামঞ্জন্ম চেষ্টা করিয়াছিল। দেইজন্মই বলি,
ভারতবর্ষ ব্যক্তিগত স্বাতন্ত্র্যের প্রতি যেমন
একান্ত লক্ষ্য রাধিয়াছিল, মুরোপ তেমন
করে নাই।

আশঙ্কা হইতেছে, ইহার পরে এমন কথা উঠিবে, তবে অত স্থাতস্ত্র্য ভাল নয়। অর্থাৎ ভারতবর্ষকে শাঁথের করাতে কাটিতে হইবে।

ছন্দের বন্ধন খুব কড়া বন্ধন—কিন্তু সেই বন্ধন কবিত্বের ভাবকে ফোরারার মত সবেগে মুক্তিদান করে। ভারতবর্ষে গৃহের বন্ধন অত্যন্ত বেশি—বাপমারের সঙ্গে বন্ধন, ভাই-রের সঙ্গে বন্ধন, শুতি-বেশীর সঙ্গে বন্ধন—এমন বন্ধন যুরোপে

নাই। অতএব স্বাভদ্রোর দিক্ ছাড়িরা বন্ধনের
, দিক্ দিয়া দেখিতে গেলে বলিতে ছইবে,
যথেষ্ট হইরাছে। অথচ এই সকল বন্ধনকে
স্বীকার করিরাও ভারতবর্ধ তাহাদিগকে চরম
করিয়া তোলে নাই—ব্যক্তির পরিপূর্ণ স্বাতক্সাকে ইহার মধ্য হইতে উদ্ভিন্ন করিবার জ্ঞা
ভারতবর্ধ তাড়া দিতেছে। বীজের ভিতরেই
প্রেক্কতির তাড়া যেমন অঙ্করকে বীজ বিদীর্ণ
করিতে—মাটিভেদ করিতে বলে, তেমনি
গৃহের নিবিড় বন্ধনের ভিতরে ভারতবর্ধ
স্বাধীন হইবার জ্ঞা—স্বতম্ত্ব হইবার জ্ঞা
আমাদিগকে উদ্বোধিত করে।

ইহার পরে কথা উঠিবে, অত বৈপরীত্য ভাল নয়—অত্যন্ত বন্ধন এবং অত্যন্ত মুক্তির সামঞ্জন্ম হয় না। আবার শাঁথের করাত। উত্তর এই যে, এখানে বৈপরীত্য বাহ্যিক। ভারতবর্ষ যাহাকে মুক্তি বলে, ভারতবর্ষীয় সমাজের বন্ধন তাহার বিরোধী নহে, তাহার অমুকূল। এই সকল বন্ধনে প্রীতিপ্রবৃত্তি, কল্যাণপ্রবৃত্তি প্রধান হইয়া স্বার্থপ্রবৃত্তিকে পদে পদে দমন করে। তাহাতে প্রেমের আনন্দ, মঙ্গলের শান্তি স্বার্থের মন্ততাকে অভিভূত করিয়া নীচে ফেলিয়া রাথে।

ইহাতে আপত্তি এই উঠে, এত সংযমের চর্চায় সমাজ কি শেষে কল হইরা দাঁড়ায় না ?

সমাজমাত্রই কল হইরা উঠিতে চার।

য়ুরোপীয় সমাজে কলের লক্ষণ যথেষ্ঠ আছে।
সমাজ যদি থাকিয়া-থাকিয়া কল হইয়া না
উঠিত, তবে মহাপুক্ষের প্রয়োজন হইত না।
কর্ম্ম যথন উদ্দেশ্যকে বিস্মৃত হয়, অভ্যাস

যথন আদর্শকে হারাইয়া ফেলে, তথন মহা-

পুরুষেরা আসিয়া দেহের মধ্যে আত্মাকে জাগ্রত • করেন, উপারের মধ্যে উদ্ভেশ্তকে পুন:প্রতিষ্ঠিত করেন, তাঁহারা পুরাতনকে নবীন করেন।

ভারতবর্ষীয় সমাজ সম্প্রতি কল হইয়া আছে। বিক্বত ঘড়ির মত তাহা এমনএকটা পদার্থ হইয়া উঠিয়াছে যে, তাহার কল
চলিতেছে, কিন্তু কাঁটা চলিতেছে না, সময়
অগ্রসর হইতেছে, কিন্তু সে অগ্রসর হইতেছে
না। তাহার দম স্কুরায় নাই বটে, কিন্তু
তাহার উদ্দেশ্রের সহিত উপায়ের বিচ্ছেদ
ঘটিয়াছে। তাই সে চলিতেছে, কিন্তু কাজে
লাগিতেছে না।

সেই কারণেই আমরা সেই মহাপুরুষের জন্ত অপেক্ষা করিয়া আছি, যিনি এই দারুণ বিশ্বতির দিনে ভারতবর্ষের প্রাচীন সার্থ-কতাকে শ্বরণ করিবেন। এই সমাজ্ব কিসের উপযোগী, কি জন্ত ইহার স্কষ্টি, তাহা স্কুপ্রষ্ট বৃষিয়া সেই সজীব উদ্দেশ্যকে এই সমাজ্বের সহিত যোজনা করিয়া দিবেন। ঐতিহাসিক তাঁহাকেই সাহায্য করিবেন। সেই ঐতিহাসিক ভারতবর্ষকে সম্পূর্ণরূপে বৃষিতে চেষ্টা করিবেন। বিদেশী বাঁধি বৃলির ঘারা সদেশকে বৃষা যায় না।

ভারতবর্ষের প্রধান সার্থকতা কি, এ কথার স্পষ্ট উত্তর যদি কেহ জিজ্ঞাসা করেন, সে উত্তর আছে; ভারতবর্ষের ইতিহাস সেই উত্তরকেই সমর্থন করিবে। ভারতবর্ষের চিরদিনই একমাত্র চেষ্টা দেখিভেছি, প্রভেদের মধ্যে ঐক্যন্থাপন করা, নানা পথকে একই লক্ষ্যের অভিমুখীন করিয়া দেওয়া এবং বছর মধ্যে এককে নিঃসংশ্বরূপে অক্তর্তররূপে উপলব্ধি করা,—বাহিরে যে সকল পার্থক্য প্রভীয়মান হয়, তাহাকে নষ্ট না করিয়া তাহার ভিতরকার নিগুঢ় যোগকে অধিকার করা।

এই এককে প্রত্যক্ষ করা এবং ঐক্য-বিস্তারের চেষ্টা করা ভারতবর্ষের পক্ষে একান্ত স্বাভাবিক। তাহার এই স্বভাবই ভাহাকে চিরদিন রাষ্ট্রগোরবের প্রতি উদা-সীন করিয়াছে। কারণ, রাষ্ট্রগৌরবের মৃলে বিয়োধের ভাব। যাহারা পরকে একান্ত পর বলিয়া সর্বাস্তঃকরণে অত্তর না করে, তাহারা রাষ্ট্রগৌরবলাভকে জীবনের চরম লক্ষ্য বলিয়া মনে করিতে পারে না। পরের বিরুদ্ধে আপনাকে প্রতিষ্ঠিত করিবার যে চেষ্টা, তাহাই পোলিটিক্যাল উন্নতির ভিত্তি-এবং পরের সহিত অপপনার সম্বন্ধবন্ধন ও নিজের ভিতরকার বিচিত্র বিভাগ ও বিশ্রোধের মধ্যে সামঞ্জস্যস্থাপনের চেষ্টা, ইহাই ধর্মনৈতিক ও সামাঞ্চিক উন্নতির ভিত্তি। যুরোপীয় সভ্যতা যে ঐক্যকে আশ্রয় করিয়াছে, তাহা বিরোধমূলক; ভারতবর্ষীয় সভ্যতা বে ঐক্যকে আশ্রয় করিয়াছে, তাহা মিলনমূলক। পোলিটিক্যাল ঐক্যের ভিতরে য়ুরোপীয় যে বিরোধের ফাঁদ রহিয়াছে, তাহা তাহাকে পরের বিরুদ্ধে টানিয়া রাখিতে পারে, কিন্তু তাহাকে নিজের মধ্যে সামঞ্জন্য দিতে পারে না। এইজনা তাহা ব্যক্তিতে ব্যক্তিতে, রাজায় প্রজায়, ধনীতে দরিত্রে বিচ্ছেদ ও বিরোধকে সর্বাদা জাঁগ্রত করিয়াই রাখিয়াছে। তাহারা সকলে মিলিয়া যে নিজ নিজ নির্দিষ্ট অধিকারের দারা সমগ্র সমাজকে বহন করি-তেছে, তাছা নয়, তাহায়া পরস্পরের প্রতিকৃশ

—যাহাতে কোন পক্ষের বলবৃদ্ধি না হয়, অপর পক্ষের ইহাই প্রাণপণ সতর্ক চেষ্টা। কিন্তু সকলে মিলিয়া যেখানে ঠেলাঠেলি করি-তেছে. দেখানে বলের সামঞ্জদা হইতে পারে না — সেথানে কালক্রমে জনসংখ্যা যোগ্যতার অপেকা বড় হইয়া উঠে, উদ্যম গুণের অপেক্ষা শ্রেষ্টতা লাভ করে চবং বণিকের ধনসংহতি গৃহত্বের ধনভাণ্ডারগুলিকে অভি-ভূত করিয়া ফেলে—এইরূপে সমাজের সামঞ্জন্য নষ্ট হইয়া যায় এবং এই সকল বিষদৃশ বিরোধী অঙ্গগুলিকে কোনমতে জোড়াতাড়া দিয়া রাখিবার জন্য গবর্মেণ্ট্ কেবলই আইনের পর আইন সৃষ্টি করিতে থাকে। ইহা অবশ্যস্তাবী। কারণ বিরোধ যাহার বীজ, বিরোধই তাহার শস্য: মাঝ-খানে যে পরিপুষ্ট পল্লবিত ব্যাপারটিকে দেখিতে পাওয়া যায়, তাহা এই বিরোধ-भरमात्रहे आगवान् वनवान् वृक्षः।

ভারতবর্ষ বিসদৃশকেও সম্বন্ধবন্ধনে বাধিবার চেষ্টা করিয়াছে। যেথানে যথার্থ পার্থক্য আছে, সেথানে দেই পার্থক্যকে যথাবোগ্য স্থানে বিন্যস্ত করিয়া—সংযত করিয়া তবে তাহাকে ঐক্যদান করা সম্ভব। সকলেই এক হইল বলিয়া আইন করিলেই এক হয় না। যাহারা এক হইবার নহে, তাহাদের মধ্যে সম্বন্ধ্যাপনের উপায় তাহাদিগকে পৃথক্ অধিকারের মধ্যে বিভক্ত করিয়া দেওয়া। পৃথক্কে বলপূর্ব্বক এক করিলে তাহারা একদিন বলপূর্ব্বক বিচ্ছিয় হইয়া যায়, সেই বিচ্ছেদের সময় প্রলম্ম ঘটে। ভারতবর্ষ মিলনসাধনের এই রহস্য জানিত। করাসীবিদ্রোহ গায়ের কোরে মানবের সমস্ত

পার্থকা রক্ত দিয়া মুছিয়া ফেলিবে, এমন স্পর্দ্ধা করিয়াছিল—কিন্ত ফল উল্টা হইয়াছে —যুরোপে রাজশক্তি-প্রজাশক্তি, ধনশক্তি-জনশক্তি. দ্রুমেই অত্যন্ত বিরুদ্ধ হইয়া উঠি-তেছে। ভারতবর্ষের লক্ষ্য ছিল সকলকে ঐক্যন্থত্রে আবদ্ধ করা, কিন্তু তাহার উপায় ছিল স্বতম্ন। ভারতবর্ষ সমাজের সমস্ত প্রতি-যোগী বিরোধী শক্তিকে সীমাবদ্ধ ও বিভক্ত করিয়া সমাজকলেবরকে এক এবং বিচিত্র-কর্ম্মের উপযোগী করিয়াছিল-নিজ নিজ অধিকারকে ক্রমাগতই লজ্যন করিবার চেষ্টা করিয়া বিরোধ-বিশৃঙ্খলা জাগ্রত করিয়া রাথিতে দেয় নাই। পরস্পর প্রতিযোগিতার পথেই সমাজের সকল শক্তিকে অহরহ সংগ্রামপরায়ণ করিয়া তুলিয়া ধর্ম-কর্ম-গৃহ সমন্তকেই আবর্তিত, আবিল, উদ্ভান্ত করিয়া রাথে নাই। ঐক্যানর্ণয়, মিলন্সাধন, এবং শাস্তি ও স্থিতির মধ্যে পরিপূর্ণ পরিণতি ও মুক্তিলাভের অবকাশ, ইহাই ভারতবর্ষের नकः। ছिन।

বিধাতা ভারতবর্ষের মধ্যে বিচিত্র জাতিকে টানিয়া আনিয়াছেন। ভারতবর্ষীর আর্য্য যে শক্তি পাইয়াছে, দেই শক্তি চর্চ্চা করিবার অবসর ভারতবর্ষ অতি প্রাচীনকাল হইতেই পাইয়াছে। ঐক্যমূলক যে সভ্যতা মানবন্ধাতির চরম সভ্যতা, ভারতবর্ষ চিরদিন ধরিয়া বিচিত্র উপকরণে তাহার ভিত্তিনির্ম্মাণ করিয়া আসিয়াছে। পর বলিয়া সে কাহাকেও দ্র করে নাই, অনার্য্য বলিয়া সে কাহাকেও বহিস্কৃত করে নাই, অসকত বলিয়া সে কিছুকেই উপহান করে নাই। ভারতবর্ষ সমস্তই গ্রহণ করিয়াছে,

সমস্তই স্বীকার করিয়াছে। এত গ্রহণ করি-য়াও আঁতারকা করিতে হইলে এই পুঞ্জীভূত সামগ্রীর মধ্যে নিজের ব্যবস্থা, নিজের শৃঙ্খলা স্থাপন করিতে হয়—পশুযুদ্ধভূমিতে পশুদলের মত ইহাদিগকে পরস্পরের উপর ছাড়িয়া मिटन **हरन ना।** ইহাদিগকে বিহিত নিয়মে বিভক্ত-স্বতন্ত্র করিয়া একটি মূলভাবের দ্বারা বদ্ধ করিতে হয়। উপকরণ যেথান-কার হউক, সেই শৃঙ্খলা ভারতবর্ষের, সেই মূলভাবটি ভারতবর্ষের। যুরোপ পরকে দুর করিয়া, উৎসাদন করিয়া সমাঞ্চকে নিরা-পদ রাখিতে চায়; আমেরিকা, অষ্ট্রেলিয়া, নিযুদ্ধীলাও, কেপ্কলনিতে তাহার পরিচয় আমরা আজ পর্যান্ত পাইতেছি। তাহার নিজের সমাজের একটি স্থবিহিত শৃঙ্খলার ভাব নাই—তাহার নিজেরই ভিন্ন সম্প্রদায়কে সে যথোচিত স্থান দিতে পারে নাই এবং যাহারা সমান্দের অঙ্গ. তাহাদের অনেকেই সমাজের বোঝার মত হইয়াছে-এরপ স্থলে বাহিরের লোককে সে সমাজ নিজের কোন্থানে আশ্রয় দিবে? আত্মীয়ই যেথানে উপদ্রব করিতে উদ্যত, **সেথানে বাহিরের লোককে কেহ** স্থান **बिट** हो इसे । (य नमां क मुख्य ना आहि, ঐক্যের বিধান আছে, সকলের স্বতন্ত্র স্থান ও অধিকার আছে, দেই সমাজেই পরকে আপন করিয়া লওয়া সহজ। হয় পরকে कां हिया-मात्रिया-त्थना हेया नित्कत नमास ७ শভ্যতাকে রক্ষা করা, নয় পরকে নিজের বিধানে সংঘত করিয়া স্থবিহিত শৃঙ্খলার মধ্যে হান করিয়া দেওয়া, এই ছইরকম হইতে পারে। যুরোপ প্রথম প্রণালীটি অবলম্বন

করিয়া সমস্ত বিখের সঙ্গে বিরোধ উন্মুক্ত করিয়া রাথিয়াছে—ভারতবর্ষ দ্বিতীয় প্রণালী অবুলম্বন করিয়া সকলকেই ক্রমে ক্রমে ধীরে ধীরে আপনার করিয়া লইবার চেষ্টা করিয়াছে। যদি ধর্মের প্রতি শ্রদ্ধা থাকে, যদি ধর্মকেই মানবসভ্যতার চরম আদর্শ বলিয়া স্থির করা যায়, তবে ভারতবর্ষের প্রণালীকেই শ্রেষ্ঠতা দিতে হইবে।

পরকে আপন করিতে প্রতিভার পয়ো-জন। শেক্স্পিয়র কোথা হইতে কি আত্মদাৎ করিয়াছেন, তাহা সন্ধান করিতে বসিলে নানা ভাণ্ডারেই তাঁহার প্রবেশাধি-কার আবিষ্কৃত হয়। কিন্তু আপনার করিবার শক্তি ছিল বলিয়াই তিনি এত লইতে পারিয়াছেন। অন্যের মধ্যে প্রবেশ করি-বার শক্তি এবং অন্যকৈ সম্পূর্ণ আপনার कतिया नहेवात हेन्सकान, हेहाहे প্রতিভার নিজম্ব। ভারতবর্ষের মধ্যে সেই প্রতিভা আমরা দেখিতে পাই। ভারতধর্ষ অসঙ্কোচে অনোর মধ্যে প্রবেশ করিয়াছে এবং অনা-সামগ্রী নিজের করিয়া য়াদে অন্যের লইয়াছে। বিদেশা যাহাকে পৌত্তলিকতা বাল, ভারতবর্ষ তাহাকে দেখিয়া ভীত হয় নাই, নাসা কুঞ্চিত করে নাই। ভারতবর্ষ পুলিন্দ, শবর, ব্যাধ প্রভৃতিদের নিকট হইতেও বীভৎস সামগ্রী গ্রহণ করিয়া তাঁহার মধ্যে নিজের ভাব বিস্তার করিয়াছে—তাহার দিয়াও নিজের আধ্যাত্মিকতাকে অভিব্যক্ত করিয়াছে। ভারতবর্ষ কিছুই ত্যাগ করে নাই এবং গ্রহণ করিয়া সকলই আপনার করিয়াছে।

এই ঐক্যবিস্তার ও শৃঙ্গলাম্বাপন

(कर्व मधाबरावशाय .नर्ट, धर्मनौडिएड) দেখি। গীতায় জ্ঞান, প্রেম ও কর্মের মধ্যে (व मन्पूर्व-मामञ्जमा-स्राभरनत ८०%। (प्रि) ভাহা বিশেষরূপে ভারতবর্ষের। যুরোপে রিলিজন্ বলিয়া বে শব্দ আছে, ভারতব্যীয় ভাষায় তাহার অনুবাদ অসম্ভব-কারণ ভারতবর্ষ ধর্ম্মের মধ্যে মানসিক বিচ্ছেদ ঘটিতে বাধা দিয়াছে—আমাদের বৃদ্ধি-বিশ্বাস-वाहत्व, जागातित टेहकान-भत्रकान, ममख জডাইরাই ধর্ম। ভারতবর্ম তাহাকে খণ্ডিত করিয়া কোনটাকে পোষাকী এবং কোন-টাকে আটুপৌরে করিয়া রাথে নাই। হাতের कौरन, পারের कौरन, মাথার জীবন, উদরের कौरन (रमन जानाना नम्र, विश्वारम्य धर्म, / আচরণের ধর্ম, রবিবারের ধর্ম, অপর ছয়দিনের ধর্মা, গির্জ্জার ধর্মা এবং গৃহের ধর্মো ভারতবর্ষ ভেদ ঘটাইয়া দেয় নাই। ভারত-বর্ষের ধর্ম সমস্ত সমাজেরই ধর্ম-ভাহার মূল মাটর ভিতরে এবং মাথা আকাশের মধ্যে—তাহার মূলকে স্বতন্ত্র ও মাথাকে শ্বতন্ত্র করিয়া ভারতবর্ষ দেখে নাই---ধর্মকে ভারতবর্ষ হ্যালোকভূলোকব্যাপী, मानदंवत ममछ कीयनवाभी এकि त्रहर বনম্পতিরূপে দেখিয়াছে।

পৃথিবীর সভ্যসমাজের মধ্যে ভারতবর্ষ
নানাকে এক করিবার আদর্শরপে বিরাজ
করিতেছে, তাহার ইতিহাস হইতে ইহাই
প্রতিপন্ন হইবে। এককে বিশের মধ্যে ও
নিজের আত্মার মধ্যে অন্তব করিয়া সেই
এককে বিচিত্রের মধ্যে স্থাপন করা, জ্ঞানের
দারা আবিদ্যার করা, কর্ম্মের দারা প্রতিষ্ঠিত
করা, প্রেমের দারা উপল্কি করা এবং

জীবনের দারা প্রচার করা—নানা বাধাবিপত্তি-ছুর্গতি-স্থগতির মধ্যে ভারতবর্ষ
ইহাই করিতেছে। ইতিহাসের ভিতর দিরা
বখন ভারতের সেই চিরস্তন ভাবটি অস্ক্তব
করিব, তখন আমাদের বর্তমানের সহিত
অতীতের বিচ্ছেদ লোপ পাইবে।

বিদেশের শিক্ষা ভারতবর্ষকে অতীতে ও বর্ত্তমানে বিধা বিভক্ত করিতেছে। বিনি সেতু নির্ম্মাণ করিবেন, তিনি আমাদিগকে রক্ষা করিবেন। যদি সেই সেতু নির্ম্মিত হর, তিবে এই বিধারও সফলতা আছে—কারণ বিচ্ছেদের আঘাত না পাইলে মিলন প্রতেতন হয় না। বদি আমাদের মধ্যে কিছুমাত্র পদার্থ থাকে, তবে বিদেশ আমাদিগকে যে আঘাত করিতেছে, সেই আঘাতে স্বদেশকেই আম্রা নিবিজ্তররূপে উপলব্ধি করিব। প্রবাসে নির্মাণ্যক মহন্তম করিয়া ভূলিবে।

মামুদ ও মহক্ষদঘোরীর বিজয়বার্ত্তার সমস্ত তারিথ আমরা মুথস্থ করিয়া পরীক্ষার প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছি, এথন যিনি সমস্ত তারতবর্ষকে আমাদের সম্মুথে মৃর্ত্তিমান্ করিয়া তুলিবেন, অন্ধকারের মধ্যে দাঁড়াইয়া সেই ঐতিহাসিককে আমরা আহ্বান করিতেছি। তিনি তাহার শ্রুজার বারা আমাদের মধ্যে শ্রুজার সঞ্চার করিবেন, আমাদিগকে প্রতিষ্ঠাদান করিবেন, আমাদের আত্ম-উপ্রাস্থিত করিবেন, আমাদিগকে এমন প্রাচীন সম্পদের অধিকারী করিবেন বে, প্রের ছল্মবেশে নিজের লক্ষা লুকাইকার

আর গ্রহন্তি থাকিবে না। তথন এ কথা আমরা বৃঝিব, পৃথিবীতে ভারতৰর্ষের একটি मह९ द्यान आहि, आमात्मत्र मत्था मह९ আশার কারণ আছে; আমরা কেবল গ্রহণ করিব না—অমুকরণ করিব না, দান করিব— প্রবর্ত্তন করিব, এমন সম্ভাবনা আছে ; পলি-টিকা এবং বাণিক্যই আমানের চরমতম গতি-मुक्ति नटर, श्राघीन बन्नाटर्यात পरथ देवत्रागा-कठिन मोदिजारगीतव भिरत्नाधार्यः कदित्रा তুর্গম-নির্মাল মাহায্মোর উন্নত্তম শিখরে অধিরোহণ করিবার জন্য আমাদের ঋষি-পিতামহদের স্থগম্ভীর নিদেশ-নির্দেশ প্রাপ্ত হইয়াছি: সে পথে পণ্যভারাক্রাস্ত কোন পান্ত নাই বলিয়া আমরা ফিরিব না, গ্রন্থভারনত শিক্ষকমহাশয় সে পথে চলিতেছেন না বলিয়া লজ্জিত হইব না मुना ना मिटन क्लान मुनावान किनियक আপনার করা যায় না। ভিক্ষা করিতে গেলে কেবল খুদকুঁড়া মেলে, তাহাতে পেট অল্লই ভবে, অথচ জাতিও থাকে না। বিদেশকে যভক্ষণ আমরা কিছু দিতে পারি না, বিদেশ হইতে ততকণ আমরা কিছু লইতেও পারি না; লইলেও তাহার সঙ্গে আত্মসন্মান থাকে না বলিয়াই ভাহা ভেমন করিয়া আপনার रुव ना, मरकारा तम अधिकात वित्रमिन अमुम् ७ अमुक् इहेन्ना थाटक। यथन গৌরবসহকারে দিব, তথন গৌরবসহকারে শইব। হে ঐতিহাসিক, আমাদের সেই দিবার সঙ্গতি কোন্ প্রাচীন ভাগুরে সঞ্চিত रहेबा चाहि, जारी (मथारेबा माइ, जारांत ৰার উদ্ঘাটন কর। তাহার পর হইতে আমাদের গ্রহণ করিবার শক্তি বাধাহীন ও অকুষ্ঠিত হইবে, আমাদের উন্নতি ও এীবৃদ্ধি অক্লত্তিম ও শ্বভাবসিদ্ধ হইয়া উঠিবে। দেশ, আমাদের শিক্ষকমহাশরেরা উপলক্ষ্য পাইবা-মাত্র খোঁটা দিয়া থাকেন—"ভোমরা কেবল শিথিতেছ, কিন্তু শিক্ষার কোন ফল দেখাই-তেছ না—তোমাদের নিজের কিছুই নাই. তোমরা ওরিজিন্যালিটি-হীন।" পরের অল্লে ষে অকর্মণ্য প্রতিপালিত, মুধরা গৃহকরী তাহাকে কণে কণে স্বরণ করাইয়া দেন—"তুমি কেবল গিলিতেছ, কিন্তু কিছুই করিতেছ না;" তথন সে হতভাগ্যের এ সত্যক্থাটুকু বলি-বারও মুথ থাকে না বে, "তুমি সিকি-ছটাক অর্দ্ধদিদ্ধ ভালে পাঁচপোয়া বিশুদ্ধ জল মিশা-ইয়া যে পণ্য দিতেছ, তাহাতে কাল করিবার দামর্থ্য থাকে না !" এ কথা বলিলেই তাছার জবাব এই ষে, "তুমি নিজে উপাৰ্জন করিয়া ধাও, মনের ডাল-ভাত পারিবে।" আমাদের অর্দ্ধপক শিক্ষা আমা-দের প্রকৃতির সঙ্গে মিশিতেছে না বলিয়াই তাহাকে আমরা কোন কাজে লাগাইতে পারিতেছি না, এ কথা বলিয়া অরণো রোদন कता वृथा-कात्रन, विष्मि निकक कान-মতেই শিক্ষাকে আমাদের অমুকৃল করিতে পারে না। একে ত তাহার। আমাদিগকে জানেই না, তাহার পরে আমাদের প্রতি তাহাদের অবজ্ঞার সীমা নাই। দক্তে বে মৃঢ়তা আনে, তাহার মত প্রবল মৃঢ়তা আর নাই— সভ্যতার উৎকট দভে আমাদের পাশ্চাতা অধ্যাপকেরা নিজেদের সংস্থার ছাড়া অন্য সংস্থারের সভ্যতা একেবারে দেখিতে পান ना-राथात आमारात रहितत राष्ट्र দেওয়া আছে, সেথানে তাঁহাদের অসহিষ্ণু

সংস্থারের চার যোড়ার গাড়ি কেন অনায়াদে চলিবে না, তাহা তাঁহারা কিছুতেই ভাবিয়া পান না। যদি না চলে, তবে স্থির করেন, **रम**हा क्वित श्रामात्मत्रहे त्माव, त्महा त्य তাঁহাদেরও উদ্ধৃত বর্ষরতা হইতে পারে. তাহা কল্পনা করিবার শক্তিও তাঁহাদের নাই। বিশেষত আজকাল হঠাৎ ইংলণ্ডে উচ্চ-শ্রেণীর ভাবুকলোকের একেবারে অভাব ঘটাতে ইংরাজের জাতীয় মদমত্তা সর্কা প্রকার সদ্বিবেচনা ও মঙ্গলের বন্ধন একে-বারে উল্লন্ডন করিতে উদ্যত হইয়াছে: ইংরাজ নিজেকে সর্বত্র প্রসারিত, দিগুণিত, চতুর্গু ণিত করাকেই জগতের সর্কশ্রেষ্ঠ শ্রেয় বলিয়া জ্ঞান করিয়াছে, তাহাদের বুদ্ধি-বিচারের এই উন্মন্ত অন্ধ অবস্থায় তাহার৷ ধৈর্য্যের সহিত আমাদিগকে শিক্ষাদান করিতে পারে না। উপনিষদে অনুশাসন আছে— এদ্ধা দেয়ন্, অএদ্ধা অদেয়ন্— শ্রদার সহিত দিবে, অশ্রদার সহিত দিবে ना-कात्रन, अकात्र महिल ना नितन यथार्थ জিনিষ দেওয়াই যায় না, বরঞ্চ এমন একটা জিনিষ দেওয়া হয়, যাহাতে গ্রহীতাকে হীন করা হয়। আজকালকার ইংরাজশিক্ষক-গণ দানের দ্বারা আমাদিগকে হীন করিয়া থাকেন,—তাঁহারা অবজ্ঞা-অশ্রদ্ধার সহিত দান করেন, সেই সঙ্গে প্রত্যহ সবিদ্রূপে শ্বরণ করাইতে থাকেন—"যাহা দিতেছি, ইহার তুল্য তোমাদের কিছুই নাই এবং যাহা লইতেছ, তাহার প্রতিদান দেওয়া তোমাদের সাধ্যের অতীত।" প্রত্যহ এই অবমাননার বিষ আমাদের মজ্জার মধ্যে প্রবেশ করে, ইহাতে পক্ষাঘাত আনিয়া

আমাদিগকে নিরুখন কুরিয়া . শिक्षकांग इहेटाइ निरामत निमाय ^{*}छेशनिक করিবার কোন অবকাশ—কোন পাই নাই, পরভাষার বানান-বাক্য-ব্যাকরণ ও মতামতের দারা উদ্ভান্ত-অভিভূত হইয়া আছি—নিজের কোন শ্রেষ্ঠতার প্রমাণ দিতে না পারিয়া মাথা হেঁট করিয়া থাকিতে হয়। শিশুকে অন্নস্তুপের মধ্যে পুঁতিয়া ফেলিয়া যদি তাহার অভিভাবক বলে—"লক্ষীছাড়া ছেলে, তোকে এত অন্ন জোগাইলাম. তবু তুই বাঁচিলি না কেন, কত গরীবের ছেলে ইহার চেয়ে অল অল্পেও সবল হইয়া উঠে," তবে তথন দেই হতাশ অভিভাবককে এই বলিয়া বুঝাইবার চেষ্টা করিতে হয়, "মহাশন্ন, উদার্ঘ্যবশত অন্নের অপব্যয় করা হইয়াছে, শিশুটিকেও অপব্যয় করিয়াছেন।" প্রথমত, প্রচুর অন্ধ বাহিরে চাপানোর চেয়ে অল্ল অল্ল ভিতরে দেওয়া ভাল; দিতীয়ত, অন্নই যে শিশুর প্রাণের পক্ষে প্রয়োজনীয়, তাহা নহে, তাহার বাতাস চাই, আলো চাই, থেলা চাই! ইংরাজ-শিক্ষকেরা আমাদের চেলেদের উপরে অবজাভরে দূর হইতে অন্ন চুঁড়িয়া মারেন, তাহার পরে ছেলেটা কাহিল হই-তেছে বলিয়া বিশায়প্রকাশ করেন। তাঁহা-দের নিজের ছেলেদের শিক্ষাপ্রণালী এরপ নহে-অক্ফোর্ড্-কেপ্রিজে তাঁহাদের ছেলে क्विन रष शिलिया थारक, जाहा नरह. তাহারা আলোক; আলোচনা ও খেলা হইতে বঞ্জিত হয় না। অধ্যাপকদের সঙ্গে তাহা-দের স্থার কলের সম্বন্ধ নহে। একে ত তাহাদের চতুর্দিক্বর্তী স্বদেশী সমাজ স্বদেশী

শিক্ষাকে সম্পূর্ণরূপে আপন করিয়া লইবার জন্ত শিশুকাল হইতে সর্বতোভাবে আফ্রকুল্য করিয়া থাকে, তাহার পরে শিক্ষাপ্রণালী ও অধ্যাপকগণও অফুকুলণ আমাদের আভোপান্ত সমন্তই প্রতিকূল—যাহা
শিথি, তাহা প্রতিকূল, যে উপায়ে শিথি,
তাহা প্রতিকূল, যে শেথার, সে-ও প্রতিকুল। ইহা সত্ত্বেও যদি আমরা কিছু লাভ
করিয়া থাকি, যদি এ শিক্ষা আমরা কোন
কাজে থাটাইতে পারি, তাহা আমাদের

অবশ্র এই বিদেশা শিক্ষাধিকারের হাত হইতে স্বজাতিকে মুক্তি দিতে হইলে শিক্ষার ভার আমাদের নিজের হাতে লইতে হইবে এবং যাহাতে শিশুকাল হইতে ছেলেরা यतनीय ভাবে, यतनीय अनानीरज, यत्तरभत সহিত হৃদয়মনের যোগরক্ষা করিয়া, স্বদেশের বায়ু ও আলোক প্রবেশের দার উন্মূক্ত রাথিয়া শিক্ষা পাইতে পারে, তাহার জন্ম আমাদিগকে একান্তপ্রয়ন্তে চেষ্টা করিতে ভারতবর্ষ স্থুদীর্ঘকাল ধরিয়া হইবে। প্রকৃতিকে গঠন আমাদের মনের যে করিয়াছে, ভাহাকে নিজের বা পরের ইচ্ছা-মত বিক্বত করিলে, আমরা জগতে নিক্ল. ও লজ্জিত হইব। সেই প্রকৃতিকেই পূর্ণ-পরিণতি দিলে সে অনায়াসেই বিদেশের জিনিষকে আপনার করিয়া লইতে পারিবে এবং আপনার জিনিষ বিদেশকে দান করিতে পারিবে।

এই স্বদেশী প্রণালীর শিক্ষার প্রধান ভিত্তি স্বার্থত্যাগপর ভৃতিনিরপেক্ষ অধ্যয়ন-অধ্যাপনস্বত নিষ্ঠাবানৃ গুরু এবং তাঁহার

অধ্যাপনের প্রধান অবলম্বন ম্বদেশের এক-খানি সম্পূর্ণ 'ইতিহাস। একদিন এইরূপ **७क जामातित तित्र जात्म शास्म जात्म जात्म जार्म जामा** তাঁহাদের জুতামোজা, গাড়িঘোড়া, আস্বাব্-পত্রের প্রয়োজনই ছিল না-নবাব ও নবা-বের অমুকারিগণ তাঁহাদের চারিদিকে নবাবী করিয়া বেড়াইত, ভাহাতে তাঁহাদের দুক্পাত हिल ना, उँ।शास्त्र अंशोवर हिल ना। এখনো আমাদের দেশে সেই সকল গুরুর অভাব নাই। কিন্তু শিক্ষার বিষয় গরিবর্ত্তিত হইয়াছে-এখন ব্যাকরণ, স্থৃতি ও স্থায় कर्रद्वानम् निर्द्वारणद সহায়তা করে না এবং আধুনিক কালের জ্ঞানস্পৃহা মিটাইতে পারে .না। কিন্তু যাঁহারা নৃতন শিক্ষাদানের অধিকারী হইয়াছেন, তাঁহাদের চাল বিগ্ড়াইয়া গেছে; তাঁহাদের বিকৃত হইয়াছে; তাঁহারা অল্লে সম্ভষ্ট নহেন, বিদ্যাদানকে তাঁহারা ধর্মকর্ম বলিয়া জানেন না, বিদ্যাকে তাঁহারা পণ্যদ্রব্য বিদ্যাকে ও হীন করিয়াছেন. নিজেকেও হেয় করিয়াছেন। নব্যশিক্ষিতদের মধ্যে আমাদের সামাজিক উচ্চ আদর্শের এই বিপর্যায়দশা একদিন সংশোধিত হইবে-ইহা আমি হুরাশা বলিয়া গণ্য করি না। আমাদের বৃহৎ-শিক্ষিতমগুলীর মধ্যে ক্রেমে ক্রমে এমন ছই-চারিটি লোক নিশ্চয়ই উঠি-त्वन, याँहाता विकाशित्रविषयिक श्वना कतिशा বিদ্যাদানকে কৌলিক ত্রত বলিয়া গ্রহণ করিবেন। তাঁহারা জীবন্যাত্রার উপকরণ मःकिथ कतिया. विवास विमर्कन निया, দেশের স্থানে স্থানে যে আধুনিক শিক্ষার টোল क्तिर्वन, हेन्ट्लक्ट्रित्र गर्ब्जन ও श्रुनिভात्-

সিটির তৃর্জন বর্জিত দেই সকল টে বিদ্যা স্বাধীনতালাভ করিবে, করিবে। ইংরাজ রাজবণিকের

त्रको भारति सा। तम

করিল। বিশ্বারী বে এ সংসারের
করিল। বিশ্বারী বে এ সংসারের
ক্রেন্দ্রান্ধরি, আশা তাহা লাগে সম্পূর্ণ জানিত
নাজুল অনেকসময় তাহাকে অনাবস্থাক
ক্রেন্দ্রান্ধর সানে করিয়া অবক্রা করিয়াছে;
অনেকসময় বিহারীর প্রতি বিমুখতাব
ক্রেন্দ্রান্ধরে ক্রেন্স্ট গরিস্টুট হইরা উঠিমানেক্রে নেই অমৃতাপের ধিরারে আন্ধ্র বিশ্বারীক ক্রেন্ডি তাহার শ্রহা এবং করণ।
মানুক্রে নাবিত হইরাছে।

ক্ষাক্ষরী কহিলেন—"মেশ্বরৌ, বাম্ন-ক্ষাক্রর কর্ম নর, রারাটা তোমায় নিজে ক্ষোইরা দিতে হইবে—আমাদের এই কার্ক্স ক্ষেত্রে একরাশ বাল নহিলে থাইতে

ক্ষানিক ক্ষানার না ছিলেন বিজ্ঞান প্রান্ত্র নেরে, কুমি নদিয়াকেলার ভদ্র-শ্যানকে বাহাল বল প্রথাত আমার সহ ক্ষানার বিজ্ঞান বল প্রথাত আমার সহ

ক্রিকাশের মানেক পরিহাদ হইল, এবং আক্রিক্সিক পরে মহেন্দ্রদের বাড়ীর বিধাদভার মেন বন্ধু ক্রবা আসিল।

ক্ষিত্ৰ এত কথাবাৰ্ডার নথ্য কোন পক্ষ ক্ষিত্ৰ ক্ষেত্ৰ মহন্তমের নাম উচ্চারণ করিল নাম পূর্বে বিহারীর সক্ষে মন্তেমন কথা লাক্ষাই ভাজনুখীর একসাত্র কথা ছিল ৮ আনাক্ষাক মন্ত্রে নিজে ভাষার স্থাতাকে স্থানক্ষাক মনিয়ান করিয়াকে। আন্তর্জন বিহারী কিছুকণ শনিক্সন্তরে **একিক্স**কহিল, "ভূমি বেমন জানেশ ক**্বিনির্ক্তরে, জ্বানির** তাহাই করিব। তাহার ঠিকানা প্রকর্তনিক জানে ?"

আরপূর্ণ। ঠিক জানে না, শ্বিদ্ধাল লইতে হইবে। বিহারি, লার একটা ক্রেরা বিহারি, লার একটা ক্রেরা বিহারে চান্। বিনোদিনীর হাত হইতে আরহরের বিদি উদার করিতে না পারিস্, তবে ক্রেরার বাহিবে না। তাহার মূধ রেখিয়ের ব্যারিব, তার বৃক্তে মৃত্যবাধ রাজিয়ার হাত

বিহারী মনে মনে জীব হাবি বাশিকা
ভাবিল—"পরকে উন্নার আমি করিতে ক্রেন্ত্রন
ভগনান, আমার উন্নার ক্রেন্ত্রন
কহিল,"বিনোদিনীর ক্রাকরণ রাইছে ক্রিন্ত্রন
বাশের করু মহেন্তহেক ঠেকাইরা ক্রেন্ত্রন
পারিব, এমন মন্ত্র আমি কি ক্রাক্তির ক্রিন্তর্নার
শার বাংমাতে সে চ্নিত্র শার ক্রেন্ত্রনার
পানে, কিন্তু জাবার নোরে ক্রিন্ত্রনার
ক্রেন্ত্রনার মহিল

বালিক কালেক নাজে কালিক কালেক কালেক কালেক কালেক কালেক কালেক কালেক কালিক কালেক কালিক কালেক কালেক

বিহারী আশার সহিত রাজ্যন্তার পথ্য
ও উষধ সহজে আলোচনা করিয়া বথন
আশাকে বিহার করিল, তথন একটি দীর্ঘনিশাস কেলিয়া অরপূর্ণাকে কহিল—"মহেক্রেকে আমি উদ্ধান করিব।"

নিষ্টা নহেন্দ্রের ব্যাক্ত গিরা থবর গাইলক্ত্রে, ভারাদের এলাহাবাদ শাধার বহিত ক্ষেত্রে সর্গিন হইতে লেনাদেনা ভারত ক্ষিত্রাহে।

देशानिक काणिया विद्याणियो अदक्यादा देशानिक हो अदिक किए अपित शांकिएक कालिया विकास परस्त किए अपित के प्राप्त पार्टिक कालिया विकास देशानिक किए विकास विकासिक कालिया विकास विकास

cuts was next with the Office fin मा**ः निरम् गरगातिक**ेशना का विश्वास गटक वर्गमानकत् जिलाहे साल वरिका मरहस्र धोर्क वृथिशाहिमाला नरहरस्य संस्था **अवव** यक्षण्डा, विश्वात-उशक्तक, क्रम সাধারণের কাতে ধনী বলিকা ভারণার शोतर, এक कार्य विस्नाविनीय कारक भावर्वन कतिशक्ति । ता ता ता अवश्वातम् এই ধনসম্পদ, এই সকল আপান ১৩ গৌরবের ঈশরী হইতে পারিত ক্রেক ক্রেনার তাহার মনকে একার উর্বেশিত করিব তুলিরাছিল। আজ বধনা সহেক্তের ভিলম প্রভূষণাভ করিবার সময় হইল, না চাৰিয়াও त्र यथन मटहरक्तत्र । मनक धनमन्त्र किट्सन ভোগে আনিতে পারে, তথন কেনংকেঞ্চল অসহা উপেকার সহিত একার-উছভভাবে কটকর বজাকর দীনতা খীকার করিবা শইতেছে **গ মহেন্দ্রের প্রতি নিজের বিভার**ক নে যথাসন্তব সমূচিত করিরা রা**বিভেঞ্জার**ঃ বে উন্নত্ত মহেন্দ্ৰ বিনোদিনীকে ভাইন যাভাবিক আশ্রর হইতে চিরকীবনের প্রাক্ত চ্যত করিয়াছে, সেই মহেন্দ্রের ৰাজ ক্ষেত্র त्म अमन किंदूरे हारह ना, बारा <mark>अस्तिक अर</mark>े गर्समात्मत्र मृगायत्रम गगा व्हेर्ड निहेन्न मह्दाल परत यथन विस्तालिकी क्रिका कर्यन ভাষার আচরণে বৈধব্যক্তভের কারিকা বিদ अको हिम ना. किस अक्तिन नंदर को আসমাকে কর্ম প্রকার ভোগা হইটে বক্তিত र्गनगरहर अध्यक्त रेग धरूरणा जाते. त्यांका कार्यक गटन कार्यक राज्यक विकास ক্ষানিত হানালবিভাগত সংগ্ৰহ কিবলৈ অধন সৈ এমন তাৰ, আমন আহত, এমন ইন্ন, অমন ভাষণ হইয়া উঠিগাছে বৈ, মহেন্দ্র ভাষাকৈ দামানা একটা কথাও ভাষাক বিয়া বলিতে দাইদ পায় না। মহেন্দ্র আশ্চর্য্য ইইনা, লংখার হইয়া, কুদ্ধ হইয়া কেবলি ভাগিবতে লাগিল, বিনোদিনী আমাকে এত ভৈষার তুলভ ফলের মত এত উচ্চশাথা ইইতে পাড়িয়া লইল, তাহার পরে আগমাত্র না কবিয়া আজ মাটিতে কেলিয়া দিতেছে কেন্দ্র"

^{্রাস্থ} মহৈজ জিজ্ঞান। করিল, "কোপাকার টিকিট করিব বল ?"

"विंद्यां जिसी कहिल, "शिक्तिमितिक त्यथात्न वृत्ति हेले, केला मकात्ल त्यथात्न शांकि वृत्तिकेते, केलियां शिक्ति।"

এমনতর ভ্রমণ মহৈন্দের কাছে লোভনীয়
নহৈ। আরামের ব্যাঘাত তাহার পকে
কটকর। বড় সহরে গিয়া ভালরপ আশ্রয়
না পাইলে মহেন্দের বড় মুদ্দিল। সে
প্রিয়া-পাতিরা করিয়া-কর্মিয়া লইবার
লোক নহে। তাই অভ্যন্ত কুর-বিরক্ত মনে
ক্রেন্দ্রিয়া ভালরত উঠিল। এদিকে মনে
ক্রেন্দ্রিয়া ভ্রহতে লাগিল, পাছে বিনোদিনী
ভাহাকে না জানাইরাই কোথাও নামিয়া

বিনোদিনী এইরপ শনিগ্রহের মত পুরিতে এবং মহেন্দ্রকে ব্রাইতে লাগিল— কোপাও তাহাকে বিশ্রাম দিল না। বিনো-দিনী অতি শীঘ্রই লোককে আপন করিয়া লহতে পারে;—অতি অর সময়ের মধ্যেই শেলাড়ির সহবাজিনীদের সহিত বন্ধ্ব-

CHAIRPER HATE CONT. MES AND অতিৰ গছত এবং বৈখালৈ বাৰ্টিকৈ লোক वात आहे, पुत्रिक्ष पुत्रिक्ष प्रमुणस्थि स्वापक गरेज। महिला विस्तानिनी करिक विक्रम অনাবশ্রকতার প্রতিদিন আপনাকে ইউনার বোধ করিতে লাগিল। টিকিট ক্রিক্টা দেওয়া ছাড়া তাহার কোন কাক কিন বাকি সময়টা ভাহার প্রবৃত্তি ভাহাকে ভাই আপন প্রবৃদ্ধিকে দংশন করি**ডে বাকিউ**। প্রথম-প্রথম কিছুদিন সে বিনোমিনীর বিদ সঙ্গে পথে পথে ফিরিয়াছিল—কিন্ত এতি তাহা অসহ হইয়া উঠিল :--ভৰ্ন মটেন আহারাদি করিয়া चुमाইবার চেটা विक्र वित्नामिनी नम अमिन चुनित्रा अ व्यक्तिका মাত্রেহলালিত মহেলু যে এমন করিয়া পথে বাহির হইয়া পড়িতে পারে তাহাতিকহ কল্পনাও করিতে পারিত না।

একদিন এলাহাবাদ-টেশনে হইজনে
গাড়ির জনা অপেকা করিতেছিল। ক্রিন্দ আকস্মিক কারণে ট্রেন্ আসিডে বিলম্ব হইতেছে। ইতিমধ্যে জনাান্য পাড়ি শত আসিতেছে ও বাইতেছে, বিনোদিনী ভারার বাত্রীদের ভাল করিয়া নিরীকণ করিয়া দেখিতেছে। পশ্চিমে ঘ্রিতে ঘ্রিতে হামি-দিকে চাহিয়া দেখিকে দেখিতে কেন্দ্রীক কাহারো দেখা পাইবে, এই বোধক্ষি ভারার আশা। অন্তত, কম পনির মধ্যে ক্রিকা সারার চেমে এই নিত্যসন্ধানন্ত্রীক এই উন্ত পথের জনকোলাইট্রাক্ষিকা শান্তি আছে।

remediate filmfielle aff repet en व्यक्ति राष्ट्रिकार वरे त्या हे ब्या विद्यान बारसन् बाबाद-व्यक्तादनादक उदयन भाउरा यात्र गार कामायक पता अपनिक हरेशा थाएक। লেটা বাচ্ছে স্বিত একখানি পতের উপরে ভিন্তে ক্রিনা বিচারীর নাম দেখিতে পাইল। विश्वविद्याल नामकि क्यांबाद्रण नव्य-প्रवाद विश्वातीर क विद्यानिनीत मजीह विश्वती. व কথা মলে করিবার কোন হেতু ছিল না--তৰ্ বিহারীয় পুরা নাম দেখিয়া সেই একটি-মাত্র বিচারী চাড়া আর কোন বিহারীর কথা তারার মনে দদেহ হইল না। পতে নিখিত ঠিকানাট সে মুখত করিয়া লইল। অক্তাৰ অপ্ৰসন্নমূপে মহেল্ৰ একটা বেঞ্চের द्धेशंद बनिया हिन. विद्नामिनी म्यादन वानिया कहिन, "किइमिन এनाहारारान्डे থাকিব।"

বিনোদিনী নিজের ইচ্ছামত মহেল্রকে চালাইতেছে, অথচ তাহার কৃষিত অতৃপ্ত লদরকে খোরাকমাত্র দিতেছে না, ইহাতে মহেল্রের পৌরুষাতিমান প্রতিদিন আহত হইলা তাহার হদর বিলোহী হইরা উঠিতেছিল। প্রলাহাবাদে কিছুদিন থাকিয়া জিরাইতে পাইলে সে বাচিয়া নাম—কিন্তু ইন্দার অত্ত্রুল হইলেও বিনোদিনীর খেয়াল-কিন্তু ক্রিকিটা ক্রিকে তাহার মন হঠাৎ বাকিয়া নাম্বাইকিল সে বাস করিয়া কহিল, "বখন বাহির ইনাছি, তথ্য বাইবই । ফিরিতে আইকার ক্রিয়া কহিল, "বখন বাহির ইনাছি, তথ্য বাইবই । ফিরিতে আইকার ক্রিয়া ক্রিয়া ক্রিয়া

विश्वानिकी कहिन, "वाधि बाइंद नात" अवरहत्त्व कहिन, "करंद कृषि अनुंता शाक, ক্ষেত্ৰানিকী কিবিদ্যাল কৰিব। বিক্ৰিকিট্ৰেন্ডিক বিষা বিক্ৰিক্ষাল বা কৰিব। বিক্ৰিক্টেন্ডিক ডাকিয়া টেশন্ হাড়িয়া চলিয়া ইক্ষ

মহেন্দ্র প্রক্রের কর্ত্ত্ব-অধিকার ক্রিয়া অন্ধকার মুখে বেকে বিদিয়া রহিল ক্রেন্দ্র বহন্দ্র বিনাদিনীকে দেখা গেল, ততক্রণ নে ক্রির হইয়া থাকিল। যথন বিনোদিনী এক ক্রিরো পশ্চাতে না ফিরিয়া রাহির হইয়া গেল, জ্বনে সে তাড়াতাড়ি মুটের মাথায় বাক্র-বিদ্ধানা চাপাইয়া তাহার অন্ধরন করিল। বাহিরে আদিয়া দেখিল, বিনোদিনী একথানি গাড়ি অধিকার করিয়া বিদিয়াছে। মহেন্দ্র ক্রেন্দ্র কথা না বলিয়া গাড়ির মাথায় মাল, চাঞ্চাইয়া কোচ্বাক্রে চড়িয়া বিলি। নিজের আহেন্ধার থর্ম করিয়া গাড়ির ভিতরে বিনোদিনীর সম্মুখে বিত্রে তাহার আর মুখ বহিলে নাক্র

কিন্তু গাড়ি ত চলিয়াছেই । এক্সমুক্তী।

ইইয়া গেল, ক্রমে সহরের বাড়ী ছাড়াইকা

চনামাঠ আদিয়া পড়িল । গাড়োকানকৈ

গুল করিতে মহেলের লজ্জা করিতে কার্মিল;
কারণ, পাছে গাড়োরান মনে করে জিজুরকার স্ত্রীলোকটিই কর্তৃপক্ষ, কোথার মাইকুড

ইইবে, তা-ও সে এই অনাবগুক প্রস্কারীর
সঙ্গে পরামণ্ড করে নাই। মহেকুজির

অভিমান মনে মনে পরিপাক ক্রিকা

শুক্ত ভাবে কোচ্বাজে বিদিয়া সহিক্ত

গাড়ি নির্জনে যমুনার ধারে একটি দব্দব্যক্তি বাগানের মধ্যে আদিরা থাছিল। মহেল আশুর্যা হইরা গেল। এই জাহার বাগান, এ বাগানের ঠিকানা বিনোরিনী কেমন করিবা জানিক।

याणी वक दिन। टांकाडांकि कविरंग

বৃদ্ধ রক্ষক বাহির হইরা আসিল। সে কহিল, "ৰাফীওয়ালা ধনী অধিক দূরে থাকেন না— ভাঁহার অনুমতি লইয়া আসিলেই এ বাড়ীতে বাস করিতে দিতে পারি।"

वितानिनी মহেক্সের মুখের দিকে একবার চাহিল। মহেক্স এই মনোরম বাড়ীটি
দেখিয়া লুক হইয়ছিল—দীর্ঘকাল পরে
কিছুদিন স্থিতির সম্ভাবনায় সে প্রফুল হইল
বিনোদিনীকে কহিল, "তবে চল সেই
ধনীর ওথানে যাই, তুমি বাহিরে গাড়িতে
অপেক্ষা করিবে, আমি ভিতরে গিয়া ভাড়া
ঠিক করিয়া আদিব।"

বিনোদিনী কহিল, "আমি আর ঘুরিতে পারিব না—তুমি যাও, আমি ততক্ষণ এখানে বিশ্রাম করি। ভয়ের কোন কারণ দেখিনা।"

মহেক্র গাড়ি লইরা চলিয়া গেল। বিনোদিনী বুড়া বান্ধণকে ডাকিয়া তাহার ছেলেপ্লের কথা জিজাসা করিল—তাহারা কে,
কোথার চাকরি করে, তাহার মেয়েদের
কোথার বিবাহ হইয়াছে? তাহার স্ত্রীর
মৃত্যুসংবাদ শুনিয়া করুণস্বরে কহিল—
"আহা! তোমার ত বড় কট্ট! এই বয়সে
ভূমি সংসারে একলা পড়িয়া গেছ! তোমাকে
দেখিবার কেহ নাই!"

তাহার পরে কথায় কথায় বিনোদিনী জিজ্ঞানা করিল, "বিহারিবাবু এখানে ছিলেন না ?"

্ৰুদ্ধ কহিল, "হাঁ, কিছুদিন ছিলেন ত বটে। মাজি কি তাঁহাকে চেনেন ?"

বিনোদিনী কহিল, "ক্রিনি আমাদের আফ্রীয় হন।"

विनामिनी वृद्धत काट्ड विश्वतीत विवत्ना ও বর্ণনা যাহা পাইল, তাহাতে আর মনে कान मान्द्र दिन ना। तुष्राक निशा बद्र গুলাইয়া বোন্ ঘরে বিহারী শুইড, কোন ঘর তাহার বদিবার ছিল, তাহা সমস্ত জানিয়া লইল। তাহার যাওয়ার পর হইতে ঘরগুলি যে বন্ধ ছিল, ভাহাতে মনে হইল, যেন দেখানে অদৃ**শু বিহারীর সঞ্চার সম্ভ**ুষ্ ভরিয়া জমা হইয়া আছে, হাওয়ায় ধেন তাহা উড়াইয়। লইয়া যাইতে পারে নাই। वितामिनी তাহা चार्यंत्र मस्य इतम शृव করিয়া গ্রহণ করিল, স্তব্ধ বাতাসে সর্বাঙ্গে ম্পূৰ্ণ করিল। কিন্তু বিহারী যে কোণায় গেছে, मে मकान পাওয়া গেল না। হয় ত সে কিরিতেও পারে,—ম্পষ্ট কিছুই জান। নাই। বুদ্ধ তাহার প্রভুকে জিজ্ঞাদা করিয়া আসিয়া বলিবে, বিনোদিনীকে এরূপ আশাস मिल।

আগাম ভাড়। দিয়া বাসের অনুমতি লইয়ামহেক্র ফিরিয়া আসিল।

(**@ ?**)

হিমালয়শিথর যে যমুনাকে তুষারক্রত অক্ষয় জলধারা দিতেছে, কতকালের করির। মিলিয়া সেই যমুনার মধ্যে যে করিছলোক্ত ঢালিয়াছে, তাহাও অক্ষয়। ইহার কলধানির মধ্যে কত বিচিত্র ছন্দ ধ্বনিত এবং ইহার তরঙ্গলীলায় কতকালের প্লকোচ্চুদিত ভাবাবেগ উদ্বেলিত হইয়া উঠিতেছে!

প্রদোষে সেই যমুনাতীরে মহেক্স আদিরা যথন বদিল, তথন ঘনীভূত প্রেমের আবেশ তাহার দৃষ্টিতে, তাহার নিধানে, তাহার শিরায়, তাহার অস্থিগুলির মধ্যে প্রাপায় মোহরদপ্রবাহু দক্ষার করিয়া দিল। আকাশে দুর্ঘান্তকিরণের স্বর্ণবীণা বেদনার মৃচ্ছনায় অলোকশ্রুত দঙ্গীতে ঝঙ্কত হইরা উঠিল।

বিস্তীর্ণ-নির্জ্জন বালুতটে বিচিত্র বর্ণ-চ্ছটার দিন ধীরে ধীরে অবসান হইরা গেল। মহেক্স চক্ষ্ অদ্ধেক মুদ্রিত করিয়া কাব্যলোক হইতে গো-খুর-ধূলিজালের মধ্যে বুন্দাবনের ধেকুদের গোঠে প্রত্যাবর্ত্তনের হাম্বারব গুনিতে পাইল।

বর্ধার মেবে আকাশ আচ্চন হইয়া আদিল। অপরিচিত স্থানের অন্ধনার কেবল ক্ষেবর্ণের আবরণনাত্র নহে, তাহা বিচিত্র রহদ্যে পরিপূর্ণ। তাহার মধ্য দিয়া যেটুকু আভা—যেটুকু আকৃতি দেখিতে পাওয়া যায়, তাহা অজ্ঞাত-অফুচ্চারিত ভাষায় কণা কহে। পরপারবর্ত্তী বালুকার অফুট পাওরতা, নিস্তরঙ্গ জলের মসীকৃষ্ণ কালিমা, বাগানে বনপল্লব বিশ্ল নিম্বর্ক্ষের পুঞ্জীভূত স্তন্ধতা, তরুহীন ল্লান-ধুসর তটের বন্ধিমরেথা, সমস্ত সেই আযাত্দন্ধ্যার অন্ধনারে বিবিধ অনিদ্ধিত অপরিকৃতি আকারে মিলিত হইয়া নহেন্দ্রকে চারিদিকে বেইন করিয়া ধরিল।

পদাবলীর বর্ষাভিসার মহেন্দ্রের মনে
পড়িল। অভিদারিকা বাহির হইরাছে।

যমুনার ঐ তটপ্রাস্তে সে একাকিনী আসিরা

দাঁড়াইরাছে। পার হইবে কেমন করিরা ?

"ওগো পার কর গো পার কর"—মহেন্দ্রের
ব্কের মধ্যে এই ডাক আসিরা পৌছিতেছে

—"ওগো পার কর!"

নদীর পরপারে অন্ধকারে সেই অভি-সারিণী বহদ্দে—ভব্ মহেক্স তাহাকে স্পষ্ট দেখিতে পাইল। তাহার কালানাই, তাহার বন্ধস নাই, সে চিরস্কন গোপবালা—কিন্তু
তবুমহেক্ত ভাহাকে চিনিল—সে এই বিনোদিনী। সমস্ত বিরহ, সমস্ত বেদনা, সমস্ত
যৌবনভার লইয়া তথনকার কাল হইতে সে
অভিসারে যাত্রা করিয়া, কত গান, কত
ছলের মধ্য দিয়া, এথনকার কালের তীরে
আসিয়া উত্তীর্ণ হইয়াছে;—আজিকার এই
জনহীন যমুনাতটের উপরকার আকাশে
তাহারই কঠসর ভনা যাইতেছে—"ওগো পার
কর গো"—থেয়া নৌকার জন্ত সে এই অন্ধকারে আর কতকাল এমন একলা দাঁড়াইয়া
থাকিবে—ওগো পার কর!

মেঘের এক প্রান্ত অপসারিত হইয়া ক্লঞ্চলকর তৃতীয়ার চাঁদ দেখা দিল। জ্যোৎসার মায়াময়ে সেই নদী ও নদীতীর, সেই আকাশ ও আকাশের সীমান্ত পৃথিবীর অনেক বাহিরে চলিয়া গেল। মর্জোর কোন বন্ধন রহিল না। কালের সমস্ত ধারাবাহিকতা ছিঁজিয়া গেল—অতীতকালের সমস্ত ইতিহাস লুপ্ত, ভবিষাৎকালের সমস্ত ফলাফল অস্তহিত — শুধু এই রজ্বধারাপ্লাবিত বর্ত্তমানটুকু ষমুনা ও ষমুনাতটের মধ্যে মহেক্র ও বিনোদিনীকে লইয়া বিশ্ববিধানের বাহিরে চিরস্থায়ী।

মহেক্স মাতাল হইয়া উঠিল। বিনোদিনী যে তাহাকে প্রত্যাখ্যান করিবে, জ্যোৎস্নারাত্রির এই নির্জ্জন স্বর্গথগুকে লক্ষীরূপে সম্পূর্ণ করিয়া তুলিবে না, ইহা সে
কর্মনা করিতে পারিল না। তৎক্ষণাৎ
উঠিয়া সে বিনোদিনীকে খুঁজিতে বাড়ীর
দিকে চলিয়াগেল।

শরনগৃহে আদিয়া দেখিল, ঘর যুক্ত গকে পূর্ণ। উন্মুক্ত জান্লা-দরজা দিয়া বেরীবনার আলো তল বিহালার ত্বর আলিয়া পঞ্জিছে। বিনাদিনী বাসান হইতে ক্ল তুলিয়া মালা গাঁথিয়া বোঁপায় পরিয়াছে, গলায় পরিয়াছে, কটিতে বাঁথি-য়াছে,—ফুলে ভূষিত হইয়া সে বসস্তকালের পুশভারলুটিত লতাটির ভার জ্যোৎসায় বিহানার উপরে পভিয়া আছে।

শংহাজের মোহ বিগুণ হইয়। উঠিল। সে অবক্ল কঠে বলিয়া উঠিল—"বিনোদ, আমি বস্পার ধারে অপেকা করিয়া বদিয়া ছিলাম, ছুকিংকা এথানে অপেকা করিয়া আছ, আকা-শের চাঁদ আমাকে সেই সংবাদ দিল, তাই আমি: চলিয়া আদিলাম।"

আই কথা বলিয়া মহেল বিছানায় বসিকার ভালা অগ্রসর হইল। বিনোদিনী
ভালাভালি চকিত ইইয়া উঠিয়া দকিণবাছ
প্রসারিত করিয়া কহিল—"বাও, বাও, তুমি
ভালায় বসিয়ো না।"

ভরাপালের নৌকা চড়ায় ঠেকিয়া গেল—
মহেক্স স্কৃতিত হইয়া দাঁড়াইল। অনেককণ
ভাহার মুখ দিয়া কথা বাহির হইল না! পাছে
মহেক্স নিষেধ না মানে, এইজন্ম বিনোদিনী
শ্যা ছাড়িয়া উঠিয়া আসিয়া দাঁড়াইল।

মাৰিয়াছ ? কাহার জন্য অপেকা করি-তেই ?"

ৰ বিনোদিনী আপনার বুক চাপিয়া ধরিয়া ক্রিন, "বাহার জন্য সাজিয়াছি, সে আমার ক্ষেত্রের ভিতরে আছে।"

মহেজ কহিল—"সে কে ? সে বিহারী ?"

বিলোদিনী কহিল—"তাহার নাম তুমি
মুখে উচ্চারণ করিলো না!"

বিনোদিনী। ভাহারই জন্ম কুলি ক্রিনার কর্মনার হউক্, জানিবই!

মহেক্র। কোনমতেই জানিতে ক্লিক জা।
বিনোদিনী। না যদি জানিতে ক্লিক জা
আমার স্থান হইতে তাহাকে ক্লোকমতেই
বাহির করিতে পারিবে না।

এই বলিয়া বিনোদিনী চোথ বুলিয়া আপনার হৃদয়ের মধ্যে বিহারীকে এক্রার অন্তত্তব করিয়া লইল।

নহেল সেই পূজাতরণা বিরহবিশ্ব
দৃত্তি বিনোদিনীর দারা একই কালে একলবেগে আক্ট ও প্রত্যাধ্যাত হইরা ক্রিল

তীষণ হইরা উঠিল—মৃষ্টি বদ্ধ করিরা ক্রিলি,

ছিরি দিয়া কাটিয়া তোমার ব্রেক্স ভিতর

হইতে তাহাকে বাহির করিব !

বিনোদিনী অবিচলিতসুবে ক্রিক্সি, "তোমার ভালবাদার চেরে ভোমার ভালবাদার চেরে ভোমার ক্রিক্সিক্সিনার ক্রিক্সিনার ক্রিক্

বিনোদিনী। তুমি আমার ক্ষাত আছে। তোমার নিজের কাছ হইতে তুমি আমান রক্ষা করিবে।

মহেন্দ্র এইটুকু প্রকা, এইটুকু শ্রেন্দ্র এইনে বাকি আছে। শ্বিনেক্তিনীপক ডাল্ডিনা হইলে আমি আত্মহত্যা করিয়া মরিতাম, ডোমার সঙ্গে বাহির হইতাম না

মহেকা। কেন মরিলে 'না—এটুকু বিখাসের ফাঁসি আমার গলার জড়াইর। আমাকে দেশদেশাস্তরে টানিয়া মারিতেছ কেন? তুমি মরিলে কত মঙ্গল হইত জাবিয়া দেখ!

বিনোদিনী। তাহা জানি, কিন্তু যতদিন বিধারীর আশা আছে, ততদিন আমি মরিতে পারিব না।

मरहत्तः। यञ्चित जूमि ना मतिर्द, जञ्जित आमात প্রজাশাও মরিবে না— আমিও নিক্কৃতি পাইব না। আমি আজ হইতে ভগবানের কাছে সর্বাস্তঃকরণে তোমার মৃত্যাকামনা করি। তুমি আমারও হইয়ো না, তুমি বিহারীরও হইয়ো না! তুমি যাও! আমারে ছাট লাও! আমার মা কাঁলিতেছেন, আমার স্ত্রা কাঁলিতেছেন, আমার স্ত্রা কাঁলিতেছেন, তুমি আমার এবং পৃথিবীর সকলের আশার অতীত না হইলে, আমি তাহাদের চোথের জল মুছাইবার অবসর পাইব না!

এই বলিয়া মহেক্র ছুটয়া বাহির হইয়া
গেল। বিনোদিনী একলা পড়িয়া আপনার
চারিদিকে বে মোহজাল রচনা করিতেছিল,
তাহা সমস্ত ছিঁড়িয়া দিয়া গেল। চুপ
করিয়া দাঁড়াইয়া বিনোদিনী বাহিরের দিকে
চাহিয়া রহিল—আকাশভরা জ্যোৎয়া শ্না
করিয়া দিয়া তাহার দমস্ত স্থাবঁদ কোথায়
উবিয়া গেছে। দেই কেয়ারি-করা বাগান,

ভাহার পরে বাল্কাজীর, তাহার পরে নদীর কালো জল, ভাহার পরে ওপারের অফুটতা— সমস্তই যেন একথানা বড় শাদা কাগজের উপরে পেন্সিলে-আঁকা একটি চিত্রমাত্র,— সমস্তই নীরস এবং নির্থক।

মহেক্রকে বিনোদিনী কিরূপ প্রবলবেগে আকর্ষণ করিয়াছে, প্রচণ্ড ঝড়ের মত কিরূপ সমস্ত-শিকড়-মুদ্ধ তাহাকে উৎপাটিত করি-য়াছে, আজ তাহা অনুভব করিয়া তাহার क्षत्र बारता राम बनाय स्टेश डेठिंग। ভাহার ত এই সমস্ত-শক্তিই রহিয়াছে, তবে কেন বিহারী পূর্ণিমার রাত্রির উদ্বেশিত সমুদ্রের ন্যায় তাহার সমুথে আসিয়া ভাঙিয়া পড়ে না ৷ কেন একটা অনাবশাক ভালবাসার প্রবল অভিঘাত প্রত্যুহ তাহার ধ্যানের মধ্যে আসিয়া কাঁদিয়া পড়িতেছে ?—আর-একটা আগন্তুক রোদন বারংবার আসিয়া ভাহার অন্তরের রোদনকে কেন পরিপূর্ণ অবকাশ দিতেছে না এই যে একটা প্রকাণ্ড व्यात्नानगरक त्र जाशाहेश जुनिशाह. ইহাকে नहेश সমন্ত জীবন সে কি করিবে ? এথন ইহাকে শান্ত করিবে কি উপায়ে ?

আজ বে সম ও কুলের মালার সে নিজেকে ভূষিত করিয়াছিল, তাহার উপরে মহেল্রের মুগ্ধদৃষ্টি পড়িয়াছিল জানিয়া সমস্ত টানিয়া ছিঁড়িয়া ফেলিল। তাহার সমস্ত শক্তি-বৃগা, চেটা বৃগা, জীবন বৃগা—এই কানন, এই জ্যোৎয়া, এই যমুনাতট, এই অপুর্বস্থার পৃথিবী, সমস্তই বৃথা!

এত ব্যৰ্থতা, তবু যে থেখানে, সে সেথা-নেই দাঁড়াইয়া আছে — জগতে কিছুরই লেশ-মাত্র ব্যত্যয় হয় নাই। তবু কাল স্থা উঠিবে এবং সংসার তাহার ক্ষুত্তম কাজটুকু পর্যান্ত ভূলিবে না—এবং অবিচলিত
বিহারী যেমন দূরে ছিল, তেমনি দূরে
থাকিয়া ব্রাহ্মণবালককে তাহার বোধোদয়ের
নৃত্তন পাঠ অভ্যাস করাইবে!

বিনোদিনীর চোথ ফাটিয়া অঞ্চ বাহির হইয়া পড়িল। সে তাহার সমন্ত বল ও আকাজ্জা লইয়া কোন্ পাথরকে ঠেলিডেছে! তাহার হৃদয় রক্তে ভাসিয়া গেল, কিন্তু তাহার অদৃষ্ট স্চ্যগ্রপরিমাণ সরিয়া বসিল না।

ক্রমশ।

यवन।

বঙ্গসাহিত্যে "ব্বন"শব্দের যথেষ্ট ব্যবহার দেখিতে পাওয়া যায়। তাহা, বহুদিন হইল, গচ্ছে-পচ্ছে প্রচলিত হইয়াছে। তৎপুর্বে সংস্কৃতসাহিত্যেও "ব্বন"শব্দ স্থপরিচিত ছিল। বঙ্গসাহিত্যে ব্যবহৃত "ব্বন"শব্দের ফর্গ—মোদলমান। যথাঃ—

্একতার হিন্দু রাজগণ, স্থপেতে ছিলেন সর্বজন; ্য ভাব পাকিত যদি, পার হ'য়ে সিক্ষনদী, আসিতে কি পারিত যবন গ''

সংস্কৃতসাহিত্যে এই অর্থ প্রচলিত ছিল বলিয়া বাধ হয় না। মোসলমানধর্মের অভ্যাদয়ের বহুপুর্বের্ব সংস্কৃতসাহিত্যে "য়বন"-শক্ষ প্রচলিত হইয়াছিল। তথন তাহা অবশুই মোসলমানকে স্চিত করিত না। তজ্জয় কোন কোন ইউরোপীয় পণ্ডিত অমুনান করেন,—সংস্কৃতসাহিত্যে ব্যবহৃত "য়বন"শক্ষের অর্থ "গ্রীক্"। ইহাও সঙ্গত বলিয়া বোধ হয় না। কারণ, ভারতবর্ষের লোকে গ্রীক্লাতির পরিচয় প্রাপ্ত হইবার

পূর্বেও, সংস্কৃতগাহিত্যে "যবন"শন্ধ প্রান্ধণ লাভ করিয়াছিল। স্কৃতরাং "ধবন"শন্ধ কোন্ সময়ে কোন্ অর্থে ব্যবহৃত হইজ, তাহার আলোচনা আবশুক। একদা স্পুণিঙ্ভি ডাক্তার রাজেক্রলাল মিত্র মন্ত্রিই আলোচনায় হস্তক্ষেপ করিয়া, সংস্থিনী ই ব্যবহৃত "যবন"শন্ধের অর্থ যে "গ্রীক্" নহে, তাহা বিশদরূপে ব্যাথ্যা করিয়াছিলেন।

"যবন"শকের বর্ণবিত্যাস কি,— তাহা লইয়াও এক সময়ে বিলক্ষণ তর্কবিতর্ক প্রচলিত হইয়াছিল। স্মার্ক্তশিরোমণি মহানহোপাধ্যায় রঘুনন্দন ভট্টাচার্য্য গতিবোধক 'জু'ধাতু হইতে 'জবন"শকের ব্যুৎপত্তি নির্দেশ করিয়া, বর্গীয় 'জ' প্রয়োগের ব্যবস্থা প্রদান করিয়াছিলেন। † তথন মোসলমান গৌড়ের বাদশাহ; নবদ্বীপ মোসলমান কাজির অধীন। স্কৃতরাং সহজেই মোসলমান বাম 'জবন' হইয়া গিয়াছিল। মোসলমান এই নামে পরিচিত হইতে নিভাস্ত

^{*} Indo-Aryans, Vol. 11.

[া] ধৰনশব্দতক্ষেশোদ্ভববাচী চবৰ্গভৃতীয়াদিরিতি প্রায়শ্চিন্তভ্রে

অসমত; তুজ্জন্ত বঙ্গগহিত্যের বছগছ নোগলমানের নিকট তিরস্কত! তাঁহারা না জানিয়া, "যবন"শব্দে অবমাননা বোধ করেন; হিন্দু লেথকবর্গও না বুঝিয়া, মোঁসলমানের স্বনে "যবন"শব্দ আরোপ করিয়া, এক অকারণ কলহবীজ সঞ্চিত করিয়া থাকেন!

বঙ্গনাহিত্যের "যবন"শক জাতি বা ধর্ম্ম বাচক। পুরাতন সংস্কৃতসাহিত্যের "যবন"শক জনপদবাচক। ডাক্টার রাজেন্দ্র-লাল এই জনপদবাচক পুরাতন অর্থের উল্লেখ করিয়াও, "যু মিশ্রণেহস্মাৎ অধিকরণে অন্ট্" এই স্ব্রান্থসারে, "যৌতি মিশ্রয়তি বা মিশ্রীভবতি, সর্ব্বত্র জাতিভেদাভাবাৎ ইতি যবন:"— এই ব্যাথ্যা লিপিবদ্ধ করায়, সংস্কৃতসাহিত্যের "যবন"শক্ষও জাতিবাচক-রূপে প্রতিভাত হইয়াছে। অতি পুরাকালে এইরূপ বৃৎপত্তি প্রচলিত থাকিলেও, জাতিবাচক অর্থ প্রচলিত থাকি করা

কোন্ সময়ে কিরূপ অর্থ প্রচলিত ছিল, তাহার তথানির্ণয় করিতে হইলে, কোন্ সময়ে "ধ্বন"শব্দ সংস্কৃতসাহিত্যে প্রবেশ-লাভ করে,-তাহার আলোচনা করা আব-সে আলোচনায় "যবন"শব্দের প্রাচীনত্বের সীমানির্দেশ করিবার সম্ভাবনা বিশ্ববিখ্যাত নাই। পাণিনির ব্যাকরণে "যব**ন"শব্দের উল্লেখ প্রাপ্ত হওয়া যা**য়। তংপুর্বে ইহা সংস্কৃতসাহিত্যে স্পরিচিত ছিল। কিন্তু পাণিনি কোন্ সময়ে প্রাহ্ছুতি হন, তাহাতে নানা মৃতভেদ দেখিতে পাওয়া যায়। এ বিষয়ে ইউরোপীয়

পণ্ডিতবৰ্গ ছুই দলে বিভক্ত;--এক দল শাক্যোত্তরকালবাদী; অপর দল শাক্যপূর্ব-कान्वानी । भारकाांखतकां नवानिशन भानिनि-স্থত্তের ব্যাখ্যা ও উদাহরণে বৌদ্ধমত ও চক্রপ্তপ্তের নামের সন্ধান প্রাপ্ত হইয়া, শাক্যোত্তরকালবতী মগধেশ্বর চক্রগুপ্তের শাসনসময়ে পাণিনির আবিভাবকাল নির্দেশ করিয়া থাকেন। আচার্য্য গোল্ড্ট্রকর্ ও ও মোক্ষমূলর উভয়েই এই মত থগুন করিয়া পাণিনিকে শাক্যাবিভাবের পূর্ব্বকালবর্ত্তী গ্রন্থকার বলিয়া সিদ্ধান্ত করিয়া গিয়াছেন। প্রভেদ এই যে,—মোক্ষমূলরের মতে, পাণিনি খৃষ্টপূর্বে ষষ্ঠ শতাকীর গ্রন্থকার; গোল্ড্-ষ্টুকরের মতে তিনি খৃষ্টপূর্ব একাদশ শতাকীর গ্রন্থকার। ইহার কোন সময়েই গ্রীক্জাতির সহিত ভারতবর্ষের সাক্ষাৎসম্বন্ধ পরিচয় সংস্থাপিত হয় নাই। তবে পাণিনি-"যবন"শক কাহাকে স্থচিত ব্যাকরণোক্ত করিত গ

জনপদবাচক শব্দশাসনের জন্য পাণিনি যে সকল স্ত্র রচনা করেন, তন্মধ্যে "কম্বোজানুক্" * একটি স্থবিখ্যাত স্ত্র। বৃত্তিকার বলেন, "কম্বোজাৎ" বলিতে "কম্বোজাদিত্যঃ" বৃথিতে হইবে;—অর্থাৎ কম্বোজ,
চোল, কেরল, শক ও যবন পর্যান্ত গ্রহণ
করিতে হইবে। এই সকল জনপদ ক্ষত্রিয়জনপদ বলিয়া তৎকালে পরিচিত ছিল।
স্থতরাং তথনও "যবন"শন্দ জাতিবাচক না
হইয়া, ক্ষত্রিয়জনপদবাচক বলিয়াই পরিচিত
ছিল। এই জনপদ কোথায় ছিল, পাণিনিস্ত্রে, কাত্যায়নবার্ত্তিকে বা পাতঞ্জল-

মহাতায়ে তাহার কোন স্পষ্ট উল্লেখ না থাকিলেও, স্থাননির্দেশের উপযোগী কিছু কিছু আভাদ প্রাপ্ত হওয়া যায়। পাণিনিহতেই এরপ আভাদ প্রদত্ত হইয়াছে। "ইক্রবরুণ-**ভৰণর্কক্রমূড়হি**মারণ্যধ্বধ্বন্মা তুলাচার্য্যাণা-মাতুক"∗—এই স্বত্ৰে পাণিনি "गरन"-শব্দের একটি বিশেষ প্রয়োগ প্রদর্শন করিয়া-ছেন। এই সূত্র স্ত্রীপ্রত্যয়-প্রকরণের অন্ত-ৰ্গত। ইহাতে তুইটি বিশেষ ঐতিহাসিক তথা প্রচ্ছন্নভাবে বর্ত্তমান আছে। প্রথম ছয়টি मः **कत्र छोलिट**क हेळांनी, वक्र नानी, ভवानी, শর্কাণী, রুদ্রাণী ও মূড়ানী হয়। হিমসংহতি व। महर हिम ७ महर अवना वृक्षाहरत, रिभानी 3 अवशानी रहा। इहे यन त्याहरन यवानी इग्न। यवनिष्ठात लिशि वृत्राहेत्ल, यवनानी इत्र। माजून गरकत खीलाक माजूनी शांक्नानी इत्र। आठाशियको त्याहित्न, आंठार्गानी रय: यिनि श्रयः অधापना करतन, अभन अक्षािशिक। तुकाहरल, आंठावा। इय। यवमण्यात क्षीलिएक यवमी-श्रम निष्पत इट्या थारक: त्कवन निशि व्याहेतन, यवनानी इत्र। শ্বতরাং দেই জনপদের নাম "ঘবন", যেথানে "ধ্বনানী"লিপি নামে পাণিনির সময়ে পুৰক লিপি বৰ্ত্তমান ছিল। পাণিনি শাক্যা-विकारित शृक्षकानवर्जी इहान, उदकारन গ্রী। দদেশে কোন লিপি প্রচলিত ছিল না; ভারতবর্ষ ও মধ্য-এসিয়ায় লিপি প্রচলিত **ছিল। স্বতরাং** "ববন"জনপদ ভারতের

পশ্চিমসীমাসংগম থাকার ক্রিক্ট্র ্ছ ওয়া যায়। পাণিনি গান্ধাৰের সমূহৰ্ শালাতুরার অধিবাসী **हिट्यम**ः তাঁহার এক নাম,—শালাতুরীয়া জিনি তজ্জ্য পাঞ্চালকেও প্রাচাদেশ বলিয়া বর্ণনা গিয়াছেন। তাঁহার জ্বাভূমির পশ্চিমে—মধ্য-এদিয়ায়—তৎকালে বে লিপি প্রচলিত ছিল, তাহার সহিত পাণিনির পরি-চয় থাকা সম্ভব। তাহা যে ভারতীয় বান্ধী লিপি হইতে পৃথক, "ঘবনানী লিপি" বুলায় সে পার্থকা হচিত হইয়াছে। যে জনপদে এই লিপি প্রচলিত ছিল, সে কোন্জনপূদু? প্রদক্ষক্রমে সে জনপদনিবাসিগণের একটি অন্ত্রসাধারণ কৌতুকাবহ লোক্বাবহারের পরিচয় পাণিনিব্যাকরণেই প্রাপ্ত হওয়। য়য়। তাহারা শয়ন করিয়া ভোজন করিত। স্থতরাং পাণিনির সময়ে (১) শয়ন করিয়: ভোজন করিত, (·) ব্রনানী নামে পৃথক্ লিপি ব্যবহার করিত,—এইরপ কোন একটি ক্ষতিয়ন্তনপদের নাম "বৰন্" বলিয়া পরিচিত ছিল। তাহা যে তৎকালে ফ্লেচ্ছদেশ বা মেছগাতির আবাসভূমি বলিয়া নিশিত হইয়াছিল, পাণিনিব্যাকরণে এরপ ুকোন পরিচয় প্রাপ্ত হওয়া যায় না। উত্তরকালে এই "ববন"জনপদ অস্তান্ত ক্ষেক্টি জুন পদের ভাষ, ক্রমে ক্রমে স্বাচারবিচ্যুত হইরা, মেচ্ছত্বপ্রাপ্ত হয়। মহুসংহিতায় জাহার আভাদ প্রাপ্ত হওরা যার। যথা:-

^{* 815182}

[া] পাণিনির ''লক্ষণহেকোঃ কিয়ায়াঃ" স্থানের (এ২।১২৬) ব্যাখ্যায় ''শয়ানা ভূ**ঞ্তে যবনাঞ্চ বিজ্ঞাক টি** উলাহরণ প্রদত্ত হইয়াছে ! তত্ত্বোধিনীনামী সিন্ধান্তকোমুদীটাকার এই উদাহরণের ব্যাখ্যার, ''জত শয়নং লক্ষণং চিহ্নং ব্যনকর্ত্কভোজনতা, নতু ফলং নাগি করণমিতি"—এইন্ধপালিখিত আছে ৷

ভাষাকরি মেধাতিথি বলেন, পৌ প্রকাদি
শব্দ প্রমার্থত জনপদবাচক। কুলুক
ভট্ট বলেন, এই সকল ক্ষতিয়জাতি শনৈঃ
শনৈঃ শুর্জা প্রাপ্ত হইবার পুর্বের, "ঘবন"
এই পরিবর্ত্তন সংঘটিত হইবার পুর্বের, "ঘবন"
যে বিশুদ্ধ ক্ষত্রিয়জনপদ ছিল, তাহাতে
সন্দেহ নাই। পাণিনিব্যাকরণে সেই
অবস্থাই স্থাচিত হয়, মনুসংহিতালোকে
ক্রমে ক্রমে শুদ্রতাপ্রাপ্তির পরিচয় প্রকাশিত
হয়। যাহারা এইরূপে শুদ্রতাপ্রাপ্ত হইয়াছিল, তাহারা "মেচ্ছ" ও "দহ্মা" নামে ও
পরিচিত হইয়াছিল। যথাঃ —

"মুখনাহুরূপজ্জানাং যা লোকে জাতয়ো বহিং। মেচ্ছবাচ-চার্যাবাচঃ সর্বের তে সম্প্রবাচ-চার্যাবাচঃ সংব

बन्भनवां क्र "यवन" भक এইরূপে জিয়ালোপে ক্রমে ক্রমে শ্লেচ্চারী অধি-वामिवर्ल पूर्व इहेग्रा, आइएनम विवास পরিচিত हरेंग्राहिन; "यतन" नच ७ करम ক্রমে জনপদবাচক হইয়াও, জাতিবাচক হইয়া উঠিয়াছিল। তথাপি সমগ্র শ্লেক্ত-জাতিকৈই "ধ্বন" বলিত না; তথনও বিশেষ জনপদের অধিবাসিবর্গের জন্মই "ঘবন"শদ बादश्र इहेछ। भारकाछित्रकारन वर्ष है जोहिन इहेग्राहिन विनम्ना (वाध इम। কাৰণ, অশোকশিলালিপিতে ধে **ক্লেডরাজের** নাম উল্লিখিত আছে, তন্মধ্যে ক্ৰেল আন্তিয়োকো "যোন কাল" অৰ্থাৎ বেনৰ কে বিলাগ কৰিত। তাঁহার রাজ্য কোথায় ছিল, তাঁহা নির্ণয় করিতে পারিলেই, "যবন"জনপদের সন্ধানলাভ করা সম্ভব। গান্ধারের পশ্চিম হইতে ভূমধাসাগরের পূর্ব্ব পর্যান্ত আভিযোকোদের রাজ্য বিস্তৃতিলাভ করিয়াছিল। স্থতরাং প্রাতন পার্দীকরাজ্যই যবনজনপদ বলিয়া প্রতিপন্ন হয়। মহাকবি কালিদাদের রত্বংশে তাহা আরও স্থাক্ত হইনাছে। যথা:—

"পারদীকাংস্ততো জেতুং প্রতন্তে স্থলবন্ধ না। ইন্দ্রিয়াপ্যানিব রিপুংস্তক্ত্তানেন সংযমী॥ নবনীমুপপদ্মানাং সেহে মধ্যদং ন সঃ। বালাতপ্রিবাভানামক,লজ্বদোদেরঃ।"

এথানে কালিদাস পারসীকরমণীগণকে "বননী" বলিরা বর্ণনা করিয়াছেন। এই
নবনীর উল্লেখ কালিদাসের অভিজ্ঞান-শক্স্তলেও প্রাপ্ত হওয়া খাঁয়। মৃগয়াশীল ছক্ষন্ত
বলপুশ্সালাধারি-যবনীগণ-পরিবেটিত হইয়া
দিতীয়াকে রক্ষপ্রবেশ করিয়াছেন। ভাজ্ঞার
রাজেল্রলাল নানা কৃটতর্কে পরির্ভ হইয়া,
ইউরোপীয়-মত-খণ্ডনার্থ লিখিয়া গিয়াছেন,
— "বোধ হয় এন্থলে তাতার বা বক্তিয়া
দেশের রমণী উল্লিখিত হইয়াছে।" ইহা
অন্থ্যান্যাত্র। শকুন্তলায় উল্লিখিত যবনীকে
পারসীকরমণী বলিয়া গ্রহণ করিলেই,
রঘুবংশের উক্তির সহিত শকুন্তলার উক্তির
সামঞ্জন্ত রক্ষিত হয়।

প্রথমে "যবন"শব্দ জনপদবাচক হইলেও,
ক্রমে জাতিবাচক হইয়া পড়িয়াছিল।
তথন যবনজাতি নানাশাথার বিভক্ত হইয়া,
সমগ্র মধ্য-এপিয়ায় রাজ্যবিস্তার করিয়া,

পরাক্রান্ত জাতি বলিয়া পরিগণিত হইয়াছিল। তাহাদের কোন কোন শাথা বাহবলে ভারতবর্ষেও রাজ্যবিস্তারের চেটা
করিয়াছিল; এবং খুটাবির্ভাবের অত্যলকাল পূর্কে কিয়দিবসের জন্ত সে চেটা
সফল হইয়া কাশ্মীর, পাঞ্চাল, মথুরা, অযোধ্যা
ও বারাণসা পর্যন্ত ষবনাধিকার সম্প্রসারিত
করিয়াছিল। কবি কহলণ এই নরপালকে
'তুরুজারয়সভূত" বলিয়া বর্ণনা করিয়া
গিয়াছেন। পাতঞ্জল-মহাভাষের এই ব্রনাভিযানের একটি উদাহরণ প্রাপ্ত হওয়া
যায়। যথাঃ—

"অরুণৎ ব্বনঃ সাকেত্য্। অরুণ্ৎ য্বনে। মাধ্যমিকান্।"* শাক্যাবিভাবের চারিশত বংসর পরে. नागार्ज्यननागरधय वोकाठाया মাধাসিক-দলের স্ষষ্ট করিয়াছিলেন। তথন রাজ-তরঙ্গিণীর মতে কণিষ্ক কাশ্মীরাধিপতি रहेरलंड, नांशार्क्क्न এवः गांधामिकन्गरे প্রবল হইয়া রাজ্যমধ্যে রাজক্ষমতা পরি-এই মাধ্যমিকদলের বা চালনা করিত। অযোধ্যার যবনাবরোধ অন্ত কোন ঐতিহাসিক ঘটনার সহিত স্থাসত হয় না। স্তরাং रेशां जूककरः नीय यवनाक्रमण विवास গ্রহণ করিলেও, তদ্যারা আমাদিগের সিদ্ধান্ত থণ্ডিত হয় না। পাণিনির "অন্ভতনে লঙ্" নামক স্থতের । ব্যাখ্যায় বৃত্তিকার "পরোকে চ লোকবিজ্ঞাতে কাত্যায়ন व्ययाक मंनिविषया नड् वक्त वाः" निविशा-ছেন। ভাষ্যকার পতঞ্জলি তাহার উদাহরণ-अक्र यवनावदद्वारधत छेटल्लथ कतिहार हन।

তিনি তৎসমকালে বর্ত্তমান ছিলেন; যবনাব, রোধ দেখিলেও দেখিতে পারিতেন। এই
উদাহরনোক্ত "যবন"শন্ধ জনপদবাচক হইতে
পারে না ; ইহাকে জনপদনিবানি বা জাতি
বাচক বলিয়াই গ্রহণ করিতে হয়। এই
ঐতিহাসিক ঘটনা খুষ্টাবির্ভাবের প্রায়
সমকালবর্ত্তী:—দ্বিসহস্র বৎসরের কিঞ্চিৎ
অধিক।

পাণিনির হৃত্র এবং সেই হৃত্তের বৃত্তি ও ভাষা অবলম্বন করিয়া তথানির্ণয়ে প্রারুত্ত श्रेटल प्रथा याम्र,—शांशिनित **नगरम "यवन**"-শব্দে একটি ক্ষত্রিয়জনপদ্বিশেষকে স্থৃচিত করিত; তাহার সহস্রবৎসর পরে ভাষ্যকারের मगरप्र "गवन" नरकत अर्थ कनश्रमिनामी বলিয়া গহীত হইয়াছিল। ইহার অত্যল্পকাল পূর্বেই গ্রীক্গণ ভারতদীমায় উপনীত হইয়া ভারতবর্ষের উত্তরপশ্চিমপ্রদেশে কিয়ৎ-<u>সামাজাবিস্তার</u> কালের তাঁহার। অযোধ্যা পর্যান্ত অবরোধ করা দূরে থাকুক, সিন্ধুনদ অতিক্রেম করিতেও দক্ষম হন নাই। স্কুতরাং অযোধ্যাবরোধ-কারী "ববন" বলিতে গ্রীক্বীরগণকে গ্রহণ করা ধায় না। তৎকালে মধ্য-এসিয়ার গ্রীক-রাজ্যও ধ্বংসমুখে পতিত **रहेशा**ष्ट्रिया পতঞ্জলির সময় হইতে কালিদাসের সময় পর্যান্ত, "যবন"শব্দের জনপদ ও তদ্দেশবাসী. এই উভয় অর্থই প্রচলিত ছিল ; এবং তদ্ধারা সাধারণত পারসীকগণই পরিচিত হইত। তথনও মোসলমানের অভ্যুদয় হয় নাই।

বলিয়া বোধ হয়। কোন কোন ক্তিয়-जनशामत अधिवामित्रन कियारियार करा . ব্যল্ভ প্রাপ্ত ছইয়া, শক-্যবনাদি নামে ক্থিত হইবার যে আভাস প্রাচীন স্থতিতে প্রাপ্ত হওরা যায়, পুরাণ তদ্বিপরীত এক কৌতৃকাবহ আথ্যায়িকা রচনা করিয়া. ग्वनामित छे९भक्ति वर्गना করিয়াছেন। পৌরাণিক মতে তাহা সগর রাজার শাসন-भन्नरस्तु घटेना। তৎকালে বশিষ্ঠ বিশ্বামিত্রের মধ্যে যে কলহ উপস্থিত হয়, তাহাতে বশিষ্ঠের উত্তেজনায় সগর রাজা শক-যবনাদি জাতিকে নানা তাড়না করিয়া, ভারতবর্ষ হইতে বহিষ্কৃত করিয়া দেন। ইহার সহিত জনপদের কোন সংস্রব নাই; ক্রমশ ক্রিয়ালোপে শূদ্রপ্রপ্রাপ্তিরও কোন প্রদক্ষ নাই: রাজাদেশে সহসা ক্রিয়ালোপ ও নির্বাসনদগুলাভের উল্লেখ আর্ত্তশিরোমণি নব্যস্থতির "প্রায়শ্চিত্ততত্ত্ব" এই পৌরাণিক আখ্যায়িকা গ্রহণ করিয়া, "যব**ন"শব্দের বর্ণ**বিক্তাসে বগীয় প্রচলিত করিয়া, ভদ্মারা মোসলমানকেও যবনজাতির অন্তর্নিবিষ্ট করিয়া গিয়াছেন; এবং স্বমতসমর্থনকামনায় এই পৌরাণিক বার্ত্তার উল্লেখ করিয়াছেন। যথা:--

সগরন্তাং প্রতিজ্ঞাঞ্চ প্রে।বাক্যং নিশমা চ।
ধর্মং জঘান তেবাং বৈ বেশানাসং চকার হ ॥
আর্বং শকানাং শিরসো মুওয়িতা বাসর্জ্ঞরং।
যবনানাং শিরং সর্কাং কাম্যোজানাং তথৈব চ॥
পারদা মুক্তকেশাশ্চ পত্রবাং শাশ্রুধারিণঃ।
নিংখাধার্যবট্কারাং কৃতান্তেন মহান্তনা॥
শক্ষবনকাম্যোজাং পারদাং পত্রবান্তধা।
কোলিস্পাঃ সমহিষা দ্ব্যাশ্রেনাঃ সকেরলাং।
বিশিষ্টবচনাজাজন্ সগ্রেণ মহান্তনাঃ

এই পৌরাণিক আখ্যায়িকা উদ্ভ করি-বার সময়েও শক-ষবনাদি যে ক্ষত্তিয়জন-পদের অধিবাসী ছিল, স্মার্ক্তশিরোমণি তাহা স্বীকার করিয়া লিখিয়া গিয়াছেন:—

"শকানাং শকদেশোন্তবানা° ক্ষতিয়াণাম্ এবং যবনাদীনামিতি।"

এই ব্যাখ্যা পাণিনিসম্মত ও পুরাতন ঐতি-হাসিক তথ্যের অন্তমোদিত। কিন্তু ইহাতে স্মার্ক্তশিরোমণির উদ্ধৃত পৌরাণিক প্রমাণের সহিত সামঞ্জদা রক্ষিত হয় নাই। পৌরাণিক-মতানুসারে শক-যবনাদি ভারতবর্ষেই বাস করিত; সগর রাজা তাহাদিগকে নির্বাসিত শক-যবনাদি যদি ক্ষত্রিয়-জন-পদোড়ত মহুষা বলিয়া গৃহীত হয়, তাহা হইলে দে ক্ষত্রিয়জনপদ ভারতবর্ষের অভ্য-স্তরেই বর্ত্তমান ছিল। তাঁহা কদাপি সঙ্গত বলিয়া গ্রহণ করা যায় না। স্মার্ক্তশিরোমণির সময়ে বঙ্গদেশ মোদলমানের অধিকারভুক্ত থাকায়, নানা কারণে হিন্দুসমাজভুক্ত লোকের স্থিত মোদল্মান্দিগের সংস্থাব সংঘটিত হইত। তাহাতে পান-আহারে মোদলমান-সংস্পর্ণ উপস্থিত হইলে, প্রায়ন্চিত্তের অনুষ্ঠান করা আবশ্যক হইত। প্রায়শ্চিত্তবিধি সংস্থাপনার্থ স্মার্কশিরোমণি পুরাণ ও পুরাতন শ্বতি অবলম্বন করিয়া মোদলমানের নাম বা অন্তিত্ব আবিষ্ণারে সক্ষম হন নাই। কার্ন প্রাচীন স্মৃতি বিধিবদ্ধ হইবার সময়ে মোসল-মানের আদৌ অস্তিত্ব ছিল না। তিনি মোসল-মানগণকে "धरन" कज्ञना कतिया, প্রাচীন শ্বতির দোহাই দিয়া, যবনসংস্পর্শদোষের প্রায়শ্চিত্তবিধিকেই মোদলমানসংস্পর্নদাযের প্রায়শ্চিত্তবিধি বলিয়া গ্রহণ করিয়াছিলেন। "ষ্বন"শকে মোসগমানকে ব্রাইবার জনা তিকাগুশেষনামক আধুনিক অভিধানের প্রমাণ উদ্ভ করিয়া, যবনকে বেগ্শালী জাতি বলিয়া গ্রহণ করিয়াছিলেন; এবং তজ্জনা 'জু"ধাতু হইতে 'জবন"শদের ব্যুৎপত্তি নির্দেশ করিয়াছিলেন। এই ব্যুংপত্তি বির্দেশ করিয়া ভাকার রাজেজ্ললাল স্মার্ত্তি শিরোমণির প্রমাণ ও ব্যাথ্যাদির আলোচনা করা অনাবঞ্চক মনেকরিয়া, তাহাতে হস্তক্ষেপ করেন নাই। কিন্তু স্মার্ত্তিনিরামণির আধুনিক ব্যাথ্যাই এক্ষণে বক্ষমাহিত্যে স্থানলাভ করিয়াছে।

हिन्दू-त्यामनभारनेत मः पर्व वहकानवााशी; গ্রীক একবার ভারতদীমায় রাজ্যস্থাপন করিয়া, ক্রমে অপসারিত হইবার পর, পারসীকরাজ্যের পুনরায় অভ্যাদয় পুনরায় মধা-এসিয়া তাহাদের শাসনক্ষমতা স্বীকার করিয়া লয়। তৎকালে মধ্য-এসিয়ার वृष्काभामना धीरत धीरत भातमीक मोतमर छत নিকট পরাভূত হইয়াছিল। মোদলমান আসিয়া সেই মত বিলুপ্ত করিবার সময়ে **সিম্নদের** পশ্চিমতীর পর্যান্ত অধিকার বিস্তার করেন। তাহার পর যথন হিন্দু-মোদলমানে ভারতদামাজ্য লইয়া শেষ-সংগ্রাম সংঘটিত হয়, তথন চাঁদকবি তাহার हे जिहान करियाकारत वर्गना कतिशाहिर मन। ত্ৰন মোদলমান অৰ্থে "যবন"শব্দ প্ৰচলিত थाकित्व, ठाँककि तम भारकत वावहात ना করিয়া, জনপদবাচক 'ঘোরী' প্রভৃতি শব্দ বাব-

হার করিতেন না। তৎসমন্দ্র কবি কইলিও
যে রাজতরঙ্গিনীনামক ইতিহাস সম্প্রিতি
করেন, তাহাতেও তুরুজাদি জনপদ ও উদ্দৈশবাদীর ঠলে, "যবন"শন বাবহাও ইইতি
পারিত। এই সকল কারণে, মোদলমান
মর্থে "যবন"শন্দের বাবহারকে নিতান্ত
মাধুনিক বলিয়াই গ্রহণ করিতে হয়।

সংস্কৃত্যাহিত্যের ইতিহাস অদ্যাপি ছায়া-রূপে প্রতিভাত; বিশ্বাস্যোগ্য কায়া পরি-গ্ৰহণে সমৰ্থ হয় নাই। কোন গ্ৰন্থ কোন কবির লেখনীপ্রস্ত ও কোন সমরে জন-সমাজে প্রকাশিত হইয়াছিল, তদ্বিষয়ে এখন ও তর্কবিতর্ক প্রচলিত আছে। এই দকল তর্কবিতর্কে সংস্কৃতসাহিত্যের নান। যুগ পরিকল্পিত হইয়াছে। তাহা প্রধানত শাক্যপূর্ব ও শাক্যোত্তর নামক ভাগধ্যে विज्ञ इहेश शांशिनित काल, कालिमांत्रत কাল, ভবভূতির কাল ইত্যাদি নানা নাম প্রাপ্ত হইয়াছে। ইহার সকল কালেই" যবন"-শক্ প্রচলিত ছিল। শাকাপুর্ব কালের পাণিনিহত্ত ও তৎপরবর্তী বৃত্তি ও ভাষা অব-লম্বন করিয়া কয়েকটি তথা লাভ করা গিয়াছে। শাকোভির কালের <mark>সাহিত</mark>ো অ'রও করেকটি তথা **লাভ করা যার্ম্ন**। *

রামায়ণ, মহাভারত ও বিষ্ণুরাণাদি গ্রন্থ শাক্ষোত্রকালে রচিত বলিয়া পাশ্চীতা পণ্ডিতবর্গ দিদ্ধান্ত করিয়া রাধিয়াছেন। ঐ দকল গ্রন্থের রচনাকালনির্গয়ের তর্ক-বিতর্কে প্রবৃত্ত না হইয়া, পাশ্চাতা দিদ্ধান্ত স্বীকার করিয়ালইলেও, বর্তমান স্থালোচনার কোন ক্ষতি হইবে না। রামায়ণ, মইভিারত ও বিষ্ণুপুর্বাণাদি গ্রন্থে, রঘুবংশাদি শ্রা

कार्या এवः मानुविकाधिमिळाणि गुनाकार्या "ববন"শ**্ৰের ^{*} উল্লেখ প্রাপ্ত হ**ওয়া যার। আর্য্যাবর্ত্তে "ধবন"শব্দের ধে অর্থ প্রচলিত ছিল, বঙ্গদেশে তাহার কিছু পরিবর্ত্তন সাধিত হইয়াছিল। খৃষ্ঠীয় দাদশ শতাকীর শেষে त्यामनमान यथन वक्रामर्ग व्यक्षिकात्रविखारत অগ্রসর হন, তথন তাঁহার৷ বাঙালীর নিকট যবননামেই পরিচিত হইয়াছিলেন। সেন-বংশাবতংস, মহারাজ বিশ্বরূপ সেনের ভাত্র-শাসনে ইহার প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। তিনি "गर्भरतनाम्बद्धनम्यकानकृत्म। नृतः" বলিয়া তামশাসনলিপিতে আত্মপরিচয় প্রদান করিয়া গিয়াছেন। স্মার্ক্তশিরোমণি এই বঙ্গদেশপ্রচলিত অর্থ গ্রহণ করিয়াই বার্গিক छ रावशास्त्रत रावशा नान कत्रिया शांकिरवन । এই অর্থ, বঙ্গদেশে প্রচলিত হইলেও, পুরাতন সংস্কৃতসাহিত্যে অপরিচিত। পুরাতন গ্রন্থে বা অভিধানে এরূপ অর্থ প্রাপ্ত হওয়া যায় না।

রামায়ণ, মহাভারত ও বিষ্ণুপ্রাণাদি এছে যবনের যে উৎপত্তিবর্ণনা দেখিতে পাওয়া যায়, তাহা বশিষ্ঠ-বিশ্বামিত্রের কলহন্দাহিনীর সহিত সংযুক্ত থাকায়, নানা রূপান্তর প্রাপ্ত হইয়াছে। মহাভারতের নানা স্থানে নানা ভাবে এই আখ্যায়িকা বর্ণিত হইয়াছে। একটি বর্ণনা এইরপ। একদা ক্ষত্রিয় রাজা বিশ্বামিত্র আজ্প-ভাপস বশিষ্ঠের আভ্রমে আভিথাশীকার করিয়া তাঁহার নন্দিনীনায়ী ধেয় হরণের চেটা করায়, বশিষ্ঠতপঃপ্রভাবরক্তিতা নন্দিনীর মৃত্রাদি হইতে শক-যবনাদি উদ্ভূত হইয়া বিশ্বামিত্রকে তাড়িত করিয়া দেয়। অভ্যত্র মহাভারতেই এই আ্বাামিক্রা কিঞ্বিৎ রূপান্তর প্রাপ্ত হইয়াছে;

किन्त निमनी हरेएछ भक-वयनामित छेश्मिछ-कारिनी পরিবর্তিত হয় নাই। এই সকল আথ্যায়িকায় যে "যবনের" উল্লেখ আছে, তদারী কোন জনপদ স্চিত হয় না; যুদ্ধ-কুশল বীরজাতি বলিয়া "যবনের" পরিচয় প্রাপ্ত হওয়া যায়। কিন্তু "যবন" যে একটি জনপদ্বিশেষের নাম, কোন কোন প্লোকে সে কথারও আভাদ প্রাপ্ত হওয়া যায়। বিষ্ণু-পুরাণে ভারতবর্ধের সীমানির্দেশে ভারত-ভূমির পশ্চিমত্ত জ্বনপদের নাম "ধ্বন" বলিয়া উল্লিখিত হইয়াছে। **মহাভারতের** কর্ণপর্বেও ইহার আভাদ আছে। স্বভন্নাং পৌরাণিক यूर्ग "यवन"कनभरनत नाम मम्पूर्वकरण विन्श रहेशाहिल विलग्ना वांध हम না। কেবল তদেশবাসিগণের উৎপত্তিবর্ণ-নার জন্ত কতকগুলি ভারখ্যায়িকা উল্লিখিভ হইয়াছিল। ভাহার মূলে কোন ঐতিহাসিক তথ্য প্ৰচ্ছন্নভাবে বৰ্ত্তমান থাকিলেও, এখন আর তাহার উদ্ধারসাধনের সম্ভাবনা নাই। "যবন"জনপদ ভারতবর্ষের বাহিরে, পশ্চি-মাংশে অবস্থিত; সে জনপদে যাহার৷ বাস করিয়া "ধবন"নামে পরিচিত হইয়াছিল, তাহারা তদ্দেশের আদিম অধিবাদী, কিংবা ভারতবর্ষ হইতে নির্বাসিত অভিনব ঔপ-নিবেশিক মাত্র,— তাহার মীমাংসা করাও সহজ বলিয়া বোধ হয় না। মহাভারত্তের আদিপর্কে য্যাভিপুত্র ভূর্কস্থর বংশোদ্ভব বলিয়া "ঘবনে"র উল্লেখ আছে। তাহা সত্য হইলে, "ধবন" ভারতবর্ষ হইতে ক্রমে পশ্চিমাঞ্চলে নির্বাসিত হইয়াছিল বলিয়া শীকার করিতে হয়।

मानविकाधिमित्व निक्नामत निक्षिणेत

ব্বনের অধিকার থাকা জানিতে পারা বাছ। मनक्याक्रितिष्ठ, व्यव्तिष्ठ । अ গ্রন্থে "বৰনের" উল্লেখ প্রাপ্ত হওয়া যায়। অতি পুরাকাল হইতে ক্রমে সংস্কৃতসাহিত্য-নিহিত প্রমাণাবলীর আলোচনা করিলে, ষ্বনকে আর "ধ্বন" ব্লিয়া নাসিকা কুঞ্চিত করা শোভা পায় না। যথন অর্জ ভূমওল নিরকর বর্মরজাতির আবাসভূমি, তথন "ষ্বন"জনপদে "য্বনানী লিপি" প্রচলিত ছिল। সে জনপদের अधिवानिवर्ग विश्वावृिक ও বাছবলে খ্যাতিলাভ করিয়া, একদা অবোধ্যা পর্য্যস্ত অবরোধ করিয়াছিল; এবং ভাহাদের কাব্য ও বিজ্ঞান ভারতব্যীয় স্থবী-ममारक स्थाति हिं इरेशा हिन । वता स्थिति-**रत्रत मगर्य "**यवन" सिष्ट रहेटल ७, श्रीयञ्जा সমাদরের পাত্র বলিয়া উল্লিখিত। যথা:-

"ল্লেচ্ছা হি যবনান্তেষু সম্যক্ শাস্ত্রমিদং স্থিতম্। ঋষিবতেংপি পুঞাতে কিং পুনবেদিবিৎ ভিজঃ॥"

এক সময়ে ভারতবর্ষের বাহিরে,—পুর্বের,
পশ্চিমে, উত্তরে —ভারতবর্ষের শিক্ষা, দীক্ষা
ও সভ্যতার আদর্শ ও পুণাপ্রভাব কতদ্র
পর্যান্ত বিস্তৃতিলাভ করিয়াছিল, তাহার ইতিহাস এখন বছর্গের চিতাভন্মে আচ্ছর হইয়া
পড়িয়াছে। ভারতবর্ষের সঙ্গে কাখোজ, শক,
যবন প্রভৃতি জনপদের পরিচয় ছিল; তাহারাও ভারতীয় শিক্ষাদীক্ষায় এক সময়ে সম্মত
আর্যাসমাজের ভায় প্রতিষ্ঠালাভ করিয়া,
ক্রমে ক্রিয়ালোপে মেচ্ছেরপ্রাপ্ত ইইয়াছিল।
এই সকল প্রমাণ দর্শন ক্রিয়া, স্বৃহৎ ভারতসাম্রাজ্যের পুরাতন-প্রভাব-বিত্তারের প্রতির

রীমার:গাড়ীরন্ব: ছিল ানাড়ে সমঞ্জ এনিয়া-থণ্ডের জলে-ছলে ব্যাপ্ত হইমা পঢ়িমাছিল ! এই সামাজ্য জ্ঞানগৌরবের সামাজ্য 🗟 হার সহিত সকল সমরে রাজশক্তির সংল্র ছিল ভারতবর্ষ রাজা না হইয়াও, অমণ্য-এসিয়ায় মনোরাজ্যের সমাট্ হইয়াছিলেন। भागनभारतत अञ्चानरत रम **अधिकात मङ्**ठिछ ना रहेशा, आतं अ मिश्मिश्र वाश रहेशा মোদলমান সংস্কৃতদাহিত্য-পডিয়াছিল। নিহিত জ্ঞানভাণ্ডারের সন্ধানলাভ করিয়া বহু গ্রন্থের অমুবাদ করাইয়াছিলেন, এবং সেই কইসঞ্চিত জ্ঞানভাণ্ডার লইয়া আফ্রিকা ও ইউরোপের উপকৃলে বিবিধ বিশ্ববিদ্যালয়ে জ্ঞান বিতরণ করিয়া আধুনিক ইউরোপের প্রাণপ্রতিষ্ঠায় নিযুক্ত হইয়াছিলেন। আধু-নিক ইউরোপীয় জ্ঞানগৌরবের মলে মোসল-মানের গৌরব, এবং তাহার মূলে ভারত-বর্ষের গৌরব প্রচ্ছন্নভাবে বর্ত্তমান রহিয়াছে। ঐতিহাসিক প্রমাণপরম্পরা প্রদর্শন করিয়া, তাহার আলোচনায় প্রবুত হইলে দেখা যায়. -- नक यवनामि कूज जनशामत छात्र, देउ-রোপীর মহাদেশও পরোক্ষভাবে ভারতবর্ষের নিকট সভ্যতালাভ করিয়। সমুন্নত হইয়াছিল। সে কাহিনী বর্ত্তমান সংক্ষিপ্ত প্রবন্ধের আলোচ্য নহে। আজ যাহারা "যবন" বলিয়া ঘূণিত, তাহারা অতি পুরাকালে ভারতবর্মের নিকট সেরপ স্থাম্পদ ছিল না :--কালে किशालार्थ सम्बन्ध था रहेश, करम करम प्रगाम्भन रहेशा डिविशिक्त । तम कथा असन ঐতিহাসিক কাহিনীমাত্রে প্রয়বুসিত হট্ট atce :

जिनका कृमात्र रेमराजन ।

মরণ

-₩-

চুপিচুপি কেন কথা কও অ 🤟 মরণ, হে মোর মরণ ! ওগো **অতি** ধীরে এসে কেন চেয়ে রও, একি প্রণয়েরি ধরণ ? ওগো यदव मक्तार्यमात्र क्लम्म ক্লান্তবৃত্তে নমিয়া. পড়ে ফিরে আদে গোঠে গাভীদণ यदव **मिन्यान गार्छ खिम्रा,** সারা ভূমি পাশে আসি বস অচপল অতি মৃহগতি-চরণ! 37511 আমি বুঝি না যে কি যে কথা কও, মরণ, হে মোর মরণ ! 97 ग

হায় এমনি করে' কি, ওগো চোর, মরণ, হে মোর মরণ, ওগো বিছাইয়া দিবে বুমবোর চোথে করি হৃদিতলে অবতরণ ! তুমি **এমনি कि शैरित पिर्ट (पान** অবশ বক্ষশোণিতে ? মোর বা**জা**বে ঘুমের কলরোল কাৰে কিঙ্কিণি-রণরণিডে ? ক্তৰ প্ৰারিয়া তব হিমকোলে শেবে মোরে . স্থপনে করিবে হরণ ? 41/4 वृक्षि ना (य किन चान-वांड **७८**ली' मज्ञण, ८२ स्माज मज्ञण !

यिगत्नत व कि त्रीं व वहे, **₹**₹ ওগো মরণ, ছে মোর মরণ ? তার সমারোহভার কিছু নেই কোনো মঙ্গলাচরণ'? নেই ত্ব পিঙ্গলছবি মহাজট চূড়া করি বাঁধা হবে না ? সে কি বিজয়োদ্ধত ধ্বজ্পট ত্ব সে কি আগে-পিছে কেহ র'বে না ? भभान-आनारक नहीं उदे ত্ব **অাথি** श्वाचित्र ना त्राक्षावत्र । ত্রাদে কেপে উঠিবে না ধরাতল ওগো মরণ, হে মোর মরণ ?

गरत विवादश हिनना वितनाहन ওগো মরণ, হে মোর মরণ, কত্মত ছিল আয়োজন, <u>তার</u> ছিল কভশত উপকরণ ' লটপট করে বাঘছাল, তাঁর রুষ রহি রহি গরজে, তাঁর বেষ্টন করি জটাজাল <u> তার</u> ভূজসদল তরজে! যত তার ববম্বাজে গাল গলায় কপালাভরণ, দোলে তাঁর বিষাণে ফুকারি উঠে তান মরণ, হে মোর মরণ ! 97511

শুনি শুশানবাসীর কলকল

তথো মরণ, হে মোর মরণ
স্থায় গোরীর আঁথি ছলছল

তাঁর কাঁপিছে নিচোলাব্যেণ

তাঁর
তাঁর
তাঁর
হিন্না হক্তক হলিছে,
তাঁর
প্লকিত তম্ম জরজর
তাঁর
মন আপনারে ভুলিছে!
নাতা কাঁদে শিরে হানি কর,
ক্যাপা বরেরে করিতে বরণ,
তাঁর
পিতা মনে মানে প্রমাদ
গ্রগা মরণ, হে মোর মরণ!

ভূমি চুরি করি কেন এস চোর ভগো মরণ, হে মোর মরণ ! শুধু নীরবে কথন্ নিশি ভোর, অঞ্-নিঝর-ঝরণ ! শুধু ভূমি উৎসব কর সারারাত বিজয়শন্থ বাজায়ে! ত্র কেড়ে লও তুমি ধরি হাত মোরে রক্তবসনে সাকায়ে! নব তুমি কারে করিয়ো না দৃক্পাত নিজে লব তব শরণ, আমি যদি গৌরবে মোরে লয়ে যাও মরণ, হে মোর মরণ ! ওগো

কাজে থাকি আমি গৃহমাঝ यान ওগো মরণ, হে মোর মরণ,— ভেঙে দিয়ো মোর সব কাজ, ভূমি সব লাজ অপহরণ! কোরো यि স্বপনে মিটায়ে সব সাধ আমি . শুয়ে থাকি স্থশয়নে, यमि हमरत्र कड़ारत्र व्यवनान থাকি আধজাগরক নয়নে,—

[\$ Preference

তবে ভালনে তোমার ভুলো নাদ
করি ভালরখানে ভরণ,
আমি ছুটিয়া আসিব ওলো নাণ
ওলো মরণ, হে মোর মরণ !

যাব, ধেথা তব তরী রয় সামি उरगा মরণ, হে মোর মরণ, **অকূল হইতে বায়ু বয়** যেথা করি আঁধারের অমুসরণ ! যদি দেখি ঘনঘোর মেঘোদয় ঈশানের কোণে আকাশে. দূর যদি বিহাৎফণা জালাময় উত্তত ফণা বিকাশে, তার আমি ফিরিব না করি মিছা ভয় করিব নীরবে তরণ আমি দেই মহাবরষার রাঙা জল মরণ, হে মোর মরণ! ওগো

সার সত্ত্যের আলোচনা

প্ররাণের উদেযাগ।

গত বারের আলোচনার দেখা হইরাছে বে,
প্রাণ অব্যক্ত-চেতন; মন অর্ধব্যক্ত-চেতন;
বৃদ্ধি প্রবাক্ত-চেতন। এটাও দেখা হইরাছে
বে, ও-তিন বৃত্তি একই অভিন্ন জীবাত্মার
তিন বিভিন্ন অন্তঃকরণ-বৃত্তি বা অন্তরিক্রিয়
—কাজেই তিনের মধ্যে একাত্মভাব
অবশ্যন্তাবী।

পাঠকের মনে সহসা এইরূপ একটি

প্রশ্ন উঠিতে পারে যে, "বাহির হইরাছ সার
সত্যের অরেষণে—ভাহার তো কোনো
উদেঘাগই দেখিতেছি না; কেবল প্রাণ-কন্দবৃদ্ধি লইয়াই বিব্রত! ইহার কারণ কি ?"
কারণ যে কি, তাহা বলিতেছি—প্রাধিশ্বন
করা হো'ক।

ভীর্থবাত্রার বাহির হুইরাছি। সাক্র লাক্ত্রন নাই। কেলা বিঞ্জন ভারি-দকে মাঠধ্ধু করিভেছে। সন্মুখে বৃক্তভারার

পরিবেটিত একটা কৃষ্ট ছবিরাছেন ক্লিক্টারার (भी हें बार् में होने शुनिया यर कि किया शास्त्रक-সামগ্রী, যাহা তাহার মধ্যে পতাব শুষ্টিত ছিল, তাহাতেই ভোজন-ক্রিয়া সমাপন • করিলাম। তাহার পরে বোচুকাবুচ্কি হাতড়াইয়া ঘট বাহির করিতে গিয়া দেখি যে, ঘটি नाह : बाजाकाटन भारथंत्र-जनामि खडाहेवात সময় ঐটি কেবল দলে লইতে ভূলিয়াছি। কুপের গহবর-ছাবে মুথ বাড়াইয়া ভাহার চারি-হাত নীচে দিব্য পরিষার জল দেখিতে পাইতেছি-অথচ তৃষ্ণা-নিবারণের কোনো উপায় দেখিতেছি না। পথের মাঝথানে একি বিপত্তি ! ঘটির জন্য পুনরার আমাকে বাসম্বানে প্রত্যাবর্ত্তন করিতে হইল। গমা-স্থান হ'জে সার স্ত্য--বাস্থান হ'জে জীবাত্মা। জীবাত্মা-কুটুরীর তিনটি থাকে তিনটি প্রয়োজনীয় উপকরণ উপর্যাপরি সালানো রহিয়াছে:--নীচের থাকে রহি-য়াছে প্রাণ-মাঝের থাকে মন -উপরের পাকে বৃদ্ধি। বিনয়ের অমুরোধে লাঘব খীকার করিয়া বলিলাম উপকরণ: কিন্ত সত্য যদি বলিতে হয়, তবে সে তিন্টির কোনোটিই সামান্য উপকরণ নহে; তিনটিই সাক্ষাৎ কর্ম-জন্তঃকর্ণ বা অন্তরিন্তিয়। "**উপ্ল** মিছে একটা উপদৰ্গ, তাহাকে সরাইরা দেওরা হইল। জল সংগ্রহ করিবার জনা বেমুন শটির প্রকোজন, সত্যের প্রসাদ-বারি সংগ্রহ করিবার জন্য তেমনি অন্তঃ-क्द्रान्द अर्बाक्न। याजाकारन वे जिनि अध्यासनीय नामजीत लिहिनार होने वाश নিছাছই আনুদ্রাভ । এতকণ ধরিষা তাই

ক্ষান্ত্রিক ক্ষান্তর সংখ্য বাগাইরা ক্ষান্ত্রান্ত্রিকা বাধিরা লওরা হইল।

🧸 বিল্লিলাম "জীবাছাঃ বাসস্থান"। কথাটা হইল কেমন লা যেমন "গলায়াং ঘোষং" গঙ্গাতে ঘোষপল্লী। অৰ্থাৎ-কিনা উপকৃলে ঘোষপল্লী। গঙ্গার ছই দিকের ছই উপকৃপ এবং মাঝখানের প্রবাহ, সর্বশুদ্ধ ধরিয়া বলা হইল গঙ্গা। তেমনি আত্মার ছই मिरकत्र इरे উপकृष এवः मास्थारनत श्रवार, সর্বপ্রদ্ধ ধরিয়া বলা হইতেছে আঁছা। এখন, আত্মার হুই দিকের হুই উপকৃশই বা কাহার নাম-মাঝখানের প্রবাহই বা কাহার নাম—সেইটিই হ'চেচ জিজ্ঞাদা। আত্মার মধ্যে যাহা শব্দ ডাঙা-ভূমি, তাহাই উপকৃষ : যাহা তরল-পদার্থ, তাহাই জল-প্রবাহ। এ मिरक विक वाखविक मर्डा ঠिकिशाए**ड**. ও দিকে প্রাণ ভৌতিক পদার্থে ঠেকিয়াছে— হুইই শক্ত ডাঙা-ভূমি। হুয়ের মাঝখানে মন প্রতিভাসিক সতার হিলোলে হিলোলে তরঙ্গিত হইয়া চলে--মন জল-প্রবাহ ৷ এ যাহা বলিলাম, ইহার ভিতরের রহস্তটি পূর্বে অনেকবার ইঙ্গিত করিয়াছি—এথানে ভাৰা আরেকবার ইঙ্গিত করা -শ্রেয় বিবেচনা করি; কথাটি এই:--

(১) স্বৃত্তি-কালের বস্ত গুণ-ছাড়া বস্তু; (২) স্থপের প্রতিভাস বস্তু-ছাড়া গুণ; (৩) জাগ্রৎকালের বস্তু বস্তু-গ্রহণ মাধামাধি।

ইহার প্রমাণ।

সুষ্থি-কালে তৃমি আছ, কিছ তোমার কোনো গুণই প্রকাশ পাইতেছে না। তো

দ্মাছে, এটি লাছে, প্রদাগার আছে ; কিন্ত কাহারে। কোনো গুণই প্রকাশ পাইতেছেন।। ইহারই নাম গুণ-ছাড়া বস্তু। স্বপ্নকালে তুমি ষধন হাতী দেখিতেছ--- ঘোড়া দেখিতেছ; ভ্ৰম হাতীও নাই, ঘোড়াও নাই-কেবল ছুয়ের ছুইপ্রকার গুণ তোমার মনে জাগ্রত হইয়া উঠিয়া হাতি-ঘোড়ার বেশে ইতস্তত বিচরণ করিতেছে; ইহারই নাম বস্ত-ছাড়া প্রব। জাগ্রংকালে যথন তোমার সমুখে একটা উদ্যান বিরাজ করিতেছে, তথন তৰু-লতা-পত্ৰ-পুপ প্ৰভৃতি যে-সকল বস্ত বাস্তবিক্ই তোমার সমূথে রহিয়াছে, তাহা-রই গুণ তোমার চক্ষে প্রকাশ পাইতেছে ;— ইহারই নাম বস্তু-গুণে মাথামাথি। স্ব্পির অধিষ্ঠাত্রী দেবতা কে ? না প্রাণ। স্বপ্নের অধিষ্ঠাত্রী দেবতা কে । শ মন। প্রবোধের অধিষ্ঠাত্রী দেবতা কে ? না বৃদ্ধি। স্বুপ্তি-কালে প্রাণ শরীরের বাস্তবিক সন্তাতে ঠেদ্ **मिश्रा थाकে—जाগ্রৎকালে** বৃদ্ধি রূপরসাদির বাস্তবিক সভাতে অবগাহন করে। বুদ্ধি এবং প্রাণ ছই-ই বস্তু-নিষ্ঠ ;—প্রভেদ কেবল এই বে, বৃদ্ধির বস্তু গুণালোকে আলোকিত; आलात वस निर्श्व वर भवाक। द्कि এবং প্রাণ হুই-ই বস্তু-নিষ্ঠ—তাই হুই-ই ডাঙা-ভূমির সহিত উপমেয়। পকান্তরে এইরপ দেখিতে পাওয়া যায় যে, স্বপ্নকালে যেমন বস্তুকে ছাড়িয়া বস্তুর ভাগ সভ-পলায়িত পক্ষীর স্থায় খাঁচারই আশে-পাশে উড়িয়া উদ্বিদ্যা বেড়ার, মনের কলনাও সেইরূপ এক-প্রকার উড়া-নামগ্রী। মন এইরূপ বস্ত-ছাড়া ভাৰের উপরে ভর করে বলিয়া তাহা জল-প্রবাহের সহিত উপমেয়। ইতিপুর্বে যে কথা

বলিয়াছি, তাহার মর্ণগতভাবটি এখন ক্ষাষ্ট বুঝিতে পারা যাইবে; সে কথা লাই বে, যথন বলা হয় "গলায়াং ঘোষঃ", তথন গ্ৰহার इर्रे मिटकत इर्रे डेशकून এवः माब्याह्मत প্রবাহ, সর্বান্তন ধরিয়া বলা হয় গঙ্গা; তেমনি ব্ধন বলা হইতেছে জীবানা সভাধাম-মাজীর वामशान, जथन खीवाजात हरे मिटकत हरे উপকৃণ (किना वृष्कि এবং প্রাণ), এবং মাঝের প্রবাহ (কিনা মন), সর্বাত্তর ধরিয়া বলা হইতেছে আতা। ফলেও এই-রূপ দেখিতে পাওয়া যায় যে, আমি যথন আমাকে বলি আমি, তোমাকে ৰলি ভূমি, তথন (১) প্রাণভুৎ শরীর, (২) মন, এবং (৩) বৃদ্ধি, তিনকে একসঙ্গে পুঁট্লি বাঁধিয়। তাহাতে আমিত্ব। তুমিত্ব আরোপ করি। তাহার মধ্যে দেখিতে হইবে এই যে, প্রাণ-ভৃৎ শরীর এ-পার ; সত্যাবগাহী বুদ্ধি ও-পার ; কাজেই যাতারত্তে শরীর সর্বপ্রথমে বিবেচা। মহাকবি কালিদাস তাই বলিয়াছেন-"শরীরমান্যং **থলু ধর্মসাধনম্"—শরীর**ই প্রথম উপক্রমের সাধন-ক্ষেত্র।

ভগীরথ যথন ভাগীরথীকে স্বস্থান হইতে স্থানাস্তবের লইয়া গেলেন, তথন ভাগীরথীর প্রাতন উপক্ল পশ্চাতে পড়িয়া রহিল, নৃতন উপক্ল ছইধারে প্রতিষ্ঠিত হইল। গঙ্গা থেথান হইতে যেথানেই গমন কর্মন না কেন—ছই উপক্ল পার্ম্বরক্ষকের স্থায় তাঁহার সঙ্গে লাগিয়া থাকা চাই। কিন্তু তা বলিয়া এমন কোনো লেথাপড়া নাই যে, প্রাতন আমলের পেন্সন্ভোক্ম পার্ম্বরক্ষক নৃতন আমলের ক্রেফিডি স্ক্রার্ম্ব্য কথা নিষ্ক্র হবৈ ও উপক্ল অপরিহার্য্য, এ কথা

गडा - कि कि विशादि अमितिहासी कि कि नी-ना-वक्षा उपकृत ठाई-ई-ठाई-वड हिनात অপরিহার্যা; তা বই, এ বদি চাও যে, ভাগী-র্থীর ইডড়ত গ্রমনাগ্রন-কালে পুরাতন উপকৃল ক্রমাগতই তাঁহার পার্মে জোঁকের স্থায় লাগিয়া থাকিবে, তবে সে-রকমের অপরিহাগ্য উপকূল আকাশকুস্থ মেরই **দহোদর। উপ**কৃল অপরিহার্য্যও বটে, পরিবর্জনশাল ও বটে। জীবাস্থার শরীরও সেইরূপ ; —তাহা অপরিহার্যাও বটে, পরিব**র্ত্তনশীলও** বটে। জন্মান্তরের তো কথাই নাই-ইছজন্মেই মনুষ্টোর শরীর তিন-চারি-বার পরিবর্ত্তিত হইয়া যায়। বলিলাম "জন্মান্তর", কিন্তু কি অর্থে বলিলাম, দেটাও विट्वेहा। जामारनत रनत्भत जावान-वृक्त-বনিতা পৃথিবীতে পুনরাগমন করাকেই জনান্তর-গ্রহণ বলিয়া স্থিরস্থার বসিরা আছেন; সামার মন কিন্তু তাহাতে मट्डाव मार्टन ना। कना-मरकत व्यर्थत प्रोड़ যে অনেকদুর যায়—অনেকে ভাছা বোঝেন না। শরীর-পরিগ্রহ করিয়া বাহির হইবার नामहे बना; जा तहे, जूमि এ कथा वनिटिं পার না বে, মাতৃগর্ভ হইতে ভূমিল হইবার नांभरे ज्ञा। भग यथन भएकत विद्याना হইতে আলোকে গাতোখান করে—তাহা কি জন্ম নহে? পন্ন কি পদ্ধজ নহে? প্রা ব্ধন শ্রীর-পরিগ্রহ করিয়া বাহির হয়— তথন সে ভূমিষ্ঠ হয় না—জ্যোতিষ্ঠ হয়;— তাহা যথন হয়, তথন তাহারই নাম প্রের জন-গ্রহণ। আমি তাই বলি বে, মহুযোর जना चुरेक्षकान - विहिक जना जवर भारतिक জন্ম ' নমুখ্য' দখন ভৌতিক শ্রীর পরিগ্রহ

ক্রিয়া মাতৃস্ত হইডে শৃথিবীতে বাহির হয়, তাহার নাম এই হিক প্রশা ু আবার বখন তৈজ্ঞ শরীর পরিতাহ করিয়া উন্মরকে র মধা দিয়া লোকান্তরে বাহির হয়, তাছায় নাম পারত্রিক জনা। ঐহিক জন্মের প্রাক-কালে ধেমন গর্ত্তবাসের অন্ধকার—জাগরদের প্রাক্কালে বেমন স্থপ্তির অন্ধকার-পার-ত্রিক জন্মের প্রাক্কালে তেমনি জ্বা-মৃত্যুর অন্ধকার। অন্ধকারে অন্ধকারে এ যেমন कालाकृति, जात्नाक जात्नाक उपनर । ঐহিক-জন্মকালে জীবাত্ম। মাতৃগর্তের মধ্য দিয়া পার্থিব আলোকে বাহির হয়, পারু ত্রিক-জন্মকালে জীবাত্মা ত্রন্ধরমের মান্য দিয়া অপার্থিব আলোকে বাহিরহয়। ঐহিক জন্মে জীবাস্থা ভৌতিক শরীর পরিপ্রছ করে, পারত্রিক জন্মে জীবাল্মা তৈজস শরীর পরিগ্রহ করে। <u>ঐহিক **জন্ম**ও **জন্ম**—</u> পারত্রিক জন্মও জন্ম; ভৌতিক শরীরও শ্রীর, তৈজস শ্রীরও শ্রীর।

শ্রীমদ্ভগবদ্গীতার স্পষ্টই লেখা আছে যে,—

''বাদাংসি জীণানি যথা বিহার নবানি গৃহাতি নরোহপরানি। তথা শরীরাণি বিহার জীণা-শুশুনি সংঘাতি নবানি দেহী॥''

মনুষ্য যেমন জীর্ণ বন্ধ পরিত্যাগ করিয়া নূতন বন্ধ পরিধান করে, তেমনি পুরাউন শরীর পরিত্যাগ করিয়া নূতন শরীর পরিগ্রহ করে।

এখানে কেবল ন্তন-শরীর পরিপ্রতের কথাই বলা হইতেছে; পৃথিবীতে শুন-রাগমনের কথা বলা হইতেছে না। টাকাকার কিংবা ভাষাকার কথার ভেকি-বাজি ধারা উহার মধ্য হইতে পুনরাগমনের বৃত্তান্তটি
নানা প্রকার ডাল-পালায় সাজাইয়া চকিতের
মধ্যে বাহির করিয়া তুলিতে পারেন, কিন্ত
যতই যাহা করুন্ন। কেন, সমন্তই 'বহুবারত্তে
লঘুক্রিয়া'—মূলের সহিত কিছুতেই তাহা
থাপ্ থাইতে পারে না। কেন যে থাপ্
থাইতে পারে না, তাহা বলিতেছি—প্রাণিধান
করা হো'ক।

শরীরই যে কেবল একাকী জীবাত্মার পরিধান বস্ত্র, তাহা নহে; পৃথিবীও জীবা-আর পরিধান-বস্ত্র;—প্রভেদ কেবল এই (य, भतौत अरुक्ताम-- शृथिवी विक्ताम। মাটির শরীর মাটির সহিত এরপ পুঙ্খাস্থ-পুষারূপে জড়িত যে, তাহাকে পৃথিবী হইতে ছাড়ানে। অসম্ভব। বায়ুর সহিত নিশাদ-প্রখাদ, জলের সহিও রসরক্ত, মৃত্তিকার সহিত অস্থিমাংস কঠিন আকর্ষণ-সূত্রে সেলাই করা রহিয়াছে। পৃথিবীর সহিত শরীর-বহির্বাদের সহিত অন্তর্বাস-পুঞারপুঞ-क्राप्ट (मनारे कता तरिवारक: এकिएक টানিলেই আরেকটিতে টান পডে: একটিকে ছাড়িলেই আর-একটি ছাড়িয়া যায়। মনুষ্য যখন পার্থিব শরীর ছাড়িয়া পলায়, তথন দেই দঙ্গে পৃথিবীও তাহার চতুষ্পার্য হইতে ছাড়িয়া যায়; তবেই হইতেছে যে, পার্থিব শরীর পরিত্যাগ করিয়া নৃতন শরীর গ্রহণ করিতে হইলে অপার্থিব শরীর গ্রহণ করা ভিন্ন উপায়ান্তর নাই। কাজেই "বাসাংসি कौर्गानि यथा विशास नवानि शृङ्गां नित्राह-পরাণি" ইহার যদি কোন যুক্তিসঙ্গত অর্থ থাকে, তবে তাহা এই যে, ঐহিক-জন্ম-কালে জীবাত্মা যেমন ভৌতিক শরীর

পরিগ্রহ করিয়া মাতৃগর্ত্তের মধ্য দিরা পৃথি-বীতে অবতরণ করে, পারতিক-জন্মকালে তেমনি তৈজস শরীর পরিগ্রহ করিয়া বন্ধরদ্বে মধ্য দিয়া অপার্থিব লোকে সমুখান করে।

জীবাত্মার অবশ্য কৰ্ম্মজনিত স্বীকর্ত্তব্য। কর্মজনিত প্রাণের সংস্থার, মনের বাসনা এবং জ্ঞানের ঔজ্জ্বলা নানা লোকের নানাপ্রকার; তদমুসারে নানা লোকের গতিও নানাপ্রকার হইবারই কথা। মিত্র প্রেসিডেন্সি আমার সহাধাায়ী ছিলেন। বিদ্যালয়ে ষেমন তিনি প্রকৃষ্ট মেধা-বৃদ্ধি-যত্ন এবং অধ্যবসা-য়ের গুণে উচ্চস্থান অধিকার করিতেন, কর্মালয়েও তেমনি তিনি উচ্চ আদালতের ধর্মাদনে অধিকার প্রাপ্ত হইলেন; তাঁহার পূর্বকৃত কর্ম্মের ফলভোগের জ্বন্ত তাঁহাকে বিভালয়ে ফিরিয়া যাইতে হইল না। অতএব যাঁহারা পৃথিবী ছাড়িয়া চলিয়া যা'ন, তাঁহা-দিগকে ফলভোগের অমুরোধে আবার যে এই পৃথিবীতেই আসিতে হইবে, এমন কোনো বাধ্যবাধকতা নাই। পার্থিব বাজ্যে যেমন মহুষ্যের কর্মাহুষায়ী নানা-প্রকার গতিবৈচিত্র্য দেখিতে পাওয়া যায়, অপার্থিব রাজ্যেও সেইরূপ নানাপ্রকার গতিবৈচিত্রা থাকিবারই কথা। ছয়ের মধ্যে সূল-স্ক্ষের প্রভেদ অবশ্রই ষীকার্গা। ভৌতিক রাজ্য অপেকা। তৈজ্ঞস রাজ্য যে পরিমাণে হক্ষ. তৈজ্ঞ রাজ্যের বিচারও দেই পরিমাণে কুল্ম হইবারই কথা। পৃথিবীতে মনুষ্যের আন্তরিক গুণা-গুণ স্থূল শরীরের আবরণে ঢাকা থাকে,

এইজন্ত কোন ব্যক্তি কোনু স্থানের উপযুক্ত ভাহা • ঠিক্ঠাক্ বলিভে পারা স্থকঠিন; পরলোকে হক্ষ শরীরের আবরণের মধ্য দিয়া অন্তরের গুণাগুণ অপেক্ষাক্তত সহজে ফুটিয়া বাহির হয়, এইজভ যে ব্যক্তি যে স্থানের উপযুক্ত, তাহাকে সেই স্থানে সংক্রোমণ করিবার জন্ম সহজেই একটা ব্যবস্থা হইতে পারে; কাজেই পারলৌকিক অপার্থিব রাজ্যে কর্ম্মের অনুযায়ী-অথবা যাহা একই কথা--কর্ম্ম-জনিত উচ্চ-নীচ বাসনা-সংস্কার এবং বৃদ্ধির অমুখায়ী উচ্চ-নীচ গতি অপক্ষপাতী ঐশবিক নিয়মে নিপাদিত হইতে পারিবার সম্ভাবনা সহজেই লোকের হাদয়ক্ষম হইতে পারে। জীবাত্মার পার-লৌকিক গতি-সম্বন্ধে আমার বুদ্ধিতে যাহা যুক্তিদঙ্গত বলিয়া মনে হয়, তাহাই আমি वनिनाम ;--कथा उठिन वनिया वनिनाम ; বর্ত্তমান প্রবন্ধের তাহা আলোচ্য বিষয় কি না. সে বিষয়ে আমার সন্দেহ আছে; - আমার মনে হয়, কতকটা रान অপ্রাদঙ্গিক। এখানে যে কয়েকটি আমার প্রধান বক্তবা, বিষয় তাহা এই :--

প্রথমত ভৌতিক শরীরেই হউক্, আর তৈজস শরীরেই হউক্—স্থল শরীরেই হউক্, আর হল্ম শরীরেই হউক্—কোনো-না-কোনো ধাঁচার শরীরে প্রাণের প্রতিষ্ঠা হওয়া চাই;—এই গেল প্রাণ।

বিতীয়ত স্থূলই হউক্, আর স্ক্রাই হউক্, কোনো-না-কোনো বিষয়-ক্ষেত্রে মনকে দৌড় দেওরানো চাই;—এই গেল মন। ভূতীয়ত বৃদ্ধি-পরিচালনা করিয়া বাস্ত- বিক সত্যের অনুসন্ধান এবং অনুশীলন চাই;—এই গেল বৃদ্ধি।

তিনই চাই:--তিনের আয়োজন পরি-সমাপ্ত হইলে তবেই তিনের মধ্যে জীবাস্থা বিরাজমান হ'ন। নহিলে রাজাহীন রাজা যেমন রাজাই নহে, তেমনি বৃদ্ধিহীন, মনো-হীন, প্রাণহীন আত্মা আত্মাই নহে। জ্ঞান আত্মার ধী-শক্তির ব্যাপার, মন কল্পনা-শক্তির ব্যাপার, প্রাণ ভোগ-শক্তির ব্যাপার; যে আত্মা এই সকল শক্তিতে সম্ভূত, সেই আত্মাই আত্মা। পক্ষান্তরে, কোনো কিছুই দেখিতেছি না. শুনিতেছি না, ভাবিতেছি না, বুঝিতেছি না, করিতেছি না, এরূপ শক্তিহীন, জড়বং-অথর্ক, অন্ধকারাচ্ছন্ন আত্মাকে আত্মা বলা না বলা সমান। আদর্শ-আত্মা কিরূপ ১ না প্রাণ সরস্থন সতেজ, বুদ্ধি জ্যোতিখাতী, এইরূপ রস, তেজ এবং জ্যোতি যে আত্মার নিজম্ব मम्लाखि, त्रारे बाबारे बाहर्मशानीय। এখন কথা হ'চেচ এই যে, বুদ্ধি কোথা হইতে জ্যোতি পাইবে ? মন কোথা হইতে তেজ পাইবে ? প্রাণ কোথা হইতে রস পাইবে ? তা আবার, যেমন-তেমন জ্যোতি হইলে চলিবে না—চিরপ্রদীপ্ত স্বয়ংক্যোতি চাই; যেমন-তেমন তেজ হইলে চলিবে না— অপ্রতিহত ধৈর্ঘ্য-বীর্ঘ্য চাই; যেমন-ত্রেমন রস হইলে চলিবে না—চির-উৎসারিত অমৃ-তের উৎস চাই। ইহারই জন্ম সার সত্যের প্রবোজন—ইহারই জন্ম দার সত্যের অন্বে-ষণ। এবারকার প্রবন্ধে জীবাত্মার সম্বন্ধে যতগুলি কথা বলিলাম, তাহা প্রবণে কঠোর-শ্রেণীর দার্শনিক পণ্ডিতেরা মুথ ব্যাব্ধার

कतिरक नारतन ; काँकाता हम त्या विण्यान, "आकानगर्ध केळ्डम घाणिया मिया कठिन मृश्विकाम नार्था—मृश्विक अवश् विচारतत १४ व्यवसम कत्—१८६ श्राम श्राम अर्थन कर्याम क

ইহাদের মনস্কৃতির জ্বন্থ আগামী বারে আক্সার সম্বন্ধে দার দার গোটাকত দাণনিক

(>)

তরের আনোচনার অবৃত্ত হেরা নাইবেন এই কাষ্টি হুইরা চুকিলেই প্রীট্না পুঁট্লি বাধার দার হুইতে নিজার পার্জা বাইবে। তাহার পরেই সন্থ্যক পার্ক নাটাল প্রদারিত রহিয়াছে—নে পথ প্রকৃতির পার্কা সেই বাধা রাজা অবলম্বন করিরা অজী সমভিব্যাহারে গম্যহানে উপনীত হুইবার চেষ্টা দেখা বাইবে।

শীবিজেন্দ্রনাথ ঠাকুর।

স্বয়ম্বর।

পাঁচ ৰৎদরের মাতৃহীনা কল্পা স্থাদিনীকে वहिमाः नेनाकरमध्य यथन कागीवानी इहेम-हिस्त्रन, जथन जाहात मतन इस नाहे, ইহলুলো আবার জন্মভূমিতে ফিরিয়া আসিতে हरेद्ध। शृहनक्षीटक ठित्रविनाय निया यागान-বৈরাগ্যপ্রভাব ক্ষীণবল হওয়ার পুর্বেই তিনি বাটীর বাহির হইয়া পড়িয়াছিলেন। তার পর ছয় বংসর উত্তার্ণ হইয়াছে, কন্তা विवाहत्यात्रा। दृश्या उठिन। তাহাকে দংশাত্রস্থ করা এখন তাঁহার জীবনে সর্ব-अधान कार्या। आश्रीय-वसूत्रा हेन्श्रिक् উপয়াচক হুইয়া চিঠিপত্তে তাঁর ক্ষুদ্র বিষয়-সম্পত্তিটুকুর ভার গ্রহণপূর্বক তাঁহাকে আপ্রায়িত করিয়াছিলেন, কিন্তু জামাতা নির্বাচন করিবার গুরুতর দায়িত্ব লইতে **(कर् अक्षात्र इहेटनन ना। काटकहे एनटम** প্রস্থাপ্যন ছাড়া তার গতান্তর ছিল না।

कानीशास्त्रत वाडानीत्वानात गाँवाता

বসবাস করেন, বন্ধদেশীয় এবং গন্ধাতীর বত্তীদের সংখ্যা তন্মধ্যে প্রায় সমান। কেন্দে যেমন ভাষার প্রাদেশিকতা তাঁহাদের মধ্যে সর্কতোমুখ মিলনের অন্তরায়ম্বরূপ, এখানেও কতকটা সেইরূপ। কিন্ত তাঁহাদের বালক-বালিকাগণের ভিতর এই ভাষাগত ভেদ আদৌ দেখা যায় না। তাহারা সকলেই কলিকাতা ও তাহার নিকটবর্তী ভদ্রসমাক্ষে চলিত "দক্ষিণদেশী" ভাষায় কথা কর এবং "বাঙাল" বা "রেঢ়ো" কথাবার্তা ভানিকো সমভাবে আনন্দামুভব করে।

শশান্তশেপর রার পাবনা-জেলার লোক।
ছয়বৎসর কাল কাশাবাস করিয়াও কথাবার্তাক
ভাষার জরভ্মির টানটুক্ ভ্লিতে পারেল
নাই। কিন্ত কতা মহাসিনী (চলিত সার
মহাসি) দক্ষিণদেশী বাংলার ও রেগারসঅঞ্লের হিন্দীতে সমান কভারে। আংশের
বাঙালে বাক্যভন্নী ও উচ্চারণ ভারত হাতার
উলিক্ত করিয়া থাকে। তার উপর ক্রাক্তি

এक्ट्रे बर्बाच्या, बारमा बार्क माठाक कार्ने के वाडान क्रीमूनवरमञ्जू क्यावाडात स्वर नेकन-वाशिहत निराधिरण दन अविकीत । "जी-मती (मार्ब अहरक है चारभंत यह जामरक्ष, (कर ভাহাকে আঁটিয়া উঠিতে পারে না। তার উপর অনুভ্রালিকার্লভ কতকগুলি গুণের জন্ত সে সকলেরই প্রিরপাতী। "পাড়ার কাহারও পীড়ার খবর পাইলে স্কহাসি আত্মপরনির্বি-শেষে রোগীর ভশ্রষা করিতে ছুটিয়া যায়। যত কাঁচনে ও ছষ্ট ছেলেকে ঔষধ খাওয়াইবার কল-কৌশল তার মত আর কেহ জানে না। একাদশীর দিন মধ্যায়ে পাড়ার বিধবাদের পডিয়া বামায়ণ-মহাভারত গুনান তার निर्मिष्ठे कार्या अवः य वृक्षात्रा अकाकिनी বাস করেন, পরদিন প্রাতে পারণের পূর্বে এই বালিকা ভাঁহাদের একবার খোঁজথবর ना महेब्रा निन्छ इटेट भारत ना। जा ছাড়া ইহার ভিতর স্বহাসি যেরপ রাঁধিতে এবং সেলাই করিতে শিথিয়াছে, সচরাচর যুবভাদের পক্ষেও তাহা প্লাঘার কথা। তবে একলাটি ঘুটিং খেলিতে বদিলে তার কুধা-कृष्ण **अथवा ज्ञानका ग**ळान वर्ष थारक ना। কোন ব্রাহ্মণগৃহে ভোজের উদেয়াগ হইলে পল্লীর ঠাকুরাণীরা অতর্কিতে স্থাসির সন্ধাৰে বাহির হন এবং তাহার भा**रत्य पुॅरि: का**ज़िया नहेवा उँ९मवज़ृद्द ধরিকা আনেম া তার পর কাপড় ছাড়াইয়া তাক কোমটের অঞ্চল অভাইয়া দিতে পারি-**ल्हें जा निन्छ, — मगछ** पिम ख्रांत्रि রক্ষ**ালা পরিবেয়ণে তম**র পাকিবে। হাজ্যে কাল কেলিয়া পদাইবে, সেঁ তেমন মেলে ক্রিকেন্ট্রা

শশার্থনের গৃহে কিরিবার সকল বঁলোবস্ত করিরাছেন, এমন-সময় থবর পাইলেন,
তার শশুরকুলের দূর-জ্ঞাতি ভবানীটর্নবাবু সপরিবারে তার্থযান্তার বাহির ইইয়াছেন। ভবানীচরণের একটি বিবাহুযোগ্য
ছেলে কলিকাতা মেডিকেল কলেজে পড়ে
এবং সে-ও সলে আসিতেছে জানিয়া, রামমহাশয় একটু আখন্ত হইলেন। নিতান্ত
কর্তব্যান্তরোধেই তিনি দেশে ফিরিতে
কৃতসকল্প হইয়াছিলেন; কিন্তু আসল কথা,
শ্রু গৃহমন্দিরে পুনঃপ্রবেশের চিন্তাও তাঁহার
অসহনীয়। যাহা হউক, ফাল্পনমাসে গৃহযাত্রার যে দিন স্থির হইয়াছিল, ভাহা
বদ্লাইয়া গেল।

ভবানীচরণবাবু বিতীয়পকের সংসার করিয়া হুইটি পুত্র লাভ করিয়াছেন। বিউ ছেলেটির বিবাহে অল্কার ও নগদ টাকার বেশ হুপয়সা তাঁর লাভ হইলেও, পুত্রবধৃটি তেমন মনের মত হয় নাই। সেজ্ঞা গ্র্থন-তথন তাঁকে গৃহিণীর গঞ্জনা দহ করিতে হয়। শশাঙ্কশেধরের সঙ্গে বছকলি পুর্টেব্র হ্ইএকবার তাঁহার দেখা হইয়াছিল, দেশে স্থহাসির সৌন্দর্য্যখ্যাতির কথা শুনিয়াছিলেন। কাশীধামে পৌছিয়া মেয়ে-**िटक (मिश्रा कर्राशेश घटत (इटलर्ड विवेरिं** দিতে তাঁর থুব ইচ্ছা হইল। কিন্তু মেরেটির সরলহাস্তপ্রদীপ্ত স্থলকণা জীতে একটু খুঁৎ हिन-देश स्मरमद्र मर्ख अपने धेरेने नेटें। সেইজভ শ্বঃ গৃহিণী কভাগ্নন ক্রিয়া মতামত না দিলে সহসা তিনি রার্মীহাশরকৈ বাক্টান করিতে সাইদ করিলেন না।

किं अमिरक अधिक जवानीहत्रन होधूती " মহাশদের সহধর্মিণী ওরফে শ্রীমতী ইচ্ছাময়ী <u>।</u> ছইদিনের ভিতর বাঙালীটোলার মহিলা-বুন্দকে আপনার রূপ ও গহনার ছটার্য এবং খণ্ডর বিশেষত পিতৃকুলের ধনগোরব-প্রদক্ষে একেবারে চমকিত করিয়া তুলি-रनन। इंशाटक क्रीधुतानी विनया काँशात य नामछाक बर्षिया श्रम, वानक-वानिका-মহলেও তাহা অজ্ঞাত রহিল না। সুহা-সিকে হুইতিনবার দেখিয়া তিনি তাহার পরিচয় গ্রহণ করিয়াছিলেন বটে, কিন্ত পিতার নিষেধবশত বালিকা সম্মুখে বড় আসিত না, দূরে থাকিয়া এবং অন্ত হত্তে শুনিয়া শুনিয়া সে তাঁর ভাবভঙ্গী ও গল্পজ্জবের আখ্যানবস্ত যথাসাধ্য হৃদয়-अभ कतियाष्ट्रिण। इंशत करण वालक-বালিকা-মহলে দিনকতক চৌধুরাণীকে লক্ষ্য করিয়া নৃতন রকমের খেলা ও व्यानत्मत्र पृष्टि इटेन धवः वना वाहना, ছষ্ট মেয়ে স্থহাসি তাঁহাকে যেমন নকল করিতে পারিত, আর কেহ তেমন নয়। ত্র্ভাগ্যক্রমে চৌধুরীমহাশয়দের আগমনের ১০।১২ দিন পরে দশাশ্বমেধ-ঘাটে সমবেত স্বান্যাত্রী ছেলেমেয়েদের ভিতর স্কুহাসি যথন .চৌধুরাণীর অভিনয় পূর্ণমাত্রায় করিয়া দকলকে হাদাইয়া হাদাইয়া পাগল করিতে-हिन. अपः टेष्टामग्री सानार्थ मननवरन ষেখানে উপনীত হইয়া স্বকর্ণে তাহার কভক-কতক গুনিলেন। স্বামীর অসুকৃদ্ধ হইয়া তিনি যাহাকে পুত্রবধূ করি-বেন ভাবিতেছিলেন, তাহার মুথে নিজের এইরপ ঝাখান, গুনিয়া তিনি রোযে-

অভিমানে অলিয়া গেলেন। ভার পর লানা
ওছিলায় প্রতিবেশিনীদের সক্ষে প্রকাশ
কলহ করিয়া স্বামীর দার্ঘকাল কাশীবাদের
সক্ষর উড়াইয়া দিলেন। কাজেই পক্ষমধ্যে
পত্নীবংসল ভবানীচরণকে কলিকাতায় ফিরিয়া
আসিতে হইল। ছেলে ষোড়শীচরণের সঙ্গে
স্থহাসির বিবাহের কথা তিনি আর গৃহিণীর
কাছে পাড়িতে পারিলেন না।

(0)

এই সম্বন্ধটির উপর রায়মহাশয় পূর্ণ মাত্রায় নির্ভর করিয়াছিলেন, কিন্তু কোন জবাব না দিয়া চৌধুরীমহাশয় অকন্মাৎ অন্তর্হিত হওয়ায় তিনি বুঝিলেন, বিবাহ ঘটিবার নহে। ভিতরের কথা কিছু জানিতে না পারায় তিনি বড় ব্রিয়মাণ হইলেন।

চৌধুরীমহাশয়দের কাশাত্যাগের সপ্তাই-থানেক পরে ডাকযোগে নৃতন একটি সম্বন্ধ আপনা-আপনি আসিয়া উপস্থিত হইল। পাত্রের পিতা অনেকদিন পাবনা-জেলায় ডেপুটি ইন্ম্পেক্টারি করিয়া পেন্শন্ লাভ করিয়াছেন এবং তাঁর পুত্রটি রসায়ন-বিজ্ঞানে এম্.-এ. পাদ্ কবিয়া কোন-রূপ স্বাধীন জীবিকা-অর্জ্জনের চেষ্টা করিতে-ह्न। शिठा निथियाह्न,-- "वना वाह्ना, রসায়নশাস্ত্রে পারদর্শিতা আমার পুত্র লাভ করিয়াই নিশ্চিম্ত নহে, অন্তান্ত বিজ্ঞানেও তাহার দৃষ্টি আছে। দেকালের हेश्द्रकीनविश **आगता, नकनहे युक्ति**त চক্ষে দেখিতাম; কিন্তু আমার পুত্র গিরিকা সম্ভব-অসম্ভব সকল বিষয়েই যেরূপ গৱে-যণার সহিত অমুবন্ধ করিয়াছে, ভাহাকে বিজ্ঞানই বেলুন, কি ভক্তিতবই বলুন,—

কৰিবর সেক্ষপীয়রের সেই চরণ-হটি মনে করিয়া বিশতে হর, 'বে নামেই ডাক, অন্য নামে গোলাপের স্থবাস সমান!' এই সকল মৌলিক তত্ত্ব আবিষ্কার করিয়া সে স্বাধীন জীবিকার পথ খুলিতে চাহে। কিন্তু তাহাতে মূলধনের দরকার। আমার তত সঞ্চয় নাই। ভূনিলাম, মহাশয়ের কন্যাটিমাত্র সম্বল এবং বিষয়সম্পত্তি জামাতারই প্রাপ্য। সেইজন্য ছেলেটি মহাশয়ের হত্তে সমর্পন করিয়া আমিও কাশাবাসী হইব, মনে করিয়াছি।"

"পুনশ্চ।—মেরেটির জন্মপত্রিকার নকল
ও দৈর্ঘোর পরিমাণ ফেরৎ ডাকে পাঠাইতে
পারিবেন কি ? আমার পুত্রটি একটু-একটু
ফলিত জ্যোতিষের আলোচনা করিতেছে—
আশ্চর্যা তাহার মেধা। মহাশর একটু
সত্তর হইবেন। নানা স্থান হইতে সম্বন্ধ
আদিতেছে।"

শশাদ্ধশেথর এরপ গুণবান্ পাত্রকে হাতছাড়া করা কর্ত্তব্য বোধ করিলেন না। ফেরৎ ডাকে রেজেন্টারি চিঠিতে তিনি কন্যার জন্মপত্রিকা। প্রভৃতি পাঠাইয়া দিলেন এবং প্রস্তাব করিলেন, ভাবী বৈবা-হিক-মহাশয় যদি সপুত্র তাঁর মেয়েটিকে দেখিতে চান, কাশাধামে তাঁহাদের যা গায়াতের বায়ভার তিনি বহন করিতে প্রস্তুত্ত আছেন। যথাসময়ে উত্তর আসিল যে, বড় গরম পড়িয়া গাইতে সাহস করেন না। অথচ মেয়েটিকে দেখারও একবার দরকার। পাত্রের মাতা সেজনা বড় বাস্ত হইয়াছেন। রায়মহাশয়ের পকে বৈশাথের শেষে কি জ্যের প্রথমে স্বদেশে আসা কি ভেমন

কষ্টকর হইবে ? প্রত্যুত্তরে শশাহ্দেথর লিখিলেন, জৈটিমাসে তিনি, বেমন করিয়াই হউক, দেশে ফিরিবেন।

(8)

রায়মহাশয় যথাসময়ে জন্মভূমিতে প্রভ্যা গমন করিয়া গুনিলেন, ডেপুটি ইনুম্পেক্টর বিধুভূষণবাবু কলিকাতার কোন ধনিগৃছে পুত্রের সম্বন্ধ স্থির করিয়া ফেলিয়াছেন। সভ্যাসভানিদ্ধারণ জন্য বিধুভূষণবাবুকে পত্র निथिया मश्रीर পরে যে জবাব পাইলেন, তাহার অর্থ এইরূপ:--"মহাশ্রের সংবাদ-माजा ठिक कथारे विवाहित। ১७३ **दे**कार्छ আপনার পৌছানর কথা ছিল, কিন্তু ১৭ই মধ্যাহ্ন পর্যন্তে যথন কোন থবর পাইলাম না, আমি ভাবিলাম কি, যে দূরপথ, মহাশয় হয় ত কোন সন্ধটে প'ডিয়াছেন। তাহা ছাড়া আপনার কন্যাটি এগার-বছরে পড়ি-য়াছে, কিন্তু আমার পুত্র বলেন যে, আর্ঘ্য-জাতি যে নবমবর্ষে গৌরীদানের বাবস্থা করিয়াছিলেন, তাহাই বিজ্ঞানসম্মত। কলিকাতার মেয়েটি সাড়ে-দশ বৎসরের বটে, কিন্ত তথাপি ছয়-মাদের ছোট। মহাশয়কে অস্থবিধায় পড়িতে দেখিয়া আমি আমার পুত্র, উভয়েই বাস্তবিক বড় ছঃখিত. কিন্তু হঃথপ্রকাশ ছাড়া আমরা আর কি করিতে পারি ?" শশাস্কশেথর অবশ্য বুঝিতে পারিলেন, ভিতরের কথাটা কি ? খাস বাংলায় নিত্য নৃতন অনেক পরিবর্তনের কথা কাশীধানে থাকিয়া তিনি শুনিতে পাইতেছিলেন, কিন্তু ছয়-বছরের ভিতর वकीय नमाकवसन এতটা निशित इटेब्राटक, ইহা তিনি জানিতেন না। 🐇 🚈

যাহা হউক, তার বাড়ী আসার পর ক্রার দৌন্দর্যখ্যাতিগুণে অথবা তদীয় গৈতৃক বিষয়টুকুর লোভে রোজ-রোজ নৃতন নৃতন সম্বন্ধ আসিতে লাগিল। তাহাতে আর কিছু না হউক, রায়মহাশয়ের গৃহে মিষ্টাল্ল-থরচটা বড়ই বাডিয়া গেল। কখন কে দেখিতে আসিবে, এইরূপ অনি-শ্চয়তার স্থহাসিকে সর্বাদা প্রায় সাজিয়া গুলিয়া থাকিতে হইত। কাজেই তাহার খুটিং থেলায় এবং দৌড়াদৌড়ি কি সাঁতার-काष्ट्रांत्र शृद्धतंत (प्र श्राष्ट्रका) तिहल ना। মহাসি তিক্ত-বিরক্ত হইয়া বাপের কাছে (थां धतिन. একবার সে মামার বাড়ী যাইবে। কেন না, তাহার সন্নিহিত কালিকা-পুর-প্রামে রথের বড় ধুম, ইহা সকলের মুখেই শুনা যাইতেছিল।

(()

বাস্তবিক কালিকাপুরে রথের বড় ধুম।
পদ্মা-যমুনার সঙ্গমন্থলে প্রকাশু বট এবং
অব্ধ বৃক্ষরাজির চারিদিকে ক্রোশবাপী
শ্রামল ক্ষেত্র 'রথতলা' নামে পরিচিত।
আবাঢ়ের প্রথমে আকাশে নবীন জলদরাজি
সঞ্চিত হওয়ার সঙ্গে সঙ্গে প্রতিবংসর এথানে
উৎসব আরম্ভ হইয়া থাকে। বেশার ভাগ
এবার ত্র্গাপুরের জমিদার ভবানীচরণবাব্
নীলামে কালিকাপুরের দশ-আনা থরিদ
করায়, এইথানেই পুণ্যাহ করিবেন, স্থির
করিয়াছেন। যমুনার অনতিদ্রে নবীন
ক্রিয়াছেন। যমুনার মনতিদ্রে নবীন
ক্রিয়াছেন। যমুনার মনতিদ্রে নবীন
ক্রিয়াছেন। যমুনার মনতিদ্রে নবীন
ক্রিয়াছেন ইয়াছের ক্রিবাছা ও
আক্রেসবাজির ব্যবস্থা হইয়াছের কলিকাতা
ছইতে থিয়েটার আদিবের ক্রন্ব এইয়প।

ছই দিন হইন, শশান্তশেষৰ ক্লাটিকেন্ট্রন বিভাগ বিধান হুলাপুরে আনিবাছেন। বিধানে আকর্ষণের বড়-কিছু লোকিক-চক্ষে ছিল না, কিন্তু তাহা হইলে কি হর, তাহার প্রত্যেক ধূলিকণায় তাহার সাধনী পত্নীর স্থতিমাহ জড়িত ছিল। অন্তিমশ্যায় শরানা গৃহিণীর অন্তর্নাধে ছ্র্গাপুরের যম্না-তীরে বহুতে চিতারচনা করিয়া প্রেমমন্ত্রীর সঙ্গে তিনি নিজের সকল স্থশান্তি চিরতরে বিসর্জন দিয়া গিয়াছিলেন। আজ প্রায় ছয়বংসর পরে প্রীতির সে সমাধি-মন্দিরে উপস্থিত হইয়া শোকে তিনি মৃত্যান হইলেন

রণের দিন প্রভাতে ঘনকৃষ্ণ মেঘ্জালে পদ্মা-ধ্যুনার নৃতন জলধারা ছায়াদ্ধকার-পরিব্যাপ্ত হইয়াছে। রথতলার জনস্রোতের বিরাম-বিশ্রাম নাই এবং তাহার কল্লোল তটপ্লাবিদ্যুদগর্জনবং বহুদ্র পর্যাপ্ত প্রহত হইতেছিল। শুনিয়া স্থাদি রথ দেখিবার জন্ম অস্থির হইয়া উঠিল। শশাক্ষণেধরের শরীর ও মন ভাল ছিল না, তিনি শ্রালক উমাচরণের উপর ছেলেমেয়েদের রথ দেখাইবার ভার দিয়া নির্জ্জনে শ্রীমন্তাপবত-পাঠে চিত্ত সমাহিত করিলেন।

কিন্তু স্থহাসির। কালিকাপুরে চলিয়া গেলে রামমহাশ্য কিছু বিমনা হইলেন। সর্বাদা কভাকে কাছে-কাছে রাথিয়া তিনি তাহাকে আর ক্ষণমাত্রের জন্ত চক্ষের আড় করিতে পারিতেন না। স্থাসি রথতলায় পৌছিতে না পৌছিতে তিনি স্নানোদেশে বাহির হইলেন এবং ব্যুনাভটে সহধর্মিণীর চিতাস্থানে উপ-বেশন করিয়া মঞ্রাধিসর্জন করিতে লাগিলৈন।

্র এদিকে মাতুল উমাচরণ রথতলায় পৌছিতে না পৌছিতে স্থাসিকে লইয়া বাভিনাত হইয়া পড়িলেন। সে ইহারই ভিতর বিস্তর ভেঁপু ও থাবার কিনিয়া মার্মাতো ভাই বোনদের মধ্যে বিতরণপূর্বক अवभिष्ठे गंतिवद्वःशीरमतः (ছटलरमत मिवात क्क ठाँबिंमिरकं ছूটिश विष्हेरिट्ट । काट्स्ट মাতৃলকে গলদগর্ম হইয়া চঞ্চলা ভাগিনেয়ীর অহুসরণ করিতে হইতেছিল। মণিহারীর দোকানগুলোর দিকেই সুহাসির বেশা ঝোঁক। কেন না, পাড়াগাঁয়ের বধূ ও কন্সারা रयक्राप्य भूथ विक हे कतिया दिन श्यांति हु डि ও শাঁথা পরিবার যন্ত্রণা সহু করিতেছিল, তেমন দুখ্য ইতিপুর্বে সে আর কখন দেখে নাই। দেখিয়া দেখিয়া তাহার ভারি হাসি পাইতেছিল এবং কাশাতে ফিরিয়া কেমন তাহার থেলার সাথীদের সে অভিনয় দেখাটবে ভাবিতে তাহার আনন্দের সীমা किल ना।

বেলা প্রহর উত্তীর্ণ হইলে পুরাতন জমিদারগৃহ হইতে লক্ষ্মীনারায়ণবিগ্রহ মহাধুমধামে আলীত হইয়া রণে অধিষ্ঠিত হইলেন। কিছুক্ষণ পরে রথটানা স্থক হইল।
"জন্ম জগনাগ" রবে আকাশ-প্রান্তর নদীবক্ষ
কম্পিত করিয়া সহল্র সহল্র নরনারী রথরশ্মি আকর্ষণ করিয়া চলিল। ঘোর ঘর্ষরধ্বনি জাগ্রত করিয়া রথচক্রসকল আবর্ত্তিত
হইতে লাগিল। কিন্তু সহল্রহন্তপরিমিত
স্থান অতিক্রম করিতে না করিতে পুলিসের
আদিশে রপের গতিবন্ধ হইয়া গেল। স্থহাসি
মার্কুলের নিষেধ অগ্রাহ্ম করিয়া রথটানায়
বোগ দিয়াছিল। সহসা রথটলা বন্ধ হওয়ায়

তাহার কোতের সীমা রহিল না। ক্রটেবল-দের লক্য করিয়া নিউল্লেসে বলিয়া উঠিল, "মর, পোড়ারমুখো মিন্সেরা।"

মধ্যাহে দহদা পশ্চিম গগনপ্রাস্ত আছোঁদিত করিয়া কালো মেঘ ঘনীভূত হইয়া
উঠিল। দকে দকে প্রবল ঝড় দেখা দিল।
রথের দিনে বৃষ্টিপাতের জন্ম সচরাচর লোকে
প্রস্তুত থাকে, কিন্তু এরপ প্রবল বাত্যা বড় দেখা যায় না। জনস্রোত ছিন্ন-বিচ্ছিন্ন হইয়া
গ্রামাভিমুধে ছুটিয়া চলিল।

উমাচরণ ছোট একথানি পান্দী করিয়া স্থাসিদের রথ দেখাইতে আনিয়াছিলেন। ক্দুননী যমুনার তীরে অখথবটের ছায়ামিগ্ধ একটু নির্জ্জন স্থান ছিল, বড় ও বৃষ্টির প্রাক্-কালে নিরাপদ্ জানিয়া সেইখানে তাঁহারা নৌকা লইয়া গেলেন।

ঝড় উঠিবার সময় কেহ লক্ষ্য করিয়া দেখে নাই যে, পদাগর্জে একথানি সভ্যারি নৌকা বেগে রথতলার দিকে অগ্রসর হইতেছিল। মাঝিমালারা প্রাণপণ যত্ত্বে নৌকা যমুনার মোহানায় আনিয়া কেলিয়াছে, এমন সময় একটা দম্কা বাতাস আসিয়া উহাকে একেবারে উণ্টাইয়া দিল। মন্দীভূত জনপ্রোতের ভিতর সকলেই আপন-আপন প্রাণ লইয়া ব্যস্ত, বিপন্ন নৌষাত্রীদের উদ্ধার করিবার কেহ ছিল না।

(9)

শশাহ্বশেষর রায় প্রায় সমন্তদিন প্রাণা-ধিকা কন্তাকে না দেখিয়া অন্থির ইইয়া উঠিলেন। কিছুতে মনঃস্থির করিতে না পারিয়া ঝড়বৃষ্টির পুর্বেই পদরকে তিনি রথতলাভিমুথে অগ্রসর ইইয়াছিলেন তিবং ৰিপর নৌকাথানি জলমগ্ন হওয়ার সঙ্গে সজে পল্লা-যামুনার সঙ্গমস্থলে উপনীত হইলেন।

তথন পদ্মার ভয়স্কর অবস্থা। ক্রিয়া, ফুলিয়া, গর্জ্জিয়া রাক্ষণীর মত সে কড়ের সহিত গুঝিতেছিল। সেই অবস্থায় রাষ্মহাশন্ত্র সহশাদ্র মত কেহ সন্তরণ করিয়া যমুনার তীরাভিম্থে অগ্রসর হইতেছে—পশ্চাতে অদ্রে অর্জনিমজ্জিত মনুষ্যদেহ, কঠে সে বালিকার অঞ্চল ধরিয়া ভাসিয়া আসিতেছে।

শশাক্ষশেথর নিজের চক্ষকে বিশাদ করিতে পারিতেছিলেন না। ইহা কি সম্ভব যে, উমাচরণ বালক-বালিকা সহ জলমগ্ন হই মাছে 📍 এই সময়ে ঝড়বৃষ্টির বেগ কথঞিৎ মন্দীভূত হইতেছিল। তিনি ছুটিয়া গিয়া দেখিলেন, তাঁহার সম্তরণপটু ক্লা নিম-জ্জনোনুথ মূর্ত্তিমৎস্কলবীরতুলা যুবকের প্রাণরক। করিয়া নির্বিলে তারে উত্তার্ণ হইয়াছে। সুহাসি আদ্রকেশ ও আর্ডবন্ত্রে পিতার চক্ষে মৃর্ত্তিমতী উনারাণীর মত প্রতি-ভাত হইতেছিল। বাণকে দেখিয়া প্রথমত সে একটু অপ্রতিভ হইল। তার পর হাসিয়া উঠिशा विनन, "वावा, मामारक नूकिरय নৌকোর জান্লা দিয়ে কেমন পালিয়েচি দেখ, এখনও হয় ত তিনি জান্তে পারেন নি । ভাল করিচি কি না, তুমিই বল ত वावा ! प्रथ्नूम এकथाना नोटका पुरव राग, किछ प्रकृत्य कांक्र मात्रा श्ला ना,-মাসারও নয়। একটুর জ্যে বামুনের ছেলেটি মারা যেতে বদেছিল আর কি !" শশান্ধশেথর দেখিলেন, যুবকের গলদেশে উপবাত জড়িত। সঙ্গেহে সজ্লনেত্রে কন্তাকে বুকের কাছে

টানিয়া আনিয়া তিনি যুবক্টিকে ভাল করিয়া দেখিতে লাগিলেন। চিনিতেঁ দেরি হটল না। পিতার কঠে "কেও ষোড়শী-চরণ" উচ্চারিত হইবামাত্র স্থাসি ছুটিয়া পলাইল। তথন তার ভারি লজ্জা হইয়া-ছিল। কেন না, চৌধুরাণীর কাশাত্যাগের পর এই নাম অনেকবার সে শুনিয়াছিল।

ষোড় নাচরণ সম্ভরণে একান্ত অপটু নহে। কিন্তু বালিকার অঞ্চলসাহায় বাতীত পদ্মাগর্ভ হইতে দে-দিন তার বাঁচিয়া আসার সম্ভাবনা ছিল না। কথঞ্চিৎ স্বস্থ্ হটয়া সে শশাক্ষণেথরের পদধূলি গ্রহণ করিল। প্রাণদাত্রী বালিকার প্রতি ক্রভক্ত-তায় তাহার সদয় ভরিয়া গিয়াছিল, কিন্তু মুখে কিছু বলিতে পারিল না।

রায়মহাশয় বোড় নাঁচরণকে কাছারিবাড়ীতে পৌঁছাইয়। দিলেন। পুত্রের প্রাণরক্ষার থবর পাইয়া ভবানীচরণবাবু সন্ত্রীক
বাটা হইতে ছুটিয়া আদিলেন। সকল
শুনিয়া ভাঁহারা শশাঙ্গপেথরের নিকট উপস্থিত হইলেন। চৌধুরাণী মহাশয়ার আদরচুম্বনে স্থহাসির কোমল গগু লাল হইয়া
উঠিল। হাসিয়া-কাঁদিয়া সেই পুণ্যাহ বাদরেই তিনি স্থহাসির সঙ্গে ষোড়শীচরণের
বিবাহ দিবেন, স্থির করিলেন।

তার পর ষোড়শাচরণ চিরদিনের মত স্থাসিনীর আঁচলে বাঁধা পড়িয়াছেন।
শাশুড়ীর বড় আনর এবং সেহের বউ হইশেও, স্থাসি মুখ ড়লিয়া কখন তাঁথার সঙ্গে
কথা কহিতে পারে না। "চৌধুরাণীর বউ"
বলিলে তার লজ্জা এবং অভিমানের সীমা
থাকে না।

वञ्चमर्भन ।

বাজে কথা।

অন্য ধরতের চেয়ে বাজে থরতেই মানুষকে মণার্থ চেনা গায়। কারণ, মানুষ বায় করে বাধা নিয়ম অনুসাবে, অপবায় করে নিজের ধেয়ালে।

বেমন বাজে থরচ, তেমনি বাজে কথা।
নাজে কথাতেই মানুষ আপনাকে ধরা দেয়।
উপদেশের কথা যে রাস্তা দিয়া চলে, মনুর
আমল হইতে তাহা বাধা, কাজের কথা
যে পথে আপনার গো-যান টানিয়া আনে,
সে পথ কেজো সম্প্রদারের পায়ে পায়ে তৃণপুষ্পাশূন্ত চিহ্নিত হইয়া গেছে। বাজে কথা
নিজের মত করিয়াই বলিতে হয়।

এইজন্ম চাণকা ব্যক্তিবিশেষকে যে একেবারেই চুপ করিয়া যাইতে বলিয়াছেন, সেই কঠোর বিধানের কিছু পরিবর্ত্তন করা যাইতে পারে; আমাদের বিবেচনায় চাণকাক্থিত উক্ত ভদলোক 'তাবচ্চ শোভতে' যাবং তিনি উচ্চ অক্সের কথা বলেন, যাবং তিনি আবহমান কালের পরীক্ষিত সর্বজনবিদিত সত্য ঘোষণায় প্রবৃত্ত থাকেন—কিন্তু তথনি তাহার বিপদ্, যথনি তিনি সহজ্ব কথা নিজের ভাষায় বলিবার চেষ্টা করেন।

বে লোক একটা বলিবার বিশেষ কথা না থাকিলে কোন কথাই বলিতে পারে না; হয় বেদবাকা বলে, নয় চুপ করিয়া পাকে; ধে চতুরানন, ভাহার কুটুছিতা, ভাহার সাহচ্যা, তাহার প্রতিবেশ—

শিরদি মালিথ, মালিথ, মালিথ।
কবি বরকচির যে শ্লোক হইতে আমার।
উপরের প্যারাগ্রাফে একটা ছত্র উদ্ভূত করিয়াছি, তাহার তাৎপর্য্য কিছু স্বৃতন্ত্র।
তিনি বলেন—

ইতরপাপফলানি যথেচছ্য়।
বিতর তানি সহে চত্রানন

থলসিকেসু রহস্তনিবেদনং
শিরসি মা লিথ মা লিপ মা লিপ '
চত্রানন, পাপের ফল
যেমন খুসি তব
বিতর মোরে সকলি আমি
যে করে হোক স ব;
মিনতি তুর্— অরসিকেরে
রসের নিবেদন
লিখো না ওগো লিপো না ভালে
লিখো না সে বেদন!
আমরা পুর্বে বলিয়াছি, রহস্তকথা অর্গাৎ
নিভান্ত আপনার কথা, মর্শের কথা, ধদি

শ্রেণীবিশেষের লোক বলিবার চেষ্টা করে, তবে বিপদে পড়ে। তাহার উপর বররুচি বলিতেছেন, উক্ত শ্রেণীবিশেষের কাছে যে হতভাগ্য রহস্থকথা বলিতে চেটা করে, তাহারো সমূহ বিপদ্!

অতএব সবটা মিলাইয়া মোট এই
দাঁড়াইভেছে, কাজের কণা—উচ্চ কথা শ্রেণীনির্ক্ষিচারে ব্যবহার হইতে পারে—কিন্তু
নিজের কণার, মনের কথার, সম্পূর্ণ বাজে
কণার বিক্তা শ্রোতা চ হ্রল্ডঃ।'

বক্তা হুর্লভ কেন ? নিজের কথা—বাজে কথা ত কাহাকেও সংগ্রহ করিয়া আনিতে হয় না! সেইজগ্রই হুর্লভ, তাহা সহজ বলিয়াই শক্ত।

বাজে খরচের সঙ্গে বাজে কণার আমরা তুলনা দিয়াছি, সেই তুলনাটি শেষ করিয়া ফেলি।

ব্নিয়াদী বংশের ধনী যথন হাল
ফেশানের বড়মানুষীর দারা প্রতিষ্ঠালাভ
করিতে চায়, তথন বাজে থরচ লইয়াই
তাহার মুক্ষিল। দেশে তাহার পৈতৃক
অতিথিশালা, দেবালয় আছে, তাহার
আশ্রেতবর্গের দস্তরবাধা মাসহারা বরাদ
আছে, তাহার থরচের অন্ত নাই। কিন্তু
এ সকল থরচের জন্ত কপনো তাহাকে চিন্তা
করিতে হয় নাই। ইহার জন্ত তাহার
করিতে হয় নাই। ইহার জন্ত তাহার
করিতে হয় নাই। ইহার জন্ত তাহার
করিতে বাদয়া, তাহার মস্তিক্ষ বা হৃদয়ের

কিন্তু সেই সকল মামূলি ধরচ হইতে সহ-ব্লের বাব্লে থরচের মধ্যে আসিয়া পড়িলেই তাহার ভিতরকার পদার্থ বা পদার্থের অভাব আর ঢাকা থাকে না। হয় ত, তাহার

निष्कत कि कि, मि कारन ना,--- मि कित উপরে নির্ভর করিতে তাহার সাইস হয় না,—ভয় হয় পাছে সে বথার্থ যাহা, তাহাই धता পড़ে। मেই ভীরু, ম্যাকিণ্টশ্বার্-ল্যাজা-রদ্ব্যাম্জের হাতে একাগুভাবে আত্মদমর্পণ করে। তাহার প্রাসাদে ভিন্ন ভিন্ন দোকানী-পরিচয় পাওয়া যায়, কিন্তু স্বয়ং প্রাসাদের অধীশ্বর সেই সকল দ্রবাজাতের মধ্যে দীনভাবে বিলুপ্ত হইয়া নিজের চেয়ে নিজের ঐশ্বর্গাকে আডম্বরের সহিত ঘোষণা वारक थत्रह, यांश विरमयत्रत्थ সম্পূর্ণ নিজের হওয়া উচিত ছিল, তাহাই বিশেষরূপে সম্পূর্ণ পরের আয়ত্ত হওয়ার অগৌরব যে কি, সেই বোধটুকু পর্যান্ত যাহার নাই, কৌতৃকপ্রিয় চতুরানন অধি-কাংশস্থলে তাহারই হস্তে বাজে থরচ করি-বার সামর্থ্য দিয়া তাহাকে অপদস্থ করেন।

বাজে কথা সেইরপ নিজের কথা।
তাহা বিলাতি বা দিশি দোকান হইতে
বাঁধিবৃলির আকারে কিনিয়া চালাইবার
উপক্রম করিলেই যে দৈন্ত চাপা দিবার চেষ্টা
করা হয়, সেই দৈন্তই বাহির হইয়া পড়ে।
হাসিকানার কথা, ভালমন্দলাগার কথা,
হৃদয়ের থিড়কিছ্য়ারের কথা, মনের থাস্মহলের কথা,—এ সকল, যে ব্যক্তি নিজে
বলিতে পারে, সেই যেন বলে; অন্ত সকলে
বিশ্বনান প্রেম, বাণিজ্যব্যবসায়ের উপকারিতা, ভারত-উদ্ধারের উপায় প্রভৃতি
সহস্র বিষয়ের আলোচনা করিতে পারেন।
আজকালকার বিলাতি মাসিকপ্রগুলি
খুলিয়া দেখিলেই, অরসিকের আলোচ্য
বিষয় যে কড়শত আছে, তাহার আশাজনক

বৃহৎ তালিক। অনায়াদে সংগৃহীত হইতে পারিবে^{*}।

পৃথিবীতে জিনিষমাত্রই প্রকাশ্ধর্মী নয়।
কয়লা আগুন না পাইলে জলে না, ফটিক
অকারণে ঝক্ঝক্ করে। কয়লায় বিস্তর
কল চলে, ফটিক হার ,গাথিয়া প্রিয়জনের
গলায় পরাইবার জন্ত। কয়লা আবশুক,
ফটিক মুল্যবান।

এক একটি চুল ভ মানুষ এইরূপ ফটি-কের মত অকারণ ঝল্মল্ করিতে পারে। সে সহজেই আপনাকে প্রকাশ থাকে—তাহার কোন বিশেষ উপলক্ষ্যের আবশুক হয় না। তাহার নিকট হইতে কোন বিশেষ প্রয়োজন সিদ্ধ করিয়া লইবার গ্রন্থ কাহারো থাকে না- সে অনায়াসে আপনাকে আপনি দেদীপ্যমান করে, ইহা দেখিয়াই আনন্দ। মানুষ, প্রকাশ এড ভালবাদে, আলোক তাহার এত প্রিয় যে, আবশুককে বিদৰ্জন দিয়া, পেটের অন্ন ফেলিয়াও উজ্জ্লতার জ্বন্ত লালায়িত হইয়া উঠে। এই গুণটি দেখিলে, মানুষ যে পতঙ্গ-শ্রেষ্ঠ, সে সম্বন্ধে সন্দেহ থাকে না। উজ্জ্বল চক্ষু দেথিয়া যে জাতি অকারণে প্রাণ দিতে পারে, তাহার পরিচয় বিস্তারিত করিয়া দেওয়া বাছল্য।

কিন্তু সকলেই পতক্ষের ডানা লইয়া জনায় নাই। জ্যোতির মোহ সকলের নাই। অনেকেই বৃদ্ধিমান্, বিবেচক। গুহা দেখিলে তাঁহারা গভীরতার মধ্যে তলাইতে চেষ্টা করেন, কিন্তু আলো দেখিলে উপরে উড়িবার ব্যর্থ উছ্তমমাত্রও করেন্না। কাব্য দেখিলে ইহারা প্রশ্ন করেন ইহার মধ্যে লাভ করিবার বিষয় কি আছে, গল্প শুনিলে অপ্টাদশ সংহিতার সহিত মিলাইরা ইহারা ভূয়সী, গবেষণার সহিত বিশুদ্ধ হিন্দুমতে হয়ো বা বাহবা দিবার জন্ম প্রস্তুত হইয়া বসেন। যাহা অকারণ, যাহা অনাবশুক, তাহার প্রতি ইহাদের কোন লোভ নাই।

যাহারা আলোক-উপাসক, তাহারা এই সম্প্রদায়ের প্রতি অনুরাগ প্রকাশ করে নাই। তাহারা ইঁহাদিগকে যে সকল নামে অভি-হিত করিয়াছে, আমরা তাহার অমুমোদন করি না। বরক্চি ইহাদিগকে অর্সিক বলিয়াছেন, আমাদের মতে ইহা ক্রচিগহিত। আমরা ইহাদিগকে যাহা মনে করি, ভাহা মনেই রাথিয়া দিই। কিন্তু প্রাচীনেরা মুখ সাম্লাইয়া কথা কহিতেন না—তাহার পরি-চয় একটি সংস্কৃতশ্লোকে পাই। ইহাতে বলা হইতেছে, সিংহনথরের দ্বারা উৎপাটিত একটি গজমুক্তা বনের মধ্যে পড়িয়াছিল, কোন ভীলরমণী দূর হইতে দেখিয়া ছুটিয়া গিয়া তাহা তুলিয়া লইল – যথন টিপিয়া দেখিল তাহা পাকা কুল নহে, তাহা মুক্তা-মাত্র, তথন দূরে ছুঁড়িয়া ফেলিল। স্পষ্টই বুঝা যাইতেছে, প্রয়োজনীয়তা-বিবেচনায় গাঁহারা সকল জিনিযের মূল্যনিদ্ধারণ করেন, শুদ্ধমাত্র সৌন্দর্য্য ও উজ্জ্বলতার বিকাশ যাঁহা-দিগকে লেশমাত্র বিচলিত করিতে পারে না. কবি বর্কারনারীর সহিত তাঁহাদের তুলনা দিতেছেন। আমাদের বিবেচনায় কবি ইঁহা-দের সম্বন্ধে নীরব থাকিলেই ভাল করিতেন— কারণ, ইঁহারা ক্ষমতাশালী লোক, বিশেষত, সমালোচনার ভার প্রায় ইহানেরই হাতে। ইহারা গুরুমহাশয়ের কাজ করেন। বাঁহারা

সরস্বতীর কাব্যকমলবনে বাস করেন, তাঁহারা তটবর্ত্তী বেত্রবনবাদীদিগকে উদ্বে-শ্বিত না করুন, এই আমার প্রার্থনা।

সাহিত্যের যথার্থ বাজে রচনাগুলি কোনো
বিশেষ কথা বলিবার স্পর্দ্ধারাথে না। সংস্কৃতসাহিত্যে মেবদ্ত তাহার উজ্জ্বল দৃষ্টান্ত।
তাহা ধর্মের কথা নহে, কর্মের কথা নহে,
পুরাণ নহে, ইতিহাস নহে। যে অবস্থার
মান্থ্যের চেতন-অচেতনের বিচার লোপ
পাইয়া যায়, ইহা সেই অবস্থার প্রলাপ।
ইহাকে যদি কেহ বদরীফল মনে করিয়া
পেট ভরাইবার আশ্বাসে তুলিয়া লন, তবে
তথনি ফেলিয়া দিবেন। ইহাতে প্রয়োজনের
কথা কিছুই নাই। ইহা নিটোল মুক্তা, এবং
ইহাতে বিরহীর বিদীর্ণ হৃদ্যের রক্তচিহ্ন কিছু
লাগিয়াছে, কিন্তু সেটুকু মুছিয়া ফেলিলেও
ইহার মূল্য কমিবে না।

ইহার কোন উদ্দেশ্য নাই বলিয়াই এ কাবাথানি এমন স্বচ্চ, এমন উচ্ছল। ইহা একটি নায়াতরী;—কল্পনার হাওয়ায় ইহার সঞ্জল মেঘনিম্মিত পাল ফুলিয়া উঠিয়াছে এবং একটি বিরহী হৃদয়ের কামনা বহন করিয়া ইহা অবারিতবেগে একটি অপরপ নিরুদ্দেশের অভিমুথে ছুটিয়া চলিয়াছে— আর-কোন বোঝা ইহাতে নাই।

টেনিস্ন্ যে idle tears, যে অকারণ অশ্রবিন্দুর কথা বলিয়াছেন, মেঘদূত সেই বাজে
চোথের জলের কাব্য। এই কথা শুনিয়া
অনেকে আমার সঙ্গে তর্ক করিতে উদ্যত হইবেন। অনেকে বলিবেন, যক্ষ যথন প্রভূশাপে
তাহার প্রেয়সীর নিকট হইতে বিচ্ছিন্ন হইয়াছে, তথন মেঘদুতের অশ্রুধারাকে অকারণ

বলিতেছ কেন ? আমি তর্ক ুকরিতে চাই না — এ সকল কথার আমি কোন উর্ত্তর দিব না। আমি জোর করিয়া বলিতে পারি, ঐ যে যক্ষের নির্বাসন প্রভৃতি ব্যাপার, ও সম-छहे कालिमारमञ्ज वानारना-कावाज्ञहनात छ একটা উপলক্ষ্যমাত্র। ঐ ভারা বাঁধিয়া তিনি এই ইমারৎ গড়িয়াছেন-- এখন আমরা ঐ ভারাটা ফেলিয়া দিব। আসল কথা, "রম্যাণি বীক্ষা মধুরাংশ্চ নিশ্ম্য শব্দান্" মন অকারণ বিরহে বিকল হইয়া উঠে, কালি-দাস অন্তত্ত তাহা স্বীকার করিয়াছেন;— আষাতের প্রথমদিনে অকস্মাৎ বনমেঘের ঘটা দেখিলে আমাদের মনে এক স্টিছাড়া বিরুষ্ জাগিয়া উঠে, মেঘদুত সেই অকারণ বিরহের অমূলক প্রলাপ। তা যদি নাহইত, সেই মিলনলোকের যথার্থই যদি কোন উদ্দেশ থাকিত, তবে বিরহী মেঘকে ছাড়িয়া বিহাৎকে দৃত পাঠাইত। তবে পূর্কমেঘ এত রহিয়া-বসিয়া, এত ঘুরিয়া-ফিরিয়া, এত যুগীবন প্রফুল করিয়া, এত জনপদবধূর উৎক্ষিপ্ত দৃষ্টির কৃষ্ণ কটাক্ষপাত লুটিয়া লইয়া চলিত না। কবি কাব্যরচনা করিবার সময় একটু ছল করেন—সেই ছলটুকুর পর্দার আড়াল হইতে পাঠক তাঁহার আসল কথাটিকে অন্তঃ-পুরে দেখিয়া লইবেন, ইহাই তাঁহার উদ্দেশ্র। দেইজন্মই আমি যক্ষের গল্পটাকে ঠেলিয়া সরাইলাম-নিশ্চয় জানি,স্বর্গস্থ কবি তাঁহার অধম ভক্তকে সকৌতৃক স্নেহের সহিত ক্ষমা করিবেন।

কাব্য পড়িবার সময়েও যদি হিসাবের খাতা থোলা রাখিতেই হয়, যদি কি লাভ করিলাম, হাতে হাতে তাহার নিকাশ চুকাইয়া লইতেই হয়, তবে স্বীকার করিব মেঘদ্ত হইতে আমরা একটি তথ্যলাভ করিয়া বিশ্বয়ে পুলকিত হইয়াছি। সেটি এই বে, তথনো মান্ন্ৰ ছিল, এবং তথনো আযাঢ়ের প্রথম-দিন যথানিয়মে আসিত। এই তথ্যটি উপলিক করিলে নিজেকেই যুগে যুগান্তরে অমর বলিয়া মনে হয়। এই অমরত্বের আনক্ষরণর্ভী কোন উপদেশের বইয়ে—কাজের বইয়ে আমরা পাই না। ইহা নিতান্তই একটি বাজে কথামাত্র।

কিন্তু অসহিষ্ণু বরকটি যাহাদের প্রতি

অশিষ্ট বিশেষণ প্রয়োগ করিয়াছেন, তাঁহারা কি এরপ লাভকে লাভ বলিয়াই গণ্য করিবনেন গুইহাতে কি জ্ঞানের কোনো বিস্তার, দেশের কোনো উন্নতি ও চরিত্রের কোনো সংশোধন হইবে ? ইহাতে কি বছ্যত্রে রক্ষণীয় বাঙালি পাঠকের অনিষ্টের কোন আশদ্ধা নাই ? যাহা অকারণ, যাহা অনাবশুক, হে চতুরানন, তাহা রসের কাব্যে রসিকদের জ্ঞাই ঢাকা থাকুক্—যাহা আবশুক, যাহা হিতকর, ভাহার ঘোষণার বিরতি ও তাহার থরিদদারের অভাব হইবে না!

শকুন্তলা।

শেক্সপীয়রের টেম্পেষ্ট-নাটকের সহিত কালিদাদের শকুন্তলার তুলনা মনে সহজেই উদয় হইতে পারে। ইহাদের বাহ্য সাদৃগ্র এবং আন্তরিক অনৈক্য আলোচনা করিয়া দেখিবার বিষয়।

নির্জ্জনলালিতা মিরান্দার সহিত রাজকুমার ফাদ্দিনান্দের প্রণয় তাপসকুমারী
শকুন্তলার সহিত হ্যান্তের প্রণয়ের অন্তর্মণ ।
ঘটনাস্থলটিরও সাদৃগু আছে; এক পক্ষে
সমুদ্রবিষ্টিত দ্বীপ, অপর পক্ষে তপোবন।

এইরপে উভয়ের আখ্যানমূলে ঐক্য দেখিতে পাই, কিন্তু কাব্যরদের স্বাদ সম্পূর্ণ বিভিন্ন, তাহা পড়িলেই অনুভব করিতে পারি।

এই স্বাদ-জিনিষকে বিশ্লেষ কৃরিয়া দেখা কঠিন। 'ছোট-বড় কত কাব্যকলার অলক্ষ্য সমবারে এই স্বাদের সৃষ্টি হয়, তাহার রহন্ত পাঠকদের কাছে অগোচর থাকিয়া যায়। বর্ত্তমান প্রবন্ধে আমরা তাহা উদ্ঘাটনের স্পদ্ধা রাখিনা। সমালোচ্য হুইটি নাটক পরে পরে পাঠ করিয়া আমাদের মনে যে অরুভূতির উদয় হুইয়াছে, তাহাই বিবৃত করিবার চেষ্টা করিব।

সমালোচনা-ব্যবসায়ের অনেক দোষ আছে। কবি যাহা সমগ্রভাবে দেখাইরা থাকেন, সমালোচককে অনেকসময় তীহা থণ্ডথণ্ড করিয়া দেখাইতে হয়। অথচ কাব্যসম্বন্ধে এই স্বতোবিরোধী কথাটি বলা যাইতে পারে যে, অংশের সমষ্টিই সমগ্র নহে। ভাল কাব্যে সমগ্রটি তাহার অংশ-প্রত্যংশকে আছেন্ন করিয়া—অন্তর্হিত করিয়া ধেন একাকী বিরাজ করে। এইজন্ত খণ্ড

করিলে আসল জিনিষ্টিকে নষ্ট করা হয়। আমাদের সমালোচকেরা অনেকসময় নাটক-নভেল হইতে ভাহার নায়ক বা নায়িকাকে বিচ্ছিন্ন করিয়া লইয়া অত্যন্ত বিস্তারিত-ভাবে তাহাদের উৎকর্ধ-অপকর্ষ করিয়া থাকেন। আসামীকে কাঠগড়ার মধ্যে দাঁড় করাইয়া যে বিচার, সে বিচার কাব্যের নহে। তাহা রাজার বিচার, শাস্ত্রের বিচার, জ্ঞানের বিচার বা ধর্মনীতির বিচার হইতে পারে, কিন্তু সাহিত্যের বিচার নহে। কাব্যের নায়িকা, কে লজ্জা বেশি করিয়াছে বা কম করিয়াছে, কে আত্মত্যাগ বেশি দেখাইয়াছে বা কম দেখাইয়াছে, কাহার মুখের কথাগুলি চুনিয়া লইয়া বিভালয়ের নীতিবোধ হুইথও সঙ্কলিত হুইতে পারে এবং কাহার কথায় কেবল একথ গুমাত্র হয়, এ সমস্ত আলোচনা অধিকাংশস্থলেই অনর্থক। সমস্ত কাব্য তাহার দেশ-কাল-পাত্র লইয়া তাহার বাক্ত ও অনতিবাক্ত ভাবে, ভঙ্গীতে ও ভাষায় যে কথা মুখ্যত ও গোণত প্রকাশ করিতে গাকে, তাহাকে অবিচ্ছিন্নভাবে গ্রহণ করিতে পারিলে তবেই তাহার যথার্থ রসগ্রহণ করা হয়। শ্রেষ্ঠকাব্য, বিশেষত নাটক, অন্তঃপুর-বিশেষ,—সে আপনার গৌন্দর্যালক্ষীকে বার্হিরে আসিতে দেয় না।

আমি ত শকুস্তলাসম্বন্ধে ইহাই বিশেষকপে অকুভব করিয়া থাকি। শকুস্তলার
ছবিটি যে পটের উপর অঙ্কিত হইরাছে,
সে পট হইতে সেই চিত্রটিকে তুলিয়া লইবার চেষ্টামাত্র আমার মনে উদয় হয় না।
ইহা আঠা দিয়া জোড়া নহে, ইহা বিচিত্র

বর্ণের দ্বারা প্রতিফলিত। ইহাকে খুঁটিয়া তুলিলে ইহা কেবল রং, ইহাকে একত্রে দেখিলে ইহা ছবি।

একত্রে যথন দেখি, তথন ইহার শান্তি,
সৌলর্য্য ও পবিত্রতা অনির্বাচনীয়ভাবে
আমাদের মনকে , আবিষ্ট করে। তথন
অন্য কোন কাবোর সহিত ইহার তুলনা
করিবার প্রবৃত্তিই আমাদের মনে জনিতে
পারে না! কিন্তু যথন এ কথা বলি যে,
দেগা যাক শকুন্তলা ভাল কি মিরান্দা ভাল,
তথন আমরা কাব্যের ধনকে কাব্যের অধিকার হইতে বাহির করিয়া আনি। কারণ,
শক্ত্রলা ত অভিজ্ঞানশকুন্তল-কাব্য নহে,
সে ত কাব্যের উপাদানমাত্র। স্বতন্ত্র করিয়া
দেখিলে তাহার ভালমন্দের আদর্শন্ত স্বতন্ত্র
হইরা দাঁড়ায়। কাব্যের ভিতরে তাহার যে
শ্রেষ্ঠন্ত, কাব্যের বাহিরে তাহার সে শ্রেষ্ঠন্ত
কোগার ?

এইজন্ম য়ুরোপের কবিকুলগুরু গেটে একটিনাত্র শ্লোকে শকুন্তলার সমালোচনা লিথিয়াছেন, তিনি কাব্যকে খণ্ডখণ্ড,বিচ্ছিন্ন করেন নাই। তাঁহার শ্লোকটি একটি দীপবিত্তিকার শিথার ন্যায় ক্ষুদ্র, কিন্তু তাহা দীপশিবার মতই সমগ্র শকুন্তলাকে একমুহূর্তে উদ্ভাসিত করিয়া দেখাইবার উপায়। তিনি এক কথায় বলিয়াছেন, কেহ যদি তরুণ বৎসরের ফুল ও পরিণত বৎসরের ফুল, কেহ যদি মর্ত্তা ও স্বর্গ একত্রে দেখিতে চায়, তবে শকুন্তলায় তাহা পাইবে।

অনেকেই এই কথাটিকে কবির উচ্ছুাস-মাত্র মনে ক্রিয়া লঘুভাবে পাঠ করিয়া থাকেন। তাঁহারা মোটামুটি মনে করেন,

ইহার অর্থ এই ষে, গেটের মতে শকুস্তলা-কাবাথীনি অতি উপাদেয়। কিন্তু তাহা নহে। গেটের এই শ্লোকটি আনন্দের অত্যুক্তি নহে, ইহা রদজ্ঞের বিচার। ইহার মধ্যে বিশেষত্ব আছে। কবি বিশেষভাবেই বলিয়াছেন, শকুন্তলার মধ্যে একটি গভীর পরিণতির ভাব আছে, সে পরিণতি ফুল হইতে কলে পরিণতি, মর্ত্তা হইতে স্বর্গে পরিণতি, স্বভাব হইতে ধর্মে পরিণতি। মেঘদূতে যেমন পূর্বমেঘ ও উত্তরমে**ঘ** আছে-পূর্বমেণে পৃথিবীর বিচিত্র সৌন্দ্যা প্রাটন করিয়া উত্তর্নেঘে অলকাপুরীর নিতাদৌন্দর্য্যে উত্তীর্ণ হইতে হয়, শকুন্তলায় একটি পূর্ব্যনিলন ও উত্তর্মিলন আছে। প্রথম-অম্বর্তী সেই মর্ত্ত্যের চঞ্চল-সৌন্দর্য্যময় বিচিত্র পূর্ব্বমিলন হইতে, স্বর্গ-শাখত-আনন্দ্যর উত্তর্মিলনে তপোবনে যাত্রাই অভিজ্ঞানশকুন্তল নাটক। ইহা কেবল বিশেষ কোন ভাবের অবতারণা নহে, বিশেষ কোন চরিত্রের বিকাশ নহে, ইহা সমস্ত কাব্যকে এক লোক হইতে অন্ত লোকে লইয়া যা ওয়া—প্রেমকে **স্ব**ভাব-मोन्दर्गत (मन इक्ट मझन्दर्गान्द्रगत মক্ষর স্বর্গধামে উত্তীর্ণ করিয়া দেওয়া। এই প্রদঙ্গটি আমরা অন্ত একটি প্রবন্ধে বিস্তারিতভাবে আলোচনা করিয়াছি, স্থতরাং এথানে তাহার পুনরুক্তি করিতে ইচ্ছাকরি না।

স্বৰ্গ ও মর্জ্যের এই যে মিলন, কালিদাস ইহা অত্যস্ত সহজেই করিয়াছেন। ফুলকে তিনি এমনি স্বভাবত ফলে ফুলাইয়াছেন, মর্জ্যের সীমাকে তিনি এমনি ক্রিয়া স্বর্গের

সহিত মিশাইয়া দিয়াছেন যে, মাঝে কোন ব্যবধান কাহারো চোথে পডে না। অন্ধে শকুন্তলার পতনের মধ্যে কবি মর্ত্তোর মাটি কিছুই গোপন রাথেন নাই; তাহার মধ্যে বাসনার প্রভাব যে কতদূর বিছমান, তাহা হয়ান্ত-শকুত্তলা উভয়ের ব্যবহারেই কবি স্বস্পষ্ট দেখাইয়াছেন। যৌবনমত্তায় হাবভাবলীলাচাঞ্চল্য, পরম লজ্জার সহিত প্রবল আত্মপ্রকাশের সংগ্রাম, সমস্তই কবি বাক্ত করিয়াছেন। ইহা শকুন্তলার সরলতার নিদর্শন। অনুকৃল অবসরে এই ভাবাবেশের আকস্মিক আবিভাবের জন্ত সে পূর্ব হইতে প্রস্তুত ছিল না। সে আপনাকে করিবার--গোপন করিবার উপায় করিয়া রাথে নাই। যে হরিণী ব্যাধকে চেনে ना, जाशांत कि विक रहेरा विवश नार्श ? শকুন্তলা পঞ্চশরকে ঠিকমত না--এইজন্তই তাহার মর্মস্থান অর্ক্ষিত ছিল। সে না কন্দর্পকে, না ছুষ্যন্তকে, কাহাকেও অবিখাদ করে নাই। যেমন, যে অরণ্যে সর্ক্রদাই শিকার হইয়া থাকে, সেথানে ব্যাধকে অধিক করিয়া আত্মগোপন করিতে रुष, (তমনি যে সমাজে জ্বীপুরুষের সর্বাদাই महरक है भिनन हहेशा थारक, रमथारन भीन-কে হুকে অত্যন্ত সাবধানে নিজেকে প্রচ্ছন্ন রাথিয়া কাজ করিতে হয়। তপোবনৈর হরিণী যেমন অশঙ্কিত, তপোবনের বালিকাও তেমনি অসতর্ক।

শকুন্তলার পরাভব যেমন অতি সহজে
চিত্রিত হইয়াছে, তেমনি, সেই পরাভব সত্ত্বেও
তাহার চরিত্রের গভীরতর পবিত্রতা,
তাহার স্বাভাবিক অক্ষুধ্ন সতীত্ব অতি অনা-

মাসেই পরিক্ট হইয়াছে। ইহাও তাহার সরলতার নিদর্শন। ঘরের ভিতরে যে ক্রিম ফুল সাজাইয়া রাখা যায়, তাহার গুলা প্রতাহ না ঝাড়িলে চলে না, কিন্তু অরণাফুলের গুলা ঝাড়িবার জ্ব্যু লোক রাখিতে হয় না,— সে অনাবৃত থাকে, তাহার গায়ে গুলাও লাগে, তবু সে কেমন করিয়া সহজে আপনার স্থলর নির্মালতাটুকু রক্ষা করিয়া চলে! শকু-স্তলাকেও গুলা লাগিয়াছিল, কিন্তু তাহা সেনিজে জানিতেও পারে নাই—সে সরলা অরণাের মৃগীর মত, নির্মরের জ্লধারার মত মলিনতার সংস্থবেও অনায়াসেই নির্মাণ।

কালিদাস তাহার এই আশ্রমপালিতা উদ্ভিন্নৰযৌৰনা শকুন্তলাকে সংশয়বিরহিত সভাবের পথে ছাড়িয়া দিয়াছেন, শেষ প্রয়ন্ত কোথাও তাহাকে বাঁধা দেন নাই। আবার অন্তদিকে ভাহাকে অপ্রগল্ভা, হঃখনালা, নিয়মচারিনা. স তীধ**র্মে**র আদশ্রপিণী করিয়া ফুটাইয়া তুলিয়াছেন। একদিকে তরুলতাফলপুষ্পের গ্রায় সে আত্মবিশ্বত সভাবধর্মের অনুগতা, আবার অন্তদিকে তাহার অন্তরতর নারী প্রকৃতি সংযত, সহিষ্ণু, একাগ্রতপঃপরায়ণা, কল্যাণধর্ম্মের শাসনে একান্ত নিয়ন্ত্রিতা। কালিদাস कोगतन ठाँशांत्र नाग्निकारक नीना ७ देश्रर्यात, স্বভাঁব ও নিয়মের, নদী ও সমুদ্রের ঠিক মোহানার উপর স্থাপিত করিয়া দেথাইয়া-ছেন। তাহার পিতা ঋষি, তাহার মাতা অপারা; ব্রভাঙ্গে তাহার জন্ম, তপোবনে তাহার পালন। তপোবন স্থানটি এমন, যেথানে সভাব এবং তপস্থা, সৌন্দর্যা এবং সংযম এক এ মিলিত হইয়াছে। সেখানে

সমাজের ক্বজিম বিধান নাই, অথচ ধর্ম্মের কঠোর নিয়ম বিরাজমান। গান্ধবিবাহব্যাপারটিও তেমনি; তাহাতে স্বভাবের উদামতাও আছে, অথচ বিবাহের সামাজিক বন্ধনও আছে। বন্ধন ও অবন্ধনের সঙ্গমস্থলে স্থাপিত হুইয়াই শকুন্তলা-নাটকটি একটি বিশেষ অপরূপত্ব লাভ করিয়াছে।
তাহার স্থ্য-ত্রংথ-মিলন-বিচ্ছেদ সমস্তই এই উভয়ের ঘাতপ্রতিঘাতে। গেটে যে কেন তাহার সমালোচনায় শকুন্তলার মধ্যে তুই বিসদৃশের একত্র সমাবেশ ঘোষণা করিয়াছেন, তাহা অভিনিবেশপূর্ব্বক দেখিলেই বুঝা যায়।

টেম্পেষ্টে এ ভাবটি নাই। কেনই বা शांकित्व ? भकु खलां अस्त्रती, भितानां अ স্থলরী, তাই বলিয়া উভয়ের নাসা-চক্ষুর অবিকল সাদৃগ্য কে প্রত্যাশা করিতে পারে ? উভয়ের মধ্যে অবস্থার, ঘটনার, প্রকৃতির দম্পূর্ণ প্রভেদ। মিরান্দা যে নির্জ্জনতায় শিশুকাল হইতে পালিত, শকুস্তলার সে নিৰ্জ্জনতা ছিল না। মিরান্দা একমাত পিতার সাহচর্য্যে বড় হইয়া উঠিয়াছে, স্থতরাং তাহার প্রকৃতি স্বাভাবিকভাবে বিক্শিত হইবার আতুকূল্য পায় নাই। শকুন্তলা সমানবয়সী স্থীদের সহিত বদ্ধিত,— তাহারা পরস্পরের উত্তাপে,অনুকরণে,ভাবের আদান প্রদানে. হাস্তে পরিহাদে-কথোপ-কথনে স্বাভাবিক বিকাশ লাভ করিতেছিল। শকুন্তলা যদি অহরহ কণ্মুনির সঙ্গেই থাকিত, তবে তাহার উন্মেষ বাধা পাইত, তবে তাহার সর্লতা অজ্ঞতার নামাস্তর হইয়া তাহাকে স্ত্রী-ঋষ,শৃঙ্গ করিয়া তুলিতে

পারিত। বস্তুত্ শকুস্তলার সরলতা স্বাভাবিক এবং মির্নান্দার সরলতা অস্বাভাবিক। উভয়ের মধ্যে স্বস্থার যে প্রভেদ আছে, তাহাতে এইরূপই দঙ্গত। মিরান্দার গ্রায় শকুন্তলার সরলতা অজ্ঞানের দারা চতুদিকে পরিরক্ষিত নহে। শকুগুলার যৌবন সভ বিকশিত হুইয়াছে এবং কৌ তুকশালা স্থীরা দে সম্বন্ধে তাহাকে আত্মধিশ্বত থাকিতে দেয় নাই, তাহা আমরা প্রথম অক্ষেই দেখিতে পাই। সে লব্জা করিতেও শিখিয়াছে। কিন্তু এ দকলই বাহিরের জিনিষ। তাহার সরলত। গভীরতর, তাহার পবিত্রত। অন্তরতা বাহিরের কোন অভিজ্ঞত। তাহাকে স্পর্শ করিতে পারে নাই, কবি তাহা শেষ পর্যান্ত দেখাইয়াছেন। শকুতলার সর্লতা আভাত-तिक। तम त्य मः माद्यत कि छूटे क्रांत्न ना, তাহা নহে; কারণ, তপোধন সমাজের একে বারে বহির্বত্তী নহে, তপোবনেও গৃহধর্ম পালিত হইত। বাহিরের সম্বন্ধে শকুন্তলা অনভিজ্ঞ বটে, তবু অজ্ঞ নহে, কিন্তু তাহার অন্তরের মধ্যে বিশ্বাসের সিংহাসন। সেই বিশ্বাসনিষ্ঠ সরলতা তাহাকে কণ্কালের জন্ম পতিত করিয়াছে, কিন্তু চিরকালের জন্ম উদ্ধার করিয়াছে; দারুণত্ম বিশ্বাস্থাতক-তার আঘাতেও তাহাকে ধৈর্গে, ক্ষমায়, কল্যাণে স্থির রাখিয়াছে। মিরান্দার সরল-তার অগ্নিপরীক্ষা হয় নাই, সংসারজ্ঞানের সহিত তাহার আঘাত ঘটে নাই:—আমরা তাহাকে কেবল প্রথম অবস্থার মধ্যে দেখি-য়াছি, শকুন্তলাকে কবি প্রথম হইতে শেষ অবস্থা পর্যান্ত দেখাইয়াছেন।

अमन ऋ एवं जूननाम नगार नाहना त्रा।

আমরাও তাহা স্বীকার করি। এ ছুই
কাব্যকে পাশাপাশি রাখিলে উভয়ের ক্রা
অপেক্ষা বৈসাদৃগুই বেশি ফুটয়া উঠে। দেই
বৈসাদৃগ্রের আলোচনাতেও ছুই নাটককে
পরিকার করিয়া ব্রিবার সহায়তা করিতে
পারে। আমরা দেই আশায় এই প্রবন্ধে
হন্তকেপ করিয়াছি।

মিরান্দাকে আমরা তরঙ্গঘাতমুথর देशनतक्रत अन्नहीन घीरभत मरक्षा (निथियाणि, কিন্তু সেই দ্বীপপ্রকৃতির সঙ্গে তাহার কোন ঘনিষ্ঠতা নাই। তাহার দেই আনেশ্রধারী ভূমি হ্ইতে ভাহাকে তুলিয়া আনিতে গেলে তাহার কোন জায়গায় টান পড়িবে না। দেখানে মিরান্দা মানুষের সঙ্গ পায় নাই, এই অভাবটুকুই কেবল তাহার চরিত্রে প্রতি-ফলিত ২ইয়াছে; কিন্তু দেখানকার সমুদ্র-পর্বতের সহিত তাহার অন্তঃকরণের কোন ভাবাত্মক যোগ আমরা দেখিতে পাই ना। निर्द्धन दौशक जामता घरेनाफ्रत কবির বর্ণনায় দেখি মাত্র, কিন্তু মিরালার ভিতর দিয়া দেখি না। এই দ্বীপটি কেবল কাব্যের পকেই সাবগুক, আখ্যানের চরিত্রের পক্ষে অত্যাবশুক নহে।

শকুন্তলাদখন্দে দে কথা বলা যায় না।
শকুন্তলা তপোবনের অঙ্গাভূত। তপোবনকে
দ্রে রাখিলে কেবল নাটকের আখানভাগ
ব্যাঘাত পায়, তাহা নহে, স্বয়ং শকুন্তলাই
অসম্পূর্ণ হয়। শকুন্তলা মিরান্দার মত
স্বতন্ত্র নহে, শকুন্তলা তাহার চতুদ্দিকের
সহিত একাত্মভাবে বিজড়িত। তাহার
মধুর চরিত্রখানি অরণ্যের ছায়া ও মাধ্বালতার পুষ্পমঞ্জরীর সহিত ব্যাপ্ত ও বিকশিত,

পশুপক্ষীদের অকৃত্রিম সোহা, দ্যার সহিত নিবিড়ভাবে আকৃষ্ট। কালিদাস তাঁহার নাটকে যে বহিঃপ্রকৃতির বর্ণনা করিয়াছেন, তাহাকে বাহিরে ফেলিয়া রাথেন নাই, তাহাকে শকুস্তলার চরিত্রের মধ্যে উন্মেষিত করিয়া তুলিয়াছেন। সেইজন্ম বলিতে-ছিলাম, শকুস্তলাকে তাহার কাব্যগত পরিবাইন হইতে বাহির করিয়া আনা কঠিন।

সহিত প্রণয়ব্যাপারেই ফাদ্দিনান্দের মিরান্দার প্রধান পরিচয়; আর, ঝড়ের সময় ভগ্নতরী হতভাগাদের জন্স ব্যাকুলতায় তাহার ব্যথিত হৃদয়ের করুণা প্রকাশ পাইয়াছে। শকুন্তলার পরিচয় আবো অনেক ব্যাপক। তুষান্ত না দেখা দিলেও তাহার বিচিত্রভাবে হিল্লোলিত মাধ্যা হইয়া উঠিত। তাহার হৃদয়লতিকা চেতন-অচেতন ললিভবেষ্টনে সকলকেই স্নেহের করিয়া বাধিয়াছে। সে তপোবনের তর-शुनिएक जनरमहरनत मुख्य मुख्य (मापत স্নেছে অভিষ্ঠিক করিয়াছে। সে নবকুস্থম-যৌবনা বনজ্যোৎসাকে স্নিগ্ননৃষ্টির আপনার কোমল হৃদয়ের মধ্যে গ্রহণ করি-য়াছে। শকুন্তলা যথন তপোবন ত্যাগ করিয়া পতিগৃহে যাইতেছে, তথন পদে পদে তাহার আকর্ষণ, পদে পদে তাহার বেদনা। বনের সহিত মালুষের বিচ্ছেদ যে এমন মর্মান্তিক সকরুণ হইতে পারে, তাহা জগ-তের সমস্ত সাহিত্যের মধ্যে কেবল অভিজ্ঞান-শকুন্তলের চতুর্থ অকে দেখা যায়। এই कार्या चला । ७ धर्मनिष्ठरभत रायम मिनन, মানুষ ও প্রকৃতির তেমনি মিলন। বিদ-দৃশের মধ্যে এমন একান্ত মিলনের ভাব

বোধ করি ভারতবর্ষ ছাড়া অন্ম কোন দেশে সম্ভবপর হইতে পারে না।

টেম্পেষ্টে বহিঃপ্রকৃতি, এরিয়েলের মধ্যে মানুষ-আকার ধারণ করিয়াছে, কিন্তু তবু সে মারুষের আত্মীয়তা হইতে দূরে রহিয়াছে। সঙ্গে আহার অনিচ্ছুক ভূতোর দম্বন্ধ। সে স্বাধীন হইতে চায়, কিন্তু মানব-শক্তি দারা পীড়িত—আবদ্ধ হইয়া দাসের মত কাজ করিতেছে। তাহার হৃদয়ে স্নেহ নাই, তাহার চক্ষে জল নাই। মিরান্দার নারীঙ্গদয়ও তাহার প্রতি স্নেহবিস্তার করে নাই। দ্বীপ হইতে যাত্রাকালে প্রস্পেরো ও মিরান্দার সহিত এরিয়েলের স্নিগ্ধ বিদায়-সন্তাষণ হইল না। টেম্পেন্টে পীড়ন, শাসন. **দমন-- শকুন্তলায়** श्रीजि, শান্তি, সদ্ভাব। টেম্পেষ্টে প্রকৃতি মানুষ-আকার ধারণ করি-য়াও মাতুদের সহিত হৃদয়ের সম্বন্ধে বদ্ধ হয় নাই- শকুস্তলায় গাছপালা-পশুপক্ষী আত্ম-স্বভাব রক্ষা করিয়াও মাত্রুমের সহিত মধুর আত্মীয়ভাবে মিলিত হইয়া গেছে।

শকুন্তলার আরন্তেই যথন ধন্থুর্কাণধারী রাজার প্রতি এই করণ নিষেধ উত্থিত হইল—"ভো ভো রাজন্ আশ্রমমৃগোহয়ং ন হন্তব্যো ন হন্তবাঃ", তথন কাব্যের একটি মূল স্বর বাজিয়া উঠিল। এই নিষেধটি আশ্রমমৃগের সঙ্গে সঙ্গে তাপসকুমারী শকুন্তলাকেও করণাচ্ছাদনে আব্রিত করিতিছে। ঋষি বলিতেছেনঃ—

"মৃত এ মুগতে হে মেবোনাশর ! আনঠিন্দেবে কে হে ফুলের পর গ কোথা হে মহারাজ.

"মুগের প্রাণ,

কোথায় যেন বাজ

তোমার বাণ !"

এ কথা শকুন্তলাসম্বন্ধেও থাটে। শকুওলার প্রতিও রাজার প্রণয়শরনিক্ষেপ
নিদারুণ। প্রণয়ব্যবসায়ে রাজা পরিপক
ও কঠিন—কত কঠিন, অক্সত্র তাহার পরিচয় আছে —আর এই আশ্রমপালিতা বালিকার অনভিজ্ঞতা ও সরলতা বড়ই স্কুক্মার
ও সক্রণ। হায়, মৃগটি যেমন কাতরবাকেয়
রক্ষণীয়, শকুন্তলাও তেমনি। দৌ অপি অত্র
আরণ্যকো।

মৃগের প্রতি এই করুণাবাক্যের প্রতিপ্রনি মিলাইতে না মিলাইতেই দেখি, বরুল-বদনা তাপসক্তা স্থীদের সহিত আলবালে জলপুরণে নিয্কু, তরু-সোদর ও লতা-ভগিনী-দের মধ্যে তাহার প্রাতাহিক স্নেহসেবার কর্মে প্রবৃত্ত। কেবল বরুলবদনে নহে, ভাবে ভঙ্গীতেও শকুন্তলা যেন একলতার মধ্যেই একটি। তাই হুসান্ত বলিয়াছেন—

"অধর কিসলয়-রাঙিমা-অঁ।কা,

গুগল বাহু মেন কোমল শাপা,

সদয়-লোভনীয় কুসুম হেন

হসুতে যৌবন ফুটেছে যেন !'

নাটকের আরন্তেই শান্তিসৌন্দর্য্য সংবলিত এমন একটি সম্পূর্ণ জীবন নিভ্ত পুশপর্নবের মাঝখানে প্রাত্যহিক আশ্রম-ধর্ম, অতিথিসেবা, স্থীম্মেহ ও বিশ্ববাৎসল্য লইরা আমাদের সম্মূথে দেখা দিল! ভাহা এমনি অথগু—এমনি আনুন্দকর যে, আমাদের কেবলি আশঙ্কা হয়, পুশছে আঘাত লাগিলেই ইহা ভাঙিয়া যায়! গ্রয়ন্তকে তুই উন্নত বার্ল দারা প্রতিরোধ করিয়া বলিতে ইচ্ছা হয়, বাণ মারিয়ো না, মারিয়ো না !— এই পরিপূর্ণ সৌন্দর্যাট ভাঙিয়ো না!

যথন দেখিতে দেখিতে হ্যান্ত-শকুন্তলার প্রণয় প্রগাঢ় হইয়া উঠিতেছে, তথন প্রথম অঙ্কের শেষে নেপথ্যে অকস্মাৎ আর্ত্তরব উঠিল—"ভো ভো তপন্থিগণ, তোমরা তপোবনপ্রাণীদের রক্ষার জন্ম সতর্ক হও! মৃগয়াবিহারী রাজা হ্য়ান্ত প্রত্যাদয় হইয়াছেন।"

ইহা সমস্ত তপোবনভূমির ক্রন্দন—এবং সেই তপোবনপ্রাণীদের মধ্যে শকুন্তলাও একটি! কিন্ত তাহাকে কেহ রক্ষা করিতে পারিল না!

সেই তপোৰন হইতে শকুন্তলা যথন যাইতেছে,তথন কঃ ডাক দিয়া বলিলেনঃ—

"ওগে। সন্ধিহিত তপোবনতরুগণ।—

ভোমাদের জল না করি দান

যে আগে জল না করিত পান:

সাধ ছিল যার সাজিতে, তবু শ্লেহে পাতাটি না ছিড়িত কভু;

তোমাদের ফুল ফুটিত গবে

যে জন মাতিত মহোৎসবে .

পতিগৃহে সেই বালিকা যায়,

তোমরা সকলে দেহ বিদায়!"

চেতন-অচেতন সকলের সঞ্চে এমনি অন্তরঙ্গ আত্মীয়তা, এমনি প্রীতি ও কল্যাণের বন্ধন!

শকুন্তলা কহিল, "হলা প্রিয়ংবদে, আর্যা-পুত্রকে দেখিবার জন্ত স্মামার প্রাণ আকুল, তবু আশ্রম ছাড়িয়া বাইতে আমার পা যেন উঠিতেছে না।" প্রিয়ংবদা কছিল, "তুমিই যে কেবল তপোৰনের বিরহে কাতর, তাহা নহে, তোমার আসন্নবিয়োগে তপোবনেরও সেই একই দশা

মূপের গলি পড়ে মুখের ত্ব,
মনর নাচে না দে আর
প্রিয়া পড়ে পাতা লতিকা হ'তে
যেন দে অশীপিজ্লধার!''

শকু ওলা কগকে কহিল, "তাত, এই বে কুটার প্রান্তচারিণী গর্ভমন্থরা মৃগবধূ, এ যথন নির্বিলে প্রসব করিবে, তথন সেই প্রিন্ন নিবেশন করিবার জন্ম একটি লোককে আমার কাভে পাঠাইয়া দিয়ো!"

কথ কহিলেন—"আমি কথনো ভুলিব না।"

শকুন্তলা পশ্চাৎ হইতে বাধা পাইয়া কহিল, "আরে কে আমার কাপড় ধরিয়া টানে।"

ক্য কহিলেন, "বংসে,—

ইঙ্লির তৈল দিতে স্থেচসথকারে

কুশক্ষত হলে মুগ যার,
শামোধাতামুখী দিয়ে পালিরাছ যারে

এই মুগ পুত্র সে ভোমার :

শকুওলা তাহাকে কহিল—"ওরে বাছা, সহবাদপরিতাগিনী আমাকে আর কেন অন্তুসরণ করিম্! প্রদ্ব করিরাই তোর জননী যথন মরিয়াছিল, তথন হইতে আমিই তোকে বড় করিয়া তুলিয়াছি! এখন আমি চলিলাম, ভাত তোকে দেখিবেন, তুই ফিরিয়া যা!"

এইরপে সমুদয় তরুলতা-মৃগপক্ষীর নিকট হইতে বিদায় লইয়া কাঁদিতে কাঁদিতে শকুন্তুলা তপোবন ত্যাগ করিয়াছে।

লতার সহিত ফুলের বেরূপ সম্বন্ধ, তপো-বনের সহিত শকুন্তলার সেইরূপ স্বাভাবিক স্বন্ধ

নাটকে অভিজ্ঞানশকুওল অনস্যা-श्रियः वर्षा (यमन, क्षा त्यमन, क्षा खं (यमन, তপোৰনপ্ৰকৃতিও তেমনি একজন বিশেষ পাত্র। এই মুক প্রকৃতিকে কোন নাটকের ভিতরে যে এমন প্রধান—এমন অত্যাবশ্যক স্থান দেওয়া যাইতে পারে, তাহা বোধ করি সংস্কৃতসাহিত্য ছাড়া আর কোথাও দেখা যায় নাই। প্রকৃতিকে মানুষ করিয়া ভূলিয়া তাহার মুথে কথাবার্তা বসাইয়া রূপকনাট্য রচিত হইতে পারে কিন্তু প্রকৃতিকে প্রকৃত রাথিয়া ভাহাকে এমন সজীব, এমন প্রত্যক্ষ, এমন বাপিক, এমন মন্তর্গ করিয়া তোলা, তাহার দারা নাটকের এত কান্যসাধন করাইয়া লওয়া— এ ত অনাত্র দেখি নাই। বহিঃপ্রকৃতিকে যেথানে দূর করিয়া-পর করিয়া ভাবে, যেথানে মানুষ আপনার চারদিকে প্রাচার তুলিয়া জগতের সর্ব্বএ কেবল বাবধান রচনা করিতে থাকে. **শেথানকার সাহিতো** এরূপ স্ষ্টি সম্ভবপর **হইতে পারে না**।

উদ্যাচরিতেও প্রকৃতির সহিত মানুষের আত্মীয়বং দৌহাদ্য এইরূপ ব্যক্ত ইইয়াছে। রাজপ্রাসাদে থাকিয়াও সীতার প্রাণ সেই অরণোর জন্ত কাদিতেতে। সেথানে নদী তমসা ও বসন্তবনলক্ষী তাঁহার প্রিয়ম্থা, মেথানে ময়ুর ও করিশিশু তাঁহার ক্লতক-পুত্র, তরুণতা তাঁহার পরিজনবর্গ।

টেন্পেষ্ট-নাটকে মানুষ আপনাকে বিশ্বের
মধ্যে মঙ্গলভাবে প্রীতিবোগে প্রসারিত
করিয়া বড় হইয়া উঠে নাই—বিশ্বকে থর্ক
করিয়া,দমন্ করিয়া আপনি অধিপতি হইতে
চাহিয়াছে। বস্তুত আধিপতা লইয়া হল্দ-

বিরোধ ও প্রয়াসই টেম্পেষ্টের মূলভাব। সেথানে প্রম্পেরো স্বরাজ্যের অধিকার হইতে বিচ্যুত হইয়া মন্ত্র বৈল প্রকৃতিরাজ্যের উপর কঠোর আধিপত্য বিস্তার করিতেছেন। সেথানে আসরমৃত্যুর হস্ত হইতে কোন্মতে রক্ষা পাইয়া বে কয়জন প্রাণা তীরে উত্তীর্ণ হইয়াছে, তাহাদের মধ্যেও এই শূন্যপ্রায় দীপের ভিতরে আধিপতা লইয়া ষড্যন্তু, বিশাস্থাতকতা ও গোপন্হতারে চেষ্টা! পরিণামে তাহার নিবৃত্তি হইল, কিন্তু শেষ হইল, এ কথা কেহট বলিতে পারে না। দানবপ্রকৃতি ভয়ে, শাসনে ৭ অবসরের অভাবে পীড়িত কালিবানের মত তক **হ**ইয়া রহিল মতে, কিন্তু তাহার দন্তমূলে ও ন্থাতো বিষ ছহিয়া গেল। যাহার যাহা প্রাপা সম্পত্তি, সে তাহা পাইল। কিযু সম্পত্তিলাভ ত বাহালাভ—তাহ। বিষয়ি-সম্প্রদায়ের লক্ষ্য হইতে পারে কাঝ্যের তাহা চরম পরিণাম নহে।

টেম্পেট্ট-নাটকের নামও যেমন, তাহার ভিতরকার ব্যাপারও দেহরূপ। মান্ত্যে-প্রকৃতিতে বিরোধ, মান্ত্যে-মান্ত্যে বিরোধ --এবং সে বিরোধের মূলে ক্ষমতালাভের প্রয়াস। ইহার আগাগোড়াই বিক্ষোত।

মান্থবের ছ্বাধ্য প্রবৃত্তি এইরূপ ঝড়

তুলিয়া থাকে। শাদন দমন-পীড়নের দারা
এই সকল প্রবৃত্তিকে হিংস্রপশুর মত সংযত
করিয়াও রাথিতে হয়। কিন্তু, এইরূপ বলের
দারা বলকে ঠেকাইয়া রাথা, ইহা কেবল
একটা উপস্থিতমত কাজ চালাইবার প্রণালীমাত্র। আমাদের আধ্যাত্মিক প্রকৃতি ইহাকেই পরিণাম বলিয়া স্বীকার করিতে পারে

ना। (भौकरगांत भाता, (প্রমের भाता, মঙ্গলের দারা পাপ একেবারে ভিতর হইতে বিলুপ্ত, विलीन इरेशा याईरव, रेहारे आमारनत আধ্যাত্মিক প্রকৃতির আকাজ্জা। বাধাব্যতিক্রম পাকিলেও সহস্ৰ ইহার প্রতি মানবের অন্তর্তর লক্ষ্য একটি আছে। সাহিত্য সেই লক্ষ্যাধনের নিগুঢ় প্রয়াসকে ব্যক্ত করিয়া থাকে। সে ভালকে স্থানর, সে শ্রেয়কে প্রিয়, সে পুণাকে স্থারের ধন করিয়া তোলে। ফলাফলনির্ণয় ও বিভা-বিকা দারা আমাদিগকে ক্ল্যাণের পথে প্রবৃত্ত রাখা বাহিরের কাজ—তাহা দণ্ডনীতি ও ধন্মনীভির আলোচ্য হইতে পারে—কিন্তু উচ্চসাহিতা অন্তরান্মার ভিতরের পথট অবলম্বন করিতে চায়;—তাহা স্বভাবনিঃস্ত অঞ্জলের ঘারা কলফ্লালন করে, আন্ত-রিক ঘূণার দারা পাপকে দগ্ধ করে এবং সহজ আনন্দের দারা পুণ্যকে অভ্যর্থনা করে।

কালিদাসও তাঁহার নাটকে ত্রস্ত প্রবৃত্তির দাবদাহকে অনুতথ্য চিত্রের অঞ্জবিদার কিন্তু তিনি বাধিকে লইরা অতিমাত্রার আলোচনা কবেন নাহ—তিনি তাহার আভাস দিয়াছেন, এবং দিয়া তাহার উপরে একটি আছাদন টানিরাছেন। সংসারে এরপ হলে যাহা স্থভাবত হইতে পারিত, তাহাকে তিনি হকাসার শাপের হারা ঘটাইয়াছেন। নতুবা তাহা এমন একান্ত নিষ্ঠুর ও ক্ষোভজনক হইত যে, তাহাতে সমস্ত নাটকটির শান্তি ও সামঞ্জস্য ভঙ্গ হইয়া ঘাইত। শকুন্তলায় কালিদাস যে রসের প্রতি লক্ষ্য করিয়াছেন,

এরপ অত্যুৎকট আন্দোলনে তাহা রক্ষা পাইত না। হঃধবেদনাকে তিনি সমানই রাথিয়াছেন, কেবল বীভৎস কদ্যাতাকে কবি আরত করিয়াছেন।

কিন্ত কালিদাস সেই আবরণের মধ্যে এতটুকু ছিদ্র রাথিয়াছেন, যাহাতে পাপের আভাস পাওয়া যায়। সেই কথার উত্থাপন করি।

পঞ্চম অকে শকুন্তলার প্রত্যাখ্যান।.
সেই অক্টের আরুভেই কবি রাজার প্রণয়রঙ্গভূমির যবনিকা ক্ষণকালের জন্ম একটুথানি সরাইয়া দেখাইয়াছেন। রাজপ্রেয়সী
হংসপদিকা নেপথ্যে সঙ্গীতশালায় আপন
মনে বিসয়া গান গাহিতেছেন—

অভিননমধুকে ভী মধুকর
চূতমঞ্জরী চুমি'
কমলনিবাসে যে প্রীতি পেয়েছ
কেমনে ভূলিলে তুমি !

রাজান্তঃপুর হইতে ব্যথিত হৃদয়ের এই

অঞ্সিক্ত গান আমাদিগকে বড় আঘাত

করে। বিশেষ আঘাত করে এইজন্য থে,
তাহার পুর্বেই শকুস্তলার সহিত হ্বয়েশুর
প্রেমলীলা আমাদের চিত্ত অধিকার করিয়া
আছে। ইহার পূর্বে অক্ষেই শকুস্তলা ঋষিবৃদ্ধ কথের আশার্কাদ ও সমস্ত অরণ্যানীর
মঙ্গণাচরণ গ্রহণ করিয়া বড় স্লিগ্ধকরুণ,
বড় পবিত্রমধুর ভাবে পতিগৃহে যাত্রা করিয়াছে। তাহার জন্য যে প্রেম—যে গৃহের
চিত্র আমাদের আশাপটে অন্ধিত হইয়া
উঠে, পরবর্তী অক্ষের আরস্কেই সে চিত্রে
দাগ পড়িয়া যায়।

विमृषक यथन क्रिकामा कतिन-"এই

গানটির অক্ষরার্থ বৃঝিলে কি ?," রাজা ঈষৎ করিলেন, "দক্ষৎক্বত-উত্তর জনঃ—আমরা প্রণয়োহয়ং একবারমাত্র প্রণয় করিয়া তাহার পরে ছাড়িয়া দিই, সেইজন্য দেবী বস্থমতীকে লইয়া আমি ইঁহার মহৎ ভৎ সুনের যোগ্য হইয়াছি। সথে মাধবা, ভূমি আমার নাম করিয়া হংস-পদিকাকে বল, 'বড় নিপুণভাবে ভুমি আমাকে ভৎ नेना कतियाह। * * * गाउ, বেশ নাগরিকবৃত্তি এই কথাটি বারা তাঁহাকে বলিবে।"

পঞ্চম অক্ষের প্রারম্ভে রাজার চপল প্রণয়ের এই পরিচয় নিরর্থক নহে। ইহাতে কবি নিপুণকৌশলে জানাইয়াছেন, ছর্বাসার শাপে যাহা ঘটাইয়াছে,স্বভাবের মধ্যে তাহার বাজ ছিল। কাবোর থাতিরে যাহাকে আকস্মিক করিয়া দেখান হইয়াছে, তাহা স্বাভাবিক।

চতুর্ব অঙ্ক হইতে পঞ্চম অঙ্কে আমরা হঠাং আর এক বাতাদে আসিয়া পড়িলাম। এতক্ষণ আমরা ধেন একটি মানসলোকে ছিলাম-সেথানকার যে নিয়ম, এথানকার সে নিয়ম নহে। সেই তপোবনের স্থর এথানকার স্থুরের সঙ্গে মিলিবে করিয়া ? সেথানে যে ব্যাপারটি সহজ-হ্বন্দরভাবে অতি অনায়াদে ঘটিয়াছিল, এখানে তাহার কি দশা হইবে, তাহা চিস্তা করিলে আশকা জন্ম। তাই গঞ্চম অকের व्यथरमरे नागतिकवृच्चित्र मर्सा यथन (मथि-लांग (य, এখানে इत्रम्न वड़ कठिन, প্রণম वफ़ कू हिन प्यवः भिलामत পথ সহজ नहर, তখন আমাদের সেই বনের সৌন্দর্য্যস্থপ্ন ভাঙিবার মত, হইল। ঋষিশিষ্য শাঙ্গরিব রাজভবনে প্রবেশ করিয়া কহিলেন, "যেন অগ্নিবেষ্টিত গৃহের মধ্যে আসিয়া পড়িলাম।" শার্ঘত কহিলেন, "স্নাত ব্যক্তির তৈলাক্তকে দেখিয়া, শুচি ব্যক্তির অশুচিকে দেখিয়া, জাগ্রত জনের স্থাকে দেখিয়া এবং সাধীন পুরুষের বদ্ধকে দেখিয়া যে ভাব মনে হয়, এই সকল বিষয়ী লোককে দেখিয়া আমার সেইরূপ মনে হইতেছে।"—একটা যে সম্পূর্ণ স্তম্ভ লোকের মধ্যে আসিয়া পড়িয়াছেন, ঋষিকুমারগণ তাহা সহজেই অমুভব করিতে পারিলেন। পঞ্চম আঙ্কের আরস্তে কবি নানাপ্রকার আভাসের দারা অমাদিগকে এই ভাবে প্রস্তুত করিয়া রাখিলেন যাহাতে শকুন্তলা-প্রত্যাখ্যান-ব্যাপার অকম্মাৎ অতি-মাত্র আঘাত না করে ! হংসপদিকার সরল করণগীতে এই ক্রুরকাণ্ডের ভূমিকা হইয়া বহিল।

তাহার পরে প্রত্যাখ্যান যথন অকস্মাৎ বজের মত শকুন্তলার মাথার উপরে ভাঙিয়া পড়িল, তথন এই তপোবনের হহিতা বিশ্বস্ত হস্ত হইতে বাণাহত মৃগীর মত বিশ্বয়ে, ত্রাদে, বেদনায় বিহ্বল হইয়। বাাকুলনেত্রে চাহিয়া রহিল। তপোবনের পুষ্পরাশির উপর অগ্নি আসিয়া পড়িল। শকুগুলাকে অন্তরে-বাহিরে ছায়ায়-সৌন্দর্য্যে আচ্চন্ন করিয়া যে একটি ভপোবন লক্ষ্যে-অলক্ষ্যে বিরাজ করিতেছিল, এই বজ্রাঘাতে তাহা শকুস্তলার চতুর্দিক হইতে চিরদিনের জন্ম বিশ্লিষ্ট হইয়া গেল, শকুন্তলা একেবারে অনাবৃত হইয়া পড়িল। কোথায় তাত কণ্ণ, ক্রেখায় মাতা গৌতমী, কোথায় অনস্যা-প্রিয়ংবদা,

কোথার সেই সকল তরুলতাপশুপক্ষীর সহিত ক্ষেহের সম্বন্ধ, মাধুর্য্যের যোগ, সেই ফ্লের, শাস্তি, সেই নির্দ্ধল জীবন! এই এক মুহুর্ত্তের প্রলয়াভিঘাতে শকুস্তলার যে কতথানি বিলুপ্ত হইয়া গেল, তাহা দেখিয়া আমরা স্তস্তিত হইয়া যাই। নাটকের প্রথম চারি অক্ষে নে সঙ্গীতধ্বনি উঠিয়াছিল, তাহা একমুহুর্ত্তেই নিঃশক্ষ হইয়া গেল!

তাহার পরে শকুরুলার চতুর্দিকে কি গভীর স্বৰুতা, কি বিরলতা! যে শকুন্তলা কোমল হৃদয়ের প্রভাবে তাহার চারিদিকের বিশ জুড়িয়া সকলকে আপনার করিয়া থাকিত, সে আজ কি একাকিনী! তাহার দেই বৃহৎ-শৃত্যতাকে শকুন্তলা আপনার একমাত্র মহৎ ছঃথের ছারা পূর্ণ করিয়া বিরাজ করিতেছে। কালিদাস যে তাহাকে करभत्र ज्लावरन कितारेगा नरेगा यान नारे, ইহা তাঁহার অদামান্ত কবিত্বের পরিচয়। তাহার পূর্ব্পরিচিত বনভূমির সহিত তাহার পূর্বের মিলন আর সম্ভবপর নহে। কথাশ্রম হইতে যাত্রাকালে তপোবনের সহিত শকুন্তলার কেবল বাহ্যবিচ্ছেদমাত্র ঘটিয়াছিল, হুষ্যন্তভ্ৰন হুইতে প্ৰত্যাথ্যাত হুইয়া সে বিচ্ছেদ সম্পূর্ণ হইল — সে শকুন্তলা আর রহিল না. এথন বিখের সহিত তাহার সদক-পরিবর্ত্তন হইয়া গেছে, এখন তাহাকৈ তাহার পুরাতন সম্বন্ধের মধ্যে স্থাপন করিলে অসামঞ্জন্ত উৎকট নিষ্ঠুরভাবে প্রকাশিত হইত। এখন এই হু:খিনীর জ্বন্থ তাহার মহৎ তঃথের উপযোগী বিরলতা আবশুক। নৃতন তপোবনে কালিদাস স্থীবিহীন শকুন্তলার বিরহহঃথের প্রত্যক্ষ অবতারণা

করেন নাই। কবি নীরব থাকিয়া শকু-স্তলার চারিদিকের নীরবতা ও শূতাতা আমাদের চিত্তের মধ্যে ঘনীভূত ক্রিয়া দিয়াছেন। কবি যদি শকুন্তলাকে কথা-শ্রমের মধ্যে ফিরাইয়া লইয়া এইরূপ চুপ করিয়াও থাকিতেন, তবু সেই আশ্রম কথা সেথানকার তরুলতার ক্রন্দন, স্থীজনের বিলাপ, আপনি আমাদের অন্ত-রের মধ্যে ধ্বনিত হইতে থাকিত। কিন্তু অপরিচিত মারীচের তপোবনে সমস্তই भागातित निक्रे अक, नीतव-त्कवन विध-বিরহিত শকুভলার নিয়মসংযত ধৈর্যাগভীর অপরিমেয় তঃথ আমাদের মানসনেত্রের সম্মুথে ধ্যানাদনে বিরাজমান। সেই ধ্যান-মগ্ন হঃথের সম্মুথে কবি একাকী দাঁড়াইয়া আপন ওঠাধরের উপরে তর্জনী স্থাপন করিয়াছেন, এবং সেই নিষেধের সঞ্চেত সমস্ত প্রশ্নকে নীরব ও সমস্ত বিশ্বকে দুরে অপসারিত করিয়া রাখিয়াছেন।

হ্যান্ত এখন অন্তাপে দগ্ধ হইতেছেন।
এই অন্তাপ তপ্তা। এই অন্তাপের
ভিতর দিয়া শকুন্তলাকে লাভ না করিলে,
শকুন্তলালাভের কোন গৌরব ছিল না।
হাতে পাইলেই যে তাহাকে পাওয়া বলে,
তাহা নহে—লাভ করা অত সহজ ব্যাপার
নয় গ যৌবনমন্ততার আকন্মিক ঝড়ে শকুন্তলাকে এক মুহুর্ত্তে উড়াইয়া লইলে
তাহাকে সম্পূর্ণভাবে পাওয়া যাইত না।
লাভ করিবার প্রকৃষ্ট প্রণালী সাধনা,
তপতা। যাহা অনায়াসেই হারাইয়া গেল।
যাহা আবেশের মুষ্টতে আহরিত হয়, তাহা

শিথিলভাবেই শ্বলিত হইয়া পুড়ে। সেইজন্ম কবি পরস্পরকে যথার্থভাবে, চিরস্তনভাবে লাভের জন্ম হ্যাস্ত-শকুস্তলাকে দীর্যহঃসহ তপভায় প্রবৃত্ত করিলেন। রাজসভায় প্রবেশ করিবামাত্র হ্যাস্ত যদি তৎকণাৎ শকুন্তলাকে গ্রহণ করিতেন, তবে
শকুন্তলা হংসপদিকার দলবৃদ্ধি করিয়া তাঁহার
অবরোধের এক প্রান্তে স্থান পাইত। বহুবলভ রাজার এমন কত স্থলক প্রেম্মী
কণকালীন সোভাগোর স্মৃতিটুকুমাত্র লইয়া
অনাদরের অন্ধকারে অনাবশুক জীবন যাপন
করিতেছে। "সকুৎকৃতপ্রপ্রোহ্যং জনঃ।"

শকুন্তলার দৌভাগ্যবশতই হ্যান্ত নিষ্ঠুর কঠোরতার সহিত তাহাকে পরিহার করিয়া-ছিলেন। নিজের উপর নিজের নিষ্ঠুরতার মেই প্রত্যভিঘাতেই হুষ্যন্তকে শকুন্তলা সম্বন্ধে আর অচেতন থাকিতে দিল না। অহরহ প্রমবেদনার উত্তাপে শকুন্তলা তাঁহার বিগলিত হ্দরের সহিত মিশ্রিত হইতে লাগিল, তাঁহার অন্তর-বাহিরকে ওতপ্রোত করিয়া দিল। এমন অভিজ্ঞতা রাজার জীবনে কথনো হয় নাই--তিনি যথার্থ প্রেমের উপায় ও অবদর পান নাই। রাজা বলিয়াই এ সম্বন্ধে তিনি হতভাগ্য। ইচ্ছা তাঁহার অনায়াদেই মিটে বলিয়াই সাধনার ধন তাঁহার অনায়ত্ত ছিল। এবারে বিধাতা কঠিন ছঃথের মধ্যে ফেলিয়া রাজাকে প্রকৃত প্রেমের অধিকারী করিয়াছেন--এখন হইতে তাঁহার নাগরিকবৃত্তি একে-বারে বগা।

এইরথে কালিদাস পাপকে **হৃদয়ের** ভিতর-দিক্ হইতে মাপনার **মনলে আ**াপনি

দগ্ধ করিয়াছেন—বাহির হইতে তাহাকে ছাইচাপ। দিয়া রাথেন নাই। সমপ্ত অম-ঙ্গলের নিঃশেষে অগ্নিসংকার করিয়া তবে নাটকথানি সমাপ্ত হইয়াছে, —পাঠকের চিত্ত একটি সংশয়হীন পরিপূর্ণ পরিণতির মধ্যে শান্তিলাভ করিয়াছে। বাহির হইতে অক-ন্মাৎ বীজ পড়িয়া যে বিষবৃক্ষ জন্মে, ভিতর *ভ*ইতে গভীরভাবে তাহাকে নির্মাণ না कतिरल তाहात উष्ट्रिक हम नाः कालिनाम ত্যান্ত-শকুন্তলার বাহিরের মিলনকে তঃথ-থনিত পণ দিয়া লইয়া গিয়া অভ্যন্তরের মিলনে সার্থক করিয়া তুলিয়াছেন। এই-জন্মই কবি গেটে বলিয়াছেন, তরুণ বংসরের ফুল ও পরিণত বৎদরের ফল, মর্ক্তা এবং স্বর্গ যদি কেহ একাধারে পাইতে চায়, তবে শকুন্তলায় তাহা পাওয়া যাইবে।

(उट्टिल्लरहे कार्किनारन्त (अमरक अल्लर्व) কৃচ্চ সাধনদারা পরীক্ষা করিয়া লইয়াছেন। কিন্তু সে বাহিরের ক্লেশ। কেবল কাঠের বোঝা ৰহন করিয়া পরীক্ষার শেষ হয় না। আভা-ম্বরিক কি উত্তাপে ও পেয়ণে অঙ্গার হীরক **२२मा উঠে, कालिमाम ाहा (म्था**रमाह्य । তিনি কালিমাকে নিজের ভিতর হইতেই উচ্ছন করিয়া তুলিয়াছেন, তিনি ভঙ্গুরতাকে চাপপ্রয়োগে দৃঢ়তা দান করিয়াছেন। শকু-ন্তলায় আমরা অপরাধের সার্থকতা দেখিতে পাই-সংসারে বিধাতার বিধানে পাপও যে কি মঙ্গলকম্মে নিযুক্ত আছে, কালিদাসের নাটকে আমরা তাহার স্থপরিণত দৃষ্টাস্ত দেখিতে পাই। অপরাধের অভিঘাত বাতীত মঙ্গল তাহার শাখত দীপ্তিও প্রক্রিলাভ করে না।

শক্সভাকে আমরা কাব্যের আরম্ভে একটি নিম্নল্য সৌন্দর্য্যলোকের মধ্যে দেখিলাম---সেথানে সরল আনন্দে সে আপন স্থীজন ও তরুলভাম্গের সহিত মিশিয়া আছে। সেই স্থর্গের মধ্যে অলক্ষ্যে অপরাধ আসিয়া প্রবেশ করিল—এবং স্বর্গসৌন্দর্যা কীটন্ট পুল্পের ত্যায় বিদীর্ণ, স্রস্ত হইয়া পড়িয়া গোল। তাহার পরে লজ্জা, সংশয়, হঃঝ, বিচ্ছেদ, অন্ততাপ। এবং সর্বশেষে বিশুদ্ধতর—উন্নততর স্বর্গলোকে ক্ষমা, প্রীতিও শাস্তি। শকুস্থলাকে একত্রে Paradise Lost এবং Paradise Regained বলা যাইতে পারে।

প্রথম স্বর্গটি বড় মৃত্ এবং অরক্ষিত—
তাহা স্থলর এবং সম্পূর্ণ বটে, কিন্তু পদ্মপত্রে
শিশিরের মত—তাহা সগ্তঃপাতী। এহ
সন্ধাণ সম্পূর্ণতার সৌকুমাগ্য হইতে মুক্তি
পাওয়াই ভাল—ইহা চিরদিনের নহে এবং
ইহাতে আমাদের সর্ব্বাঙ্গীন ভৃপ্তি নাই।
অপরাধ মত্তগজের ন্যায় আসিয়া এখানকার
পদ্মপত্রের বেড়া ভাঙিয়া দিল—আলোড়নের
বিক্ষোভে সমস্ত চিত্তকে উন্মথিত করিয়া
ভূলিল। সহজ স্বর্গ এইরূপে সহজেই নই
হইল, বাকি রহিল সাধনার স্বর্গ। অন্থতাপের দ্বারা—তপস্থার দ্বারা সেই স্বর্গ যথন
জিত হইল, তথন আর কোন শক্ষা রহিল
না। এ স্বর্গ শাখত।

মানুষের জীবনও এইরূপ - শিশু থে সরল স্বর্গে থাকে, তাহা স্থলর, তাহা সম্পূর্ণ, কিন্তু কুদ্র। মধ্যবয়সের সমস্ত বিক্ষেপ ও বিক্ষোভ, সমস্ত অপরাধের আঘাত ও অমু-তাপের দাহ জীবনের পূর্ণবিকাশের পক্ষে আবশুক। শিশুকালের শান্তির মধ্য হইতে বাহির হইয়া সংসারের বিরোধ-বিপ্লবের মধ্যে না পড়িলে, পরিণতবয়দের পরিপূণ শান্তির আশা রুণা। প্রভাতের স্লিগ্নতাকে মধ্যাহ্রতাপে দগ্ধ করিয়া তবেই সায়াহ্লের লোকলোকান্তর-ব্যাপী বিরাম। পাপে-অপরাধে ক্ষণভঙ্গুরকে ভাঙিয়া দেয় এবং অন্থতাপে-বেদনায় চিরস্থায়ীকে গড়িয়া ভোলে। শকুন্তলা-কাব্যে কবি সেই স্বর্গচুচতি হইতে স্বগপ্রাপ্তি পর্যান্ত সমস্ত বিবৃত করিয়াছেন।

বিশ্বপ্রকৃতি যেমন বাহিরে প্রশান্ত-স্থলর, কিন্তু তাহার প্রচণ্ড শক্তি অহরহ অভ্যন্তরে কাজ করে, অভিজ্ঞানশকুন্তল নাটকথানির মধ্যে আমরা তাহার প্রতিরূপ দেখিতে পাই। এমন আশ্চর্যা সংযম আমরা কোন নাট-কেই দেখি নাই। প্রবৃত্তির প্রবলতা প্রকাশের অবসরমাত্র পাইলেই য়ুরোপীয় কবিগণ যেন উদাম হইয়া উঠেন। প্রবৃত্তি যে কতদূর পর্যান্ত যাইতে পারে, তাহা অতিশয়োক্তিদারা প্রকাশ করিতে তাঁহারা ভালবাসেন। শেক্স্-পিয়রে রোমিয়ো-জুলিয়েট্ প্রভৃতি নাটকে তাহার ভূরিভূরি দৃষ্টান্ত পাওয়া যায়। শকু-ন্তলার মত এমন প্রশান্ত-গভীর, এমন সংযত-সম্পূর্ণ নাটক শেক্স্পিয়রের নাট্যা-विनन्न मर्था এकथानि ७ नाहे। इया छ- भकू-স্ত্রণার মধ্যে যেটুকু প্রেমালাপ আছে, তাহা অত্যন্ত সংক্ষিপ্ত, তাহার অধিকাংশই আভাসে-ইঙ্গিতে ব্যক্ত হইয়াছে, কালিদাস কোথাও রাশ আল্গা করিয়া দেন নাই। অন্ত কবি বেখানে লেখনীকে দৌড় দিবার অবসর অন্থে-ষ্ণ করিত, তিনি সেথানেই তাহাকে হঠাং নিরস্ত করিয়াছেন। ছ্যান্ত তপোবন হইতে

রাজধানীতে ফিরিয়া গিয়া শক্তলার কোন থেঁজ লইতেছেন না। এই উপলক্ষ্যে বিলাপ-পরিতাপের কথা অনেক হইতে পারিত, তবু শকুন্তলার মুখে কবি একটি কথাও দেন নাই। কেবল হর্কাসার প্রতি আতিথ্যে অনবধান লক্ষ্য ক্রিয়া হতভাগিনীর অবস্থা আমরা যথাসম্ভব কল্পনা করিতে পারি। শকুন্তলার প্রতি কথের একান্ত স্নেহ বিদায়-কালে কি সকরুণ গান্তীগ্য ও সংযমের সহিত কত অল্ল কথাতেই বাক্ত হইয়াছে ! অনস্থা-शियः वनात मशीविष्टकारवनना करण करण ছটি-একটি কথায় যেন বাধ লজ্বন করিবার চেষ্টা করিয়া তথনি অন্তরের মধ্যে নিরস্ত হইয়া যাইতেছে। প্রত্যাধ্যানদৃষ্টে ভয়, লজ্জা, অভিমান, মিনতি, ভং দনা, বিলাপ, সমন্তই আছে,অথচ কত অল্লের মধ্যে! যে শকুন্তলা স্থাবে সময় সরল অসংশয়ে আপনাকে বিস-র্জন দিয়াছিল, হু থের সময় দারুণ অপমান-কালে সে যে আপন হৃদয়বৃত্তির অপ্রগল্ভ মঘ্যাদা এমন আশ্চ্যা সংঘ্যের সহিত রক্ষা कतिरव, ध रक गरन कतिशाहिल। পরবত্তী নীরবতা প্রত্যাখ্যানের ব্যাপক, কি গভীর ! কথ নীরব, অনস্মা-মালিনীতীরতপোব**ন** প্রিয়ংবদা নীরব, নীরব, সর্বাপেকা নীরব শকুন্তলা। হৃদয়-বৃত্তিকে আলোড়ন করিয়া তুলিবার এমন অবসর কি আর কোন নাটকে নিঃশব্দে উপেক্ষিত হইয়াছে ? হুষ্যস্তের হর্কাসার শাপের আচ্ছাদনে অপরাধকে আবরিত করিয়া রাখা, দে-ও কবির 🖎 প্রবৃত্তির হরন্তপনাকে অবারিত-ভাবে—উচ্ছুজ্জালভাবে দেখাইবার যে প্রলো-

ভন, তাহাও কবি সংবরণ করিয়াছেন— তাঁহার কাব্যলক্ষী তাঁহাকে নিষেধ করিয়া বলিয়াছে—

> ন খলু ন খলু বাণঃ স্ত্রিপাত্যোহ্যম্মিন মৃত্রনি মৃগশরীরে পুস্পরাশাবিবাগ্লিঃ!

হুষ্যস্ত যথন কাবোর মধ্যে বিপুল বিক্ষোভের কারণ লইয়া মন্ত হইয়া প্রবেশ করিলেন, তথন তাঁহার অস্তরের মধ্যে এই ধ্বনি
উঠিল—

মর্ত্তে। বিদ্নন্তপদ ইব নে। ভির্মারক্ষণুথে।
বর্ষারণাং প্রবিশতি গলং দান্দনালোকভাতি ।
তপস্থার মৃতিমান্ বিদ্নের স্থায় গজরাজ
বর্মারণো প্রবেশ করিয়াছে। এইবার বুঝি
কাব্যের শান্তিভঙ্গ হয়—কালিদাদ তথনই
ধর্মারণোর, কাব্যকাননের, এই মৃত্তিমান্
বিল্লকে শাপের বন্ধনে সংঘত করিলেন—
ইহাকে দিয়া তাঁহার পদ্মবনের পক্ষ আলোডিত করিয়া তুলিতে দিলেন না।

যুরোপীয় কবি হইলে এইখানে সাংসারিক সত্যের নকল করিতেন—সংসারে ঠিক
যেমন, নাটকে তাহাই ঘটাইতেন। শাপ বা
অলৌকিক ব্যাপারের দারা কিছুই আবৃত
করিতেন না। যেন তাহাদের পরে সমস্ত
দাবী কেবল সংসারের, কাব্যের কোন দাবী
নাই। কালিদাস সংসারকে কাব্যের চেয়ে
বেশি থাতির করেন নাই—পথে-ঘাটে যাহা
ঘটিয়া থাকে,তাহাকে নকল করিতেই হইবে,
এমন দাসথৎ তিনি কাহাকেও লিখিয়া দেন
নাই—কিন্তু কাব্যের শাসন কবিকে মানিতেই হইবে। কাব্যের প্রত্যেক ঘটনাটকে
সমস্ত কাব্যের সহিত তাঁহাকে থাপ্থাওয়াইয়া লইতেই হইবে। তিনি সত্যের আভ্যা-

স্তরিক মূর্ত্তিকে অক্ষ্ণ রাথিয়া সত্যের বাহ্ন মৃত্তিকে তাঁহার কাব্যসোল্ধ্যের সহিত সঙ্গত ক্রিয়া লইয়াছেন। তিনি অন্থতাপ ও তপস্থাকে সমুজ্জ্ব করিয়া দেখাইয়াছেন,কিন্তু পাপকে তিরস্থরিণীর বারা কিঞ্চিৎ প্রচ্ছেন করিয়াছেন। শকুস্তলা প্রথম হইতে শেষ পগ্যস্ত যে একটি শান্তি, সৌল্গ্য্য ও সংযমের হারা পরিবেষ্টিত, এরপ না করিলে তাহা বিপগ্যস্ত হইয়া ঘাইত। সংসারের নকল ঠিক হইত, কিন্তু কাব্যলক্ষ্মী স্থকঠোর আঘাত পাইতেন। কবি কালিদাসের করুণ-নিপুণ লেখনীর দ্বারা তাহা কথনই সন্থবপর হইত না।

কবি এইরূপে বাহিরের শান্তি ও সৌন্দগ্যকে কোণাও অতিমাত্র क्क ना করিয়া তাঁহার কাব্যের আভ্যস্তরিক শক্তিকে निष्ठक्र ठांत गर्या नर्यमा निक्य ७ नवन করিয়া রাখিয়াছেন। এমন কি, তাঁহার তপোবনের বহিঃপ্রকৃতিও সর্ব্বত অন্তরের কাজেই যোগ দিয়াছে। কথনো বা তাহা শকু छ नात (यो रननी नाम आपनात नौ ना-মাধুগ্য অর্পণ করিয়াছে, কথনো বা মঞ্চল-আনীর্কাদের সহিত আপনার কল্যাণমর্ম্মর মিশ্রিত করিয়াছে, কখনো বা বিচ্ছেদকালীন ব্যাকুলতার সহিত আপনার মৃক বিদায়বাক্যের করুণা জড়িত করিয়া দিয়াছে এবং অপরূপ মন্ত্রবলে শকুস্তলার চরিত্রের মধ্যে একটি পবিত্র নির্মালত।—একটি স্নিগ্ধ মাধুর্য্যের রশ্মি নিয়ত বিকীর্ণ করিয়া রাথিয়াছে। এই শকু-ম্ভলাকাব্যে নিস্তব্ধতা যথেষ্ঠ আছে. কিন্তু मकरलत (हर्रा निस्नब्धार व्यथह वाभिक-ভাবে কবির তপোবন এই কাব্যের মধ্যে কাজ করিয়াছে। সে কাজ টেম্পেষ্টের এরি-মেলের ভায় শাসনবদ্ধ দাসত্ত্বের বাহ্য কাজ নহে—তাহা সৌন্দর্য্যের কাজ, প্রীতির কাজ, গাত্মীয়তার কাজ, অভ্যন্তরের নিগৃঢ় কাজ! টেম্পেষ্টে শক্তি, শকুন্তলায় শান্তি;

টেম্পেটে বলের দারা জয়, শকুন্তলায় মঙ্গলের
দারা দিদ্ধি; টেম্পেটে অদ্ধপথে ছেদ, শক্ন্তলায় সম্পূর্ণতায় অবসান; টেম্পেটে মথালাভ.
শকুন্তলায় চরমলাভ। টেম্পেটের মিরানা

সরল মাধুর্য্যে গঠিত, কিন্তু সে সরলতার প্রতিষ্ঠা অজ্ঞতা-অনভিজ্ঞতার উপর্বে,—শকুন্তলার সরলতা অপরাধে, ছঃথে, অভিজ্ঞতার, ধৈয়ে ও কামায় পরিপক, গন্তীর ও স্থায়ী। গেটের সমালোচনার অহুসরণ করিয়া পুনর্বার বলি—শকুন্তলায় আরন্তের তরুণ সৌন্দর্যা মঞ্জলময় পরম পরিণতিতে সফলতা লাভ করিয়া মন্ত্যকে স্পর্গের সহিত সন্মিলিত করিয়া দিয়াছে।*

শুক্ল-সন্ধ্যা।

শৃন্ত ছিল মন,
নানা কোলাহলে ঢাকা,
নানা-আনাগোনা-আঁক।
দিনের মতন :
নানা জনতায় ফাঁকা,
কর্মে অচেতন
শৃন্ত ছিল মন।

জানি না কথন্ এল ন্পুর-বিহীন
নিঃশক গোধৃলি!
দেখি নাই স্বৰ্ণরেথা,
কি লিখিল শেষ লেখা
দিনাস্তের ভূলি।
আমি যে ছিলাম একা
তা-ও ছিমু ভূলি।
আইল গোধৃলি।

আলোচনা-সমিতির অধিবেশনে বঙ্গদশন-সম্পাদক কর্তৃক পঠিত।

হেনকালে আকানের বিশ্বরের মৃত
কোন্ স্বর্গ হতে
চাঁদথানি ল'রে হেসে
শুক্ল-সন্ধ্যা এল ভেসে
আঁধারের স্রোতে।
বৃঝি সে আপনি মেশে
আপন আলোতে!
এল কোথা হতে!

অকন্মাৎ-বিকশিত পুলোর পুলকে

্বলিলাম আঁথি।

আব কেহ কোণা নাই,

দে শুধু আমারি ঠাই

এসেছে একাকী।

সন্মথে দাঁড়াল তাই

মোর মুখে রাখি

অনিমেষ আঁথি।

বাজহংস এসেছিল কোন যুগান্তবে শুনেছি পুরাণে। দময়ন্তী আলবালে স্থান্টে জল ঢালে নিকুঞ্জ-বিতানে, কার্ কথা হেনকালে কহি গেল কাণে, শুনেছি পুরাণে!

জ্যোৎসাসন্ধ্যা তারি মত আকাশ বাহিয়া এল মোর বুকেশ কোন্ দূর প্রবাদের প লিপিথানি আছে এর ভাষাহীন মুখে! দে যে কোন্ উৎস্থকের মিলনকৌতুকে এল মোর বুকে!

তৃইখানি শুল ডানা ঘেরিল সামারে
সর্বাঞ্চে হৃদয়ে।
ফান্ধে মোর রাখি শির
নিষ্পান্দ রহিল স্থির,
কগাটি না ক'য়ে।
কোন্ পদ্ম-বনানীব
কোমলতা ল'য়ে
পশিল হৃদয়ে ৪

আর কিছু বৃঝি নাই, শুধু বৃঝিলাম
আছি আমি একা !
এই শুধু জানিলাম
জানি নাই তার নাম
লিপি যার লেথা।
এই শুধু বৃঝিলাম
না পাইলে দেখা
রব আমি একা !

বার্থ হয়, বার্থ হয় এ দিন-রজনী,
এ মোর জীবন !
হায় হায় চিরদিন
হ'য়ে আছে অর্থহীন
এ বিশ্বভূবন !
অনস্ত প্রেমের ঋণ
ক্রিছে বহন
বার্থ এ জীবন !

প্রগো দ্ত দূরবাসি, ওগো বাকীছ্মীন, হে সৌম্য-স্থলর । চাহি তব মুথপানে
ভাবিতেছি মুগ্ধপ্রাণে
কি দিব উত্তর :
অঞ্জালে হ'নয়ানে,
নির্কাক্ অতর !
হে দৌমা-স্কল্বর!

বোগ্দাদে ভারতবর্ষীয় চিকিৎসক।

আর ভারতের প্রাচীন গৌরবের কাহিনী
বড় গীত হয় না। এক সময় ছিল, যথন
য়ুরোপীয় বিশিষ্ট পণ্ডিতেরা ভারতের
ইতির্ত্ত-উদ্ধারে সবিশেষ যয়বান ছিলেন।
য়ুরোপে সেরূপ মহাপ্রাণ লোক ক্রমেই
বিরল হইয়া পড়িতেছেন। এখন সেথানে
সকলে নিজ নিজ জাতির মাহাম্মাই যথা বা
অযথা রূপে কীর্ত্তন করিতে সর্বাদা ব্যস্ত।
পরের দিকে চাহিবার বা পরের বিষয়
জানিবার মার ইচ্ছাও নাই, প্রয়াসও নাই।
নিঃসার্থ গুণগ্রাহিতার দিন ফুরাইয়াছে।

তথাপি স্বীকার করিতে হইবে যে, পঞাশং-বংসর পূর্বে যুরোপীয় নিঃস্বার্থ জ্ঞানপিপাস্থ পণ্ডিতেরা ভারতের প্রাচীন ইতিহাসের যে সকল তথ্য আবিদ্ধার করিয়া
গিয়াছেন, তাহাতেই ভারতের প্রাচীন
সভ্যতার কীর্দ্ধি সভ্যজ্ঞগতে ঘোষিত হইয়া
ভারতকে পূজিত এবং আদৃত করিয়াছে।
যুরোপীয় পণ্ডিতেরা যাহা করিয়াছেন,
যথেইই করিয়াছেন। ভারত স্চিরদিনই
তাহাদের নিকট ঋণী থাকিবে। এখন যে

তাঁহাদের মধ্যে অন্য কেছ এ বিষয়ে যত্নবান্
নহেন, তাহা লইয়া আমাদের ক্ষ্ম বা
বিরক্ত হওয়া কোনক্রমেই যুক্তিযুক্ত নহে।
তাঁহারা আমাদের অনেক করিয়াছেন।
তাঁহারা ধন্য হউন।

কিন্তু হঃথ হয় নিজেদের জন্য। জাতির অভাবনীয় উন্নতির বিষয় ঘোষণা করিবার জ্বন্য এতসংখ্যক বিদেশী বিদ্ধ-নাওলী প্রাচীন ভারতের ঐতিহাসিক-তত্ত্ব-আবিষ্কারকে জীবনের ব্রত করিয়া ধ্য হইয়া গিয়াছেন, দে জাতির আধুনিক শিক্ষিত-সম্প্রদায়ের সে তত্ত্ব আবিষ্কারে তেমন আস্থা দেখিতে পাওয়া যায় না। হুইচারিজন প্রাতঃশ্বরণীয় মহাত্মা ভিন্ন আর সকলেই ইহাতে উদাসীন। গুধু যে উদাসীন, তাহা নহে; স্বীকার করিতে লজ্জা হয়, অনেকেই আবার ভারতের প্রাচীন সভ্যতার সমূহ विष्यौ। विष्ने याश्यक ममञ्जा पृकात অর্ঘ্য দিল, স্বদেশী গভীর অনাদরের সহিত তাহাকে দূরে নিক্ষেপ করিল। ভারতের শক্র আব্দ্র ভারতই।

আমি এসিয়াটিক সোসাইটির জার্ভাল্ উল্টাইতে গিয়া হারুণ আল্রসিদের সভায় কতকঞ্চল প্রতিভাশালী ভারতীয় পঞ্চিতের আথ্যান বর্ণিত দেখিলাম। ইহা মওয়া-ফিকুদিন আবু লকাদ আহমদ ইব্নু আবু উসাইবিয়াহ মহাশয়ের লিখিত ৷ রেভারেও कि अतुটन-शारहरवत बाता हेहा असूराणिक এবং সংস্কৃতজ্ঞ বিচক্ষণ পণ্ডিত উইল্সন্-সাহেব মহাশয়ের দারা তাঁহার টিপ্পনী সহিত প্ৰকাশিত। আৰু উদাইবিয়াহ সাহেব খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করিয়াছিলেন। পাঠক দেখিতে পাইবেন, এমন দিনও যথন এই গ্রীষ্মাতিশয্যপ্রপীড়িত পাশ্চাত্যসভাতালোকবিহীন ভারতবর্ষও অলসভায় বা অজ্ঞানৃতার অন্ধকারে নিমগ্ন না থাকিয়া, সভাজগতের স্থ্রপ্রান্ত পর্যান্ত দর্শন এবং বিজ্ঞানের স্লিগ্ধজ্যোতি বিকীর্ণ করিয়া মানবজাতিকে ধন্য করিয়াছিল। ভারতের দে সভ্যতা স্থির, গন্তীর, শান্ত, সমাহিত। প্রতীচ্য সভ্যতার প্রচণ্ড প্রথ-রতা বা আহ্বরিক ভেরীনিনাদ না থাকি-লেও দেশে-বিদেশে এই স্তব্ধ সভ্যতার বিখ-ব্যাপিনী শক্তির ও পরিচয়ের অসদ্ভাব নাই।

এখানে বলিয়া রাথা ভাল, এই পুস্তকে ভারতবর্ষীয় নামগুলি এমন বিক্কভমৃর্জিতে প্রকাশিত যে, ভাহা দেথিয়া অনেকসময় সেগুলিকে ভারতবর্ষীয় বলিয়া বোধ হয় না। বিজাতীয় ভাষায় নামের এরপ বিক্কতি ন্তন নহে। অভএব উদাহরণ দিয়া কাল-ক্ষেপ করা বৃথা। এই সকল নামের অনেক-শুলিই ভারতবর্ষের ইতিহাসে অপরিচিত। বাহাদের নাম, বহুদিন বিদেশে বাস করিতে

করিতে খদেশে তাঁহাদের কীর্ত্তিকলাপ অজ্ঞানিত হইরা পড়িবে, ইহা বিচিত্র নর।

অমুবাদ।

দাদশ পরিচ্ছেদ। ভারতবাসী "কানকা''।

ভারতবর্ষীয় জ্ঞানীদিগের মধ্যে ইনি একজন মহা-জ্ঞানী এবং একজন থুব উচ্চদ্রেণীর পণ্ডিত। চিকিৎসাশাস্ত্রের অনেক বিষয় ইহার অনুসন্ধানে স্থিরীকৃত হইয়াছে। ঔষধাদির গুণ এবং অমিশ্র ও মিশ্র পদার্থের সম্বন্ধে তথাগুলি ইনি সম্মক্ অবগত ছিলেন। জ্যোতিব্বিদাায় পৃথিবীতে ইহার দ্বিতীয় ছিল না। আবু মশহর জাকব বলেন, ইনিই ক্রোতিষ-শাস্ত্রের প্রথম প্রবর্ত্তক।

ভারতবাসী সন্জাহল।
ইনিও ভারতবর্ষের একজন প্রধান পাঁওত।
ইহারও চিকিৎসা এবং জ্যোতিষ শাল্পে অসাধারণ বৃংপত্তি। গ্রহবিজ্ঞান-(Astrology)সম্বন্ধে ইনি বিশেষ চর্চা করিয়াছিলেন।
সন্জাহলের পর ভারতবর্ষে আরও অনেকানেক প্রতিভাশালী ব'ক্তি জন্মগ্রহণ

करत्रन, यथाः--

বাধর, দাহর, জাভর, রাহাহ, আনকর, আদি, শাকাঃ, জঙ্গল, জারী। চিকিৎসা এবং অন্যান্য শাস্ত্র সহদ্ধে ইহাদের লিখিত অনেকানেক পুত্তক আছে। নক্ষত্রমগুলীর গতিবিধিবিধয়ে বহু বৈজ্ঞানিক তত্ত্ব এই-গুলিতে পাওয়া যায়। ভারতবর্ষীয়েরা এখন ইহাদেরই অ্মুকরণ করেন এবং ইহাদেরই মতাক্মারে শিক্ষা দিয়া থাকেন। ইহাদের

প্রণীত পুস্তকাবলীর অনেকগুলিই আরবীয় ভাষায় অঁফুবাদিত হইয়াছে। বাজী-সাহেবের পুস্তকেও আমি ইহাদের পুস্তক হইতে উদ্ধৃত অনেক বিষয় পাইয়াছি। 'উদাহরণ-স্বরূপে ভারতবাসী সারক-পণ্ডিতের পুস্তকের উল্লেখ করা যাইতে পারে। এই পুস্তকের প্রথমত পার্দ্যভাষায় অমুবাদ হয়। তাহার পর আবদালা বিনু আলি ইহাকে পারস্য হইতে আরব্য ভাষায় অন্থবাদ করেন। শাস্তাদের পুস্তক হইতেও রোগের লক্ষণ, চিকিৎসার নিয়ম এবং ঔষধাদির ব্যবস্থা সংগ্ৰীত হইয়াছে দেখিতে পাই। ইহা দশ পরিচেছদে বিভক্ত। হারুণ আল্রসিদের প্রধান মন্ত্রী য়াহিয়া বিনু থালিদ মহাশয়ের মাদেশ অনুসারে ইহার অনুবাদ হয়।

ভারতব্যীয় শনক ৷

হান চিকিৎসাশাস্ত্রে একজন বিচক্ষণ পঞ্জিত। নানা প্রণালীতে চিকিৎসা করিবার উপায় হনি আবিষ্ণার করিয়াছেন ৷ দশন, বিজ্ঞান এবং জ্যোতিষ শাস্ত্রে ইহার প্রগাচ অধিকার। হান একজন বড বাগাঁাও বটেন। ইহার বাগ্মিতার কিঞ্চিৎ আভাস নিয়ে প্রদত্ত श्रेंग ।

কোন রাজকুমারকে সধোধন করিয়া ইনি বলিতেছেন—

"হে রাজন্, রুথা সময়ের অপব্যয় করিও না। কালের করাল হস্তে আত্মসমপণ করিয়া চিরছ:থে নিমগ্ন হইও না। সকল মন্দ কম্মেরই শাস্তি অনিবার্য। অতএব স্বাদ। সাবধানে থাকিও। অদৃষ্ট ভবিষ্যতের গর্ভে নিহিত রহিয়াছে, -- সকলপ্রকার অব-স্থার জন্মই প্রস্তুত থাক। সময় পরিবর্ত্তন-

শীল, সর্বাদা সজাগ থাকিও। পৃথিবীতে কষ্ট ञनिवाया, इंटा नकाना ऋत्र ताथिछ। यभ, মান, সন্ত্রম অত্যস্ত ক্ষণস্থায়ী,—নিজের <u>দৌভাগ্যের উপর নির্ভর করিতে গিয়া আত্ম-</u> বিশ্বত হইও না। ই**হা শ্ব**রণ রাখিও, যে ব্যক্তি পৃথিবীর ক্ষণিক প্রলোভনের নিকট হইতে নিজেকে বাচাইতে পারে না, সে অন-ন্তের মধ্যে অনন্ত প্রলোভনের সম্মুথে কেমন করিয়া স্থির থাকিবে। যিনি সংকশ্মের নিমিত্ত আপনার পাশব প্রবৃত্তিদকল দক্ত-দাই দমনে রাথেন, তিনিই যথার্থ জ্ঞানী এবং মহান্। যে রাজা নিজের রিপু জয় করিতে না পারিল, সে আপনার হুদ্ধ-বিশুঙ্গল দৈন্যদলকে কেমন করিয়া বশে রাথিতে দক্ষন হইবে। স্কুতরাং স্বার্থপর, প্রবৃত্রি চরিতার্থতায় রত মূর্য রাজার রাজো অত্যা-চার, অনাচার, বিদ্রোহ এবং অশান্তি ভিন্ন অগু কি আশা করা যাইতে পারে ?"

জাওদার।

জাওদার ভারতব্যীয় জ্ঞানী এবং পণ্ডিত-দিগের মধ্যে একজন প্রধান পণ্ডিত ছিলেন। তিনি চিকিৎসাশাস্ত্রই বিশেষরূপে করিতেন। তাঁহার সময়ে তাঁহার থ্যাতিসম্পন্ন লোক অতি অন্নই ছিলেন। তাঁহার গ্রহগণনাসম্বন্ধে একথানি পুস্তকও আছে। আরবীভাষায় উহার অন্তর্বাদ হইয়াছে।

ভারতব্যীয় মানকা।

रेनि हिकिৎमाभारअ একজন অসামাগ্র ইহার চিকিৎসাবিভা পণ্ডিত। অসাধারণ, ঔষধাদিপ্রয়োগে যেরূপ বিচ-ক্ষণতা, চিকিৎসাপ্রণালীও তেমনি স্থনর।

ইনি ভারতবর্ষীয় পণ্ডিত্বর্গের মধ্যে মহা-প্রিত। ইনি পার্ভভাষার বেশ জানি-তেন। ভারতব্যীয় শনকের বিষ-বিষয়ক পুস্তকগুলিকে পারস্তভাষায় ইনিই অনুবার করিয়াছিলেন। ইনি হারুণ আল্রসিদের সময়কার লোক এবং ভারতবর্ষ হইতে তাঁহারই চিকিৎসক হইয়া ইরাকে আসিয়া-ছিলেন। আমি কোন কোন পুস্তকে পড়িয়াছি त्य, होन हेयाक विन स्टलमान महाभारात দারা ভারতব্যায় অনেক পুত্তক আরব্য এবং পারস্থ ভাষায় অনুবাদ করিবার জন্ম নিযুক্ত হইয়াছিলেন। "থালিফ এবং বার-মিসিদিদিগের ইতিহাস" নামক গ্রন্থে দেখিতে পাওয়া যায় যে, আল্রসিদ একসময়ে অত্যন্ত পীড়িত হন এবং নানাপ্রকার চিকিৎসাতেও তিনি কোন ফল পান নাহ। অবশেষে আৰু আমক আলজামি ভাগকে এক্দিবদ বলিলেন, ভারতব্যে মানকা নামে একজন প্রাসিদ্ধ চিকিৎসক আছেন। তিনি একজন ভারতবর্ষায় ধ্যাপ্রাণ ব্যক্তি এবং বিচক্ষণ পণ্ডিত। যাদ বাদশাহ ভালার নিকট হইতে ব্যবস্থা আনাইয়া লহতে পারেন, তাহা হইলে ঈশবের কুপায় নিশ্চয়ই তিনি আরোগ্যলাভ করিবেন। আল-রসিদ তাহা শুনিয়া নানারপ উপঢ়োকন निया मानकारक त्वाश्नारम आनियात নিমিত্ত লোক পাঠাইয়া দিলেন। মানকা আসিয়া আল্রসিদকে অচিরেই রোগমুক্ত করিলেন। আল্রসিদও প্রীত হইয়া তাঁহাকে যথেষ্ট ধনরত্ন দান করিলেন এবং তাঁহার জীবনকালবাপী একটি বত্তিও নির্দ্ধারিত করিয়া দিলেন। একদিবস

गानका जगान वाश्वि इहेग्रा (मिश्लन (य, একটি লেক অঞ্চলে নানাপ্রকার'উষধাদি লইয়া তাহাদের গুণবর্ণনায় ব্যাপৃত রহিয়াছে। পৃথিবীর যাবভীর রোগের অমোঘ মহৌষধ তাহার নিকট প্রাপ্তবা, উটেডঃম্বরে সে এই-রূপ ঘোষণা করিতেছে। মানকা ভাঁধার সঙ্গীকে জিজাস। করিলেন, এ ব্যক্তি কি বলিতেছে গ" সঙ্গী সে বিষয় তাঁহাকে বুঝা-হয়। দিলে, তিনি ঈষং হান্ত করিয়া বলি-रलन, "बातविंगरशत ताका नि*हत्तर अक्जन ঘোর মূর্য কেন না, এ ব্যক্তি যাহা বলিভেছে, তাহ। যদি সভাই হয়, তাহা ২ইলে প্রণোভন দেখাইছা পুৰুপরিবার হৃহতে আমাকে বিচ্ছিন্ন করিয়া আনিবার প্রয়াণ কেন তিনি করিয়াছিলেন। অথবা যদি ১ বিধাবোদ। हरा, उत्व इंशत প्राणिष्ट । आङ्ग ना (भन কেল। কারণ এই একজনের প্রাণ্দণ্ডে সহস্ৰ স্থা লোক অকালে কাল্থাস ২২৫৩ র্কা পাইতে পারে।

ভারত্বশায় বালার পুত্র শালেই।
বালাব পুত্র শালেইও একজন বিচক্ষণ
ভারত্বধীয় চিকিৎসক। ইংশ্র চিকিৎসাপ্রালী অতি স্কন্ধর এবং চিকিৎসাশাস্ত্রের উন্নতিকয়ে ইংশ্র অপরিসান উৎসাই। ইনিও হারুণ আল্রসিদের সময়
ভারত্বর্য ইংতে ইংলকে আসিয়াছিলেন।
ইব্ন উল্লাল্ড নামে স্বিশেষ পরিচিত
আবুল হাসান মুস্ক মহাশয় নির্লিখিত ঘটনাটি সালেম উল্বর্ষের প্রিয় কর্মচারা আমেদ
বিন্ রসিদের নিকট শুনিয়াছেন বলিয়া
বর্ণনা ক্রিয়াছেন। আমেদ তাঁহার প্রভুর
নিকট হংতে ব্যাপারটি অবগত হুইয়াছিলেন।

আবু শালেমা (আমেদের প্রভু) বলিতে লাগিলেঁন—"তংপরে বাদশহে জাবিলকে (একজন প্রসিদ্ধ বোগ্দাদা চিকিৎসক— হ্হা লাটিনভাষার লিখিত এক জীবনা আছে) ডাকিয়া আনিবার নিমিত আমাকে ক্রিলেন : কারণ 817.44 ভাঁহার উপস্থিত না হওয়া পর্যান্ত বাদশাহ আহার আরম্ভ করিতে পারিতেভিলেন না। আমি আবিলকে ভাহার গ্যা-অগ্যা নানা স্থানে অব্যাদন করিয়া উচ্চোকে না পাইয়া ফিরিয়া धामिता वामनांक्टक जानावलागा वामनाव গ্রান্ত কুপিত হুইয়া তাঁহাৰ উদ্দেশে হুংসনা ही १८ ज लालिर जन। असन-समस जानिल আমির। উপস্থিত হুইংলন। তথন বাদশাইকে কুপিত হ্যয়া ভাহার উপর গালিবর্ধণ করিতে জুলিয়া তিনি ব্লিলেন, 'বাদ বাৰ্শাহ গালি দাভিয়া এ স্থারে ভাহার ভাত। ইত্যাহ্য বিন শালেহের নিমিত অশ্বেষ্ণ করিতেন, গ্রাহা হরলে গ্রাধক সম্প্রেচিত কলা করা হলত। হৃহতে বাদশাহ ইরাহিম্পথকে িজাসা করার, জারিল যে তাঁহাকে মুমুর্ ঘৰতাৰ প্ৰাথিৱা আসিয়াছেন, তাহা বাদ-শাহকে জ্ঞাপন ক্রিলেন। আর ইহাও পেধাকরে তিনি জানাইলেন বে, রাজিশেষে ঠাহার মৃত্যও অনিবাধ্য। আল্রাসিদ একে-নারে গুংখে অভিভূত হুহ্যা পড়িলেন এবং অভাবাসাম্থা সমস্ত সেধান হঠতে তং-ক্রণাং সরাইয়া ফেলিতে **আ**দেশ করিলেন। ঠাহার ছঃথ দেখিয়া সকলেই ছঃখিত না হইয়া পাকিতে পারিলেন না। তথন জাফর বিন্ য়াহিয়া বলিলেন, "হে ধ্রধর্মপ্রতি-পালক ৷ জাত্রিলের চিকিৎসা গ্রীসায় মতের

অমুখারী। কিন্তু বাদশাহ যদি বালার পুত্র ভারতবর্ণীয় শালেহকে ডাকাইয়া জিজাসা করেন, তাহা হইলে ভারতবর্ষীয়-চিকিৎসা-প্রণালামতে ইহার কোন প্রতিকার হওয়া মন্তব কিনা, তাহা জানা যাইতে পারে। বাদশাহ স্ৎক্ষণাৎ শালেহকে লইয়া রোগীকে দেধাইয়া আনিতে জাফর.কই আদেশ করি-লেন। শালেহ তদমুদারে রোগীর নিকট নীত হুইলেন। তথন জাফর তাহাকে রোগীর অবস্থাস্থ্যে জিজ্ঞাসা করিলে, শালেহ বলি বেন যে, তিনি বাদশাহ ভিন্ন হাত্য কাহাবত নিকট ভাহার অভিমত জ্ঞাপন করিবেন না। জাদর বিশ্বর চেষ্টা পাইলেন, ফিছু শালেহ কিছুতেই কিছু বলিতে সীকৃত হইলেন না জাফর অগত্যা বাদশাহকে বাদশাহ তথনই শালেহকে ভাহার মুমাপে লইয়া আসিতে আদেশ করিলেন। শালেহ তদমুদারে বাদশাহের নিকট উপনীত হইয়া বলিতে লাগিলেন-"হে স্বৰ্যপ্ৰতিপালক। আপনার প্ৰতাপ অপরিদীন এবং ক্ষতা অপ্রতিহত। আপ नात बाङ्या वा विहादवत अवमानना करत. এমন কেহনাই। আমি আপনার এবং সমবেত ভদ্রমণ্ডলীর সমস্থে শ্পথ করিয়া বলিতেছি যে, অণ্য রাত্রিতে এই রোগী যদি উপস্থিত রোগে কালগ্রাদে পতিত হন, ভাহা ২হলে আমার সমুদায় ক্রীতদাসদিগকে আমি मुक्त कतिवा निव, आभात शाधनानि मगछह ধাশ্মিকদিগকে দান করিব,আমার ধনসম্পত্তি যাহা-কিছু অকাতরে বিলাইয়া দিব, আমার সমগ্র ভাষ্যাগণকে এককালে পরিত্যাগ করিব, এমন কি, মামার তিনটি সুবতী স্থার

সহিতও সম্বন্ধ ছেদন করিয়া ফেলিব।" আল্রসিদ কহিলেন, "শালেহ, তুমি নির্কোধ,—
তুমি কেমন করিয়া ভবিষ্যতের বিষয় এত
দৃঢ়তার সহিত বলিতে সাহস কর।" শালেহ
উত্তর করিলেন, "হে স্বধর্মপ্রতিপালক!
আমি না বুঝিয়া বলি নাই। অজ্ঞতার অন্ধকারই বাস্তবিক অন্ধকার। যদি ভবিষ্যঘটনাসম্বন্ধে স্কুম্প্রি সাম্বেতিক নিদশন
পাওয়া যায়, তাহা হইলে নিশ্চিতভাবে
অভিমত ব্যক্ত করিবার বাধা কি?" তথন
বাদশাহ প্রকৃতিস্থ হইয়া আহারাদি করিলেন
এবং তাহার পর মত্যপানেও মন দিলেন।

ক্রমে রাত্রিশেষে দৃত আসিয়া সংবাদ দিল যে, ইব্রাহিমের মৃত্যু হইয়াছে। তথন নির**তিশ**য় রোষাবি ত হ ইয়া বাদশাহ ভারতবর্ষ ও তাহার চিকিৎসাবিভার সম্বন্ধে নিতান্ত বিরক্তিবাঞ্জক বাকা প্রয়োগ করিতে লাগিলেন এবং শালেহের প্রাম্শ লইতে বলিয়াছিলেন বলিয়া জাফরের উপরেও **গ**েগস্থ ক্ৰোধপ্ৰকাশ করিলেন। প্রে এক-গ্লাস নাবিধ্ আনাইয়া লবণ ও জল সংযোগে তাহ। পান করিয়া, গাহ। কিছু আহার করিয়াছিলেন, সমস্তই বমন করিয়া (किलिटनन ।

পরদিন প্রভাষে তিনি ইবাহিমের গৃহে
গিগা তাঁহার মৃতদেহের পার্গে ভূতলে উপবেশন করিয়া হাহুতাশ করিতেছেন, এমনসময় শালেহ আসিয়া আল্রসিদের নিকট
উপস্থিত হইলেন। কেহ তাঁহাকে সন্মান
বা অভ্যর্থনা করিল না। তথন শালেহ
চীৎকার করিয়া বলিয়া উঠিলেন—"হে
স্বধ্যপ্রতিপালক! আপনি কি নিমিত্ত

আমার বিবাহিতা ভার্য্যাদের সহিত আমার বিচ্ছেদ ঘটাইতে ক্বতসঙ্কল হইর্যাছেন। হে পরমেশ্বর, আমি কি অপরাধে এরপে দণ্ডিত হইতে বসিয়াছি। আমার পত্নীগণকে অন্তে বিবাহ করিবে, সেটা ত প্রায়সঙ্গত নহে। আর কেন্ই বা আপনি আপনার লাতাকে জীবিত অবস্থায় সমাধিস্থ করিতে উত্তত হইয়াছেন। উনি মরেন নাই। আমাকে একবার নিকটে গিয়া উহাকে দেখিতে দিন।"

আল্রসিদ শালেহকে এইরূপ বলিতে দেখিয়া, মৃতদেহের নিকট তাঁহাকে ষাইতে অহুমতি করিলেন। তথন আমরা বাহির হইতে যেন চপেটাঘাতের শব্দ পাইলাম এবং পরকণেই শালেহ "পরমেশ্বর তুমি ধতা--পরমেধর তুমি ধন্ত" বলিতে বলিতে কক্ষ হইতে নিজ্ঞান্ত হইয়া আসিয়া আল্রসিদকে मरशाधन कतिया विवादन-"(इ स्वधर्य-প্রতিপালক ! অন্ত আমি আপনাকে অত্যা-শ্চর্যা এক ব্যাপার দেখাইব, আমার সহিত আহন।" তথন আল্রসিদ, মসক্র, সেলিম এবং আমি তাঁহার সহিত কক্ষের মধ্যে প্রবেশ করিলাম। শালেহ একটি স্থচিকা লইয়া মৃত ইত্রাহিমের অঙ্গুলির মধ্যে বিদ্ধ করিয়া দিলেন। ইব্রাহিম হাত টানিয়া লই-लन। उथन भारलह विलालन, "८६ अधर्या-প্রতিপালক! আপনি কখন মৃত ব্যক্তিকে অনুভব করিতে দেথিয়াছেন কি ? আপনি কি ইহাকে এখনও মৃত বলিতে চাহেন ?" আল্রিদিদ নির্বাক হইয়া রহি-লেন। উথন শালেহ ইব্রাহিমের অস্তিম-কালোচিত সাজসজ্জা সুৱাইয়া কেলিতে অমুরোধ করিলেন। কেন না, তিনি বলিলেন যে, ইব্রাহিম যদি সংজ্ঞালাভ করিয়া
এই সকল দেখিতে পান, তাহা হইলে তিনি
বাত্তবিকই মারা পড়িবেন এবং তাহা
হইলে তাঁহাকে রক্ষা করা তাঁহার পক্ষে
অসাধা হইবে। তৎপরে শালেহের ঔষধ-

প্রয়োগ করিবার স্বলক্ষণেরই মধ্যে রোগী উঠিয়া বদিলেন। ক্রমে দম্পূর্ণ আরোগ্য লাভ করিয়া তিনি অনেকদিন জীবিত ছিলেন। অবশেষে বহুকাল পরে তিনি ঈজিপ্ট ও প্যালেষ্টাইনের শাসনকর্ত্রপে প্রেরিত হন। এই ঈজিপ্টেই তাঁহার মৃত্যু হইয়াছিল। অধ্যাপক।

শেষ দেখা।

অস্থিম দিনেতে যবে

আর্থীয়স্তজন সবে

শেষ সজ্জা করাবেন মোর,
দেখিবেন রহিয়াছে
নারব বুকের কাছে
তব কেশে গাণা এক ডোর!
সে দিন হে প্রিয়তম
তুমি এসো গৃহে মম,
শেষ দেখা দেখে যেয়ো তব,
যেই দিন শুভক্ষণে
মরণের আগমনে
পুরাতন হবে অভিনব!

সার সত্যের আলোচনা।

আত্মজান।

এক ব্যক্তিকে আমি জিজ্ঞাসা করিলাম—
"দেবদত্তের সহিত আপনার পরিচয় আছে ?"
তাহার উত্তরে তিনি বলিলেন — "দেবদত্ত আমারই নাম।" অর্থাৎ-কিনা দেবদত্তের

সহিত তাঁহার খুবই পরিচয় আছে, যেহেতু তিনিই দেবদত্ত এবং দেবদত্তই তিনি। ইহাতে প্রকারান্তরে বলা হইল এই যে, প্রতিধনেরই আত্মা আপনার নিকটে স্থপরি-চিত; কেন না, চলিত ভাষায় যাহার নাম

আপনি,শাল্লায় ভাষায় তালারই নাম আজা।। ছইদিন পরে মেই দেবদক্তের বালতে ভাঁহার মহিত সাজাং করিতে গিরা কেথি মে, তিনি জেকি জেলান দিনা কনিবা এক-খানি পুখদ পাঠ করিছেনেন। আলাগে Chiadi পুত্ৰখাল বহু করিলেন। তাহত পরে প্রক্রমানির লামান্ত্রের প্রতি ভাষার অঞ্সলান-দাই নিপ্তিভাক্তে দেখিয়া ভিনি হাসিয়া এলিলেন, "নোখা এতেনাক — এখানি भाषाभाभा भरकुक्रिका राज्य का हाई व (६) भिन्न मेलको १९३ (५३) याम छन ५८७३ भारत शांक दशांभ रेमन गांनी इहेशांकिल त्य खाशनातक जात्ना । अले कि कम चान्ह्या (य. शरमरक शरमक विसय आरम्, व्हिस वाध भारक (अड्ड स्ट्रांस स्टा" किल ५६.४६ পর্বের হলি মুখন জোরের সহিত্য বাল্যা-ডি.প্ৰান্তি, "(চন্দাচ আমিলিই নামে", তথা ভাষাতে একমপ ব্যাহ্যাক্তিয় যে, সকলোই আপনার নিকটে আন্নি লপ্রিচিত **उत्तर्व ३६८७८७ (स. १५८७८**७त ७३सास्त কথা গংরগ। ভাষার প্রথমবাদের কথার ভাব এই গে, আল্লা সকলেবই নিকটে স্থারিটিত। ভাছার দিভারনারের কথাস ভাব এই যে, আত্মা অনেকেরই নিকটে লপ্রিচিত। খান্ধ মন ব্লিডেজে গে "ছত কথাত এতা।" কিন্তু মনের ১৮ কথার বিদ্ধি সাধ দিতেছে ।। বিদ্ধি বলিতেছে যে, "একটি সভা হচলে অপ্রটি অবভা ২০লা যার।" আলি স্থাত হত্য। লোহার বিবাদ মিটাইয়া দিলাম। বামে কিরিয়া মনকে বলিলাম, "ভূমি যে বলিতেও 'ছুই কুণাই সতা', এটা ঠিক; কিন্তু তোমাৰ কথা আরো

ঠিক ২০৩, যদি ধলিতে যে, 'তুই হিসাবে ুল। নতা'।" ডাহিনে ফিরিয়া ধা কে ধৰিবাম, "চুমি যে বলিতেত 'ছং কথাই সভা হছতে পারে না', এ কথা গ্ৰঃ সৃত্য ; কিল ভোষার কথা আবো সভা এই হ, বাং সিং ছে, বে 'একট হিসাবে ছই क्यामड बर्ट्ड था'त ना'। (डानाटन्स ছাই গুলোর কথার নব্য হাইছে ছাল ভাবের এই भक्त विकिश नादि। करिया, (मध पुरे भक्त ाश का द्याहित्रक आर्थ रक्ति लार ০৬ জনত এই তথ্য সাধা তথ্য হিসাবে সকলেরই লৈ ১০: সুগ্ৰিচিত । বৈ এক ভিষ্টৰে খনে रवितः संकर्ण कर्णा विकार भट्टाटिका विवास ভালেট ভালের এক থকার মিটিয়া গেল-্ৰল (একালে এই যে, কি (১মানেই ব) আছি। প্রক্রেণ্ড নিক্টে স্থানিচ্ছ — কি হিমানেই বং মায়, একে শেরত লিকটো অপরিতিভা

প্ৰথম দেইবা এব বে, "এটা আমি ছানি কেন্দ্ৰিক কাম কামি কাকিছে আমি মে কিন্দ্ৰিক কাম কামি কাকিছে আমি আমি শৈকি এ'ৰ নাম কামি কাম আজ্বান্তাৰ সে ব্যামেন আজ্বান সকলোৱাই আছে।

ন্তার দ্বৈষ্য এব বে, "এটা আমি বেশ কানিবেটি বে, আমিন দেখিতেতি, আমিন জানিবেটি, জানিব ভারিবেটিছে", ইংলাদি। দুজ দেখিবার মুম্য আমি আপ্রনার নিকটে দুছ রূপে প্রকাশ আম—গান গুনিবার মুম্য আন আপ্রার নিকটে জোভারূপে প্রকাশ পান মনোম্বার কোমে বিষয়ের আলো-চনা করিবার মুম্য আমি আপ্রনার নিকটে মুদ্যারেশ প্রকাশ পান্ত—কোনো বিষয়ের সুদ্যারেশ ভ্রমারণ কারবার সুমুষ্য আমি

আগনার নিকটে বোদ্ধারপে প্রানাণ পাই —প্রকাশ পাই এই প্রান্ত: কিন্দ্রন্তা-গ্রাই আমি বে কিল্লপ—আম্বি গাণ্ড্যতে वा**ग्रामानात मगड** माद्रश्लाक प्रान्त्रा ্ললৈলে তথন আনি যে কিলপ, ভাষা वागति निकारि अधाकान । वह भगाउँ ্কৰণ মামি বলিতে পাতি বে, "আমি এ০-धर्म-मग्रास अर्ग अर्ग-कार्य जायनात निकर्ते लकान भागे;" जा वर्ग, इक्ट्रिंग भगतार অন্তে একপ কথা বান্তে গারে না যে, **্রথন অ**ন্ন আপ্রার বিষ্টে বেরাপে गर्भाव वार्वाह - वार्वावक वार्वा (भगति : -- अ अ गांग गांत प्राधान कर 91व - अन्यक्तास्त्र व्याचित्राम् २ १ वर्गरम् वर्ग 21751

৬০টার এরবন এল বে, কলালো সাল-अभिनेत २८८ राम्हि पानिसी विकास ०० लि .म न इति एनमन । डॉकाव न्रीफर । अन त्य কোৰণ প্ৰকাশ নাম, হাহা লাভে প্রক্ষ) বাস্থবিক-সভা-জনে প্রনাশ প্র - নামা नक्रांव तृष्कि । १११-१ वर्ग वर्ग ११ गुड़ा वॉर्स - अभिनामीय-अन्त्र छ स्ट्रिस --अकान शांच । क ना, (में) इं एफ 18, 33 3 1

এक हि करा अर्थ (य. अर्गियाम वर्षमान नाकि । इन्तान आधनात निकटि खेलान না পাহলে আত্মজ্ঞান হয় ন।; অল একটি क्षा वर ८५, आभि या-जाकारण जातनाः াৰকটে প্ৰকাশ পান্তলৈও খাত্মজাৰ হয় না। তৃতার কথা এই যে, আমি ভাস্ত্রিক राहा এবং भाषनात निकार अलिम पाट-তেছি (ছরূপ, এই ছয়ের মধ্যে যদি ব্যববান

वा शएक ना शास्क, आभि वास्त्रिक गांश —্দেইলপেই যাদ আমি আপনার নিক্তে বকাৰ পাই—ভবেই হাহাকে বলা ঘাইতে পানে আত্মজান। পুলোর চলকপ আয় ज्ञान अत्मरकत् आर७-- (न्राम्ड धकार আভাজানই মনুধামধো স্কুছণ্ডি।

चिनि वर्णन १४, "अभुष्टि लार्ण ७ (कामि आछि, किन्नु अकान भारत्यां मां 🕫 भारत আপনার নিকটে আপান প্রকাশ গাই, আর প্রকাশ বর্গন পাই এগন মেট अन्धकारमञ्जू शकान्यत्कः नः वाञ्चलान सा वहि त्याला, हिला न्ता छ। बर्गन दर्छ, किन्नु अरम सर्व विश्वापन । भारतम त्य. নোলপে একশে গাওিল একশে লাগাওয়ারন 어(해 영상 : 독年節句 (한) 한 기원 기원 등 집에는 57季 कार्या ७१। ७ वर्ग कंशान मैलार्याय । ८५॥ ।

विभि वटनम १४, "अधन्तरिन आभि यवस क्षाचा कर्या क्षांभारभागतः उभरतम्। कवि. - ७४म हारक आणि नार्थनांव 'गन्ति वाधा .. 18 의원에 위한 -1.5위... 5명 위해(中 र्वाभार्वः प्राचित्रकालाः । १९७१ - आधिनावि 1 - १८७ भागांच वा अवल न भागावा अकान পাততে পারেল-এ কথা আনি অস্বাকার कि लिखा जात, किया जीन वाशनात निकास আপুনি বেল্লপ একাশ প্রাইটেকেন্- সভা-সভাগ যে তিনি সেইএপ, তাহার প্রমাণ কি ?" ভাহার পতি লামার বক্তবা এই যে, স্বাহার জ্বাতিভানিক নাজা এবং লাহাং-কালের বাজীবক লাজা এ ছয়ের মধ্যে বে, लाइम आहा देश विभिविषकार आहम, কিন্তুসে গ্রভেদ যে কিন্নপ প্রভেদ এবং কভটা প্রভেদ, তাহা বোধ করি তিনি ভাল

করিয়া প্রণিধান করিয়া দেখেন নাই। এইটি তাঁহার দেখা উচিত যে, আরব্য উপ-ভাদের আবু হোদেন্কে যথন দশ্চকে ফেলিয়া রাজা বানানো হইয়াছিল, তথন আবু হোদেনের মনোমধ্যে ক্রমাগতই এইরূপ একটা প্রশ্ন আন্দোলিত হইতেছিল যে, "কালিকে'র সেই দীন-হীন ক্ষুদ্র আমি হঠাৎ আজিকে প্রত্যুষে উঠিয়াই রাজা হই লাম কিরপে ? সতাই কি আমি রাজা-না স্থ্য দেখিতেছি !" পক্ষাস্তরে, স্বপ্নের রাজার মনোমধ্যে ভুলক্রমেও একটিবার এরপ প্রশ্ন উ थि उ श्व ना (य-"कान् (य हामा हिनाम ! আজ রাজা হইলাম কিরূপে ? সতাই কি আমি রাজা—না স্বপ্ন দেখিতেছি!" ফলে —"বাস্তবিক বা অবাস্তবিক" এ কথাটিই স্বপাবস্থার কথা নহে। জাগরিত অবস্থা-তেই আমাদের নিকটে বস্তুদকলের বাস্ত-বিক সত্তা প্রকাশ পায়, আর, সেই সঙ্গে প্রাতিভাসিক সতা যাহা প্রকাশ পায়, তাহা বাস্তবিক সন্তা'র প্রতিযোগেই প্রকাশ পায়। প্রকৃত কথা এই যে, "বাস্তবিক বা অবাস্ত-বিক" এই যে একটি কথা অভিধানে আছে --এ কথা জাগরিত অবস্থার থাস্ নিজাধি-কারের কথা—উহা স্বপ্নের অধিকারাভ্যন্তরে প্রবেশ করিতে চাহেও না-প্রবেশ করিতে পারেও না। অতএব প্রকৃত আত্মজ্ঞানী আত্মাকে যে-ভাবের বাস্তবিক-সত্য-রূপে---ধ্রুব-সত্য-রূপে—উপলব্ধি করেন, তাহার সহিত স্বপ্নের রাজ্যভোগের উপমা দেওয়া কেবল একটা কথার-কথা বই আর কিছুই নহে।

আত্মজ্ঞানের তত্তানুসন্ধানে প্রবৃত্ত হই-

বার সময়, আত্মজ্ঞানের কাঠিন্স কোন্থান-টিতে, সেইটি সর্ব্বেগমে ব্ঝিয়া দেখা আবশ্যক।

জ্ঞানের কার্য্যই হ'চ্চে অব্যক্তকে ব্যক্ত ভিতরে আত্মার কতপ্রকার অব্যক্ত-শক্তি যে অতলম্পর্শ গভীরে নিস্তব্ধ-ভাবে অবস্থান করিতেছে, তাহা কে বলিতে পারে ? সেই অব্যক্ত-শক্তির কতক-কতক অংশ যথন আমাদের ইক্রিয়-ক্রিয়া, মনঃ-ক্রিয়া, প্রাণ-ক্রিয়া এবং বৃদ্ধি-ক্রিয়াতে ব্যক্ত হয়, তথনই সেই সেই ক্রিয়া-ছারা বিশেষিত হইয়া আত্মা আপনার নিকটে বিশেষ বিশেষ রূপে প্রকাশ পা'ন—দ্রষ্টা-রূপে, শ্রোভারপে, মস্তারূপে, বোদারূপে প্রকাশ পা'ন। প্রথমত, আত্মার যথন যে-শক্তি বর্ত্তমানে ক্ষুর্ত্তি পায়, তাহাই তথন অহুভূত হয়। দিতীয়ত, **সাক্ষাৎসম্বব্ধে** অতীত কালে যে-শক্তি স্বকার্য্য সাধন করিয়া এক্ষণে বিশ্রাম করিতেছে—দে শক্তিরও ক্তিমরণে জাগ্রত হইয়া অনুভূত শক্তি-ক্রিরি সহিত মিলিয়া যায়। উল্লাপিও আকাশ হইতে ক্রতবেগে নিপতিত হইবার সময় তাহার নিজের পিণ্ডাকার পরিত্যাগ করিয়া আগ্নেয়রেথাকারে প্রকাশ পায় কেন ? তাহার কারণ শুদ্ধকেবল এই যে, দৃষ্ট আগ্নেয় পিণ্ডের পশ্চাৎ পশ্চাৎ স্মৃত আগ্নেয়-পিও-পরম্পরা সারিবন্দী-ক্রমে আবি-ভূত হইয়া, সমস্ত মিলিয়া, দেখিতে দেখায় ঠিক্ যেন একটা প্রলম্বিত আগ্নেয়রেখা। দর্শন-শক্তির ফুর্ন্তি ধেমন স্মরণ-শক্তিকে জাগাইয়া তোলে—দর্শন এবং স্মরণ হয়ের সমবেত ফুত্তি তেমনি ধী-শক্তিকে

জাগাইয়া তোলে: আমি যথন সন্মুথে একটা বঁটবৃক্ষ দেখিতেছি, তথন আমার স্থারণ হইতেছে যে, পূর্ব্বে অনেক স্থানে আমি ঐরণ বৃক্ষ দেখিয়াছি; আর, ঐর্নপ বৃক্ষ যেথানে যতগুলা চক্ষে দেথিয়াছি, স্ব-खनारक हे त्नारक "वहेतृक्" वरन, **डाहा** ड কর্ণে শুনিয়াছি - এইরূপে দশন-ফুর্ত্তি হইতে স্মরণ-ক্ষৃত্তি উদ্দীপিত হইল; এবং পরি-শেষে উভয়-ফার্তির সমবেত উদ্দীপনায় আমার বৃদ্ধি-ক্ষৃতি হইল এইরূপ যে, দৃগ্য-মান বৃক্ষটি বটবৃক্ষ। আমার এইরূপ দশন-শক্তি, অমুভব-শক্তি, স্মরণ-শক্তি, ধী-শক্তির বর্তুমান ক্রব্তির সঙ্গে সঙ্গে আমি আপনার নিকটে দ্রষ্টা, অনুভব-কর্ত্তা, শ্বরণ-কর্ত্তা,বোদ্ধা রূপে প্রকাশ পাই। "বর্তুমান ক্ষুর্ত্তি"এথানে বলা হহতেছে কাহাকে— সেটা বুঝিয়া দেখা আবগুক। বর্ত্তমান কালে আমি যে ঐ বিশেষ বটবুকটি দেখিতেছি – সেই বিশেষ দশন-ক্রিয়া এবং তাহার সঙ্গে "আমি পূর্বে **এমুক অমুক স্থানে** ঐরূপ বটবৃক্ষ দেখিয়া-ছিলাম" এই বিশেষ স্মরণ-ক্রিয়া, এবং "এটা বটবৃক্ষ" এই বিশেষ বুদ্ধি-ক্রিয়া,যাহা বর্ত্তমান কালে ক্ষৃত্তি পাইতেছে—সেই সকল বিশেষ বিশেষ ক্রিয়ার ক্ষুত্তিকে লক্ষ্য করিয়াই এথানে বলা হইতেছে—দর্শনাদি-শক্তির বর্ত্তমান ক্ষুর্ত্তি। এখন যেন আমার দর্শনাদি-শক্তির বর্তমান ক্তি ঐ বিশেষ বটবৃক্টির দশনাদি-ক্রিয়াতেই আবদ্ধ; কিন্তু গতকল্য আমার দর্শনাদি-শক্তির বর্ত্তমান ক্র্রি পশাগারের সিংহ দর্শনে ব্যাপৃত ছিল। আজি-কের এথনকার এই বর্ত্তমান ফুর্ত্তি আজ থামার নিকটে ব্যক্ত হইয়াছে—কাল আমার নিকটে অব্যক্ত ছিল; কালিকের বর্ত্তমান ক্ষৃত্তি কাল আমার নিকটে ব্যক্ত ছিল, আজ আমার নিকটে অব্যক্ত রহিয়াছে। এইরূপ প্রভাহ প্রতি-ক্ষণে আত্মার বিশেষ বিশেষ ক্রিয়া-ক্র্ ব্রিক্ত হইতেছে এবং সেই সঙ্গে অপরাপর ক্রিয়া-ক্ষুত্তি অব্যক্ত থাকিতেছে। বে-ক্রিয়া যথনই ক্রর্ডিমতী হয়, সেই ক্রিয়া তথনই ব্যক্ত হয়; আর, যথন ব্যক্ত হয়, তথনই দেই-ক্রিয়া-সমন্বিত-রূপে আপনাকে উপলব্ধি করি। কিন্তু যাহা এখন অব্যক্ত আছে,পূৰ্ব্বে তাহা এক সময়ে ব্যক্ত হইয়াছিল, অথবা ভবিষাতে তাহা ব্যক্ত হইতে পারে। এইরূপ করিয়া ক্রমাগতই মুহর্মান্ত বাজা-বাক্তের উদয়ান্ত হইতে থাকিলেও ব্যক্তা-বাক্তের মধ্যে বস্তুত কোনো প্রভেদ থাকিতে পারে না; কেন না, যাহা এক কালে ব্যক্ত হইতেছে, তাহাই আর-এক কালে অব্যক্ত থাকিতেছে; এবং যাহা এক কালে অব্যক্ত থাকিতেছে, তাহাই আর এক কালে ব্যক্ত হইতেছে। এইজন্ম আত্মা যথন ব্যক্ত-ক্রিয়াক্ষূর্ভি-সমলিত-রূপে বর্ত্তমানে প্রকাশ পা'ন, তথন তাহাতেই প্রকারান্তরে দাঁড়ায় যে, আত্মা বাক্তাব্যক্ত-উভয়প্রকার-ক্রিয়া-ফু ত্তি সমন্বিত— কেন না,ব্যক্ত এবং অব্যক্তের মধ্যে বস্তুত কোনো প্রভেদ নাই। পূর্বে বলিয়াছি ষে, আত্মা বাস্তবিক যাহা--সেই-রূপে প্রকাশ পাওয়ার নামই আত্মজান। আত্মা বাস্তবিক যাহা, সেই জারগাটিতে বাক্তাব্যক্ত-উভয়প্রকার ক্ষূর্ত্তি সম-ষিত ; আর, আত্মা বিশেষ বিশেষ কালে বিশেষ যে-যে-রূপে বিশেষ निकटि ध्वकाम পा'न—(महे जाम्रशाहित्ज

ব্যক্তস্মৃত্তি-সমন্বিত-রূপে প্রকাশ পা'ন। যে জায়গাটিতে আত্মা ব্যক্তফূর্ত্তি-সমবিত, সেই জায়গাটিই আত্মার জ্বেয়-স্থান; যে জায়গাটিতে আত্মা অব্যক্ত-শক্তির আশ্রয়-ভূমি,অথবা যাহা একই কথা—বে জায়গাটিতে আত্মা ক্রিয়াক্ত্রিসমূহের লয়স্থান বা সমাধি-স্থান, সেই জায়গাটিই আত্মার জ্ঞাতৃস্থান; আর, যে জায়গাটি ব্যক্তাবাক্তের সন্ধিস্থান, অৰ্গাৎ যে জায়গাটিতে আত্মা ব্যক্তাব্যক্ত-উভয়প্রকার-শক্তিফ্রর্ত্তি-সমন্বিত-রূপে প্রকাশ পা'ন-দেই জায়গাটিই আত্মার স্থান আর সেই জায়গাটিতে আত্মজান প্রকাশিত হয়। আত্মজ্ঞানের কোন্থানটিতে, তাহা এখন বলিবামাত্রই বুঝিতে পারা ষাইবে—যিনি জ্ঞাতা, তিনিই জেয়-বিনি ব্যক্তাব্যক্ত-উভয়প্রকার-শক্তি-সম্বিত, তিনিই ব্যক্তশক্তি-সম্বিত— এটা বুঝিলে সহজ, না বুঝিলে কঠিন; এই-

খানেই আত্মজ্ঞানের কাঠিন্য। পাঠকের প্রতি সবিনয় নিবেদন এই, বুঝিবার এবং ুঝাইবার স্থবিধার জন্ত --- সময় এবং কাগজ বাঁচাইবার জন্ত আমি স্থানে স্থানে রূপক-छ्टा ভাবপ্রকাশ করিতে বাধ্য হইয়াছি; ইহা দেখিয়া তিনি যেন এরূপ মনে না করেন যে, তাহা রূপক ছাড়া আর কিছুই নহে। উপরে আমি বলিলাম, "এ জায়গায় আত্ম। অমুক—ও জায়ণায় আত্মা অমুক" ইত্যাদি। এথানে জায়গা-শব্দের অর্থ যে কি, তাহা বুঝিতেই পারা যাইতেছে। যদি এরপ কেই থাকেন—যিনি উপরি-উক্ত স্থলে জায়গা-শন্দে প্রকৃতপক্ষেট জায়গা বা স্থান বুঝিয়া বুসিয়া আছেন—তবে তাঁহার প্রতি আমার বক্তব্য এই যে, বর্ত্তমান প্রবন্ধের গন্তব্য-পথে আর-কিছুদ্র অগ্রসর হইলে তাঁহার ভ্রম পুচিয়া যাইবে;—আপাতত যাহা তিনি বোঝেন, তাহাই বুঝিয়া সম্ভষ্ট থাকুন।

শীবিজেন্দ্রনাথ ঠাকুর।

শুভক্ষণ।

আকাশে গছন মেঘে গভীর গজ্জন,
প্রাবণের ধারাপাতে প্লাবিত ভুবন।
ও কি এতটুকু নামে দোহাগের ভরে
ডাকিলে আমারে তুমি! পূর্ণ নাম ধরে'
আজি ডাকিবার দিন; এ হেন সময়
সরম-সোহাগ-হাসি-কোতুকের নম্ন!
আধার অম্বর, পৃথী পথচিহুহীন,
এল চিরজীবনের পরিচম্নদিন'!

রাজতরঙ্গিণী।

কবি-কহলণ বিরচিত "রাঞ্চতরঙ্গিণীর" নাম একণে জগদ্বিগাত, হইয়াছে। স্থবিখ্যাত সংস্কৃতগ্রন্থ স্থললিত-কবিতা-নিবদ্ধ বলিয়া, অনেকে ইহাকে কাব্যমাত্র মনে ক্রিয়া গ্রাহোগ্য স্মান্র প্রদ্রে ইত্তত্ত কারতেন। ইহা যে ভারতীয় পুরাতত্বো-দারে সহায়তাসাধন করিতে সক্ষ. কথা সকলে স্বীকার করিতেন না। দকল অশুদ্ধ পাণ্ডুলিপি অবলম্বনে এই গ্ৰন্থ প্রথমে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছিল, তাহার ভ্রমপ্রমাদ অনেক স্তলে অর্থবোধের সম্প্রিধা উপস্থিত করিত। পুরাতন গ্রাম-নগর কোথায় ছিল, ভাহা জানিতে না পারিয়া, অনেকে অনেক বিশ্বাসযোগ্য <u>ঐতিহাসিক ঘটনাও কবিকাহিনী বলিয়া</u> পত্যাথ্যান করিতেন। অধ্যাপক ষ্টান এই সকল ভ্রমপ্রমাদ সংশোধিত করিয়া, ভৌগো-লিক বিবরণ, মানচিত্র ও ইংরাজী অন্তবাদ সহ রাজতর্ফিণীর এক অভিনব সংস্করণ মুদ্রিত ও প্রকাশিত করিয়া, অনেক আব-ৰ্জনা অপসারিত করিয়া দিয়াছেন। পক ষ্ঠান তজ্জন্ম ধন্মবাদের পাতা।

সংস্কৃতসাহিত্যে গ্রন্থকর্তার পরিচয় প্রাপ্ত গইবার সম্ভাবনা নাই। অনেক গ্রন্থে কিছু-মাত্র পরিচয় নাই; যে সকল গ্রন্থে কিছু-কিছু পরিচয় আছে, তাহাও এত যৎসামান্ত যে, তাহাতে গ্রন্থকর্তার জীবনী-সম্বলনের আকাজ্ঞা। কিছুমাত্র পরিতৃপ্ত হয় না ! তজ্জ্ঞ গ্রন্থরচনার কালনির্দেশেও নানা গোলধাগ উপস্থিত হইয়া থাকে। কোন্ গ্রন্থ কবে রচিত হইয়াছিল, তাহা জানিবার সম্ভাবনা মতই নিরস্ত হয়, পণ্ডিতমণ্ডলীর তর্কবিতর্ক তত্ত বৃদ্ধের উপর বৃদ্ধে স্ট কবিয়া পাতিত্বের আড্মরে পাঠকসমাজকে বিশ্বয়াপ্র করে!

সোভাগ্যক্রমে রাজতর্ঞিণীর রচনাকাল-নির্ণয়ে মতপার্থক্য উপস্থিত হইবার আশক্ষা নাই। কবিক**হল**ণ গ্ৰন্থা যে সকল কালোলেথ করিয়া গিয়াছেন, তদকুদারে রাজতরঙ্গিণী ৪২২৪ লৌকিকান্দে রচিত হই-বার পরিচয় প্রাপ্ত হওয়া যায়। তাহা খুষ্টীয় ১১৪৮ অব্দের সমসাময়িক;—ভারতবর্ষের বিচিত্র ইতিহাসের বিশায়াবহ সন্ধিন্তল ! সে দরিস্থলে হিন্দামাজ্যের শেষ অঙ্কের অভি-নয়ান্তে যবনিকা নিপতিত হইয়াছে। কাল-বিরচিত ঐতিহাসিক গ্রন্থ যে নানা তথ্যাবিষ্ণারে সহায়তাসাধন করিবে, তাহাতে সন্দেহ নাই। তজ্জগু কহলণের কাব্য বিশেষভাবে আলোচিত হওয়া আবশুক গ

এই বিপুল গ্রন্থ অষ্ট তরক্ষে বিভক্ত। প্রথম তিন তরক্ষ আদি, চতুর্থ তরক্ষ মধা এবং শেষ তরক্ষচতুষ্টয়কে শেষ বলিয়া কল্পনা করিলে, এই গ্রন্থে তিনটি বিভিন্ন যুগের ইতিহাস প্রাপ্ত হওয়া যায়। কবি কহলণের সময়ে আদিযুগের কিংবদন্তি-মাত্রই প্রচলিত ছিল, কোন বিশ্বাদযোগ্য ইতিহাস বর্তমান ছিল না। মধ্যয়ুগের কিছু-কিছু জনশ্রতি ও লিখিত বিবরণ প্রচলিত ছিল; শেষ যুগের অনেক ঘটনা কবির জীবনকালেই সংঘটিত হইয়াছিল। কবিতানিবদ্ধ इहेरन ३, **স্থ**তরাং অংশ স্বিশেষ ত্রঙ্গিণীর কোন কোন বিশাদযোগ্য। কহলণ গ্রন্থরচনায় হস্তক্ষেপ করিবার পূনে পুরাতন শিল। ও তামলিপি লিখিত বিবরণ এবং অন্যাপ ও সমালোচনা করিয়াছিলেন: তথাকু-দন্ধানের অনুরাগেই তিনি এই শ্রমদাধ্য ব্যাপারে লিপ্ত হইয়াছিলেন। ইহাতে রাজ-তরঞ্জিণীর গৌরব সমুধিক বর্দ্ধিত হইয়াছে।

বিচারপতির ন্যায় নিয়ত সত্যোদ্যাটনের চেষ্টাই যে ইতিহাসলেথকের প্রধান কর্ত্তবা, তদ্বিয়ে কবি কহলণ নিজেই গ্রন্থমধ্যে মত-প্রকাশ করিয়া লিথিয়া গিয়াছেনঃ—

লাঘাঃ স এব গুণবান্ রাগদেষবহিষ্**তা**।

" দুহৈন্দ পূর্বাভুভত্পতিষ্ঠাবস্তুশাসনৈঃ।

প্রশন্তিপটেঃ শাল্ডেক শাল্ডোহশেষজ্ঞক্ষর ॥"১ ১৫॥
পূর্ব নরপালবর্গের যে সকল বিবরণ লোকসমাজে বা লিখিত ইতিহাসে পরিচিত ছিল,

তাহার সত্যাসত্যবিচারের জন্ম কবি কহলণ পুরাতন শাসনলিপির সহায়তা গ্রহণ করিয়া নানা প্রচলিত ভ্রম সংশোধন করিয়াছিলেন। অব্যাপক ষ্টীন্ ভারতবর্ষীয় প্রাচীন লেখকের এই তথ্যাবিদ্বারের অনুরাগ লক্ষ্য করিয়া মুক্তকণ্ঠে সাধুবাদ প্রদান করিয়াছেন।

কহলণ যে সকল জনশ্রুতি লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহা লোকবাবহারের নানা তথা প্রকাশিত করিয়া, তাঁহার গ্রন্থকে সমধিক মূলাবান্ করিয়াছে। এই সকল জনশ্রির ঐতিহাসিক মূলা অধিক না হইলেও, লোকবাবহারের হতিহান সঙ্কলনের পক্ষে ইহা বহুমূলা। শেষাংশের অনেক ঘটনা কহলণের সমক্ষেই সংঘটিত হইয়াছিল; তাহার বিস্তৃত বর্ণনা ইতিহাসের পক্ষে

ইতিহাস লিথিবার যে সকল যোগাতা থাকা আবশুক, কবি কহলণ তাহাতে দ্রিদ্র ভিলেন বলিয়া বোধ হয় না। শিক্ষাকে ভৎকালোচিত উচ্চশিক্ষা বলিয়া স্বীকার করা যায়। তিনি গ্রন্থয়ে নানা শাস্ত্রজ্ঞানের পরিচয় প্রদান করিয়া গিয়াছেন। তাঁহার সত্যাত্মসন্ধানের অতুরাগ প্রবল ছিল, অনুসন্ধান করিবার নানা স্কবিধাও বর্ত্তমান ছিল। তিনি রাজমন্ত্রী চম্পকের পুত্র বলিয়া মত্য লোকের মজ্জাত অনেক তথ্য সহজে স্পলন করিতে সক্ষম হইয়াছিলেন : তজ্জ্ম সমনাময়িক ও অল্পকালপূর্ববন্তী <u> তাঁ</u>হার ঘটনাবলা যথাবথরূপেই লিপিবদ্ধ সম্ভব। পুরাতন কাহিনী জনশ্রতিমূলক,— রাজতরঙ্গিণীর প্রথমাংশ विश्वामरयात्रा विवास श्रीकात कता यात्र ना।

কহলণের প্রকৃত নাম কি ছিল, তাহা নানা তকঁবিতকে আছে হইয়া পড়িয়াছে। कञ्जान-नाम मः ऋ उमूनक इरेटन ७ अभ अः म। ভাষাতত্ত্ববিৎ পণ্ডিতগণ বলেন, কলাাণ-भरकत अभावः एक कह्ना भक छे ९ भन्न हरे -রাজতর্জিণীতে, জনৈক ব্যক্তি কথন কল্যাণ কথন বা কহলণ নামে কথিত ও লিখিত থাকা দেখিতে পাওয়া যায়। কহলণের প্রকৃত নাম যে কবি কল্যাণ, তাহার বিশ্বাস্থােগা প্রমণে আবিশ্বত হই-ভাহার সমসামধিক वार्छ । ক হল গ কবির কবিগণের মধ্যে মঙ্খ-নামক নামোল্লেথ করিয়াছেন। এই কবি 'শ্রীকণ্ঠ-চরিত' নামক কাব্য রচনা তাহাতে প্রদক্ষক্রমে তাঁহার সমসাময়িক ত্রিশজন কবির নাম ও গুণ্থাম বর্ণিত আছে। তন্মধ্যে কবি কল্যাণ একজন। সান্ধিবিগ্রহিক অলকদত এই কবি কল্যা-ণের পৃষ্ঠপোষক ছিলেন। ইহাতে কহলণের প্রকৃত নামের পরিচয় প্রাপ্ত হওয়া যায়। কিন্তু তাঁহার কহলণ নাম এত স্থপরিচিত যে, এক্ষণে কল্যাণ-নাম আর সমাদরলাভে দক্ষ হইবে না।

কহলণ ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়াই বোধ হয়। কিন্তু সে কথা
কুত্রাপি স্পষ্টাক্ষরে লিখিত নাই। তিনি
কাশ্মীরের নানাস্থান পরিভ্রমণ করিয়া লুপ্তকার্ত্তি ও তীর্থস্থান স্বচক্ষে দর্শন করিয়াছিলেন
বলিয়া বিশ্বাস হয়। স্থানীয় বর্ণনার স্ক্ষাতিস্ক্ষ্ম পারিপাট্যে তাহার যথেষ্ঠ আভাস প্রাপ্ত
হওয়া যায়।

त्रकारल ऋष्ठिशकत्रण इटेरज कथा

আরম্ভ করিবার রীতি প্রচলিত ছিল।
পুরাণে তাহার দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়।
কবি ক্লন্ডলণ ইতিহাসরচনাকালেও সে সনাতন পদ্ধতির সমাদর রক্ষা করিয়া, স্ফাষ্টর
প্রথমে কাশীরের উপত্যকা যে "সতীসরঃ"নামক হদ ছিল, তাহার উল্লেখ করিয়া
গিয়াছেন। ইহা কাশীরের চিরস্তন জনশ্রুতি।
আধুনিক ভূতত্ত্বিৎ পণ্ডিতগণ এই জনশ্রুতি
একেবারে অগ্রাহ্য করিতে পারেন না।

প্রকৃতির লালানিকেতন কাশ্মীরের পাৰ্কতা জনপদ ভূমণ বলিয়া অন্তাপি কীৰ্দ্তিভ হইয়া থাকে। পর্বতের উপর পর্বতামাল অসংখা শিখর বিস্তার করিয়া, সমগ্র কাশীররাজ্ঞাকে বিচিত্র চিত্রপটের ভাষ প্রতিভাত করিয়াছে। তাহার উপত্যকা-অধি-क्ल-पृष्प-भरख, नम-नमी-প্রস্তবণ, মন্দির, চৈত্য ও অট্টালিকায় স্থুশোভিত হইয়া, কাশ্মীরকে স্থুখনোভাগ্য, জ্ঞান ও ধর্মে সমূরত করিয়াছিল। কবে এই পার্বতা-রাজ্যে প্রথমে সভাতা ও শিক্ষা প্রতিষ্ঠালাভ করে, তাহা নির্ণয় করা অসম্ভব: সে আদি-যুগের জনশ্রুতি পর্যান্তও বিলুপ্ত হইয়া গিয়াছে! মহাভারত যে কুরুক্কেত্র-মহাসমরের আখ্যা-য়িকা, তাহাতে কাশ্মীররাজকে কোন পকে অস্ত্রধারণ করিতে না দেখিয়া কেহ কেহ মনে করেন.—তৎকালে কাশীর কোন প্রবল নরপতির রাজ্য বলিয়া পরিচিত ছিল না। কবি কহলণ এই সিদ্ধাস্তের প্রতিকূল প্রমাণ উপস্থিত করিবার জন্ম লিথিয়াছেন, —তৎকালে কাশ্মীরের সিংহাসনে শিঙ্ রাজা সমাসীন বলিয়া, তিনি কুরুক্তেরের মহাসমরে যোগদান করিতে পারেন নাই।

কোন সময়ে ভারতবিখ্যাত কুরুক্তেরের মহাসমর সংঘটিত হইয়াছিল, তরিষয়ে নানা তর্কবিতর্ক প্রচলিত হইয়াছে। এই তর্ক-বিতর্ক নিতান্ত আধুনিক নহে; সেকালেও এ বিষয়ে যথেষ্ট মতভেদ বর্ত্তমান ছিল। দাধারণত এই মহাসমর দাপর্যুগে সংঘটিত হইবার জনশ্রতি বর্ত্তমান আছে; তাহা ছাপর ও কলির সন্ধিকাল বলিয়া পরিচিত। তদমুদারে ইহা পঞ্সহস্র বংসরের পুরাতন কবি কহলণ এই মহাসমরের করিয়াছিলেন। কালনির্ণয়ের চেই। চেষ্টায় তিনি প্রচলিত জনশ্রুতির পক্ষসমর্থন नाहे; हे जिहा माल थरक त বিচারে প্রবৃত হইয়া কালনির্ণয় করিয়াছেন।

কহলণের পুরের বরাহমিহির "রহং-সংহিতা" গ্রন্থে এই কালনির্গরের চেষ্টা করিয়াছিলেন। কহলণ তাঁহার মত উদ্ভ করিয়াছেন। বরাহমিহিরের মতান্ত্রসারে সপ্তবিমণ্ডল শতবর্ষে এক নক্ষত্র হইতে নক্ষত্রান্তরে পরিভ্রমণ করে। যুবিষ্টিরের রাজ্যাভিষেকসময়ে সপ্তবিমণ্ডল মঘানক্ষত্রে অবস্থিত ছিল; স্থতরাং তাহা শকাব্দের পূর্ববিত্তী ২৫০৬ বৎসরের ঘটনা। ষণাঃ—

"শক্ষাদৃক্ষং শতেনাকৈষ। ওস চিত্রশিগণ্ডিয়ু। তিচ্চারে সংফিতাকারৈরেবং দক্তোহতা নির্মঃ। আসন্মগাস্থান্মঃ শাসতি পৃথীং ম্ধিচিরে নুপাতৌ। মড় দ্বিকপঞ্চিযুতঃ শককালস্তস্ত রাজ্যসা॥ '১।৫৫—৫৬॥

কবি কহলণ এই গণনা অবলম্বন করিয়া লিথিয়া গিয়াছেন যে, কলিগতান্দ ৬৫৩বং সর পরে কুরুপাণ্ডব প্রাত্ত্ত হইয়াছিলেন। এই গণনায় কহলণ-পণ্ডিত রাজ্তর্ঞিণী-রচনার কালনির্দ্ধেশ করিয়াছেন। তাহা

১০৭০ শক-বৎসর বলিয়া লিখিত আছে; তাহা ১ ৭০+১১৭৯=৪২৪৯ কলিগতাব। কহলণ মোট ৩৫৯৬ বৎদরের ইতিহাদ সঙ্গ-লিত করিয়া গিয়াছেন। ৪২৪৯ ক**লিগতাক** इंटर्ड এই ৩৫৯৬ বৎসর বিয়োগ করিলে, কাশীরের ইতিহাম-আরম্ভের হওয়া যায়; তাহা ৬৫০ কলিগতাক। कारल कूङ्र भा ७ रवंद्र मभमामश्रिक शानन-নামধেয় নরপতি কাশ্মীরের সিংহাদন অল-স্কৃত করিতেন। এত দীর্ঘকালের বিশ্বাস যোগ্য ইতিহাস সঞ্চলিত হইতে পারে ।।। কহলণ তজ্জন্য রাজতর্ক্তিণীর প্রথম তরক্তে ২২৬৮ বৎদরের কিংবদন্তিমূলক ইতিবৃত্ত সংক্ষেপে সমাপ্ত করিয়া, দ্বিতীয় হইতে অষ্ট্রম তরঙ্গে ১৩২৮বৎদরের ইতিহাস ক্রমে বিস্তৃত-ভাবে আলোচনা করিয়া গিয়াছেন। চতুর্থ তরঙ্গ হইতেই প্রামাণিক ঐতিহাসিক ঘট-নার আরম্ভ; তৎপরে ক্রমেই নানা বিশ্বাস-যোগ্য ইতিহাসের অবতারণা করিয়া, কহলণ-পণ্ডিত তাঁহার সম্পাম্য্রিক ঘটনা বর্ণনা করিয়া গ্রন্থেষ করিয়াছেন।

এই বিপুল গ্রন্থ অধায়ন করিতে হইলে, অধাপেক ষ্টানের পাণ্ডিত্যপূণ টাকা সবিশেষ উপকারজনক বলিয়া বোধ হইবে। এই টাকার সহায়তায় রাজতরঙ্গিণী অধ্যয়ন করা গাহাদের সময়ে কুলাইবে না, তাঁহারা অধ্যাপক ষ্টানের ভূমিকা পাঠ করিলেও, রাজতরঙ্গিণীর প্রধান প্রধান জ্ঞাতব্য বিষয় অবগত হইতে পারিবেন।

ভারতবর্ষের ইতিহাসের নানা অংশ। সকল অংশই তমসাচ্চন্ন। সকল অংশই নানা তর্ক্বিতর্কে অধিকতর তমসাচ্ছন ২ইয়া উঠিতেছে। কুরুক্ষেত্রের মহাসমরের কথা এখন কবিকাহিনীর অন্তর্ভুক্ত হই-রাছে। বৌদ্ধাবিভাবের পরবন্তী ও খৃষ্টাবি-পূর্ববর্ত্তী নরপালগণের মধ্যে চন্দ্রপ্তপ্ত, অশোক, কণিক্ষ প্রভৃতি কয়েকজন নরপালের নাম লোকসমাজে স্থপরিচিত **१**हेरल ७, ठाँहार तत्र भामनकाहिंभीत मकन কথা অবগত হইবার উপায় নাই। কোন সময়ে ভারতীয় সামাজ্যসামা কত্তুর বিস্তৃতি-লাভ করিয়াছিল, তাহাও নিঃসংশয়ে নির্ণয় করা যায় না। ভারতবর্ষের উত্তরপশ্চিমা-ঞ্ল বছবিপ্লবের লালাভূমি; তাহা কথন সভন্ত সভন্ত খণ্ডৱাৰো বিভক্ত; কখন বা দংগুক্ত মগধদামাজ্যের অন্তভুক্তি; কথন আবার বিদেশায় প্রাক্রমশালী প্রবল নর-পতির অধিকারভুক্ত হইয়াছিল। রাজ্তর-ঙ্গিণী কাশ্মীরের ইতিহাস হইলেও, এই সকল বিপ্লবের পরিচয় প্রদান করে।

কাশ্যার শৈলপ্রাচীরাবৃত স্বতন্ত্র থও
রাজ্য হইলেও, কথন কথন কাশ্যারের
বাহিরে গালারে, তাতারে, তিব্বতে, পঞ্চাপে,
পঞ্চালে, কান্তকুজেও অধিকারবিস্তার
করিয়াছিল; আবার কথন বা মগদ ও মালবের অধিকারভুক্ত হইয়া স্বাতন্ত্রাবিচ্যুত
করদরাজ্যে পরিণত হইয়াছিল। রাজতরক্ষিণীতে ইহার কিছু কিছু পরিচয় প্রাপ্ত হওয়া
বায়। কথন কাশ্যার হিন্দুধন্মের আশ্রম্থান,
কথন বা বৌদ্ধশ্যের বিজয়ক্ষেত্রে পরিণত
হয়াছিল। রাজতরাদ্দিণিতে তাহারও কিছুকিছু আভাস প্রাপ্ত হওয়া বায়। অসভা
পার্ববিজয়াতির অভিযানে বিপ্রয়ন্ত হইয়া,
জলপ্লাবন ও হর্ভিক্ষে উৎপীড়িত হইয়া,

কাশীর নানা সময়ে নানা ছঃথক্ষেশ বহন করিয়াছিল,—তাহাও কহলণের এন্তে দেখিতে পাওয়া যায়। এই সকল বিচিত্র ঐতিহাসিক ঘটনার আদ্যন্তের আলোচনা হইলে, তদ্ধারা ভারতবর্ষের বিলুপ্ত ইতিহাসের নানা তথ্য আবিষ্কৃত হইতে পারিবে। তজ্জ্য এই গ্রন্থের সমুচিত সমালোচনা আবশুক। বঙ্গুসাহিত্যে অনেকবার রাজ্যতর্ষ্ণিনীর আলোচনা লিপিবদ্ধ হইলেও, অতাপি কোন সর্বাঙ্গস্থানর প্রবন্ধেই সমপ্ত আলোচনা দীমাবদ্ধ হইয়া রহিয়াছে।

কাশারের সহিত মহাচান-সানাজ্যের কথন কথন দল্ধি সংস্থাপিত হইয়াছিল, রাজতরঙ্গিণীতে তাহার স্পষ্ট উল্লেখনা থাকিলেও, মহাচীন-সামাজ্যের ইতিহাসে তাহার পরিচয় প্রাপ্ত হওয়া যায়। তদ্দেশের বৌদ্ধ পরিব্রাজকগণ ভ্রমণপ্রসঙ্গে ভারতে উপনীত হইয়া কাশারের যে সকল বিবরণ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, রাজতরঙ্গিণীপাঠে তাহারও অনেক কথার সত্যতা উপলব্ধ হয়। তবে কাশারের পুরাতন নরপতিদিগের রাজ্যকালস্থকে কহলণ-পণ্ডিত পুরাতন পুস্তক অবলম্বন করিয়া যাহা লিথিয়া গিয়াছেন, তাহার সহিত সকল স্থলে ইতিহাসের ঐক্য সম্পোদন করা যায় না :—তাহা জনশ্রতিমাত্র।

কাশীরের ভূতপুর ভূপালগণের যে নাম-মালা কহলণ অন্তান্ত পুরাতন গ্রন্থ হংতে সঙ্কলিত করিয়া গিয়াছেন, তন্মধ্যে অশোক, ভবিষ্ণ ও কণিক্ষের নাম ভারতবর্ষের ইতি-হাসে স্থপরিচিত। কিন্তু কহলণ ইংগদের রাজ্যকাল ও বংশাবলী যে ভাবে কীর্ত্তন

করিয়াছেন, ভাহার সহিত ইতিহাসের কিছু-মাত্র ঐক্য নাই। অশোকের নাম জগিছিখাত; তাঁথার বিবিধ শিলালিপি ও জীবনচ্রিত তাঁহার কথা অন্তাপি লোকসমাজে ঘোষণা করিকেছে। তিনি মগধেশ্বর স্থবিখ্যাত চক্র গুপ্তের পৌত্র,—প্রবলপরাক্রান্ত বৌদ্ধ প্রথমে হিন্দুধর্মে প্রতিষ্ঠিত थाकिया, পরে বৌদ্ধর্মে দীক্ষিত হইয়া, অশোক "দেবানাং প্রিয়ঃ প্রিয়দশী" নামে স্থপরিচিত হন। তিনি প্রজাসাধারণকে অপতানির্বিশেষে প্রতিপালন করিবার জন্য ব্রাহ্মণ ও শ্রমণগণকে তুল্যভাবে সমাদর প্রদর্শন করিতেন; সিংহাসনারোহণের পূর্বে কাশীরের শাসনকর্তা ছিলেন; সিংহাসনে আরোহণ করিয়া পুত্রকে কাশ্যীরশাসনে নিযুক্ত করিয়াছিলেন। কাশ্মীরের বহু চৈত্যে ও বিহারে তাহার কীর্ত্তি দীর্ঘকাল দেদীপা-মান ছিল। তাঁহার প্রবল প্রতাপে ভারত-সীমাসংলগ্ন মেচ্ছরাজাও বশীভূত হইয়াছিল; তদেশেও অশোকশাসন প্রচলিত হইয়াছিল। খুষ্টাবিভাবের পূর্ব্ববন্তী তৃতীয় শতান্দীতে এই সকল ব্যাপার সংঘটিত হয়। রাজতরঞ্জিণী ইহাকে সহস্রবৎসরের পূর্ব্ববর্ত্তী ঘটনা বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন; বংশাবলীর সঙ্গে অশোকের স্থপরিচিত বংশাবলীরও সামঞ্জানাই। তথাপি "দেবানাং প্রিয়: প্রিয়দশী" স্থনামখ্যাত মগ্ধাধিপতি মহারাজ অশোকই যে রাজতরঙ্গিণীর তিবিষয়ে সংশয় নাই। তিনি কাশ্মীররাজ, सिष्ठ्रिक कांत्री, हिन्तू ७ वोक्तमिनत প্রতিষ্ঠাতা বলিয়া বর্ণিত: তাঁহার শাসন-সময়েই যে কাশীরে বৌদ্ধর্ম প্রবেশ-

লাভ করে, তাহারও আভাদ প্রাপ্ত হওয়া যায়। কারণ, তৎপুর্বে অন্ত 'কোন ভূপতির শাসনসময়বর্ণনায় কহলণ বৌদ্ধ চৈত্যাদির উল্লেখ করেন নাই। শৈবমত নিতান্ত আধুনিক বলিয়া কাহারও কাহারও ধারণা আছে ; ভাঁহারা সেই ধারণার উপর একান্ত নিভর করিয়া ভারতবর্ষের ইতি-হাসের অনেক তথ্য বিভিন্নরূপে ব্যাখ্যা করিয়া থাকেন। কিন্তু রাজতরঙ্গিণী কাশ্মীরে বৌদ্ধশ্ম প্রবর্ত্তিত হইবার পূর্ব্ব হইতেই শৈবমন্দিরাদি প্রতিষ্ঠিত থাকার সাক্ষাদান করে। অশোক নিজেও কাশ্মীরে শৈব-মন্দির প্রতিষ্ঠা করিয়াছিলেন, এবং তাহা বহুকাল অশোকের নামানুসারে লোক-সমাজে পরিচিত ছিল। ইহা দ্বিসহস্র বং-সরের অধিক পুরাতন কথা। তথনও কাশীর বিবিধ তার্থে, বিভালয়ে, জ্ঞান-গৌররে ভারতবর্ষে স্থপরিচিত ছিল। ইং। কবিপ্রদিদ্ধি হইলেও, নিতান্ত কাল্লনিক বলিয়া প্রত্যাথানে করা যায় না।

অশোক ও তৎপুত্র জলোক সম্বন্ধে রাজতরঙ্গিনীতে যে সকল আথ্যায়িক। বর্ণিত্র
আছে, তন্মধ্যে নিম্নোদ্ধ শ্লোকাবলীতে
কিছু-কিছু ঐতিহাদিক তথ্য নিহিত থাক।
সম্ভব। যথাঃ—

'প্রপোত্রং শকুনেস্তক্ত ভূপতেং প্রপিত্ব্যক্ষঃ।
অধাবহদশোকাধ্যঃ সত্যসদো বস্ধারন্ ॥
यঃ শান্তবৃজিনো রাজা প্রপশ্লো জিনশাসনম্।
শুন্দলেত্রবিতন্তাত্রো তন্তার ন্তৃপন্তলৈং॥
ধর্মারণ্যবিহারান্তবিবিতন্তাত্রপ্রেহত্তবং।
যৎকৃতং চৈত্যমুৎদেধাবধিপ্রান্ত্রক্ষেশ্ন শ্লেশ্ন।
স ব্যবত্যা গেহানাং লক্ষৈল্জীসমুজ্বলৈং।
গরীয়সীং পুরীং শ্লীমাংশ্চকে শ্লীনগ্রীং নূপঃ॥

জীর্ণশীবিজ্যেশস্থা বিনিবাষ। ক্থাময়ম্।
নিক্ষায়েশীশাময়ঃ প্রাকারো থেন কারিতঃ।।
সভায়াং বিজ্যেশস্থা সমাপে চ বিনিশ্মমে।
শাস্তাবদাদঃ প্রাসাদাবশোকেশ্বসংজ্ঞিতৌ।
মেচছঃ সংচ্ছাদিতে দেশে স তছ্চিছ্তুরে নৃপঃ।
গংসস্থোবিভালেভে ভূতেশাৎ ক্রতী স্তম্॥"
১০০১—১০৭॥

এই বর্ণনাপাঠে অশোকের যে প্রিচয় প্রাপ্ত হওয়া যায়, তন্মধ্যে কোন কোন কথার সভাতা অখান্ত প্রমাণেও প্রতিষ্ঠিত হয়। কাশ্মারের অশোকটেতোর এখন বর্ত্তমান নাই; বিদর্শনমাত্র ও হিয়পথ্দজের তীর্থভ্রমণকালে ও কহলণের গ্রন্থর ভাষা লোকলোচনের গোচরীভূত ছিল। কাশ্মারের জনশ্রুতি অশোককে কাশ্মীরাধিপতি বলিয়াই প্রচার করিয়া থাকিবে: তজ্জন্ত কবি কহলণ তাহার মগধরাজোর উল্লেখ করেন নাই। यर्भारकत नाम विनुष्ठ श्हेमा "रिन्वानाः প্রিয়ঃ" নামই দক্ষত্র স্থপরিচিত হইয়াছিল: তিনিও সেই নামেই শিলালিপি খোদিত

করাইয়াছিলেন। হিন্দুপুরাণে, বৌদ্ধগ্রন্থা-বলীতে এবং রাজতর্গিণীতে "অশোক"-নাম দেখিতে পা ওয়া যায়। তাঁহার "দেবানাং প্রিয়:" উপাধি এত স্থপরিচিত হইয়াছিল যে, উত্তরকালে পাণিনির টীকার উদাহরণেও তাহা স্থানপ্রাপ্ত হইয়াছিল। সাধারণত ममारम विভক্তির লোপ হইয়া থাকে। তদত্ব-সারে "দেবানাং প্রিয়ঃ" সমাদে "দেবপ্রিয়ঃ" হয়। কতকগুলি বিশেষ স্থলে ইহার বাতিক্রম দৃষ্ট হয়। তাহার অধিকাংশস্থলেই একবচনের প্রয়োগ দৃষ্ট হইয়া থাকে। কেবল करमकों विरमय ऋत्व वह्नवहत्नत आसाध প্রচলিত ছিল; তন্মধ্যে "দেবানাং প্রিয়ঃ" একটি স্থবিখ্যাত উদাহরণ। * অশোক এই নামেই বিশ্ববিখ্যাত; তাঁহার প্রকৃত নাম সেরূপ স্থপরিচিত নহে। কাশ্মীরের লোকে তাহাকে সাক্ষাৎসম্বন্ধে জানিত বলিয়াই কাশীরের জনশ্রুতি তাহার প্রকৃত নাম সঞ্জীবিত রাথিয়াছিল। পুরাতন জনশ্রুতির দক্ষে ক্রমে কাল্লনিক আবর্জন। সংযুক্ত

* উত্তরকালে "দেবানাং প্রিয়ঃ" শব্দের নানা ব্যাপ্যা প্রচলিত ইইয়াছিল। পাণিনির ষষ্ঠা আকোশে" এই বিপাত স্ত্রের অভাভ উদাহরণের সঙ্গে কাশিকা বৃত্তিতে "দেবানাং প্রিয় ইতার চ ষষ্ঠা অনুগ্রক্বাঃ" এইরপ নির্দেশ ছিল। চ শব্দে এই উদাহরণ উত্তরকালে সংষ্কৃত হওয়া অসুমিত হয়। ভটোজিদীক্ষিত ইয়ার ব্যাপায় "দেবানাং প্রিয় ইতি চ মুখে, অভার দেবপ্রিয়ঃ" এইরপ টাকা সংষ্কৃত করেন। শ্রীমৎপর মহংস্পরিবাজকাচায়্য বামনেন্দ্র স্থানীর চরণারবিক্ষ্যেবক শ্রীজ্ঞানেন্দ্র সরস্বতী অকৃত্ত উদ্বাবেধিনীনায়ী টাকায় আরও একটু অগ্রসর ইইয়া "দেবানাং প্রিয়ঃ" শব্দের ব্যাপ্যা করিতে গিয়া লিখিয়াছেন ঃ— "মুখা হি দেবানীং প্রীতিং জনয়ন্তীতি দেবপশুসাদিতি মনোরমায়া ভাবং। ব্রক্ষজ্ঞানরহিত্তাৎ সংসারিণো মুর্গান্তে তু যাগাদিক্ষাগান্ত্তিইতঃ পুরোডাশাদিদ্রারা দেবানাংমতান্তং প্রীতিং জনয়ন্তি। ব্রক্ষজ্ঞানিনন্ত ন তথা। তেযাং যাগাদাস্ক্রিনাভাবাৎ। অতো গ্রাদিস্থানাপরসামুখা এব দেবপশ্ব ইতি॥" ভাষাবৃত্তিকার বৌদ্ধ পুরুষোভ্রম এরূপ কোন ব্যাথ্যা লিপিবদ্ধ করেন নাই; ভাহার টাকাকার স্প্রিধর শশ্মা "আক্রোশে নিক্লায়াম্" এই প্রান্তবালাই নিরস্ত ইইয়াছেন। অশোকের "দেবানাং প্রিয়ঃ" নাম প্রচলিত ইইয়া ব্যাকরণের উদাহরণে স্থানপ্রান্ত ইলে, উত্তরকালে শৈব টাকারগণ তাহার কত ব্যাথ্যা লিপিবদ্ধ করিয়াছিলেন, ইহা তাহারই এতিহাসিক্ষ নিদ্ধন্মাত্র !

হইয়া, প্রকৃত তথা আচ্ছন্ন ক্রিয়া দেয়;— অশোকের ভাগ্যেও তাহাই সংঘটিত হইয়াছে!

অশোকের স্থায় কণিকের নামও একণে জগদ্বিখ্যাত হইয়াছে। তিনি একদা আখ্যা-বর্ত্তের অধিকাংশ ভূভাগে অধিকারবিস্তার করিয়া, প্রবলপ্রতাপে রাজ্যশাসন করিয়া-তাঁহার নামান্ধিত শিলালিপি हिर्लन। ও রাজমুদ্রা আবিষ্কৃত হইয়া, ভারতবর্ষের ইতিহাদের দহিত তাঁহার ঘনিষ্ঠ সংস্রবের পরিচয় প্রদান করিতেছে। কণিক্ষ বৌদ্ধ-ধর্মামুরাগী ও বৌদ্ধমতপ্রচারক প্রবল পুরুষ বলিয়া বৌদ্ধসাহিত্যে স্থপরিচিত। তিনি কোনু সময়ের লোক, কোনু রাজবংশে জন্মগ্রহণ করিয়াছিলেন, কতদূর পর্যান্ত শাসনক্ষমতা বিস্তৃত করেন, তদ্বিষয়ে কিছু-किছू ठर्कविठर्क अठिने इरेब्राइ ! তরঙ্গিণী সে দকল তর্কের মীমাংদায় কিছু-কিছু সহায়তা সম্পাদন করিতে সক্ষম। কবি কহলণ অশোকের ন্তায় কণিক্ষকেও काभौरतत ताका विवाह नित्र इंदेशार्इन । তাঁহার মতে এই রাজবংশ আদে ভারত ব্যীয় নহে; ভুক্ষদেশ হইতে সমাগত। ছক্ষ, জুক্ষ ও কণিক্ষ নামক নরপতিত্রয় বাহ-বলে किम्निक्तित्रत क्रज ভারতবর্ষেও অধি-কারবিস্তার করিয়াছিলেন। ইহারা বংশে বা জাতিতে তুক্ষ হইলেও, ধর্মে, শিক্ষা-দীক্ষায় ও শাসনপ্রণালীতে বৌদ্ধ ছিলেন। জনশ্ৰতিমূলক নিমোদ্ভ ক হল গ বিবরণ লিপিবন্ধ করিয়া গিয়াছেন। যথা:--"অথাভবন স্বনামাকপুরত্যাবধারিন:। एक जूक-कनिकांशास्त्रस्टरेखव পार्शिवाः॥

দ বিহারস্থা নিশ্বাতা জুকো জুকপুরস্থা ।
জর্থানিপুরস্থাপি গুক্কধী: সংবিধারকঃ ॥ '
তে তুরুকাররোজুতা অপি পুণাশ্রয়া নুপাঃ ।
গুক্কলেত্রাদিদেশেরু মঠটেত্যাদি চক্রিরে ॥
প্রাজ্যে রাজ্যক্ষণে তেবাং প্রায়ঃ কশারমগুলম্ ।
ভোল্যমান্তে শ্ব বৌদ্ধানাং প্রজ্যোজিততেজসাম্ ॥
তদা ভগবতঃ শাক্যাগংহস্ত পরিনির্ভঃ ।
অন্মিন্ মহীলোকধাতো সাদ্ধং বর্ষশতং ক্রপাৎ ॥
বোধিস রশ্চ দেশেহন্মিরেকো ভূমীশরোহতবৎ ।
স্ব নাগার্জ্জনঃ শ্রীমান্ ষড়ইছনসংশ্রয়ী ॥''

31360-3901

মশোকের ন্ত্রায় কণিকের অভ্যুদয়-কহলণকৰ্ত্তক খথাকালে হয় নাই। কণিকশাদনসময়ে নাগাৰ্জ্ব-নামধেয় বৌদ্ধযতির আবিভাবের বৌদ্ধদাহিতো দেখিতে পাওয়া যায়। কিন্তু উদীচ্য বৌদ্ধগ্রন্থাদিতে ভগবান্ শাক্যসিংহের পরিনির্বাণের চারিশত বৎসর পরে কণি-ক্ষের আবির্ভাব পরিকীর্তিত रहेशाइ। তদমুসারে খৃষ্টপূর্বে সাদ্ধবর্ষশতান্তে কণি-ক্ষের আবিভাবকাল নির্ণয় করিতে হয়। কেহ কেহ কণিক্ষকেই শকাৰপ্ৰবৰ্ত্তক ভূপতি বলিয়া তাঁহাকে খুষ্টোন্তর ৭৮বৎসন্মের ममकालवर्जी विनिष्ठा छर्क करतन: क्ट আবার খুপ্তাবিভাবের সমকালেই কণিক্ষের भामनकाल निर्द्भभ कतिया थारकन। जुक्छ-বংশায় এই তিন পরাক্রাস্ত ভূপতির মধ্যে জুদ্বের নাম অন্ত কোন স্থলে দেখিতে পাওয়া যায় না। কিন্তু কাশ্মীরের তৃষ্পুত, জুমপুর ও কনিমপুর অভ্যাপি এই তিন প্রবল পুরুষের পরিচয় প্রদান করে। ছচ্চের নাম হবিষ; --তাঁহার ও কনিষের নামা-কিত শিল্যলিপি মথুরার ভগাবশেষের মধ্যে

আবিদ্ধৃত হইয়াছে। তাহাতে সংবৎ, ঋতু,
মাস ও দিনের উল্লেখ আছে। কেহ কেহ
তাহাকে "বিক্রম-সংবং" মনে, করিয়া,
তদমুসারে কালনির্দেশ করিয়া থাকেন।
রাজতরঙ্গিনার এই সংশ ব্ঝিবার জ্লভ ঐ সকল শিলালিপির সমালোচনা করা
আবিশ্রক।

মথুরার পুরাতন শিলালিপিতে কণিক, ত্তবিক্ষ ও বাপ্লদেব নামক তিন**জন নরপ**তির নাম প্রাপ্ত হওয়া যায় ; তাঁহারা "দেবপুত্র"-নামে উলিথিত, এবং তাঁহাদের রাজাকাল লিপিবদ্ধ। "সংবৎ"সংজ্ঞায় জেনারেল ক্নিংহাম এই স্কল শিলালিপির স্মা-লোচনাকালে কণিক্ষকে প্রথম, স্থবিক্ষকে দ্বিতীয় এবং বাস্থাদেবকে তৃতীয় নরপতি ্রলিয়া নির্দেশ করিয়া গিয়াছেন। কণিক্ষের রাঙ্গমুদ্রা কাশ্মীর হইতে মালব, সিন্ধু হইতে বারাণদী পর্যান্ত প্রচলিত থাকার আভাদ প্রাপ্ত হওয়া যায়। এই রাজমুদ্রার নাম "নানক"; ইহা "মৃচ্ছকটিক"নামক সংস্কৃত-নাট্যগ্রন্থে উল্লিখিত আছে; তাহাতে "বাম্ব-**(मर्(व"त्रञ्ज नाम व्याश्च इत्रमा याम्च)** शृह्या-विकारित मममभरत आर्यावर्र्ड (य "कुक्का-বয়সস্তুত কাথবংশীয়" কণিক্ষাদি রাজা বর্ত্তমান ছিলেন, তাহা এক্ষণে স্থিরীকৃত श्हेशारह। এই সময়ের শিলালিপিতে ঋতৃ, মাদ ও দিনের উল্লেখ করিবার সময়ে त्य जात्व अ०त मःथा अन्छ इहेब्राह्म, তাহাতে তৎকালে বৎসরে কেবল তিন ঋতৃ—গ্রাম, বর্ষা ও হেমন্ত—প্রচলিত থাকা জানিতে পারা যায়। ভারতবর্ষে চিরদিন বড়্ঋতু পরিগণিত হইত না;ুএক সময়ে তিন ঋতু, পরে চারি ঋতু, অবশেষে ছয় ঋতৃ পরিগণিত হইয়াছে। থ্সাঙ্গ,এই কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। বর্ষাকাল চারিমাস বলিয়া ম**ং**শ্রপুরাণে লিখিত আছে; মথুরার পুরাতন শিলা-লিপিতে "গ্রীম্মকালের চতুর্থ মাস" বলিয়া কালনির্দেশের পরিচয় আছে। স্থতরাং পুরাকালে বৎসরে তিনটিমাত্র ঋতু প্রচলিত থাকায় যে কিংবদন্তী হিয়ঙ্গণ্সাঙ্গ লিপিবদ করিয়া গিয়াছেন, ভাহার অনুকৃল প্রমাণের অভাব নাই। কালে তিন ঋতু হইতে ষড়্ঋতু পরিকল্পিত হইয়াছে। কণিক্ষের পূৰ্বে, শাসনসময়ে, দ্বিসহস্ৰ বৎসর ভারতবর্ষের উত্তরপশ্চিমাঞ্চলে তিনটিমাত্র ঋতু **স্থ**পরিচিত ছিল। **ই**হা হয় ত তুরুজবংশায় দেবপুলনামধারী অভি-নব ভূপতিবর্গের প্রবর্ত্তিত কালগণনার নিয়ম। কণিক্ষবংশের প্রবল প্রতাপে বৌদ্ধদ্মের কিছুদিনের জন্ম বাদ্ধত হইবার কথা রাজতরঙ্গিণীতে দেখিতে পাওয়া যায়: বৌদ্ধসাহিত্য এ কথার পক্ষ-সমর্থন করে। কণিকের শাসনসময়ে বৌদ্ধ-দিগের এক মহাসভা ও ধর্মালোচনার পরিচয় প্রাপ্ত হওয়া যায়। **५**व्हे नगरा গান্ধার ও কাশীর বৌদ্ধশ্যের প্রধান কেন্দ্রভূমি বলিয়া স্থপরিচিত হইয়াছিল।

কণিক্ষের শাসনক্ষমতা যে মথুরাঞ্চলে দৃঢ়প্রতিষ্ঠিত হইয়াছিল, মথুরার শিলালিপিই তাহার যথেষ্ট নিদর্শন। সে শাসনক্ষমতা মালব পর্যান্তও বিস্তৃত হইবার কথা
পাশ্চাত্য পণ্ডিতগণ অনুমান করিয়াথাকেন।
কারণ, কণিক্ষমুদ্রা তদ্দেশেও প্রচলিত

থাকার প্রমাণ প্রাপ্ত হওয়া ঘায়। মালবের ताब्रधानी উक्कश्रिनी जूतनविशाठ; উक्क-য়িনীর অধিপতি বিক্রমাদিত্য সর্বাত্র রূপরি-চিত। তিনি পৃষ্টাবির্জাবের ৫৭ বৎসর পুর্বের প্রচলিত করেন; খুষ্টোত্তর ৭৮ "শকাব্দে"র সূচনা পরে "সংবং"হুচনা হইতে "শকাৰু"হুচনা প্যান্ত বংসর; এই সময়ে তুরুক্ষবংশায় তিনজন নরপতির অভাুদয় **२**३ेशाहिन : ইঁহাদের নামান্ধিত শিলালিপিতে "নংবং"শক একটু বিশেষভাবে ব্যবহৃত হইয়াছে। কণিক্ষের নামান্ধিত এক শিলালিপিতে সংবংদর", হুবিকের নামাঙ্কিত শিলালিপিতে "উনচন্বারিংশং সংবৎসর" এবং বাস্থদেবের নামান্ধিত শিলালিপিতে "৪৪ সংবৎসর" লিখিত আছে ৷ সকল সংবংসর যদি প্রত্যেক নরপতির ताकामःवरमत इश, **ठाहा हहे** ति हैशास्त्र দীর্ঘস্তায়ী বলিতে इहेर्द । রাজ্যকাল সংবৎ স্চনা হইতে শকান্দ-স্চনা অর্থাৎ ১৩৫ বৎসর প্যান্ত এই তিন নরপ্তির শাসনকাল বর্ত্তমান থাকা অসম্ভব না হইতে বিক্রম-সংবতের ১৩৫বৎসরমাত্র পারে ৷ পরেই আবার শকাকনামক নৃতন কাল-গণনা প্রবর্ত্তিত হইয়াছিল কেন্ গুতাহা অব্তাই কোন শারণীয় ঘটনা উপলক্ষে প্রচ-লিত হইবার কথা। এরপ স্মরণীয় ঘটনা কি ? কেহ কেহ বলেন, শকবংশায় অনাৰ্য্য ভূপতিকে বিতাড়িত করিয়া ভারতবর্ষকে পরকীয়-শাসন-মুক্ত করিবার দিন হইতে শকান্দের স্চনা হয়; ভাহা খুষ্টোতর ৭৮ বংসরের সমপাময়িক ঘটন।। তাহা কি এই

जुक्ककवरम्ब উচ्চ्लिमाध्यात्र, ममकानवडी न(इ ? এই उर्क मभी हीन इहेरन, कं निकरक সংবংপ্রবর্ত্তক বিক্রমাদিত্য ও কার্যরাজ-वः (नत উ एक मारख मका स्थानन चौकात नहेर७ इहेरव। শকাৰ প্ৰচলন-कारन रव मक-वःरश्वत উচ্ছেদসাধন সম্পাদিত হইয়াছিল, তাহার জনশ্রতি অভাপি বিলুপ্ত হয় নাই। এই কণিক্ষবংশ ভিন্ন ভৎসমসময়ে আর্যাাবর্ত্তে আর কোন শক-বংশের শাসন-ক্ষমতা প্রচলিত থাকা দেখিতে পাওয়া যায় না, স্থতরাং কণিক্ষকেই সংবৎপ্রবর্ত্তক বিজ্ঞ-मानिजा विविधा अञ्चर्मान कतिए इस । এই অনুমান সভা হ**ইলে**, শকারি বিক্রমাদিতা কে ছিলেন, তাহার অনুসন্ধান করা আবশুক পড়ে। তিনি শকাৰপ্ৰবৰ্ত্তক, শকবিমদ্দক প্রবল নরপতি। তাহার অন্ত পরিচয় বিলুপ্ত হইয়া গিয়াছে ।

তুরুদ্ধবংশায় বৌদ্ধনরপালবর্গের শাসন-সময়ে কাশ্মীর প্রদেশে ধর্মবিপ্লব সংঘটিত হইবার কথা কহলণ-পণ্ডিত স্পষ্টাক্ষরেই নিদেশ করিয়া গিয়াছেন। সে বিপ্লবে বৌদ্ধর্ম জয়যুক্ত হইয়া, বৈদিক শিক্ষা ও বৈদিক ক্রিয়াকলাপ বিলুপ্ত করিয়া দিয়া-ছিল। কহলণ লিখিয়াছেন, অভিমহানামক হিন্দুনরপতি ভুরুষবংশায় ভূপতির উচ্ছেদ সাধন করিয়া বৌদ্ধভিক্তর উপদ্রব নিবারণ ও মহাভাষের অধায়ন প্রচলিত করেন। ইহাকে কাশ্মীরে হিন্দুধর্মের পুনরুখান বলিয়া বর্ণনা করা যাইতে পারে। কাশ্মীরের ভাষ আগাবর্তের অভাভ প্রদেশেও এই পুনরুখান খৃষ্টাবিভাবের সমসময়ে পরি-লক্ষিত হইয়াছিল "শাকাশৈব-সংঘর্ষকাল"

বলিয়া ইহার, নামকরণ করা যাইতে পারে। এই সংঘর্ষকালে পুনরায় সংস্কৃত-শিক্ষা প্রচলিত হইয়াছিল; পুনরায় বৈদিক ক্রিয়াকলাপের অভ্যুদয় হইয়াছিল; পুনরায় শৈবমতের প্রাত্তাব হইয়াছিল। বর্ষের ইতিহাসের এই সন্ধিকালের কোন কথাই আত্যোপাস্ত জ্ঞাত হইবার উপায় রাজতরঙ্গিণী প্রদঙ্গক্রমে वः स्थत भामनकाहिनौत वर्गना कताम्, य९-কিঞ্চিৎ আভাসমাত্রই প্রাপ্ত হওয়৷ গিয়াছে ; --- সকল কথা অবগত হইবার আকাজ্ঞা পরি-তৃশ হয় নাই! তুরুদায়য়সম্ভূত ভূপতিবর্গের শাসনসময়ে পূর্ব্বপ্রচলিত শিক্ষা ও সদাচার যে পরিবর্ত্তিত হইয়া গিয়াছিল, কবি কহলণ তাহার উল্লেখ করিয়া গিয়াছেন। এই সময়ে সংস্কৃতভাষা কতদূর বিক্বতিপ্রাপ্ত হইয়াছিল, মথুরার শিলালিপিতে তাহার কিছু-কিছু আভাদ প্রাপ্ত হওয়া যায়। যপা:-

"মহারাজতা রাজাতিরাজতা দেবপুত্রতা হবিক্ষতা বিহারে দানং ভিকৃতা জীবকতা উদেয়নকতা কৃতকো ২০ স্কাস্থহিত্ত্বধং ভবতুসংঘে চতুর্দ্ধিশি।"

এই শিলালিপি পালি অক্ষরে থোদিত;
তুরুকাষয়সস্তুত অক্সান্ত ভূপতিবর্গের নামাকিত শিলালিপির অক্সরপ। এই সময়ে
মহাভাষ্যের অধ্যয়ন-অধ্যাপনা পরিত্যক্ত
হইবার যে জনশ্রুতি কহলণ-পণ্ডিত লিপিবদ্ধ
করিয়া গিয়াছেন, মথুরার শিলালিপি তাহার
পরিচয় প্রদান করে। ইহার অল্পকাল পরে
"মৃচ্ছকটিক" রচিত হইয়াছিল, তথনও ব্যাকরণের শাসন স্প্রক্রেপে সংস্থাপিত হইয়াছিল
বলিয়া বোধ হয় না; "মৃচ্ছকটিকে"ই তাহার
অনেক নিদ্শন প্রাপ্ত হওয়া বায়।

কণিক্ষশাসনসময়ে আর্য্যাবর্ত্তে বে শক-বংশের আধিপত্য প্রতিষ্ঠিত হইয়াছিল, তাহা সমূলে, উৎসাদিত হইয়াছিল বলিয়া বোধ হয় না। শকগণ কাশ্মীর গিরিসঙ্কট উত্তীর্ণ হ্ইয়াই আর্য্যাবর্ত্তে উপনীত হ্ইয়াছিলেন। এই ভারতাক্রমণপথ মধ্য-এসিয়ার প্রবল পুরুষদিগের নিকট স্থপরিচিত হইয়াছিল। আমাদের সাহিত্যে কাশীরের উত্তর-প্রদে-শের সকল জাতিই শক অথবা শ্লেচ্ছ অথবা যবন নামে পরিচিত। তাহারা সকলে এক জাতি বা একবংশগন্ত তুত নহে। কাথবংশের স্থায় হুনবংশের কথাও গুনিতে পাওয়া যায়। বাহুবলে ভারতবর্ষের বিবিধ প্রদেশ আক্রমণ ও অধিকার করিত; এবং প্নঃপ্ন বিভাজিত ্হইলেও, প্নঃপ্ন আর্য্যাবর্ত্তে আপতিত হইত। এক সময়ে হুনগর্ব্ব এরূপ প্রবল হইয়াছিল যে, কাশ্মীর-রাজ্য হ্নরাজবংশের সম্পূর্ণ অধিকারভুক্ত হইয়াছিল। কবি কহলণ সে কথা স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ না করিলেও, তাঁহার গ্রন্থনিহিত মিহিরকুলনামক কাশীরাধিপতি যে হুন-বংশীয় ছিলেন, পাশ্চাত্য পণ্ডিতগণ সংস্থাপনের জন্ম নানা প্রমাণের অবতারণা করিয়াছেন। বাহুল্যভয়ে সে সকল প্রমাণ এই সংক্ষিপ্ত প্রবন্ধে আলোচিত হইল না। মিহিরকুল শৈবমতাবলম্বী ও বৌদ্ধবিদ্বৈষী ছিলেন; তাঁহার নামান্ধিত মুদ্রায় "ক্যুতু বুষ জন্মতু বুষধ্বজ" ইত্যাদি ইন্সিত প্রাপ্ত হওয়া যায়। বৌদ্ধমতের স্থায় শৈবমতও একদা ভারতবর্ষের বাহিরে প্রবর্ত্তিত হইয়াছিল। মিহিরকুল খুষ্টীর ষষ্ঠশতাব্দীর নরপতি। এই भगरम आर्यावर्खन विविध श्राह्म नन

পালগণ শকাভিষান প্রতিহত ক্রিবার চেটা করিয়াছিলেন। মগধেশর বালাদিত্যের নাম তাহার সহিত সংযুক্ত হইয়া আছে। অশোক ও কণিক্ষের ভায় এই সকল শক্ত ভূপতির শাসনকালনির্দেশেও কবি কছলণ নানা ভ্রমপ্রমাদে পতিত হইয়াছেন।

হিয়ক্ত্সাকের ভারতভ্রমণসময়ে, গৃষ্টীয় শালাদিতা-নাম-ষষ্ঠশতাব্দীর শেষভাগে. নরপতির মালবের রাজসিংহাসনে **অ**ধিরূচ থাকার কথা হিয়ঙ্গের কাহিনীতে দেখিতে পাওয়া যায়। নরপতির পূর্ববর্তী নরপতির নাম বিক্রমা-দিতা বলিয়া লিখিত আছে। কবিকহলণ ও এই উক্তির সমর্থন প্রসঙ্গক্রমে কিয়ৎকালের গিয়াছেন। একদা কাশীর এই বিক্রমাদিত্যের অধিকারভুক্ত হইয়াছিল; তজ্জা রাজতরঙ্গিণীতেও তাঁহার নাম স্থানলাভ করিয়াছে।

"ক্তরানের স্থাজরিক্সাং শ্রীমান্ হর্ষাপরাভিধঃ।

এক চছ এশচক্র বন্তী বিক্রমাদিতা ইত্যভূৎ ॥
ভূপমছু তদৌভাগ্যং শ্রীব দ্বরভ্র ভিজ্ব ।

বিহার হরিবাহংশ্চ চতুরঃ সাগরাংশ্চ যম্॥
লক্ষ্মীং কুরোপকরণং গুণে যেন প্রবিদ্ধিতে।
শ্রীমন্ত্র গুণিনোহদ্যাপি তিইগুদ্ধু রক্ষরাং॥
শ্রেচ্ছোচেছ্দার বস্থাং হরেরবতরিস্তিঃ।
শ্রান্ বিনাশ্য যেনাদৌ কার্যভারো লঘুকুতঃ॥

৩)২২৫—১২৮॥

কবি কছলণের বর্ণনায় জানিতে পারা যায়, উজ্জারনীর অধিপতি বিক্রমাদিত্যের অপর নাম হর্ষ; তিনি ভারতবর্ষের রাজ-চক্রবন্তী হইয়াছিলেন ও শকগণকে বিনাশ করিয়া গৌরবলাভ করিয়াছিলেন। তাঁহার আাদেশে মাভ্তপ্রনামক কবি কিছুদিনের

জন্ম কাশীরের শাসনকার্য্য পরিচালনা করিয়া, বিক্রমাদিত্যের স্বর্গারোহণের পর সিংহাদন ত্যাগ করিয়া, বারাণদীধামে শেষ-জীবন অতিবাহিত করেন। বিক্রমাদিতাই এক্ষণে নবরত্বসভাধিপতি কালিদাসাদি-প্রতিপালক স্থবিখ্যাত রাজ-চক্রবন্ত্রী বলিয়া নিণীত হইয়াছেন। ডাক্তার ভাওদাজী মাতৃগুপ্তকে মহাক্বি কালিদাস বলিয়া প্রির করিবার আশায় নানা প্রমাণ প্রয়োগের চেষ্টা করিয়াছিলেন। স্বর্গীয় ডাব্রুর রামদাস সেন তাঁহার মতাত্মসরণ করিয়া, রাজতর্ক্ষিণীর প্রমাণ অবলম্বনে 'বঙ্গদর্শন'-পত্রের প্রথম থণ্ডে কালিদাসনার্ধক প্রবন্ধ প্রকটিত করিয়াছিলেন। কিন্তু অধ্যাপক মোক্ষমূলর প্রভৃতি পণ্ডিতবর্গ ডাক্তার ভাও-দার্জার মত খণ্ডন করায় এসলে ভাহার পুনরালোচনা অনাবশুক।

কবি কহলণ মহাকবি কালিদাসের নামোলেখ করেন নাই; তাঁহার কাশীরের যে কিছুমাত্র সংস্তব ছিল, এরূপ কোন আভাসও প্রদান করেন কুমারসম্ভবের হিলালয়বর্ণনা, মেঘদুতের विज्ञहरवनना, त्रचुवः स्थत निश्चित्रदायना. শকুন্তলার হিমালয়ের উপত্যকার গোর অপূর্ব প্রণয়কাহিনী কাশ্মীরের সহিত কবির পরিচয় থাকার প্রমাণস্বরূপ উদ্ধৃত হইলেও, তদ্বারা মাতৃগুপ্তকে কালিদাস বলিয়া স্বীকার করা যায় না। কহলণের গ্রন্থে কালিদাসের পরিচয় না থাকিলেও, ভবভূতির নামোলেথ প্রাপ্ত হওয়া যায়। মহাকবি ভবভূতি আপনাকে দাক্ষিণাতানিবাসী বলিয়া পরিচয় প্রদান

করিয়া গিয়াছেন। সংস্কৃতসাহিত্যে একা-धिक कौलिमारमज नाम প्राप्त इल्या याय: কিন্তু অন্তাপি একাধিক ভবভূতি আবিষ্ণুত হয় নাই। স্থতরাং কবি কহলণ যে স্বনাম-খ্যাত মহাকবি ভবভূতিকেই নির্দেশ করিয়া গিয়াছেন, তাহাই স্বীকার করিতে হয়। কহলণের মতাত্মারে ভবভূতি কান্তকুজেখর যশোবর্মার রাজসভার অলঙ্কার ছিলেন। কাশীরাধিপতি মুক্তাপীড়-ললিতাদিতা মশো-বর্মাকে পরাস্ত করায়, ভবভূতি কাশ্মীর-রাজসভা অলঙ্কত করিয়াছিলেন। মুক্তাপীড়-ললি গদিতোর রাজ্যকাল একণে নানা প্রমাণে স্থলিদিষ্ট হইয়াছে। তিনি খৃষ্টোত্র মষ্টম শতাব্দীর নরপতি ছিলেন। থশো-বর্মার রাজ্যভায় ভবভূতিব ভায় বাক্পতি-রাজনামক আর একজন মহাকবি বর্তুমান ছিলেন; তাহার নামও রাজতরঞ্গিণীতে প্রাপ্ত হওয়া যায়। তিনি ঘশোবর্মার গৌডবিজয় অবলম্বনে কাব্যরচনা করিয়া-ছিলেন।

রাজতরঞ্চিণীতে ললিতাদিতা ও তংপৌত্র বিনয়াদিতোর শাসনসময়ে কাশ্মীর
ও গৌড়ের সংস্রবের কথা লিপিবদ্ধ আছে।
তাহা খৃষ্টীয় অঈম শতাব্দীর কাহিনী। কিন্তু
গৌড় যে বহুপুরাতন প্রসিদ্ধ জনপদ, তাহার
অন্ত প্রমাণ বিলুপ্ত হয় নাই। পাণিনির
অন্তাধাায়ীস্ত্রেও গৌড়ের উল্লেখ আছে।
আচার্য্য গোল্ডই কর নানা প্রমাণের
আলোচনা করিয়া, পাণিনিকে খৃষ্টাবির্ভাবের
পূর্ব্ববর্ত্তী একাদশশত বৎসরের সমসাময়িক
লেখক বলিয়া সিদ্ধান্ত করিয়া গিয়াছেন।
তদক্ষপারে, তিনসহক্র বৎসর পুর্ব্বেও যে

গৌড়ীর জনপদ ভারতবর্ষে থ্যাতিলাভ করিয়াছিল, তাহাতে সংশয়স্থাপন করা যায় না।

রাজতরজিণী প্রদেশবিশেষের ইতিহাস হইলেও, এই সকল কারণে সমগ্র আর্গ্যা-বর্ত্তের ঐতিহাসিক-তথ্য-সঙ্কলনের সহায়তা সম্পাদন করিতে সক্ষম। এই বিপুল গ্রন্থের অধ্যয়নব্যাপার সমধিক শ্রমসাধ্য হইলেও, তদ্বারা ইতিহাসপাঠক এচুর জ্ঞানলাভ कतिरवन। अधाशक श्रीन् विरम्राभत लाक হইয়াও, যেরূপ অধ্যবসায় স্বীকার করিয়া এই সংস্কৃত ইতিহাসের লুপ্রোদ্ধার সাধন করিয়াছেন, তাহা স্মরণ করিলেও বিস্মিত হইতে হয়। এরপ অধ্য-য়নস্পৃহা ও তথ্যাবিদ্ধারের অনুরাগ ভিন ভারতবর্ষের বিলুপ্ত ইতিহাস কদাপি সঙ্ক-লিত হইবে না। ইহা কেবল শ্রমসাধ্য নহে, विवक्षण वायुमाधा वार्षाता । अक्षापिक ষ্টীন্ তাহাতে যথেষ্ঠ সহায়তা লাভ করিয়া-ছিলেন বলিয়াই এরূপ হুরুহ ব্রত সম্পন্ন করিতে সক্ষম হইয়াছিলেন। এই সংক্ষিপ্ত প্রবন্ধ অধাপক ষ্টান্বা কবি কহলণের সঙ্গলিত বিবিধ ঐতিহাসিক তথোর সামান্ত প্রদান করিতে আভাসমাত্রও **इहेन ना। उड्डा इहा आदमे निश्चिक** হয় নাই। এই কুদ্র-প্রবন্ধ পাঠে রাজ-তরঙ্গিণী-অধ্যয়নে কাহারও উৎসাহ ও অনুরাগ বদ্ধিত হইলে, তদ্ধারা বঙ্গসাহিত্য কালে নানা তথ্যলাভে সক্ষম হইবে,— কেবল এই আশায় সমালোচনা লিখিত হইল। বঙ্গসাহিত্যে অতি ধীরে, অতি নিঃশব্দে, পল্লবগ্রাহী শিশু সমালোচকবর্ণের

জ্ঞাতসারে যে অভিনব যুগ প্রবর্ত্তিত স্পৃহা উত্তরোত্তর র্দ্ধিপাপ্ত হুইবে। তথন হুইতেছে, তাহা প্রতিষ্ঠালাভ করিলে, এ আশা নিতান্ত হুরাশা বলিয়া পরিগণিত বঙ্গীয় লেখকবর্গের অধ্যয়ন ও অহুসন্ধান না হুইতে পারে।

ত্রী অক্ষয়কুমার মৈত্রেয়।

তুর্বলের অপরা্ধ।

প্রভু তৃমি দিয়েছ যে ভার,
যদি তাহা মাণা হতে
এই জীবনের পথে
নামাইয়া রাখি বারবার,—
জেনো, সে বিদ্রোহ নয়,
কীণ শ্রান্ত এ হৃদয়,
বলহান পরাণ আমার!

চোথের বালি।

(0)

সমস্তরাত্রি মংক্র ঘুমায় নাই—ক্লান্তশরারে ভোরের দিকে তাহার ঘুম আসিল। বেলা আটটা-নয়টার সময় জাগিয়া তাড়াতাড়ি উঠিয়া বিদল। গতরাত্রির একটা কোন্ অসমাপ্ত বেদনা ঘুমের ভিতরে-ভিতরে যেন প্রবাহিত হইতেছিল। সচেতন হইবামাত্র মহেক্র তাহার ব্যথা অমুভব করিতে আরম্ভ করিল। কিছুক্ষণ পরেই রাত্রির সমস্ত ঘটনাটা মনে স্পষ্ট জাগিয়া উঠিল। সকালবেলাকার সেই রোজে, অভ্প্ত নিজার ক্লাপ্তিতে সমস্ত জগৎটা এবং জীবনটা অত্যক্ত

বিরস বোধ ছইল। সংসারত্যাগের প্লানি, ধর্মত্যাগের গভীর পরিতাপ এবং এই উদ্ভান্ত জীবনের সমস্ত অশাস্তিভার মহেন্দ্র কিসের জন্ম বহন করিতেছে! এই মোহা-বেশশ্ম প্রভাতরোদ্রে মহেন্দ্রের মনে হইল, সে বিনোদিনীকে ভালবাসে না। রাস্তার দিকে সে চাহিয়া দেখিল, সমস্ত জাগ্রত পৃথিবী ব্যস্ত হইয়া কাজে ছুটিয়াছে। সমস্ত আত্মগোরব পঙ্কের মধ্যে বিসর্জন দিয়া একটি বিমুথ জীলোকের পদ্প্রাস্তে অকৃর্মণ্য জীবনকে প্রতিদিন আবদ্ধ করিয়া রাথিবার যে মৃতৃতা, তাহা মহেন্দ্রের কাছে ক্রুক্সাষ্ট

পর হাদয়ে অবঁদাদ উপস্থিত হয় —ক্লান্ত হাদয় তথন আপন অনুভৃতির বিষয়কে কিছু-কালের জন্ম দুরে ঠেলিয়া রাখিতে চায়। দেই ভাবের ভাঁটার সময় তলের স**ম**স্ত প্রচ্ছন্ন পদ্ধ বাহির হইয়া পড়ে,—যাহা মোহ আনিয়াছিল, তাহাতে বিতৃষ্ণা জন্মে। মহেন্দ্ৰ যে কিসের জন্ম নিজেকে এমন করিয়া অপ-মানিত করিতেছে, তাহা সে আজ বুঝিতে পারিল না। সে বলিল, "আমি সর্বাংশেই বিনোদিনীর চেয়ে শ্রেষ্ঠ, তবু আজ আমি সর্বপ্রকার হানতা ও লাঞ্চনা স্বীকার করিয়া ঘূণিত ভিক্ষুকের মত ভাহার পশ্চাতে অহো-রাত্র ছুটিয়া বেড়াইতেছি, এমনতর অদ্ভত পাগ্লামি কোন্ সরতান আমার মথোর মধ্যে প্রবেশ করাইয়। দিয়াছে।" বিনোদিনী মহেন্দ্রের কাছে আজ একটি স্ত্রীলোকমাত্র, আর কিছুই নহে – তাহার চারিদিকে সমস্ত পৃথিবীর সৌন্দ্যা হইতে, সমন্ত কাবা হইতে, কাহিনী হইতে যে একটি লাবণাজ্যোতি আकृष्ठे इहेग्राहिल, তাহা আজ মায়ামরী-চিকার মত অস্তদ্ধান করিতেই একটি দামান্ত নারীমাত্র অবশিষ্ট রহিল, তাহার কোন অপূকার রহিল না।

তথন এই ধিক্কত মোহচক্র হইতে
নিজেকে বিচ্ছিন্ন করিয়া বাড়ী ফিরিয়া
বাইবার জন্ম মহেক্র ব্যগ্র হইল। যে শান্তি,
প্রেম এবং ক্ষেহ তাহার ছিল, তাহাই তাহার
কাছে হর্লভতম অমৃত বলিয়া বোধ হইল।
বিহারীর আশৈশব অটলনির্ভর বন্ধুত্ব তাহার
কাছে মহামূল্য বলিয়া বোধ হইতে লাগিল।
মহেক্র মনে মনে কহিল, "বাহা যথার্থ পভীর

এবং স্থায়ী, তাহার মধ্যে বিনা চেষ্টায়, বিনা বাধার আপনাকে সম্পূর্ণ নিমগ্ন করিয়া রাথা যায় বলিয়া তাহার গৌরব আমরা বৃঝিতে পারি না—যাহা চঞ্চল ছলনামাত্র, যাহার পরিভৃপ্তিতেও লেশমাত্র স্থথ নাই, তাহা আমাদিগকে পশ্চাতে উদ্ধাস ঘোড়দৌড় করাইয়া বেড়ায় বলিয়াই তাহাকেই চরম কামনার ধন বলিয়া মনে করি।"

মহেল কহিল, "আজহ বাড়ী ফিরিয়া यारेव-वितामिनी त्यथात्नरे थाकित्छ हात्र. দেইখানেই ভাহাকে রাখিবার ব্যবস্থা করিয়া निया आगि मूक रहेत।" "आगि मूक रहेत", এই কথা দৃঢ়স্বরে উচ্চারণ ক্রিতেই তাহার মনে একটি আনন্দের আবির্ভাব হইল-এত-দিন যে অবিশ্রাম দ্বিধার ভার সে বহন করিয়া। আসিতেছিল, তাহা হাল্কা হ্ইয়া আসিল। এতদিন, এই মুহুর্তে যাহা তাহার পরম অপ্রীতিকর ঠেকিতেছিল, পরমূহুর্ত্তেই ভাগা দে পালন করিতে বাধ্য হইতেছিল—জোর করিয়া "না" কি "হাঁ" সে বলিতে পারিতে-ছিল না—তাহার অন্তঃকরণের মধো যে আদেশ উথিত হইতেছিল, বরাবর জোর করিয়া তাহার মুখচাপা দিয়া সে অন্তপথে চলিতেছিল-এখন সে যেমনি সবেগে বলিল, "আমি মুক্তিলাভ করিব", অমনি তাহার দোলা-পাড়িত হৃদয় আশ্রয় পাইয়া তাহাকে অভিনন্দন করিল।

মহেক্ত তথনি শ্যাত্যাগ করিয়া উঠিয়া
মুথ ধুইয়া বিনোদিনীর সহিত দেখা করিতে
গেল। গিয়া দেখিল, তাহার দার বন্ধ।
দারে আঘাত দিয়া কহিল, "বুমাইতেছ
কি ?"

বিনোদিনী কহিল, "না। তুমি এখন যাও!"

মহেক্ত কহিল—"তোমার দঙ্গে বিশেষ কথা আছে—আমি বেশিক্ষণ থাকিব না।"

বিনোদিনী কহিল—"কথা আর আমি শুনিতে পারি না—তুমি যাও, আমাকে আর বিরক্ত করিয়োনা, আমাকে একলা থাকিতে দাও!"

অন্ত কোন সময় হইলে এই প্রত্যাথ্যানে মহেলের আবেগ আরো বাড়িয়া উঠিত। কিন্তু আৰু তাহার অত্যন্ত ঘুণাবোধ হইল! সে ভাবিল, "এই সামান্ত এক স্ত্রীলোকের কাছে আমি নিজেকে এতই হীন করিয়াছি যে, আমাকে যথন তথন এমনতর অবজ্ঞাভিরে দূর করিয়া দিবার অধিকার ইহার স্বাভাবিক অধিকার নহে। আমিই তাহা ইহাকে দিয়া ইহার গর্ম্ব এমন অন্তায়ন্ত্রপে বাড়াইয়া দিয়াছি।" এই লাঞ্ছনার পরে মহেল্র নিজের শ্রেষ্ঠ অন্তত্ব করিবার চেষ্টা করিল। সে কহিল, "আমি জয়ী হইব—ইহার বন্ধন আমি ছেদন করিয়া দিয়া চলিয়া যাইব।"

আহারাত্তে মহেক্র টাকা উঠাইয়া আনি-বার জন্ম ব্যাক্ষে চলিয়া গেল। টাকা উঠাইয়া আশার জন্ম ও মার জন্ম কিছু ভাল নূতন জিনিষ কিনিবে বলিয়া সে এলাহাবাদের দোকানে ঘুরিতে লাগিল।

আবার একবার বিনোদিনীর দ্বারে আবাত পড়িল। প্রথমে সে বিরক্ত হইয়া কোন উত্তর করিল না—তাহার পরে আবার বারবার আবাত করিতেই বিনোদিনী জ্বস্ত त्त्रात्य नवत्न घात्र थूनिया कि हिन, "त्कन जूमि आमात्क वात्रवात वित्रक्क कंत्रित्छ" आमि-त्जिह ?" कथा त्मय ना इहेर्जिह वित्नामिनी त्मिथन, विहाती माँ आहेश आहि।

ঘরের মধ্যে মহেল্র আছে কি না, দেখি-বার জন্ম বিহারী একবার ভিতরে চাহিয়া দেখিল। দেখিল, শয়নঘরে গুষ্ফুল এবং ছিলমালা ছড়ান। তাহার মন নিমেষের गरधारे প্রবলবেগে বিমুখ হটয়। গেল। विश्वती यथन मृद्र हिल, उथन वित्नामिनीत জীবন্যাত্রাসম্বন্ধে কোন সন্দেহজনক চিত্র যে তাহার মনে উদয় হয় নাই, তাহা নহে; কিন্তু কল্পনার লীলা সে চিত্রকে ঢাকিয়াও একটি উজ্জল মোহিনীচ্চবি দাঁড় করাইয়া-ছিল। বিহারী যথন বাগ:নে প্রবেশ করিতে-ছিল, তথন তাহার হুংকম্প হইতেছিল— পাছে কল্পনাপ্রতিমায় অকম্মাৎ আঘাত লাগে, এইজন্ম তাহার চিত্ত সম্কুচিত হইতে-ছিল। বিহারী বিনোদিনীর শয়নগ্রের ঘারের সম্মুথে দাঁড়াইবামাত্র সেই আঘাতটাই नाशिन ।

দূরে থাকিয়া বিহারী একসময় মনে করিয়াছিল, সে আপনার প্রেমাভিষেকে বিনোদিনীর জীবনের সমস্ত পদ্ধিলতা অনায়াসে ধৌত করিয়া লইতে পারিবে। কাছে আদিয়া দেখিল, তাহা সহজ নহে—মনের মধ্যে করুণার বেদনা আদিল কই ? হঠাৎ ম্বণার তরঙ্গ উঠিয়া তাহাকে অভিভূত করিয়া দিল। বিনোদিনীকে বিহারী অত্যম্ভ মলিন দেখিল।

একমুছুর্ব্ভেই বিহারী কিবিরা দাঁড়াইরা "মহেন্দ্র" "মহেন্দ্র" করিয়া ডাকিল। এই অপমান পাইয়া বিনোদিনী নম্রমৃত্স্বরে কহিল, "মহেজ নাই, মহেজ সহরে
গেছে।"

বিহারী চলিয়া যাইতে উদ্যত হইলে
বিনোদিনী কহিল, "বিহারি-ঠাকুরপো,
তোমার পায়ে ধরি, এক্টুথানি ভোমাকে
বদিতে হইবে।"

বিহারী কোন মিনতি শুনিবে না মনে করিয়াছিল, একেবারে এই ঘুণার দৃগ্র হুইতে এখনি নিজেকে দ্রে লইয়া শাইবে স্থির করিয়াছিল, কিন্তু বিনোদিনীর করণ অনুনয়ন্ত্রর শুনিবামাত্র ক্ষণকালের জন্ম তাহার পা যেন আর উঠিল না।

বিনোদিনী কহিল, "আজ ধদি তুমি বিমুপ হইয়া এমন করিয়া চলিয়া বাও, তবে আমি তোমারি শপণ করিয়া বলিতেছি, আমি মরিব।"

বিহারী তথন ফিরিয়। দাঁড়াইয়া কহিল,
"বিনোদিনি, তোমার জাবনের সঙ্গে আমাকে
ভূমি জড়াইবার চেষ্টা করিতেছ কেন?
আমি তোমার কি করিয়াছি! আমি ত
কথনো তোমার পথে দাঁড়াই নাই,—ভোমার
স্থায়ঃথে হস্তকেপ করি নাই।"

বিনোদিনী কহিল—" তুমি আমার কত-থানি অধিকার করিয়াছ, তাহা একবার তোমাকে জানাইয়াছি— তুমি বিশ্বাস কর নাই। তবু আজ আবার তোমার বিরাগের মুথে সেই কথাই জানাইতেছি। তুমি ত আমাকে না বলিয়া জানাইবার,—লজ্জ। করিয়া জানাইবার, সয়য় দাও নাই! তুমি আমাকে ঠেলিয়া ফেলিয়াছ,তবু আমি তোমার পা ধরিয়া বলিতেছি, আমি তোমাকে—" বিহারী বাধা দিয়া কহিল—"সে কথা আর বলিয়ো না, মুথে আনিয়ো না! সে কণা বিশাস করিবার জো নাই!"

বিনোদিনী। সে কথা ইতর লোকে বিশ্বাস করিতে পারে না, কিন্তু তুমি করিবে। সেইজন্ত একবার আমি তোমাকে বিসতে বলিতেছি।

বিহারী। আমি বিশাস করি বা না করি, তাহাতে কি আসে বার! তোমার জীবন বেমন চলিতেছে, তেমনি চলিবে ত!

বিনোদিনী। আমি জানি, তোমার ইহাতে কিছুই আদিবে-ষাইবেনা। আমার ভাগা এমন যে, তোমার সন্মানরকা করিয়া ভোষার পাশে দাঁডাইবার আমার কোন উপায় নাই। চিরকাল তোমা হইতে আমাকে দূরেই থাকিতে इट्टेंदि। আমার তোমার কাছে এই দাবিটুকু কেবল ছাড়িতে পারে না যে, আমি যেখানে থাকি, আমাকে তুমি একটুথানি মাধুর্যোর সঙ্গে ভাবিবে। মামি জানি, আমার উপরে তোমার অল-একটু শ্রদ্ধা জনিয়াছিল, সেইটুকু আমার একমাত্র সম্বল করিয়া রাথিব। দেইজন্ত আমার সব কথা তোমাকে শুনিতে হইবে। আমি হাতজোড় করিয়া বলিতেছি ঠাকুর-পো. একটথানি বস!

"আচ্ছা চল" বলিয়া বিহারী এখান হইতে অন্তত্ত কোথাও যাইতে উদ্যুত হইল।

বিনোদিনী কছিল—"ঠাকুরপো, যাহা
মুনে করিতেছ, তাহা নহে। এ ঘরে কোন
কলক্ষ স্পর্শ করে নাই। তুমি এই ঘরে
একদিন শয়ন করিয়াছিলে—এ ঘর তোমার
জন্ত উৎদর্গ করিয়া রাথিয়াছি— ঐ ফুলগুলা

তোমারি পূজা করিয়া আজ শুকাইয়া পড়িয়া আছে। এই ঘরেই তোমাকে বদিতে হইবে।"

শুনিয়া বিহারীর চিত্তে পুলকের সঞ্চার হইল। ঘরের মধ্যে সে প্রবেশ করিল। বিনোদিনী ছই হাত দিয়া তাহাকে থাট দেখাইয়া দিল। বিহারী থাটে গিয়া বিদিল —বিনোদিনী ভূমিতলে তাহার পায়ের কাছে উপবেশন করিল। বিহারী বাস্ত হইয়া উঠিতেই বিনোদিনী কহিল, "ঠাকুরপো, তুমি বস, আমার মাথা থাও উঠিয়ো না। আমি তোমার পায়ের কাছে বিস্বারও যোগ্য নই, ভূমি দয়া করিয়াই সেথানে স্থান দিয়ছে। দ্রে থাকিলেও এই অধিকারটুকু আমি রাখিব।"

এই বলিয়া বিনোদিনী কিছুক্ষণ চুপ করিয়া রহিল। তাহার পরে হঠাৎ চমকিয়া উঠিয়া কহিল "তোমার থাওয়া ২ইয়াছে ঠাকুরপো ?"

বিহারী কহিল, "ষ্টেশন্হইতে খাইয়া আমিয়াছি।"

বিনোদিনী। আমি গ্রাম হইতে তোমাকে যে চিঠিথানি লিথিয়াছিলাম, তাহা পুলিয়া কোন জবাব না দিয়া মহেক্রের হাত দিয়া আমাকে ফিরাইয়া পাঠাইলে কেন ?

"বিহারী। দে ডিঠি ত আমি পাই নাই ?

বিনোদিনী। এবারে মংহক্তের সঙ্গে কলিকাতায় কি তোমার দেখা হইয়াছিল গ

বিহারী। তোমাকে গ্রামে পোচাইয়া দিবার পরদিন মহেল্রের সঙ্গে দেখা হয়া-ছিল, তাহার পরেই আমি পশ্চিমে বেডাইতে বাহির হইয়াছিলাম, তাহার সঙ্গে আর দেখা হয় নাই।

বিনোদিনী। ভাহার পূর্বের আর এক-দিন আমার চিঠি পড়িয়। উত্তর না দিয়া ফিরাইয়া পাঠাইয়াছিলে ?

বিহারী। না,, এমন কথনই হয় নাই।
বিনোদিনী স্তম্ভিত হইয়া বসিয়া রহিল।
তাগার পরে দীর্ঘনিশ্বাস ফেলিয়া কহিল—
"সমস্ত বুঝিলাম। এখন আমার সব কথা
তোমাকে বলি। যদি বিশ্বাস কর ত ভাগ্য
মানিব, যদি না কর ত তোমাকে দোষ দিব
না, আমাকে বিশ্বাস করা কঠিন।"

বিহারীর হাদয় তথন আর্দ্র ইয়া গেছে।
এই ভক্তিভারনমা বিনাদিনীর পুজাকে
সে কোনমতেই অপমান করিতে পারিল না।
সে কহিল, "বোঠা'ণ, তোমাকে কোন
কণাই বলিতে ২ইবে না, কিছু না শুনিয়া
আমি তোমাকে বিশ্বাস করিতেছি। আমি
তোমায় ঘণা করিতে পারি না। ভূমি
আর একটি কণাও বলিয়ো না।"

শুনিয়া বিনোদিনীর চোথ দিয়া জল পড়িতে লাগিল, দে বিহারীর পায়ের ধূলা মাথায় ৡলিয়া লইল। কহিল, "দব কথা না বলিলে আমি বাচিব না। একটু ধৈগ্য ধরিয়া শুনিতে হইবে।— ভূমি আমাকে যে আদেশ করিয়াছিলে, তাহাই আমি শিরোধার্য্য করিয়া লইলাম। যদিও ভূমি আমাকে পত্রটুকুও লেখ নাই, তবু আমি আমার দেই গ্রামে লোকের উপহাস ও নিলা সহু করিয়া জীবন কাটাইয়া দিতাম, তোমার স্লেধ্রে পরিবর্ধ্বে তোমার শাসনই আমি গ্রহণ করিতাম—কিন্তু বিধাতা তাহা-

তেও বিমুথ হইলেন। আমি যে পাপ জাগা-ইয়া তুলিয়াছি, তাহা আমাকে নির্বাসনেও हैं किएक मिन ना। महत्त रमशे व्यानिश्रा,-- श्रामात घटतत घाटतं श्रानिश्रा, আমাকে সকলের সমুথে লাঞ্চিকরিল। দে গ্রামে আর আমার স্থান হইল না। দ্বিতায়বার তোমার আদেশের জন্ম তে।মাকে অনেক খুঁজিলাম, কোনমতেই তোঁমাকে পাইলাম না, মহেল আমার থোলা চিঠি হইতে ফিরাইয়া লইয়া ভোমার বর আমাকে প্রতারণা করিল। বুঝিলাম, তুমি আমাকে একেবারে পরিত্যাগ করিয়াছ। ইহার পরে আমি একেবারেই নষ্ট হইতে পারিতাম-কিন্তু তোমার কি গুণ মাছে, তুমি দুরে থাকিয়াও রক্ষা করিতে পার — ভোমাকে মনে স্থান দিয়াছি বলিয়াই আমি পবিত্র হইয়াছি-একদিন তুমি আমাকে দর করিয়া দিয়া নিজের যে পরিচয় দিয়াছ, তোমার দেই কঠিন পরিচয় কঠিন দোণার মত-কঠিন মাণিকের মত আমার गत्नत गत्था तश्यारह, आगारक महामृता করিয়াছে। দেব, এই তোমার চরণ ছুঁইয়া विलि छिह, तम भूना नक्षे रह नारे।"

বিহারী চুপ করিয়া বসিয়া রহিল। বিনোদিনীও আর কোন কথা কহিল না। অপরাহের আলোক প্রতিক্ষণে মান হইয়া আন্তে লাগিল।

এমন-সময় মহেন্দ্র ঘরের দ্বারের কাছে আসিয়া বিহারীকে দেখিয়া চম্কিয়া উঠিল। বিনোদিনীর প্রতি তাহার যে একটা উদাসীত কঁঝিতেছিল, ঈর্বার তাড়নায় তাহা দুর হইবার উপক্রম হইল। বিনো- দিনী বিহারীর পায়ের কাছে ন্তক হইয়া
বিদিয়া আছে দেখিয়া, প্রত্যাখ্যাত মহেল্রের
গর্বে আঘাত লাগিল। বিনোদিনীর সহিত
বিহারীর চিঠিপত্রদারা এই মিলন ঘটয়াছে,
ইহাতে তাহার আর সন্দেহ রহিল না।
এতদিন বিহারী বিমুথ হইয়াছিল, এখন
দে যদি নিজে আসিয়া ধরা দেয় তবে
বিনোদিনীকে তেয়াইবে কে? মহেল্
বিনোদিনীকে তাাগ ক্রিতে পারে, কিন্তু
আর কাহারো হাতে ত্যাগ ক্রিতে পারে
না, তাহা আছ বিহারীকে দেখিয়া ব্রিতে
পারিল।

ব্যর্থরোযে তার বিজ্ঞাপের স্বরে মহেন্দ্র বিনোদিনীকে কহিল, "এখন তবে রঙ্গ-ভূমিতে মহেন্দ্রের প্রস্থান, বিহারীর প্রবেশ ! দৃশুটি স্থান্দর—হাততালি দিতে ইচ্ছা হই-তেহে। কিন্তু আশা করি, এই শেষ অঙ্গ, ইহার পরে আর কিছুই ভাল লাগিবে না।"

বিনোদিনীর মুথ রক্তিম হইয়া উঠিল।
মহেক্রের আশ্রয় লইতে ধথন তাহাকে বাধা

ইইতে হইয়াছে, তথন এ অপমানের উত্তর
তাহার আর কিছুই নাই,—ব্যাকুলদৃষ্টিতে
দেকেবল একবার বিহারীর মুথের দিকে
চাহিল।

বিহারী থাট হইতে উঠিল—অগ্রসর হইয়া কহিল, "মহেক্স, তুমি বিনোদিনীকে কাপুরুষের মত অপমান করিয়ো না— তোমার ভদ্রতা যদি তোমাকে নিষেধ না করে, তোমাকে নিষেধ করিবার অধিকার আমার আছে।"

মহেল হাসিয়া কহিল, "ইহারই মধো অধিকার সাবাস্ত হইয়া গেছে ? আজ ভোমার নৃতন নামকরণ করা যাক্—
বিনোদ-বিহারী!"

বিহারী অপমানের মাত্রা চড়িতে দেখিয়া মহেক্রের হাত চাপিয়া ধরিল। কহিল, "মহেক্র, বিনোদিনীকে আমি বিবাহ করিব তোমাকে জানাইলাম, অতএব এখন হইতে সংঘতভাবে কথা কও।"

শুনিয়া মহেক্র বিশ্বরে নিস্তর্ক হইয়া গেস—এবং বিনোদিনী চমকিয়া উঠিল, বুকের মধ্যে তাহার সমস্ত রক্ত তোল্পাড় করিতে লাগিল।

বিহারী কহিল, "তোমাকে আর একটি খবর দিবার আছে—তোমার মাতা মৃত্যুশবার শরান, তাঁহার বাঁচিবার কোন আশা
নাই। আমি আজ রাত্রের গাড়িতেই
যাইব—বিনোদিনীও আমার সঙ্গে ফিরিবে।"

বিনোদিনী চমকিয়া উঠিল, কহিল, "পিসিমার অন্তথ ?"

বিহারী কহিল, "সারিবার অস্থ নহে। কথন কি হয়, বলা যায় না।"

মহেল্র তথন আর কোন কণা না বলিয়া গর হইতে বাহির হইয়া গেল।

বিনোদিনী তথন বিহারীকে বলিল—
"যে কথা তুমি বলিলে, তাহা তোমার মুখ
দিয়া কেমন করিয়া বাহির হইল ? এ কি
ঠাটা ৮"

বিহারী কহিল—"না, আমি সত্যই বলিয়াছি, তোমাকে আমি বিবাহ করিব।"

বিনোদিনী। এই পাপিছাকে উদ্ধার করিবার জ্বন্ত প

বিহারী। না। আমি তোমাকে ভাল-বাসি বলিয়া, শ্রহা করি বলিয়া। বিনোদিনী। এই আমার শেষ পুরস্কার হইরাছে। এই ষেটুকু স্বীকার করিলে, ইহার বেশি আর আমি কিছুই চাই না। পাইলেও তাহা থাকিবে না, ধর্ম কথনো তাহা সহু করিবেন না।

বিহারী। কেন্করিবেন নাণ্

বিনোদিনী। ছিছি, এ কথা মনে করিতে লজ্জা হয়! আমি বিধবা, আমি নিলিতা, সমস্ত সমাজের কাছে আমি তোমাকে লাঞ্ছিত করিব, এ কথন হইতেই পারে না! ছিছি, এ কথা তুমি মুথে আনিয়ো না।

বিহারী। তুমি আমাকে তাাগ করিবে ?
বিনাদিনী। তাাগ করিবার অধিকার
আমার নাই। তুমি গোপনে অনেকের
অনেক ভাল কর—তে মার একটা কোন
ব্রতের একটা কিছু ভার আমার উপর সমর্পণ
করিয়ো, তাহাই বহন করিয়া আমি নিজেকে
তোমার সেবিকা বলিয়া গণ্য করিব। কিছ ছিছি, বিধবাকে তুমি বিবাহ করিবে!
তোমার উদার্ঘ্যে সব সন্তব হইতে পারে,
কিন্তু আমি যদি এ কাজ করি,—তোমাকে
সমাজে নষ্ট করি,তবে ইহজীবনে আমি আর
মাণা তুলিতে পারিব না।

বিহারী। কিন্তু বিনোদিনি, আমি তোমাকে ভালবাসি।

বিনোদিনী। "সেই ভালবাসার অধিকারে আমি আজ একটিমাত্র স্পর্দ্ধা প্রকাশ
করিব।"—বলিয়া বিনোদিনী ভূমিষ্ঠ হইয়া
বিহারীর পদাঙ্গুলি চূম্বন করিল। পায়ের কাছে
বিসিয়া কহিল—"পরজন্ম তোমাকে পাইবার
জন্ম আমি তপস্থা করিব—এ জন্ম আমার

আর কিছু আশা নাই, প্রাপ্য নাই। আমি অনেক ছ:থ দিয়াছি, অনেক ছ:থ পাইয়াছি, আমার অনেক শিক্ষা হইয়াছে। সে শিক্ষা যদি ভূলিতাম, তবে আমি তোমাকে হীন করিয়া আরো হীন হইতাম। কিন্তু ভূমিউচ্চ আছ বলিয়াই আজু আমি আবার মাথা ভূলিতে পারিয়াছি—এ আশ্রম আমি ভূমিন্যাৎ করিব না!"

বিহারী গভীরমুখে চুপ করিয়া রহিল।
বিনোদিনী হাতজ্বোড় করিয়া কহিল,
"ভুল করিয়ো না,—আমাকে বিবাহ করিলে
ভূমি স্থাই ইবে না, ভোমার গৌরব ঘাইবে,
আমিও সমস্ত গৌরব হারাইব। ভূমি
চিরদিন নির্লিপ্ত, প্রসন্ন। আজও ভূমি তাই
থাক—আমি দ্রে থাকিয়া ভোমার কর্ম
করি। ভূমি প্রসন্ন হও, ভূমি স্থাই হও!"
ক্রেমশা।

বিসৰ্জ্জন।

শুধু এইটুকু স্থপ, অতি স্থক্মান,
তারি তরে কি আগ্রহ, কত হাহাকার!
সকলি গেছে ত চলে, এইটুকু বাকি,
অবোধ শিশুর মত রাখিয়ো না ঢাকি'!
হির হ'য়ে সহ্য কর পরিপূর্ণ ক্ষতি,
শেষটুকু নিয়ে যাকু নিষ্ঠর নিয়তি!

शाक्षादमन्माम्।

[Paracelsus.—By Robert Browning.]

Make no more giants, God! But elevate the race at once!

"হে পরমেশ্বর, আর দানবের সৃষ্টি করিও না, মানবঙ্গাতিটাকে একবার তুলিয়া দাও।" 'ব্রাউনিং'এর প্যারাদেল্দাদে কথাটি যে অর্থেই প্রযুক্ত হৌক, আমরা কথাটিকে নামাইয়া আমাদের কাজে লাগাইতে পারি।
কথাট 'ব্রাউনিং'এর কবিতাসম্বন্ধে থাটে।
রবাট ব্রাউনিংএর গান আমাদিগকে কোন
পরী কিংবা দেবদানবের রাজ্যে লইয়া যায়
না, এই পৃথিবীরই উপরিস্থিত মানবমগুলীর
অস্তর-অভিমুথে আহ্বান করে। মানব-

জীবনের যে অংশটুকু নিত্য--্যে অংশটুকু স্থানর, মহান অথবা অদ্ভত, সেই অংশটুকুর উপরেই ব্রাউনিং কল্পনার আলোক ফেলিয়া এমন এক একটি ইক্সজালের সৃষ্টি করিতে পারেন যে, পরী-দেবতার অভাব আমাদের আর অভাব বলিয়ামনে হয় না। মানব-জীবনের নিতান্ত জড়সম্পর্কীয় সুথ হইতে আরম্ভ করিয়া—Fine flesh stuff হইতে আরম্ভ করিয়া—গভীর আত্মার প্রেমের স্বাদ পর্যান্ত রবাট ব্রাউনিংএ পাওয়া যায়। "The whole live world is rife, God, with thy glory"—"জগদীশ, সমস্ত এই জীবন্ত জগং তোমার মহিমায় উজ্জল।" এই-ই রবার্ট ব্রাউনিংএর সর্ব্ব কবিতার সারোক্তি। তার পরে মহত্ত ও সৌন্দর্য্যের সহিত ব্রাউনিং মানবজীবনের পাপতাগ-ত্র:থগানও আয়ত্ত করিয়াছেন। তঃথের উপরে সহাত্মভৃতি দিয়া কি-যে কোমল বর্ণে হু:থের চিত্র তিনি আঁকিয়াছেন—অপরাধের সহিত মনুষ্যহৃদয়ের হর্কলতা কি-যে যাহমন্ত্রে তিনি জড়িত করিয়াছেন !— যে, তাহার সৌন্দর্য্যও আমি বর্ণনা করিতে পারি ন।। তার পরে সমস্ত জীবস্ত ধর্ণীর আনন্দে পরিপূর্ণ হইয়া ব্রাউনিং বলিয়াছেন—"Greet the unseen with a cheer"—"সেই পর-জগৎকে আনন্দস্বরে সন্তায়ণ কর।"

যাহারা জগতের কোন স্থুথ ভোগ করে
নাই—নিরানন্দে জীবনযাপন করিয়াছে, আর
বাঁহারা আনন্দে বলবান্ হইয়া উঠিয়াছেন,
এ হ্য়ের পরকালে বিশ্বাসে কত প্রভেদ!
নিরানন্দ জন যেন শিক্ষা-করা আশায়—কিন্তু
অন্তরের দৃঢ় প্রতীতিতে নহে—'তক্ষছায়া-

মসীমাথা' পরপারের দিকে অলসচোথে চাহিয়া থাকে; কিন্ত আননদবলবান্ দহাজন এ জীবনের সকল আনন্দের উপর চলিয়া সহজেই 'যেন,— জ্যোতির্ম্ম পরলোককে নিশ্চিত জানিয়াই যেন, অগ্রসর হইয়া যান। ব্রাউনিং মানবজ্ঞীবনকে যথাসাধ্য সজ্যোগ করিয়াছিলেন, আশা করি।

আজ যে গ্রন্থানির আলোচনা করিব, তাহাতে বণিত মহাত্মার জীবনে ব্রাউনিং একটা-বড স্বযোগ লাভ করিয়াছিলেন। পাারাদেল্যাদের জীৰনে ব্রাউনিং এককালে মানবের আশার বিপুলতা, মানবের মহন্ত, মানবজীবনের হ্রপনেয় অসম্পূর্ণতা, জাগতিক নিয়মের কঠোরতা এবং মানবের অনন্ত-মুখী উন্নতি-এককালে এতগুলি জিনিষ ব্যক্ত করিবার স্থযোগ পাইয়াছিলেন। নিয়তির বল এবং তার উপরেও মানবা-স্মার আশা এই এন্তে কীর্ত্তিত হইয়াছে। ইহার কল্পনাসম্পদ্ ও ভাষাসম্পদ্ অত্যা-শ্চর্যা—তবু ব্রাউনিং এর প্রারম্ভকালের লেখা বলিয়া গ্ৰন্থ যেন কিছু অধিক বিস্তৃত এবং যেন কিছু অধিক বিশদীক্বত। এরূপ একটু অধিক বিশদীকৃত বা বিস্তৃত হইবার আরও কারণ থাকিতে পারে এই যে, ব্রাউনিং কবিতার একটা নৃতন পথ অবলম্বন করিতে-ছিলেন। মানবন্ধীবনের যে একটি গভীর রহস্ত এই গ্রন্থে বিবৃত হইয়াছে, তাথাকে সংক্ষেপে ব্যাখ্যা করিয়া বলিতে পারি, জ্ঞান ও শক্তি, প্রেমের অভাবে কিরূপে চূর্ণবিচূর্ণ হইয়া যায়, এ গ্রন্থে তাহাই দেখান হইয়াছে। প্রেম অর্থে—সমস্ত কোমল মনোবৃত্তি এবং স্থলর মনোর্ত্তি।

প্যারাদেল্সাদ্কে এতদিন কেহই জানিঙে পারে নাই। চারি শতাব্দীর পুঞ্জী-ক্ত আবৰ্জনায় এই মহাত্মার কাহিনী ভীষণ माँ डो रेग्रा हिन । হইয়া ব্রাউনিং সকল জঞ্জাল বিদীর্ণ করিয়া এই মহাত্মার গভীর হৃদয়ের ক্রিয়া বাহির করিয়া দেথাইয়াছেন। পরে প্যারাদেলসাদের যে ইতিহাস দেওয়া গিয়াছে, উহা হইঙে এবং তাঁহার গ্রন্থাবলী হটতে প্রারোদেল্সাদের বহ্নিমান্ উদাম, তাঁহার বিনাশবীজ, তাঁহার এ জীবনে ক্ষণিক বিনাশ, হৃদয়যন্ত্রণায় হাঁহার নরকভোগ, পরিশেষে আশার সঞা-রাত্তে মৃত্যু প্যারাদেলসাদের এই গভীর-তম জীবন ব্রাউনিং বহু পুষ্পপত্তে সজ্জিত করিয়া,—কবিত্বের ইন্দ্রজালে অমুরঞ্জিত করিয়া, প্রকাশ করিয়াছেন। এইরূপ বড় জীবন লইয়া কারবার করিয়াই তিনি দেখা-ইতে পারিয়াছেন--মানুষের বুকে কতথানি ধরে, মামুষ কত বড়় গাঁহারা বাউনিংএর কাব্যরাজ্যে ভ্রমণ করিয়াছেন, তাঁহাদের কাছে প্যারাদেল্সাদের আরও একটু বিশেষ तोक्री बार्छ। 'भगतारमन्मान्' कावाथानि ব্রাউনিংএর প্রথম লেখা – সর্ব্বপ্রথম না হুইলেও ঠিক তার পরেরই লেখা। তাই রাউনিং-ভক্তগণ দেখিতে পাইবেন--তাঁহার ষে কাবারাজ্যে মানবজীবনের আনন্দমহোৎ-সব চলিতেছে, প্যারাদেল্যাস্ ঠিক্ তাহারই সমুখবর্তী ধ্রজমাল্যসজ্জিত বিরাট তোরণ ছারের উপযুক্ত বটে।

এখন প্যারাদেল্সাদের কিছু ইতিহাস দিয়া, তার 'পর কাব্যথানির আলোচনায় প্রবৃত্ত হইব।

> ४ २ थ्होत्म स्टबर्गए अ वर्मान-ভাগে আইন্সাইডেল্ন্-নামক স্থানে প্যারা-দেল্দাদের জন্ম। বাল্যে তিনি মায়ের কাছে ধর্মশিকা করেন,—মৃত্যুকাল পর্যাস্ত তাঁহার ঈশ্বভক্তি অটুট ছিল। পিতা এই বালককে সেকালের গ্রীক্-ল্যাটিন্ শিথাইয়া-ছিলেন এবং অ্যাল্কিমি-বিদ্যাতেও দীক্ষিত कतिया नियाष्ट्रितन । भातात्मनमाम् किन्छ ক্রমে এই স্বর্ণপ্রস্থ বিদ্যাকে আর সন্মান করিতেন না। কয়েকজন খ্রীষ্টান ভক্তের নিকটে তিনি বাইবেল শিথিয়া শেষে হাঁধার পৈতৃক ডাজারিবাবসায় অবল্বন करवन। ज्यनवे ग्रात्निन, त्राक्षिम, ज्याजि দেনা প্রভৃতি পুরাত<mark>ন হাতুড়ে ক</mark>বিরাজ-দের প্রতি তাঁহার অবজ্ঞ। জ্বন্মে। তিনি ডাক্তারীর মূল আয়ও করিতে চাহিয়া-ছিলেন—কেবল এথানে-দেথানে ছচারিটি হাতুড়ে ঔষধ আবিদ্ধার করিয়া তৃপ্ত ছিলেন না। তাই তিনি ভ্রমণে বাহির হইলেন ;— ক্ষিয়ার জঙ্গলে, তাতার নোমাড্দের মধ্যে,— নানা স্থানে নানা লোকের সঙ্গে গিয়া লাগিলেন। তিনি বলিতেন. "চাকরবাকর, ছোটলোক-বড়লোক, ওঝা, বুড়া স্ত্রীলোক প্রভৃতি সকল শ্রেণীর লোকের সঙ্গে মিশিয়া আমি জ্ঞানসঞ্চয় করিয়াছি।" শরীরে-মনে, কাজে-কর্ত্তবো, আশায়ভয়ে জড়াইয়া যে মাতুষ, প্যারাদেল্সাদ্ তাহারি মূল অবধি জানিয়া স্বাভাবিক উপায়ে চিকিৎসা করিবার ইচ্ছা করিয়াছিলেন। আমাদের দেশের চিকিৎসকগণ ইহার অর্থ क छ तु बु बिरवन कानि ना, आधुनिक इंड-রোপীয় ডাক্তারই বা কয়জনে বুঝেন। প্রম-

শ্রদ্ধেয় ভক্তিপাত্র একজন অধ্যাপক দেদিন বলিতেছিলেন, কথায় প্যারাদেল্দাদের "বাস্তবিক আজকাল ডাক্তারীর এই একটা এরপ থণ্ডভাবে ডাক্তারীকে लहेल,--- ममल जीवानत माल मिलाहेशा না লইলে, কেবল 'ভিভিসেক্সন্'—জীবন্ত শ্রীরের বাবছেদ দারা অগ্রসর হইতে চাহিলে ডাক্তারী কোনদিনও উন্নতিলাভ করিবে কি না, কে জানে।" হইতেই বুঝা যাইবে, পাারাসেল্সাসের মহত্ত কোথায়! বাস্তবিক সমগ্র জীবনের मित्क मृष्टि अत्नक लात्क त्र ना है। भाता-সেল্সাসের তাহ। ছিল। তিনি মানব জীবনের মূল জানিয়া সমূলে রোগ উৎপাটিত করিবার ইচ্ছা করিয়া অশ্রান্ত উদামে দেশ-বিদেশ ঘুরিয়া আদিলেন; কিন্তু আশামুরূপ ফল হইল না, কতগুলি ঔষধ আবিদ্ধার করিলেন মাত্র, শরীরও অনেকটা ভাঙিয়া পঙিল। 'ব্যালে'তে আসিয়া তিনি ডাক্তারীর অধ্যাপক হইলেন। স্বয়ং প্রকৃতির কাছ হইতে শেখা ঔষধগুলির শক্তিতে লোকে প্রথমটা চমৎকৃত হইল, প্যারাদেল্গাদ্ কিন্তু ঔষধ-আবিষারকে বড়-একটা-কিছু মনে করিতেন না—ছাত্রদের মনে তত্তান্বেদণম্পুহা উদ্রিক্ত করিবারই সমধিক চেষ্টা পাইতেন। একদিন কলেজের ভিতরেই 'আভিদেনা'র একটা গ্রন্থ তিনি পুড়াইয়া দিলেন। লোক সব কেপিয়া উঠিল, পাকা মাণা দৰ জড় হইল। প্যারাসেল্সাদ্ 'পুরাণী' কবি াজদের প্রতি অজ্ঞ বিজ্ঞাপ প্রয়োগ করিতেন, তাহাতে বুড়া লে!কদের অজ্ঞানপক মন্তকে ছুঁচ ফুটিত। তিনি 'আভিসেনা'র ঔষধগুলিকে 'kitchen medicine' বা 'রান্নাঘরের দাওয়াই' বলিয়া অভিহিত করিতেন এবং বলিতেন, "আমি 'পুরাণী'শিক্ষার ধার ধারি না—প্রকৃতির কাছে যাহা আমি নিজে শিথিয়াছি, তাহাই আমার অবলম্বন — প্রকৃতিই গ্রন্থ, ডাব্ডার তাহার ব্যাখ্যাতা।" ক্রমে তাঁহার প্রতি কট্ব্নিপূর্ণ লাটিন কবিতা প্রতি পবিত্র চার্চের দরজায় ख्लिएं आतस्य कतिन। भगतारमन्माम् অসহিষ্ণু ছিলেন,—তিনি মর্মাহত ও কুদ্ধ हहेगा এ कथा 'वार्गात'त माजिरहेर्हे निगरक জানাইলেন। ভাহাতেও আবার বিজ্ঞাপ कतिया छाँशामिशतक "श्रवन, मश्न पृष्, সম্মানিত, বিচক্ষণ, জ্ঞানী, স্থশিক্ষিত, সদাশয় মহাশয়গণ" এইরূপ সম্বোধন করিলেন। পবিত্র চার্চের একজন পিতা পাারাসেল-দাদের চিকিৎদায় রোগমুক্ত হইয়া টাকা निर्ण **ठान ना।** छा**दनात, गा**जिए ट्रेंग्रेएनत निकर शत्रांश जानाइत्वन, उांशता किय পৰিত্ৰ চাচ্চের বিরুদ্ধে হাত তুলিতে সাহ্য कतिरान ना; वतः भातारमन्मारमत वाकि-গত সাধীনতার উপরেই হাত পড়িবার উদ্যোগ হইল। প্রারোদেলসাস পলায়ন করিয়া কল্মারে গিয়া আশ্রয় লইলেন এবং সেথান হইতে ভিলাচে ও ভিলাচ হইতে বাাভেরিয়ার ডিউকের আহ্বানে তাঁহার সভায় উপস্থিত হইলেন। কিন্তু পরিশেষে কি কারণে ভাড়া-করা খুনীর হত্তে তাঁহার জীবনলীলার অবদান হয়। পারাদেল্যাস্ ৪৭বৎসরমাত্র জীবিত ছিলেন। তাঁহার সমস্ত সম্পত্তি তিনি বন্ধুদের ও গরীব-रमत উইল করিয়া বিলাইয়া গিঁয়াছিলেন।

মালাবারী সম্পাদিত 'প্রাচা ও প্রভাচী'

নামক মাসিকপত্র হইতে এ-বছরের এপ্রিল সংখ্যাপ কুমারী আনা, এম্, ষ্টডার্টের লিখিত প্যারাসেল্সাসের সংক্ষিপ্ত বিবরণ হইতে উপরে সারোদ্ধার ও স্থানে স্থানৈ অমুবাদ করিয়া লইয়াছি—এখন তাঁহার হটি কথা ভূলিয়া প্যারাসেল্সাসের ইতিহাস ক্ষান্ত করি।

ষ্টডার্ট বলিতেছেন---

প্যারাদেল্দান্ লুথরের সমসাময়িক ছিলেন। ইডাটের প্রবন্ধের উপসংহারে আছে—

The man belonged to the whole world as much as did Socrates, Marcus Aurelius, Saint Francis in the West, as Buddha, Ramananda, Chaitanya in the East and it is time that West and East awoke to recognise his claim upon their gratitude.—কথাটা যদিও বিচার্যা,তবু এটি নিশ্চম যে, প্রাচী যদি জাগিত, তাহার তৃষ্ণা যদি বলবতী হইত, আত্মপুষ্টির জন্ত নানা দিগ্দেশ হইতে জীবনের রস আহরণ করা যদি তাহার অনিবার্য হইত, তবে হয় ত এখানেও আজ প্যারাসেল্সাসের ডাক পড়ত, তাঁহার Paragranum ভারতের ভাষায় অন্দিত হইত—কিন্তু তাহা কোথায় ? যাই হোক,

ইতিমধ্যে আমরা রবাট ব্রাউনিংএর হস্তে নিত্য-মানবংলাকে উত্তোলিত প্যারাদেল্-দাদের দার জীবন দেখিয়া একটি জীবনপূর্ণ শোর্ণিতোঞ্চ কবিত্বের আধাদন করিয়া লই।

পারোদেল্সাদ্ কাব্যথানি ৫ থণ্ডে বিভক্ত। প্রতি থণ্ডের উপরে একটি করিয়া নাম আছে।—

(১) "প্যারাসেল্সাসের আশার উদ্যম",
(২) "প্যারাসেল্সাস্ পাইলেন", (৩) "প্যারা-সেল্সাস্," (৪) "পুনরায় প্যারাসেল্সাসের আশার উদ্যম" এবং (৫) "প্যারাসেল্সাস্ পাইলেন"—ক্রমানয়ে এইরূপ পাঁচটি নামে খণ্ডগুলি চিহ্নিত।

প্রথম থণ্ডে প্যারাদেল্সাস তাঁহার বিরাট উদ্দেশ্য হৃদ্ধে লহয়৷ অমিত উদামে অনন্ত-রহস্তময় বিশ্বসংঘারের দিকে ঝাঁপাইয়া পড়িতেছেন। তাঁহার বন্ধু ফেষ্টাদ ও তৎ-পত্নী মাইকলের সঙ্গে কথাবার্ত্তায় প্রথম থতে একদিকে পাারাদেল্সাসের দেই অমিত উদাম, মনোরহস্তবিষয়ে তাঁহার গুঢ় দশন এবং প্রবল অমুসন্ধিৎসা – আর একদিকে দেই সহৃদয় স্থন্দর বন্ধুদম্পতির শান্ত জীবন-প্রবাহ সমাক ব্যক্ত হইয়াছে। দ্বিতীয় খণ্ডে পারিদেল্দাস্ হতোদাম, ভগ্রদয়,- কিন্ত প্রেম্পার বা সৌন্দর্য্যসার ইটালীয় কবি 'অ্যাপ্রিলে'র সাক্ষাংলাভে মানুষের ভাব-রাজ্যে লব্দৃষ্টি। তৃতীয় ও চতুর্থ থণ্ডে প্যারা-সেল্সাস্ জীবনের গতি উল্টাইয়া দিতেছেন। পঞ্চম থত্তে মৃত্যুর ছায়ায় সহস। স্থির হইয়া প্যারাদেল্যাস্ আপনাকে সহজেই পাইতে-ছেন,—মামুষকে যে সব অজ্ঞানের ভূতে পাইয়া জীবনের একদেশে বসাইয়া রাখে এবং সেই একদেশের অন্ধকারেই তাহার হাড় ভাঙিয়া জীবন অসম্পূর্ণ ক'রিয়া দেয়— সেই সব ভূত প্যারাসেল্সাদ্কে একে্বারে ছাড়িয়া গেল, তিনি—

"Man's true purpose, path, and fate" জানিতে পারিলেন—মৃত্যুর অন্ধকার সত্ত্বেও আশার আনন্দগানে তাঁহার কণ্ঠ প্লাবিত হইরা উঠিল।

ফেষ্টাদ্ এবং মাইকল্ অল্পের মধ্যে
সম্পূর্ণতার চিত্র। স্থথে, ছঃথে, বিখাসে, ভালবাদায়, কাজে, একটি ছোট জীবন কেমন
করিয়া মধুর-গন্তীর-ভাবে বহিয়া যায়,
পারাসেল্সাসের ঝটকাক্ষ্ম জাবনের পার্থে,
ফেষ্টাদ্ এবং মাইকল্, তাহাই দেখাইয়া
দিতেছেন। কবি অ্যাপ্রিলে একটি সম্পূর্ণ
মানবজীবন হইতে ভাঙিয়া-লওয়া ভাবাংশ
বই আর কিছুই নহে। সৌন্দর্য্য ওভাব
মান্থের মধ্যে কতদ্র প্রসারিত হয় এবং
কিরূপে বিধ্বস্ত হইয়া যায়, অ্যাপ্রিলে
ভাহারই চিত্র।

পাঠকপাঠিক। ধৈণ্য ধরিয়। আগেই এই চরিত্রগুলির বিবরণ শুনিয়া লইলে,সবিস্তারে কাব্যথানির আলোচনাকালে স্থবিধা হইবে এবং এই সংক্ষেপ বিবরণ ও সেই বিস্তারে উল্লেখ মিলাইয়া অবশেষে চরিত্রগুলির ব্যাথ্যাবিশ্লেষণ বেশ মোটামুটি একরকম দাঁড়াইয়া যাইবে।

এখন বিস্তারে আলোচনায় অগ্রসর হইব। প্রথম খণ্ডে—

ওয়ার্জ বার্গের একটি উদ্যানবেষ্টিত গৃহে বসিয়া ফেষ্টাস্, মাইকল্ এবং প্যারা-সেল্সাস্ কথাবার্তা কহিতেছেন। প্যারা- দেল্যাস্ বিদায় লইতেছেন,— তিনি পৃথিবীভ্রমণে বাইবেন। অতি স্কুলন, সহাধয় বন্ধ্ন কৈটান্ এবং তাঁহার সহচরী মাইকল্—
হজনেই শক্ষিতচিত্তে তাঁহাদের বন্ধকে
ফিরাইবার চেষ্টা করিতেছেন। সময় সন্ধ্যা।
সেই যে রাজ্যখানি—

This kingdom, limited Alone by one old populous green wall, Tenanted by the ever-busy flies, Grey crickets, and shy lizards, and quick spiders,

> হেখা এই রাজ্য হের, যার চারিধারে একথানি জীবপূর্ণ সবুজ প্রাচীর !— চিরবান্ত মক্ষিকৃল, ঝিঝি, গির্গিটি নিত্য পলায়নপর, মাকড়দা আর ক্ষিপ্র স্থানিপুণ—শত প্রজা হেখাকার !—

এই রাজ্যথানির সহিত স্থসন্মিলিত-জীবন ফেষ্টাদ্-দম্পতি কিছুতেই তাঁহাদের বন্ধর আশার উত্তমকে আয়ত করিতে পারিতেছেন না। তাঁহারা কিছুতেই তাঁহার উন্মত্তদৃষ্টির বিরামস্থল দৃষ্টিপথে খুঁজিয়া পাইতেছেন না। তাঁহার প্রতি দৃষ্টিপাতে এক একটি করিয়া ফ্রবতারা কি দৃষ্টিশীমায় জ্বলিতেছে ?—প্রথমেই ফেষ্টাদ্ বৃঝিলেন, প্যারাদেল্দাদ্কে ফ্রিরান যাইবে না—তব্ প্রীতি ও বিরামের দোহাই দিয়া ব্ঝাইলেন, ইহাদের ম্ল্য কম নয়—এইরপে—

A solitary briar the bank puts forth
To save our swan's nest floating out to
the sea.

তীর চাহে একথানি লভাবাছ দিয়া রাখিতে সাগর হ'তে সারসের নীড়।— তথন প্যারাসেল্সাস্ তাঁহার জীবনের উদ্দে-শ্রের কথা পাড়িলেন—ভিনি ঠ শৈশবে কিছু বৃঝিতেন না—এই বন্ধুর অন্তদ্ধি ও

উৎসাহের গুণেই ত তাঁহার আপনার শক্তি আপনার কাছে দেদীপামান হইয়া উঠিয়াছে, এখন কি বলিয়া দেই বন্ধুই তাঁহাকে ফিরাইতে চান। আমর। ঈশরের পথে থাকিতে চাই, তাহার প্রমাণ বুঝি এই যে, এমন ভাবে চলি, যাহাতে জগৎ নিরীশ্বর विनिधा मत्न इम् ! এই यে विताहे आना, এই यে **ঈश्व**रत्रत्र मान, ইहारक कि 'जरव মিথ্যা ব্যামা জানিতে হইবে ?—তা ফেষ্টান্ তাঁহার নিজের প্রদর্শিত পথ ছাড়িয়া দিউন: আমি বাহা প্রাণে একে বলিয়া জানিয়াছি, তাহা কিছুতেই ছাড়িব না ' কেপ্তাস্ তথন শৈশব হইতে প্যারাদেল্সাদের জীবনের কথা বিবৃত করিতে লাগিলেন—কেমন করিয়া গ্রামের বিরাম বিশ্রাম হইতে তুই বন্ধু বিস্থালয়ে উপস্থিত হইলেন— সকল ছাত্রের অপেক্ষা প্যারাদেল্যাস বৃদ্ধিমতা দেখাইলেন, কিন্তু অচিরেই আবার অধায়নে শৈথিলা দেখাইতে লাগিলেন। শৈথিল্য আর কিছুই নহে, ঐ অল্ল বয়দেই প্যারাদেল্সাস্ হৃদয়ের ভিতর এক মহাবিভার অভোদ পাইয়া-ছিলেন। বাস্তবিক অন্তান্ত ছাত্রেরা যথন তাহাদের কুদ্র বিভালাভ লইয়া আক্ষালন করিতেছিল, প্যারাদেল্যাস্ তথন একটা সমগ্র জ্ঞানের কথা ভাবিতেছিলেন। ফেষ্টাস্ मकनरे जातन, मकनरे वृत्यन,--- भाता-দেল্দাদের অদাধারণয় তাঁহার অজ্ঞাত নহে, তিনি জানেন যে, তাঁহার মন--

—The secret of the world,
Of man, and man's true purpose, path, and
fate:

জগতের মূল, আরে মানবের মূল, অথ তার, পছা তার, অদৃষ্ঠ তাহার— জানিত্তে চাহিতেছে !—জানেন বে. ঈশ্বরের আহ্বানে তিনি উদ্বোধিত হইয়া-ছেন, মানুষের প্রীতি-নিন্দার সহিত তাঁহার দম্পর্ক নাই – কিন্তু জিজ্ঞান্ত ঈশ্বর যেমন ডাকিতেছেন, তিনি কি তেমনি পথও বলিয়া দিতেছেন ? বাস্তবিক প্যারাদেন্সাস্ তাঁহার একটা ঐকান্তিক আকাজ্জা, একটা গভীর আশাতেই পাগল হইয়াছেন, প্রকৃত উদ্দেশ্য নিভিয়া গিয়া প্যারাদেল্যাদের আশাই জ্লিয়া উঠিয়াছে— তাহা না হইলে পাহাড়ে, বনে, সাগরে, অসভ্য বর্কবের মধ্যে, যাইবার কি প্রয়ো-জন ?- এথানে বসিয়াও ত জ্ঞানলাভ করা যাইতে পারিত, কত লোক ত তা' করিয়াও গিয়াছে! তাহাদের অসম্পূর্ণ কাণ্য লইয়া পারাদেলসাস্ কেন তাহাদের পথেই যান ना ।-

What books are in the desert ! writes the sea The secrets of her yearning in vast caves ?

> মক্রতুমে কোন্ গ্রন্থ আছে ? অসুনিধি আক্রন্তরহন্ত তার লেখে কি গুহায় ?

মানুষের মধ্যে, মানুষের স্থ-ছ:খ-প্রীতির মধ্যে, মানুষের ভুলভ্রান্তির উপর আলো জালাইয়া এখানেই প্যারাদেল্সাস্ বাস করুন, এখানেই জ্ঞানলাভ হইতে পারিবে।

প্যারাদেল্সাস্ বলিলেন—"না, অনেক অবিশ্বাস, অনেক সন্দেহ, অনেক যগ্রণাপীড়নের পর ধ্বসত্য আমার প্রাণে প্রতিভাত হইয়াছে—ইহাকে কথনই ভূল বলিয়া
ত্যাগ করা যায় না। বিপথে যাইতে কি
ভয় ? মামুষের হর্বলতা আছে বলিয়াই ত
আরও দৃঢ়সঙ্কলের সহিত স্বকার্য্যে নিযুক্ত
হওয়া তাহার উচিত। মামুষের প্রীতি-নিন্দা-

প্রশংসার সহিত আমার কোন সম্পর্ক নাই—
আমার নৌকা কখনো সোণা এবং বানর
ছয়েরই আহরণে যাইবে না—আমি পৃথিবীর
পথরেথাহান অরণ্যপ্রান্তরে উড়িয়া যাইব।
বিহল্প যেমন পথিচিত্রহীন আকাশে পথ
দেখিতে পার, আমিও তেমনি আমার পথ
দেখিতে পাইতেছি। 'পুরাণী' জ্ঞানীদের
অবহেলা করিতে কি দোষ ? অনেকদিন
পৃথিবী ত পুরাণ পথে গিরাছে—কই তাহার
বন্ধনরজ্ব একগাছিও ত ছিঁড়ে নাই ?—
এখন সময় হইয়াছে, নৃতন আলো আহক!
—আর, সত্য কাহারও কাছ হইতে শিথিবার জো নাই, সত্য নিজের মধ্যে—

সভাজ্যোভি অন্তরমাঝারে—নাহি আসে
বাহিরের কোনো-কিছু হ'তে সত্য-আলো !
সবাকার মানে আছে কেন্দ্র সঙ্গোপন,
ন্যথা সত্য বিভাসিত পরিপূর্ণরূপে—
ভারে ঘেরি চারিধারে, প্রাচারের পর
প্রাচারের মত, মাংসপিও মৃঢ়-জড়
পূর্ণজ্ঞানে রেথেছে ঘিরিয়া চিরদিন !
বিক্ষেপী বিঘাতী এই মৃঢ়-জড় জাল
তার করি ভারে, সব করে ভ্রান্তিময়।
ভারাণ ওধু এই বন্ধ অন্তর্জ্যাভিরেশ।
বাহির করিয়া আনা পথ মুক্ত করি —
প্রবেশ করানো নহে বাহিরের আলো!

আর জগতে বর্করে-বিজ্ঞেই বা তফাৎ
কিং? একপরদা বেশা আবরণে বর্কর, একপরদা বেশা উন্মোচনে অবর্কর ! কত অভুত
রূপে এই অন্তর্জ্যোতির বিকাশ হয়—তাহার
নিয়ম কে জানে ! হয় ত স্বস্থ অবস্থায়
একজন মূর্থ,কিন্তু উন্মাদগ্রস্ত হইতেই তাহার
অন্তরের জ্যোতি জুটিয়া বাহির হইল—
তাহার প্রশাপবাক্য হইতে তাহার অন্তর-

সঞ্চিত মহত্ত্বের পরিচয় পাইলে। সেই বিচিত্রক্রিয়াময় মানুষের মূল 'একবার জানিব, তাহার মহত্ত্ব একবার জনুমান করিব। হৈ ঈশ্বর, আর দানবের স্কৃষ্টি করিও না, মানবজাতিটাকে একবার তুলিয়া দাও। মানুষ হইতে তফাৎ করিয়া আমি কোন গান্ধর্বজগতের করনা করিতেছি না। সেরুপ অনেকে করিয়া গিয়াছেন, কিন্তু আমি মানুষকেই রাজমুকুট পরাইব।"

"তাই বলিয়া আমাকে এথানকার এই কুদ প্রেমপ্রীতিতে বদ হইয়া থাকিতে বলিও না। মূলজান লাভ হইয়া গেলে,—আমার উদ্দেশ্য সিদ্ধ হইয়া গেলে, তথন প্রীতিপ্রেম প্রবল হইবার অবসর পাইবে—ওই যে মেন্নদী ছুটিয়া চলিয়াছে, উহার তলদেশে ধেমন নানা থনিক কুড়ী গোপনে চলিয়াছে, আমারও এই উদ্দেশ্যের নিয়ে সক্ষোপনে তেমনি প্রীতিপ্রেমস্থ আজ স্থপ্ত রহিন্য়াছে।"

এইথানেই ত শরীরবীজ।—এই যে প্রীতিপ্রেমের অনুশীলন অবহেলা করিয়া জ্ঞান অন্বেষণ করিতে যাওয়া, খানেই প্যারাদেল্যাদের বিনাশবীজ নিহিত আছে। তবু প্যারাদেল্সাস্ যে মাত্রুষ, প্রীতিপ্রেমের তাঁহারও ধে প্ৰয়োজন, মান্নবের অনুমোদন যে তাঁহার উৎসাহেও জোর দেয়—তাহা দেখাই যাইতেছে। ফেষ্টাস্কে যুক্তিতর্কে স্বমতে আনিয়া বিদায়কালে প্যারাদেল্সাস্ অবশেধে জিজ্ঞাসা করিতেছেন—"তোমার কি মনে रम आगात निक्तिणाज रहैरत ?"-- किहान শক্তি নি**জে**র कारनन.

বলে আনন্দে, জাগিয়া প্যারাদেল্সাদের আশার উচ্চচ্ড়াও দেখিয়া লইতে সমর্থ, তাই তিনি বলিতেছেন, "হাঁ, নিশ্চয় মনে করি।"—তথন প্যারাদেল্সাস্ আনন্দ্ররে বলিয়া উঠিলেন—

"ফেষ্টান্, ডুবুরীর সাহসিক অধ্যবসায়ে কি ছইটি মুহুর্জ্ত নাই ? একটি—যথন দারিদ্রো সে ডুব দিতে যায়, আর-একটি—যথন সে রাজপুত্রের মত মুক্তা লইয়া উঠিয়া পড়ে ?" এইরপ একটি বিরাট্ আশার আনন্দেই প্রথম্থ সমাপ্ত।

নয়-বছর পরে দিতীয় অঙ্কে দেখিতে পাট, কন্টাণ্টিনোপলে প্যারাদেল্যাস্ এক গ্রীসীয় নৈবজ্ঞের ভবনে উপস্থিত। কোথায় সেই জলস্বলাটা কোথায় সেই বিছাৎপূৰ্ চক্ষু কুহেলীবাপের আড়ালে পশ্চিমে সূর্যা ডুবিয়া যাইতেছে, নগরের হর্মাচ্ডাগুলি দূরে হইয়া আসিতেতে—পালাদেল্যাস্ দাঁড়াইয়া অদৃষ্টপানা করিতেছেন -- অতীতের প্যাা-লোচনা করিতেছেন। এই নয় বৎসরের অস্থিচূর্ণকারী পরিশ্রমের ফল কি হইল १-मानवजीवत्नत मृत आंत्ररखं याश जाना ছিল, আজে। তাই। এতদিনের পরিশ্রমে भा**तारमन्माम् करम्रक**ि छेष**ध आ**विकात করিয়াছেন মাত্র! সেই গুচদশী চক্ষুমন্তার এই কি পরিণাম!—আজ প্যারাদেল্সাদ্ দৈবজ্ঞের কাছে আপনার অদৃষ্ট জানিতে আদিয়াছেন। দৈবজ অদৃষ্টজ্ঞানপ্রার্থী কত-গুলি লোককে তাহাদের পূর্বজীবনের সমস্ত সাধনা ও সিদ্ধির বিবরণ লিখিয়া দিতে বলিয়াছে –দে তাহা হইতে তাহাদের

ভবিষাৎ বলিয়া দিবে। আজ সেই মৃঢ় লোকগুলির লেখার পার্শে প্যারাসেল্সাসের লেখাও দেখা যাইতেছে। প্যারাসেল্সাস্ আজ বুঝিয়াছেন, "সময় বহিয়া যায়" এ কথার অর্থ কি ? জীবনসম্বন্ধে প্যারাসেল্সাস্ कि निथियार इन १ शृष्ठी छे जि हेया रमशा रमन, (लथा त्रिक्षारक -- "ममग्र विश्वा याग्र, त्योवन চলিয়া যায়, জীবন স্থপ্নাত্র-কালের এই অবিরাম ধ্বনি। যত লোক জন্মিয়াছে, স্বাই এ কথা শুনিয়াছে এবং বলিয়াছে। তবু, খাত্র পর খাতৃ আসে-যায়, মাতুষ হাসিয়া-থেলিয়া সময় কাটায়—হঠাৎ একটা মুহুর্ত্ত আসে, যথন চকিতে কথাটার অর্থ পরিষ্কার হইয়া যায়-এবং সেই মুহুর্ত হইতে চিরকাল তাহার কুঞ্চিত ললাট, তাহার নিপ্রভ ১কু বলিয়া দিতে থাকে যে, ঐ প্রবাদবাকাটির অর্থ সতাসতাই সে ব্ঝিয়াছে।"—এইরপে প্যারাদেল্যাদ তাঁহার সাধনা ও সিদ্ধির মোট শিক্ষাটি লিপিবদ্ধ করিয়াছেন। তাঁহার জীবনে একটা পরিচেছদ সমাপ্ত হইয়া গিয়াছে। কি বাকী আছে, তাহাই তিনি একবার জানিতে চান। এত পরিশ্রম-তাহাও প্রায় রুণা হইল—ইহার পর তাঁহার চিত্ত আজ বিরাম চাহে। "প্রাস্ত এ জীবনে মোর আত্মক নিশীথকাল" বলিয়া চিত্ত ক্রন্দন করিতেছে---

'·Rest!

.....this throbbing brow

To cease—this beating heart to cease—

its crowd

Of gnawing thoughts to cease !'---
"বিরাম! বিরাম পেতাম, যদি
এ ব্যথিত ললাটের থামিত কম্পন!
থামত হৃদ্ধঘাত!--থেমে যেত যদি
হৃদ্মশ্বদংশনকারী চিন্তারাশি মোর!"

"আজ একবার বাঁচিতে চাই! আর এ আশা-ভয়ের আন্দোলনে ঘুর্ণামান ইইয়া থাকিতে পারি না। সাধারণ লোকের সঙ্গে মিশিয়া সাধারণ হইয়া যাই ! কেন এ পতন ? কেন কিছু হইল না? যাক্, আমার কাজ ত আমি করিয়াছি। আমি ত জ্ঞানের পথে নিরস্তর চলিতে আলস্থ করি নাই। এই সামাত্র জনমবেদনা আজ আমাকে পরা-ভূত করিবে কি ? যে জন পৃথিবীর গুপ্ত-মন্দিরে জ্যোতিশারী প্রতিমার জ্যোতি চক্ষে রাথিয়া সমস্ত প্রাসাদ অতিক্রম করিয়া জাসিয়াছে, দে কি অবশেষে ভূতের আর ভ **ьक (मिथिया छ**रत युतिया পড়িবে? कथरना नग्न! এই দেখ, অন্ধকার-মন্দির্ঘারে সে তাহার মন্তকাবরণ উন্মোচন করিয়া মাথা পাতিয়া দাঁড়াইয়াছে—নে যদি জয়লাভ করিয়া পৌরোহিত্যে বৃত হয়, ভাল-ন। হয়, দে দেবরোষে দগ্ধ, ভশ্মীভূত হইয়া যাউক— দে-ও ভাল। সফলতা-বিফলতা আমার কি করিবে ? আমি ত সেই এক প্রেরণার দারা হৃদয়ের আর দব বাঞ্চাকে অভিভূত করিয়া রাথিয়াছি --জীবনের আর-সব স্থুথ জ্ঞানের জন্ম বিদর্জন করিয়াছি ৷ এ জীবনেও এক-দিন ত প্রেম ছিল। যাক, ভালই হইয়াছে। প্রেমপ্রীতির চর্চার দিকে গেলে, হয় ত প্রবু-তির কলুষে যৌবন পঞ্চিল হইয়া যাইত! (পারোদেল্সাদ্প্রেমকে এইরূপেই জানি-তেন বটে !) যা হোক, আমার সমস্ত জীবনটা একটা দিনের মত একটা লক্ষ্যের व्यात्नारक मीथ इड्या तिश्यारह। कीवन, মৃত্যু, আলো, অন্ধকার, জগতের রূপ-রুস-গন্ধ-স্পূৰ্ম-শব্দ, দৰ্কতিই আমি জ্ঞানকে খুঁজি-

য়াছি। একটি কুদ্র সত্যের আভাসে, আমি বায়ুত্রন্ত-দেবদারুর অন্ধকারে আরুত্রণীরিপার্শ্ব হইতে অনুসন্ধান আরম্ভ করিয়া,তাহার অনি-শ্চিত কম্পিত দীপ্তির অনুসরণে জ্বলভ্ষারের অসীম শৃত্যবিস্তারে ধাইয়া গিয়াছি অব-খনিজের শিরা-উপশিরা ছড়ানো আকরমধ্যে বহ্নির আবরণে ঢাকা আমার তরল সত্যস্থর্বের সাক্ষাৎ পাইয়া কুতার্থ हरेग्राहि। সমস্ত দৌন্দর্যা, সমস্ত বিশ্বয়, বস্ত্রের মত ছধারে থসিয়া পড়িয়া গিয়াছে,— আমি ভিতরের পঞ্জরটি-দৃঢ় আকারটি দেখিয়া তৃপ হইয়াছি। मोन्स्यात जीत इंट्रेंट, आभात এ जंदका-কুল সমুদ্রে কতদূর আসিয়া পড়িলাম ! এ সমুদ্রে লাভ যাই হোক, ঐ তীরেও ত একটি মধুর স্থা সমুদিত হইয়া আছে— কিন্তু এ সমুদ্রে একি ভীষণতা—কেবল স্থগভীর জলতল হইতে একটা ভয়ন্ধর রশ্মি উপরের দিকে ছুটিয়া উঠিতেছে। Oh, bitter; very bitter!

যদি আবিষ্কৃত ঔষধযগুগুলির মধ্যেও কোন একটা অলোকিক ভেষ্ট পাওয়া যাইত—এক-ফোঁটা শক্তি, যাহার বলে রদ্ধের বলিত চম্মে যৌবনের লাবণ্য সঞ্চার করা যাইত—একটা কোশল, যাহাতে সোণা তৈয়ার করা যাইত—একটা আকর্ষণ, যাহাতে চক্ররশ্ম সংহত করিয়া শতধার প্রবাল রচনা করা যাইত।—কেবল আজ্ঞ তাহা সজ্রোধে দূরে নিক্ষেপ করিয়া প্রবলভাবে আমার পবিত্র জ্ঞানান্মেষণস্পৃহা প্রতিপন্ন করিতাম। যাক্, গিয়াছে যাক্'! প্রাণ কেন শান্ত হয় না যে, যদি আমার চেষ্টা

বিফল হইল ত আর একজনের চেষ্টা সফল হঁইবে—মানবজাতির উন্নতি হইলেই হইল।"

কিন্তু প্যারাদেল্দাস্ আপনাকে অতটা ত্যাগ করিতে শিথেন নাই—অতটা আশা ও নির্ভর তাঁহার অভ্যন্ত, নহে—তাই কথাটা মনে আদিবামাত্র প্রাণের মধ্যে এমন একটা ক্রোধ হুন্ধার দিয়া উঠিল বে, তাহা ভাষায় প্রকাশ করা অসাধ্য—কেবল কয়েকটা তিক্ত কপায় প্যারাদেল্সাস্ তাহা চাপিয়া রাথিতে চাহিলেন—

O Go I, the despicable heart of us!
Shut out this hideous mockery from
my heart!

হা ঈখর! কি ঘূণিত মানবহৃদ্য!

এ কুৎসিত পরিহাস ঢাক কদি হ'তে!

এই-ই বটে প্যারাসেল্সাসের ক্ষম !—

সতঃপর "স্বরিওল" তীব্রভাবে অমুতাপ
করিতেছেন যে, সমগ্র জ্ঞান তাঁহার লক্ষ্য
হইয়াছিল। তার ফল ত একেবারে জয় বা
একেবারে সর্ব্ধনাশ! সাধারণভাবে থাকিয়া
ছটা-চারটে ঔষধের সমুসন্ধানে ফিরিলে,
তাহাও পাওয়া যাইত—পাওয়া যাক্ আর না
যাক্, অনেকটা শক্তি-সামর্থ্য-স্বাস্থ্য অবশিষ্ট
থাকিতই—কিন্তু অত-বড় উদ্দেশ্য বলিয়া
প্রাণপণে যৌবনের সমন্ত শক্তি নিয়োজিত
করিয়া লাভ ত হইল এই ক'টি ঔষধ,

অথচ তাহাদের ব্যবহারে লাগাইবার মত
শক্তিটকুও আজ অবশিষ্ট নাই।

"থা হোক"—প্যারাদেল্যাস্ আত্মপ্রবোধ করিতেছেন—"থা হোক, তবু সর্বান্ত বিসর্জন করিয়া একটা আলোকের অপেকার থাকা একটা কান্ত বটে। কিন্তু আলো কোথায় গ তবে কি ভুল হইয়াছিল ? আমি যথন যুবা ছিলাম, তথন স্বপ্নরাজ্যচারিণী কে একজন আমার কাছে নিঃশব্দে যাতায়াত করিত হাদয় ভীত, ব্যথিত হইলে তাহার কোমল উরুমূলে আমার মাথা তুলিয়া লইত-তাহার সেই সিক্তকেশের স্পর্শ. ভাহার স্থচত্র আশ্বাসবাণী সকলই কি তবে মিণাা ! তাহার প্রেরণায় স্বপ্ন দূর করিয়া দিয়া আমি কি মরণকে আহ্বান করিলাম। একি ভ্রান্তি। একি সন্দেহ। একি অবিশাদ! তবে কি মতিচ্ছন্ন হই-লাম! হে ঈশ্বর, তুমি চিনার, আমার চিৎকে অন্তত রক্ষা কর— আমাকে উন্মন্ত, উদভান্ত হইতে দিও না –আমার সব विकल रहोक्, उत् राम अन्वहे कानिए পারি—তোমারি আহ্বান শুনিয়া, তোমারি কার্য্যে ছুটিয়া গিয়াছিলাম। আর কিছু চাই না, নৃতন কিছুই চাই না—অন্তত একঘণ্টার জন্ম আমার যৌবনের শক্তি ফিরাইয়া দাও, একবার মাথা তুলিয়া দেথিয়া লই এতদিন কি করিলাম,—আবিষ্কৃত সত্যগুলি হইতে যদি একটা-কিছু খাড়া করিয়া তুলিতে পারি।"

"যাক্,— যাক্, তথাপি ঈশ্বর মঙ্গলময়! আমি বটে ছিন্নভিন্ন হইয়া গিয়াছি, কিন্তু কাননে-প্রান্তরে বসম্ভরচনা কাহায় ? থিনি সৃষ্টি করিয়াছেন, তিনি সংস্কারও করিতে পারেন। আমি অতীতের নিক্ষলণ বং প্রতীয়মান চেষ্টাগুলির ফলে হয় ত কোন আশ্চর্য্য পুরস্কার লাভ করিব। আমি কি দোষ করিয়াছি,—কেন শাস্তি পাইব ?"—
তবেই দেখা যাইতেছে, প্যারাসেল্সাদ্

এখনো তাঁহার অভাব বুঝিতে পারেন নাই। কোন্ মানুষই বা পারিয়াছৈ ? মনুষ্য-বৃদ্ধির কি কুদ্রতা, অথচ জগতের কি কঠিন নিয়ম।

যে থণ্ড আলোচিত হইতেছে, সেই দিতীয় গণ্ডের নাম 'প্যারাদেল্সাদ্ পাই-লেন'। এইবার দেখিব—প্যারাদেল্সাদ্ কি পাইলেন!

সন্ধ্যায় প্যারাদেল্যাদ্ ষথন উপরোক্ত-রূপে বিলাপ করিতেছিলেন, তথন সেই ভাবমাত্র মানুষ্টি আসিয়া উপস্থিত। रमोन्नर्गमर्कत्र कवि भारतारमन्मारमत विभ-রীতে একদেশে ছিন্নভিন্ন হইয়া উন্মাদগ্রস্ত। ভগ্নজীবনের গান গাহিতে গাহিতে ইটালীয় কবি অ্যাপ্রিলে আসিয়া উপস্থিত। অ্যাপ্রিলে গানে জানাইতেছেন যে, তিনি ভ্ৰষ্ট কবি-দের গান শুনিতেছেন। এই কবিদিগকে ঈপর শক্তি দিয়া ধরণী উদ্ধার করিতে পাঠাইয়াছিলেন—তাহারা কিছুই করে নাই। ভায়াদেহ লইয়া শৃত্যে এখন তাহারা বিচরণ করিতেছে। দেখিতেছে, কোথায় কে নৃতন কবি জাগে — তাহাদিগকে সাব-ধান করিয়া দিতেছে। অ্যাপ্রিলেও ঈশ্ব-রের দানে ঐশ্ব্যান্বিত একজন কবি। প্রকৃতির স্বহস্তদজ্জিত ইটালীতে তাঁহার **জন্ম** ভূমি বাছিয়া দেওয়া হইয়াছিল---জন্মকালে ছায়াকবিগণ আশার উৎস্বে মাতিয়াছিল। ছায়াকবিগণ অন্ধকারে যাতায়াত করিয়া অ্যাপ্রিলেকে সাবধান করিয়া দিয়াছিল, কিন্তু অন্ধ আাপ্রিলে তাহাদের সঙ্কেত বুঝিতে পারেন নাই। ধরণী তেমনি শৃঙ্খলিতা রহিল !—হা কষ্ট !—

Anguish! ever and for ever; Still beginning, ending never!

আাপ্রিলের জীবনও বিফল হইল। তাই তিনি আজ ভ্রষ্টকবিদের শৃন্তচারী ছায়া-মগুলীমধ্যে স্থান লইতে আহুত হইতেছেন।

আাপ্রিলে প্যারাসেল্সাস্কে দেখিয়া ভাবিলেন, এইবার তবে পূর্ণ কবি আসিয়াছেন —এইবার তবে ভাবচর্চার সঙ্গে কর্মপটুত্ব মিলিত হইয়াছে—আাপ্রিলে পাগলের মত গিয়া যেন প্যারাদেল্সাসের পদতলে আপ-নাকে লুটাইয়া দিতে লাগিংলন। আপিলে **मन्नारक** দাঁডাইয়াছেন---অস্ত্রকালের কনকরশ্মিশলাকাগুলি আপ্রি-লের কনককেশরাশির সহিত মিলিয়া যাই-তেছে। ব্যথাপূর্ণ বিফল আপীড়নে বিক্বত ললাট-ক্রর নিম্নদেশে থাকিয়াও তঃখপুণ স্থনীল চক্ষুতারকাছটি মুক্তপ্রায় হইয়া কোন মায়ালোকের অভিমুখে উড়িয়া যাইতে চায়। ধীরগতি নৈরাঞ্যের অনন্ত দীর্ঘধানে দৃঢ়সংবদ্ধ তাঁহার ওঠাধর করিয়া কোন কঠোর শিথাইতে আইদে! প্যারাদেল্যাদ যতই কোতৃহলে এই উন্মত্তের দিকে চাহিয়া দেখিতেছেন, কিছুনেই তাঁহার বৃঝিতে পারিতেছেন না। পারোদেল্গাদের অসঙ্গত প্রশ্ন-প্রতিবাদের পরে অ্যাপ্রিলে হাঁহার ভারাক্রান্ত সদয় হইতে একটি সৌন্দর্য্যসার জীবনের বিপুল ইতিহাস এবং কর্মপটুয়াভাবে তাহার নিফলতার ছঃথগান বাহির করিয়া দিলেন।--এই কবি পৃথিৰীর সমস্ত পদার্থ হইতে মনের ভিতর একটি সৌন্দর্যোর ছাপ লইতেন

এবং শিল্পে তাহা ব্যক্ত করিতে চাহি-তেন। ' সমস্ত আকার বর্ণের এবং *भोन्मर्या* व्यायु कतिया (शरष **ट्र्य**-ताथा-আশা-আকাজ্জা-কল্পনার সৌন্দর্য্য ভাষায় ফুটাইতে ইচ্ছা করিয়াছিলেন। বছধা-সম্বদ্ধ শব্দস্ত্রপে এইরপে জীবনের সহজজ্ঞেয় त्मीकर्षाकथा जानाहेब्रा অবশেষে শব্দের ছেদে ছেদে, ছটি তারার মাঝথানকার প্রভা-বন্ধনের আয় সঙ্গীতের ইক্রজাল নিশ্বসিয়। দিয়া, অন্তবের গভীর অনুভাবরাশি অন্তঃ-প্রবাহিত করিয়া দিবার ইচ্ছা করিয়াছিলেন। আাপ্রিলে তাঁহার কবিজীবন এইরূপে সম্পূর্ণ করিবার সঙ্কল্ল করেন—

Preserving through my course God full on me, as I was full on men. স্যৱাপথ জগদীশজ্যোতি প্রাণে ভরি পূর্ণ হ'য়ে ধরা'পর উদিব প্রন্দর।

কিন্তু এত-বড় কাজের উপযুক্ত শক্তি
মানবের কোণায় ? আপ্রিলে শান্তই ধরণীমগুলে প্রাপ্য যন্ত্রাদির ক্ষুদ্রতা ও হর্পলতা
দেখিতে পাইলেন। শেলীর মত আ্যাপ্রিলের তরণী এই বাস্তবরাজ্যের অরণ্যময়
অসভ্যের দ্বীপে ঠেকিয়া ভাঙিয়া গেল: এই
ক্ষুদ্র সংসারে কেমন করিয়া অ্যাপ্রিলে
তাঁহার মানসরাজ্যের অপূর্ব্বপ্রাসাদ নির্মাণ
করিবেন ?—যা হোক্, এ দ্বীপে যাহা পাওয়া
যায়, তাহা লইয়াই কাজ করিতে তিনি
ক্ষতসঙ্কল্ল হইলেন। এই তালর্ক্ষরাজিই
মর্ম্মরস্তস্তের কাজ করিবে,—এই পক্ষীর
পালক, সাপের নির্মোক, মাছের শক্ষ—
এই সব লইয়াই, যেমন করিয়া হৌক্,
একটি গঠন খাড়া করিতে হইবে। তবে

এমনি করিয়া সাজান যাক্ ষে, লোক চমং-কৃত হইয়া বলিতে থাকে—"এ এদেশের कातिकत्र नरह, ७ रा नन्तरनत्र कातिकत् ।" পৃথিবীর হীন সরঞ্জামে বিস্তাদের অপূর্ব চমৎকারিত্ব দেখাইয়া যদি তাহার মধ্যে তাঁহার মনোরাজ্যের কোন লভাপুষ্পপত্রের সমাবেশ করিতে পারা যায়, তবে তিনি স্বাইকে ডাকিয়া বলিবেন—"দেখ বন্ধুগণ,—কপোতসঙ্কুলিত কত অপূর্ববৃক্ষাচ্ছাদিত কত রক্তবর্ণ মৃৎস্তৃপ, কত চক্ষুপীড়ক ক্ষীরধবল হক্ষ বালুকারাশির বিস্তার অতিক্রম করিয়া আমি এক চমৎ-কার চন্দ্রালোকিত প্রান্তরে গিয়া পৌছিয়া-हिनाम ;--- (मथाय अधीत इहेया आभि এहे লতাপত্রমুকুল সংগ্রহ করিয়াছি। আমার কাছে ইহাদের রমণীয়ত। অল্ল. কারণ ইহাদের মনোরম জন্মস্থানে আমি ইহা-দিগকে দেখিয়াছি; তোমরা লও, ইহা জড়াইয়া মাথায় পর এবং ইহাদের সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া কল্পনা করিতে থাক—কোন निर्वातकल ইशाप्तत व्यक्त मिक्कि इहेग्राट्ड, কিরূপ তারকা প্রতির্জনীতে ইহাদের শিরে জ্যোতি কম্পিত করিয়াছে, কোনু সর্পশিশু-গণ বহুদূর হইতে আসিয়া ইহাদের অস্তর-সঞ্চিত শিশিরজল পান করিয়া পলাইয়া গিয়াছে।"—তার পরে অ্যাপ্রিলে ক্রমে কুদ্র কুদ্র হৃদয়ের আশা-আকাজ্ঞাকেও যথাসাধ্য ভাষাদান করিবেন ভাবিয়াছিলেন—ক্ষিত্ত হা কষ্ট !--এ সব কিছুই হয় নাই। কারণ তাঁহার ভাবরাশিকে তিনি আয়ত্ত করিতে পারেন নাই। অত্যুঙ্জল করনামৃর্ত্তিগুলি তাঁহার মনোনেত্র ঝল্সাইয়া দিয়াছে। একটি-

কোন মূর্ত্তিকে ধরিতে গেলেই অবশিষ্ট-গুলির স্বৃতি কুহেলীবাম্পের মত আসিয়া তাঁহার চকু অন্ধ করিয়া দেয়—পর্বতপ্রান্ত-পথে ঝঞ্চাহত লোকটির মত তাঁহাকে অজ্ঞস্তুষ্ট করকাজালের ঘূর্ণপ্রবাহ আসিয়া কোথার ছুটাইয়া লইয়া যায়!— অ্যাপ্রিলে কিছু করিতে পারেন নাই, কিন্তু করিতে যে পারেন নাই, তাহার যথেষ্ঠ কারণ ছিল নাকি १-এইরূপ ঝঞ্চাকে কে আয়ত্ত করিতে পারে १-এইরূপে কাতরক্রননে করিতে করিতে আাপ্রিলে ঘুরিয়া-লুঠিয়া প্যারাদেলসাদের গায়ের উপর পড়িয়া ঘাইতে-এইবার প্যারাদেল্যাদ্ ছেন। হইলেন। হঠাৎ তাঁহার চক্ষে এক বিশাল জগতের দ্বার উন্মুক্ত হইল। তিনি জগ-তের মূল জানিতে গিয়া, শক্তির অভিমুখে ছুটিয়া মানবজীবনের খ্রামল ঐশর্যো পূর্ণ কোন এক বিপুল প্রান্তরে আদে পদার্পণ করেন নাই-তিনি এতদিন কেবল একটা শিলাকস্করময় বিদীর্ণ মরুমধ্যে প্রেতবৎ কি খুঁজিয়া বেড়াইয়াছেন। আজ তিনি কাতর হইয়া বলিতেছেন —

"We are weak dust. Nay, clasp not, or I faint !"

গভীর রাত্রির অন্ধকার ! অন্ধকারে হুইটি ভগ্ন জগৎ পরস্পরের বুকে পঞ্জিয়া এক —"হাঁ, এখন আমি স্পষ্টই দেখিতেছি— পরমেশ্বরই একমাত্র পরিপূর্ণ কবি। তিনি তাঁহার বিভাবনারাশি বহুবিচিত্র স্ষ্টেতে গড়িয়া তুলিতেছেন। মাতুষও ঈশ্বরের সমান হইতে চায়। মানুষের তুর্বলতাতেও গৌরব। কারণ হর্বলতার মধ্যেও শক্তি আবিভূতি মানুষকে হইয়া नेश्रतमहत्व উर्জ्वानन করে। আর ঈশ্বরের গৌরব তাঁহার অনন্ত শক্তি। এই শক্তিবলেই মানুষের হর্বলতা-কেও তিনি ভালবাসিয়া তাহারি সমান হইয়া অবতীর্ণ হইতে পারেন-হায়, আগে জানিতাম !" গভীরতর অন্ধকার रहेन । **भा**तारमन्मारमत ज्यक्तरत्र नुहे।हेन्ना পড়িয়া, অ্যাপ্রিলে তাঁহার বার্থ জীবন শেষ করিলেন

"Give me thy spirit, at least! Let me love too!"

এই বলিয়া প্যারাদেল্যাস্ স্তস্থিত হইয়া বহিলেন। আমরাও দেখিয়া লইলাম— প্যারাদেল্যাস্কি পাইলেন।

(আগামী বারে সমাপ্য।)

অবকাশ

আজ করিব না আমি মান-অভিমান; হিসাবের থাতা খুলে আদানপ্রদান লইব না বুঝে, শুধু আর একবার করিব পরাণ ভরি শ্বরণ তোমার।

আলোচনা।

प्र्िंटिक्कत्र भून कार्त्र ।

স্থবিখ্যাত পর্যাটক প্যাল্গ্রেভ্ তাঁহার 'য়ুলিদিদ্'-নামক গ্রন্থে ফিলিপাইন্- নীপপুঞ্জে
ছর্ভিক্ষের অভাবসম্বন্ধে যে কয়েকটি কথা
লিখিয়াছেন, তাহা ভারতবর্ষীয় পাঠকের
পক্ষে বিশেষ ঔৎস্কাজনক হইবে। নিয়ে
তাহার অমুবাদ প্রকাশ করা যাইতেছে।

প্যাল্ত্রেভ্ যথনকার কথা লিথিতেছেন, তথন স্প্যানিয়ার্ডগণ সেথানকার কর্তৃপক্ষ ছিল—অ্যামেরিকার সঙ্গে লড়াই বাধে নাই।

অধিকাংশ গ্রীষ্মপ্রধান যুরোপীয় উপনিবেশে, শাসনকার্যা এবং বাণিজ্ঞাভার, তুইই
যুরোপীয়ের হাতে থাকে—দেশী লোকের
কেবল মজুরী সার। কিন্তু ফিলিপাইন্দ্বীপপুঞ্জে স্প্যানিয়ার্ডগণ শাসন করিয়াই
সম্ভষ্ট—বাণিজ্ঞা এবং মজুরের কাজা, তুইট
দেশী লোকের হাতে আছে।

কম-বেশ আশী-হাজার লোক এই সকল দীপে বাদ করে—এবং প্রাতে, মধ্যাত্রে ও সন্ধ্যায় ভাতই ইহাদের প্রধান থাত। ভাতই যে সকল দেশের থোরাক, সেথানে ছর্ভি-ক্ষের কিরূপ অবির্লতা এবং প্রকোপ, তাহা মাদ্রাজ, উড়িয়া, বাংলা ও **निःश्टल**त ইতিহাসে বারবার দেখা গিয়াছে। মনে হয় যেন দে উৎপাত পূর্বে হইতে ঠেকান যায় না, এবং তাহার কোন প্রতিকারও নাই। তথাপি ফিলিপাইন্-দীপপুঞ্জে ছর্ভিক দূরে থাক্, অন্নকন্টও প্রায় ছর্বৎসরেও দেখানে ঘটে না। অত্যন্ত

অন্তত্র হইতে এক-বন্তা শশুও আমদানি করিতে হয় না। এবং সাধারণত দেশের ছেলেদের জন্ম দৈশে অন্ন যথেষ্ট থাকিয়াও উদ্ত্ত থাকে। এ ছাড়া, এথান হইতে বৎসর-বংসর চিনি, কফি, শণ, তামাক প্রভৃতি যাহা রপ্তানি হয়, তাহার মূল্য চল্লিশ হইতে বাট হাজার পাউও পর্যান্ত হইয়া থাকে। "আমাদের নিজেদের জন্ম যথেষ্ট এবং তদতিরিক্ত আমাদের প্রতিবেশার জন্ম" ইহাই এই উপনিবেশের সাধারণ চলিত কথা। অন্য কয়টা য়ুরোপীয় উপনিবেশ সম্বন্ধে এমন কথা বলা যাইতে পারে ?

এমন নিত্য-সচ্ছলতা কি করিয়া হইল ?
এরপ দৈশুমোচনের মহামন্ত্রটি কি ? এ
কি কেবল জল-বায়ৄ-মৃত্তিকার গুণ—এ কি
কেবল স্থনিয়মিত বৃষ্টিপাতের ফল ? কভকটা
পরিমাণে হইতেও পারে, কিন্তু এই সকল
স্থবিধাই যথেষ্ট নহে। তবে কি দেশী
লোকের অধিকতর নৈপুণা, উভ্তম বা
শ্রমশালতাই ইহার কারণ ? তাহাও বলা
ষায় না—কারণ, এখানকার দ্বীপবাসিগণ
অভাত্ত উষ্ণপ্রধান দেশেরই লোকের মত—
যতটুকু আবশ্রক, তাহার বেশি থাটতে
চায় না।

বস্তুত ফিলিপাইনের পরম সৌভাগ্য এই যে, দেখানে যুরোপীয় বাণিজ্য উন্থমের অভাব, দেখানে যুরোপের মূলধন থাটতেছে না। গুটিকতক যুরোপীয় ধনী, গুটিকতক

প্রকাণ্ড সম্পত্তি, গুটিকতক কারথানা, গুটিকতক টাকা করিবার বিপুলকায় দল-বন্ধন-এই হউক দেখি,-অমনি, সম্পত্তি দ্রব্যাৎপাদন, মালিকী স্বন্ধ এবং থাট্ন নির মধ্যে এখন যে সামঞ্জন্ত আছে, যাহা থাকার দরণ বর্ত্তমানে দরিদ্রত্য কুটীর-বাদীর ভাগ্যেও যথেষ্ট থাকে এবং সমস্ত উপনিবেশের অংশেও প্রচুর উদৃত হয়, তাহা সমস্তই ভ্ৰষ্ট, ভগ্ন এবং বিপণ্যস্ত হইয়া बाहरत এবং তাहात পরিবর্তে দিন-মজুরী, देवल. मत्रकाती अन्नमज, ठाँका এवर अना-शाद्वत প্রাত্রভাব হইবে। য়ুরোপ--লুর অতৃপ্ত মুরোপ সমস্ত শস্তাটুকু কাটিয়া লইবে এবং এখনকার স্থাী, সম্ভষ্ট, পরিতৃপ্ত ফিলি-পাইনের অদৃষ্টে বাকি থাকিবে কেবল কাটা-ধানের হুড়া, রুশতা, অভাব, অশান্তি এবং হঃখ ! এখন বাগানটি স্বর্গীয় ইডেন-वाशान आह्न.-- इंशामत अधिवाशीता यनि সাপের পরামর্শ শুনিয়া সম্পদ (Resource) বিস্তার করিতে উন্নত হয়, তবে নিজের সচ্চল অনাদৃত স্থাের অবস্থা হলতে ভ্রষ্ট হুইয়া আর কথনো ফিরিবার পথ পাইবে না।

ইহার পরে যে প্যারাগ্রাফ্টি আছে, তাহা অমুবাদ করিয়া আমরা নই করিতে ইচ্ছা করি না—মূলটি উদ্ধৃত করিয়া দিই।

O balmy life-giving breezes of the wide Pacific, with enjoyment in every flutter of your wings! O golden glories of the evening sun-god, ere yet he withdraws from view within his cloud-built palace of amber and crimson,

reared on the deep immensity of blue! long be yours to range and reign over the waving emerald of the parcelled rice field, the unpruned freedom of the fruit-cluste ed bough, the bannered flaglets of the yellowing cane-patch, the green glister of the plantain grove, the triumph of the stately garden palm, while frequent amid them, each sheltering its contented owner-peasant and the childreninheritors of the land, rise the little thatched cottages, undwarfed by the vast constructions of overshadowing capital, unsmirchby Western smoke enginery; while the fruit-bearing land smiles her bounty on her unorphaned children, and the children yet claim for their own the native bosom of their proper land. Birthright ill sold for any counter-exchange of clusive gain: Eden unequally bartered for the whole world of unrest and striving that secthes and struggles without the island bounds. Long may those bounds remain, long may they keep at bay the gods of the stranger, the price of the alien. the progress that is retrocession, the science that strips to naked. ness, the energy that consumes and destroys, the greed of allorganizing all-devouring capital, the skilled force insatiate of its slaves, the iron and the gold.

গ্রন্থ-সমালোচনা।

লীয়ার। মহাকবি শেক্ষপীয়ার প্রণীত
কিং লীয়ার'নাটকের বঙ্গামুবাদ। শ্রীষতীক্রমোহন ঘোষ কর্তৃক অনুবাদিত। মূলা
১১ একটাকা মাত্র।

ইংরেজী ও বাঙ্গালা ভাষার প্রকৃতিগত প্রভেদ এত অধিক যে, ইংরেজি কাব্যের ভাবামুবাদ হইলেই কেবল তাহা উপভোগ্য, স্কৃতরাং প্রশংসনীয় হইতে পারে। যদি ভাবামুবাদ না হইয়া কেবল বাক্যামুবাদ হয়, তাহা হইলে, প্রশংসনীয় হওয়া ত দূরের কণা, গ্রহণীয়ও হয় না—হাস্তজনক হয় মাত্র।

শ্রীযুক্ত যতীক্রমোছনবাবুর এই অমুবাদ পড়িয়া ইহা বেশ বুঝিতে পারিয়াছি যে, তিনি ইংরেজি জানেন এবং শেক্ষপীয়রের 'কিং লীয়ার'ও পাঠ করিয়াছেন। এই পয়াস্ত হইলেই যে শেক্ষপীয়রের নাটকের অমুবাদ করিবার অধিকার কাহারও হয়, এরপ ধারণা আমাদের নাই।

यजौक्रसाहनवाव् वाकाञ्चवान कतियाएहन माळ। ऋजताः छाँहात এই 'नौष्ठात',
याँहाता हेःदब्रिक कार्तन ना वा खन्न कार्तन,
छाँहारतत्र भरक এरकवादत्र बनिधिनमा—
रक्ह किছूहे वृत्रियन ना। याँहाता हेःदब्रिक
छान कार्तन, छाँहारतत्र भरक हेहा इत्रिक्ष
भगः; रकन ना, मृर्णत महिछ मिनाहेया ना
भिष्टि छाँहाता हेहा वृत्रिर्ट भातिरवन
ना। रमक्षीयैत-विष्ठात्रिरक अमन कतिया
नाखानावृत्तं थारनथाताव कता रकन १ अक-

আধটা দৃষ্টাস্ত দেওয়া যাউক্। ৫ম পৃষ্ঠার শেষে---

"অন্তর আমির হতে বিদেশী হইয়ে,
জনমের তরে তোরে দিল্প বিসর্জন।"
ইহার অর্থ যিনি বুঝিতে পারেন, তাঁহাকে
আমরা ক্ষণজন্মা পুরুষ বলিতে প্রস্তুত আছি। মূলে কিন্তু এই স্থলের অর্থ অতি
পরিক্ষার। তাহাও উদ্ভুত করিয়া দিতেছি—
"And as a stranger to my heart and me Hold thee, from this, for ever."

আরও একটা—৩৪ পৃষ্ঠায়— "কৃতন্মতা! তুই পিশাচী পাষাণী! আরও ভয়স্কর

কুৎসিত আকার সম্ভানে যথন তোর হয় আবির্ভাব;

সামৃদ্রিক জন্ত তুলনায় অতি ক্ষুদ্র।" কেহ কিছু বুঝিলেন কি ? মূল এই—

"Ingratitude! thou marble-hearted fiend, More hideous, when thou show'st thee in a child.

Than the sea-monster!"

ইহারই নাম শেক্ষপীয়রের বন্ধান্তবাদ!
এই অনুবাদ দেখিয়া যদি কেছ যতীক্রবাবুর
ইংরেজিভাষার জ্ঞানসম্বন্ধে সন্দিহান হয়,
তাহা হইলে তাহাকে আমরা বড় দোষ
দিতে পারি না।

ছই-চারি-স্থলে এইরপ হইলে আমরা তাহা ধরিতাম না। কিন্তু এই পুস্তকের আগাগোড়াই এইরপ। সকল দেখাইয়। দেওয়া অসম্ভব, কেন না, তাহা হইলে সমস্ত পুস্তকথানি উদ্ধৃত করিতে হয়। কম্বলের লোম বাছিয়া ফেলিতে হইলে; গোটা কম্বল-থানি বাছিয়া ফেলিতে হয়।

শেক্ষপীয়রের কথাতেই এই সমালোচনা শেষ করা ভাল বলিয়া মনে হইতেছে। তাঁহার 'নিদাঘ-নিশার স্বপ্ন' নামক নাটকে বটমের স্কল্কে গর্দভের মুগু দেখিয়া কুইন্স্ বলিতেচে—

Bless thee, Bottom † bless thee! thou art translated?

আমরাও এই অমুবাদ পড়িয়া বলিতে পারি— "ওগো শেক্ষপীয়র, জগদীশ্বর তোমার মঙ্গল করুন! তুমি যে দেখিতেছি; অমু বাদিত হইয়াছ।"

যতীক্রবাবু ছঃথিত হইবেন না। আমা-দের ভাষায় শেক্ষপীয়েরের যতগুলি অফুবাদ আমি দেথিয়াছি, তাহার প্রায় সবগুলির সম্বরেই এইরূপ সমালোচনা করিতে হয়।

পঞ্-পুষ্প বা উপন্থাসগুচ্চ। শ্রীহরি-সাধন মুখোপাধ্যায় প্রণীত। দ্বিতীয় সংস্করণ। মূল্য ১০/০ এক টাকা এই আনা।

বঙ্গীয় সাহিত্য-ক্ষেত্রে হরিসাধনবাবু
অপরিচিত নহেন। অনেক সাময়িক পত্রে
তাঁহার লিখিত অনেক প্রবন্ধ পড়িয়াছি
বলিয়া মনে হয়। সেই সকল পড়িয়া
এইরূপ মনে হইয়াছে যে, মোগল আধিপত্যের সময়ের ভারতেতিহাস হরিসাধনবাব
যন্ধ্রসহকারে অধ্যয়ন করিয়াছেন। এই
উপস্থাস-শুচ্ছ তাহারই একটি ফল।

ফল, মোটের উপর ভালই হইয়াছে। এই গলগুলি পাঠ করিয়া মোগলের ঐশ্বর্য্য ও প্রতাপ এবং রাজপুতের শৌর্য ও চিত্ত-বলের একটা চিত্র মনশ্চকে প্রতিভার্ত হয়। এবং সে চিত্র স্বভাবামুকারী, স্থতরাং প্রকৃত। এই পুস্তকের সব কয়টি ৢগলই অলাধিক পরিমাণে চিত্তাকর্ষক; তবে 'লাল বারদোয়ারী' গলটি আমাদের সর্বাপেক্ষা ভাল লাগিয়াছে। আজকালকার বাঙ্গালা উপস্থানের যেরূপ দশা, তাহাতে এই-পুস্ত-কের আদর হওয়া বাঞ্খনীয় মনে করি।

তাই বলিয়া দোষ যে নাই, এমন নহে। স্থানে স্থানে অসঙ্গতি-দোষ ঘটিয়াছে। একটা দৃষ্টান্ত দেখান যাউক্। আগ্রার রাজপ্রাসাদে আকবরশাহকে দরিদ্রের বেশে দেখিয়া—

"রঞ্জন ভাবিতেছিলেন— ঐশ্বর্যা যেন দারিজ্যের মৃত্তি পরিগ্রহ করিয়াছে। প্রমোদ-কানন যেন শাশানের ভাব ধরিয়াছে— তেজ যেন ধূমাচ্ছাদিত হইয়াছে— দীর্ঘকায় পর্বত যেন তৃষারের মলিন আচ্ছাদনে ভূষিত হইয়াছে— স্থথ যেন হঃথকে আলিঙ্গন করিয়াছে— প্রফুল্লতা যেন বিষাদকে সঙ্গে করিয়া আনিয়াছে।"

স্থান-কাল-পাত্র বিবেচনা করিলে বলিতে হয় যে, এই কবিছোচ্ছাস নিতান্ত অসকত হইয়াছে। রজনীতে, আগ্রার হুর্গে, আকবরশাহের সম্মুথে এতটা ভাব-তরঙ্গ রঞ্জনের ভায় লোকের মনে উছলিয়া উঠিতে পারে না—কাহারও পারে কি না, সন্দেহ। এমন আরুও আছে। কিন্তু পুস্তকথানি যথন মোটের উপর চিত্তাকর্ষক হইয়াছে, তথন এমন হুই-চারিটা দোষ আমরা উপেক্ষা ও মার্জ্জনা করিতে পারি।

শ্রীচন্দ্রদেশর মুখোপাধ্যায় 🛔

বঙ্গদর্শন।

মা ভৈঃ।

মৃত্যু একটা প্রকাণ্ড কালো কঠিন কষ্টি-পাথবের মত। ইহারই গায়ে ক্ষিয়া সংসা-বের সমস্ত খাঁটি সোণার পরীকা হইয়া থাকে:

তুমি দেশকে যথার্থ ভালবাস— ভাহার চরম পরীক্ষা তুমি দেশের জন্ত মরিতে পার কিনা। তুমি আপনাকে যথার্থ ভালবাস, ভাহারো চরম পরীক্ষা আপনার উন্নতির জন্ত প্রাণ বিসর্জ্জন করা ভোমার পক্ষে সম্ভবপর কিনা।

এমন একটা বিশ্ববাপী দার্বজনীন ভর পৃথিৰীর মাথার উপরে বদি না ঝুলিত, তবে সভ্য-মিথ্যাকে, ছোট-বড়-মাঝারিকে বিশুদ্ধ-ভাবে তুলা করিয়া দেখিবার কোন উপায় থাকিত না।

এই মৃত্যুর তুলায় যে সব জাতির তৌল

হইয়া গেছে, তাহারা পাস্মার্কা পাইয়াছে।

তাহারা আপনাদিগকে প্রমাণ করিয়াছে,

নিজের কাছে ও পরের কাছে তাহাদের

আর কিছুতেই কুটিত হইবার কোন কারণ

নাই। মৃত্যুর মারা তাহাদের জীবন পরী
কৈত হইয়া গেছে। ধনীর মধার্ধ পরীকা

দানে; যাহার প্রাণ আছে, তাহার যথার্থ পরীক্ষা প্রাণ দিবার শক্তিতে। যাহার প্রাণ নাই বলিলেই হয়, সে-ই মরিতে ক্বপণতা করে।

যে মরিতে জানে, স্থথের অধিকার তাহারই ; যে জয় করে, ভোগ করা তাহাকেই সাজে। যে লোক জীবনের সঙ্গে সুখকে, বিলাসকে, হুই হাতে আঁকজিয়া থাকে, স্থ তাহার সেই ঘুণিত ক্রীতদাসের কাছে নিব্দের সমস্ত ভাণ্ডার খুলিয়া দেয় না, তাহাকে উচ্ছিষ্টমাত্র দিয়া দ্বারে ফেলিয়া রাথে। আর মৃত্যুর আহ্বানমাত্র ধাহারা ভুড়ি মারিয়া চলিয়া যায়, চির-আদৃত স্থথের দিকে এক-বার পিছন ফিরিয়া তাকায় না, স্থুণ তাহাদের চার, স্থ তাহারাই জানে। যাহারা সবলে ত্যাগ করিতে পারে, তাহারাই প্রবল-ভাবে ভোগ করিতে পারে। যাহারা মরিতে জানে না, তাহাদের ভোগবিলাসের দীনতা-ক্বশতা-ম্বণ্যতা গাড়িজুড়ি এবং তক্মা-চাপ-রাশের বারা ঢাকা পড়ে না। পৃথিবীতে সাতটা আশ্চর্য্য জিনিষ আছে; তেমনি লজ্জার জিনিষ কয়টা আছে, ভাহার গণনা হয় নাই---

যদি হইত, তবে বাঙালিবাবুর কুস্থমকোমল বাবুয়ানা তাহার প্রথম স্থান অধিকার করিত। নিলজ্জবাবুকে তাহার বিলাতী দোকানের আরাম-চৌকি হইতে টানিয়া উৎপাটিভ করিতে পারে, এমন একটা আকম্মিক দৈবছুগোগ বিধাতার কাছে প্রার্থনা করি। ত্যাপের বিলাদবিরল কঠোরতার মধ্যে পৌরুষ আছে। যদি স্বেচ্ছায় তাহা বরণ করি, তবে নিজেকে লজ্জা হইতে বাঁচাইতে পারিব।

এই হুই রাস্তা আছে— এক ক্ষতিয়ের রাস্তা, আর এক ব্রাহ্মণের রাস্তা। যাহারা মৃত্যভরকে উপেক্ষা করে, পৃথিবীর স্থপস্পদ্ ভাহাদেরি। বাহারা জীবনের স্থকে অগ্রাহ্য করিতে পারে, ভাহাদের আনন্দ মৃক্তির। এই হুয়েতেই পৌরুষ।

প্রাণটা দিব, এ কথা বলা যেমন শক্ত — র্থটা চাই না, এ কথা বলা তাহা অপেক্ষা কম শক্ত নয়। পৃথিবীতে যদি মন্ত্রাত্তর গৌরবে মাথা তুলিয়া চলিতে চাই, তবে এই হরের একটা কথা যেন বলিতে পারি। হয় বীর্যাের সঙ্গে বলিতে হইবে—"চাই!" নয়, বীর্যােরই সঙ্গে বলিতে হইবে—"চাই না!" "চাই" বলিয়া কাঁদিব, অথচ লইবার শক্তিনাই; "চাই না" বলিয়া পড়িয়া থাকিব, কারণ চাহিবার উভ্যম নাই;—এমন ধিকার বহন করিয়াও যাহারা বাচে,য়ম তাহাদিগকে নিজ্ঞানে দ্য়া করিয়া না সরাইয়া লইলে তাহাদের মরণের আর উপায় নাই।

া বাঙালি আজকাল লোকসমাজে বাহির হইশাছে। মুদ্ধিল এইবে, জগতের মৃত্যুশালা হইতে তাহার কোনো পাস্নাই। কুড্র

তাহার কথাবার্ত্তা যতই বড় হে'ক্, কাহারো কাছে সে থাতির দাবী করিতে পারে না। এইজন্ম তাহার আক্ষালনের কথার অত্যপ্ত বেক্সর এবং নাকিস্পর লাগে। না মর্রিলে সেটার সংশোধন হওয়া শক্ত।

পিতামহদের বিক্তমে আমাদের এইটেই সব চেয়ে বড় অভিযোগ। সেই ত আজ তাঁহারা নাই, তবে ভালমন্দ কোন একটা অবসরে তাঁহারা রীতিমত মরিলেন না কেন? তাঁহারা যদি মরিতেন, তবে উত্তরাধিকারসত্তে আমরাও নিজেদের মরিবার শক্তিসম্বন্ধে আম্বাও নিজেদের মরিবার শক্তিসম্বন্ধে আম্বাও ছেলেদের অলের সঙ্গতি রাথিয়া বান নাই। এত-বড় গুর্ভাগ্য, এত-বড় দীনতা আর কি হইতে পারে!

প্রতাপাদিত্য, সীতারাম, সিন্দিবিজয়ী
বিজয়সিংহ, ভোমাদের শ্বতি ধারাবিহীন
জলের মত বাংলার ইতিহাসমঙ্গর মধ্যে
কোথার শুকাইয়া গেছে ! আমাদের প্রাণের
পিপাসা মিটাইবার ক্রন্ত তাহা আমাদের
হৃদয়ের ভিতর পর্যন্ত আসিয়া পৌছিতে
পারে নাই। তোমাদের রক্তপুত চরিতধারাজলে বাঙালিজাতির অভিষেকক্রিয়া
সম্পন্ন হইতে পারিল না। কারণ, তোমরা
বিচ্চিল্ল—এই দীনরক্রের দেশে ভোমরা
বোত বহাইয়া গেলে না! এখন আমাদিগকে কিসে গৌরব দিবে!

ইংরাজ আমাদের দেশের যোজ আতিকে ডাকিয়া বলেন, "তোমরা লড়াই" করিরাছ – প্রাণ দিতে জান; বাহারা কথনো লড়াই করে নাই, কেবল বকিতে জানে.

ভাহাদের দলে ভিজিয়া ভোমরা কন্গ্রেদ্ করিতে যাইবে !"

ভর্ক করিয়া ইহার উত্তর দেওয়া যাইতে পারেঁ। কিন্তু তর্কের দারা লজ্জা যায় না। বিশ্বকর্মা নৈয়ায়িক ছিলেন না, সেইজন্ত পৃথিবীতে অযৌক্তিক বাপার পদে পদে দেখিতে পাওয়া যায়। সেইজন্ত মাহারা মরিতে জানে এবং যাহারা মরিতে জানে না, তাহারা ভর্মু যুদ্দের সময়ে নহে, শান্তির সময়েও পরস্পর ঠিক সমানভাবে মিশিতে পারে না; যুক্তিশাস্তে ইহা অসঙ্গত, অর্থহীন, কিন্তু পৃথিবীতে ইহা সত্য।

অতএব, আরাম-কেদারায় হেলান্ দিয়া
পোলিটিকাল্ স্থেমপ্রে যথন কর্না করি—
সমস্ত ভারতবর্ষ এক হইয়া মিশিয়া যাইতেছে,
তথন মাঝথানে এই একটা ছশ্চিস্তা উঠে যে,
বাঙালির ৡসঙ্গে শিথ আপন ভাইয়ের মত
মিশিবে কেন ? বাঙালি বি.-এ. এবং এম্.-এ.
পরীক্ষায় পাস্ হইয়াছে বলিয়া ? কিন্তু যথন
তাহার চেয়ে বড় পরীক্ষার কথা উঠিবে, তথন
সাটিফিকেট্ বাহির করিব কোথা হইতে ?
ভদ্দমাত্র কথায় অনেক কাজ হয়, কিন্তু
সকলেই জানেন চিঁড়ে ভিজাইবার সময়
কথা দধির স্থান অধিকার করিতে পারে না,
এবং তেমনি যেথানে রক্তের প্রয়োজন,
সেথানে বিশুদ্ধ কথা তাহার অভাব পূরণ
করিতে অশক্ত।

অথচ যথন ভাবিয়া দেখি— আমাদের পিতামহীরা স্থামীর সহিত সহমরণে মরিয়া-ছেন, তথন স্থাশা হয়—মরাটা তেমন কঠিন হইবে না। অবশু, তাঁহারা সকলেই স্থেছা-পুর্বক মরেন নাই। কিন্তু ক্ষানেকেই বে মৃত্যুকে স্বেচ্ছাপুর্বক বরণ করিয়াছেন, বিদেশীরাও তাহার সাক্ষ্য দিয়াছেন।

কোন দেশেই লোকনিবিশেষে নির্ভয়ে ৪ স্বেচ্ছায় মরে না। কেবল সল্প একদল মৃত্যুকে বণার্থভাবে বরণ করিতে পারে— বাকি সকলে কেছ বা দলে ভিড়িয়া মরে, কেল বা লজ্জায় পড়িয়া মরে, কেছ বা দস্তরের তাড়নায় জড়ভাবে মরে।

মন হইতে ভর একেবারে যার না।
কিন্তু ভর পাইতে নিজের কাছে ও পরের
কাছে লজ্জা করা চাই। শিশুকাল হইতে
ছেলেদের এমন শিক্ষা দেওয়া উচিত, যাহাতে
ভর পাইলেই তাহারা অনায়াসে অকপটে
স্বীকার না করিতে পারে। এমন শিক্ষা
পাইলে লোকে লজ্জার প্রতিয়া সাহস করে।
যদি মিথাগর্ম্ব করিতে হয়. তবে, আমার
সাহস আছে, এই মিথাগর্ম্বই সব চেয়ে
মার্জ্জনীয়। কারণ, দৈগুই বল, অজ্ঞতাই
বল, মৃঢ্তাই বল, মন্ত্র্যাচরিত্রে ভয়ের মত
এত-ছোট আর কিছুই নাই। ভর নাই
বলিয়া যে লোক মিথাা অহয়ারও করে,
অস্ত্রত তাহার লজ্জা আছে, এ সদ্গুণটারও

নির্ভীকতা বেধানে নাই, সেধানে এই লজ্জার চর্চা করিলেও কাজে লাগে। সাহসের স্থায় লজ্জাও লোককে বল দেয়। লোকলজ্জায় প্রাণবিসর্জ্জন করা কিছুই অসস্তব নয়।

অতএব আমাদের পিত্রীমহীরা কেহ কেহ লোকলজ্জাতেও প্রাণ দিয়াছিলেন, এ কথা স্বীকার করা ঘাইতে পারে। কিন্ত প্রাণ দিবার শক্তি তাঁহাদের ছিল,—লজ্জায় হোক্, প্রেমে হোক্, ধর্ম্মোৎদ্যাহে হোক্, প্রাণ তাঁহারা দিয়াছিলেন, এ কথা আমাদের মনে রাখিতে হইবে।

বস্তুত দল বাঁধিয়া মরা সহজ। একা-কিনা চিতাগ্নিতে আরোহণ করিবার মত বীরত যুদ্ধকেত্তে বিরল।

বাংলার সেই প্রাণবিসর্জ্জনপরায়ণা
পিতামহীকে মাজ আমরা প্রণাম করি।
তিনি যে জাতিকে ন্তন্ত দিয়াছেন, স্বর্গে
গিয়া তাহাকে বিস্মৃত হইবেন না। হে
আর্য্যে, তৃমি তোমার সস্তানদিগকে সংসারের
চরমভয় হইতে উত্তীর্ণ করিয়া দাও! তৃমি
কথনো স্থপ্নেও জান নাই বে, তোমার আস্মবিস্মৃত বীরত্ব ছারা তৃমি পৃথিবীর বীরপুরুষদিগকেও লজ্জিত স্করিতেছ। তুমি যেমন
দিবাবসানে সংসারের কাজ শেষ করিয়া
নিঃশন্দে পতির পালক্ষে আরোহণ করিতে,
— দাম্পত্যলীলার অবসানদিনে সংসারের
কার্যাক্রেত হইতে বিদায় লইয়া তৃমি তেমনি
সহজে বধ্বেশে সীমস্তে মঙ্গলসিন্দুর পরিয়া

পতির চিতায় আবোহণ করিয়াছ। মৃত্যুকে তুমি স্থন্দর করিয়াছ, শুভ করিয়াছ, পবিত্র করিয়াছ —চিতাকে তুমি বিবাহশব্যার আনন্দময়, কল্যাণ্ময় করিয়াছ। বাংলাদেশে পাবক ভোমারই পবিত্র **जीवनाहिज्यात्रा भृ**ठं श्रेत्राष्ट्र-- **पाज** श्रेत्छ এই ক্লথা আমরা শ্বরণ করিব। আমা-দের ইতিহাস নীরব, কিন্তু অগ্নি আমা-দের ঘরে ঘরে তোমার বাণী বছন করি-তেছে। তোমার অক্ষর-অমর শ্বরণনিলয় বলিয়া সেই অগ্নিকে, তোমার সেই অন্তিম-বিবাহের জ্যোতি:সূত্রময় অনস্ত পট্টবসন-থানিকে আমরা প্রভাহ প্রণাম করিব। সেই অগ্নিশিখা তোমার উদ্যতবাহরপে আমাদের প্রত্যেককে আশীর্কাদ করুক। মৃত্যু যে কত সম্জ, কত উচ্ছল, কত উন্নত, হে চিরনীরব স্বর্গবাসিনি, অগ্নি প্রতিদিন আমাদের গৃহপ্রাঙ্গণে ভোমার নিকট হইতে **শেই বার্তা বহন করিয়া অভয়**ঘোষণা कक्क।

स्त्र्य-द्रुश्य ।

স্থ্য যদি দেওয়া যেত গাঁথিয়া অঞ্চলি গাঁথিয়া ভোমারি কঠে দিতাম সকলি। ছঃথে যদি করা যেত পাদোদকভার সকলি দিতাম ঢেলে চরণে তোমার।

প্যারাদেল্সাস্

(পূর্ব্বপ্রকাশিতের পর)

০য় ও ৪র্থ, এই তুই থণ্ড ব্যাপিয়া
পাারাদেল্সাদের গভার যথণা। পাারাদেল্সাদ্ তাঁহার পূর্বজীবনটা ছাড়িতে চাহিতেছেন। তাঁহার বর্ম্মচর্ম দেহ হইতে ছিঁড়িয়া
লইতেছেন অথবা কে যেন ভাঙিয়া-চুরিয়া
টানিয়া-ছিঁড়িয়া লইতেছে। কাট্দের ল্যামিয়া
তাহার সর্পর্মপপরিভাগেকালে যেমন বছকণ
ধরিয়া নিপীড়িত হইতেছিল—

Her eyes in torture fixed, and anguish drear.

Hot, glazed, and wide, with lid-lashes all sear,

Flashed phosphor and sharp sparks, without one cooling tear

The colours all inflamed throughout her train,

She writhed about, convulsed with

scarlet pain.

প্যারাদেল্সাস্ও সেইরূপ তাঁহার পূর্ব্ব-জীবন ছাড়িবার সময়ে এই হুই থণ্ড ব্যাপিয়া writhed about, convulsed with scarlet pain

'দেহ রক্তবর্ণ হইরা উঠে, এমন এক তীব্র বেদনার বিক্ষেপে অঙ্গনকোচ করিয়া ধ্লার লুষ্ঠিত' হইডেছেন। একটা হর্জের কঠোরতা কিরূপে নিম্পেষিত হইয়া কোমলতা প্রাপ্ত হয়, এই ছটি খণ্ডে অপূর্বাশক্তিসহকারে তাহা দেখান হইরাছে।

তৃতীয় - থণ্ডে প্যারাদেল্সাস্ 'ব্যালে'য়
অধ্যাপক। ফেটাস্ .লুথরের কাছ হুইতে জুইং-

লিয়াদের কাছে একটা খবর লইয়া চলিয়াছেন, পথে বন্ধুর যশোরশ্মিমণ্ডিত মুথথানি
একবার দেখিয়া যাইতেছেন। প্যারাদেলশান্পথনে ফেষ্টাদের ঘরের কণা পাড়িলেন
— "মাইকল্ কেমন আছে ? এখনো কি সে
একা একা বিদিয়া পাখীর মত গান ছাড়িয়া
দেয় ? একা একা যাহারা গান করিতে
পারে, তাহারা সন্মানের পাত্র।"

প্যারাদেল্যাদ ত কথন একা ব্যিয়া কোন-কিছু সম্ভোগ করিতে পারেন না। ভাবই মামুষকে আপনার মধ্যে নিবিড্-ভাবে বদাইয়া তৃপ্ত করিয়া রাখিতে পারে। জ্ঞানের মধ্যে একটা উগ্র তৃষ্ণা আছে— একটার পর আর একটা আবিদ্বারের জন্ম মন ছুটতে থাকে,—মোহিত যতই হৌক্, ভূত-গ্রস্ত যতই হৌক্, নিম্প্রনিবিড় শান্তি আস্বা-দন করিবার সোভাগ্য তাহার নাই। অশাস্ত-চিত্ত পাারাদেলদাদ বারবার দেই শান্তির মধ্যে নামিবার চেষ্টা পাইতেছেন – ফেষ্টাদের স্থৰ-শান্তিময় গৃহজীবনের কথা আলোচনা ক্রি-তেছেন। কিন্তু যুরিয়া-ফিরিয়া তাঁহার অধ্যাপ-নার কথাই আসিয়া পড়িতেছে। প্যারাসেল্সাস্ তিক্তপ্রাণে তাঁহার অবসর শক্তি, ব্যর্থ সাধ-নার কথা স্বরণ করিতেছেন, তথাপি মন্দকে ভাল করিবার আশায় অধ্যাপনায় নিযুক্ত হইয়াছেন। এথনও তাঁহার সহাত্মভূতির উদয় হয় নাই, এখনও মুর্থতা তাঁহার অসহা, তবু

পড়াইতেছেন 🖟 **জাহাদের মনে** ছাত্রদের সত্যামুসন্ধিৎদা জাগাইতে তৎপর হইয়াছেন, 'পুরাণী'দের অজ্ঞ নিন্দা করিতেছেন,— গ্ৰন্থ পুড়াইয়া দিতেছেন। দেখিতে পাই. তাঁহার প্রাণ এখনও কাঠিঅময় রহিয়াছে, তবে মাথায় বুঝিতেছেন মাত্র যে, মাহুষের क्रमग्रहे भाकूरवत मुक्तिभूत । भातारमन्मामरक এ কথাট যুক্তিশারা বুঝিয়া বুঝিয়া তাহার পর হৃদয়ে লইতে হইতেছে—ঠিক হৃদয়ের স্বাভাবিক আন্দোলনে কথাটি বুঝিতে পারি-তেছেন না,--এমনি কঠিন বশ্বে তাঁহার মনুষাত্ব আরুত হইয়া গেছে। তিনি মাথায় বুঝিতেছেন মাত্ৰ—

From God

Down to the lowest spirit ministrant" স্বীবর হইতে আরম্ভ করিয়া ক্ষীণতম চিধান্ পর্যান্ত—এই বিপুল চিৎসমষ্টির কাছে মামু-বের বৃদ্ধি কোথায় কোন্ অপরিমেয় অন্ধনারে হারাইয়া যায়; কিন্ত প্রেম-বিশ্বাস ও আশা-ভয়েই মমুযোর মমুষাত্ব।

এখন চতুর্থ খণ্ড। এ খণ্ডে এক ভীষণ ষদ্ধণা। ফেষ্টাদেরও চিরপ্রাক্ত্র মুথখানিতে আজ হঃখকালিমা। — তাঁহার মাইকল্ আজ শিকড়জালের মধ্যে শিশিরসিঞ্চিত মুৎকক্ষে অনুনন্তার নিদ্রিত! তথাপি বিশাদে ফেষ্টাদের হৃদয় স্থির হইয়া আছে! কিন্তু পাারাদেল্লাদ্ 'ব্যালে'তে অপমানিত, পদচ্যত হইয়া একেবারে হৃদ্দান্ত হইয়া উঠিয়াছেন। এতদিন হৃদয়ের এক কোণে যে ব্যবসার প্রতি ধিকার উঠিতেছিল, অপচ কি-এক মোহে যাহা ছাড়তে পারিতেছিলেন না, আজ সেই ব্যবসা

হইতে তাঁহাকে জোর করিয়া ছাড়ান হইল। এতদিন প্যারাসেল্সাস তাঁহার জীবনকেও যথাসম্ভব সার্থক করিবার চেষ্টা করিতেছিলেন, তাঁহার সেই মহা-উদ্দেশ্যের নৌকাম দলিগ্ধভাবে মৃত্যুত হাল নাড়িতে-ছিলেন, যদিও বায়ু ও জীবনস্রোত তাঁহাকে অন্তপ্নথ প্রদর্শন করিতেছিল, তথাপি পৃর্ব্ব-পথের অভিমুথেই মুহুমুহ হাল নাড়িতে-ছিলেন—কিন্তু সম্পূৰ্ণতা নহিলে সার্থকতা काथाय ? शक्त शक्तरे किथाहि, তিক্ততা প্যারাদেল্যাদ্কে কিরূপ বিক্ষিপ্ত করিতেছে। কিন্ত আজ জীবন আপনাৰ নিয়মে আবত্তিত হটয়া চারিদিকে কভঞ্চল ঘটনা টানিয়া আনিয়া, প্যায়াসেল্সাসকে তাঁহার মোহকর তীরের স্পর্শ হইতে ছিঁড়িয়া লইয়া, আপনার সম্পূর্ণতার দিকে ছুটিয়া চলিয়া গেল। এই "তীর সাথে শত ডোর" हिँ ज़िवात कारन भातारमन्मारमत कि कष्टे ! —প্যারাদেল্সাস্ নিপীড়নে অস্থির। এক-একবার আহলাদে ফেষ্টাস্কে বলিতেছেন বটে--তিনি পদ্চাত হইয়াছেন, ভালই হইয়াছে, এখন আপন পথে যাইবেন; কিন্তু অচিরেই অপমানকারীদের প্রতি তীত্র গালি প্রদান করিতেছেন, কথনো বা বলিতে-ছেন "শিথিয়াছি, শিথিয়াছি ভাই, সেই অতি পুরাতন, অতি কাগ্যকারী, 'জোর-করিয়া-শেখান' বিধিটির কঠোর প্রয়োগে এবার শিথিয়াছি, কোন পথে আমাকে যাইতে হইবে"—আবার যেন রাগত হইয়া বলিতে-ছেন, "বাই, যাই, **স্থ**চর্জার বাই, নিভান্ত ব্ৰড়ময় ইক্ৰিয়পরভন্তভার ষেটুকু স্থৰ, ভাহাও ছাড়িব না।" বাস্তবিক সর্বসন্থময় নিপীড়নে

প্যারাদেল্যাদ্ • আৰু অন্থির। তাঁহার দেহমনের সমস্ত কল-চাকা-ক্র এমনি ভাবে নিশ্মিত হইয়াছিল যে,তাহাতে জ্ঞানাবেষণের উপযোগী অশ্রাম্ভ কর্ম্মই সম্পন্ন হইতে পারে, কেমন করিয়া আজ তিনি সেই যন্ত্রটি চুর-মার করিয়া দিয়া তাহার সন্ধিতে সন্ধিতে মৃণাললালিত্য, তাহার রন্ধে রন্ধে সঙ্গীতের ম্বর আনম্বন করিবেন গ এই নিপীড়নের পাশাপাশি ফেষ্টাসের স্ত্রীবিয়োগরূপ গভীর ত্র:খ একটি পরম সৌন্দর্য্যের সৃষ্টি করিয়াছে : সেই শাস্ত বিশ্বাসী লোকটি কেমন সহজেই ত্র:খের অন্ধকারে প্রবেশ করিয়া আপনার স্থির আসনখানিতে বসিয়া আছেন। তথাপি প্যারাদেল্সাদের গভীর যন্ত্রণার সঙ্গে ফেষ্টা-সের ছঃথ কেমন-একটি ঘাত প্রাপ্ত হইতেছে। व्यना मिन इटेटन किहोन - जांशांत वसूत या বড়ই বন্ত্ৰণা হৌক না-অসীম ধৈৰ্য্যে তাঁহার ক্ষতস্থান স্পর্শ করিয়া ভালবাদার নানা কোমল প্রলেপে তাঁহাকে শান্ত করিতে যত্র-পর হইতেন—আজও যতক্ষণ ধরিয়া তাঁহার অশাস্ত আইঢাই শাস্ত করিবার চেষ্টা করিতে-ছেন, তাহাতে ফেষ্টাসের দৃঢ় হৃদয়ের পরিচয় পাই-কিন্তু তু:খভারাক্রান্ত হদয়ে আর কত পারা ধার !—শেষে বেন ফেটাদ্ একটু তীব্র হইয়া উঠিতেছেন—প্যারাদেল্দাদের এত বন্ত্রণা কিসের ?—তাঁহার ত যথেষ্ট কাজ रहेबाइ--जांशात कीर्ख छ চित्रमिन थाकिर्व, তিনি ত ঈশবেরই সেনাপতি।—হায় ! এক-মাত্র বন্ধুও আজ প্যারাসেল্সাসের যন্ত্রণা वृत्रिरणन ना। । । कि स अवरमरव वृत्रिरणन--হাদরকে একটু প্রসারিত করিয়া বুঝিলেন। প্যারাদেশ্যাদের প্রবলতা ত চরদিনই ফেষ্টাস্কে কল্পনা করিয়া--হাত বাড়াইয়া অফুভৰ করিতে হয়। তবু হাত বাড়াইয়াও তাঁহার শমহত্ত অমুভব করিয়া তিনি যে আনন্দে উল্লসিত হইয়া উঠেন, সে কি গভীর ! र्य मिन भारतिरमनमाम् 'वारल'म् अधाभक-রূপে আবির্ভ্ত, সে দিন ফেষ্টাস্কে প্যারা-দেল্যাদ্ তাঁহার বক্তৃতা গুনিয়াছেন কি না জিজাসা করিলে, তিনি বলিয়াছিলেন-বক্তা শুনা তাঁহার তত উদ্দেশ্য নয়, তিনি শুধু লোকেদের মধ্যে মিশিয়া প্যারাসেল্-সাসের যশোবার্তা সংগ্রহে ব্যস্ত ছিলেন। এই-ই বটে ফেষ্টাস্—তিনি শুধু হৃদয় পাতিয়া বন্ধুর সম্পর্কিত আনন্দটুকু অমুভব করিয়া কুতার্থ হন। আঞ্জ জনম বাড়াইয়া বন্ধুর হু:খ তিনি অমুভব করিতে লাগিলেন—কিন্ত কত সহা যায়!—শেষে বলিয়া ফেলিলেন, মাইকল্ আর নাই। প্যারাদেল্সাস সেই মৃত্যুর শীতল-শাস্ত ক্লোড়ের কথা ভাবিতে লাগিলেন---

And Michal sleeps among the roots and dews.

While I am moved at Basil, and full of schemes

For Nuremberg, and hoping and desparing, As though it mattered how the farce plays out,

So it be quickly played. Awav, away ! Have your will, rabble! while we fight the prize,

Troop you in safety to the snug back-seats, And leave a clear arena for the brave About to perish for your sport!—Behold!

বীর প্যারাসেল্সাস্ মূর্থ সাধারণের জন্ত আপনাকে পাত করিতে বাইতেছেন, এখনও তীব্রভাবে সে কথাটা তাঁহার হৃদয়ে জাগি-তেছে। কিন্তু এই চতুর্থ ধণ্ডটির নাম পাারা- সেল্সাসের আশা।'। কি তাঁহার আশা, তাহা একবার দেখিতে হইবে।

প্যারাদেল্সাদের ' আশা **সভ্যসভ্য**ই তাহা তাঁহার প্রাণের গভীর-জাগিয়াছে। ভিতরে জাগিয়াছে--প্যারাদেল্সাস্ তাহার আভাদ প¦ন আর নাই পান, আমরা তাহা স্পষ্টই দেখিতে পাই। এ আশা মনের কর্তৃত্বে সচেতন আশা নহে, এ আশার অর্থ পরিপূর্ণতার দিকে জীবনের বিকাশ। প্যারাদেল্যাদ্ যে কোমল হইয়া আদিতে-ছেন, তাহাতে আর সন্দেহ নাই। তাঁহার হৃদয়ের নীচে, নিভতে যে ছটি-একটি ফুল ফুটিতেছে, তাহার মনে তাঁহার অজ্ঞাত-সারে ভাবকোমল কল্পনার এক-একটি बूमका-कून (य क्लिरनानुथ इहेन्रा উঠিতেছে, তাহা সহজেই বুঝিতে পারা যায়। তাঁহার সেই জ্ঞানসার জীবনের দিকে তিনি যে আজ চাহিয়া দেখিতেছেন—সে দৃষ্টিতেও আৰু ক্ষণে ক্ৰে একটা অঞ্বাপাচ্ছন্ন ভাবই সঞ্চিত হইয়া উঠিতেছে। গত জীব-নের বিদায়সম্ভাষণে তিনি আজ পাগলের ভাষ মৃত্যুত্ত কেবল কলনাবিচিত্ৰ গান গাহিয়া উঠিতেছেন;—কঠোর সেই গত-জীবনের মধ্যেও কতগুলি সৌন্দর্যাশ্বতি তাঁহার চিত্তকে আবিষ্ট করিতেছে—তিনি বিদায় দিতেছেন;---

ঢাল স্তুপে দাক্চিনি, চন্দনমুকুল, অহিফেনসারক্ষীর, নানা গন্ধচুর, ঢাল তৈল মোহমর-সৌরভ-আকূল যাহে ভারতের নারী ভিজায় চিকুর— (এ হেন স্বর্ভিমিশ্র করি' করি' পড়ে সমুদ্রবেলায় গিরিবেদি-পরিসরে গিরিকুট হ'তে নিত্য,—জনিল বেধার,
গজ্জিত-সমুদ্র'পরে বহি' প্রাপ্তকার,—
দ্বীপের্ ছাতাদ্ধ ধন আহ্রিতে চার।)
অতি মৃত গন্ধাভাদে রেণু যাক উড়ে
মিসরের কীটদপ্ত গাত্রবাস হ'তে—
বাহারে থুলিতে গেলে, যার ভেঙে-চুরে,
গন্ধবাস্পা, মেঘসম ছাড়ি' বায়ুস্রোতে—
েশন মেঘ জমেছিল বহুকাল ধ'রে
একথানি বহুকাল-নির্ক্তন ঘরে—
চারিধারে জবনিকা জীর্ণ পুরাতন—
ভিতরে চৌদিকে বীণা, গ্রপ্ত অগণন,—
যৌবনে মরেছে সেথা রাণী এক্জন।

তবেই দেখিতে পাই, প্যারাসেল্সাসের অশ্রনীহারে আজ ইন্ত্রধন্থ বিচ্ছুরিত,— যদিও তাঁহার সেই রুচভাবটি অচিরেই জাগিয়া উঠিয়া তাঁহার এই অচিরবিকশিত কবিত্বকে উপহাস করিতেছে। হইয়া গেলে, একটা ভিক্ত বিজ্ঞপে প্যারা-দেল্সাস্ ফেষ্টাস্কে বলিতেছেন—"দেখ দেখ, গানটায় ঔষধের তালিকা দেখিয়া আমার পুরাণ ব্যবসার গন্ধ পাইবে—আর ছন্দটা **(मथ, नूथरत्र मर्स्वा९कृष्टे भारतत्र इरन्दर मछ** ঠেকিয়া ঠেকিয়া যাইতেছে।" আবার নানা কথাবার্ত্তায় জলন্ত যন্ত্রণা বাক্ত করিয়া পারো-দেল্**দাদ্ ভীব্র-করণ স্বরে গাহি**য়া উঠিতে-ছেন,—"আমরা জাহাজমণ্ডলীর উপর স্থর-ঞ্জিত তাঁবু বসাইয়া, রুঢ়নিশ্মিত জাহালগুলি লইয়া, সদর্পে সমুদ্রতরক্ষ ভাঙিয়া চলিয়া-हिनाम-मित्न-त्रात्व. উप्तत्त्र-श्रत्य क्वतन আশার গান গাহিতাম। ক্রেমে আমাদের পশ্চাতে তরঙ্গায়িত সিন্ধুপ্রসার ভীষণ ক্লঞ-বর্ণ হইয়া উঠিল-কিন্তু সমুখে তীর দেখি-লাম, তীর ত পাহাড়। বন্দরের প্রতি-

জাহাজে, একটি করিয়া প্রস্তরমূর্ত্তি তথন স্থলিস্থিত হইয়াছে। আমরা বন্দরে উঠি-লাম। সারাদিন বসিয়া আমরা মন্দির তৈয়ার করিয়া দেই স্বচ্ছ প্রতিমাগুলিকে স্থাপনা করিতে অগ্রসর হইলাম। কিন্তু ছোট ছোট নৌকায় চড়িয়া কতগুলি দ্বীপ-वानी त्नोका छिड़ाहेशा विलल-'के ,तन्थ, সন্ধায় দ্বীপগুলি মেবের মত দেখাইতেছে, ওথানে জলপাই-কুঞ্জের ছায়ায় এ প্রতিমা-গুলিকে বসাইব, প্রতিমাগুলি দাও'---্হায় এই রকম করিয়াই প্যারাদেল্গাদের এত সাধনের ধনগুলি সাধারণ লোকেরা সাধারণ কাজে লাগাইতে চায়!)-প্রতিমা চাহিতেই আমরা যেন স্বপ্লোখিত হই-লাম – এ কোন মরুপাহাড়ে পড়িয়াছি! যা হোক্, গৰ্জিয়া বলিলাম---'দূর হও, যদিও আমাদের সর্বপ্রয়ল বিফল হৌক্, তবু আমাদের প্রতিমাগুলি তোমা-দের মত অসভ্যের হাতে দিব না--দূর হও।'"--প্যারাসেল্সাস্ কাহার জন্ত ধন-দক্ষ করিয়াছিলেন ? সর্বাধারণকে ভাল-বাসিয়া আপনাকে সেই ভালবাসায় ভুবাইতে পারেন নাই, তাই জ্ঞানমূর্ত্তির সমক্ষে এক-মাত্র পুরোহিত আপনাকে লইয়াই এত যন্ত্রণা পাইতেছেন !--তবু, আজ যথন তাঁহার পদমান সব গিয়াছে, যন্ত্রণা গভীর-তম হইয়া উঠিয়াছে—তথনি বুঝিতে পারি, এ যন্ত্রণার অবসান নিকটে। আর ইহাও দেখিতে পাইয়াছি যে, এই বেদনার জালার সহিত মিশ্রিত হুইয়া হুচারিটি ফুলপাতাও প্যারাদেশ্যাদের অন্তর হইতে উৎক্রিপ্ত रहेरजह ।

এই ত গেল প্যারাদেল্সাদের প্রাণের আশা—এখন পঞ্চমথণ্ডে অবতরণ করা যাউকণ

কুদ্র অধ্যবসায়ে ব্যাপ্তজীবন হইলে, একবার ভুলপথ হইতে ফিরিয়া আবার পূর্ণতার পথে চলিবার সময় হয় ত এই জীবনেই থাকিতে পারে, কিন্তু প্রারাসেল্সাম এমনি প্রবল আবেগে, এত বিরাট কাজে আপনার সমস্ত শক্তি নিয়োগ করিয়াছিলেন যে, এ জীবনে তাঁহার আর ফিরিয়া চলিবার সময় হইল না। তিনি পঞ্চম অক্টের পরে আবার ষষ্ঠ, সপ্তম অক্টে, মধুময় প্রাণ লইয়া আপনাকে চরিতার্থ করিবার অবসর পাইলেন না। এ কথাটা ঐতি-হাসিক, কিন্তু কাব্যের পেনদর্যাও ইহাতে নিবিড় হইয়া উঠিয়াছে। এইথানেই ব্রাউনিং মৃত্যুর গোধূলি-অন্ধকারের একটা ট্রাজেডি ঘনাইয়া, হঠাৎ প্যারাদেল্দাদ্কে জাগাইয়া দিয়া, মানবহৃদয়ের আশাকে তাড়িতালোকবৎ কম্পিত করিবার স্থােগ পাইয়াছেন এবং মৃত্যুর পরপারেও যেন সেই কম্পনতরঙ্গ ছুটাইয়া দিয়াছেন।

অন্ধকার-গুহার আহত প্যারাদেল্দাদ্
পড়িরা। সমুথে তাঁহার চিরকালের বন্ধ
ফেটাদ্। প্যারাদেলদাদ্ প্রলাপ বকিত্বেছেন। কথনো করুণস্বরে তাঁহার অপমানকারীদিগকে দংখাধন করিতেছেন, কথনো
'আাপ্রিলে, অ্যাপ্রিলে' করিয়া আকুল
ছইতেছেন। বিফলতার প্রতি উপহাদপরায়ণ ভূতদের অবহেলা করিয়া বারবার
অ্যাপ্রিলেকে ডাকিয়া লইতেছেন। ফেটাদ্
কিছুতেই প্যারাদেল্দাদ্কে প্রবৃদ্ধ করিতে

পারিতেছেন না। ফেষ্টাস্ বিলাপ করিতে-ছেন—"একি হইল ৷ করুণাময় পিতা ৷ একি করিলে পু এত-বড় জীবন' এই-রূপ বিধ্বস্তপ্রায় করিয়া ফেলিলে, আমি ত চিরকাল তোমার পদতলের ময় ছায়াথানির প্রতি চিত্ত নিবদ্ধ করিয়া আছি, আমি ত কথনো ভ্রাস্ত হইয়া তোমার ক্ষেত্ময় দৃষ্টিকে হারাই নাই! আমার আর কি হইবে ?—কিন্তু এই মহাত্মা! यमि ও তোমাকে সর্বাদা স্মরণ করেন নাই, তব তোমারি পথে ত গিয়াছেন। कि कतिरण ?" क्रांभ भारतारमन्माम् काशिया উঠিলেন-কিন্তু বড়ই প্রান্ত। "ফেষ্টাদ, जृभि এक छो-कि इत्व। या' हेळा, तन, ভধু তোমার কথা "ভনিতে চাই!" ফেষ্টাস্ গান করিতে আরম্ভ করিলেন। "আরও, আরও গাও!" ফেষ্টাস্ আরও গাহিতে नाशित्नन ।

প্যারাদেল্সাদের প্রাণ থূলিয়া গেল।
বেন একটা ভয়য়য় কালো সাপ প্যারাদেল্সাদের প্রাণের চারিধার হইতে কুগুলী
খূলিয়া লইয়া গানের হ্মরে আস্তে আস্তে
পলাইয়া গেল। প্যারাদেল্সাদের প্রাণ
খূলিয়া গিয়াছে। "ফেন্টাস্, আমি মরিয়া
য়াইতেছি,—জীবনের ঝড় থামিয়া গিয়াছে,
এখন ব্রিতে পারিতেছি—কত-বড় জালোড্নটা হইয়া গিয়াছে। আন্ধ আমার তরণী
লাস্ত-নির্দ্দল আকালের তলে সরল প্রোতে
চলিয়া বাইতেছে—কিন্তু কিদের উপর দিয়া
চলিতেছি ? জল না হ্লল ? সিলু যে লতাপাতা-ভগ্নশাধার আপ্রনাকে ঢাকিয়া প্রান্তরের
মত হইয়া চলিয়াছে—কত শাথা, কত পাতা,

উড়িয়া যাইতেছে, গাছ উদ্মৃলিত হইয়া, উল্টা হইয়া উডিয়া চলিয়াছে. এখনও তাহাতে পাথী রহিয়াছে--কত তীর ভাঙিয়া ছুটিয়া গভঙ্গীবনটা চলিয়াছে। আমার সমস্ত ষেন আমার চক্ষের উপর ছুটিয়া ষাইতেছে— व्यामि এक हे कार्ल (यन (योवन, त्थो वृत्रम, বার্দ্ধকা, সমস্তে আপনাকে মণ্ডিত করি-তেছি। আমি সমস্ত জীবনটা দেখিতে পাইতেছি, অথচ তাহার ভিতরে আমি মগ্ন নহি--আমি থেন মুক্ত হইয়া চলিয়াছি--প্রতি মুহুর্তে শক্তি বাড়িয়া উঠিতেছে, যেন ডুব দিবার আগে প্রাণে নানা নৃতন অমুভব-শক্তি ৰাগিয়া উঠিবে"—বলিতে বলিতে যেন প্যারাদেল্সাদের শীর্ণগণ্ড প্রভামর **इ**हेब्रा डेठिन, कश्चेत्रत योवत्नत्र ममात्रादह পরিপূর্ণ হইয়া উঠিল—শৃত্যের উপর আঙ্ল আঁকিয়া আঁকিয়া, ষেন একখানা খোলা বহির পংক্তি অমুসরণ করিতে করিতে. হঠাৎ উঠিয়া দাঁড়াইয়া প্যারামেল্সাদ্ বলিতে আরম্ভ করিলেন। "কোথায় ? আমার পক্ষিপালক-শোডিতপ্রাস্ত রক্তবর্ণ গাউন বক্তৃতা করিভাম ! আমার তরবারি আমার হাতে দাও—

শফেষ্টাস্, সত্যসত্যই জানিতাম। জানিতাম, কি মহৎ কার্য্যের জ্ঞ আমি আসিয়াছিলাম। অনেকে অস্তরের কথা ঠিক না
ওনিয়া এদিক্ ওদিক্ ছুটিয়া মরে, শক্তির
অপব্যর করে—আমি প্রথম হইতেই আমার
অস্তরের কথা জানিয়াছিলাম। জীবনের
সমগ্র ক্ষেত্র আমার চক্ষে ভাসিয়াছিল।
জানিতাম, এক অনস্কলাল্যায়ী শান্তিকেক্স

হইতে জ্গতের সমস্ত বাহির হইরা আসি-তেছে, সমস্ত শক্তি ছুটিয়া আসিতেছে। কুদ্রতম প্রাণীর জীবনলীলাও সেই ত্রন্ধের मधा मण्णामिक इरेटकहा आनत्मत्र कर्गा-মাত্র ষেথায়, ব্রহ্ম সেথায় বিরাজমান। নিয়তই দূরে এক পূর্ণস্থাধের ধ্রুবতারাকে চক্ষে রাধিয়া, স্থ, চক্র হইতে পরিবৃদ্ধিত চক্তে আরোহণ করিয়া চলিয়াছে। ধরণীর কেন্দ্রগছররে বহু জলিতেছে, ধরণীর মুখ মমুষ্যমুথের মত রং ফিরাইতেছে, গলিত তপ্তধাতু পাথর বিদীণ করিয়া থনির মধ্যে শাখান্বিত হইয়া রং গাঢ় করিতে করিতে চলিয়া যায়, শুক্ষ নদীর তলায় পিঠ জাগাইয়া অবশেষে সূর্য্যালোকে কোথায় বাহির হইয়া চূর্ণবালুবৎ ঝরিয়া পড়ে,—ব্রহ্ম সেই আনন্দে মগ্ন। সমুদ্রতরঙ্গ সফেন গুল্র হইয়া উঠে,— দগ্ধ, নির্জ্জন প্রাস্তবে অভুত আগ্নেয়গিরিদল ভূতের মত উঠিয়া আসে— অগ্নিনেত্রে পর-ম্পারের দিকে চাহিয়া থাকে—ত্রন্ধ সেই আনন্দে মগ্ন। তার পরে ধরণী শাতে স্তম্ভিত-হঠাৎ বসস্ত কোথা হইতে নাচিতে নাচিতে আসিয়া ধরায় সঞ্জীবনী স্থধা ছড়াইয়া দেয়, বন্ধুর-গিরিতটে শুক্ষ শিকড়-জাল ও তুষারক্ষোটের ভিতর হইতে এথানে-দেখানে এক-আধটি নবাস্কুরের খ্রাম-শোভা উলাত হইতে থাকে,—মনে হয়, একটি হাসির রেখা যেন অতিকণ্টে একটা বলীকুঞ্চিত মুধের উপর আত্মপ্রকাশের চেষ্টা করিতেছে !---এদিকে আবার পতন্ধ-প্রকা-পতি স্ব্যাল্যেকে উড়িয়া বেড়ায়, পিপী-লিকা সার বাঁধিয়া কাজে যায়, বিহগদল আনন্দগানে বিভোর হইয়া উর্দ্ধে ইইতে উর্চ্চেত্ থাকে, দুরে মহাদাগর অরণ্যে-প্রাস্তরে পড়ে, আরণ্যক্ষম্বরাও তাহাদের প্রীতিভাজনকে খুঁজিয়া বেড়ায়,—ত্রহ্ম সেই আনন্দে মগ্ন। জড়জগতে আনন্দবোধের কণা কণা ছড়ান রহিয়াছে, মানুষে আসিয়া সব কেন্দ্রী-ভূত হইল। এই পর্যাস্ত জীবনের এক অধ্যায় সমাপ্ত। মাহুষের কেন্দ্র ইইতে আলোক বাহির হইয়া পশ্চাতের জগৎটিকে আলোকিত করিয়া রাথিয়াছে। মানুষ পশ্চাতে ফিরিয়া আপনার ইতিহাস খুঁজিয়া দেখে, ক্রমে দকল পদার্থে আপনার ভাব মাথাইয়া দিতে थारक ;--- পবনপ্রচারে শব্দ উঠে, কথনো হাস্ত, কথন জড়িতকলহ। দেবদারুদল জলম্ভ নরকদারের ক্যায় ,অস্তস্থ্যকে কাণ্ড-পংক্তি দারা আড়াল করিয়া দাঁড়াইয়া সন্ধ্যায় কোন্গভীর কথার আলাপ করে— অরণ্যের বৃক্ষাগ্রে কোন্ বনদেবভার বাকা উঁকি মারিয়া চাহিতে থাকে। প্রভাতকাল উল্লাস-উন্থমে ভরিয়া উঠে, সন্ধার সঙ্গে গভীর বিরাম আবিভূতি হয়, অন্তকালের সিন্দুরচ্চটা হইতে বিজয়গান ধ্বনিত হইয়া উঠে, কাহার সহাস্ত মুখের ভাষ পুর্ণচন্দ্রের আলোকে বিলাসরসে শস্ত আপনাকে পাকাইতে থাকে। মাহ্য, আরও সন্মুথে, আরও সন্মুথে চলিয়া ৰাউক্-সমস্ত জাতির জাগরণ নহিলে চলিবে না। এই যে সমাজদেহ নিক্সিত রহিয়াছে !--একটি-ছটি অঙ্গ স্পন্দিত হই-তেছে বটে, কিন্তু তাহাতে হইবে কি ?— সমস্ত দেহটিকে জাগিতে হইবে। অধর ক্ষুরিজ হইয়া আধ-আধ কি-কথা অনেক- দিন হইল উচ্চারিত হইয়াছে — নিশাস জোরে বহিয়াছে এক এক বার দৃঢ় দক্ষিণবাহু মৃষ্টি-বদ্ধ হইয়া যেন সিংহের ব্যাদানকে আকর্ষণ করিতে চাহিয়াছে, তবু এথনো আতোপাস্ত নিদ্রিত। ষেদিন জাগিবে, সেইদিনই আবার মানুধকে দেবরাজ্য-অভিমুথে চলিতে হইবে। আজই মানবের অন্তরে কত বিরাট আশা জাগিতেছে, কত গভীর বাথা আন্দো-শিত হইতেছে—তাহার জন্ম পরিবদ্ধিত ক্ষেত্র চাই। মানুষেই ঈশ্বরের মহিমা জাজ্লামান-আমি মাতুষের জন্তই দেহমন সমর্পণ করিয়া-ছিলাম - সবই জানিতাম, তবু আমি বিফল হইয়াছি। শক্তির দিকে চাহিয়া আমার চকু ঝলসিয়াছিল। ভাবিয়াছিলাম, শক্তিই মামুষের দার ধন দ তুর্বলতা, ভ্রম, আমি অকর্মাণ্য বলিয়া রাথিয়া দিলাম। অভীতকে अमुर्ज विषया अवरह्मा कतिमाम। रह ভবিষাতের শিশু ! তুমি তাহা করিও না,— অতীতের শিক্ষায় সতর্ক হইয়া তুমি চলিবে। অন্ধকার-সতীতের পার্শ্বে বর্ত্তমান তাহার আলোক লইয়া কাঁপিবে। ভাবিও না---অমনি ভবিষাৎ, দফলতা লইয়া উপস্থিত হইবে। অনায়াস আনন্দে স্বৰ্গমণ্ডল হইতে স্বৰ্গমণ্ডলে পরীর মত উড়িয়া যাওয়া মানুষের ভাগ্যে নাই। বহু বেদনার মধ্য দিয়া অনেকদিন ধরিয়া ধীরে ধীরে আনন্দে উপস্থিত হইবে --আশা-ভম্ন-প্রেমে এই স্থানীর্ঘকাল মানুষকে মানুষ করিয়া রাখিবে। আমি অ্যাপ্রিলের কাছেই প্রেমের মহিমা জানিতে পারিয়াছিলাম—ঐ যে আমার অ্যাপ্রিলে দাঁডাইয়া আছে। প্রেমই আগে। প্রেমের প্রেরণায় শক্তি জাগিয়া উঠিয়া কার্য্যেধাবিত হইবে তাই, আমি আর

আ্যাপ্রিলে, এই ছজনকে মিশাইরাই, একটি
মাঝামাঝি জগৎ নির্দ্মিত হইবে—সেই মানুষ!
ফেট্টান্, আজ আর আমার ভর নাই। আজ
আমি ভণ্ড বলিরা পরিচিত হইলাম, ভালই
হইরাছে—বাহা অপরাধ, বাহা ছর্কলতা ছিল,
তাহার শান্তি হৌক—কিন্তু একদিন আমাকে
স্বাই,জানিবে, আমি জগদীখরের প্রদীপ
বক্ষে চাপিরা ধরিরাছি, একদিন প্রকাশিত
হইব। আ্যাপ্রিলে, তোমার হাত আমাকে
দাও, অ্যাপ্রিলের সঙ্গে হাতাহাতি করিরা
আমি চলিলাম।"

भारतात्मन्याम् हिन्द्रा त्रात्न ।

'প্যারাসেল্সাস্' কাব্য আলোচনা করিলাম। এই আলোচনাগুলিতে ব্রাউনিংএর
কবিত্ব জানাইয়া দেওয়াই আমার উদ্দেশু।
বাহারা ব্রাউনিংকে জানেন, তাঁহারা
আমাকে ক্ষমা করিবেন। অনুবাদে আলোচনায় প্রচুরভাবে ব্রাউনিংএর বাক্যাবলীই
আমি বাংলায় প্রদান করিয়াছি।

প্যারাদেল্সাসের প্রথম থণ্ডে অতিবিক্তৃত কণোপকথনে, বহুশাথায়িত তর্কষ্ক্তিতে প্যারাদেল্সাসের জ্ঞানাদ্বেশনের উৎশাহই দেখিতে পাই। দ্বিতীয় থণ্ড পরম কবিত্বনয়। তৃতীয় ও চতুর্থ থণ্ডে ব্রাউনিং আমাদিগকে একটি মানবহুদয়ের শুহায় নামাইয়া লইয়া নানারূপ তীব্রভাবের পরস্পর তাড়না অপূর্ব্বশক্তিসহকারে দেখাইয়া দিয়াছেন। চতুর্থ খণ্ডটি পরম রমণীয়। অবশেষে পঞ্চম থণ্ডে মৃত্যুর অন্ধকারে প্যারাদেল্সাসের মৃশক্তানপ্রাপ্তির আনন্দ অতি চমৎকার।

প্যারাদেল্যাস্গর্দ্ধে আর একটি কথা

বলিবার আছে । সে এই পঞ্চম অন্ধ । বাউনিং ইহা কোথায় পাইলেন ? অবশ্য সমস্ত খণ্ডেই বাউনিং মামুষ্টির গভীর হৃদয়গুহার নামিরাছেন, সন্দেহ নাই; কিন্তু চতুর্থপণ্ড পর্যান্ত পারাসেল্পাসের যে জীবন,তাহা তাঁহার প্রাপ্ত ইতিহাস হইতে সহজেই নিদ্ধাশিত করিয়ালওয়া যাইতে পারে; কিন্তু পঞ্চম থণ্ড মর্থাৎ 'প্যারাসেল্সাসের অভয়লাভ' ইতিহাসে আছে কি ? এটুকু বাউনিং জুড়িয়া দিয়াছেন। এই-খানেই বাউনিংএর ক্ষমতা!—থণ্ড ব্যক্ত হইতে অব্যক্ত সম্পূর্ণতায় দৃষ্টিপ্রসারণেই কবির মাহাজ্ম। মানবজীবন ক্ষণিক অন্ধকার সত্তেও যে মৃক্তি-শৃত্যালা-সৌলর্য্যে পূর্ণ, বিশৃত্যল

বাহুদ্টনা বিদীর্ণ করিয়। কবি তাহাই দেখাইয়া দিতে পারেন। প্যারাসেল্সাদের সেই
হর্লক্যা অথচ নিতান্তই সত্যা, জীবনের
শেষ অঙ্কথানি, মানবহৃদয়ের মর্শ্মচারী
ব্রাউনিং স্বভাবতই জাগাইয়া তৃলিয়াছেন।
আটি-হিসাবে অঙ্কগুলির সম্পূর্ণতাই বা কি
চমৎকার! এই কাব্যটির আত্যোপাস্ত অনুধাবন করিয়া মনে হইল, একটি মানবহৃদয়ের,
অন্ধকার এবং রত্মজ্যাতি জড়িত একটি
গভীর প্রদেশ অতিক্রেম করিয়া চলিয়া
আদিলাম। সমুদ্রের ধ্বনির স্থায় সেই
গভীর হৃদয়ের ধ্বনি আমার কর্ণে বাজিতেছে।

শ্রীসতীশচন্দ্র রায়।

জাগরণ।

চিরদিন আছি আনি তব মুথে চাহি'
ওগো মম আরাধ্য দেবতা! কোন্ ক্ষণে
পড়িবে ভোমার দৃষ্টি, প্রসন্ন পবন
কবে আদি' ভরা পালে ল'য়ে যাবে টানি'
বিশ্বের কলোলমাঝে জীবনযৌবন।
আমি রহি বনাস্তের অস্তরালে বদি'
নিরস্তর বহিতেছি অহল্যার মত
পাষাণ হৃদয়। কোন্ শুভল্যে আদি'
রঞ্জিত কোমল তব পাদপদ্মথানি
পরশিবে জড় বক্ষে মোর—আমি উঠি'
সহসা বদিব জাগি'—নব অন্থরাগে
নেহারিব নবীন মেদিনী।—সমুজ্জ্বল
হিরণ-কিরণরাজি পল্লবে, কুস্কুমে,

বনান্তে, বৃক্ষের শিরে, শ্রাম ধরাতলে,
শস্ত্রশিরে উছলিবে অপূর্ব্ব প্রভায়।
পড়িবে সন্ধ্যার আলো মৃত্-হিল্লোলিত
তটিনীর বৃকে—দূরে শ্রাম পল্লীমাঝে
ধূসর স্তন্ধতা ভেদি' উঠিবে স্থানিয়া
মঙ্গলশন্থের ধ্বনি সন্ধ্যারতিমাঝে।
স্থাথ-ত্রথে তর্বিদ্যা স্তন্ধ মৌন প্রাণ
মুক্ত হবে জগতের প্রাণের মাঝারে
অনস্ত প্রনে।

এ কি ছুরাশা কেবলি !
হায় ! হায় ! আমারি কি জীবন পাষাণ ?
ভূমি কি পাষাণ নহ হুদয়-দেবতা ?
জাগ্রত জগত-মাঝে মোর জাগরণ
তোমারি চরণতলে,— সে চরণথানি
এতই ছুর্লভ ওগো এত অকরুণ !

শ্রীনরেন্দ্রনাথ ভট্টাচার্য্য

সার সত্যের আলোচনা।

জ্ঞান, জ্ঞাতা, জ্ঞেয়।

আত্মজ্ঞানের কাঠিন্ত যে কোন্থানে, তাহা বিগত প্রবন্ধে ইন্সিতে-আভাদে দেখানো হইনাছে। যাহা দেখানো হইন্যাছে, তাহা আরো স্পষ্ট করিয়া দেখানো যাইতে পারে এইরূপে:—

যাহা দৃষ্টিক্ষেত্রে প্রকাশ পার, তাহারই
নাম দৃশ্য ; যাহা জ্ঞানে প্রকাশ পার, তাহারই নাম জেরে। যথন আমার সমুধবর্তী
ঐ শাখা হেলানিয়া তালগাছ'টা আমার
দৃষ্টিক্ষেত্রে প্রকাশ পাইতেছে, তথন
"আমি ঐ শাখা-হেলানিয়া তালগাছটা

দেখিতেছি" এই মোট হুতাস্তটি আমার জ্ঞানে প্রকাশ পাইতেছে। এরপ স্থলে শাখা-হেলানিয়া তালগাছটা দৃশ্য, এবং "আমি ঐ তালগাছটা দেখিতেছি" এই মোট বৃত্তান্তটি ডেব্রেয়। ওটাই বা কেন দৃশ্য, আর, এটাই বা কেন ভেব্রেয় ? ওটা (তালগাছটা) আমার চক্ষে প্রকাশ পাইতেছে বলিয়া দৃশ্য; এটা (অর্থাৎ "আমি ঐ তালগাছটা দেখিতেছি" এই মোট বৃত্তাস্তটি) আমার জ্ঞানে প্রকাশ পাইতেছে বলিয়া ডেব্রেয় । ওটার ব্যালায় যেমন এরপ হইতে পারেনা বে, ভোলগাছের বা তাহার কোনো

थ अः एम्र अम्र करन मधा अपनि महिरे चार्छ, তাহার আগা বট নাই অথবা গোড়া নাই; এটার ব্যালায়'ও তেমনি এরপ হইতে পারে না যে, শুদ্ধকেবল "দেখিতেছি"-মাত্রটিই আছে, তা বই—ধে দেখিতেছে সে-আমি নাই অথবা দৃষ্টিক্ষেত্রে কোনো দৃশ্য বিভয়ান নাই। "তালগাছ" বলিলেই বুঝায় যে, তাহার আগা আছে--গোড়া আছে-মধ্যপ্রদেশ আছে; "দেখি-তেছি" বলিলেই ব্ঝায় যে, স্লন্থানে আমি আছি—লক্ষ্যন্তানে দৃশ্য প্রকাশিত আছে— মাঝথানে দর্শনক্রিয়া চলিতেছে। মোট দুখের সঙ্গে একযোগে যেমন তাহার আগা. গোড়া এবং মধ্যপ্রদেশ, তিনই দৃশু; মোট জেমের সঙ্গে একযোগে তেমনি জ্ঞানের কর্ত্তা, কর্মা, ক্রিয়া, তিনই জেয়। ঐ শাখা-হেলানিয়া তালগাছটার সঙ্গে সঙ্গে উহার শাখাও আমার দৃষ্টিক্ষেত্রে প্রকাশ পাই-তেছে; তথৈব, "আমি তালগাছ দেখি-তেছি" এই মোট বৃত্তাস্তটির সঙ্গে সঙ্গে **"আমি"ও আমা**র জ্ঞানে প্রকাশ পাইতেছি। তবেই হইতেছে যে, শাথা-হেলানিয়া তাল-গাছটার সঙ্গে সঙ্গে শাখাও দৃশ্য ; ভথৈব, **"আমি** তালগাছ দেখিতেছি" এই মোট জেরের সঙ্গে সঙ্গে আমিও জের। "আমি তালগাছ দেখিতেছি" এই কথাটর গোড়া-তেই 'অ।মি' রহিয়াছে ;—সেই গোড়া'র কথাট জ্ঞানে প্রকাশ না পাইলে মোট কথাটা জ্ঞানে প্রকাশ পাইতে পারে না;— "**ৰামি" এই *কু**ড কথাটি জ্ঞানে প্ৰকাশ না পাইলে, "আমি তানগাছ দেখিতেছি" এত গুলা কথা জ্ঞানে প্রকাশ পাইতে পারে

না। "আমৃ" জেয় না হইলে "আমি তালগাছ দেখিতেছি" এই মেটে বুতাস্তটি জ্ঞেয় হইতে পারে না। অতএব "আমি তালগাছ দেখিতেছি" এই মোট বৃত্তান্তটি যথন আমার জ্ঞানে প্রকাশ পাইতেছে, তথন কাজেই দেই দঙ্গে "আমি"ও আমার জ্ঞানে প্রকাশ পাইতেছি—স্থতরাং"আমি"ও জ্ঞেয়। তবেই হইতেছে যে, মোট জ্ঞেয় বুতাস্তটির সহিত জড়িতরূপে—দৃশুমান বুকের দ্রষ্টা-রূপে—যে-আমি আপনার নিকটে প্রকাশ পাইতেছি, সে-আমি জ্বেয়-আমি। স্তরে, ঐ জ্বেদ-আমির পশ্চাতে যে-আমি দাক্ষিরপে (নিছক দাক্ষিরপে) দণ্ডায়মান আছি, সেই-আমিই জ্ঞাতা আমি। আমার মন বলিতেছে যে, জ্ঞাতা-আমি এবং জ্ঞেয়-আমি, এ হই আমি একই আমি। কিন্তু মনের ঐ সোজা কথাটতে সায় দিতে ইতস্তত করিতেছে। বুদ্ধি ঘাড় নাড়িতেছে আর বলিতেছে - "তাহা হইবে কিরপে? তুই আমি এক আমি হইব কিরূপে বিশেষত যথন আমি হই রকমের;—এক আমি জ্ঞাতা আর-এক আমি জ্রের। মন এবং বুদ্ধির মধ্যে এই যে, মতের অনৈক্য, ইহাই আত্ম-জ্ঞানের পথের কণ্টক হইয়া দাঁড়াইয়াছে। এ ছার কণ্টকের উন্মোচন হইতে পারে কি উপায়ে, সেইটিই চিস্তার বিষয়।

তবে কি জ্ঞাতা-আমি এবং জ্ঞেয়-আমির একত্ব আমার মনে প্রকাশ পাই-তেছে বই আর কিছুই নহে !—বাস্তবিক সত্য নহে ! এইটিই হ'চে জিজ্ঞাস্ত। এ প্রশ্নের মীমাংসা করিতে হইলে আমাদের কাপ্রত জানের সাক্ষাতে কার্য্যত যাহা প্রতিনিয়ত ঘটে, তাহাই সর্ব্বাগ্রে প্রণিধান করিয়া দেখা কর্ত্বর। অতএব দেখা যা'ক:—

নিদ্রা হইতে জাগিয়া উঠিবার সময় আমার জ্ঞান ধদি ব্যক্ত না হইত, তবে তো কোনো কথাই থাকিত না; ভাহা হইলে জ্ঞাতা বা জেয়ে এক্সপ একটা কথা আমার মনেও স্থান পাইতে পারিত না—মুখেও বাহির হইতে পারিত না। কিন্তু জ্ঞান একবার ব্যক্ত হউক্ দেখি— সেই দণ্ডে **শেই জানের জাতৃ** খানে জ্ঞাতা আমি দাক্ষিরূপে অধিষ্ঠান করিব এবং তাহার (छुद्धयु-श्वात এक निर्क स्थान घेष छोनि নানা বিষয় একটির পর আর-একটি যাওয়া-আসা করিতে থাকিবে, আর একদিকে তেমনি সেই সকল জ্ঞেয় বিষয়ের পশ্চাৎ পশ্চাৎ ভেরয়-আমি ক্রমাগতই ঘুরিয়া বেড়া-ইতে থাকিবে। দেখিব তথন যে, ভেত্তয়-আমি'র সম্মুথে যথন যে ভাবের বিষয় আদিয়া উপস্থিত হইতেছে, তথন তাহার সঙ্গে গোড় দিয়া আপনিও সেই-ভাবের ব্যক্তি হইয়া দাঁড়াইতেছি—এইরূপে ঘড়ি-ঘড়ি বেশ-পরিবর্ত্তন করিতেছি। একই রাজা রাজসভায় দেশের মন্তকস্থানীয় মহা-মহা শূর-বার এবং মহামহোপাধ্যায় পণ্ডিত-গণের মাঝখানে এক মূর্ত্তি ধারণ করেন; আত্মীয়বজন বন্ধবান্ধবের সহিত ভোজে বসিয়া তাঁহাদের মাঝথানে দিতীয় আর-এক মৃত্তি ধারণ করেন; রঙ্গশালায় বয়স্ত-

গণের মাঝথানে ভৃতীয় জার-এক মূর্ত্তি অন্ত:পুরে পুত্র-কলত্রা-ধারণ করেন: দির মাঝথানে চতুর্থ আর-এক মুর্ভি করেন। যে-রাজা'র এইরূপ **ঘ**ড়ি-ঘড়ি মৃত্তি-পরিবর্ত্তন হইতেছে, সেই রাজাই রাজার জ্রেয়-আর্মি। তম্বাতীত রাজার মধ্যে আর-এেক রাজা আছেন--- যিনি রাজার জ্ঞাতা-আমি। এ-রাজা (জ্ঞাতা-আমি) দেবপ্রতিমা'র ভায় স্থিরভাবে দণ্ডায়মান थाकिया निर्नित्यय ठटक ७-त्राकात (छत्र-আমি'র) বিচিত্র লীলা দর্শন করিতেছেন। জাতৃ-জ্বের আমি-হটার মধ্যে প্রধান প্রভেদ এই যে, জেয় আমি পরিবর্ত্তনশাল—জ্ঞাতা আমি অপরিবর্ত্তনীয়। এই যে হুই ভাবের হুই আমি—জ্ঞাতা আমি এবং জ্ঞেয় আমি—এ চুই আমি আপামর সাধারণ সকলেরই নিকটে এক আমি বলিয়া প্রকাশ পায়, ভাহা জানি: কিন্তু প্রকাশ যে পায়—তাহা কি প্রকাশ পায় মাত্র, না তাহা বাস্তবিক সত্য—সেইটিই হ'চেচ জিজান্ত ! তাহা ৩জ-কেবল প্রকাশ-পাইতেছে-মাত্র হইলে তাহাতে আত্মজ্ঞানের পক্ষে বিশেষ কোনো ফল দৰ্শিতে পারে না। ধাহা প্রকাশ পাই-তেছে, তাহা বাস্তবিক-সত্য-রূপে—ধ্রুব-স্ত্য-রপে—প্রকাশ পাওয়া চাই, ভবেই আত্মজ্ঞানের কাঠিল্যের অনেকটা লাঘব হইতে পারে।

মন তো অইপ্রছরই বলিতেছে বে, "হুই
আমি একই আমি—জ্ঞাতা-আমিই জ্ঞেন্নআমি এবং জ্ঞেন্ন-আমিই জ্ঞাতা-আমি";
তবে কেন বুদ্ধি ভাহাতে সাম দিতে ইড-

ন্তত ক্লবির্তেছে ৷ অবশ্রুই তাহার কোনো-না-কোনো কারণ আছে। সে কারণ এই বে, ব্যাত্র বদি মেষরূপে প্রকাশ পায়, তবে সেরপ প্রকাশ'কে সত্যের প্রকাশ বলা যাইতে পারে না। ব্যাছ যখন ব্যাছ-রূপে প্রকাশ পার, তথন তাহারই নাম সত্যের প্রকাশ। জ্ঞানের জ্ঞাতৃস্থানে আমি অধিষ্ঠান করিতেছি কিরপে ? —অপরিবর্ত্ত-নীয় সাক্ষিরূপে প্রকাশ পাইবার সময় প্রকাশ পাইতেছি কিরূপে ?—পরিবর্জন-শীল নানারূপে। তবেই হইতেছে যে. আছি একরপ—প্রকাশ পাইতেছি আর একরপ। এরপ উল্টা-প্রকাশ'কে সভ্যের প্রকাশ বলা যাইতে পারে না। জ্ঞাতৃস্থানে আমি যেমন একই অপরিবর্ত্তনীয়, জেয়-স্থানেও যদি সেইপ্রকার একই অপরি-বর্ত্তনীয় রূপে প্রকাশ পাইতাম ভবেই আমি তাহাকে সত্যের প্রকাশ বলিয়া বৃদ্ধিতে সমাদরপূর্বক স্থানদান করিতে পারিতাম ৷ এই বিষম গোলোকধাঁদার মধ্য হইতে বাহির হইবার একটি-কেবল পথ আছে: সে পণ এই:--

জ্ঞাতা-আমি'র জ্ঞ্ম কোনো চিন্তা নাই-জাতা-আমি আপন পদে স্থির আছে; क्तित्व (क्त्रयु-आमि कथरना वा स्रथी, कथाना वा इःथी, कथाना वा छानी, कथाना वा अख्वानी, कथरना वा घटेन्रही, कथरना বা পটদ্রষ্ঠা, এইক্সপে—ভিন্ন ভিন্ন কালে ভিন্ন ভিন্ন রূপে-প্রকাশ পার। এরপ বে হয়—কেন হয় ? তাহার কারণ কি ? কারণ (व कि, जाहां तिथि जिहे शास्त्रः वाहर जिहे।

क्छात्नित्र । (क्छम्-श्रांत यथन धन कन-বৌবন দেখা ভায়--ভখন জ্ঞের আমি ভা'-नवा'तं भाराथात्न ऋथि-त्वत्म युक कूनाहेश विচরণ করে। জ্ঞানের জ্ঞেয়-স্থানে যথন স্ত্রী-পুত্র-পরিবারের দীন-হীন-মলিন বেশ এবং বন্ধুবর্গের অপ্রসন্ন বদন দেখা ভায়. তথন ভেরেয়-আমি তা-সবা'র মাঝথানে মুস্যুভাবে কালাভিপাত করে। হইতেছে যে, ভেরু বিষ্যের পরিবর্তনেই জ্বেয় আমি পরিবর্ত্তিত হয়— বা পরিবর্ত্তিত-হইতেছি-রূপে প্রকাশ পায়।

ভেরে বিষয় নানা: আর নানা বলিয়া এটার পরিবর্ত্তে ওটা, ওটার পরিবর্ত্তে ্সটা, এইরূপে এটা-ওটা সেটা'র মধ্যে পরিবর্ত্তন দাপিয়া বেড়াইতে জ্বো পায়। পরিবর্ত্তনের মধ্যে স্থির থাকিবার এক-কেবল উপায়, যাহা বুদ্ধিতে পাওয়া যায়, তাহা এই :---

আমাদের জ্ঞানের জ্ঞেয়-স্থানে যদি অশেষ-বিধ বিচিত্র বস্তুসকলকে ক্রোড়ে করিয়া এক অদ্বিতীয় দৰ্কশক্তিসমন্বিত দৰ্কময় সত্য প্রকাশিত হ'ন--্যে-সত্য জগতের নিমিত্র কারণ এবং উপাদান কারণ ছই-ই একাধারে — অর্থাৎ যে-সত্য সত্যের একটা ভাব-মাত্র নহেন, পরস্ত বাস্তবিকই সভা; তবে সেই একমাত্র অন্বিতীয় জ্ঞেয়-বস্তার সঙ্গে গোড় দিরা আমার ভ্রেয়-আমিও একই অপরিবর্ত্তনীয় আমি-রূপে প্রকাশ পাইতে পারে: অর্থাৎ জ্ঞানের জ্ঞাতৃস্থানে আমি যেমন একই অপরিবর্ত্তনীয় আমি-রূপে অধিষ্ঠান করিতেছি, জ্ঞানের জ্ঞের-স্থানেও

তেমনি একই অপরিবর্ত্তনীয়-রূপে প্রকাশ পাইতে পারি; তাহা হইলেই জ্ঞাতৃস্থানে আমি আছি বেরূপ, জ্ঞের্হ্যানে আমি প্রকাশ-পাই'ও সেইরূপ; ইহারই নাম বাস্তবিক-সত্য-রূপে আপনার নিকটে প্রকাশ পাওয়া। আত্মা যথন এই প্রকার ফ্রবসত্য রূপে প্রকাশ পা'ন, তথন সেইরূপ প্রকাশই প্রকৃত্রপক্ষে আত্মজান-শব্দের বাচ্য।

এ যাহা বলিলাম—ইহাতে দাড়াইতেছে এই বে, আত্মজান এবং সত্যজান এপিট- ওপিট। এইরূপ প্রকৃত আর্দ্মজ্ঞান নাধকের পক্ষে কতদ্র সন্তাবনীয়—কি-প্রকারেই বা সন্তাবনীয়, তবৈব, সর্বময় মহাশক্তিশালী এক অন্বিতীয় সতাবস্তুই বা কিরূপে জ্ঞানগম্য হইতে পারেন—এই সকল গভীর এবং গুরুতর বিষয়ের আলোচনায় প্রবৃত্ত হইতে হইলে অতীব সাবধানে—প্রশান্ত, প্রণত এবং সংযত ভাবে — তাহাতে প্রবৃত্ত হওয়া কর্ত্তর। অতএব আজিকের মতো এইথানেই বিশ্রাম করা প্রেয়।

শীদিকেন্দ্রনাথ ঠাকুর।

কম্পনা-সম্বল

ভোর হতে নীলাকাশ ঢাকা কালো মেণে, ভিজে-ভিজে এলোমেলো বায়ু বহে বেগে। কিছুই নাহিক হায় এ বুকের কাছে, যা কিছু আকাশে আর বাতাদেতে আছে!

চোখের বালি

(48)

মহেক্স তাহার মাতার ঘরে প্রবেশ করিতে
যাইতেছে, তথন আশা তাড়াতাড়ি বাহির
হইয়া আসিয়া কহিল—"এথন ও ঘরে
যাইয়ো না।"

মহেক্র জিজ্ঞাসা করিল—"কেন ?" আশা কহিল—"ডাব্ডার বলিয়াছেন, হঠাৎ মার মনে, স্থাথের হউক, ছঃখের হউক্, একটা কোন আঘাত লাগিলে বিপদ্ হইতে পারে।"

মহেক্দ্র কহিল, "আমি একবার আন্তে আত্তে তাঁহার মাথার শিয়রের কাছে গিয়া দেখিয়া আদিগে—তিনি টের পাইবেন না।"

আশা কহিল—"তিনি অঁতি অল্প শকৈই চম্কিয়া উঠিতেছেন, তুমি ঘরে ঢুকিলেই তিনি টের পাইবেন।" মহেন্দ্র। ^{*}তবে, এখন তুমি কি করিতে [†]চাও ?

আশা। আগে বিহারি-ঠাকুরপো আসিয়া একবার দেখিয়া ধান্--তিনি ধেরূপ পরামর্শ দিবেন, তাহাই করিব।

বলিতে বলিতে বিহারী আদিয়া পড়িন। আশা তাহাকে ডাকিয়া পাঠাইয়াছিল।

বিহারী। বোঠা'ণ, ডাকিয়াছ ? মা ভাল আছেন ত ?

আশা বিহারীকে দেখিয়া গেন নির্ভর পাইল। কহিল, "তুমি যাওয়ার পর হইতে মা থন আরো চঞ্চল হইয়া উঠিয়াছেন। প্রথমদিন তোমাকে না দেখিয়া আমাকে জিজ্ঞাসা করিলেন, 'বিধারী কোথায় গেল ?' আমি বলিলাম, 'তিনি বিশেষ কাজে গেছেন, বুহস্পতি থারের মধ্যে ফিরিবার কথা আছে।' ভাহার পর হইতে তিনি থাকিয়া-পাকিয়া চম্কিয়া উঠিতেছেন। মথে কিছুই বলেন না, কিন্তু ভিতরে-ভিতরে যেন কাহার করিতেছেন। অপেক্ষা কাল তোমার টেলিগ্রাম্ পাইয়া জানাইলাম, আজ তুমি আসিবে। গুনিয়া তিনি আজ তোমার জন্ম বিশেষ করিয়া থাবার আয়োজন করিতে বলিয়াছেন। তুমি যাহা যাহা ভাল-বাদ, সমস্ত আনিতে দিয়াছেন, সম্মুথের वात्रान्माय ताँ धिवात आत्याक्रन कताहेगा एइन, তিনি ঘরে হইতে দেখাইয়া দিবেন। ডাজো-রের নিষেধ কিছুতেই শুনিলেন না। আমাকে এই थानिकक्क १ इटेन छाकिया विनया मिरनन. 'বৌমা, তুমি বিজের হাতে সমস্ত রাঁধিবে,— आंत्रि आंक मामत्न वमाहेश विहातीत्क থা ওয়াইব।'"

শুনিরা রিহারীর চোথ ছল্ছল্ করিয়া আসিল। জিজ্ঞাসা করিল—"মা আছেন কেমন'?"

আশা কহিল, "তুমি একবার নিজে দেখিবে এস—আমার ত বোধ হয়, ব্যামো আরো বাড়িয়াছে।"

তথন বিহারী ঘরে প্রবেশ করিল।
মহেন্দ্র বাহিরে দাঁড়াইয়া আশ্চর্যা হইয়া
গেল। আশা বাড়ীর কর্তৃত্ব অনায়াসে গ্রহণ
করিয়াছে—দে মহেন্দ্রকে কেমন সহজে ঘরে
ঢুকিতে নিষেধ করিল! না করিল সঙ্কোচ,
না করিল অভিমান! মহেন্দ্রের বল আজ
কতথানি কমিয়া গেছে! সে অপরাধী,
দে বাহিরে চুপ করিয়া দাঁড়াইয়া রহিল—
মার ঘরেও ঢুকিকে পারিল না।

তাহার পরে ইহাও আশ্চর্যা—বিহারীর সঙ্গে আশা কেমন অকুন্তিভভাবে কথাবান্তা কহিল! সমস্ত পরামশ তাহারই সঙ্গে! সেই আজ সংসারের একমাত্র রক্ষক, সকলের স্থলং! তাহার গতিবিধি সর্বত্র, তাহার উপদেশেই সমস্ত চলিতেছে। মহেক্স কিছু-দিনের জন্ত যে জারগাটি ছাড়িয়া চলিয়া গেছে, ফিরিয়া আসিয়া দেখিল, সে জারগা ঠিক আর তেমনটি নাই!

বিহারী ঘরে ঢুকিতেই রাজলক্ষী তাহার করুণচক্ষ্ তাহার মুথের দিকে রাথিয়া কহি-লেন, "বিহারি, ফিরিয়াছিদ্ ?"

বিহারী কহিল—"হাঁ মা, ফিরিয়া আসি-লাম।"

রাজলক্ষী কহিলেন, "তোর কাজ শেষ হইরা গেছে"—বলিয়া তাহার মূথের দিকে একাগ্রদৃষ্টিতে চাহিলেন। বিহারী প্রক্লমুথে "হাঁ মা, কাল স্থদপার হইরাছে, এখন সামার স্থার কোন ভাবনা নাই।"—বলিয়া বিহারী একবার বাহিরের দিকে চাহিল।

রাজ্বলক্ষী। আজ বৌমা তোমার জ্বন্ত নিজের হাতে রাঁধিবেন, আমি এখান হইতে দেখাইয়া দিব। ডাক্তার বারণ করে— কিন্তু আর বারণ কিসের জন্ত বাছা? আমি কি একবার তোদের খাওয়া দেখিয়া বাইব না?

বিহারী কহিল, "ডাক্তারের বারণ করিবার ত কোন হেণ্টু দেখি না মা,—তুমি না
দেখাইয়া দিলে চলিবে কেন ? ছেলেবেলা
হইতে তোমার হাতের রালাই আমরা ভালবাসিতে শিথিয়াছি, —মহিন্দার ত পশ্চিমের
ডালকটি থাইয়া অকচি ধরিয়া গেছে—আজ
সে তোমার মাছের ঝোল পাইলে বাঁচিয়া
ঘাইবে। আজ আমরা ছই ভাই ছেলেবেলাকার মত রেষারেষি করিয়া থাইব, তোমার
বউমা অয়ে কুলাইতে পারিলে হয় "

ধনিচ রাজলক্ষা বুঝিয়াছিলেন, বিহারী
মহেক্সকে সঙ্গে করিয়া আনিয়াছে, তবু
তাহার নাম শুনিতেই ঠাহার হৃদয় স্পন্দিত
হইয়া নিখাস ক্ষণকালের জন্ম কঠিন হইয়া
উঠিল।

সে ভাবটা কাটিয়া গেলে বিহারী কহিল, "পশ্চিমে গিয়া মহিন্দার শরীর অনেকটা ভাল হইয়াছে। আজ পথের অনিয়মে সে একটু মান অছে, স্নানাহার করিলেই শুধ্রাইয়া উঠিবে।"

রাজলন্ধী তবু মহেল্রের কথা কিছু বলি-লেননা। তথন বিহারী কহিল, "মা, মহিন্দা বাহিরেই দাড়াইয়া আছে; তুমি নাডাকিলে দে ত আসিতে পারিতেছে না "

রাজলক্ষী কিছু না বলিয়া দরজার দিকে চাহিলেন। চাহিতেই বিহারী ডাকিল— "মহিন্দা, এদ!"

মহেক্স ধীরে ধীরে ঘরে প্রবেশ করিল।
পাছে হৃৎপিও হঠাৎ স্তব্ধ হইয়া যায়, এই
ভয়ে রাজলক্ষী মহেক্সের মুথের দিকে তথনই
চাহিতে পারিলেন না। চক্ষ্ অর্জনিমীলিও
করিলেন। মহেক্স বিছানার দিকে দৃষ্টিপাত
করিয়া চম্কিয়া উঠিল, ভাহাকে কে যেন
মারিল।

মহেন্দ্র মাতার পায়ের কাছে মাথা রাখিরা পা ধরিয়া পড়িয়া রহিল। বকের স্পন্দনে রাজলক্ষীর সমস্ত শরীর কাঁপিয়া-ক্রাপেরা উঠিল।

কিছুকা পরে অন্নপূর্ণা ধীরে ধীরে কহিলেন, "দিদি, মহিন্কে ভূমি উঠিতে বল, নহিলে ও ত উঠিবে না!"

রাজলক্ষী কটে বাক্যক্রণ করিয়া কহি-লেন, "মহিন, ওঠ্৷"

মহিনের নাম উচ্চারণমাত্র অনেকদিন পরে তাঁহার চোপ দিরা ঝর্ঝর্ করিরা জল পড়িতে লাগিল। সেই অক্র পড়িরা তাঁহার হৃদরের বেদনা লঘু হইরা আসিল। তখন মহেক্র উঠিয়া মাটতে হাঁটু গাড়িয়া পাটের উপর বুক দিয়া তাহার মার পাশে আসিয়া বিসিণ। রাজলন্দ্রী কটে পাশ ফিরিয়া ছইহাতে মহেক্রের মাথা লইয়া তাহার নতাই চুখন করিলেন। ব

মহেক্স ক্ষকতে কহিল, "মা ভোমাকে অনেক কট দিয়াছি, আমাকে মাপ করন"

বক্ষ শান্ত হইলে রাজলন্দ্রী কহিলেন,

"ও কথা বলিদ্নে মহিন্, আমি ভোকে

মাপ না করিয়া কি বাঁচি ? বৌমা,
বৌমা কোথায় গেল ?"

আশা পাশের ঘরে পথ্য তৈরি করিতে-ছিল – মন্নপূর্ণা ভাহাকে ডাকিয়া আনি-লেন।

তথন রাজলন্দ্রী মহেন্দ্রকে ভূতল হইতে উঠিয়া তাঁহার থাটে বসিতে ইঙ্গিত করিলেন। মহেন্দ্র থাটে বসিলে রাজলন্দ্রী
মহেন্দ্রের পার্শে স্থান নির্দেশ করিয়া
আশাকে কহিলেন, "বৌমা, এইথানে ভূমি
বোস—আজ আমি একবার ভোমাদের
ভ্রুনকে একত্রে বসাইয়া দেখিব, তাহা হইলে
আমার সকল হঃথ ঘুচিবে। বৌমা, আচার
কাছে আর লজ্জা করিয়ো না,-- আর
মহিনের পারেও মনের মধ্যে কোন অভিমান না রাখিয়া একবার এইথানে বোস—
আমার চোথ জুড়াও মা!"

তথন ঘোমটা মাধার আশা লজ্জার ধীরে ধীরে আসিরা কম্পিতবক্ষে মহেল্রের পাশে আসিরা বসিল। রাজলন্ধী সহস্তে আশার ডান হাত তুলিরা লইরা মহেল্রের ডান হাতে রাধিরা চাপিরা ধরিলেন—কহিলেন, "আমার এই মাকে ভোর হাতে দিরা গেলাম মহিন্,—আমার এই কথাটি মনে রাধিস, তুই এমন লন্ধী আর কোথাও পাবি নে! মেলবৌ, এস, 'ইহাদের একবার আশীর্কাদ কর—ভোমার পুণ্যে ইহাদের মন্দল হৌক্!" অরপুর্ণা সন্মুথে আসিরা দাঁড়াইতেই

উভরে চোথের, জলে তাঁহার পদধ্লি গ্রহণ করিল। অরপূর্ণা উভরের মন্তক চুম্বন করিয়া' কহিলেন, "ভগবান্ ভোমাদের কল্যাণ করুন।"

রাজলন্ধী। বিহারি, এস বাবা, মহিন্কে তুমি একবার ক্ষমা কর।

বিহারী তথনি মহেক্সের সন্মুখে আসির।
দাঁড়াইতেই মহেক্স উঠিয়া দৃঢ়বাহুদার।
বিহারীকে বক্ষে টানিয়া লইয়া কোলাকুলি
করিল।

রাঞ্চলন্দ্রী কহিলেন, "মহিন্, আমি তোকে এই আশিব্যাদ করি—শিশুকাল হইতে বিহারী তোর যেমন বন্ধ ছিল, চির-কাল তেমনি বন্ধু থাক্—ইহার চেম্নে তোর গৌভাগ্য আর কিছু হইতে পারে না।"

এই বলিয়া রাজলক্ষী অত্যন্ত ক্লান্ত

হইয়া নিস্তক হইলেন। বিহারী একটা

উত্তেজক ঔষধ তাঁহার মূথের কাছে আনিয়া
ধরিতেই রাজলক্ষী হাত সরাইয়া দিয়া কহিলেন, "আর ওয়্ধ না বাবা! এখন আমি
ভগবান্কে অরণ করি—তিনি আমাকে
আমার সমন্ত সংসারদাহের শেষ ওয়্ধ
দিবেন। মহিন্, তোরা একটুখানি বিশ্রাম
কর্গে। বৌমা, এইবার রায়া চড়াইয়া
দাও।"

সন্ধ্যাবেলার বিহারী এবং মহেক্স রাজ্বলক্ষীর বিহানার সন্মুখে নীচে পাত পাড়িয়া
থাইতে বসিল। আশার উপর রাজ্ঞলন্দী
পরিবেষণের ভার দিয়াছিলেন, সে পরিবেষণ
করিতে লাগিল।

মহেল্রের বক্ষের মধ্যে অঞ্চ উদেণিত হইরা উঠিতেছিল, তাহার মুথে অর উঠিতে- ছিল না। রাজলক্ষী তাহাকে বারবার বলিতে লাগিলেন, "মহিন্, তুই কিছুই থাইতেছিদ্ না কেন ? ভাল করিয়া থা, আমি দেখি!"

বিহারী কহিল, "জানই ত মা, মহিন্দা চিরকাল ঐ-রকম, কিছুই থাইতে পারে না। বোঠা'ণ, ঐ ঘণ্টটা আমাকে আর-একটু দিতে হইবে, বড় চমৎকার হইয়াছে।"

রাজলক্ষী খুসি হইয়া ঈষৎ হাসিয়া কহি-লেন, "আমি জানি, বিহারী ঐ ঘণ্টটা ভাল-বাসে। বৌমা, ওটুকুতে কি হইবে, থার একটু বেশি করিয়া দাও।"

বিহারী কহিল, "মা, তোমার এই বৌটি বড় রূপণ, হাত দিয়া কিছু গলে না।"

রাজলক্ষী হাদেখা কহিলেন, "দেখ ত বৌমা, বিহারী তোমারি মুণ্ খাইয়া তোমারি নিন্দা কবিতেছে।"

আশা বিহারীর পাতে একরাশ ঘণ্ট দিয়াগেল।

বিহারী কহিল, "হায় হায়! ঘণ্ট দিয়াই আমার পেট ভরাইবে দেখিতেছি, আর ভাল ভাল জিনিষ সমস্তই মহিন্দার পাতে পড়িবে।"

, আশা ফুসফিন করিয়া বলিয়া গেল,
"নিন্দুকের মুথ কিছুতেই বন্ধ হয় না।"

বিহারী মৃত্সরে কহিল, "মিপ্তাল দিয়া পরীক্ষা করিয়া দেখ, বন্ধ হয় কি না!"

হুই বন্ধুর আহার হুইয়া গেলে, রা**লগন্মী** অত্যন্ত ভৃপ্তিবোধ করিলেন। কহিলেন, "বৌমা, তুমি শীঘ্র থাইয়া এদ।"

রাজলক্ষীর আদেশে আশা খাইতে গেলে তিনি মহেক্রকে কহিলেন, "মহিন্, তুই ভাইতে যা।" মহেল কহিল, "এখনি শুইজে ষাইব কেন ?"

মহেক্ত রাত্তে মাতার দেবা করিবে স্থির করিয়াছিল। রাজ্ঞান্ধী কোনমতেই তাহা ঘটতে দিলেন না। কহিলেন, "তুই প্রাপ্ত আছিদ্ মহিন্, তুই শুইতে যা!"

আনা আহার শেষ করিয়া পাথা লইয়া রাজনক্ষীর শিয়রের কাছে আসিয়া বসিবার উপক্রম করিলে, তিনি চুপিচুপি তাহাকে কহিলেন,—"বৌমা, মহেন্দ্রের বিছানা ঠিক হইয়াছে কি না দেখ গে, সে একলা আছে।"

আশা লজ্জায় মরিয়া গিয়া কোনমতে যর হইতে বাহির হইয়া গেল। ঘরে কেবল বিহারী এবং অনপূর্ণা রহিলেন।

তথন রাজলক্ষী কহিলেন, "বিহারি, ্রেকে একটা কথা জিজ্ঞাসা করি। বিনো-দিনীর কি হইল বলিতে পারিস্ ? সে এখন কোথায় ?"

বিহারী কহিল—"বিনোদিনী কলি-কাভায় আছে।"

রাজলন্ধী নীরবদৃষ্টিতে বিহারীকে প্রশ্ন করিলেন। বিহারী তাহা বৃঝিল। কহিল, "বিমেদিনীদার জন্ম তৃমি আর কিছুমাত ভর করিয়োনামা!"

রাজলক্ষী কহিলেন, "সে আমাকে অনেক হঃথ দিয়াছে বিহারি, তবু তাহাকে আমি মনে মনে ভালবাসি!"

বিহারী ক**হিল, "দে**-ও তোমাকে মনে মনে ভালবাসে মা!"

রাজলক্ষী। আমারো তাই বোধ হয় বিহারি। দোষগুণ সকলেরই আছে, কিন্ত সে আমাকে ° ভালবাগিত। তেমন দেবা কেহ ছল করিয়া করিতে পারিত না।

বিহারী কহিল, "তোমার সেবা করি-বার জগু দে বাাকুল হইয়া আছে।"

রাজলক্ষা দীর্ঘনিশাস ফেলিয়া কহিলেন,

"মহিন্রা ত এথন শুইতে গেছে, রাত্রে
তাহাকে একবার আনিলে কি ক্ষতি আুছে?"

বিহারী কহিল,—"মা, দে ত এই বাড়ীরই বাহির-ঘরে লুকাইয়া বিসিয়া আছে। তাহাকে আজ সমস্তদিন জলবিন্দু প্রাপ্ত মুথে দেওয়াইতে পারি নাই। সে পণ করিয়াছে, যতক্ষণ তুমি তাহাকে ডাকিয়ানা মাপ করিবে, ততক্ষণ সে জলম্পণ করিবে না।"

রাজলক্ষা ব্যস্ত হইয়। কহিলেন—"সমস্ত-দিন উপবাস করিয়া আছে! আহা, তাহাকে ডাক, ডাক!"

বিনোদিনী ধীরে ধীরে রাজলক্ষীর থরে প্রবেশ করিতেই তিনি বলিয়া উঠিলেন, "ছিছি বউ, তুমি করিয়াছ কি ? আজ সমস্ত দিন উপোদ করিয়া আছ ? যাও যাও, আগে থাইয়া লও, তাহার পরে কথা হইবে।"

বিনোদিনী রাজলক্ষীর পায়ের পূলা লইয়া প্রণাম করিয়া কহিল — " আগে তুমি পাপিষ্ঠাকে মাপ কর পিসিমা, তবে আমি থাইব।"

রাজ্বলন্ধী। "মাপ করিয়াছি বাছা,
মাপ করিয়াছি, আমার এখন কাছারো
উপর আর রাগ নাই।" - বিনোদিনীর ডানহাত ধরিয়া তিনি কহিলেন,—"বউ তোমা
হইতে কাহারও মন্দ না হউক্, তুমিও ভাল
থাক।"

বিনোদিনী। তোমার আণীর্ক।দ মিথ্যা হইবে না পিসিমা। আমি তোমার পা ছুইরা বলিতেচি, আমা হইতে এ সংসারের মল হইবে না।

অন্নপূর্ণাকে বিনোদিনী ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়া ধাইতে গেল। থাইয়া আসিলে পর রাজলক্ষী তাহাব দিকে চাহিয়া কহিলেন, "বউ, এথন তবে তুমি চলিলে?"

বিনোদিনী। পিদিমা, আমি তোমার দেবা করিব। ঈশ্বর দাক্ষী—আমা হইতে ভূমি কোন অনিষ্ট আশস্কা করিয়োনা।

রাজলক্ষী বিহারীর মুখের দিকে চাহি-লেন। বিহারী একটু চিন্তা করিয়া কহিল, "বোঠা'ণ থাকুন্মা, তাহাতে ক্ষতি হইবে না।"

রাত্রে বিহারা, বিনোদিনী এবং অন্ধ-পূর্ণা, তিন জনে মিলিয়া রাজলক্ষীর শুগ্রায়া করিলেন।

এদিকে আশা সমস্তরাত্তি রাজ্বলক্ষার
ঘবে আসে নাই বলিয়া লজ্জায় অত্যপ্ত
প্রত্যায়ে উঠিয়াছে। মহেক্রকে বিছানায়
ক্থে অবস্থায় রাখিয়া তাড়াতাড়ি মুখ ধুইয়।
কাপড় ছাড়িয়া প্রস্তুত হইয়া আসিল।
তথনো অন্ধকার একেবারে বায় নাই।
রাজলক্ষ্মীর হারের কাছে আসিয়া যাহা
দেখিল, তাহাতে আশা অবাক্ হইয়া গেল।
ভাবিল, "একি ক্থা!"

বিনোদিনী একটি ম্পিরিট্ল্যাম্প জালিয়া জল গরম করিতেছে। বিহারী রাত্রে ঘুমা-ইতে পার নাই, তাহার জন্ম চা তৈরি হইবে।

व्याभारक प्रविद्या वित्नामिनी উঠিয়া

দাঁড়াইল। কহিল, "আৰু আমি আমার সমস্ত অপরাধ লইয়া তোমার আশ্রয় গ্রহণ করিলাম—আর কেহ আমাকে দূর করিতে পারিবে না-কিন্তু তুমি যদি বল 'যাও', ত আমাকে এথনি যাইতে হইবে।"

আশা কোন উত্তর করিতে পারিল না-ভাহার মন কি বলিভেছে, ভা-ও সে ষেন ভাল করিয়া বুঝিতে পারিল না, অভিভৃত হইয়া রহিল।

वितामिनी कहिन-"आमारक रकान-দিন তুমি মাপ করিতে পারিবে না-দে চেষ্টাও করিয়োনা: কিন্ত আমাকে আর **खत्र कतिरत्रा ना। रव कत्रमिन शिनिमा**त मत्रकात इटेर्टर, स्मर्टे कठामिन आमारक একট্থানি কাল করিতে দাও, তার পরে আমি চলিয়া ষাইব।"

কাল রাজলক্ষ্মী যথন আশার হাত লইয়া মহেন্দ্রের হাতে দিলেন, তথন আশা ভাহার মন হইতে সমস্ত অভিমান মুছিয়া ফেলিয়া সম্পূর্ণভাবে মহেক্সের কাছে আত্মসমর্পণ कत्रिश्राष्ट्रिम । जाक वित्नामिनीरक प्रमूर्थ দেখিরা তাহার খণ্ডিত প্রেমের দাহ আর শান্তি মানিল না। ইহাকে মহেল্র একদিন ভালবাসিয়াছিল, ইহাকে এখনো হয় ভ মনে মনে ভালবাদে—এ কথা তাহার বুকের ভিতরে ঢেউরের মত ফুলিয়া-ফুলিয়া উঠিতে नानिन। किइकन পরেই মহেন্দ্র काशिका डेठिंदि, वित्नामिनौटक प्रथिदि, कि জানি কি চকে দেখিবে ! কাল রাত্রে আশা তাচার সমস্ত সংসারকে নিষ্ণটক দেখিয়া-ছिन-बाब প্রভাষে উঠিয়াই দেখিল, কাঁটা-পাছ ভাহার ঘরের প্রাঞ্গেই। সংসারে

स्राथत सानरे मन (हास गक्षीर्- काथां व তাহাকে সম্পূর্ণ নির্ব্বিদ্নে রাখিবার অবকাশ নাই ৷

হৃদয়ের ভার বাইয়া আশা রাজ্বক্ষীর ঘরে প্রবেশ করিল-এবং অভান্ত লজ্জার সজে কহিল, "মাদিমা, তুমি সমস্ত রাভ বসিয়া আছ, যাও ভতে যাও!" অন্নপূর্ণা আশার মুখের দিকে একবার ভাল করিয়া চাহিয়া দেখিলেন। তাহার পরে শুইতে না গিয়া আশাকে নিঞ্চের ধরে লইয়া श्रात्मन । कहिरानन, "इनि, यनि सूथी इहेर्ड চাস, তবে সৰ কথা মনে রাখিস নে। ञ्चारक माधी कतिया (सहेकू श्रूथ, माध মনে রাথিবারছঃখ তাহার চেয়ে চের বেশি।" আশা কহিল, "মাসিমা, আমি মনে

কিছু পুষিয়া রাখিতে চাই না, আমি ভূলি-**टिं हो है, किन्द ज़िला (मग्न ना (य !"**

অন্নপূর্ণা। বাছা, ডুই ঠিক বলিয়াছিন্-উপদেশ দেওয়া সহজ, উপায় বলিয়া দেওয়াই শক্ত। তবু আমি তোকে একটা উপার বলিয়া দিতেছি। বেন ভুলিয়াছিল, এই ভাবটি অন্তত বাহিরে প্রাণপণে রক্ষা করিতে হইবে—আগে বাহিরে ভূলিতে আরম্ভ করিস্, তাহা হইলে ভিডরেও ভুলিবি! এ কথা মনে রাখিস্ চুনি, তুই বদি না ভূলিস, তবে অন্তকেও শ্বরণ করাইয়া वाथिवि ! जुहे निटकत है छहात्र ना भातिन, আমি তোকে আজা করিতেছি, তুই বিনো-দিনীর সঙ্গে এখন ব্যবহার কর, যেন সে কথনো ভোর কোন অনিষ্ট করে নাই এবং তাহার হারা তোর অনিষ্টের কোন আশহা नारे।

আনুশা সম্রমুথে কহিল, "কি করিতে হইবে বল ?"

আরপূর্ণা কহিলেন, "বিনোদিনা এখন বিহারীর ক্রতে চা তৈরি করিতেছে। তুই হধ-চিনি-পেরালা সমস্ত লইরা বা—হুইকনে মিলিরা কাক কর্।"

व्यामा व्याप्तमभागत्नत अग्र ड्रिंग। অন্নপূৰ্ণা কহিলেন, "এটা সহজ্ব—কিন্তু আমার আর-একটি কথা আছে. সেটা আরো শক্ত--সেইটে তোকে পালন করি-**एक्ट इटेरव। मार्य मार्य मरहरत्वत मरक** বিনোদিনীর দেখা হটবেই, তখন তোর गत्न कि इटेर्ट, डाइ। আমি कानि-সে সময়ে তুই গোপন-কটাকেও **ম**হে-ক্রের ভাব কিংবা বিনোদিনীর ভাব দেখি-বার চেষ্টামাত্রও করিদ ে। বুক ফাটিয়া গেলেও তোকে অবিচলিত থাকিতে হইবে। गरहक्त देश कानिरव (य, जूदे मत्मर कतिम् না, শোক করিস্ না,—তোর মনে ভয় নাই, চিস্তা নাই;—জোড় ভাঙিবার পুর্বে যেমন ছিল, জ্বোড় লাগিয়া আবার ঠিক তেমনিই হইরাছে—ভাঙনের দাগটুকুও মিলাইয়া গেছে। মহেন্দ্র কি আর কেছ তোর মুখ **(मथिया निटक्टक अ**श्रतीयी विनया मतन করিবে না। চুনি, ইহা আমার অনুরোধ বা উপদেশ নহে, ইহা তোর মাসিমার আদেশ। আমি যথন কাশা চলিয়া ঘাইব, আমার এই কথাটি একদিনের জন্মও ভূলিস্ নে।"

আশা চায়ের পেয়ালা প্রভৃতি লইয় বিনোদিনীর কাছে উপস্থিত হইল। কহিল, "জল কি গরম হইয়াছে ? আমি চায়ের হধ আনিয়াছি।" বিনোদিনী আশ্চর্য হইয়া আশার মুখের দিকে চাহিল। কহিল—"বিহারি-ঠাকুরপো বারান্দার বসিয়া আছেন, চা ভূমি তাঁহার কাছে পাঠাইয়া দাও, আমি ততক্ষণ পিসিমার জন্ম মুথ ধুইবার বন্দোবস্ত করিয়া রাখি। তিনি বোধ হয় এথনি উঠিবেন।"

वितामिनी हा नहेश विहातीत कार्छ গেল না। বিহারী ভালবাসা স্বীকার করিয়া তাহাকে যে অধিকার দিয়াছে, সেই অধিকার তাহার সংগ্লাচ-স্থেচ্চামতে থাটাইতে (वाध इटेंटिक नाशिन। अधिकात्रनारखत (य মর্য্যাদা আছে, সেই মর্য্যাদা রক্ষা করিতে হইলে অধিকারপ্রয়োগকে সংযত করিতে ২য় ৷ যতটা পাওয়া যায়, ততটা লইয়া টানাটানি করা কাঙালকেই শোভা পায়---্রাগকে থকা করিলেই সম্পদের যথার্থ গৌরব। এথন, বিহারী তাহাকে নিজে না ডাকিলে, কোন একটা উপলক্ষা করিয়া বিনোদিনী তাহার কাছে আর ষ্টিতে পারে না।

বলিতে বলিতেই মহেন্দ্র আসিয়া উপস্থিত হইল। আশার বৃকের ভিতরটা যদিও
ধড়াদ্ করিয়া উঠিল, তবু দে আপনাকে
দংবরণ করিয়া লইয়া স্বাভাবিক স্বরে
মহেন্দ্রকে কহিল—"তুমি এত ভোরে উঠিলে
বে ? পাছে আলো লাগিয়া তোমার ঘুম
ভাঙে, তাই আমি জান্লা-দরজা দব বন্ধ
করিয়া আসিয়াছি।"

বিনোদিনীর সন্মুথেই আশাকে এইরপ সহজ্ঞতাবে কথা কহিতে শুনিয়া মহেল্রের বুকের একটা পাথর ধেন নামিয়া গেল। দে আনন্দিতচিত্তে কহিল, "মা কেমন স্নাছেন, তাই দেখিতে আসিয়াছি—মা কি এখনো ঘুমাইতেছেন ?"

আশ। কহিল, "হাঁ তিনি ঘুমাইভেছেন, এখন তুমি ধাইয়োনা। বিহারি-ঠাকুরপো বলিয়াছেন, তিনি আজ অনেকটা ভাল আছেন। অনেকদিন পরে কাল তিনি সমস্তরাত ভাল করিয়া ঘুমাইয়াছেন।"

মহেন্দ্র নিশ্চিন্ত হইরা জিজ্ঞাসা করিল, "কাকীমা কোথার •ূ"

আশা তাঁহার ঘর দেখাইয়া দিল।

আশার এই দৃঢ়তা ও সংঘম দেখিয়া বিনোদিনীও আশ্চর্য্য হইয়া গেল।

মহেक ডাকিল, "কাকীমা।"

অন্নপূর্ণা যদিও ভোরে স্নান করিয়া লইয়া এখন পূজায় বিসিবেন স্থির করিয়া-ছিলেন, তবু তিনি কহিলেন, "আয় মহিন্, আয়!"

মহেন্দ্র তাঁহাকে প্রণাম করিয়। কহিল, "কাকীমা, আমি পাণিষ্ঠ, তোমাদের কাছে আসিতে আমার লজ্জা করে।"

অনপূর্ণা কহিলেন, "ছিছি ও কথা বলিদ্নে মহিন্—ছেলে ধূলা লইয়াও মার কোলে আসিয়া বদে।"

মহেক্ত। কিন্তু আমার এ ধূলা কিছু-তেই মুছিবে না কাকীমা।

অন্নপূর্ণা। তুই একবার ঝাড়িলেই ঝরিয়া বাইবে। মহিন্, ভালই হইয়াছে। নিজেকে ভাল বলিয়া ভোর অহস্কার ছিল, নিজের 'পরে বিশ্বাস ভোর বড় বেশি ছিল, পাপের ঝড়ে ভোর সেই গর্কাটুকুই ভাঙিয়া দিয়াছে, আর কোন অনিষ্ঠ করে নাই।

মুহেন্দ্র। কাকীমা, এবার ভোমাকে

আর ছাড়িয়া দিব না, তুমি গিয়াই আমার এই তুর্গতি হইয়াছে !

অরপূর্ণা। আমি থাকিরা যে এর্গতি ঠেকাইরা রাখিতাম, সে এর্গতি একবার ঘটিরা যাওরাই ভাল। এখন আর তোর আমাকে কোন দরকার হইবে না।

দরন্ধার কাছে আবার ডাক পড়িল— "কাকীমা, আহ্লিকে বসিয়াছ নাকি ?"

অনপূর্ণা কহিলেন, "না, তুই আয়।"

বিহারী ঘরে প্রবেশ করিল। এত সকালে মহেক্রকে জাগ্রত দেখিয়া কহিল, "মহিন্দা, আজ তোমার জীবনে এই বোধ হয় প্রথম সুর্য্যোদয় দেখিলে।"

মহেক্ত কহিল—"হাঁ বিহারি, আজু
আমার জাবনে প্রথম সুর্য্যোদয় । বিহারীর
বোধ হয় কাকীমার সঙ্গে কোন পরামশ
আছে—আমি যাই।"

বিহারী হাসিয়া কহিল, "তোমাকেও না হয় ক্যাবিনেটের মিনিষ্টার্ করিয়া লওয়া গেল। তোমার কাছে আমি ত কথনো কিছু গোপন করি নাই—য়ি আপত্তি না কর, আজ্ঞও গোপন করিব না।"

মহেক্স। আমি আগন্তি করিব। তবে, আর দাবী করিতে পারি না বটে। তুমি বদি আমার কাছে কিছু গোপন না কর, তবে আমিও আমার প্রতি আবার শ্রদ্ধা করিতে পারিব।

আজকাল মহেন্দ্রের সন্মুথে সকল কথা অসক্ষোচে বলা কঠিন। বিহারীর মুথে বাধিয়া আসিল, তবু সে॰ জোর করিয়া বলিল—"বিনোদিনীকে বিবাহ করিব, এমন একটা কণা উঠিয়াছিল, কাকীমার সঙ্গে সেই সম্বন্ধে আমি কথাবার্তা শেষ করিতে আসি-যাছি।"

মহেক্স একাস্ত সঙ্কৃচিত হইরা উঠিল। অন্নপূর্ণা চকিত হইয়া বলিয়া উঠিলেন—"এ আবার কি কথা বিহারি ?"

মহেন্দ্র প্রবল শক্তি প্রয়োগ করিয়া সঙ্কোচ দ্র করিল। কহিল, "বিহানি, এ বিবাহের কোন প্রয়োজন নাই।"

অন্নপূৰ্ণা কহিলেন, "এ বিবাহের প্রস্থাবে কি বিনোদিনীর কোন যোগ আছে ?"

विश्वती कश्तिः "किছूमाळ ना !"

অন্নপূৰ্ণা কহিলেন, "সে কি ইহাতে রাজি হইবে?"

মহেক্স বলিরা উঠিল—"বিনোদিনী কেন রাজি হইবে না কাকীমা ? আমি জানি, সে একমনে বিহারীকে ভক্তি করে—এমন আশ্রয় সে কি ইচ্ছা করিয়া ছাড়িয়া দিতে পারে ?"

বিহারী কহিল—"মহিন্দা, আমি বিনোদনীকে বিবাহের প্রস্তাব করিয়াছি—দেল লক্ষার সঙ্গে তাহা প্রত্যাধ্যান করিয়াছে।"
ভানিয়া মহেক্স চুপ করিয়া রহিল।

(cc)

ভালর-মন্দর ছই-তিন-দিন রাজণক্ষীর কাটিয়া গেল। একদিন প্রাতে তাঁহার মুখ বেশ প্রসর ও বেদনা সমস্ত হ্রাস হইল। সেই-দিন তিনি মহেক্সকে ডাকিয়া কহিলেন— "আর আমার বেশিক্ষণ সমর নাই—কিন্তু আমি বড় ক্মথে মরিলাম মহিন্, আমার কোন হংথ নাই। তুই যখন ছোট ছিলি, তথন ভোকে লইয়া আমার যে আনন্দ ছিল, আৰু সেই আনবন্দ আমার বুক ভরিয়া উঠিয়াছে—তুই আমার কোলের ছেলে, আমার বুকের ধন—তোর সমন্ত বালাই লইরা আমি চলিরা ঘাইতেছি, এই আমার বড় প্রথ!"—বলিয়া রাজলন্দ্রী মহেক্রের মুখে-গায়ে হাত বুলাইতে লাগিলেন। মহেক্রের রোদন বাধা না মানিয়া উচ্চ্বসিত হটতে লাগিল।

ताकनात्री कहितन, "काँनिम् तन महिन! লক্ষী ঘরে রহিল। <u>বৌমাকে</u> চাবিটা দিস। সমস্তই আমি গুছাইয়া রাথিয়াছি: ভোদের ঘরকলার জিনিষের কোন অভাব হইবে না। আর-একটি কথা আমি বলি মহিন্, আমার মৃত্যুর পূর্বে কাহাকেও জানাস নে—আমার বাক্সে হহাজার টাকাব নোট আছে, তাহা আমি वितामिनीक मिलाम। (म विधवा, এका-কিনী, ইহার স্থদ হইতে তাহার বেশ যাইবে—কিন্তু মহিন, তাহাকে তোদের সংসারের ভিতরে রাখিদ নে, ভোর প্রতি আমার এই অমুরোধ রহি**ল**।"

বিহারীকে ডাকিয়া রাজলক্ষী কহিলেন, "বাবা বিহারি, কাল মহিন্ বলিতেছিল, তুই পরীব ভদ্রলোকদের চিকিৎসার জন্ম একটি বাগান করিয়াছিস্—ভগবান্ ভোকে দীর্ঘজীবী করিয়া গরীবের হিত করুন। আমার বিবাহের সময় আমার শশুর আমাকে একথানি প্রাম যৌতুক করিয়াছিলেন, সেই গ্রামধানি আমি ভোকে দিলাম, ভোর গরীবদের কাজে লাগাদ, তাহাতে আমার শশুরের পুণা হইবে।"

রাজলক্ষীর মৃত্যু হইলে পর প্রাদ্ধশেষে মহেল কহিল-- ভাই বিহারি, আমি

ভাক্তারি থানি — তুমি যে কাজ প্রারম্ভ করি।
য়াছ, আমাকেও তাহার মধ্যে নাও। চুনি
থেরপ গৃহিণী হইয়াছে, সে-ও তৌমার
অনেক সহায়তা করিতে পারিবে। আমরা
সকলে সেইথানেই থাকিব।"

বিহারী কহিল—"মহিন্দা, ভাল করিয়া ভাবিয়া দেথ—এ কাঞ্জ কি বরাবর ভোমার ভাল লাগিবে ? বৈরাগ্যের ক্ষণিক উচ্ছ্বাসের মুথে একটা স্থায়ী ভার গ্রহণ করিয়া বসিয়ো না।"

মহেক্স কহিল—"বিহারি, তুমিও ভাবিয়া দেখ, যে জাবন আমি গঠন করিয়ছি, তাহাকে লইয়া আলস্যভরে আর উপভোগ করিবার জো নাই—কর্মের দ্বারা তাহাকে যদি টানিয়া লইয়া না চলি, তবে কোন্দিন দে আমাকে টানিয়া অবসাদের মধ্যে ফেলিবে। তোমার কর্মের মধ্যে আমাকে স্থান দিতেই হইবে।"

(महे कथारे श्रित हहेग्र) (गल:

অশ্বপূর্ণা ও বিহারী বসিয়া শান্ত বিষাদের সহিত সেকালের কথা আলোচনা
করিতেছিলেন। তাঁহাদের পরস্পরের
বিদায়ের সময় কাছে আসিয়াছে। বিনোদিনী বারের কাছে আসিয়া কহিল,
"কাকীমা, আমি কি এখানে একটু বসিতে
পারি প"

অন্নপূৰ্ণা কহিলেন, "এস, এস বাছা, বোস।"

বিনোদিনী আসিয়া বসিলে তাহার সহিত ছই-চারিটা কথা কহিয়া বিছানা তুলিবার উপলক্ষ্য করিয়া অন্নপূর্ণা বারান্দায় গেলেন। বিনোদিনী বিহারীকে কহিল, "এথন আমার প্রতি ভোমার যাহা আঁদেশ; তাহা বল!"

বিহারী কহিল, "বোঠা'ণ, ভূমিই বল, ভূমি কি করিতে চাও!"

বিনোদিনী কহিল—"শুনিলাম, গরীব-দের চিকিৎসার জন্ম গঙ্গার ধারে তুমি একথানি বাগান লইয়াছ;—আমি সেথানে তোমার কোন-একটা কাজ করিব। কিছু না হয় ত আমি রাধিয়া দিতে পারি।"

বিহারী কহিল, "বোঠা'ণ, আমি অনেক ভাবিয়াছি। নানান হাঙ্গামে আমাদের জীবনের জালে অনেক জ্বটা পডিয়া গেছে। এখন নিভূতে ব্দিয়া-ব্দিরা তাহারই একটি একটি গ্রন্থিমোচন করিবার দিন আসিয়াছে। भृत्वि <u>मुमञ्ज भित्रकात कित्रता नहे</u> एक इहेर्दा এখন হৃদয় যাহা চায়, তাহাকে আর প্রশ্রয় দিতে সাহস হয় না। এ প্যান্ত যাহা-কিছু ঘটিয়াছে, যাহা-কিছু দহ্য করিয়াছি, ভাহার সমস্ত আবর্ত্তন, সমস্ত আন্দো**লন শাস্ত** করিতে না পারিলে, জীবনের সমাপ্তির জন্ম প্রস্তুত হইতে পারিব ন।। যদি সমস্ত অতীতকাল অমুকুল হইত, তবে সংসারে একমাত্র তোমার ছারাই আমার জীবন সম্পূন হইতে পারিত,—এখন তোমা হইতে; আমাকে বঞ্চিত হইতেই হইবে। এখন আর হুখের জন্ম চেষ্টা বুথা, এখন কেবল আত্তে আন্তে সমস্ত ভাঙ্চুর সারিয়া লইতে হইবে।"

এই সময় অন্তপূর্ণা ঘরে ঢুকিতেই বিনোদিনী কহিল, "মা, আমাকে 'তোমার পায়ে স্থান দিতে হইবে। পাপিষ্ঠা বলিয়া আমাকে ভূমি ঠেলিয়ো না।" অশ্নপূর্ণ। কৈহিলেন, "মা, চল, আমার সঙ্গেই চল।"

অন্নপূর্ণা ও বিনোদিনীর কাশীতে যাই-বার দিন কোন স্থাবাগে বিহারী বিরলে বিনোদিনীর সহিত দেখা করিল। কহিল, "বোঠা'ণ, ভোমার একটা-কিছু চিহ্ন আমি কাছে রাখিতে চাই।"

বিনোদিনী কহিল, "আমার এমন কি আছে, যাহা চিয়ের মত কাচে রাখিতে পার ?"

বিহারী লজ্জা ও সঙ্কোচের সহিত কহিল

-- "ইংরাজের একটা প্রণা আছে, প্রিয়জনের একগুচ্চ চূল স্মরণের জন্ম বাধিয়া
দেয়—যদি ভূমি—"

বিনোদিনী। ছিছি কি লুণা। আমার চুল লইয়া কি করিবে। সেই অশুচি মৃতবস্তু আমার এমন কিছুই নহে, যাহা আমি
তোমাকে দিতে পারি। আমি হতভাগিনা
তোমার কাজে থাকিতে পারিব না—আমি
এমন একটা-কিছু দিতে চাই, যাহা আমার
হইয়া তোমার কাজ করিবে—বল, তুমি
লইবে প

विहाती कहिन-"नहेव।"

তথন বিনোদিনী তাহার অঞ্চলের প্রান্ত থুলিয়া হাজারটাকার ত্ইথানি নোট বিহারীর হাতে দিল।

বিহারী স্থগভীর আবেগের সহিত স্থিব-দৃষ্টিতে বিনোদিনীর মুথের দিকে চাহিয়া রহিল। থানিক বাদে বিহারী কহিল, "আমি কি তোমাকে কিছু দিতে পারিব না ?"

বিনোদিনী কহিল, "তোমার চিহ্ন আমার কাছে আছে, তাহা আমার অঙ্গের ভূষণ-তাহা •কেহ কাড়িতে পারিবে না।
আমার আর কিছু দরকার নাই।"—বলিয়া
সে নিজের হাতের সেই কাট। দাগ দেখাইল।

বিহারী আশ্চর্য্য হইয়া রহিল। বিনো
দিনী কহিল, "তুমি জান না—এ তোমারি
আঘাত —এবং এ আঘাত তোমারি উপয়্ক !
ইহা এখন তুমিও ফিরাইতে পার না!"

মাসিমার উপদেশসত্ত্বেও আশা বিনো দিনীসম্বন্ধে মনকে নিষ্ঠ ককরিতে পারে নাই। রাজলক্ষীর সেবায় হুইজনে একত্রে কাজ করিয়াছে, কিন্তু আশা যথনি বিনো-मिनोटक (मथियाटक, उथिन डाहात बुटकत মধ্যে ব্যথা লাগিয়াছে-মুখ দিয়া সহজে कणा वाहित इम्र नाहे, अवर हात्रिवात ८०३। তাহাকে পীড়ন করিয়াছে। বিনোদিনীর নিকট হইতে সামাগু কোন সেবা গ্ৰহণ করিতেও তাহার সমস্ত চিত্ত বিমুপ হইয়াছে। বিনোদিনীর সাজা পান অনেক সময়ে শিষ্টতার থাতিরে তাহাকে গ্রহণ করিতে হইয়াছে, কিন্তু আগালে তাহা ফেলিয়া **मियारिक**। किन्छ आक यथन विमायकाल উপস্থিত হইল মাসিম৷ সংসার হইতে দিতীয়বার চলিয়া যাইতেছেন বলিয়া আশার হৃদ্য যথন অঞ্জলে আর্দ্র হইয়া গেল, তথন সেই সঙ্গে বিনোদিনীর প্লতি তাহার করুণার উদয় হইল। যে একে-বারে চলিয়া ঘাইতেছে, তাহাকে মাপ করিতে পারে না, এমন কঠিন মন অন্নই আছে। আশা জানিত, বিনোদিনী মহেন্দ্রকে ভালবাদে; মহেন্দ্রকে ভাল না বাসিবেই বা কেন

। মহেন্দ্রকে ভালবাসা যে কিরূপ অনিবাধ্য আশা তাহা নিজের হৃদয়ের

ভিতর হইতেই জানে। নিজের ভালবাসার সেই বেদনায় বিনোদিনীর প্রতি আ**জ** वित्नं किनी তাহার বড দ য়া इडेल। मर्ञ्चरक চित्रमित्नत अञ्च ছाড़िया यारेटा इ, তাহার যে হর্কিষহ হ:থ, তাহা আশা অতি-বড শক্রর জন্মও কামনা করিতে পারে না---মনে করিয়া তাহার চক্ষে জল আসিল; এককালে সে বিনোদিনীকে ভাল বাসিয়া-**डिल** (मरे ভालवामा डाहारक म्मर्न कतिल। সে ধারে ধীরে বিনোদিনীর কাছে আসিয়া অতান্ত করুণার সঙ্গে, স্লেছের সঙ্গে, বিষা-দের সঞ্জে মৃত্রসরে কহিল,—"দিদি, ভূমি **जिंदिन ?**"

বিনোদিনী আশার চিবুক 'ধরিয়া কহিল—"হাঁ বোন, আমার বাইবার সমর আসিরাছে। একসমরে তুমি আমাকে ভাল বাসিয়াছিলে—এখন স্থথের দিনে সেই ভালবাসার একটুখানি আমার জল্পে রাথিয়ো ভাই— আর সব ভ্লিয়া বেরোন"

মহেন্দ্র আসিরা প্রণাম করিরা কহিল, "বোঠা'ণ, মাপ করিয়ো।"— তাহার চোথের প্রান্তে চুই-ফোঁটা অশু গড়াইয়া পড়িল।

সমাপ্ত।

वग्रकत्र।

আমাদের দেশে রীতিমত ব্যাকরণ কবে সৃষ্ট হইয়াছিল, তাহা নির্দেশ করা সহজ্ব নহে। তবে আমাদের দেশ যে এ বিষয়ে অগ্রহায়ী, তাহাতে সন্দেহ নাই।

"The Hindus are the only nation that cultivated the science of grammar without having received any impulse directly or indirectly from the Greeks"—Max Muller in his 'Science of Language'.

অধ্যাপক ম্যাক্সমূলর ভারতে ব্যাকরণের রচনাকালসম্বন্ধে এইরূপ মত প্রকাশ করিয়াছেন:—It "dates from the 6th century B. C. which are still unsurpassed in the grammatical literature of any nation. (Science of Language)

আমর। প্রবাদপরম্পরায় রীতিমত ব্যাকরণের কতকগুলি নাম প্রাপ্ত হই— ঐক্র, মাহেশ, শাকটায়ন, শৌনক, কাত্যায়ন, কৌৎস, পাণিনি, বরক্ষচি (প্রাক্কতব্যাকরণ-কার), পুরন্দর, ষাস্ক (শাকটায়ন-প্রভিত্তিত নৈক্ষক্তমতবাদের প্রতিবাদী), ক্লপুসিদ্ধি, লক্ষেম্বর,ভামহ, ভরত, কোহল, বসন্তরাজ, মার্কণ্ডেয়, ক্রমদীখর, দীপল্লর, মৌগ্গল্যা-য়ন, শিলাবংশ, মুগ্ধবোধকার বোপদেব।

এই নামগুলির মধ্যে কতকগুলির সময়-নিরূপণ হইয়াছে—শৌনক ও তাঁহার ছাত্র কাত্যায়ন খু পু ৬৪ শতাকী; কোৎস থু পু • ৫ম বা ৬ ঠ শতাকী; যাক্ষ ৪র্থ; শাকটায়ন যাঙ্কের সমসাময়িক বা পূর্ব্ববর্ত্তী বলিয়া যাস্ক শাকটায়নের মত খণ্ডন করিয়া-ছেন। পাণিনি আচার্যা গোল্ড্টুকুরের মতে পৃষ্টকমের ৬০০বংসর পূর্ববর্তী; পণ্ডিত তারানাথ তর্কবাচম্পতি তাঁহাকে ৫০০ शृहेशृत्वत वाकि वनिष्ठ हारहन; डाकात রামদাস সেন কিন্তু এতত্ত্তারের অপেকা বছ প্রাচীনকাল নিদেশ করিবার যুক্তি দেখাইয়া-ছেন; অধ্যাপক ম্যাক্সমূলর ও অধ্যাপক সেদ (Sayace) তাঁহার কাল খুষ্টপূর্ব চতুর্থ भजाकी विषयाहिन; এवः मात्. উव्लिউ. शक्तात छेक कालक २०० शृष्टेशृर्स्तत निकरे-वडी विनिष्ठा अक्षां शक भाष्त्रभून त ७ तिरात মতেরই পোষক হইয়াছেন। যাহাই হউক, প্রায় খৃষ্টপুকা ষষ্ঠ শতাকীর কোন অংশে রীতিমত সংস্কৃতব্যাকরণের সৃষ্টি হইয়াছিল विश्वा निटफंभ कत्रित्म, त्वांध अग्र विटमंघ ল্রমে পড়িতে হয় না। পণ্ডিত ভরতচক্ত শিরোমণি ১১৮২ শকে বোপদেবের জন্ম अश्यान करतन; नल्मिश करहन, भक्दा-চার্যোর সময় হইতে ২১০বংসর অতীত **১ইলে তাঁহার জন্ম হয়;** ডাক্তার রামদাস দেন এই শেষ মতেরই পোষকতা করিয়াছেন (ঐতিহাসিক রহস্য ভৃতীয় ভাগ)। তাহা হইলে বোপদেব খুষ্ঠীয় দশম বা একাদশ শতান্ধীতে প্রাহর্ভ হন, কারণ শঙ্কর ৭৮৮ খুষ্টাব্দে (শ্রীযুক্ত রমেশ দত্তের মতে) বা নবম শতাব্দীর প্রারম্ভে

(হণ্টর-সাহেয়:বর মতে) অবতীণ হটরা-ছিলেন।

এক্ষণে দেখা যাউক, সম্পূর্ণ ব্যাকরণ গঠিত হইবার পূর্ব্ব হইতেও কির্নপে ক্রমশ ব্যাকরণের স্ত্রপাত হইয়া আসিতেছিল। ব্যাকরণের মূল কার্য্য কি, তাহা অগ্রে না ব্রিলে চলিবে না। ব্যাকরণের কার্য্য দ্বিবিধ

১ম। বাক্য ও শব্দের আদিম রূপ ও প্রকরণ নির্দারণ; ইহা বাক্য ও শব্দ-গুলিকে পদনিরপেক্ষ হইয়া স্বাধীন-স্বতন্ত্র-ভাবে বিচার করে।

২য়। বিভক্তিকারকাদি নির্ণয় করা; ইহা পদসাপেক হট্যা বাক্য বা শক্তের অবস্থানির্ণয় করিয়া থাকে।

এই ছই কাণোর জন্যই তাহার পারিভাষিক শব্দের প্রয়োজন। এক্ষণে দেখা
উচিত, আমরা কবে হইতে পারিভাষিক
শব্দের দর্শন পাইতেছি, এবং সর্বাপ্রথম
পারিভাষিকের কাল হইতেই ব্যাকরণের
স্ক্রপাত ধরিয়া লইতেই হইবে।

আমাদের দেশের দর্বাপেক। প্রাচীন রচনা বৈদিক সাহিত্য। বৈদিক কালের গ্রন্থগুলিকে নিম্নলিখিতরূপে বিভাগ করা যাইতে পারে—

- ১। ছন্দ ব'বেদবিভাগ ১৪০০—১৯০০ থ্০ পূ০। ২। মন্ত্র ... ১০০০—৮০০ এ। ৬। ব্রাহ্মণ ... ৮০০—৬০০ এ।
- ে। উপনিষদ্

"যে ভাষার আদিম হিন্দুগণ কথ। কহি-তেন, বেদে ঠিক সেইরূপ ভাষাই রক্ষিত

হইয়াছিল"; বেদ গ্রামা বা চাষ্যুর গীত হইতে ক্রমশ বৃহৎ আকারে গঠিত হইয়া উঠিয়া-ছিল। তথনও লিপিপ্রথার আবিষ্কার হয় নাই, কাজেই লিখিত ও কথিত বলিয়া বিভিন্ন প্রকারের ভাষার উপদ্রব ছিল না। এজন্য যে ভাষায় কথা কহা হইত, সেই ভাষাতেই গান রচিত হইয়া মুথে মুথে প্রচারিত হইতে লাগিল। স্থতরাং বেদের মধ্যে ব্যাকরণের বীজ খুঁজিবার প্রয়োজন নাই : 'মন্ত্রের' কালেও লিখিবার কৌশল অজ্ঞাত ছিল (ইহার বিবরণ বিশদভাবে ভবিষাৎ প্রবন্ধে বিচার করা যাইবে)। यथन निथिवात (कोमन उँखाविक इटेन. তথন লিখিত ও কথিত ভাষার পার্থকা ঘটিতে কিছুদিন অতিবাহিত হইয়াছিল; কারণ যে ভাষা লিখিত হইয়া ভিরতপ্রাপ হইয়াছিল, অপর পক্ষে সেই ভাষাই কথিত হইতে হইতে নানারূপে পরিবর্ত্তি হইয়া গেল, লিখিত-বেচারা শৃতালবেষ্টিত হইয়া আর নড্চড় করিতে পারিল না। এইরপে লিখিত ও কথিত ভাষার পাথকা সংঘটত হয়: যথন এই স্ত্রপাত হইল, তথন वाकितर्पत्र इहे- अकिं विरम्ध लक्कर्पत আভাস লিখিত ভাষায় কৃটিয়া উঠিতে লাগিল। এই প্রথম আভাস "ব্রাহ্মণে"।

"ব্রাহ্মণে" আমরা অক্ষর, বর্ণ, পদ ইত্যাদির ও একবচন, দ্বিচন ও বছবচনের উল্লেখ দেখিতে পাই। ছান্দোগ্যোপিনষদে বর্ণদকল বিভাগক্রমে বিশেষ বিশেষ নামে অভিহিত হইরাছে, যথা —ম্পশ, ব্যঞ্জন ও শ্বর এবং উন্মন্। তৎপরে "স্ত্র"-পর্যায় দাহিত্যে যথার্থ শৃষ্মলামুষায়া (Scientific) বৈয়াকরণীয় বিতর্ক দেখিতে পাওয়। ষায়; তদনস্থর প্রাতিশাথো (ব্যাহ্মণান্তর্গত প্রাথমিক ব্যাকরণ-প্রক্রিয়া-প্রবন্ধ), নিরুক্তে ও পাণিনির ব্যাকরণে ক্রমশ ইহার চূড়ান্ত মীমাংসা হইয়া গিয়াছে। ইহা ছারাই প্রতীয়মান হইতেছে যে, ব্যাকরণশাস্ত্র বছ-পুরাত্ন।

এক্ষণে প্রতীচা ব্যাকরণের কালনির্ণয়ে চেষ্টা করা যাউক। প্লেটো (৪২৯—৩৪৭ খৃ পৃ া কেবলমাত্র বিশেষা ও ক্রিয়ার নাম অবগত ছিলেন: এবং আরিষ্টটলও (৬৮৪ – ৩২২ খু• পূ•) ইহা অভিক্রেম করিয়া অধিকদুর অগ্রসর হন নাই। তিনি অলগারশাস্ত্রের আলোচনাবসরে অবায়ের (Conjunction and Article) অবতারণা করিয়াছেন। সর্বনামের উল্লেখ জেনোডোটাদের পূর্কে দেখিতে পাওয়া বায় না, এবং আরিষ্টার্কাদের (মৃত্যু ১৫০ খু পু ৽ ?) গ্রন্থে প্রথম উপদর্গের (Preposition) উল্লেখ দেখিতে পাওয়া যায়। জেনোডোটাস, আলেক্জান্তিয়া পুন্তকাগারের প্রথম অধ্যক (Librarian), 'আটিকিল'কে প্রথম 'ছেফিনিট্' ও 'ইনছেফিনিট্' বলিয়া বিভাগ করেন, এবং তিনিই প্রথম ছি-বচনের ব্যবহার প্রবর্ত্তন করেন (২৫০ খু॰ পু॰)। 'সিজার' তাঁহার 'ডি অ্যানা-লোগিয়া'তে পঞ্মী বিভক্তির (ablative) ব্যবহার করেন (গাালিক যুদ্ধের সম-সময়ে), কিন্তু অপর পক্ষে প্রাতিশাথ্যে নাম (বিশেষা), আখ্যাত (কৈয়া). উপদর্গ এবং নিপাতের উল্লেখ দেখিতে পাই

অর্থ সহজবোধা। নিরুক্ত ৭।২ এবং 'চুতুরা-ধাারিকা'য় আমরা সর্ব্বনামের উল্লেখ দেখিতে পাই। 'বচন'-ভেদ আমরা রাহ্মণে পাইয়াছি, কিন্তু আরিষ্টটল্ই প্রথম প্রতীচ্যারাজ্যে বচন-বিভাগের আবশ্যকতা উপলব্ধি করিয়াছিলেন, এবং বচনের নামকরণ তাঁহার বহু পরে হইয়াছিল। আরিষ্টটল্ কারকের নাম জানিতেন না, কিন্তু প্রাতিশাখো সাতটি বিভক্তিরই নাম দেখা যায়। কাত্যায়ন প্রাতিশাখো আছে—

"তিগুকতদ্বিত চতৃষ্ট্রদমাদা: শক্ষর্য।"
শাক্টারন নৈক্সকশাথার প্রতিষ্ঠাতা। শক্ষরই ধাতু হইতে উৎপন্ন বিশিন্না তিনি
প্রচার করেন। অধ্যাপক ম্যাক্সমূলর বলেন
(History of Ancient Sanskrit Literature) যে, গ্রীকেরা এক বিষয়ে আমাদের

অগ্রবারী, লিঙ্গনির্ণর পাণিনি প্রথম করিয়া-ছিলেন, কিন্তু প্রোটাগোরাস্ (৪৮০---৪১১ খৃ প্ পৃ ?) তৎপুর্বেই (?) তাহা নির্ণর করিতে সক্ষম হইয়াছিলেন।

খণ্ডশ দেখা হইল; এক্ষণে দেখা
যাউক, সম্পূৰ্ণ ব্যাক্রণ কবে লিখিত
হইয়াছিল। হিক্র ব্যাক্রণ খৃষ্টপূর্ব্ব ৪র্থ
শতান্ধীর কোন সময়ে রচিত হয়। য়ৢরোপে প্রথম ব্যাক্রণ লেখেন (Dionysius Thrax)
ভাওনিসিয়াস্ পুনাক্স্—আরিষ্টার্কাদের
(Aristarchus) ছাত্র পম্পের (Pompey —১০৬—৪৮ খৃ০ পু০। সময়ে রোমে
গ্রীক্ভাষার প্রকাশ করেন। তৎপরে ক্রেট্স্
অফ্ মাালস্ গ্রীসে ব্যাক্রণ রচনা করেন।
আব্ল আস্ওয়েদ (মৃত্যু ৬৮৮ খৃষ্টান্দে)
হারবী ব্যাক্রণের প্রথম রচ্মিতা।

ইহা হইতেই দেখিতে পাওরা যাইতেছে, ব্যাকরণরচনায় ভারতবর্ষ অন্তান্ত সকল জাতি অপেকা কত অগ্রযায়ী। আরও কোন্কোন্বিষয়ে ভারতবর্ষ অন্তান্ত জাতির অগ্রণী, ভাহ। ক্রমশ দেখাইবার চেটা করিব, আশা রহিল।

बीठांक्ठ**क** नत्मां भाषाया ।

অজ্ঞাত দান।

কবে এসে ভেসে গেলে ছায়ার মতন সে বারতা আজো নাহি জানে কোন জন! তুমিও নাহিক জান—মোর তপ্ত প্রাণ যেটুকু সান্ধনা বহে সে তোমারি দান!

অত্যুক্তি।

পৃথিবীর পৃক্ষকোণের লোকেরা, অর্থাৎ আমরা, অত্যক্তি অতান্ত বাবহার করিয়া থাকি; আমাদের পশ্চিমের গুরুমশায়দের কাছ হইতে এ লইয়া আমরা প্রায় বকুনি থাই। বাঁহারা সাত-সমূদ পার হইয়া আমাদের ভালর জন্ত উপদেশ দিতে আসেন, তাঁহাদের কথা আমাদের নতশিরে শোনা উচিত। কারণ, তাহারা যে কেবল কথা বলিতে জানেন তাহা নহে—কি করিয়া কথা শোনাইতে হয়, তাহাত্ত তাঁহাদের অবিদিত নাই আমাদের কানের উপর তাঁহাদের দথল সম্পূর্ণ।

উত্তরচরিতে সীতার প্রতিলোকাপবাদের
ভূমিকাস্বরূপ 'নথা স্ত্রীণাং তথা বাচাম্''
ইত্যাদি বলিয়া একটা শ্লোক আছে। তাহার
অর্থ এই যে, স্ত্রীলোকসংক্ষে এবং বাক্যসম্বন্ধে লোকে নানান্ কথা তুলিয়া পাকে।
কবির উক্তি আজ থাটিয়াছে। আমাদের
বাক্যপ্রয়োগসংক্ষে আজ অনেক অশাস্তিকর কথা উঠিয়াছে। লোকের কথায় স্ত্রীকে
রামচন্দ্র নির্বাদনে পাঠাইয়। প্রজারঞ্জন
করিয়াছিলেন,—আমরা বাক্যকে যদি
অরণো নির্বাদন করিতে পারিতাম, তবে
অরণো রোদন বন্ধ হইত এবং রাজরঞ্জনের
পুণ্যলাভ করিতাম।

আচারে-উক্তিতে আতিশ্য ভাল নহে, বাক্যে-ব্যবহারে সংযম আবশ্যক, এ কথা আমাদের শান্তেও বলে। তাহার ফল যে কলে নাই,তাহা বলিতে পারি না। ইংরেজের পক্ষে আমাদের দেশশাদন সহজ হইত না, যদি হামর। গুরুর উপদেশ না মানিতাম। যরে বাহিরে, এতদিনের শাদনের পরেও, যদি আমাদের উক্তিতে কিছু পরিমাণাধিকা থাকে,তবে ইহা নিশ্চয়, দেই অহাক্তি অপরাধের নহে, তাহা আমাদের একটা বিলাস্মাত। ইংরেজের দিগারেট্ নিঃশক্ষে পুমোল্গার করে, আমাদের হু কায় শক্ষ হয়—দেই শক্ষটাকে দেয়াদিবি মনে না করিয়া দরিদ্রের অবসরবিনাদনের একটা তুফ্ছ উপায় বলিয়া ধরিয়া লইলে অক্টায় হয় না।

আসল কথা, দকল জাতির মধোই সঞাজি ও আতিশয় আছে। নিজেরটাকেই অতান্ত সাভাবিক ও পরেরটাকেই অতান্ত অসক্ষত বোধ হয়। যে প্রসক্ষে আমাদের কথা আপনি বাড়িয়া চলে, দে প্রসক্ষে ইংরেজ কতান্ত বেশি বকিয়া থাকে, দে প্রসক্ষে আমাদের মুখে কথা বাহির হয় না। আমরা মনে করি—ইংরেজ বড় বাড়াবাড়ি করে, ইংরেজ মনে করে—প্রাচ্চালাকের পরিমাণবোধ নাই।

আমাদের দেশে গৃহস্থ অতিথিকে সংগা-ধন করিয়া বলে—"সমস্ত আপনারি—আপ-নারি বর, আপনারি বাড়ী।"'ইহা অত্যুক্তি। ইংরেজ তাহার নিজের রাশ্লাঘরে প্রবেশ করিতে হইলে রাধুনিকে জিজ্ঞাসা করে— "ঘরে ঢ়ুকিতে [•] পারি কি १" এ একরকমের অত্যাক্তি।

স্ত্রী মুনের বাটি সরাইয়া দিলে ইংরেজ স্থামী বলে—"আমার ধন্যবাদ জানিবে।" ইহা অত্যক্তি। নিমন্ত্রণকারীর ঘরে চকানে চোষ্য খাইয়া এবং বাধিয়া এদেশায় নিমন্ত্রিত বলে—"বড় পরিতোষ লাভ করিলামু"— অথাৎ আমার পরিতোধেই তোমার পারিতোধিক। নিমন্ত্রণকারী বলে—"আমি কৃতাথ হইলাম" ইহাকে অত্যক্তি বলিতে পার।

আমাদের দেশে স্ত্রী সামীকে পত্রে "শ্রচরণেয়" পাঠ লিথিয়া থাকে, ইংরেজের কাছে ইহ। অত্যক্তি। ইংরেজ যাহাকেভাহাকে পত্রে প্রিয়সধাধন করে—অভান্ত না হইয়া গেলে ইহা আমাদের কাছে অত্যক্তি বলিয়া ঠেকিত।

নিশ্চয়ই সারে: এমন সহস্র দৃষ্টাপ্ত আছে। কিন্তু এগুলি বাধা অঞাজি— ইহারা পৈতৃক। দৈনিক বাবহারে আমরা নব নব অত্যাক্তি রচনা করিয়। থাকি—ইহাই প্রাচাজাতির প্রতি ভংসনার কারণ।

তালি একহাতে বাজে না। তেমনি কথা ছজনে মিলিয়া হয়—প্রাতা ও বক্তা যেখানে পরস্পরের ভাষা বোঝে, সেখানে অত্যক্তি উভয়ের যোগে আপনি সংশোধিত হটয়া আসে। সাহেব যথন চিঠির শেষে আমাকে লেখেন Yours truly – সভাই তোমারি, ভখন তাঁহার এই অভ্যন্ত ঘনিষ্ঠ আত্মীয়ভার সভ্যপাঠটুকুকে ভর্জমা করিয়া আমি এই বৃথি, তিনি সভ্যই আমারি নহেন। বিশেষত বড়সাহেব যথন নিজেকে আমার বাধাতম ভ্রুতা বলিয়া বর্জনা করেন.

তথন অনায়াদে সে কথাটার যোল-আনা বাদ দিয়া তাহার উপরে আরো যোল-আনা কাটিয়া' লইতে পারি। এগুলি বাঁধা-দস্তরের অত্যুক্তি, কিন্তু প্রচলিত ভাষা-প্রয়োগের মহাক্তি ইংরে**জিতে** ঝডিঝড়ি আছে। Immensely, immeasurably, extremely, awfully, infinitely, absolutely, ever so much, for the life of me, for the world, unbounded, endless প্রভৃতি শব্দপ্রয়োগগুলি যদি স্বত যথাৰ্থভাবে লওয়া যায়, তবে প্ৰাচ্য অত্যক্তি-গুলি ইহছনো আর মাথা তুলিতে পারে না। বাহাবিষয়ে আমাদের কতকটা ঢিলামি আছে, এ কথা স্বীকার করিতেই হইবে। বাহিরের জিনিষকে আমরা ঠিকঠাকমত দেখি না, ঠিক্ঠাক্মত গ্রহণ করি না। যথন-তথন বাহিরের নয়কে আমরা ছয় এবং ছয়কে আমরা নয় করিয়া থাকি। ইচ্ছা করিয়া না করিলেও এন্থলে মজানকত পাপের ডবল দোষ—একে পাপ, তাহাতে ই ক্রিয়কে এমন অলম এবং বৃদ্ধিকে এমন অসাবধান করিয়া রাখিলে, পৃথিবাতে আমাদের ছটি প্রধান নিভরকে একেবারে মাটি করা হয় বুভান্তকে নিতান্ত দাঁকি দিয়া সিদ্ধান্তকে যাহারা কলনার সাহাযো গড়িয়া তুলিতে চেষ্টা করে, তাহারা নিজেকেই ফাঁকি দেয়। যে-যে বিষয়ে আমাদের ফাঁকি আছে, সেই-সেই বিষয়েই

আমরা ঠকিয়া বসিয়া আছি। একচকু

থরিণ যে দিকে ভাহার কাণা চোথ ফিরাইয়া

व्यातात्म चान थाहेरछिंग, त्महे मिक इहेरछहे

ব্যাধের তীর ভাহার বুকে বাঞ্চিয়াছে।

আমাদের কাণা চোষটা ছিল, ইহলোকের দিকে—দেই তরফ হইতে আমাদের শিক্ষা যথেষ্ট হইয়াছে। সেই দিকের ঘা'থাইয়া আমরা মরিলাম! কিন্তু স্বভাব না যায় ম'লে।

নিজের দোষ কবুল করিলাম, এবার পরের প্রতি দোষারোপ করিবার অবসর পাওয়া যাইবে। অনেকে এরপ চেষ্টাকে নিন্দা করেন, আমরাও করি। কিন্তু যে লোক বিচার করে, অত্যে তাহাকে বিচার করিবার অধিকারী: সে অধিকারটা ছাড়িতে পারিব না। তাহাতে পরের কোন উপকার হইবে বলিয়া আশা করি না—কিন্তু অপমানের দিনে যেথান হইতে যতটুকু আত্মপ্রসাদ পাওয়া যায়, তাহা ছাড়িয়া দিতে পারিব না।

আমরা দেখিয়াছি, আমাদের অভাতি অল্যবৃদ্ধির বাহ্বিকাশ। ত। ছাড়া মাঝে মাঝে ऋगीर्घकाल পরাধীনভাবশত চিত্ত-বিকারেরও হাত দেখিতে পাই: যেমন व्यामानिशरक यथन-ज्थन, नगरव जनभरव. উপলক্ষা থাক বা না থাক, চাংকার করিয়া বলিতে হয়—আমরা রাজভক্ত। অথচ ভক্তি করিব কাহাকে, তাগার ঠিকানা নাই। षाहरानत वहरक, मा, कशिमनत-प्रारहरवत চাপরাশকে, ना, ^१ लिएमत मारताशास्क १ গবর্মেণ্ট আছে, কিন্তু মাতুষ কই ৭ সদয়ের সম্বন্ধ পাতাইব কাহার সঙ্গে গু আপিসকে বক্ষে আলিক্ষন করিয়া ধরিতে পারি না। মাঝে মাঝে অপ্রত্যক রাভার মৃত্যু ব। ष्यां डिराइक डिश्न व्याचित्र विविध होता व আকারে রাজভক্তি দোহন করিয়া লইবার আয়োজন হয়, তথন, ভীতচিত্তে, ৬ফভব্তি চাকিবার জন্ম অভিদান ও অত্যুক্তির দারা রাজপাত্র কানায় কানায় পূর্ণ করিয়া দিতে হয়। যাহা স্বাভাবিক নহে, তাহাকে প্রমাণ করিতে হইলে লোকে অধিক চীংকার কারতে থাকে এ কথা ভূলিয়া যায় য়ে, মৃত্রারে যে বেহুরা ধরা পড়েনা, চীৎকারে ভাহা চার গুণ হইয়া উঠে।

কিন্ত এই শ্রেণীর অত্যুক্তির জন্ম আমরা একা দায়ী নই: ইহাতে পরাধীন জাতির ভীরতা ও হাঁনতা প্রকাশ পায় বটে, কিন্তু এই অবস্থাটার আমাদের কত্বপুরুষদের মহন্ত ও সভালুরাগের প্রমাণ দেয় না। জলাশয়ের জল সমতল নহে, এ কথা যথন কেই অমান্
মূধে বলে, তথন বুঝিতে ইইবে, সে কথাটা অবিশাস্থ হইলেও ভাহার মনিব ভাহাই শুনিতে চাহে। আভকালকার সামাজান্মদমন্তভার দিনে ইংরেজ লানাপ্রকারে শুনিতে চায় আমরা রাজভক্ত,— আমরা ভাহার চরশতলে সেন্টোয় বিজ্ঞাত। এ কথা জগতের কাচে ভাহার। ধ্বনিত-প্রতিধ্বনিত করিতে চাহে।

তাই, ঠিক যে সন্ত্রে ইংরেজের সঞ্চে ভারতবাদীর সদ্বের দ্বন্ধ সম্পূর্ণ বিচ্চিন্ন-প্রায়; যে সময়ে আমাদের প্রতি ইংরেজের বিত্যা ও অবজ্ঞা তাহাদের সামাজিক আচরণে ও আবসায়িক ব্যবহারে প্রতিদিন অনাবশুক স্থাপঠতার সহিত পরিকৃট হইয়া উঠিতেছে; যে সময়ে একে একে ভারতবর্ষ তাহার উচ্চ অধিকার হইতে ভাই ও আশ্রয় হইতে তাড়িত হইতেছে; যথন বিলাতের এঞ্জিনিয়ারিং কলেজ ভারতের ক্ধিরশোষণ

করিয়া • ভারত বাদীর নিকট তাহার দার-বোধ করিয়াছে; প্রধানত ভারতবাসীর দান-সাহায়ে প্রতিষ্ঠিত মেডিকাল কলেজে ভারতীয় ছাত্রের অধিকার ক্রমশ সঙ্কাণ ও বিদেশা মিলিটারী ছাত্রের সংখ্যা জ্রমশ প্রসরতাপ্রাপ্ত ; কড়্কি-কলেজের পার ক্ষপ্রায়, অধ্যাপনকায়ের ইচ্চবিভাগ इटेट्ट सुरयां (मनीय अक्षां भक्षा निका-সিত, প্রেগের টাকা দিবার জভ্য দেশের ভারতার ভাডিয়া নিবল ভারতের অথে दिवां ७ ४४८७ । जिल्लातित भन बाहु ५: যথন হাওয়। আপিস ভারতের অয়ে দিব। মুচিক্রণ হইয়া ভারতব্যীয় মাঞ্জতিথিদের নিকট হুটতে আতিপাখরচ নিলজ্জভাবে কড়ায়-গভায় গণিয়। লইবার ভন্ত মন্ত্র। দিতেছে, ভারতব্যীয় রাজকল্মশালায় আক ঝিক ফিরিঙ্গিলাবন উপস্থিত হছয়। স্রযোগ্ দেশা কথ্যসারারা ভাসিয়া ঘাইতেছে: যে সময়ে ভারতব্য সম্প ইংবেজ-উপনেবেশে অব্যানিত: যে সময়ে ইংবেজ ভারতবাসার भाषा त्काम वितासमात छेपछि अञ्चलह, যে কারণেই হউক, ভারতব্যেণ স্থবিচার পাহবার আশা প্রভাতের কুয়াশার মত ক্রম-শই অভান্ত কাণ ও স্বাঞ্চ হুইয়া আসিয়াছে : যে সময়ের অনতিকাল পুরের রাজদোহি-তার অপবাদ দিয়া রভচকু কতুপুরুষ ভজ্জনে-গৰ্জনে, শাসনে-আকালনে বিদ্রাজ্জালস ভারতবর্ষকে হসাৎ চকিত চঞ্চল করিয়া ফুলিয়াছিল; ঠিক সেই সময়টাতেই অধ্য ভারতবর্ষের রাজভক্তি ইংরেজ নানাপ্রকারে বিশ্বৰগতের কাছে উদেঘাষিত করিবার আয়োজন করিতেচে,—আশাসুরূপ ফলও

পাইয়াছে, শৃত্ত্বট যথেষ্টপরিমাণ শব্দ করি-তেছে। ছভিকে যথন ভারতবর্ষের পেটের দক্ তাহার পিঠের মেরুদণ্ডে গিয়া লাগিন্
য়াছে, তথন গোয়ালিয়রের রাজকোষ বিশ-লক টাকা অভলম্পন সমুদ্রের জলে অকস্মাৎ
উল্লার করিয়াছে, তথন বিকানিয়র অন্তি-লাধন
প্রমাণ করিয়াছে, তথন বিকানিয়র অন্তি-লাধন
করিয়াছি, তথন বিকানিয়র অন্তি-লাধন
করিয়া নিজের বায়ে কয়েকটি সৈতা সম্পন্
করিয়া নিজের বায়ে কয়েকটি সৈতা সম্পন্
লাহয়া পরের ঝগড়ায় চীন প্র্যান্থ ভাড়া
করিয়া গিয়াছে

এদিকে আমাদের প্রতি দিকি-প্রদার বিশ্বাস মনের মধ্যে নাই; এত-বড় দেশটা সমস্ত নিঃশেষে নিরস্তা; একটা হিংলা পশু ঘারের কাছে আসিলে ঘারে অর্গল লাগানো ছাচা আর কোন উপায় আমাদের হাতে নার—কথচ জগতের কাচে সাঞাজোর বলপ্রমাণ উপল্ফো আমাদের অটল ভক্তি রটাইবার বেলা খামরা আছি । মুসলমান সভাটের সময় দেশনায়কতা-সেনানায়কতার অধিকার আমর। হারটে নাই;--মুসলমান সমটে যথন সভান্তলে সামন্তরাজগণকে পাৰে লইয়া বসিতেন, তথন তাহা শৃভগভ প্রহসন্মান ছিল না। যথার্থই রাজারা সম্রাটের সহায় ছিলেন, রফী ছিলেন, সম্মান-ভাজন ছিলেন। আজ সে সমস্ত কিছুই নাহ, রাজাদের শক্তিসামর্থা অপহত, ভাহাদের সন্মান মৌথিক, অথচ ভাহাদিগকে পশ্চাতে টানিয়া লইয়া দেশে-বিদেশে রাজভক্তির অভিনয় ও আড়ম্বর তথনকার চেমে চারগুণ। হতভাগ্য রাজাগুলির এই-টুকুমাত্র কাজ। যথন ইংলভের সাম্রাজ্য-

লক্ষী সাজ পরিতে বদেন, তথন কলনি-গুলির সামান্ত শাসনকর্তারা মাথার মুকুটে ঝল্মল করেন: আর ভারতবর্ষের প্রাচীন-বংশায় রাজগণ তাঁহার চরণনূপুরে কিঞ্চিণীর মত আবদ্ধ হইয়া কেবল ঝক্ষার দিবার কাজ করেন-এবারকার বিলাতী দরবারে তাহা বিশ্বজগতের কাছে জারি হইয়াছে ! হায় জয়পুর যোধপুর-কোলাপুর, ইংরেজ-সামাজোর মধ্যে তোমাদের কোথায় স্থান, তাহা কি এমন করিয়া দেশে-বিদেশে ঘোষণা করিয়া আসিবার জ্ঞাই এত লক্ষ-नक ठाका विनाट्य अल्ल अनाअनि निया আসিলে

ইংরেজের সাখ্রাজ্য-জগয়াথজীর मिन्दित, राथारन कानाए।, निशुक्रिनाा ७, অষ্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকা স্ফীত উদর ও পরিপুষ্ট দেহ লইয়। দিব্য হাঁকভাক সহকারে পাণ্ডাগিরি করিয়া বেড়াইতেছে, সেথানে কুশজীর্ণতমু ভারতবর্ষের কে থাও প্রবেশা-ধিকার নাই—ঠাকুরের ভোগও তাহার কপালে অল্পই জোটে - কিন্তু যে দিন বিশ্ব-জগতের রাজপথে তাহরে অভভেদী রথ বাহির হয়, সেই একটা দিন রথের দড়া ধরিয়া টানিবার জগু ভারতবর্ধের ডাক পড়ে। দেদিন কত বাহবা, কত করতালি, কত সৌহার্দ্য-সেদিন কার্জ্জনের নিষেধ-শুৰালমুক্ত ভারতব্যীয় রাজাদের মণি-মাণিকা লণ্ডনের রাজপথে ঝল্মল্ করিতে থাকে এবং লওনের হাঁদপাতালগুলির 'পরে রাজভক্ত রাজাদের মুষলধারে বদাক্তা-বৃষ্টির বার্তা ভারতবর্ষ নতশিরে নারবে শ্রবণ করে! এই ঝাপারের সমস্তটা পাশ্চাত্য অত্যক্তি। ইহা মেকি অত্যক্তি –খাঁটি নহে!

প্রাচ্যদিগের অত্যুক্তি ও আতিশয্য অনেকসময়েই ভাহাদের স্বভাবের ঔদার্য্য হইতেই খটিয়া থাকে। পাশ্চাত্য অত্যুক্তি माक्षात्ना किनिय, छाहा काल विलिहे हम। দিল্দরাজ মোগলসমাট্দের আমলে দিল্লিতে দরবার জমিত। আজ দে দিল্নাই, সে দিল্লি,নাই, তবু একটা নকল দরবার করিতে হইবে। সংবৎসর ধরিয়া রাজারা পোলিট-কাল এজেণ্টের রাছগ্রাসে কবলিত;— <u> শাঝাজ্যচালনায়</u> তাহাদের স্থান নাই, কাজ নাই, তাহাদের স্বাধীনতা নাই—হঠাৎ একদিন ইংরেজসমাটের নায়েব, পরি-ত্যক্তমহিমা দিলিতে দেলাম কুড়াইবার জন্ম রাজাদিগকে তলব দিলেন, নিজের ভুলুছিত পোষাকের প্রান্ত রাজপুত রাজ কুমারদের বারা বছন করাইয়া লইলেন,—আকস্মিক উপদ্রবের মত এক-**किन এक** है। সমারোহের আগ্রেয় উচ্ছ্যাস উদ্গীরিত হইয়া উঠিল,—তাহার পর সমস্ত শৃত্য, সমস্ত নিপ্রভ।

এখনকার ভারতসাম্রাজ্য অপিসে
এবং সাহনে চলে—তাহার রংচং নাই,
গীতবাগু নাই, ভাহাতে প্রভ্যুক্ত মানুষ নাই।
ইংরেজের খেলাধূলা, নাচগান, আমোদপ্রমোদ, সমস্ত নিজেদের মধ্যে বদ্ধ—দে
সানক-উৎসবের উদ্ভ খুদকুঁড়াও ভারতবর্ষের জনসাধারণের জ্লু প্রমোদশালার
বাহিরে আসিয়া পড়ে না। আমাদের সঙ্গে
ইংরেজের সধ্ধ চাবুক-জেল-জ্রিমানা,
আপিসের বাধা কাজ এবং হিসাবের খাতা
সহির সম্বন্ধ। প্রাচ্য স্মাটের ও ন্বাবের
সঙ্গে আমাদের অলবন্ধ, শিল্পোভা, আনক-

উৎসবেক নানী সম্বন্ধ ছিল। তাঁহাদের প্রাসাদে প্রমোদের দীপ জ্বলিলে তাহার আলোক চারিদিকে প্রজাদের ঘরে ছড়াইয়। পড়িত—তাঁহাদের তোরণদ্বারে যে নহবৎ বসিত, তাহার আনন্দধ্বনি দীনের কুটারের মধ্যেও প্রতিধ্বনিত হইয়া উঠিত।

ইংরেজ সিভিলিয়ান্গণ পরস্পুরের আমন্ত্রণে-নিমন্ত্রণে-সামাজিকতার যোগদান করিতে বাধা, যে ব্যক্তি স্বভাবদোষে এই দকল বিনোদনব্যাপারে অপটু, ভাহার উন্নতির অনেক ব্যাবাত ঘটে। এই সমস্তই निरक्रात्त क्या (यथारन ऑक्टो इंश्तब আছে, দেখানে আমোদ-আফ্রাদের অভাব নাই — কিন্তু সে আমোদের চারিদিক্ আমো-দিত হইয়া উঠেনা। আমরা কেবল দেখিতে পाই - कुलि खना वाहित्व विनेत्रा मञ्ज छिटछ পাথার দড়ি টানিতেছে, সহিষ্ তগ্কাটের ঘোডার লাগাম ধরিয়া চামর দিয়া মশা-মাছি তাড়াইতেছে, মৃগয়ার সময় বাজে-লোকেরা জঙ্গলের শিকার তাড়া করিতেছে এবং বন্দুকের হুটোএকটা গুলি প্রক্রা ২ইতে ভ্রষ্ট হইয়। নেটিভের মশ্বভেদ করি-তেছে। ভারতবর্ষে ইংরেজরাজ্যের বিপুল শাসনকার্য্য একেবারে আনন্দ্রীন, সৌন্দ্র্যা-হান — তাহার সমস্ত পথই আপিদ-আদা-णाउत मिरक-जनमभारकत कारायत मिरक নহে। হঠাৎ ইহার মধ্যে একটা থাপ্ছাড়া দরবার সক্ষে তাহার কোন্থানে যোগ ? গাছে-. শতার ফুল ধরে, আপিসের কড়ি-বরগার ত माधवी-मञ्जूती कारि ना ! এ यन मक्जूमित মধ্যে ম্রীচিকার মত। এ ছায়া তাপ- নিবারণের জন্ম নহে, এ জল ভৃষ্ণা দূর করিবে না।

পূর্ব্বেকার দরবারে সমাটেরা যে নিজের প্রতাপ জাহির করিতেন, তাহা নহে; সে সকল দরবার কাহারো কাছে তারস্বরে কিছু প্রমাণ করিবার জন্ম ছিল না,---তাহা স্বাভাবিক;—দে সকল বাদশাহ-নবাবদের ওদার্ঘ্যের উদ্বেলিত-প্রবাহ-ছিল ;—দেই প্রবাহ বহন করিত, তাহাতে প্রার্থীর প্রার্থনা পূণ করিত, দীনের অভাব দূর হইত, তাহাতে আশা এবং আনন্দ দুর্দুরান্তরে বিকীণ रहेशा यारेखः वाशामी पत्रवात उपनक्षा কোন্ পীড়িত আগত হইয়াছে, কোন্ দরিদ্র স্থপপ্ল দেখিতেছে ? সেদিন যদি কোনো হ্রাশাগ্রস্ত হ্রাগা দর্থাস্তহাতে স্মাট্প্তিনিধির কাছে অগ্রসর হইতে চায়, তবে কি পুলিশের প্রহার পৃষ্ঠে লইয়া তাহাকে কাঁদিয়া ফিরিতে হইবে না ?

তাই বলিতেছিলাম আগামা দিল্লির দরবার পাশ্চাত্য অত্যক্তি, তাহা মেকি অত্যক্তি। এদিকে হিদাবকিতাব এবং দোকানদারিটুকু আছে—ওদিকে প্রাচান্ত্রাটের নকলটুকু না করিলে নয়। আমরা দেশব্যাপী অনশনের দিনে এই নিতান্ত ভূয়া দরবারের আড়ম্বর দেখিয়া ভীত হইয়াছিলাম বলিয়া কর্ত্তৃপক্ষ আশ্বাস দিয়া বলিয়াছেন— খরচ খুব বেশি হইবে না, য়াহাও হইবে, তাহার অর্দ্ধেক আদায় করিয়া লইতে পারিব। কিন্তু সেদিন উৎসব করা চলে না, য়েদিন খরচপত্র সাম্লাইয়া চলিতে হয়। তহবিলের টানাটানি লইয়া উৎসব করিতে

इहेरल, निरक्षत थत्र वाँठाहेवात पिरक पृष्टि রাথিয়া অন্তের থরচের প্রতি উদাসীন হইতে হয় তাই আগামী দরবারে সমা-টের নায়েব অল্ল থরচে কাজ চালাইবেন বটে, কিন্তু আড়ম্বরটাকে স্ফীত করিয়া তুলি-বার জন্ম রাজাদিগকে খরচ করাইবেন। প্রত্যেক রাজাকে অন্তত ক'টা হাতী, ক'টা ঘোড়া, ক'জন লোক আনিতে হইবে, শুনি-তেছি তাহার অনুশাসন জারি হইয়াছে। সেই সকল রাজাদেরই হাতিঘোড়া লোক-লম্বরে যথাসম্ভব অল্ল গরচে চতুর স্মাট্-প্রতিনিধি যথাসম্ভব বৃহৎব্যাপার ফাঁদিয়া তুলিবেন। ইহাতে চাতুয়া ও প্রতাপের পরিচয় পাওয়া যায়, কিন্তু বদান্ততা ও ওদায্য -পাচ্য সম্প্রদায়ের মতে ঘাহা রাজকীয় উৎসবের প্রাণ বলিলেই হয় - তাহা ইহার মধ্যে থাকে না। একচক্ষু টাকার থলিটির **मिरक** এবং অভ্য চক্ষু সাবেক বাদ্শাহের অনুকরণকার্য্যে নিযুক্ত রাথিয়া এ সকল কাজ চলে না। এ সব কাজ বে সভাবত পারে, দে-ই পারে এবং তাহাকেই শোভা পার।

ইতিমধ্যে আমাদের দেশের একটি ক্ষুদ্ররাজা সমাটের অভিষেক উপলক্ষে তাঁহার প্রজাদিগকে বহুসহস্র টাকা থাজ্না মাপ দিয়াছেন। আমাদের মনে হইল, ভারতবর্ষীর এই রাজাটি তাহা ইংরেজ কর্ত্বৃক্ষদিগকে শিক্ষা দিলেন। কিন্তু যাহারা নকল করে, তাহারা আসল শিক্ষাট্রু প্রহণ করে না, তাহারা বাহু আড়ম্বর-টাকেই ধরিতে পারে। তপ্তবালুকা স্থ্যের

মত তাপ দেয়, কিন্তু আলোক দেয়ে না। দেইজন্ম তপ্তবালুকার তাপকে আমাদের দেশে অসহ আতিশয্যের উদাহরণ বলিয়া <u> সাগামী</u> দিল্লিদরবার ও উল্লেখ করে। দেইরূপ প্রতাপ বিকির্ণ করিবে, কিন্তু আশা ও আনন্দ দিবে না। শুদ্ধমাত্র দন্ত-প্রকাশ সম্রাটকেও শোভা পায় না—ওদার্য্যের ঘারা দয়াদাকিব্যের ঘারা ছঃসহ দম্ভকে আচ্ছন করিয়া রাখাই যথার্থ রাজোচিত। থাগামী দরবারে ভারতবর্ষ তাহার সমস্ত রাজরাজভা লইয়া বর্তমান বাদশাহের নায়ে-ৰের কাছে নতিশ্বীকার করিতে যাইবে, কিন্তু বাদশাহ তাহাকে কি সন্মান, কি সম্পদ, कान् अधिकात नान कतिरवन ? किडूरे নহে। দান করিবার বেলায় রাজশক্তি তাহার দরবারের সমস্ত বিহাৎখালে৷ নিভা-ইয়া, শতসহস্র আপিদের কোটরে কোটরে নিমেবের মধ্যে অন্তদ্ধান করিবে এবং বিবিধ বড়দাহেবের ফিট্ফাট্ বেশে ডেস্কের সন্মুখে হিদাবের থাতা দেখিতে বদিবে। ইহাতে যে কেবল ভারতবর্ষের অবনতিস্বীকার তাহা নহে, এইরূপ শৃত্তগন্ত আকম্মিক দর-वारतत विशूल कार्शिता देश्टब्राब्बत ताब-মহিমা প্রাচ্যজাতির নিকট থর্ক না হইয়া থাকিতে পারে না।

যে সকল কাজ ইংরেজী দস্তরমতে সম্পন্ন
হয়, তাহা আমাদের প্রথার সঙ্গে না মিলিদেও সে সম্বন্ধে আমরা চুপ করিয়া থাকিতে
বাধ্য। যেমন, আমাদের দেশে বরাবর
রাজার আগমনে বা রাজকীয় শুভকর্ম্মাদিতে যে সকল উৎসব আমোদ হইত,
তাহার ব্যয় রাজাই বহন করিতেন, প্রজারা

জনাতিখি প্রভৃতি নানাপ্রকার উপলক্ষ্যে রাজার অমুগ্রহ লাভ করিত। এখন ঠিক ভাহার উণ্টা হইয়াছে। রাজা জন্মিলে-মরিলে निष्टल हिटल প্রজার কাছে रुटेटङ তরফ চাঁদার থা তা রাজার বাহির হয়, রাজা-রায়বাহাছর প্রভৃতি থেতাবের রাজকীয় নিলামের দ্যেকান জমিয়া উঠে। আক্বর-শাজাহান্ প্রভৃতি वाम्भाता निटबरमत्र कौछि निटबता ताथिश গেছেন,-এখনকার দিনে রাজকর্মচারীরা নানা ছলে নানা কৌশলে প্রজাদের কাছ হইতে বৃ বড় কীর্ত্তিগুম্ভ আদায় করিয়া লন। এই যে সম্রাটের প্রতিনিধি সূর্যা-বংশীয় ক্ষত্রিয় রাজাদিগকে দেলাম দিবার षश डाकिशाइन, हेनि निष्कत मारनत बाताय কোথায় দীঘি থনন করাইয়াছেন, কোথায় পায়শালা নির্মাণ করিয়াছেন, দেশের বিভাশিকা ও শিল্পচর্চাকে আশ্রয় मान क्रियाट्टन ? त्रकाटन वाम्भाता,नवावता, রাজকর্মচারিগণও এই সকল মঞ্লকায়ের घाता अजारमत श्रमस्यत मत्म योग ताथि-তেন। এখন রাজকর্মচারীর অভাব নাই— তাঁথাদের বেতনও যথেষ্ট মোটা বলিয়া क्र विशां । - कि हा मार्त । प्र पर्वा विषय তাঁহাদের অন্তিত্বের কোন চিহ্ন তাঁহারা রাখিয়া যান না। বিলাতী দোকান হইতে তাঁহারা জিনিষপত্র কেনেন, বিলাতী সঙ্গী-रमत्र मरत्र वारमान-वास्नाम करत्रन, এवः বিশাতের কোণে বসিয়া অস্তিমকাল পর্যান্ত তাঁহাদের পেন্সন্ সজোগ করিয়া থাকেন।

ভারতধর্ষে লেডি ডফারিণের নামে বে সকল হাঁদপাতাল খোলা হইল, তাহার টাকা

ইচ্ছায়-অনিজ্জায় ভারতবর্ষের জোগাইয়াছে। এ প্রথা খুব ভাল হইতে পারে,'কিন্তু ইহা ভারতবর্ষের প্রথা নহে— স্তরাং এই প্রকারের পূর্ত্তকার্য্যে আমাদের श्रमय म्लाम करक ना। नाककक, उथालि বিলাতের রাজা বিলাতের প্রথামতই চলি-বেন, ইহাতে বলিবার কথা কিছু নাই। কিন্তু কথনো দিশি কথনো বিলিতি হইলে क्लारनाहाई मानानम्ह ध्य ना। विस्थवंड আড়মরের বেলায় দিশি দস্তর এবং থরচ-পত্রের বেলায় বিলিতি দস্তর হইলে আমা-দের কাছে ভারি অদঙ্গত ঠেকে। আমা-দের বিদেশী কর্ত্তারা ঠিক ক্রিয়া বসিয়া আছেন, যে, প্রাচ্যহৃদয় আড়মরেই ভোলে, এইজগ্ৰই ত্ৰিশকোটি অপদাৰ্থকে অভিভূত দিল্লির দরবার নামক একটা কবিতে স্বিপুল অত্যক্তি বহু চিস্তায়-চেষ্টায় ও হিসাবের বহুতর কশাকশি দারা থাড়া করিয়া তুলিতেছেন-জানেন না ষে, প্রাচ্য-क्षत्र नारन, मग्रानाकिर्गु, ख्रवात्रिक मन्न-অञूर्धात्न हे जारन। जामारनत रा छे ९ नव-সমারে'হ, ভাহা আহুত-অনাহুত-রবাহুতের আনন-সমাগম; তাহাতে 'এহি এহি দেহি দেহি পীয়তাং ভুজ্যতাং' রবের কোথাও বিরাম ও বাধা নাই। তাহা প্রাচ্য আতিশয্যের লক্ষণ হইতে পারে, কিন্তু তাহা খাঁটি, তাহা স্বাভাবিক ;---আর পুলিসের দারা সীমানা-বদ্ধ, সঙানের দারা কণ্টকিত, সংশয়ের দারা সম্ভ্রন্ত, সতর্ক কুপণতার দারা সঙ্কীণ, দয়াহীন দানহীন যে দরবার-যাহা কেবলমাত্র দম্ভ-প্রচার, তাহা পাশ্চাত্য অত্যুক্তি—তাহাতে আমাদের হৃদয় পীড়িত ও লাঞ্চিত হয়---

আমাদের কল্পনা আকৃষ্ট না হইয়া প্রতিহত হইতে থাকে। তাহা ঔদার্য্য হইতে উৎ-সারিত নহে, তাহা প্রাচুর্য্য হইতে উদ্বেশিত হয় নাই।

এই গেশ নকল-করা অত্যক্তি। কিন্তু
নকল, বাফ আড়ধ্বে মূলকে ছাড়াইবার
চেষ্টা করে, এ কথা সকলেই জানে। স্কুতরাং
সাহেব যদি সাহেবী ছাড়িয়া নবাবা ধরে,
তবে তাহাতে যে আতিশ্যা প্রকাশ হইয়া
পড়ে, তাহা কতকটা ক্লুত্রিম, অতএব তাহার
বারা জাতিগত অত্যক্তির প্রকৃতি ঠিক ধরা
যায় না। ঠিক খাঁট বিলাতি অত্যক্তির
একটা দৃষ্টাস্ত মনে পড়িতেছে। গবমেন্ট
সেই দৃষ্টাস্তটি আমাদের চোথের সাম্নে
পাথরের স্কস্ত দিয়া স্থামিভাবে থাড়া করিয়া
তুলিয়াছেন, তাই সেটা হঠাং মনে পড়িল।
তাহা অন্ধকুপহত্যার অত্যক্তি।

পূর্বেই বলিয়াছি, প্রাচ্য অণ্যক্তি মানসিক চিলামি। আমরা কিছু প্রাচ্গাপ্রিয়,
আঁটাআঁটি আমাদের সহে না। দেখনা আমাদের কাপড়গুলা চিলাচালা, আবগুকের
চেয়ে অনেক বেশি—ইংরেজের বেশভূষা
কাটাছাঁটা, ঠিক মাপসই—এমন কি, আমাদের মতে তাহা আঁটিতে আঁটিতে ও কাটিতে
কাটিতে শালীনতার সীমা ছাড়াইয়া গেছে।
আমরা, হয় প্রচুররূপে নয়, নয় প্রচুররূপে
আরত। আমাদের কথাবার্তাও সেই
ধরণের,—হয় একেবারে মৌনের কাছাকাছি, নয় উদার ভাবে স্থবিস্কৃত। আমাদের
ব্যবহারও তাই, হয় অতিশয় সংযত, নয়
হৃদয়াবেগে উচ্ছুসিত।

কিন্তু ইংরেজের অত্যুক্তির সেই স্বাভা-

বিক প্রাচ্য্য নাই,—তাহা অথ্যক্তি ক্ইলেও ধর্মকায়। তাহা আপনার অমৃলকভাকে নিপুণভাবে মাটিচাপা দিয়া ঠিক সমূলকভার মত সাজাইয়া তুলিতে পারে। প্রাচ্য অত্যক্তির অতিটুকুই শোভা, তাহাই তাহার অলস্কার, সূতরাং তাহা অসক্ষোচে বাহিরে আপনাকে ঘোষণা করে। ইংরেজি অত্যক্তির অতিটুকুই গভীরভাবে ভিতরে পাকিয়া যায়—বাহিরে তাহা বাস্তবের সংযত সাজ পরিয়া খাঁটি সত্যের সহিত এক পংক্তিতে বিসয়া পড়ে।

আমরা হইলে বলিতাম, অন্তক্পের মধ্যে হাজারে। লোক মরিয়াছে। সংবাদটাকে একেবারে একঠেলায় অত্যক্তির মাঝ-দরি-য়ার মধ্যে রওনা করিয়া দিতাম। হল্ওয়েল্ मार्ट्य একেবারে জনসংখ্যা সম্পূর্ণ নির্দিষ্ট করিয়া তাহার তালিকা দিয়া অন্ধকুপের আয়তন একেবারে ফুট-হিসাবে করিয়া দিয়াছেন। যেন সভ্যের মধ্যে কোথাও কোন ছিদ্র নাই। ওদিকে যে গণিতশাস্ত্রতাহার প্রতিবাদী হট্যা বসিয়া আছে, দেটা থেয়াল করেন নাই। হল্-ওয়েলের মিথ্যা যে কতন্তানে কতরূপে ধরা পড়িয়াছে, তাহা শ্রীযুক্ত অক্ষরকুমার মৈত্রেয় মহাশয়ের দিরাজদেলে। গ্রন্থে ভালরপেই व्यारनाहिक श्हेत्रारह। व्यामारमत উপদেষ্টা कार्জ्जन मार्ट्रादत निक्र स्थित था है या हन-ওলের দেই অত্যুক্তি রাজপথের মাঝখানে মাটি ফুঁড়িয়া স্বর্গের দিকে পাষাণ-অঙ্গুষ্ঠ উত্থাপিত করিয়াছে।

কিন্তু আমাদের এই কথাগুলা বিশুদ্ধ বিধেষমূলক বলিয়া ঠেকিতে পারে। সেইজ্বন্ত

বিলাজী অত্যুক্তি সম্বন্ধে হার্বার্ট স্পেনসার যে সাক্ষ্য দিয়াছেন, তাহা আলোচনা করিতে তাঁহার নৃতন-প্রকাশিত বাধ্য হইলাম। Facts and Comments at State Education" নামক প্রবন্ধে দক্ষিণ আঞ্রি-কায় বোয়ারযুদ্ধের সময় বিলাতি অত্যুক্তি কিরূপ সমুদ্রপার হইয়া চালাচালি হইত, তাহার গোটাকতক দৃষ্টান্ত উদ্ধৃত করিব। এই অত্যুক্তিগুলিতে "Tropical imagination" এর প্রাচুর্যা নাই, কিন্তু শাত-দেশীয় বৃদ্ধির চাতুর্ঘ্য আছে, সে কথা স্বীকার कतिराज्ये इटेरव । स्थानुमात वरतान-निरामत পর দিন, দক্ষিণ আফ্রিকার যুদ্ধদংবাদ খলীক কাহিনী, অত্যক্তিও স্তাবিক্তির দারা পূণ হইয়াছে -তাহার অনেকটা মিথ্যা করা এবং অনেকটা গোপন করা।

ইহার পরে লেখক অনেকগুলি প্রমাণ উদ্ভ করিয়া বলিয়াছেন—একজন বিশেষ সংবাদদাতা কব্ল করিয়াছেন যে, অষণা সংবাদ দেওয়া একটা পাকা পলিসির মধ্যেই দাড়াইয়াছিল। সেই সংবাদদাতা বলেন, "এই যুদ্ধের সম্পর্কে রাজভক্তি ও স্বদেশনিষ্ঠা সম্বন্ধে একটা অস্থায় ধারণা জন্মিয়াছে। হারকে জিৎ বলিয়া যাহারা না বর্ণনা করে, যাহারা বলিতে চায় বর্ত্তমান অবস্থা সম্কটাপন্ধ ২ইয়া উঠিয়াছে, তাহারা রাজজ্যেহিতার অপবাদে লাঞ্চিত হইয়া থাকে।"

মিষ্টার এফ ইরং নামক আর একজন সংবাদদাতা বলেন, মিলিটারি কর্তৃপক্ষেরা যে কেবল সভ্যগোপন করিয়াছেন তাহা নহে—তাঁহারা মিথাা প্রচার করিয়াছেন। আর একটি উদাহরণ। খর-জালানো, স্ত্রী- লোকদের ত্বাড়ানো প্রভৃতি উপদ্রবের দারা যে পর্যান্ত না বোয়াররা উদ্বেজিত হইরা উঠিয়াছিল, দে পর্যান্ত বন্দী ইংরেজ-সেনানায়ক ও দৈপ্রান্ত নিকট হইতে বরাবর যে বোয়ারদের প্রশংসাই শুনা গিয়াছিল, যাহাদের সম্বন্ধে পরলোকগত সার্ জর্জ প্রে বলিয়াছেন—লোকহিতকর ও ব্যক্তিগত সদ্গুণসম্পদে বোয়ারদের চেয়ে ধনী জ্বাতি আমি আর দেখি নাই,—সেই বোয়ারদের সম্বন্ধেই ডেলি মেলের সংবাদদাতা মিটার রাল্ফ লিখিয়াছেন য়ে, তাহারা না সাহসী, না লায়নিষ্ঠ, তাহারা ভীক্ এবং কাপুরুষ, তাহারা অর্ধসভ্য—তাহারা সম্বতানী হ্র্ক্রু-দ্বির দারা পরিপূর্ণ ইত্যাদি।

আরো অনেকগুলি উদাহরণ উদ্ত করিয়া হ্বাটস্পেন্সর বলিতেছেন, এ দিকে কাপ্তেন ফিলিপ্দ্ বলেন যে, financial gang অথাৎ মূলধনওয়ালার দল প্রেদ্কে হস্তগত করিয়াছিল, টেলিগ্রাফ নিব্দেরা চালাইয়াছিল, এবং ইংলণ্ডে কিরূপ সংবাদ পোছান আবশুক তাহা তাহারা নিজেরা ঠিক করিয়া দিতেছিল। যে সকল অত্যাচারের কাহিনী ইংলণ্ডের মনোযোগ আকর্ষণ করি-বার উপযোগী, তাহা তাহারা deliberately invented কোমর বাধিয়া বানাইতেছিল।

অক্সত্র আছে, পারিকের বিচারবৃদ্ধি কি করিয়া নিয়মিতরূপে বিক্বত করা হইয়াছে, তাহার একটি পদ্ধতির প্রকৃষ্ট উদাহরণ এই প্রবন্ধ লিখিত হইবার পরে আমার নিকট উপস্থিত হইয়াছে। সাক্ষীটি এমন যে, তাঁহার দীর্ঘকালের অভিজ্ঞতা ও সেনাদলে তাঁহার উচ্চপদ তাঁহাকে অস্তায়

প্রতিকৃশতার সংশয়মাত্র হইতে মুক্তিদান कतिरव-- जिनि आत रकर नरश्न-- शौन्ष् মার্শাল্ সার নেভিল্ চেম্বারলেন্। তিনি বলেন,—"শত্রুপরিবারদিগের ধবংস বা অপহরণকার্যা এবার ঘটিয়াছে, ব্রিটিশ দৈগুদলের দারা আর কথনো এমন ঘটে নাই।" ১৯০১ শালের জুলাই মাদে তিনি এই প্রকারের অপবাদ দিয়া কোন লওনের কাগজে একথানি পত্র পাঠাইয়াছিলেন : বছদিন তাহা প্রকাশ না হওয়ায় টেলিগ্রামের উত্তরে তিনি সম্পাদকের নিকট হইতে তাঁহার লেথার প্রফসহ এই অনুরোধ পাইলেন যে, কতক গুলি প্রতিকূল কথা – যাহা তাঁহার লেখার প্রধান মর্ম-থেন তুলিয়া দেওয়া হয়।

ষ্ণাষ্থ সত্যের প্রতি বিলাত এইরপ আহা দেশইয়াছে। সেই বিলাতে জন্ মলি এবং হার্বার্ট্সোন্সার প্রভৃতি ছই একজন মনস্বী ব্যতীত আর কোন উপদেষ্টা নাই। অথচ প্রাচ্য অত্যক্তি সংশোধনের জন্ম অনেক নীতিজ্ঞ উপদেষ্টা সেই দেশ হইতেই আমদানি হইয়া থাকে। ইহা আমাদের সৌভাগ্য সন্দেহ নাই, কিন্তু এরপ সৌভাগ্য একলা ভোগ করিতে ইচ্ছা করে না— ইংরেজের সঙ্গে ইহা আমরা ভাগাভাগি করিয়া লইতে রাজি আছি।

প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্য হইতে ছই
বিভিন্ন শ্রেণীর অত্যুক্তির উদাহরণ দেওয়া
যাইতে পারে। প্রাচ্য অত্যুক্তির উদাহরণ
আরব্য উপস্থাস এবং পাশ্চাত্য অত্যুক্তির
উদাহরণ রাডিয়ার্ড কিপ্লিংয়ের "কিম্" এবং
তাঁহার ভারতবর্ষীয় চিত্রাবলী। আরব্য

উপত্থাসেও ভারতবর্ষের কথা, চীক্রদেশের কথা আছে, কিন্তু সকলেই জানে তাহা গল্পমাত্র—তাহার মধ্য হইতে কাল্পনিক সত্য ছাড়া আর কোন সত্য কেহ প্রত্যাশাই করিতে পারে না, তাহা এতই স্কম্পন্ত। কিন্তু কিপ্লিং তাঁহার কল্পনাকে আছের রাথিয়া এমনি একটি সত্যের আড়ম্বর করিয়াছেন যে, যেমন ২লপ্-পড়া সাক্ষীর কাছ হইতে লোকে প্রকৃত বুত্তান্ত প্রত্যাশা করে, তেমনি কিল্লিঙের গল্প হইতে ব্রিটশ্পাঠক ভারতবর্ষের প্রকৃত বুত্তান্ত প্রত্যাশা না করিয়া থাকিতে পারে না।

ব্রিটিশ পাঠককে এমনি ছল করিয়া ভুলাইতে হয়। কারণ ব্রিটিশ পাঠক বাস্ত-বের প্রিয় । শিক্ষালাভ করিবার বেলাও তাহার বাস্তব চাই। থেলেনাকেও বাস্তব করিয়া তুলিতে না পারিলে তাহার থেলার হ্রথ হয় না। আমরা দেখিয়াছি, ব্রিটশ ভোজে থরগোষ রাধিয়া জন্তটাকে যথাসম্ভব অবিকল রাথিয়াছে। সেটা যে প্রথাপ্ত ইহাই যথেষ্ট আমোদের নহে, কিন্তু সেটা যে একটা বাস্তবজন্ত বুটিশ ভোগী তাহা প্রত্যক্ষ অনুভব করিতে চায়। বুটিশ খানা যে কেবল থানা তাহা নহে, তাহা প্রাণিবুত্তা-रखत शक्षित विलाल है इस । यहि (कान বাঞ্জনে পাখীঞ্লা ভাজা ময়দার আববণে ঢাকা পড়ে, তবে তাহাদের পাগুলা কাটিয়া বসাইয়া রাথা হয়। আবরণের উপরে বাস্তব এত আবশ্যক! কলনার এলাকার মধ্যেও বুটিশ পাঠক বাস্তবের সন্ধান করে—তাই কল্পনাকেও দায়ে পডিয়া প্রাণপণে বাস্তবের ভাণ করিতে

বে বাঞ্চি অসম্ভব স্থান হইতেও সাপ দেখিতেই চার, সাপুড়ে তাহাকে ঠকাইতে বাধ্য হয়। দে নিজের ঝুলির ভিতর হইতেই সাপ বাহির করে, কিন্তু ভাণ করে বেন দর্শকের চাদরের মধ্য হইতে বাহির হইল। কিপ্লিং নিজের কল্পনার ঝুলি হইতেই সাপ বাহির করিলেন, কিন্তু নৈপুণ্যগুণে ব্রিটিশ পাঠক ঠিক ব্রিল যে, এসিয়ার উত্তরীধের ভিতর হইতেই সরীস্পগুলা দলে দলে বাহির হইয়া আদিল।

বাহিরের বাস্তব সত্যের প্রতি আমাদের এরপ একান্ত লোলুপতা নাই। আমরা কল্পনাকে কল্পনা জানিয়াও তাহার মধ্য হইতে রুদ পাই! এজন্ম গল্প শুনিতে বদিয়া আমরা নিজেকে নিজে ভুলাইতে পারি---লেখককে কোনরূপ ছলনা অবলম্বন করিতে হয় না। কাল্লনিক সত্যকে বাস্তব সতোর ছম্মগোঁপদাড়ি পরিতে হয় না। আমর। বরঞ্চ বিপরীত দিকে যাই। আমরা বাস্তব সতো কল্পনার রং ফলাইয়া তাহাকে অপ্রাক্ত করিয়া ফেলিতে পারি, তাহাতে इः यदाध स्य ना। আমাদের বাস্তব সভ্যকেও কল্পনার সহিত মিশাইয়া দিই—আর যুরোপ কল্পনাকেও বাস্তব সত্যের মৃত্তি পরিগ্রহ করাইয়া তবে ছাড়ে। আমাদের এই স্বভাবদোধে আমাদের বিস্তর ফতি হইয়াছে—আর ইংরেজের স্বভাবে ইংরেজের কি কোনে লোক্সান্ করে নাই ? গোপন-মিথ্যা কি সেথানে ঘরে-বাহিরে বিহার করিভেছে না ৪ সেখানে খবরের কাগজে থবর-বানানো চলে, তাহা দেখা

শেয়ার-কেনা-বেচার বাজারে যে কিরূপ সর্বনেশে মিথ্যা বানানো হইয়া থাকে, তাহাও কাহারো অগোচর নাই। বিলাতে বিজ্ঞাপনের অত্যুক্তি ও মিথ্যোক্তি নানা वर्ष नाना हिटल नाना अकरत एनटम-विरन्दम নিজেকে কিরূপ ঘোষণা করে, লাহা আমরা জানি-এবং আজকাল আমরাও ভদ্রাভদ্রে মিলিয়া নির্লজ্জভাবে এই অভ্যাস গ্রহণ করি-ग्राष्ट्र। विनाटक शनिष्टिका वानाटना वाटक है তৈরি করা, প্রশ্নের বানানো উত্তর দেওয়া প্রভৃতি অভিযোগ তুলিয়া এক পক্ষের প্রতি অপর পক্ষে যে সকল দোষারোপ করিয়া থাকেন, তাহা যদি মিথ্যা হয় তবে লজ্জার বিষয়, যদি না হয় তবে শঙ্কার বিষয়. সন্দেহ नाहे। त्रथानकात भानारमण्डे भानारमण्डे-সঙ্গত ভাষায় এবং কথনো বা তাহা লজ্যন করিয়াও বড় বড় লোককে মিথাক, প্রবঞ্চক, मठारगापनकाती वना रहेशा थारक; रश, এরপ নিন্দাবাদকে অভ্যাক্তিপরায়ণতা বলিতে হয়, নয়, ইংলতের পলিটিকা মিথ্যার দারা জীর্ণ, এ কথা স্বীকার করিতে হয়।

যাহা হউক, এ সমস্ত আলোচনা করিলে এই কথা মনে উদয় হয় যে, বরঞ্চ অত্যু-ক্রিকে স্কুম্পষ্ট অত্যুক্তিরূপে পোষণ করাও ভাল, কিন্তু অত্যুক্তিকে স্থকৌশলে ছাঁটিয়া-ছুঁটিয়া তাহাকে বাস্তবের দলে চালাইবার চেষ্টা করা ভাল নহে—তাহাতে বিপদ্ অনেক বেশি।

পূর্বেই বলিয়াছি, বেথানে ছই পক্ষে উভয়ের ভাষা বোঝে, দেথানে পরস্পরের যোগে অত্যুক্তি আপনি সংশোধিত হইয়া আসে। কিন্তু হুর্ভাগ্যক্রমে বিলাতি অত্যুক্তি

আমাদের পক্ষে শৃক্ত। এইজ্রন্ত বোঝা করিয়া. বিশ্বাস অক্ষরে-অক্ষরে ভাহা আমরা নিজের অবস্থাকে হাস্তকর ও শোচ-नीम कतिया जूलिमाछि। देश्दब्ब विद्या-ছিল, আমরা তোমাদের ভাল করিবার শাসন কবি-জন্মই তোমাদের (N *1 তেছি, এখানে শাদা-কালোয় অধিকারভেদ नारे, এখানে বাঘে-গোরুতে একঘাটে জল থায়, সমাটশ্রেষ্ঠ মহাপুরুষ আকবর যাহা কল্পনামাত্র করিয়াছিলেন, আমাদের সামাজের তাহাই দত্যে ফলিতেছে। আমরা তাড়া-তাড়ি ইহাই বিশাদ করিয়া আশাদে ক্ষীত হইয়া বসিয়া আছি। আমাদের দাবীর আরু মন্ত নাই। ইংরেজ বিরক্ত হইয়া আজকাল এই দকল অত্যক্তিকে করিয়া লইতেছে। এখন বলিতেছে -- যাহা তরবারি দিয়া জয় করিয়াছি, তাহা তরবারি করিব। শাদা-কালোয় যে দিয়া রকা যথেষ্ট ভেদ আছে, তাহা এখন অনেক সময়ে নিতান্ত গায়ে পডিয়া নিতান্ত স্পষ্ট করিয়া দেখানো হইতেছে। কিন্তু তব বিলাতি অহাক্তি এমনি স্থনিপুণ ব্যাপার যে, আজো ছাড়ি আমরা দাবী নাই, আজো আমরা বিশাস আঁকড়িয়া বসিয়া আছি, সেই সকল অত্যুক্তিকেই আমাদের প্রধান पिन कतिया आमारमत कीर्न-हीत **शा**रख বছ যদ্ধে বাঁধিয়া রাখিয়াছি। অথচ আমরা প্রত্যক্ষ দেখিতেছি, এক সময়ে ভারতবর্ষ পৃথিবীকে কাপড় জোগাইয়াছে, আজ সে পরের কাপড় পরিয়া লক্ষা বাড়াইতেছে---এক সময়ে ভারতভূমি অরপূর্ণা ছিল, আজ "হাদে লক্ষী হইল লক্ষীছাড়া"—এক সময়ে

ভারতে পৌরুষরক্ষা করিবার অস্ত্র ছিল, আজ কেবল কেরাণীগিরির কলম কাটিবার ছুরিটুকু আছে। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি রাজত্ব পাইয়া অবধি ইচ্ছাপূর্ব্বক চেষ্টাপূর্ব্বক ছলে-বলে-কৌশলে ভারতের শিল্পকে পঙ্গু করিয়া সমস্ত দেশকে কৃষিকার্গ্যে দীক্ষিত করিয়াছে, আজ আবার সেই ক্বফের থাজনা বাড়িতে বাড়িতে সেই হতভাগ্য ঋণসমুদ্রের गर्या जित्रिनित्त गठ निमध इट्रेशार्ड—এই ত গেল বাণিজ্য এবং কৃষি: -তাহার পর বীয়া এবং অস্ত্র, সে কথার উল্লেখ করিবার প্রয়োজন নাই। ইংরেজ বলে, তোমরা (कविन ठाक्तित जिंदक वाँकियाङ, वावमा কর না কেন ? এদিকে দেশ হইতে বর্ষে বর্ষে প্রায় পাঁচশতকোটি টাকা খাজনায় এবং মহাজনের লাভে বিদেশে চলিয়া যাই-তেছে , মূলধন পাকে কোথায় গ এই অবস্থায় দাঁড়াইয়াছি। তবুকি বিলাতি অত্যক্তির উপর সম্পূর্ণ নির্ভর করিয়া কেবলি দর্থান্ত-জারি করিতে ২ইবে ? হায় ভিক্সুকের অন্ত ধৈয়া। হায় দ্রিদ্রাণাং মনোর্থাঃ। রোমের শাসনে, স্পেনের শাসনে, মোগলের শাসনে এত-বড় একটা বুহৎ দেশ কি এমন নিঃশেষে উপায়বিহীন হইয়াছে ? অথচ প্রদেশশাসনসম্বন্ধে এত বড়-বড় নীতি কথার দম্ভপূর্ণ অত্যুক্তি আর কেহ কি কথনো উচ্চারণ করিয়াছে ?

কিন্তু এ সকল অপ্রিয় কথা উত্থাপন করা কেন ? কোন একটা জাতিকে অনা-বশুক আক্রমণ করিয়া পীড়া দেওয়া আমা-দের দেশের লোকের স্বভাবসঙ্গত নহে— ইহা আমরা ক্রমাগত ছা থাইয়া ইংরেজের কাছ হই তেই শিথিয়াছি। নিতান্ত গায়ের জালায় আমাদিগকে যে অশিষ্টতায় দীক্ষিত করিয়াছে, তাহা আমাদের দেশের জিনিষ নহে।

কিন্তু অন্তোর কাছ হইতে আমরা যতই আঘাত পাই না কেন, আমাদের দেশের যে চিরন্তন নম্রতা, যে ভদ্তা, তাহা পুরি-ভোগে করিব কেন ? ইহাকেই বলে চোরের উপর রাগ করিয়া নিজের ক্ষতি করা।

অব্র পরের নিকট হটতে স্বজাতি যথন অপবাদ ও অপমান সহা করিতে থাকে, তথন যে আমার মন অবিচলিত थारक, এ कथा आमि विलय्ज भाति नाः किय (मर्टे अभवान-लाञ्चनात जवाव निवात জ্ঞাচ যে আমার এই প্রবন্ধ লেখা, তাহা নহে। আমরা যেটুকু জবাব দিবার চেটা করি, তাহা নিতান্ত ক্ষীণ, কারণ বাক্শক্তিই আমাদের একটিমাত্র শক্তি। কামানের যে গজন তাহা ভাষণ, কারণ তাহার সঙ্গে मঙ्ग लाहात शालाहै। थारक, किन्न প্রতি-ধ্বনির যে প্রত্যান্তর ফ কা। তাহা **অভি**কৃচি সেরপ থেলামাত্রে আমার नाई।

ইংরেজ আসার এ লেখা পড়িবে না,
পড়িলেও সকল কথা ঠিক ব্ঝিবে না।
আমার এ লেখা আমাদের সদেশীয় পাঠকদের জন্মই। অনেকদিন ধরিয়া চোথ
বৃজিয়া আমরা বিলাভি সভাতার হাতে
সম্পুণ আত্মমর্পণ করিয়াছিলাম। ভাবিয়াছিলাম সে সভাতা সাথকে অভিভূত করিয়া
বিশ্বহিতৈষা ও বিশ্বজনের শৃঙ্খলম্ভির পথেই
সত্য-প্রেম-শান্তির অনুক্লে অগ্রসর হই-

তেছে। কিন্তু, আজ হঠাৎ চমক ভাঙিবার সময় আদিয়াছে।

পৃথিবীতে এক এক সময়ে প্রলয়ের বাতাদ হঠাৎ উঠিয়া পড়ে। এক সময়ে মধ্য এদিয়ার মোজলগণ ধরণী হইতে লক্ষ্মীনী ঝাঁটাইতে বাহির হইয়াছিল -- এক সময়ে মুদলমানগণ ধূমকেত্র মত পৃথিবীর উপর প্রলয়প্তে সঞ্চালন করিয়া ফিরিয়াছিল। পৃথিবীর মধ্যে যে কোণে ক্ষ্ধার বেগ বা ক্ষমতার লালদা ক্রমাগত পোষিত হইতে থাকে, সেই কোণ হইতে জগদিনাশী ঝড় উঠিবেই।

প্রাচীনকালে এই ধ্বংস্থবজা তুলিয়া গ্রীক্, রোমক, পারসীকগণ অনেক রক্তসেচন করিয়াছে। ভারতবর্ষ বৌদ্ধ-রাজ্ঞাদের অধীনে বিদেশে আপন ধর্ম প্রেরণ করিয়াছে, আপন স্বার্থবিস্তার করে নাই।
ভারতবর্ষীয় সভ্যতায় বিনাশপ্লাবনের বেগ কোনোকালে ছিল না। ক্ষমতা ও স্বার্থবিস্তার ভারতবর্ষীয় সভ্যতার ভিত্তি নহে।

যুরোপীয় সভাতার ভিত্তি তাহাই।
তাহা সর্বপ্রথক্নে নানা আকারে নানাদিক্
হইতে আপনার ক্ষমতাকে ও স্বার্থকেই
বলীয়ান্ করিবার চেষ্টা করিতেছে। স্বার্থ
ও ক্ষমতাম্পৃহা কোনোকালেই নিজের অধিকারের মধ্যে নিজেকে রক্ষা করিতে পারে
না— এবং অধিকারলজ্যনের পরিণামকল
নিঃসংশ্ব বিপ্লব।

ইছা ধর্মের নিয়ম, ইহা ধ্রুব। সমস্ত যুরোপ আজ অস্ত্রে-শস্ত্রে দন্তর হইয়া উঠি-য়াছে। ব্যবসায়বৃদ্ধি তাহার ধর্মবৃদ্ধিকে অতি-ক্রম করিতেছে। আমাদের দেশে বিলাতি, সভ্যতার এমন সকল পরম ভক্ত আছেন— বাঁহারা ধর্মকে অবিশ্বাস করিতে পারেন, কিন্তু 'বিলাতি সভ্যতাকে অবিশ্বাস করিতে পারেন না। তাঁহারা বলেন, বিকার বাহা-কিছু দেখিতেছ, এ সমস্ত কিছুই নহে—ছই দিনেই কাটিয়া বাইবে। তাঁহারা বলেন, যুরোপীয় সভ্যতার রক্তচক্ষু এঞ্জিন্টা সার্বজনীন লাভ্রের পরে ধক্ধক্ শক্ষে ছুটিয়া চলিয়াছে।

এরপ অসামান্ত অন্ধ্রভক্তি সকলের কাছে প্রত্যাশা করিতে পারি না। সেই-জন্সই পূর্ববদেশের হৃদয়ের মধ্যে আজ এক স্থগভীর চাঞ্চল্যের সঞ্চার হইরাছে। আসর বড়ের আশকার পাশী যেমন আপন নীড়ের দিকে ছোটে; তেমনি বায়ুকোণে রক্তন্মেঘ দেখিয়া পূর্ববদেশ হঠাৎ আপনার নীড়ের সন্ধানে উড়িবার উপক্রম করিয়াছে,— বজ্বার্জনকে সে সার্বভোমিক প্রেমের মঙ্গলশুধানি বলিয়া কর্না করিতেছে না। য়ুরোপ ধরণীর চারিদিকেই আপনার হাত বাড়াইতেছে—ভাহাকে প্রেমালিসনের বাছ-বিস্তার মনে করিয়া প্রাচ্যথন্ত পুল্কিত হইয়া উঠিতেছে না।

এই অবস্থার আমরা বিলাতি সভ্যতার যে সমালোচনায় প্রবৃত্ত হইয়াছি, ভাহা কেবলমাত্র আত্মরক্ষার আকাজ্জায়। আমরা যদি সংবাদ পাই যে, বিলাতি সভ্যতার মূলকাণ্ড বে পলিটক্স্—সেই পলিটক্স্ হইতে স্বার্থ-পরতা, নির্দ্ধরতা ও অসত্য, ধনাভিমান ও ক্ষমতাভিমান প্রত্যহ জগৎ জুড়িয়া শাখাপ্রশাধা বিস্তার করিতেছে, এবং যদি ইহা বুঝিতে পারি যে, স্বার্থকে সভ্যতার মূলশক্তি

করিলে এরপ দারুণ পরিণাম একান্তই অবশুন্তাবী, তবে সে কথা সর্বতোভাবে আলোচনা করিয়া দেখা আবশুক হইয়া পড়ে – পরকে অপবাদ দিয়া সাম্বনা পাইবার জন্ম নহে, নিজেকে সময় থাকিতে সংযত করিবার জন্ম।

্আমরা আজকাল পলিটিকা অর্থাৎ রাষ্ট্র-গত একাম্ভ স্বার্থপরতাকেই সভাতার একটি মাত্র মুকুটমণি ও বিরোধপরতাকেই উলতি-লাভের একটিনাত্র পথ বলিয়া ধরিয়া লই-য়।ছি; আমরা পলিটিকোর মিথ্যা ও দোকান-দারীর মিথ্যা বিদেশের দৃষ্টান্ত হইতে প্রতি-দিন গ্রহণ করিতেছি; আমরা টাকাকে মনুষ্যুত্তের চেয়ে বড় এবং ক্ষমতালাভকে মঙ্গলব্রতাচরণের চেয়ে শ্রেয় বলিয়া জানি-য়াছি-তাই এতকাল যে স্বাভাবিক নিয়মে আমাদের দেশে লোকহিতকর কর্ম ঘরে ঘরে অমুষ্ঠিত হইতেছিল, তাহা হঠাৎ বন্ধ হইয়া গেছে। ইংরেজ-গোয়ালা বাঁটে হাত না দিলে আমাদের কামধেমু আর এক-কোঁটা হুধ দেয় না-নিজের বাছুরকেও नटि . এমনি দারুণ মোহ আমাদিগকে আক্রমণ করিয়াছে। সেই মোহজাল ছিল করিবার জন্ম যে সকল তীক্ষবাকা প্রয়োগ করিতে হইতেছে, আশা করি তাহা বিশ্বেষ-বুদ্ধির অস্ত্রশালা হইতে গৃহীত হইতেছে না, আশা করি তাহা খদেশের মঙ্গল-ইচ্ছা হইতে . প্রেরিত। আমরাগালি খাইয়াযদি জবাব দিতে উদ্যত হইয়া থাকি, সে জৰাব বিদেশা গালিদাভার উদ্দেশে নংহ—দে কেবল আমাদের নিজের কাছে নিঞ্জের সন্মান রাথিবার জন্ম, আমাদের নিজের প্রতি ভগ্নপ্রবন্ধ বিশাসকে বাঁধিয়া তুলিবার জ্বন্ত, শিশুকাল হইতে বিদেশীকে একমাত্র গুরু বলিয়া মানা অভ্যাস হওয়াতে তাঁহাদের कथारक रामवाका विषया अञ्चालित প্रতি अक्षाविशैन इरेवात मश्विपन् रहेट निर्जता রক্ষা পাইবার জন্ম। ইংরেজ যে পথে বাইতে চায় যাক্, যত দ্রুতবেগে রণ চালাইতে চাহে চালাক্, ভাছাদের চঞ্চল চাবুকট। যেন আমাদের পৃষ্ঠে না পড়ে এবং তাহাদের চাকাৰ তলায় আমরা যেন অন্তিমগতি লাভ নাকরি, এই হুইলেই হুইল। ভাব্আমবা চাহিনা; উত্রোভর ফুর্লভতর আঙ্রের গুঠ অক্ষমের অদৃষ্টে প্রতিদিন টকিয়া উঠিতেছে विनिशारे रुडेक बात (य कातरावे रुडेक्, আমাদের আর ভিক্ষায় কাজ নাই-এবং এ কথা বলাও বাছনা, কুতাতেও আমাদের প্রোজন দেখি না। শিক্ষাই বল, চাকরীই বল, যাহা পরের কাছে মাগিয়া-পাতিয়া লইতে হয়, পাছে কবে আবার কাড়িয়া লয় এই ভয়ে যাহাকে পাঁ¢ের কাছে সবলে চাপিয়া ধরিয়া ২ক্ষ বাথিত করিয়া তুলি, তাহা খোওয়া গেলে অত্যন্ত বেশিক্ষতি নাই; কারণ, মান্থুষের প্রাণ বড় কঠিন, সে বাচিবার শেষ চেষ্টা না করিয়া থাকিতে পারে না। তাহার যে কওটা শক্তি আছে, নিতান্ত দায়ে না পড়িলে তাহা সে নিজেই বোঝে না; নিজের সেই অন্তরতর শক্তি আবিষ্ণার করিবার জন্য বিধাতা যদি ভারতকে সর্ব-প্রকারে বঞ্চিত হইতে দেন, তাহাতে শাপে বর হইবে। এমন জিনিষ আমাদের চাই গাহা সম্পূর্ণ আমাদের স্বায়ত্ত, বাহা কেহ কাড়িয়া লইতে পারিবে না—সেই জিনিষ্ট হৃদয়ে রাথিয়া আমরা যদি কৌপীন পরি, যদি मन्नामी•स्टे, यनि भति, तम छ ভাল । 'ভিক্ষায়াং रेनव रेनव छ।' आभारनत थूव त्विंभ वाक्षत्न দরকার নাই, যেটুকু আহার করিব, নিজে যেন আহরণ করিতে পারি, খুব বেশি সাজ-দজ্জ। না হইলেও চলে, মোটা কাপড়টা যেন নিজের হয়, এবং দেশকে শিক্ষা দিবার বাবস্থা আমরা যতটুকু নিজে করিতে পারি, তাহা যেন সম্পূর্ণ নিজের ধার। অনুষ্ঠিত হয়। এক কথায়, যাহা করিব আত্মত্যাগের দাবায় করিব, ধাহা পাইব আল্লবিসজ্জনের দারায় পাইব, যাহা দিব আত্মদানের দারাভেই দিব; এই यिन मञ्जव १ अ ७ २ उँक, ना यिन इश, शरत ठाकती ना नित्न है येनि आभारनत अन নাজোটে, পরে বিভালয় বন্ধ করিবামাত্রই যদি আমাদিগকে গণ্ডমূর্থ হইয়া থাকিতে হয় এবং পরের নিকট হইতে উপাধির প্রত্যাশা না থাকিলে দেশের কাজে আমা-দের টাকার থলির গ্রন্থিমোচন যদি না হইতে পারে, তবে পৃথিবীতে আর কাহারো উপর কোন দোষারোপ না করিয়া যথা-সম্ভব সত্বর যেন নিঃশব্দে এই ধরাতল হইতে বিদায় গ্রহণ করিতে পারি। ভিক্ষাবৃত্তির তারস্বরে, অক্ষম বিলাপের সামুনাসিকতায় রাজপথের মাঝখানে আমরা যেন বিশ্ব-জগতের দৃষ্টি নিজেদের প্রতি আকর্ষণ না করি ! যদি আমাদের নিজের চেষ্টায় আমা-দের দেশের কোন বৃহৎ কাজ হওয়ার সন্তা-বনা না থাকে, তবে হে মহামারি, তুমি আমা-দের বান্ধব,হে তুর্ভিক্ষ,তুমি আমাদের সহায় !

প্রাণী ও উদ্ভিদ।

দক্ষীব প্রাণিশরীরের কোন অংশে আঘাত দিলে, আঘাতের প্রকারভেদে তাহার সাড়ার চিত্র সাধারণত তিন প্রকারের হইতে দেখা যায়। একথণ্ড মাংসপেনাতে একটা নিট্ছিট-কালের শেষে সমবলে পুনঃপুন আঘাত দিতে থাকিলে, সেই আঘাতজনিত পেশার বিক্বতি ও স্বভাবপ্রাপ্তি রেখাচিত্রে স্পষ্ট অঙ্কিত হইতে থাকে এবং চিত্রের সমদীর্ঘ উর্দ্ধাধারেশা মাপিলে, প্রত্যেক আঘাতে যে একইপ্রকার মাড়া পাওয়া যাইতেছে, তাহা বেশ বুঝা যায়। কিন্তু এই নিয়মিত আবাত আরো কিছুকাল চালাইলে মাংস-পেণীর সাড়া দিবার ক্ষমতাট। যেন হঠাৎ বাডিয়া উঠে। পাঠক দেখিয়া থাকিবেন, বহুকাল নিশ্চেষ্ট অবস্থায় থাকিয়া হঠাৎ কোন কাজে নিযুক্ত হইলে, প্রথমে একটা বিশেষ চেষ্টার আবগ্যক হয়। আমাদের দেহের অণুগুলিকে সন্ধাগ করাই তার চেষ্টার কাজ। পর বহুক্ষণ সেই একই কাজে নিযুক্ত থাকিলে, আমাদের অণু গুলি অঙ্গপ্রত্যঙ্গের এরপ হইয়া দাঁড়ায় যে, তথন অতি অল্ল আয়াদেই তাহারা যণোপযুক্তরূপে সঞালিত হইয়া কার্য্যট। যন্ত্রবৎ সম্পন্ন করিতে আরম্ভ করে। কার্য্যের প্রারম্ভে যে চেষ্টার আব-শুক হয়, মাঝধানে তাহ। অপেশা অনেক অল্ল আয়াসেই কাজ স্থ্যস্পন্ন হইয়া যায়। মাংসপেশীতে কিছু অধিককাল ধরিয়া নিয়-

মিত আঘাত দিলে, তাহারও অণুসকল ঠিক পুর্ব্বোক্তকারণে সন্ধাগ হইয়৷ বাহিক তাড়নার অধিকপরিমাণে সাড়া দিতে থাকে। এই সাড়ার রেথাচিত্র, প্রথম চিত্র ইতে সম্পূণ বিভিন্ন। প্রথম চিত্রের নিয়মিত উত্তেজনা-জ্ঞাপক সেই সমদীর্ঘ রেথার পরিবর্ত্তে, কতকগুলি ক্রমদীর্ঘ অসমান রেথা অঞ্চিত হইয়৷ এক সোপানাকার চিত্রের রচনা করে।

উত্তেজনা থাকিলেই পরে অবসাদ আসে। দার্ঘকালধরিয়া কান একটা কার্য্য করিতে থাকিলে, আমাদের অঙ্গপ্রত্যুগ বেমন অবসন্ধ হইয়া পড়ে, স্থানীর্ঘকালবাাপী প্নঃপ্ন আঘাতে মাংসপেশাতেও তজ্ঞপ ক্লান্তি আসিয়া উপস্থিত হয় এবং ক্লান্তি-বৃদ্ধির সহিত সাড়ার মাত্রাও ক্রমে কাময়া যায়। কাজেই এই সাড়ায় বে চিত্র পাওয়া যায়, তাহা একটা ক্রমহ্রসমান সোপানাকারে অফিত হইয়া পড়ে।

সম্প্রতি মধ্যাপক বস্থ মহাশয় উদ্ভিদকেও

ঠিক তদমুরূপ অবস্থায় ফেলিয়া তাহার সাড়শক্তির অবিকল সেই প্রকারের প্রমাণ
পাইয়াছেন। একই নির্দিষ্টকালের শেষে
উদ্ভিদশরীরে সমান বলে আঘাত কর,
উদ্ভিদ সমভাবে সাড়া দিতে থাকিরে এবং
চিত্রও সমদার্ঘ-রেথাময় হইয়াঁ অক্ষিত হইতে
থাকিবে। তার পর এই নিয়মিত তাড়নাটা
আরো কিছুকাল চালাও, উদ্ভিদের অণু-

সকল লাঘবতা লাভ করিয়া খুব সবলে সাড়া দিতে থাকিবে এবং চিত্রটাও তদবস্থ মাংস-পেশীর চিত্রের অমুরূপ দোপানাকারে অঙ্কিত মুদীর্ঘকাল এইপ্রকার পড়িবে ৷ আঘাত দিতে থাকিলে, সঙ্গীব প্রাণীর স্থায় উদ্ভিদ যে অবসাদগ্রস্ত হইয়া পড়ে, তাহাও व्यक्षां विक विक प्रविदेशां हिन। স্বসন উদ্ভিদ শত তাড়নায় কোনই সাড়া দেয় না, कार्ष्करे हिर्छ माणानिर्फ्मक उँ हु नौहू রেখা-পাত হয় না। আঘাত রোধ করিয়া ক্লান্ত উদ্ভিদকে একটু বিশ্রামের অবকাশ দাও, किय्रश्कालमधा (म बावात প্রকৃতিস্থ হইয়া পড়িবে। তথন আঘাত কর, উদ্ভিদ ঠিক পূর্ব্ববৎ সাড়া দিবে।

পাঠক দেখিয়া থাকিবেন, মাংসপেনার कान बार्म मीर्घकाल এक हे जात बात्मा-লিত করিলে বা তাহাতে অতিক্রত গাম্বাত দিতে থাকিলে, সেটা শান্তই পূণ অবসাদ বা ধহুপ্টক্ষারের লক্ষণ প্রাপ্ত হয় ৷ এই অবস্থায় মাংসপেশা এপ্রকার জড়তা লাভ ধে. কোন উত্তেজনায় তাহার সেই অসাড়তা দূর হয় না। কিন্তু কিয়ৎ কাল বিশ্রামের অবকাশ দিলে, সেটি আপনা হইতেই আবার প্রকৃতিস্থ হইয়া পড়ে। অধ্যাপক বহুর পরীক্ষায় জীবিত উদ্ভিদ-দেহেও ঠিক পুর্বোক্তপ্রকারের ধহুইকার **জন্ম প্রাণীকে বে প্রথা**য় চিকিৎসা করিতে হয়, অবসাদ-মোচনের জক্ত উদ্ভিদকেও যে তজ্ঞপ চিকিৎসা করা আবশ্রক, তাহাও काना शिवादह।

गौडांडरभत्र माबारंडरम ' উद्धिमरमरह

আগতের ক্রিয়া কি প্রকারে পরিবর্ত্তিত হয়, তাহাও অধ্যাপক মহাশয় বস্ত দারা 'আবিষ্কার করিয়াছেন। মানুষ ও অপর প্রাণী যেমন বায়ুর একটা নির্দ্দিষ্ট উঞ্জায় ক্ষৃত্তির দহিত কাজ করিতে পারে, জাতিবিশেষে উদ্ভিদের চরম কার্য্যক্ষমতাও সেইপ্রকার একএকটা নির্দিষ্ট উষ্ণতায় স্ফুর্ব্তি পাইতে দেখা গিয়াছে। অত্যন্ত স্থানে একটি উদ্ভিদপত্র রাখিয়া ভাহাকে আঘাত কর, দেট। শাতে আড়ষ্ট হইয়া থাকিবে, শীতার্ক্ত প্রাণীর ন্যায় সে কোনই সাডা দিবে না। তার পর আর একটি পত্রকে অত্যন্ত গ্রমে রাখ, এই অবস্থায় সে এত ক্ষাণ ও **হর্বল** হইয়া পড়িবে যে, তথন অতি মৃহ সাড়া দিবার শক্তিটি পর্যান্ত ভাহার থাকিবে না।

প্রকৃতিভেদে মানুষের শীতাতপসহিষ্ণুতার যেমন পরিবর্ত্তন দেখা যায়, উদ্ভিদেও
অবিকল তদস্করপ পরিবর্ত্তন দেখা গিয়াছে।
ল্যাপ্ল্যাগুবাসী যে শীতে খুব ক্ষৃত্তির সহিত
কাজ করে, আফ্রিকাবাসীকে সেই শীতে
মৃতপ্রায় হইতে দেখা যায়। অধ্যাপক
বস্থ আইভি, হলি ও লিলি জাতীর কয়েকটি
উদ্ভিদ পরীক্ষা করিয়া দেখিয়াছেন, যে
শৈত্যে আইভি লতা ও হলি সজাগ থাকে,
সেই শৈত্যেই লিলি মৃতপ্রায় হইয়া পড়ে।
তথন বছ আঘাতে তাহার কোনই সাড়া
পাওয়া যায় না। তাহার পর শৈত্যের মাত্রা
বাড়াইলে লিলির মৃত্যু পর্যান্ত উপস্থিত হয়।
নানাজাতীয় উদ্ভিদের মধ্যে কোন্ট

নানাজাতীয় উদ্ভিদের মধ্যে কোন্টি কোন্ উষ্ণতায় স্বাপেক্ষা ফুভিসম্পন্ন থাকে এবং শৈত্যের পরিমাণ কতদুর বাড়িলে তাহাদের মৃত্যু, তাহা অধ্যাপক বস্থ স্থির করিয়াছেন। ফাহরণহিটের ১৩০ অংশ উষ্ণ জলীয় বাপ্পের সংস্পর্শে মানিলে, অধিকাংশ উদ্ভিদেরই মৃত্যু উপস্থিত হয় দেখা গিয়াছে।

দ্রাবিশেষের অবসাদকর ও ক্রিয়ার সহিত আমরা সকলেই অলাধিক পরিচিত। ক্লোরোফরম বা অপর বিষ প্রয়োগ কর, প্রাণিদেহ অসাড় হইয়া পড়িবে এবং মাত্রা প্রচুর হইলে মৃত্যু ঘটিবে। এমো-নিয়া বা অপর কোনও উত্তেজক পদার্থের দাহায্য গ্রহণ কর, শ্রীরের অবদাদ নাশ ও উত্তেজনা বৃদ্ধি পাইবে। অধ্যাপক বস্তু उँद्धिमामा नामा उद्यक्तक । अवमामकत পদার্থের ক্রিয়া পরীকা করিয়া দেখিয়াছেন, প্রাণি ও উদ্ভিদ দেহে এই পদার্থগুলির কার্যা অবিকল এক ৷ উদ্ভিদদেহে উত্তেজক পদার্থ প্রয়োগ করিলে তাহার দাড়ের প্রবলতা ম্পষ্ট বাড়িয়া উঠে এবং বিষ বা অপর অব-मानकनक পनार्थित आसार्ग आगीत ग्रास উদ্ভিদেরও অবসাদলকণ দেখা যায়। বিষের নাত্রাটা প্রচুর হইলে ইহারও মৃত্য ঘটে।

প্ররোগমাত্রার উপর ঔষধের ক্রিয়া
মনেক নিভর করে। যে ঔষধ স্বল্পমাত্রার
গ্রহণ করিলে প্রাণী রোগমুক্ত হয়, তাহারই
অষ্থাপ্রয়োগে মৃত্যু আদিয়া উপস্থিত হয়।
বেলেডোনা, আর্দেনিক্ ও অহিফেন
প্রস্থৃতি দ্রব্য মাত্রাভেদে কিপ্রকারে কখনও
ঔষধের এবং কখনও বিষের কাল করে,
তাহা সকলেই জানেন। অধ্যাপক বস্থু
উদ্ভিদেও অবিকল অম্ক্রপ ক্রিয়া প্রত্যক্ষ
করিয়াছেন। উদ্ভিদদেহে অল্লমাত্রায় বিষ্প্রমাণ কর, উদ্ভিদ্ উত্তেজিত হইয়া প্রবল

সাড়া দিতে থাকিবে। বৈষের প্রশ্নোগমাতা বৃদ্ধি কর, উদ্ভিদ অবসন্ন হইয়া পড়িবে এবং শেষে সাড়ানির্দেশক রেথাচিতে মৃত্যুরেখা অঞ্চিত হইয়া পড়িবে।

আঘাত উত্তেজনায় সাড়া দিবার ক্ষমতা যে সজীব পদার্থমাত্রেরই একটি বিশেষত্ব, তাহা ইতিপূর্বেজানা ছিল। কিন্তু প্রাণী, উদ্ভিদ ও ধাতব পদার্থের সাডার মধ্যে যে এতটা দৌসাদ্খ থাকিতে পারে, তাহা কোন জীববিদ্ এ প্যাপ্ত অহুমানও করিতে পারেন নাই। প্রাণীর তায় ধাতুও উদ্ভি-দের বেদনাবোধশক্তি আছে কি না, সে সম্বন্ধে কোনও কথা এখন বলা চলে না,---কিযু আঘাতজাত বেদনায় সচেতন প্রাণী ষে সকল লক্ষণ প্রকাশ করে, সেই আঘাতে উদ্ভিদ এবং ধাতৃও যে তদকুরূপ চিত্তের বিকাশ করে, তাহা আর এখন অস্বাকার করিবার উপায় নাই। এতদ্বাতীত জীবন-ক্রিয়ার মূলটা যে সাড়া-দেওয়া-ব্যাপারেই আছে, তাহাও অধ্যাপক বস্থুর পরীক্ষায় জানা গিয়াছে। জীবনক্রিয়ার কথা উঠি-লেই, প্রাচীন ও আধুনিক জীববিদ্গণ "জীবনী শক্তি" নামে একটা কল্পনাতাত ব্যাপারের অভিত মানিয়া লইয়া ভৈবক্রিয়া-মাত্রেরই ব্যাথ্যা দিয়া আসিতেছিলেন, কিন্তু এই "জীবনী শব্দিটা" (Vitalism) (य कि, জिब्छाना कतिरल (महिवनगण निक-ত্তর থাকিতেন। কোনু পথে চলিলে পণ্ডিত-গণের মনোরাজ্যের অধিবাসী সেই জীবনী শক্তির বাস্তবিক সাঞ্চাৎ পাওয়া যাইবে, অধ্যাপক বস্থুর নবাবিদ্ধার তাহা শীঘ্রই নির্দেশ করিয়া দিবে বলিয়া আশা হই-

তেছে। বদি জীবনরহস্তের মীমাংসা কথনও
সম্ভবপর হয়,তবে অধ্যাপক বস্থুর আবিদ্ধারদারাই তাহার সমাধান হইবে। রহস্তময়
জীবরাজ্যের মহাসিংহ্লারের চাবি উদ্ভিদ ও
তুচ্চ ধাতুতে আবদ্ধ আছে. প্রাণীর জীবন
ক্রিয়ার শতজ্ঞটিলতার মধ্যে তাহার কোনই
সন্ধান পাওয়া যাইবে না।

প্রাণী ও ধাতুর পরস্পর সম্বন্ধ আবিদার

করিয়া আচার্ব্যপ্রবর ইতিপুর্ব্বে যে প্রকাণ্ড
বৈজ্ঞানিক সমস্থার রচনা করিয়াছেন,
তাহার মীমাংসা না হইতেই, তাহার আরএক নৃতন আবিদ্ধার জগৎকে বিশ্বিত
করিয়া তৃলিতেছে। অধ্যাপক বস্থর এই
সকল আবিদ্ধার আধুনিক জীব ও জড়
বিজ্ঞানে একটা প্রকাণ্ড বিপ্লব উপস্থিত
করিবে বলিয়া অনেকে আশঙ্কা করিতেছেন।
শ্রীজ্ঞাদানন্দ বায়।

भन्त ।

মক্র প্রাপুক্ত বিজেক্রলাল রায়ের ন্তন-প্রকাণত কাব্যগ্রন্থ। এই গ্রন্থথানিকে আমরা সাহিত্যের আসরে সাদর অভিবাদনের সঙ্গে আহ্বান করিয়া আনিব—ইহাকে আমরা মুহূর্তুমাত্র বাবের কাছে শিড় করাইয়া রাথিতে পারিব না।

গ্রন্থসমালোচনা সম্পাদকদের কর্ত্তব্য বলিয়াই গণ্য। অনেকেই অতিমাত্র আগ্র-হের সঙ্গেই এ কর্ত্তবা পালন করিতে অগ্রসর হন। কিন্তু আমাদের এ সম্বন্ধে বাগ্রতার যথেষ্ঠ অভাব আছে, সে কথা স্বীকার করি।

মক্র কাবাথানিকে অবলম্বন করিয়া আমরা অকস্মাৎ কর্ত্তব্য পালন করিতে আসি নাই। গ্রন্থপাঠ করিয়া যে আনন্দ পাইয়াছি, তাহাই প্রকাশ করিবার জন্ম আমাদের এই উদাম।

বড় ভাল লাঁগিল, এ কথাটি ষতই অক্ব-ত্রিম হউক্, কথাটা অত্যন্ত সংক্ষিপ্ত। এতটুকু কথা লইয়া সম্পাদকী করা চলেঁ না—ভাই ঐ কথাটাকে বড় করিয়া, গুলিয়া কিছু স্থান জুড়িতে হইবে -- নহিলে পদময্যাদারক্ষা হয় না।

যদি ইঞামত চলিবার স্বাধীনতা থাকিত,
তবে কবির রচনা হইতে অনুগল উদ্ভুত
করিয়া মাঝে মাঝে কেবল "বাহুবা" বসাইয়া
দিতাম—তাহাতে আমাদের কোন ক্ষমতাপ্রকাশ হইত কি নং, জানি না; কিন্তু ভাবপ্রকাশ হইত।

মক্স কাব্যথানি বাংলার কাব্য-সাহিত্যকে অপরপ বৈচিত্রা দান করিয়াছে।
ইহা নৃতনতায় ঝল্মল্ করিতেছে এবং এই
কাব্যে যে ক্ষমত। প্রকাশ পাইয়াছে, তাহা
অবলীলাক্ষত ও তাহার মধ্যে সর্বত্তই প্রবল
আত্মবিশ্বাসের একটি অবাধ সাহস বিরাজ
করিতেছে।

সে সাহস কি শব্দনির্ঝাচনে, কি ছন্দো-রচনায়, কি ভাববিন্যাসে সর্বত্ত অক্ষুণ্ণ। সে সাহস আমাদিগকে বারংবার চকিত করিয়া তুলিয়াছে—আমাদের মনকে শেষ পর্যান্ত তরন্ধিত করিয়া রাখিয়াছে।

কাবো যে নয় রস আছে, অনেক কবিই
সেই ঈর্ষায়িত নয় রসকে নয় মহলে পৃথক্
করিয়া রাথেন, —বিজেক্সলালবাব্ অকুতে!ভরে এক মহলেই একত্রে তাহাদের উৎসব
জমাইতে বিসয়াছেন। তাঁহার কাব্যে হাস্ত, .
করুণা, মাধুর্যা, বিশ্বয়, কথন্ কে কাহার গায়ে
আসিয়া পড়িতেছে, তাহার ঠিকানা নাই।

এইরপে মন্ত্রকাবোর প্রায় প্রত্যেক কবিতা নব নব গতিভঙ্গে যেন নৃত্য করি-তেছে, কেহ স্থির হইয়। নাই;—ভাবের অভাবনীয় আবর্ত্তনে তাহার ছন্দ ঝফুত হইয়া উঠিতেছে এবং তাহার অলঙ্কারগুলি হইতে আলোক ঠিকরিয়া পড়িতেছে।

কিন্তু নর্ত্তনশালা নটার সঙ্গে তুলনা করিলে মন্ত্রকাব্যের কবিতাগুলির ঠিক বর্ণনা হয় না। কারণ ইহার কবিতাগুলির মধ্যে পৌরুষ আছে। ইহার হাসা, বিষাদ, বিজ্ঞাপ, বিশ্বয়, সমস্তই পুরুষের—তাহাতে চেষ্টাহীন সৌন্দর্য্যের সঙ্গে একটা স্বাভাবিক স্বলতা আছে। তাহাতে হাবভাব ও সাজ-সজ্জার প্রতি কোন নজর নাই।

বরং উপমা দিতে হইলে শ্রাবণের
পূর্ণিমারাত্রির কথা পাড়া ঘাইতে পারে।
আলোক এবং অন্ধকার, গতি এবং স্তন্ধতা,
মাধুর্যা ও বিরাট্ভাব আকাশ জুড়িয়া
অনায়াদে মিলিত হইয়াছে। আবার মাঝে
মাঝে এক-এক-পদ্লা বৃষ্টিও বাতাসকে আর্দ্র করিয়া ঝর্ঝর্শকে ঝরিয়া পড়ে। মেছেরও
বিচিত্র ভঙ্গী;—তাহা কথনো চাঁদকে অন্ধেক
ঢাকিতেছে, কথন পুরা ঢাকিতেছে, কথনো বা হঠাৎ একেবারে মুক্ত করিয়া দিতেছে—
কথনো বা ঘোরঘটায় বিহ্যতে ফুরিত ও
গর্জনে স্তনিত হইয়া উঠিতেছে।

দিজেক্রলালবাবু বাংলাভাষার একটা ন্তন শক্তি আবিদ্ধার করিয়াছেন। প্রতিভা সম্পন্ন লেথকের সেই কাব্ধ। ভাষাবিশেষের মধ্যে যে কভটা ক্ষমতা আছে, ভাষা তাঁহারাই দেখাইয়া দেন—পূর্বে যাহার অস্তিত্ব কেহ সন্দেহ করে নাই,ভাহাই তাঁহারা প্রমাণ করিয়া দেন। দিজেক্রলালবাবু বাংলা কাবাভাষার একটি বিশেষ শক্তি দেখাইয়া দিলেন। ভাহা ইহার গতিশক্তি। ইহা যে কেমন ক্রভবেগে, কেমন মনায়াসে ভাষা হইতে ভাষাস্তরে, ভাব হইতে ভাবাস্থরে চলিতে পারে, ইহার গতি যে কেবলমাত্র মৃত্মন্থর আবেশভারাক্রাপ্ত নহে, ভাহা কবি দেখাইয়াছেন।

ছল্দসংস্কেও যেন স্পদ্ধান্তরে কবি যথেচ্ছ ক্ষমতা প্রকাশ করিয়াছেন। তাঁহার "আশা-র্কাদ" ও "উদ্বোধন" কবিতায় ছল্দকে একে-বারে ভাঙিয়া-চুরিয়া উড়াইয়া দিয়া ছন্দো-রচনা করা হইয়াছে। তিনি যেন সাংঘাতিক সঙ্কটের পাশ দিয়া গেছেন—কোণাও যে কিছু বিপদ্ঘটে নাই, তাহা বলিতে পারি না। কিন্তু এই হুঃসাহস কোন ক্ষমতাহীন কবিকে আদৌ শোভা পাইত না।

এইবার নমুনা উদ্ত করিবার সময় আসিয়াছে। কিন্তু আমরা ফুল ছি ড়িয়া বাগানের শোভা দেখাইবার আশা. করি না। পাঠকগণ কাব্য পড়িবেন—কেবল সমালোচনা চাথিয়া ভোজের পূর্ণস্থথ নষ্ট করিবিন না।

শেষ করিবার পুর্নের "কুম্বনে কণ্টক" কবিতাটি সধ্ধের আমরা আপত্তি জ্ঞানাইয়া রাথিতে চাই। ইহা বিশুদ্ধ কণ্টকমাত্র, ইহার মধ্য হইতে স্থকোমল-স্থলর কুম্ম-টিকে কই দেখা বাইতেছে! কবির নিকট

হইতে আমরা এরপ দৌলর্ব্যের বিরুদ্ধে বিদ্যোহ, এরপ নিষ্ঠ্রতা প্রত্যাশা করি নাই।

"রাধার প্রতি ক্লফ্ড" কবিতাটি এ গ্রন্থে স্থান পাইবার যোগ্য হয় নাই।

অ'লোচনা ৷

রাষ্ট্রনীতি ও ধর্ম্মনীতি।

এলাহাবাদে সোমেশ্বর দাসের কারাবরোধের কথা সকলেই জানেন। কোন
ব্যক্তিবিশেষের প্রতি অবিচার মাসিকপত্রের
আলোচ্য বিষয় নহে। কিন্তু বর্ত্তমান
ব্যাপারটি ব্যক্তিবিশেষকে অবলম্বন করিয়া
সমস্ত ভারতবাদীর প্রতি লক্ষ্য নিবেশ করিয়াছে। সেইজ্ঞ এ সম্বন্ধে সংক্ষেপে গুটিকরেক কথা বলিতে হইতেছে।

পায়েনিয়র লিখিতেছেন, ভারতবর্ষে
নানাজাতীয় লোক একতে বাদ করে।
ইংাদের মধ্যে শান্তিরক্ষা করিয়া চলা
বিটিশ গবর্মেন্টের একটি ছরহ কর্ত্তব্য।
স্করাং যে ঘটনায় ভিয়জাতির মধ্যে সংঘর্ষ
বাধিবার সম্ভাবনা হয়, দেটার প্রতি বিশেষ
কঠিন বিধানের প্রয়োজন ঘটে। সে হিসাবে
গোমেশার দাদের কারাদগুকে গুরুদণ্ড বলা
বায় না।

স্থোগ্য ইংরেজি সাপ্তাহিক "নিয় ইণ্ডিয়া" পতে পায়োনিষ্ঠিরের এট সকল যুক্তির মুম্বণার্থতা ভালরূপেই দেখান হইয়াছে। ইংরেজের, যে সকল ব্যবহারে ভারতবাদীর মনে বিক্ষোভ উপস্থিত হয়, ইংরেজ বিচারক তাহাকে যে কত লবুভাবে দেখিয়া পাকে, তাহার শতশত প্রমাণ প্রত্যুহ দেগিতে পাই। এই সেদিন এক জন সন্ত্রাস্ত রাহ্মণকে কোন ইংরেজ পাছকা বহন করাইয়াছিল—দেশের উচ্চতম আদালতে পর্যাস্ত স্থির হইয়া গেছে, ব্যাপারটা অত্যন্ত তুচ্ছ। তুচ্ছ হইতে পারে, কিন্তু পায়োনিয়রের যুক্তি অনুসারে তুচ্ছ নহে। তদ্র রাহ্মণের এরপ নিষ্ঠুর অপমান ভারতবাসীর কাছে অত্যন্ত গুক্তর।

তাহা হইলে কথাটা কি দাড়াইতেছে, বুঝিয়া দেখা যাক্। যে সকল জাতি lawabiding অথাৎ বিনা বিদ্রোহে আইন মানিয়া চলে, তাহাদেরই অপমান আদালতের কাছে তুচ্ছ। যাহারা কিছুতেই শান্তিভঙ্গ করিবেনা, তাহাদিগকে অন্তায় আঘাত করাও অল্ল অপরাধ। আর, যাহারা অসহিষ্ণু, যাহারা নিজের আইন নিজে চালাইয়া বদে, সঙ্গত কারণেও তাহাদের গায়ে হাত দিবার উপজ্কমনাত্র অপরাধ। ব্রিটিশরাজ্যে বাঘেণ্যাকতে একঘাটে জল খাওয়াইবার উপায়

বাঘকে দমন করিয়া নহে, গোরুটারই শিং ভাঙিয়া।

কিন্তু পারোনিয়রের এ কথাটা লইয়া রাগ করিতে পারি না। পারোনিয়র বন্ধুভাবে আমাদিগকে একটা শিক্ষা দিয়াছেন। বস্তুতই বারুদে আগুন দেওয়া বত-বড় অপরাধ,ভিজা তুলায় আগুন দেওয়া তত বড় অপরাধ নহে। যাহারা চিরসহিষ্ণু, তাহাদের অপমানকে অপরাধ বলিয়া গণা করা যাইতে পারে না। অতএব আঘাত-অপমান-সম্বন্ধে আমরা আইন বাঁচাইব, কিন্তু আইন আমা-দিগকে বাঁচাইবে না। Mild Hindureর প্রতি পায়োনিয়রের ইহাই নিগুঢ় বক্তবা।

আর একটা কথা। বিচারের নিজিতে দক্ষম-অক্ষম এবং কালো-শাদায় ওজনের কমবেশি নাই। কিন্ত পোলিটিকাল প্রয়োজন বলিয়া একটা ভারী জিনিষ আছে, (मिं। यिभित्क छत्र करत्, स्मिनित्क निक्ति হেলে। এ দেশে ইংরেজের প্রতি দেশা লোকের অন্ধ সম্ভ্রম একটা পোলিটিকাল প্রয়োজন, অতএব দেরূপ স্থলে স্ক্রাবিচার অসম্ভব। ভারবিচারের মতে এ কথা ঠিক বটে যে, ইংরেজের প্রতি দেশী লোক যে ব্যবহার করিয়া যে দও পায়, দেশা লোকের প্রতিও ইংরেজ সেই ব্যবহার করিয়া সেই দ ৩ই পাইবে। আইনের বহিতেও এসম্বন্ধে কোন বিশেষ বিধি নাই। কিন্তু পোলিটি-কাল প্রয়োজন ভাায়বিচারের চেয়েও নিজেকে বড বলিয়া জানে।

এ কথা ঠিক বটে, পাশ্চাতা সভ্যতার আধুনিক ধর্মশাস্ত্রে পলিটিক্স সর্ব্বোচেচ, ধর্ম তাহার নীচে। বেথানে পোলিটিকাল্

প্রয়োজন আসন ছাড়িয়া দিয়ে, সেইথানেই धर्म विभिन्न शान शाहरव। शामिष्ठिकान প্রয়োজনে দত্য কিরূপ বিকুত হইয়া থাকে, মন্ত প্রবন্ধে হার্কার্ট স্পেন্সারের গ্রন্থ হইতে তাহার প্রমাণ উদ্ধৃত করা গেছে। পোলিট-কাল প্রয়েজনে ভাষ্বিচারকেও বিকার-প্রাপ্ত হইতে হয়, পায়োনিয়র তাহা এক-প্রকারে সীকার করিয়াছেন। জজ বার্কিট্ সোমেশরের বাবহারকে audacity অর্থাৎ ছঃসাহস বলিয়াছেন। স্বরক্ষার উপলক্ষ্যে ইংরাজকে বাধা দেওয়া যে হুঃসাহস, বিচারকই তাহা দেখাইয়াছেন, এবং এই সাহসিকতার অপরাধে সম্রান্ত ব্যক্তিকে কারাদ্র দিয়া বিচারক যে মানসিক গুণের পরিচয় দিয়া-ছেন, তাহাকে আমরা কোনমতেই সাহসের কোটায় ফেলিতে পারি না৷ বস্তুত তিনি অবাস্তর কারণে দোমেশ্বরের প্রতি অপক্ষপাত ভাগ্য বিচার করিতে সাহসই করেন নাই। এন্থলে দণ্ডিত যদি audacious হয়, তবে দওদাতার প্রতি ইংরাজি কোন বিশেষণ প্রয়োগ করা যাইতে পারে!

কিন্তু এইরূপ বিচারের ফলাফলকে আমরা তুচ্ছ বলিয়া দাপ্তাহিক পত্রের এক প্যারাগ্রাফের মধ্যে তাহার দমাধি দিয়া নিশ্চিম্ব থাকিতে পারি না। আমরা প্রতিদিন নানা দৃগাম্তের দ্বারা শিণিতেছি ধে, পোলিটিকাল্ প্রয়োজনের যে বিধান, তাহা গ্রায়ের বিধান সত্যের বিধানের সঙ্গে ঠিক মেলে না।

ইহাতে আমাদের শিক্ষাদাতাদের ইট বা অনিষ্ট কি হইতেছে, তাহা লইয়া ত্রশ্চিস্তাগ্রস্ত হইবার প্রয়োজন দেখি না। ভয়ের কারণ

এই থেঁ, আমাদের মন হইতে ধ্রুণ ধর্মে বিশাস শিথিল, সত্যের আদর্শ বিকৃত হট্যা ঘাইতেছে। আমরাও প্রয়োজনকে সকলের উচ্চে স্থান দিতে উত্তত হইয়াছি। আমরাও বুঝিতেছি, পোলিটিকাল উদ্দেশুসাধনে ধর্ম-বৃদ্ধিতে দ্বিধা অনুভব করা অনাবশুক। অপমানের দ্বারা যে শিক্ষা অস্থিমজ্জার। মধ্যে প্রবেশ করে, সে শিক্ষার হাত হইতে নিজেকে রক্ষা করিব কি করিয়। १ **धर्म्यातक** ग्रांप অকর্মণা বলিয়া ঠেলিয় রাখিতে আরম্ভ করি, তবে কিসের উপর নিভর করিব ? বিলাতী সভাতার আদর্শের উপর ১ বিখ-জগতের মধ্যে এই সভাতাটাই কি সর্বাপেকা স্থায়ী ? তুর্ভাগাক্রমে, যে জিনিষ্টা প্রতাক্ষ-ভাবে আমাদের বুকের উপরে চাপিয়া বসে, দেটা আমাদের পক্ষে পৃথিবার সব চেয়ে ভারী—আমাদের পকে হিমালয়পর্ব 5ও তাহার চেয়ে শঘু। সেই হিসাবে বিলাতি সভাতার নীতিই আমাদের পকে স্ব চেয়ে

গৌরবাহিত - তাহার কাছে ধর্মনীতি লাগে না।

অতএব ইচ্ছাকরি আর নাকরি বিলাত আমাদিগকে ঠেদিয়া-ধরিয়া যে সকল শিক্ষা দিতেছে, তাহা গলাধঃকরণ করিতেই হইবে। আমরা ক্লাইভকে, হেষ্টিংদকে, ড্যাল্ছৌদিকে আদশ নরোভম বলিয়াই সীকার করিব,— ইংরেজের সহিত ন্যাযা-মন্তায়া সর্বপ্রকার সংঘাত-সংঘর্ষ-স্থলে আমরা ন্যায়বিচারের প্রত্যাশাই করিব ন' -- যেখানে ভারতশাস-নের প্রয়োজনবশত প্রেষ্টিজের দোহাই পৃথিবে সেথানে বিশ্ববিধাতার দোহাই মানিব না-ইহাই ঘাড় পাতিয়া লইলাম,—কিন্তু এই গুক্ট যথন শিবাজির রাষ্ট্রনীতিকে অধন্ম বলিয়া আমাদের নিকট নীতিপ্রচাব কবিতে আসিবেন, তথন আমরা কি করিব ? তথনো কি ইহাই ব্ঝিব যে, ধর্মনীতিশাস্ত্রও বর্ত্তমান ক্ষমতাশালীকেই ভয় করিয়া নিজের রায় লিখিয়া থাকেন, অতএব ধিক শিবাজি।

দ্বিধা।

-Ø------

তোমারে কিরায়ে যদি দেন আরবার দেবতারে দিতে পারি দর্বস্থ আমার। ভূমি যে দর্বস্থ মোর, তাই বড় ভয় শপথ রাখিতে শক্তি হয় কি না হয়!

প্রশ্ন।

দ্রাবিড় সভ্যতা।

ইংরাজী ১৮৫৬ সালের এসিয়াটিক সোসাইটির পত্রিকায় "সংস্কৃত ভাষাৰ বিস্তৃতি" নামক প্ৰবন্ধে শীযুক্ত এ. কাজ্জন मारहर निथिर छहन - "তः मूनौ पिरान अमन कारना ইতিহ্দে নাই, যাহা দারা প্রমাণ করা যায় যে, তাহারা আয়া হিন্দু হইতে সম্পূর্ণ পৃথক্। ভাহাদের ধর্ম, আচার-বাবহার, নাতি ইত্যাদি বিধয়ে তাহারা যে আয়া হিন্দু গণের নিকট গণী নহে, এমন কোনো ইতিহাস দেখিতে পাওয়া যায় না: তাহারা আপনাদিগকে চিন্দু নতে বলিখা ক্তাপি পরিচিত করে নটে:.....এমন হইতে পারে যে, একসময়ে স্বতন্ত্রজাতিরপে তাহা-দের পাতাদয় হইয়াছিল— ভাহারা দাক্ষিণাতো রাজ ২-স্থাপন করিয়াছিল– সমাজগঠনও করিয়াছিল–সেই সমতে কাষ্যাবর্ত্তে আযাগণ পূর্ণস্ক্রিতে বিরাজমান।… কিন্তু তাহারা আয়াবর্ত্ত আর্য্যাধিকারে আদিবার পুলে তথ্য অধিকারলাভ করিয়াছিল, এমন কথা প্রমাণ করিবার কোন ইভিহাস নাই।"

Ragozinসাহেবের কৃত "Vedic India"
নামক গ্রন্থ দেবিতে পাই যে, উপ্তর ভারতের আযাগণ
অবি পাচানক ল তইতে শিল্পবিদ্যা প্রভৃতিতে পারদেশিত। প্রকাশ করিয়াছিলেন। তামুলীগণসম্বন্ধে
তিনি লিথিতেচেন—"ঝায় হিন্দুগণের প্রতিশ্বদ্ধী
দেশিব্যাগণ দাকিপাতেয় বাণিগ্য করিত।"

Ragozinদাহেব জাবিড়ীগণকে আর্ব্যগণের
প্রতিদ্বন্দী বলিয়' নির্দেশ করিতেছেন—কিন্ত কার্জ্জন
সাহেব বহুপুর্ব্বে বলিয়া গিয়াছেন—"তাছারা আপনাদিগকে অহিন্দু বলিয়া কুত্রাপি পরিচিত করে নাই।"

ভামূলীদিগের ভাষাসম্বন্ধেও কার্জ্জন লিপিয়া গিয়াছেন— 'ভামূলীভাষার প্রত্যাক প্রস্থে— কি ব্যাকরণ, কি বাবভার, কি ভৈষজ কি ধন্মপ্রস্থাক কি কাব্য-সকল গ্রন্থেই দেখা যায় যে, অপেক্ষাকৃত আধুনিক হিন্দুদের চিফু তাহাদের মধ্যে প্রস্থাইত পরিষণ্টি হাছে।

তুইজন পাশচাতা প্রস্থৃতত্বিদের মত উপরে উদ্ধৃত ১ইল , কার্জ্জনসাহেবের মত প্রকাশিত হওয়ার পরে বহুব্ধ অতীত হইয়াছে। ইতিমধ্যে প্রত্তর-বিদ্গণ আলোচা বিষয়ে বহু অনুসন্ধান করিয়াছেন, এমন আংশা করা যায়

দাবিড়াগণ যে একটি সহন্ত কাতি, ইছাই অধুনা-তন প্রচলিত মত। তাহাদের সভাতা, ধর্ম ও রীজি-নীতি প্রভৃতির জনা তাহার। কাহারও নিকট গুলী নহে। যে সকল প্রভুত্তবিদ্ এই মতের সমধন করেন, উহাহার: কি কি প্রমাণের উপর নির্ভর করিয়াছেন, তাহ। আমি জানিতে উৎপ্রক রহিয়াছি।

শ্রীনরেক্রনাথ ভট্টাচায্য।

প্রস্থ-সমারেলাচনা।

স্থাত-মুকুল। নীতিবিদ্যালয় কর্ত্বক প্রকাশিত। চতুর্থ সংস্করণ। মূল্য /> দড়ে আনা।
এই পুত্তকথানি দেখিয়া আমরা প্রীত
হইরাছি। ইহাতে যে সকল গান আছে,
তাহা স্ভাবান্থিত এবং অতি সরল ভাষায়
রচিত। 'প্রথমবারের বিজ্ঞাপনে' লিখিত
আড়ে — "বাক্ষ বালকবালিকাদিগের নিমিত্ত

এই দক্ষীতপুস্তকথানি প্রচারিত হইল।"
শুধু ব্রাক্ষ কেন, দকল সম্প্রদায়ের শিশুদিগের
পক্ষেই ইহা উপযোগী হইয়াছে। পুস্তকের
শেষদিকে যে 'থেলা'শুলি আছে, তাহার
করেকটি আমাদের খুবই ভাল লাগিয়াছে।
ইহার যথন চতুর্থ সংস্করণ হইয়াছে, তথন ইহা
যে আদৃত হইয়াছে, এ কথা বলাই বাছলা।

শ্রীচন্দ্রশেখর মুখোপাধ্যায়।

বঙ্গদর্শন।

মুক্তপাখীর প্রতি।

আজিকে গহন কালিনা লেগেছে গগনে, ওগো,
দিক্দিগন্ত ঢাকি'!—
আজিকে আমরা কাঁদিয়া ভধাই সঘনে, ওগো,
আমরা খাঁচার পাখী,—
হুদমবন্ধ, ভুনগো বন্ধু মোর,
আজি কি আসিল প্রলম্মাত্রি ঘোর!
চিরদিবসের আলোক গেল কি মুছিয়া?
চিরদিবসের আখাস গেল ঘুচিয়া!
দেবতার ক্বপা আকাশের তলে
কোথা কিছু নাই বাকি!—
তোমাপানে চাই, কাঁদিয়া ভধাই
আমরা খাঁচার পাখী!

ফাস্কন এলে সহসা দখিন পবন হ'তে
মাঝে মাঝে রহি' রহি'
আসিত স্থবাস স্থান কুঞ্জতবন হ'তে
অপূর্ব্ব আশা বহি'।
হাদরবন্ধ, শুনগো বন্ধু মোর
মাঝে মাঝে যবে রজনী হইত ভোর,
কি মারামন্ত্রে বন্ধনত্থ নাশিয়া
খাঁচারু কোণেতে প্রভাত পশিত হাসির

ঘনমগী-আঁকা লোহার শলাক।

সোনার স্থার মাথি'!

নিধিল বিশ্ব পাইতাম প্রাণে
আমরা খাঁচার পাথী।

আজি দেখ ওই পূর্ব অচলে চাহিয়া, হোণা
কিছুই না যায় দেখা,—
আজি কোনো দিকে তিমিরপ্রান্ত দাহিয়া হোণা
পড়েনি সোনার রেখা!
হৃদয়বন্ধ, শুনগো বন্ধ মোর,
আজি শৃত্যাল বাজে অতি স্থকঠোর!
আজি পিঞ্জর ভূলাবারে কিছু নাহিরে,
কার সন্ধান করি অন্তরে-বাহিরে!
মরীচিকা লয়ে জ্ডাব নয়ন
আপনারে দিব ফাঁকি
সে আলোটুকুও হারায়েছি আজি
আমরা খাঁচার পাখী!

ওগো আমাদের এই ভরাতুর বেদনা যেন
তোমারে না দের বাথা!
পিঞ্জরন্বারে বসিয়া তুমিও কেঁদ না ষেন
লয়ে রূথা আকুলতা!
হৃদয়বন্ধ, শুনগো বন্ধু মোর,
তোমার চরণে নাহি ত লোহডোর!
সকল মেন্বের উর্দ্ধে বাওগো উড়িয়া,
সেথা ঢাল তান বিমল শৃত্ত জুড়িয়া,—
"নেবে নি, নেবে নি প্রভাতের রবি"
কৃহ আমাদের ডাকি'
মুদিয়া নয়ান শুনি সেই গান
আমরা ধাঁচার পাধী!

পরনিন্দা।

পরনিন্দা পৃথিবীতে এত প্রাচীন এবং এত ব্যাপক বে, সহসা ইহার বিরুদ্ধে একটা হব-সে মত প্রকাশ করা ধৃষ্টতা হইয়া পড়ে। বয়স বিবেচনা করিয়া ইহার প্রতি কতকটা সন্মান এবং শ্রদ্ধা রক্ষা করা কর্ত্তব্য।

সাধুলোকেরা ইহাকে পৃথিবী হইতে
নির্বাসন করিবার প্রস্তাব করিয়া থাকেন।
বদি ইহাদের সে ক্ষমতা থাকিত, তবে,
রামের পশ্চাতে লক্ষণও বেমন বনে গিয়াছিলেন, পৃথিবীও তেমনি নির্বাসিতার
পশ্চাতে নির্বাসন গ্রহণ করিতে উন্নত হইত।

আমরা সাধুই হই আর অসাধুই হই,
বিশ্ববিধানের প্রতি আমাদের কতকটা
বিশ্বাস থাকা উচিত। যে পরনিন্দার চর্চচা
সমস্ত মানবসমাজকে আগ্রন্তমধ্যে জুড়িয়া
বিসিয়া আছে, তাহাকে একেবারেই মন্দ
বিশ্বা বসা অত্যস্ত সদ্ধিশ্বপ্রকৃতির কাজ।
আমরা ছোট, এবং আজ আছি কাল নাই,
বাহা আমার চেয়ে অনেক বৃহৎ এবং অনেকদিন টিকিয়া আছে, তাহার প্রতি একটা
অন্ধবিশাস রাধাও আমি দোষের বিবেচনা
করি না।

নোনা জল পানের পক্ষে উপযোগী নহে,

এ কথা শিশু জানে—কিন্ত বখন দেখি,

সাত সমুদ্রের জল স্থান পরিপূর্ণ; যখন দেখি,
এই নোনা জল সমস্ত পৃথিবীকে বেড়িয়া

আছে, তথন এ কথা বলিতে কোনমতেই সাহস হয় না যে, সমুদ্রের জলে হন না থাকিলেই ভাল হইত। নিশ্চয়ই ভাল হইত না—হয় ত লবণজলের অভাবে সমস্ত পৃথিবী পচিয়া উঠিত।

তেমনি, পরনিন্দা সমাজের কণায় কণায় বিদি মিশিয়া না থাকিত, তবে নিশ্চয়ই একটা বড়রকমের অনর্থ ঘটিত। উহা লবণের মত সমস্ত সংসারুকে বিকার হইতে রক্ষা করিতেছে। সংসারে আবর্জনার অবধি নাই, সে সমস্ত পচিয়া প্রেমসমূদকে বীভৎস করিয়া তুলিত—সমুদ্রের সর্ব্ব বিদ্বেষ এবং নিন্দার ক্ষার মিশিয়া আছে বলিয়াই নিস্তার! মাহুষের রচিত ম্যুনিসিপালিটির ক্ষুদ্র ব্যবস্থায় সংসারের শোধনকার্য্য অতি অল্পরিমাণেই চলে;—পুলিশ ও আইন বাহিরের জিনিষ, তাহা টোট্কা ওষুধের মত—পর-নিন্দা সমাজের রক্তের সঙ্গে মিশিয়া অহরহ তাহাকে স্বাস্থ্যের পথে টানিয়া রাধিয়াছে।

পাঠক বলিবেন, "বুঝিয়াছি। ভূমি বাহা বলিতে চাও, তাহা অত্যস্ত পুরাতন। অর্থাৎ নিন্দার ভয়ে সমাজ প্রকৃতিস্থ হইয়া আছে।"

এ কথা যদি পুরাতন হয়, তবে আনন্দের বিষয়। আমি ত বলিয়াছি, যাহা পুরাতন, তাহা বিখাসের যোগ্য।

বন্ধত নিন্দা না থাকিলে পৃথিবীতে জীব-

मकल काटक मकल टिहो विश्व विश्व कि लाटक काटक ममान शाद या लाक वाश्वा लहेशा रिश्व कि मिन कि राम काटक राम

নিন্দা-বিরোধ গায়ে বাজে না, এমন কথা অর লোকই বলিতে পারে। কোন সহলর লোফ ত বলিতে পারে না। যাহার হৃদয় বেশি, তাহার বাথা পাইবার শক্তিও বেশি। বাহার হৃদয় আছে, সংসারে সেই লোকই কাজের মত কাজে হাত দেয়। আবার লোকের মত লোক এবং কাজের মত কাজে দেখিলেই নিন্দার ধার চারগুণ শাণিত হইয়া উঠে। ইহাতেই দেখা যায়, বিধাতা ধেখানে

অধিকার বেশি দিয়াছেন, সেইখানেই ছংখ এবং পরীক্ষা অত্যন্ত কঠিন করিয়াছেন। বিধাতার সেই বিধানই জ্বনী হউক্! নিন্দা, ছংখ, বিরোধ যেন ভাল লোকের, গুণী লোকের, বোগ্য লোকের ভাগোই বেশি করিয়া জোটে। যে যথার্থক্রপে ব্যথা ভোগ করিতে জানে, সেই যেন ব্যথা পায়! অযোগ্য ক্ষুদ্র ব্যক্তির উপরে যেন নিন্দা-বেদনার অনাবশুক অপবায় না হয়!

সরলহাদয় পাঠক পুনশ্চ বলিবেন—
"জানি, নিন্দায় উপকার আছে। যে লোক
দোয করে, তাহার দোযকে ঘোষণা করা
ভাল; কিন্তু যে করে না, তাহার নিন্দায়
সংসারে ভাল হইতেই পারে না। মিথ্যাজিনিষটা কোন অবস্থাতেই ভাল নয়।"

এ হইলে ত নিন্দা টিকে না। প্রমাণ
লইয়া দোষীকে দোষী সাব্যক্ত করা, সে ত
হইল বিচার। সে গুরুভার কয়লন লইতে
পারে, এবং এত স্ময়ই বা কাহার হাতে
আছে? তাহা ছাড়া পরের সম্বন্ধে এত
অতিরিক্ত মাত্রায় গরজ কাহারো নাই।
যদি থাকিত, তবে পরের পক্ষে তাহা একেবারেই অস্থ হইত। নিন্দুককে স্থ করা
যায়, কারণ, তাহার নিন্দুকতাকে নিন্দা
করিবার স্থ আমারো হাতে আছে, কিন্তু
বিচারককে স্থ করিবে কে?

বস্তত আমরা অতি সামান্ত প্রমাণেই
নিলা করিয়া থাকি, নিলার সেই লাঘবতাটুকু না থাকিলে সমাজের হাড় ভঁড়া হইরা
যাইত। নিলার রায় চূড়ান্ড রায় লহে—
নিলিত ব্যক্তি ইন্ডা করিলে তাহার প্রতিবাদ
না করিতেও পারে। এমন কি, নিলাবাক্য

হাসিরা টুড়াইমা দেওরাই স্থ্রি বলিরা গণা। কিন্তু নিন্দা ধদি বিচারকের রার হইত, তবে স্থ্রিকে উকীল-মোক্তারের শরণ লইতে হইত। ঘাঁহারা জানেন, তাঁহারা খাকার করিবেন, উকীল-মোক্তারের সহিত কারবার হাসির কথা নহে। অতএব দেখা ঘাইতেছে, সংসারের প্রয়োজনহিসাবে নিন্দার যতটুকু গুরুত্ব আবশুক তাঁহাও আছে, যতটুকু লঘুত্ব থাকা উচিত তাহারো অভাব নাই।

পূর্ব্বে যে পাঠকটি আমার কথায় আসহিষ্ণু হইয়া উঠিয়াছিলেন, তিনি নিশ্চয়ই বলিবেন—"ভূচ্ছ অমুনানের উপরেই হউক বা নিশ্চিত প্রমাণের উপরেই হউক, নিন্দা যদি করিতেই হয় তবে ব;থার সহিত করা উচিত—নিন্দায় স্থুখ পাওয়া উচিত নহে।"

এমন কথা যিনি বলিবেন, তিনি নিশ্চরই
সহাদর ব্যক্তি। স্থতরাং তাঁহার বিবেচনা
করিয়া দেখা উচিত—নিন্দার নিন্দিত ব্যক্তি
ব্যথা পার, আবার নিন্দুক ও যদি বেদনা বোধ
করে, তবে সংসারে ছঃখবেদনার পরিমাণ
কিরূপ অপরিনিতরূপে বাড়িয়া উঠে! তাহা
হইলে নিমন্ত্রণসভা নিস্তর্ক, বন্ধুসভা বিষাদে
মিয়মাণ, সমালোচকের চক্ষু অশ্রুপ্ত এবং
তাঁহার পাঠকগণের হাদ্পহ্বর হইতে উষ্ণ
দীর্ঘাস ঘনঘন উচ্ছুসিত। আশা করি,
শনিগ্রহের অধিবাসীদেরও এমন দশা নয়!

তা ছাড়া স্থথও পাইব না অথচ নিন্দাও করিব, এমন ভরঙ্কর নিন্দুক মহুযাজাতিও নহে। মাহুযক্তে বিধাতা এতই সৌথীন করিয়া সৃষ্টি করিয়াছেন যে, যখন সে নিজের পেট ভরাইয়া প্রাণরক্ষা করিতে যাইতেছে, তথ্নও ক্ষ্ণানিবৃত্তি ও ক্ষচিপরিভৃত্তির বে হ্রথ, সেটুকুও তাহার চাই—সেই
মাহ্য ট্নাভাড়া করিয়া বন্ধর বাড়ী গিয়া
পরের নিন্দা করিয়া আসিবে অণচ তাহাতে
হ্রথ পাইবে না, বে ধর্মনীতি এমন অসম্ভব
প্রত্যাশা করে তাহা পূজনীয়, কিন্তু পালনীয়
নহে।

আবিষ্ণারমাত্রেরই মধ্যে স্থের অংশ
আছে। শিকার কিছুমাত্র স্থের হইত না,
যদি মুগ যেখানে-সেখানে থাকিত এবং
ব্যাধকে দেখিয়া পালাইয়া না যাইত। মৃগের
উপরে আমাদের আজ্বোশ আছে বলিয়াই
যে তাহাকে মারি তাহা নহে, সে বেচারা
গহন বনে থাকে এবং সে প্লায়নপটু
বলিয়া তাহাকে কাজেই মারিতে হয়।

চরিত্র, বিশেষত মাতুষের (माय छान, त्या प्रयाप्त्र मर्पा श्वारक व्यवः পাষের শব্দ শুনিলেই দৌড় মারিতে চায়, এইজন্তই নিন্দার এত স্থ। আমি নাড়ী-নক্ষত্ৰ জানি, আমার কাছে কিছুই গোপন नाहे, निम्ह्रकत्र पूर्य এ कथा छनित्वहे বোঝা যায়, সে ব্যক্তি জাতশিকারী। তুমি তোমার যে অংশটা দেখাইতে চাও না, আমি সেইটাকেই তাড়াইয়া ধরিয়াছি। জলের মাছকে আমি ছিপ ফেলিয়া ধরি; আকাশের পাখীকে বাণ মারিয়া পাড়ি, বনের পশুকে জাল পাতিয়া বাঁধি—ইহা কত স্থের ৷ যাহা লুকায় তাহাকে বাহির করা, যাহা পালায় তাহাকে বাঁধা, ইহার জত্যে মানুষ কি না করে!

হুর্নভতার প্রতি মামুষের একটা মোহ আছে। সেমনে করে, যাহা স্থলভ তাহা

খাঁটি নহে, যাহা উপরে আছে তাহা আবরণ-মাত্র, বাহা লুকাইয়া আছে তাহাই আসল। এইজন্তই গোপনের পরিচয় পাইলে সে আর-কিছু বিচার না করিয়া প্রকৃতের পরিচয় পাইলাম বলিয়া হঠাৎ খুসি হইয়া উঠে। একথা সে মনে করে না যে, উপরের সত্যের চেয়ে নীচের সত্য যে বেশি সত্য তাহা নহে ;---এ কথা তাহাকে ৰোঝানো শব্দ ষে, সত্য যদি বাহিরে থাকে তবুও তাহা সত্য, এবং ভিতরে ষেটা আছে দেটা যদি সত্তা না হয়, তবে তাহা অস্তা। এই মোহবশতই কাব্যের সরল সৌন্দর্যা অপেক্ষা তাহার গভীর তত্ত্বকে পাঠক অধিক সত্য বলিয়া মনে করিতে ভালবাসে এবং বিজ্ঞ লোকেরা নিশাচর পাপকে আলোক-চর সাধুতার অপেক্ষা বেশি বাস্তব বলিরা তাহার গুরুত্ব অমুভব করে।

এইজন্তই মান্তুষের নিন্দা শুনিলেই
মনে হয়, তাহার প্রকৃত পরিচয় পাওয়া
গেল। পৃথিবীতে অতি অল্প লোকের
সঙ্গেই আমাকে ঘরকয়া করিতে হয়, অথচ
এত-শত লোকের প্রকৃত পরিচয় লইয়া
আমার লাভটা কি ? কিন্তু প্রকৃত পরিচয়ের জন্ত ব্যগ্রতা মান্তুষের অভাবদিদ্ধ ধর্ম—
সেটা মন্তুষ্যতের প্রধান অঙ্গ— অতএব তাহার
সঙ্গে বিবাদ করা চলে না;—কেবল যথন
ছঃথ করিবার দীর্ঘ অবকাশ পাওয়া যায়,
তথন এই ভাবি য়ে, যাহা স্কলর, যাহা

সম্পূর্ণ, যাহা ফুলের মত বাহিরে বিকশিত হইয়া দেখা দেয়, তাহা বাহিরে আসে বলিয়াই বুজিমান্ মায়ুষ ঠিকিবার ভয়ে তাহাকে বিশ্বাস করিয়া ভাহাতে সম্পূর্ণ আনন্দ ভোগ করিতে সাহস করে না। ঠকাই কি সংসারে চরম ঠকা! না-ঠকাই কি চরম লাভ!

কিন্তু এ সকল বিষয়ের ভার আমার উপরে নাই,—মনুষাচরিত্র আমি জ্বনিবার বহু পূর্বেই তৈরি হইয়া গেছে। কেবল এই কথাটা আমি বুঝিবার ও বুঝাইবার চেষ্টায় ছিলাম যে, সাধারণত মানুষ নিন্দা করিয়া যে স্থুখ পায়, তাহা বিদ্বেষর স্থুখ নহে। বিদ্বেষ কখনই সাধারণভাবে স্থুখকর হইতে পারে না এবং বিদ্বেষ সমস্ত সমাজের স্তরে স্তরে পরিব্যাপ্ত হইলে সে বিষ হজম করা সমাজের অসাধ্য। আমরা বিস্তর ভাললোক, নিরীহলোককেও নিন্দা করিতে শুনিয়াছি, তাহার কারণ এমন নহে যে, সংসারে ভাললোক, নিরীহলোক নাই; তাহার কারণ এই যে, সাধারণত নিন্দার মূল প্রস্রবাটা মন্দভাব নয়।

কিন্ত বিদ্বেষমূলক নিন্দা সংসারে একে-বারে নাই, এ কথা লিখিতে গেলে সত্যযুগের জন্ম অপেক্ষা করিতে হয়। তবে সে নিন্দা সম্বন্ধে অধিক কথা বলিবার নাই। কেবল প্রার্থনা এই যে, এরূপ নিন্দা যাহার স্বভাব-সিদ্ধ, সেই তুর্ভাগাকে যেন দয়া করিতে পারি!

অমূর্ত্ত ও মূর্ত্।

উপনিষদের মালোচন। ক্রিলে দেখা যায় যে, মার্ন্য ঋষির। রক্সের ছইট বিভাবের সহিত পরিচিত ছিলেন। একটি নির্বিশেষ ভাব, মুপরটি সবিশেষ ভাব। এই ছই বিভাবের ভেদ নির্দেশ করিবার জন্ত কোথাও নির্বিশেষ বিভাবকে প্রব্রহ্ম, কোথাও বা অশক্ষব্রহ্ম বলা হইয়াছে; আর সবিশেষ বিভাবকে নির্দেশ করিবার জন্ত কোথাও শক্ষব্রহ্ম, • আর কোথাও বা অপর-ব্রহ্ম বলা হইয়াছে।

ছে বাব ব্ৰহ্মণো রূপে।

[वृश्मात्रगुक २।०।১]

ব্রহ্মের হুই রূপ।

দে বাব পরেতে ব্রহ্মজ্যোতিষো রূপকে।

[মৈত্রী ৬।৩৬]

ব্রন্সজ্যোতির হুই রূপ।

এতদ্বৈ সভাকাম! পরঞ্পেরঞ্ ব্রহ্ম।

[প্রশ্ন ধাব |

হে সভাকাম! এই বাসা পোর ও অপার। (ৰ পোরবাসাণী অভিধায়ে শেকশচ অশকশচ।

[মৈত্রী এ২০]

দ্বিধি পরত্রহ্ম ধ্যান করা উচিত—শব্দ ও অশব্দ।

ব্ৰশ্বের যে নির্বিশেষ ভাব, তাহার অর্থ এই বে, সে ভাবের কোন বিশেষণ, লক্ষণ, চিহ্ল বা পরিচয় নির্দেশ করা যায় না। কোন গুণেরই উল্লেখ করা যায় না, যাহার ছারা তাঁহার ধারণা করা যায়; কোন উপাধিরই অবতারণা করা যায় না, যদ্ধারা তাঁহাকে চিনিয়া লওয়া যায়। দেইজন্ম এই নির্বিশেষ ভাবকে নির্প্তণ, নির্বিকল্প, নিরুপাধি ইত্যাদি সংজ্ঞা দেওয়া হয়। এই ভাবকে লক্ষ্য করিয়া শ্রুতি বলিয়াছেন—

যতে। বাচো নিবৰ্ত্তন্তে।

[তৈত্তিরীয় ২৷৪৷১]

বাক্য যাঁহার কাছে পৌছিতে পারে না। সেইজ্বন্ত তাঁহাকে অনির্দেশ্য, অনিরুক্ত,

অবাচ্য ইত্যাদি আখ্যা দেওয়া হয়—

এতপিন্নদৃখ্যেংনাক্ষ্যেংনিক্সজে।

[হৈজিরীয় ২৷৭]

देनव वाहा न मनमा आखुः भक्ता न हक्षा।

[कर्र ७।३२]

তিনি বাক্যের,মনের,ইন্দ্রিরের অতীত। তিনি বিদিত ও অবিদিত সমস্ত পদার্থ হইতে বিভিন্ন—

> অন্তদেব তদ্বিদিতাদখো অবিদিতাদধি। [কেন ১০৩]

তাঁহার উদ্দেশে ইহাও বলা হইরাছে— অশুত্র ধর্মাদস্ততাধর্মাদস্ততাকার ।

মহাত্র ভূতাচ্চ ভব্যাচ্চ।

[कर्घ शंक]

তিনি ধর্ম হইতে পৃথক্, অধর্ম হইতে ভিন্ন; কার্য্য হইতে স্বতন্ত্র, কারণ হইতে ব্যতিরিক্ত; অতীত হইতে বিভিন্ন এবং ভবিষ্যৎ হইতে অস্তু। বিনি এরপ অন্ত্ত, তাঁহার সম্বন্ধে পরি-চরস্থলে এইমাত্র বলা বার ধে, 'তিনি ইহা নহেন', 'তিনি ইহা নহেন।' ফলত দেখা বায়, উপনিষদ্ তাহাই করিয়াছেন—

অথাত আদেশো নেতি নেতি।

[वृह्मात्रगुक २।०।७]

তাঁহার উপদেশ এইমাত্র যে, তিনি ইহা নহেন, তিনি ইহা নহেন।

সেইজন্মই নির্কিশেষ ব্রহ্মের নির্দেশস্থলে, শ্রুতি "নঞ্জের" এত ছড়াছড়ি করিয়াছেন। অস্থুলমনণ্ডুস্মদীর্ঘ্।

[বৃহদারশ্যক আচাচ]

অশক সম্পর্মরূপমব্যয়ম্।

[48 012e]

তিনি ছুল নহেন স্ক্র নহেন, হ্রস্থ নহেন দীর্ঘ নহেন। তাঁহার শব্দ নাই, স্পর্শ নাই, রূপ নাই, ক্ষয় নাই। ব্রক্ষের পূর্ব্বে বা পরে, অস্তরে বা বাহিরে অন্ত কিছুই নাই। বন্তদন্তেশ্রমগ্রাহ্রমগোত্রমবর্ণমচকু:শ্রোত্রং তদপাণিপাদম্।

[मुखक ১१७]

যিনি অদৃশ্র, অগ্রাহ্য, অগোত্র, অবর্ণ; বাঁহার চক্ষু নাই, কর্ণ নাই, হস্ত নাই, পদ নাই।

নাভঃপ্ৰজং ন বহিঃপ্ৰজং নোভয়তঃপ্ৰজঃ ন প্ৰজান্বনং ন প্ৰজং নাপ্ৰজন্। অদৃষ্টমব্যবহাৰ্য্যমগ্ৰাফ্র-মলক্ণ্যচিন্তামব্যপদেখনেকাত্মপ্ৰত্যয়সারং প্ৰপঞ্চো-পশমং শান্তং শিবমহৈতং চতুৰ্থং মন্তন্তে স আত্মা স বিজ্ঞেরঃ।

[মাপুক্য ৭]

বাঁহার প্রজা বহিন্দু খও নহে, অন্তর্মা খও

নহে, উভয়মুপও নহে; , যিনি প্রজ্ঞানঘন নহেন, প্রজ্ঞ নহেন, অপ্রজ্ঞও নহেন;
বিনি দর্শনের অতীত, ব্যবহারের অতীত,
গ্রহণের অতীত, লক্ষণের অতীত, চিস্তার
অতীত, নির্দেশের অতীত, আত্মপ্রত্যয়মাত্রসিদ্ধ, প্রপঞ্চাতীত (নিরুপাধি), শাস্ত, শিব,
অবৈত, তাঁহাকে তুরীয় বলে।

তিনি "একমেবান্বিতীয়ম্" অর্থাৎ তিনিই আছেন, তিনি ছাড়া আর কিছুই নাই।

আবৈয়বেদং সর্বম্।

[हारमांगा १।२८।२]

আত্মাই এই সমন্ত।

নেহ নানান্তি কিঞ্ন।

[वृश्माद्रभाक 818132]

এখানে ভেদ নাই, সবই এক।

"একমেবাদিতীয়ং" বলাতে ইংাই বুঝার বে, তিনি সমস্তভেদরহিত। বিজ্ঞাতীয়, স্বন্ধাতীয় ও স্বগত, এই ত্রিবিধ ভেদ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। তিনি নিরুপাধি —অর্থাৎ দেশ, কাল ও নিমিত্ত, এই ত্রিবিধ উপাধির সম্পর্কশৃষ্য। *

সেইজন্ম বোগবাশিষ্ঠ (উৎপত্তি-প্রক্রণে) বলিয়াছেন—"দেশ, কাল, নিমিন্ত, যথন তাঁহারই মধ্যে রহিয়ছে, তথন আর হৈতই বা কি ? ব্রহ্ম হৈতও নহেন, অবৈতও নহেন; জাতও নহেন, অজাতও নহেন; সংগুলতে নহেন, অসংও নহেন; ক্র্ড্রে নহেন, প্রশাস্তও নহেন।" তাঁহাতে সমন্ত মন্ত্রের দিরসময়র, সকল হৈতের একান্ত অবসান।

The three ultimate categories of time, space and causality. Time=কাল,
Space=লেশ এবং Causality=লিমিড, কার্যাবাসমুদ্র।

সেইজন্ম পরবন্ধে সমস্ত বিক্রম লক্ষণের,

—সমস্ত বিপরীত ধর্ম্মের আরোপ করা হয়।

"তিনি আকাশ, অথচ আকাশ নহেন; তিনি
কিছু, অথচ কিছু নহেন। তাঁহার গতি নাই,
অথচ তিনি গতিশীল; স্থিতি নাই, অথচ
স্থিতিমান্। তিনি চিৎ, অথচ জড়; তিনি
সকলই, অথচ কেহ নহেন। তিনি অণু, অথচ
মহান্; অন্ধকার অথচ আলোক; নিমেষ
অথচ কর; সৎ অথচ অসৎ; প্রত্যক্ষ
অথচ অপ্রত্যক্ষ; স্থদ্রে অথচ নিকটে।

(যোগবাশিষ্ঠ)।

তাঁহাকে সৎ, চিৎ ও আনন্দও বলা বায় না। কারণ বাঁহাকে এরপ বিশেষণে বিশেষত করিতে পারা বায়, তিনি আর অনির্দেশ্য অবাচ্য রহিলেন কিরূপে ? আরও বস্তুবা এই যে, যথন পরব্রহ্ম সংও নহেন, অসংও নহেন (নসরচাসং— শেতাশতর; ৪।১৮); চিৎও নহেন, জড়ও নহেন (চেতনোহিপি পাষাণঃ—যোগবাশিষ্ঠ); স্থেও নহেন, ছঃথও নহেন (পরং ব্রহ্ম ক্রেও নহেন, ছঃথও নহেন (পরং ব্রহ্ম ক্রেও করেন, ছঃথও করেন (সকরেন, চাহাতারত, বনপর্বর, ১৮০।২২); তথন তাঁহাকে কিরুপে সচিদানন্দ বলা বায় ?

শ্রুতি আরও পরব্রহ্ম বলেন যে, অনিৰ্দেখ কেবল অবাচ্য नरहन, હ তিনি **অ**জ্ঞেয় অর্থাৎ জ্ঞানাতীত---रेखिय: मन, वृक्षि, কাহারই গোচর নহেন।

> ন চক্ষা গৃহতে নাপি বাচা নাজৈদৈ বৈভগনা কৰ্মণা বা।

. [মুগুক গ্যাদ] তিনি চক্ষুর গ্রাহ্য নছেন, বাক্যের প্রাফ্ নহেন, ইন্দ্রিয়ের প্রাফ্ নহেন, তপস্থা বা কর্ম্মেরও গ্রাফ্ নহেন।

যন্মনসা ন মনুতে।

[কেনোপনিষদ ১৷৬]

বৃদ্ধিও তাঁহাকে ধারণা করিতে পারে
না। বৃদ্ধির সভাব এই বে, যে বস্তুর ছায়া
বৃদ্ধিতে পতিত হয়, বৃদ্ধি তদাকারে আকারিত হয়। বৃদ্ধি সাস্ত সগুণ পদার্থ, সে
নিগুণ অনস্ত পরব্রেক্সর আকারে কিরুপে
আকারিত হইবে ? তা' ছাড়া যাহা সাপেক্ষ,
(relative), সম্বন্ধ্রক্ত সোপাধিক, তাহাই
জ্ঞানের বিষয় হইতে পারে। পরব্রন্ধ নিরুপাধিক, নিরপেক্ষ (absolute) বস্তু—দেশ,
কাল ও নিমিত্ত, সমস্ত্রসম্বন্ধ বর্জ্জিত; তিনি
কিরুপে জ্ঞানের বিষয় হইবেন ? তিনি
কির্দিনই অজ্ঞেয় (Unknowable)। সেইজ্ঞাঞ্জিত বলিয়াছেন—

ন তত্ৰ চক্ষুৰ্গচ্ছতি ন বাগ্গচ্ছতি নো মনো ন বিন্মো ন বিজানীমো যথৈতদস্পিয়াৎ॥

[কেন ১৩]

সেথানে চক্ষু যাইতে পারে না, বাক্য যাইতে পারে না, মন যাইতে পারে না, বুদ্ধি যাইতে পারে না; তাঁহাকে আমরা জানি না; কিরূপে তাঁহাকে উপদেশ দেওয়া যাইবে ?

আর এক কথা। জানা অর্থে জ্ঞানের বিষয় হওয়া। যিনি বিষয় (object) এবং বিষয়ী (subject) উভয়েরই উপরে, তিনি কিরপে মন, বুদ্ধি, ইন্দ্রিয়ের বিষয় (object) হইবেন ? তাঁহার সম্বন্ধে এইমাত্র বলা যায় বে 'অন্তি'—তিনি আছেন। ইহার অভি- রিক্ত কিছু বলাও যায় না, জানাও যায় না। জ্বীতি ক্রতোহস্তত কথং তত্পলভাতে।

[कर्ठ ७।३२]

'অস্তি'--এইমাত্র বলা যায়, তাহার অধিক উপলব্ধি হয় না।

ख्वात्न उपित्र खेळान, त्वात्मत उपित्र खेलित खेलित खेलित खेला मार्थित विकास मार्थित विकास मार्थित विकास मार्थित विकास सिंद कि मार्थित विविध—मितिक खेलि कि मार्थित विविध—मितिक खेलि कि मार्थित कि सिंदिक मार्थित कि सिंदिक मार्थित कि सिंदिक मार्थित कि सिंदिक मार्थित कि मार्थित कि सिंदिक मार्थिक मार्थित कि सिंदिक मार्थिक मार्थित कि सिंदिक मार्यित कि सिंदिक मार्यित कि सिंदिक मार्थित कि सिंदिक मार्यित कि सिंदिक मार्यित कि सिंदिक मार्यित कि सिंदक मार्य कि सिंदक मार्य

বদা পশু: পশুতে রুত্মবর্ণং
কর্তারমীশং পুরুষং এক্ষযোনিন্।
তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধ্র
নিরঞ্ন: পরমং সাম্যমুপৈতি ॥
[মুণ্ডক ১০১।১]

জ্ঞানপ্ৰসাদেন বিশুদ্ধসত্ব-স্ততন্ত্ব তং পশুতে নিঙ্কলং ধ্যায়মানঃ॥

[মৃত্তক তাসাদ]

জীব ষধন জ্যোতির্ম্ময়, কর্ত্তা, ঈশব, ব্রহ্মধোনি (ব্রহ্মার জনক) পুরুষকে দর্শন করেন, তথন তিনি পুণ্যপাপ পরিত্যাগ করিয়া নির্মাল হইয়া পরম সমত্ব প্রাপ্ত হন।

জ্ঞানপ্রসাদে বিশুদ্ধচিত্ত (সাধক) ধ্যানবোগে নিম্বল (অধণ্ড) পরমান্মাকে দর্শন করেন। বিশ্বস্থৈকং পরিবেষ্টিতার-মীশং তং.জ্ঞাড়াহমূতা ভবস্তি। [শ্বেতাশ্বতর ৩।৭]

বিশ্বের এক ব্যাপক বস্তু মহেশ্বরকে জানিলে জীব অমৃতত্ব লাভ করে।

বেদাস্তস্ত্তে যে ঘলা হইয়াছে যে, সংরা-ধনকালে তিনি যোগীর প্রত্যক্ষ হন— ভিত্তি সংরাধনে প্রত্যকামুমানাভ্যাম্।

[ব্রহ্মত্ত ৩২।২৪]

তাহা এই সবিশেষ ব্রহ্মকেই লক্ষ্য করিয়া। কারণ পরব্রহ্মসম্বন্ধে শ্রুতি বলিয়াছেন ষে, যিনি বিজ্ঞাতা তিনি কথনওঁ

যত্র হস্ত সর্কা মাজৈব।ভূত্তৎ কেন কং পাশ্রেৎ তৎ কেন কং রসয়েৎ তৎ কেন কং রসয়েৎ তৎ কেন কমভিবদেৎ তৎ কেন কং শৃণ্যাৎ তৎ কেন কং মন্থীত তৎ কেন কং স্পৃশেৎ তৎ কেন কং স্পৃশেৎ স্ক্ বিজ্ঞানীয়াদ্যেনেদং সক্ব বিজ্ঞানাতি তং কেন বিজ্ঞানীয়াৎ।

বিজ্ঞাত হইতে পারেন না।

[वृष्ट्रमात्रगुक हावाव ; राहाव]

যথন সমস্তই আত্মা হইরা যার (আত্মা ভিন্ন আর কিছু থাকে না), তথন কে কাহাকে দর্শন করিবে, কে কাহাকে আণ করিবে, কে কাহাকে আত্মাদন করিবে, কে কাহাকে বলিবে, কে কাহাকে শ্রবণ করিবে, কে কাহাকে মনন করিবে, কে কাহাকে স্পর্শ করিবে, কে কাহাকে জানিবে ? যাহা ছারা এ সমস্তই বিজ্ঞাভ হয়, তাঁহাকে কিসের ছারা বিজ্ঞাত হইবে ?

এই নির্ব্বিকল্প সমাধির একাকার অবস্থাকে
লক্ষ্য করিয়া কেনোপনিষদ্ বলিয়াছেন—

যস্তামতং তম্ত মতং

মতং যক্ত ন বেদ সং। অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতগবিজ্ঞানতাম্॥

[क्न शर-७]

যিনি (ুরশ্বকে) জানেন না, তিনিই জানেন; যিনি জানেন, তিনিই জানেন না। ব্রহ্ম যিনি জানেন, তাঁহার অজ্ঞাত; আর যিনি জানেন না, তাঁহারই জ্ঞাত।

প্রথমদৃষ্টিতে বিরদ্ধভাবাপর প্রলাপবাক্য মনে হইলেও কথাটি বড়ই ঠিক। যে পর্যান্ত জ্ঞাতা জ্ঞেয় ভেদদর্শন থাকে, ততক্ষণ ব্রহ্ম অজ্ঞাত থাকেন; কিন্ত ভেদ-বৃদ্ধি রহিত হইয়া একাকার বোধ হইলে, তবে ব্রহ্ম জ্ঞাত হয়েন। এ অবস্থা বচনা-তীত—এ বোধ জ্ঞান নহে, অজ্ঞানও নহে— অনির্কাচনীয় কোন-কিছু।

এই নির্ন্ধিশেষ পরব্রহ্ম, মায়া-উপাধি অঙ্গীকার করিয়া নিজেকে যেন সঙ্কৃচিজ করেন। তথন তাঁহার যে বিভাব হয়, তাহাই সবিশেষ বা সবিকল্প ভাব। তথন তাঁহাকে মহেশ্বর বলা হয়।

যন্ত্ৰীভ ইব তত্তভি: প্ৰধানজৈ: সভাৰতো দেব এক: সমাবৃণোৎ॥

[শ্বেতাখতর ৬৷১০]

থেমন উর্ণনাভ জাল রচনা করিয়া নিজেকে আবৃত করে, সেইরূপ স্বভাবতঃ অন্বিতীয় ব্রহ্ম, প্রধানজ জালে আপনাকে আবৃত করিলেন।

বেমন হুর্নিরীক্ষা তেজোমগুলকে ফাফু-শের দারা আবৃত করিলে তাহার তেজ বেন কতক সঙ্কুচিত হয়; পরব্রক্ষেরও তথন সেইরূপ ভাব হয়। এই ভাবকে লক্ষ্য করিয়া ভাগবত বলিয়াছেন—

ৰারারণে ভগবতি তদিদং বিষমাহিতম্। পৃহীতমারোকগুণ: সর্গাদাবগুণ: স্বত: । [ভাগবত ২।৬।২৯] এই জগৎ ভগবান্ নারায়ণে নিহিত আছে; ভিনি স্থভাবতঃ নিশুণ, কিন্ত স্টির প্রারম্ভে মায়া-উপাধি অঙ্গীকার করিয়া সগুণ হয়েন।

বলা বাছল্য, এই সগুণ ও নিগুণ একই বস্তা। সবিশেষ ও নির্ব্বিশেষে কেবল ভাবের প্রভেদমাত্র; বস্তুতঃ কোনও ভেদ নাই। এ কথা বিষ্ণুপুরাণে স্পষ্ট উপদিষ্ট আছে—

সদক্ষরং এক্ষ য ঈখর: পুমান্ গুণোর্ফিস্টিছিতিকালসংলয়:। [বিষ্ণুপুরাণ ১।১।২]

যিনি প্রক্ষতি-ক্ষোভ-জনিত সৃষ্টিস্থিতি-প্রলয়ের হেত্ভূত পুরুষ ঈশ্বর, তিনিই সং অক্ষর ব্রহ্ম।

এ সম্বন্ধে ভাগবত এইরূপ বলিয়াছেন—
বদস্তি তৎ তত্ত্বিদক্তবং বজ্জানমন্বয়ন্।
ব্রুক্ষতি পরমান্ধেতি ভগবানিতি শস্যুতে ॥
[ভাগবত ১।২।১১]

সেই অদিতীয় চিৎ বস্তুকে তত্ত্জানীয়া
"তত্ত্ব" আখ্যা প্রদান করেন। তিনিই
ব্রহ্ম, তিনিই প্রমাত্মা, তিনিই ভগবান্
(সগুণ ব্রহ্ম বা মহেশ্বর)।

উপনিষদ প্রায়ই নিশুণ ব্রেক্ষর নির্দেশস্থলে ক্লীবলিক এবং সপ্তণ ব্রেক্ষর নির্দেশস্থলে পুংলিক প্রয়োগ করিয়াছেন। যেমন—
"অশক্ষমস্পর্শমরপমব্যয়ম্" [কঠ ৬।১৫] (নিশু
ণের নির্দেশ); আবার "সর্ককর্মা। সর্ককামঃ
সর্কগন্ধঃ সর্করসঃ [ছান্দোগ্য ৬।১৪।২]
(সপ্তণের নির্দেশ)। কোথাও কিন্তু দেখা
যায় যে, একই মদ্রে পুংলিক ও ক্লীবলিক্ষ উভয়েরই প্রয়োগ করা ইইয়াছে।
যেমন—

.স পর্যাগাচ্চুক্রমকারমরণমুমাবিরং গুদ্ধমপাপবিদ্ধন্।
কবিম্নীয়ী পরিস্কৃ: স্বর্জুর্যাধাতথাতোহর্থান্ ব্যদধাচ্ছামতী ডাঃ

সমাভ্যঃ।

[ঈশ ৮]

এখানে প্রথম অংশ নির্গুণ ব্রন্ধের নির্দেশক, সেইজন্ত ক্লীবলিঙ্গের প্রয়োগ; আর শেবাংশ সগুণ ব্রন্ধের নির্দেশক, সেই-জন্ত পুংলিঞ্চের প্রয়োগ। একই মদ্রে সগুণ ও নিগুণ এই উভয় ভাবেরই নির্দেশ করিয়া, শ্রুতি এই উপদেশ দিলেন ধে, সবিশেষ ও নির্ব্বিশেষে কেবলমাত্র ভাবের প্রভেদ; সগুণ ও নিগুণ, বস্তুতঃ একই বস্তু।

এই দগুণ ত্রজের পরিচর দিবার জন্ত ঋষিরা উপনিষদে বহুতর স্থলর গন্তীর মহান্ মস্তের সমাবেশ করিয়াছেন।

এব সর্বেশ্বর এব সর্বেজ্ঞ এবোহস্তর্গাম্যেব বোনিঃ সর্বেশ্য প্রভবাপ্যয়ে হি ভূতানাম্।

[মাপুকা৬]

ইমি দর্বেশ্বর, ইনি দর্বজ্ঞ, ইনি অন্ত-গ্যামী, ইনি বিশ্বের কারণ; ইনিই ভূত-দকলের উৎপত্তি ও প্রলয় স্থান।

> অপাণিপাদে। জবনো গ্রহীতা পশুত্যুচকু: স শৃণোত্যকর্ণ:। স বেন্তি বেদ্যা: ন চ তস্থান্তি বেন্তা তমাছরগ্রা: পুরুষ: মহান্তম্॥

> > [বেভাৰতর ৩৷১৯]

তাঁহার হস্ত নাই অথচ গ্রহণ করেন, পদ নাই অথচ গমন করেন, চক্ষু নাই অথচ দর্শন করেন, কর্ণ নাই অথচ শ্রবণ করেন। তিনি সর্বজ্ঞ অথচ তাঁহাকে কেহ জানে না; তাঁহাকেই মহানু প্রমপুরুষ বলে। এৰ আত্মাংগহতপাপা বিজ্ঞা নিমৃত্যুবিশোকে। বিজ্ঞিংনোংপিপাস: সত্যকাম: সত্যুসঙ্ক: ১

[ছाल्मांशा ४।३।०]

এই আন্ধা অপাপবিদ্ধ, জরাহীন, মৃত্যু-হীন, শোকহীন, কুধাতৃফাহীন; ইনি সত্য-কাম, সত্যসঙ্কর।

নিত্যোনিত্যানাং চেতনশ্চেতনানাম্।

[कर्ष ११३७]

তিনি অনিত্যের নিতা, চেতনের চেতন।

সমন্তকল্যাণগুণাত্মকোহসৌ স্বলজিলেশাদ্ধৃতভূতবর্গ:। তেজোবলৈশ্ব্যাহাববোধ-স্ববীর্যাশজ্যাদিগুণৈকরাশি:॥ পর: পরাশাং সকলা ন যত্র ক্রেশাদর: সন্তি পরাবরেশে॥

[ব্রহ্মস্ত্র থাং।১১ স্থরের শীভাষ্যধৃত]

সমস্ত কল্যাণগুণের আধার ভগবান্ তেজ, বল, ঐখর্য্য, জ্ঞান, বীর্য্য, শক্তি প্রভৃতি গুণের রাশি। তিনি নিজ্পক্তির কণিকা-মাত্রে সমস্ত ভূতগণকে ধারণ করিতেছেন। তিনি শ্রেষ্ঠতম, পরাৎপর, তাঁহাতে পঞ্চ-ক্লেশের তিলমাত্র নাই।

সক্ষ বশী সক্ষ জেশানঃ সক্ষ জাধিপতিঃ স ন সাধ্না কর্মণা ভ্রান্ নো এবাসাধ্না কর্মণা কনীমান্ এয সক্ষেধ্য এয ভ্তাধিপতিরেয ভ্তপাল
এয সেত্বিধরণ এযাং লোকানামসংভ্রদায়।

[वृश्वात्रवाक अधारर]

ইনি সকলের প্রভ্, সকলের ঈশ্বর, সক-লের অধিপতি; সাধু কর্ম্মের ধারা ইহার উপচয় হয় না, অসাধু কর্মের ধারা অপচয় হয় না; ইনি সর্বেশ্বর, ইনি ভূডাধিপতি, ইনি ভূডপাল; ইনি লোকসৃষ্হের বিভালক, ধারক সেতু।

ব্ৰন্দের যে মারা-ভাবরণ, তাহা খেছা-

কৃত। তজ্জন্ত তিনি সোপাধিক হইলেও কু: সসীম হয়েন না। কারণ তিনি বিখাহুগ (Immanent) হইয়াও বিখাতিগ (Transcendent); প্রপঞ্চাভিমানী হইয়াও প্রপঞ্চাতীত। সেইজন্ত শ্রুতি বলেন— তদন্তরক্ত সর্ক্সন্ত তহু সর্ক্সন্ত বাছতঃ।

अभ e

তিনি সমস্ত জগতের অস্তরে আছেন, আবার তিনি জগতের বাহিরেও আছেন। বৃহদারণ্যকও এই কথাই বলিয়াছেন— অয়নাত্মাংহনস্তরে।হবাফঃ।

[বৃহদারণাক ৪।৫।১৩] পাদোহস্ত বিশা ভূতানি ত্রিপাদস্তামৃতং দিবি । [পুরুষস্কু ৩]

সমস্ত ভূত তাঁহার একপাদমাত্র, তাঁহার আর তিন পাদ অমৃত—বিশ্বাতীত। গীতাও এই কথা বলিয়াছেন— বিষ্টভাাহমিদং কুৎস্নমেকাংশেন স্থিতো জগং॥
[গীতা ২০।৪২]

আমি একাংশ দারা সমস্ত জ্বগৎ ব্যাপিয়া অবস্থিত আছি।

এই ষে সপ্তণ ত্রন্ধ বা মহেশ্বর, ইনিই
সচিদোনন্দ। "সভ্যং জ্ঞানমনন্তং ত্রন্ধা,"
'তৈত্তিরীয় উঃ ২০১০] "বিজ্ঞানমানন্দং ত্রন্ধা"
[বৃহদারণ্যক থা৯।২৮] এই সকল সবিশেষ
শ্রুতি তাঁহাকেই লক্ষ্য করিতেছে। ত্রন্ধান-সাহিত্যা, আছে—

विषयः भव्रमः कृषः मिक्रमानम्बियशः । [बार] . भव्रत्मश्चेत्र श्रीकृष्णः मिक्रमानम्बिर्धारः । श्रीकृत्यात्र नृष्णात् वना रहेगात्हः— मिक्रमानमञ्जलोत्र कृषात्राङ्गिकेनित्रलः । সচিচদানলরপ অক্নিটকর্মা <u>ঐক্</u>রিফকে নমস্বার।

এই অবস্থায় তাঁহাতে তিনটি শক্তির প্রকাশ হয়। এই শক্তিক্রয়ের নাম ধ্যা-ক্রমে সন্ধিনী, হলাদিনী ও সংবিং। সন্ধিনী-শক্তিযোগে মহেশ্বর সং, সংবিংশক্তিযোগে চিং ও হলাদিনী শক্তি যোগে আনন্দস্বরূপ হয়েন। সন্ধিনী শক্তি ক্রিয়া সভা বা সত্য, সংবিং শক্তির ক্রিয়া জ্ঞান এবং হলাদিনী শক্তির ক্রিয়া আনন্দ।

ইহা গেল সগুণ ব্ৰহ্মের স্বরূপলক্ষণ।
তাঁহাকে যে "তজ্জলান্" * বলা হয়, ইহা
তাঁহার তটস্থলক্ষণ। "তজ্জলান্" অর্থে তজ্জ,
তল্ল, তদন;—তাঁহা হইতে জ্বগৎ জাত,
তাঁহাতে জ্বগৎ অবস্থিত, তাঁহাতেই জ্বগৎ লীন।
যতো বা ইমানি ভুতানি জায়ন্তে। বেন জাতানি
জীবস্তি। যথ প্রযন্তাভিসংবিশন্তি।

[তৈত্তিরীয় উপনিষদ্ ৩৷১]

যাঁহা হইতে এই সকল ভূত উৎপন্ধ হইতেছে, উৎপন্ন হইয়া যাঁহা দারা জীবিত রহিয়াছে, অন্তকালে যাঁহাতে বিলীন হইবে, তিনিই বন্ধ।

যথোর্ণনাভিত্তন্তনোচ্চরেদ্যথাগ্নেঃ কুদ্রা বিক্তৃ লিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাম্মাদাম্মনঃ সক্বে প্রাণাঃ সক্বে লোকাঃ সক্বে দেবাঃ সক্ব গি ভূতানি ব্যুচ্চরন্তি।

[वृश्मात्रगुक २।)। •]

থেমন উর্ণনাভ তস্ত উদগীরণ করে, যেমন অগ্নি বিক্ষুলিঙ্গ উদগীরণ করে, সেইরূপ এই আত্মা হইতে সমস্ত প্রাণ, সমস্ত লোক, সমস্ত দেব, সমস্ত ভূত নিঃস্তত হইয়াছে।

नर्दाः थिवनः उक्क जळ्ळानिकि । [ছांत्मांगा ०।>॥>]

ইহাই সঞ্জণ ব্রহ্ম বামহেশবের তটস্ত-লক্ষণ |

সৃষ্টি, স্থিতি ও সংহার—মহেশরের তিন জগদ্বাপার স্বতম্ভাবে লক্ষ্য করিয়া তাঁহার নাম দেওয়া হয় ত্রহ্মা, বিষ্ণু ও শিব। রজোগুণপ্রধান সৃষ্টিকার্য্যকে লক্ষ্য করিয়া তিনি ব্রহ্মা; সম্ব্রগুণপ্রধান পালন-কার্য্যকে লক্ষ্য করিয়া তিনি বিষ্ণু এবং তমোগুণপ্রধান লয়কার্য্যকে লক্ষ্য করিয়া তিনি শিৰ। ইহাদিগকে ত্রিমূর্ত্তি বলে। এ তিন স্বতম্ব নহেন—ইহারা তিনেই এক. একেই তিন। সেইজ্ব মহেশবের স্তোতে ৰলা হইয়াছে---

> ভক্তচিত্তসমাসীনব্রহ্মবিষ্ণুশিবাত্মক! [স্তসংহিতা এ৪৮]

তিনি ভক্তের চিত্তে অধিষ্ঠিত: তিনি ব্ৰহ্মা বিষ্ণু ও শিবাত্মক।

কালিদাস এই ভাবের প্রতিধ্বনি করিয়া অতি স্থন্দরভাবে বলিয়াছেন—

> নমন্ত্রিমূর্ত্তরে তুভ্যং প্রাক্ স্তষ্টেঃ কেবলাম্বনে। গুণত্ররবিভাগায় পশ্চাদ্ভেদমুপেয়ুষে॥

স্ষ্টির পূর্বে তুমি কেবল, অদ্বিতীয়। পরে গুণত্রয়ের উপাধিভেদে ভুমি বিষ্ণু ও শিবরূপে ত্রিমূর্ত্তিতে ভিন্নরূপ হও। তোমাকে নমস্বার।

এই সপ্তণ ব্রহ্মকে যে মহেশ্বর বলাহয়, তাহার বিশেষ দার্থকতা আছে। কারণ তিনি দর্বাশক্তিমান, সমস্ত জগতের প্রভু, সকলই তাঁহার শাসনাধীন। সেইজ গ্ৰ শ্বেতাশ্বতর উপনিষদ (৩)>) বলিয়াছেন-

> য একো জালবান্ ঈশত ঈশনীভিঃ সক্ৰান্ লোকান্ ঈশত ঈশনীভি:।

বিনি এক মায়ারী সর্ক্রপক্তিমান্ ঈশর, সমস্ত লোককে শক্তিদারা শাসন করেন।

বৃহদারণ্যক (৩৮১) বলিয়াছেন-এতত্ত বা অক্ষরতা প্রশাসনে গার্গি ! স্থ্যাচন্ত্রমসৌ বিশ্বতৌ তিষ্ঠতঃ।

হে গার্গি! ইঁহারই শাসনে চক্র ও স্থ্য নিয়ন্ত্ৰিত হইয়া অবস্থিত আছে।

ভীষাহসাদ্বাত: পবতে। ভীষোদেতি সুর্যাঃ। ভীষাহস্মাদগ্মিশ্চেক্সক। মৃত্যুধাবতি পঞ্চমঃ। [তৈভিরীয় ২৮০১]

ইঁহার ভয়ে বায়ু প্রবাহিত হইতেছে, ইহার ভয়ে স্থ্য উদিত হইতেছে, ইহার ভয়ে অগ্নি, ইন্দ্র এবং পঞ্চম মৃত্যু ধাবিত হইতেছে।

সেইজন্ম বলা হইয়াছে---পরা২স্থ শক্তিবি বিধৈব শ্রয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ ।

[বেতাৰতর ৬া৮]

তাঁহার পরা শক্তি বিবিধ বলিয়া প্রতীয়-মান হয়; তাঁহার জ্ঞানশক্তি, বল-(ইচ্ছা)-শক্তি, ও ক্রিয়াশক্তি স্বাভাবিক।

এই শক্তিযোগেই নির্বিশেষ ব্রহ্ম সবি-শেষ হইয়া নানাভাবে প্রতীয়মান হয়েন। য একোহবর্ণো বছধা শক্তিযোগাদ-বর্ণাননেকালিহিতার্থো দখাতি।

[বৈভাষতর ৪।১]

যিনি অদ্বিতীয়, অবর্ণ (নির্বিশেষ) ব্ৰন্ম, তিনিই বিবিধশক্তিযোগে স্বার্থনিরপেক . হইয়া নানা বিভাব ধারণ করেন।

বাস্তবিক জগতে যেখানেই শক্তি. মহিমা বা ঐশ্বয়ের বিকাশ, সেবানে তাঁহা-রই প্রভাব বুঝিতে হইবে। সেইজ্ঞা গীতার ভগবান বলিয়াছেন-

যদ্যদিভূতিমং সৰং শ্রীমদ্র্জিতমেব বা।
তত্ত্বেবোবগচ্ছ বং মম তেলোহংশসম্ভবম্॥
[গীতা ২০।৪১]

্ৰে কিছু বস্ত বিভৃতিযুক্ত, শ্ৰীযুক্ত অথবা ওজোযুক্ত, সে সমস্তই আমার তেজের প্রকাশ জানিবে।

मखन ७ निर्धन बत्कत यथामछन

गःकिश পরিচয় প্রদত্ত হইল। এখন বিরেচয়

এই, উপাসনার পক্ষে কোন্ভাব প্রশস্ত—

সগুণ না নির্গুণ, সবিশেষ না নির্গুশেষ।

এসম্বন্ধে গীতার সিদ্ধান্তই সমীচীন বলিয়া

মনে হয়। গীতার দাদশ অধ্যায়ে দেখিতে

পাই বে, অর্জুন শ্রীক্ষককে এই প্রশ্নই

বিজ্ঞাসা করিয়াছিলেন—

এবং সতত্যুক্তা যে ভক্তাঝাং পর্গুপাসতে।
যে চাপাক্ষরমব্যক্তং তেবাং কে যোগবিস্তমাঃ ॥ ১
বাহারা তদগত্চিত্তে তোমার (সপ্তণ
ব্রহ্ম বা মহেশ্বরের) উপাসনা করেন এবং
বাঁহারা অক্ষর ও অব্যক্ত (নিপ্ত্রণ)
ব্রহ্মের আরাধনা করেন, এই উভয়বিধ
লোকের মধ্যে কাঁহারা শ্রেষ্ঠ যোগী ?

ইহার উত্তরে ভগবান্ বলিয়াছিলেন—
মব্যাবেশু মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।
শ্রদ্ধা পরয়েবিপতাক্তে মে যুক্তমা মতাঃ॥
যে ক্লয়মনির্দ্দেশুমব্যক্তং পর্যুপাসতে।
সর্ব্যাপানিস্তাঞ্চ কৃটছ্মচলং গ্রুবন্॥
সংনিরম্যেক্রিয়ঝামং সর্ব্যাত্ত সমবৃদ্ধয়ঃ।
তে প্রাপু বৃদ্ধি মামেব সর্ব্যাত্ত সহিতে রতাঃ॥
ক্রেশোহধিকতরত্তেবামব্যক্তাসক্তচেতসাম্।
শব্যক্তা হি গতিছু গ্রুং দেহব্তিরবাপাতে॥

যাঁহার। আমাতে মন নিবেশ করিয়া পরমশ্রদাস্হকারে নিত্য নিবিষ্টচিত্তে

[গীতা ১২৷২—৫]

আমার উপাসনা করেন, আমার তাঁহারাই শ্রেষ্ঠ ধোগী; আর যাঁহারা সর্বত হইয়া সমস্তভূতের হিতে ব্বত থাকিয়া ইন্দ্রিয়দংধর্মপূর্বক অক্ষর, র্দেশ্র, অব্যক্ত, অচিন্তা, সর্বব্যাপী, কুটস্থ, অচল, নিত্য পরব্রহের উপাদনা করেন, তাঁহারাও আমাকেই পান বটে, কিন্তু যাঁহারা অব্যক্ত ত্রন্ধের আরাধনা করেন, তাঁহাদিগকে অধিকতর ক্লেশ ভোগ করিতে দেহধারী জীব হয়। কারণ কট্টে অব্যক্তগতি লাভ করিতে সমর্থ र्य ।

অত এব দেখা গেল যে, গীতাকারের মতে উপাদনার পক্ষে নির্বিশেষ অপেক্ষা দবিশেষ ব্রহ্ম বা মহেশ্বরই প্রশস্ত । এই মহেশ্বরের ছই ভাব শাস্ত্রে উপদিষ্ট হইয়াছে – অমূর্ত্ত ও মূর্ত্ত ভাব।

> ছে বাব ব্ৰহ্মণে। ক্লপে মূৰ্ভকৈবামূৰ্ভক। [বৃহদার্ণ্যক ২।৩।১]

ব্রন্ধের (মহেশ্বরের) হই রূপ—মূর্ত্ত ও অমূর্ত্ত।

বিষ্ণুপুরাণও (ভাগা৪৭) এই কথা বলিতে-ছেন।

আশ্রমশ্চেতনো ব্রহ্ম ছিধা তচ্চ স্বভাবতঃ। ভূপ! মূর্ত্তমমূর্ত্তক পরকাপরমেব চ॥

হে রাজন্! উপাদকের চিত্তের আশ্রয় যে ব্রহ্ম (মহেশর), তাঁহার স্বভাব্তঃ ছই ভাব—পর বা অমূর্ত্ত ভাব এবং অপর বা মূর্ত্ত ভাব।

এই যে অমূর্ত্ত ভাব, ইহাই মহেশবের স্বরূপ—সচিচদানন্দ ভাব।

> অমূর্জং ক্রন্ধণো রূপং যৎ সদিত্যুচ্যতে বুণৈঃ। [বিষ্ণুপুরাণ ৬।৭।৬১

'ব্রন্ধের যে অমূর্ব্তরণ, পণ্ডিতের। ভাহাকেই সংবলেন।

এই অমূর্ত্তরূপেরই উপাদনা উপনিষদে উপদিষ্ট দেখা যায়। উপনিষদের মতে উপাদনা ত্রিবিধ—অঙ্গাববদ্ধ, প্রতীক ও সান্মগ্রহ। প্রথমতঃ দাধক যজ্ঞের অঙ্গভূত পদার্থসমূহে ব্রহ্মদৃষ্টি করিবেন;—

> ওঁ ইত্যেতদক্ষরমূদ্সীথমূপাসীত। [ছান্দোগ্য ১৷১৷১]

উদ্গীথকে ওঁকার রূপে উপাসনা করিবে।

য এবাসো তপতি তমুদ্গীথমুপাসীত।
[ছান্দোগ্য ১।এ১]

এই বিনি তাপ প্রদান করেন, তাঁহাকে উদ্গীথ ভাবনা করিবে।

এই ভাবের উপাসনাকে লক্ষ্য করিয়া গীতা বলিয়াছেন—

ব্ৰহ্মাৰ্পণং ব্ৰহ্মহবিত্ৰ ক্ষাগ্ৰেটা ব্ৰহ্মণা হতম্। , বহৈনৰ তেন গস্তব্যং ব্ৰহ্মকৰ্মসমাধিনা। [গীতা ৪।২৪]

অর্পণ (ষজ্ঞপাত্র) ব্রহ্ম, হবিঃ ব্রহ্ম, ছাগ্নি ব্রহ্ম, হোতা ব্রহ্ম , এইরূপে যিনি কর্ম্মে ব্রহ্ম-দৃষ্টি করেন, তিনি ব্রহ্মকে প্রাপ্ত হয়েন।

এই উপাসনার নাম অঙ্গাববদ্ধ উপাসনা। মনো ব্রহ্মেভ্যুপাসীত।

[ছান্দোগ্য ৩৷১৮৷১]
মন ব্রন্ধ, এইরূপ উপাসনা করিবে।
• আদিত্যো ব্রহ্মতাদেশঃ।

[ছান্দোগ্য ৩৷১৯৷১]

হুৰ্যা ব্ৰহ্ম, এইরূপ ভাবনা করিবে।
এইরূপে ব্রহ্মের ব্যাবহারিক বিকার
জাগতিক পদার্থে ব্রহ্মদৃষ্টি করার নাম
প্রতীক উপাসনা। এই প্রণালীতে সাধকের
চিত্তভাদ্ধি হইলে ভিনি অহংগ্রহ উপাসনার

অধিকারী হইবেন। তথন সাধক জীব বিজের অভেদ চিন্তা করিবেন। "অহং বিলাশি", "সোহহং", "তত্ত্বসি" ইত্যাদি মহাবাক্য এইরূপ উপাসনার উপদেশ করিতেছে। এ অবস্থায় সাধককে ভাবনা করিতে হয়—

যশ্চায়ং পুরুষে। যশ্চাসাবাদিত্যে। স একঃ। [তৈত্তিরীয় ৩।১০]

বং বা অহমন্মি ভগবোদেবতে অহং বৈ হমসি দেবতে।
বিনি পুরুষে অধিষ্ঠিত, তিনিই আদিত্যে
অধিষ্ঠিত। হে ভগবান্দেবতা! তুমি হও
আমি, আমি হই তুমি।

ইহা যোগের চরম অবস্থা। সাধারণ সাধকের গম্য নহে।

মহেশ্বের যে মৃপ্তরপ, তাহা আবার দিবিধ—এক বিরাট রূপ ও অভ সাকার রূপ। ঋথেদের পুরুষস্থেক এই বিরাট্ রূপের বর্ণনা আছে—

সহস্রশীর্বা প্রকাশ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং বিধতো বৃধা হতাতি ঠদদশাকুলম্॥
প্রকাশ এবেদং সর্কাং বদ্ভূতং যচ্চ ভব্যম্।
উতামৃতহস্যেশানো বদরেনাতিরোহতি॥ ১--ইত্যাদি।

বিরাট্ পুরুষের সহস্র শির, সহস্র নয়ন;
সহস্র চরণ; তিনি সমস্ত অংগৎ ব্যাপিয়া
আছেন এবং জগতের বাহিরেও আছেন।
ভূত, ভবিষাৎ, বর্ত্তমান, যাহা কিছু, সমস্তই
সেই পুরুষ। মর্ত্ত্য ও অমর্ত্ত্য, তিনি
সমস্তেরই অধীশর।

এই বিরাট্ পুরুষকেই লক্ষ্য করিয়া খেতাখতর উপনিষদ্বলিয়াছেন—

সর্বতঃ পাণিপাদং তৎ সর্বতোহকিশিরোম্থম্। সর্বতঃ শুভিমরোকে সর্ব্যাবৃত্য ভিটভি। (বেতাশ্তর ৩১১৬) তাঁহার সূর্বত কর-চরণ, সর্বত চক্ষ্:-শ্রবণ, সর্বত শির-আনন, তিনি সমস্ত ব্যাপিয়া আছেন।

> বিশ্বতশ্চকুরত বিশ্বতোমুথো বিশ্বতোবাছরত বিশ্বতশাং। সং বাছভ্যাং ধমতি সংগতত্তৈ-র্দ্যাবাভূমী জনয়দেব এক:॥

> > [বেতাখতর ৩৷০]

তাঁহার সর্ব্য চক্ষু, তাঁহার সর্ব্য মুথ, তাঁহার সর্ব্য বাহু, তাঁহার সর্ব্য পদ; সেই ছাতিময় দেবতা পৃথিবী ও অন্তরীক্ষ স্থাষ্ট করিয়া মন্ত্র্যকে বাহু ও পকীকে পক্ষ যুক্ত করিয়াছেন।

रेंशतरे मश्रक म् अटकाशनियम निथिष् रहेशास्त्र (य, श्रामांक रेंशत मछक, हक्ष- स्था रेंशत कर्न, त्या रेंशत कर्न, त्या रेंशत वानी, वाय रेंशत व्यान, विश्व रेंशत कर्न, विश्व रेंशत कर्न, श्रीवी रेंशत हत्न, रेनि ममछ क्रिज स्था।

অগ্নিমৃদ্ধী চক্ৰক্ষী চক্ৰক্ষ্যী।
দিশঃ খোতে বাগ্বিবৃতাশ্চ বেদাঃ।
বায়ু: প্ৰাণো হৃদয়ং বিশ্বমন্ত পদ্ধাং পৃথিবী হেষ সৰ্বপৃত্তান্তরাত্মা॥
[মুণ্ডক ২।১।৪]

এই বিরাট্ রূপকে বিশ্বরূপ বলা হয়।
কারণ জগৎই জগদীখরের মৃর্জি। এখানে
জগৎ অর্থে আমাদের এই কৃদ্র পৃথিবীটুকু নহে। ভূ:, ভূব:, স্ব:, জ্বন, তপ:,
মহ:, সত্য, এই সপ্ত উর্জলোক এবং পাতাল,
রুসাতল, মহাতল, তলাতল, স্ক্তল, বিতল
ও জ্বতল, এই সপ্ত অধোলোক জগতের
জ্বর্গত। এই সমস্ত জ্বগৎ ও জাগতিক

পদার্থ—হাবর-জঙ্গম, তরু-লতা-গুল্ম, কীট-পতঙ্গ-সরীস্থা, পশু-পিক্ষ-মন্থা, দেব-দানব, যক্ষ-রক্ষ-কিন্তুর-গন্ধর্ম, সিদ্ধ-সাধ্য— যে কিছু পদার্থ আছে, ছিল বা হইবে, সেই সমস্তের যে বিরাট্সমষ্টি— যে প্রকাণ্ড সংযোগ, তাহাই ভগবানের বিশ্বরূপ। এই বিশ্বরূপ গীতার একাদশ অধ্যায়ে বিস্তৃত-ভাবে বর্ণিত হইয়াছে। তাহার আরম্ভ-মাত্র এখানে উদ্ধৃত হইল—

পশু।মি দেবাংশুব দেব দেহে
সক্ষাংশুৰা ভূতবিশেষসভ্যান্।
ব্ৰহ্মাণমীশং কমলাসনস্থঘূষীংশ্চ সক্ষান্ত্ৰগাংশ্চ দিব্যান্॥
অনেকবাহুদরবকুনেত্রং
পশুামি জাং সক্ষাত্রেহানি ।
নাস্তংন মধ্যংন পুনীন্তবাদি ।
পশুামি বিশেষর বিশ্বরূপ!॥

[গীতা ১১৷১৫ | ১৬]

অর্জুন বলিলেন—"হে দেব! আমি তোমার দেহে সমস্ত দেব, সমস্ত ভূত, পদ্মাসনন্থিত ব্রহ্মা এবং দিব্য মহর্ষি ও উরগগণকে অবলোকন করিতেছি। হে বিশ্বেশ্বর! হে বিশ্বরূপ! আমি তোমার অনেক
বাছ, উদর, মুথ ও নেত্র যুক্তা, সর্ক্ত অনস্ত
রূপ নিরীক্ষণ করিতেছি; কিন্তু ইহার
আদি, অস্ত ও মধ্য, কিছুই দেখিতে পাইতেছি না।"

এই বিরাট পুরুষের কথা ভাগবভের প্রথমস্বন্ধে তৃতীর অধ্যারে সংক্ষেপে উক্ত হইরাছে। তাহার সার মর্ম এই যে, আদিতে ভগবান লোকসৃষ্টি ইচ্ছা করিয়া মহদাদি-গঠিত পুরুষমূর্ত্তি ধারণ করেন। কারণা-প্রশারী সেই ভগবানের নাভি হইতে বন্ধা আবিভূতি হয়েন। তাঁহার অবয়বসয়িবেশেই নিধিল ভূবন কলিও হয়। তাঁহার
সেই রূপ বিশুদ্ধসয়। সেই রূপের
চয়ণ, হয়, বয়, বদন, শ্রবণ, নয়ন ও মন্তক
প্রভৃতি সকলই অসংখ্য ও অপরিমেয়।
ইনিই সকল অবতারের নিধান ও অকয়
বীজ। ইহারই অংশাংশে পশু, ময়ুয়া, দেব
প্রভৃতি স্টি হয়।

ভগবানের এই বিরাট্ রূপের উপাসনা ষে ভাবে করিতে হয়, তাহা শাস্ত্রে উপদিষ্ট হইয়াছে—

অওকোবে শরীরেহিম্মিন্ সপ্তাবরণসংখৃতে।
বৈরাজঃ পুরুবো যোহসৌ ভগবান্ধারণাশ্রম: ॥
[ভাগবত ২।১।২৫]

এই সপ্ত আবরণে * আবৃত ব্রহ্মাণ্ড-শরীরে যে বিরাট পুরুষ বিরাজিত রহিয়া-ছেন, তাঁহাকে ধারণা করিতে হয়। সপ্ত পাতাল ও সপ্ত লোক তাঁহার শরীর—তাঁহার বিরাট দেহ। পাতাল তাঁহার পদতল, রসা-তল তাঁহার চরণাগ্র, মহাতল তাঁহার গুলফ, তলাতল তাঁহার জভ্যা, স্তল তাঁহার জামু, বিতল ও অতল তাঁহার উরুষয়। ভূলে কি তাঁহার জ্বন, ভুবর্লোক তাঁহার নাভি, মর্লোক তাঁহার উরদ্, মহলেকি তাঁহার গ্রীবা, জনলোক তাঁহার বদন, তপোলোক তাঁহার ললাট এবং সভ্যলোক তাঁহার ইক্রাদি দেবগণ তাঁহার বাছ, দিক্সমূহ তাঁহার প্রাণ, অখিনীকুমারছয় তাঁহার নাদাপুট, হতাশন তাঁহার মুখ, স্থ্য তাঁহার নম্বন, দিবারাত্রি ভাঁহার অক্ষিপত্র, রুস

তাঁহার জিহ্বা, ষম তাঁহার দংষ্ট্রা, মায়া তাঁহার হাস্ত, সংসার তাঁহার কটাক্ষ, সমুদ্র তাঁহার কুলি, পর্বতসমূহ তাঁহার অছি, নদীসমূহ তাঁহার নাড়ী, বৃক্ষসকল তাঁহার রোম, বায়ু তাঁহার নিখাস, কাল তাঁহার গতি, মেঘ তাঁহার কেশ, সন্ধ্যা তাঁহার বল্ধ, প্রকৃতি তাঁহার হাদম, চক্র তাঁহার মন, ইত্যাদিরপে সেই বিরাট্ প্রক্ষের মূর্তির ভাবনা শাল্পে উপদিষ্ট হইয়াছে।

এই বিশ্বরূপ, অর্জ্নকে ভগবান্ কুক-ক্ষেত্রযুদ্ধকালে দেখাইয়াছিলেন। অব্দুন শ্রেষ্ঠ সাধক; তিনি পুরাকল্পের নর ঋষি,—ভগবানের কার্য্যে সহায় হইবার ক্ত্য আবার জ্মগ্রহণ করিয়াছিলেন। কিন্তু তিনিও এই বিশ্বরূপ সহিতে পারেন নাই। সাধারণ উপাসক কি পারিবে? বিশ্বরূপ দেখিয়া অর্জ্কুন্ও ভীতভীত হইয়া উদ্ভাস্তিতিত ভগবান্কে বলিয়াছিলেন—

দিশোন জানে ন লভে চ শর্ম প্রদীদ দেবেশ জগদ্বিবাস !। [নীতা ১১৷২৫]

আমার দিগ্লম হইতেছে, আমি ছখ-লাভ করিতে সমর্থ হইতেছি না; হে দেব-দেব! হে জগলিবাদ! তুমি প্রসন্ম হও। অর্জুনও ভগবান্কে ঐ রূপ প্রতিসংহার

করিতে বলিয়াছিলেন---

অদৃষ্টপূর্বাং ক্ষাবিতোহন্মি দৃষ্ট্রা ভরেন চ প্রবাধিতং মনো মে। তদেব মে দর্শর দেব রূপং প্রদীদ দেবেশ জগরিবাস। ুগীতা ১১।৪৫]

এই সপ্ত আবরণ লগতের সপ্ত মূলতভ্—প্রথমত ক্ষিতি, তাহার পরে পর পর জল, তেজ,
 বারু, আকাশ, অহয়ার ও মহতভৢর।

হে দেব ! আমি তোমার অদৃষ্ঠপূর্ব্ব রূপ দ্বেষা হাই হইয়াছি, কিন্তু ভয়ে আমার মন অতিশন্ন ব্যথিত হইয়াছে; হে দেব-দেব ! হে জগনিবাস । তুমি প্রসন্ন হও, আমাকে তোমার সেই (পরিচিত) শ্রীকৃষ্ণ-রূপ দর্শন করাও।

েই বিশ্বরূপ সাধকের ছনিরীক্ষ্য এবং উপাসনার পক্ষে অপ্রশস্ত বলিয়াই, ধ্বাধ হয়, নিরাকার ভগবান্ সাকারমূর্ত্তি পরিগ্রহ করেন। নিরাকার ভগবানের আবার আকার কি ? এই সন্দেহ নিরসনের জন্ত অবৈতবাদী দার্শনিকশিরোমণি শ্রীশঙ্করাচার্যা ব্রহ্মস্বত্তভাষ্যে লিবিয়াছেন—

ভাৎ প্রমেশরভাণীচছাবশাঝায়মেয়ং রূপং সাধকা-মুগ্রাহাথ্ম।

[ব্ৰহ্মস্ত্ৰভাষ্য ১/১/২০]

অর্থাৎ সাধকের অমুগ্রহজ্ব পরমেশ্বরও স্বেচ্চাক্রমে মায়াময় রূপ পরিগ্রহ করেন। কারণ, তিনি অগুণ হইরাও স্থাণ, অরূপ হইয়াও সরূপ, নিরাকার হই-য়াও সাকার। এ বিষয়ে বিষ্ণুপুরাণ বলিতেছেন—

অন্ত্রভূষণসংস্থানস্বরূপং রূপবর্জিত:।
বিভর্তি মায়ারূপোহসে) শ্রেরদে প্রাণিনাং হরি:॥
[বিফুপুরাণ ১৷২২৷৭৪]

মারামর হরি রূপবর্জিত হইরাও প্রাণী-দিপের হিতের নিমিত্ত অল্পভূষণসংযুক্ত দেহ ধারণ করিয়া থাকেন।

ষতীশাং মত্রিণাকৈ জ্ঞানিনাং যোগিনাং তথা।
গ্যানপূজানিমিত্তং হি তমুং গৃহাতি মায়রা।
[স্তসংহিতা ১৷২ লোকের মাধবাচার্যকৃত
ভাব্যে ধৃত 'স্প্রভেদ্ধ'বচন।]

ষতি, মন্ত্রী (মন্ত্রবিং), জ্ঞানী ও বোগী সাধকের ধ্যান ও পূজার নিমিত্ত ভগবান্ মায়াকৃত দেহ অঙ্গীকার করেন।

তদ্বের বে একটি বাক্য শুনা বাদ্ধ বে—

সাধকানাং হিতার্থায় ব্রহ্মণো রপকলন।

'সাধকদিগের হিতের জন্ম ব্রহ্মের রূপকলনা হয়'—ইহার অর্থ এরপ নহে বে,

তাঁহার সাকার রূপ কলনামাত্র। আমরা
এখন বে অর্থে 'কল্পনা'শব্দের প্রয়োগ
করি, প্রাচীন গ্রন্থে অনেকস্থলে ঐ শব্দ সে
অর্থে ব্যবহৃত হয় নাই। শ্বন্থেদ
বলিতেছেন—

र्याठ समाने थां विश्वाप्त मकन्न ११।

विधां श्रेट्स यंज्ञ हिन, त्मरेज्ञ भरे र्या हत्स्व कहाना कि जिद्देशन ।—रेरा कि करें पर्या हत्स्व कहाना कि जिद्देश कि कर्य यं, हस्मर्या का हानिक भाषि— उरा प्रताप्त व व्यक्त में कि यं, ज्ञे वात्त व कहाना (ज्ञां वात्त), जारारे क्ष्मं वा रहें में दिन क्ष्मं क्ष्मं क्ष्मं वा रहें में दिन क्ष्मं क्ष्मं क्ष्मं वा रहें में दिन क्ष्मं क्ष्मं वा रहें में दिन क्षमं वा रहें में दिन क्ष्मं वा रहें में दिन क्ष्मं वा रहें में दिन क्षमं वा रहें में दिन क्ष

ব্রহ্ম (মহেশর) জীবের হিতার্থ আপনার যে সাকার রূপের কল্পনা (ভাবনা)
করেন, সাধকের চক্ষে সেই রূপ প্রকটিত
হয়। এইরূপে সাধকোত্তম আর্য্য ঋষিরা ভূগবানের যে সকল মুর্তি ধ্যাননেত্রে নিরীক্ষণ করিয়াছিলেন, সেই সকল নুর্তি
পরবর্তী যুগের সাধকদিগের হিতের অভ্য
বর্থায়থ বর্ণনা করিয়া চিরস্থানী করিয়া

^{*} অৰ্থাৎ Thoughts are things। বাইবেল বেমৰ বলিয়াছেৰ—God willed—Let there be light and there was light.

গিয়াছেন। অতএব সে সকল মূর্ত্তি কলিত ৰা অলীক নহে।

ভগবানের সেই দাকার মূর্ত্তরূপ বে ভাবে চিন্তা করিতে হয়, তাহা বিষ্ণুপুরাণে এইরূপ উপদিষ্ট হইয়াছে—

উচ্চ মুর্জং হরে রূপং যাদৃক্ চিস্ত্যং নরাধিপ।
উচ্ছুরতামনাধারে ধারণা নোপপদ্যতে ॥
প্রদার চারুবদনং পদ্মপত্রোপমেক্ষণম্।
ক্রুপোলং ক্ষরিগুলিলাটফলকে।জ্জুলম্॥
সমর্কণান্তবিশুল্ডচারুকর্ণবিভূষণম্।
কর্পীবং ক্ষরিগ্রিপিনাভিনা চোদরেপ বৈ।
প্রলম্ভিজুরং বিক্রমধ্বাপি চতুভূজিম্॥
সমন্তিভারুকজন্ধ ক্ষরিজিব করামুজম্।
চিন্তবের্গুরুম্ম মুর্জ্ঞ্পীতনির্মালবাসসম্॥

ু [বিষ্ণুপুরাণ ভাগাণ৮—৮২]

নিরাকারে চিত্তের ধারণা সন্তবে না; অতএব ভগবানের মূর্ত্ত রূপ যেরূপে চিন্তা করিতে হয়, বলিতেছি গুন। তিনি প্রসন্দর্শন, পদ্মপলাশনয়ন; তাঁহার কপোল-দেশ স্থলর, বিশাল উচ্ছল ললাট; কর্ণবৃগল চারুভ্বণে সজ্জিত, বিস্তীর্ণ বক্ষস্থল প্রীবংসা-ক্ষিত এবং গ্রীবা কম্বর স্তায়। তাঁহার উদরদেশ নিয়নাভি ও বলিএয়বিশোভী; তিনি অইভ্রন বা চতুভূজধারী। তাঁহার উক্ষ ও জভ্বাদেশ বর্জ্ত্রাকার, হস্ত ও পদবয় স্থাঠিত; তাঁহার বসন নির্মাল ও পীতাভি। দেই মূর্ত্তরক্ষ বিষ্ণুকে ভাবনা করিবে।

ভাগৰত ৪র্থ ফ্রন্ধের ৮ম অধ্যারে এ স্বন্ধে যে উপদেশ দিয়াছেন, নিমে ভাহার পদ্যাম্বাদ প্রদত্ত হইল।

ध्यमारश्यूष मर्गा ध्यमन नन्न-यून ।

স্থান কপোল নাসা ফুলর চারু ক্রম্গ ॥
তর্রণ মোহন বপু অরুণান্ড ওষ্ঠাধর।
ভকতবংসলনিধি শরণা দরাসাগর ॥
শীবংসলাঞ্ছন তকু বনমালী ঘনখাম।
শহা-চক্র-গণা-পদ্ম চতুর্কু ক্রে অভিরাম ॥
কিরীটকুঙলধারী কেয়ুর বলয় আর।
শীতাম্বর, গলে দোলে কৌছভ ভূষণসার ॥
কটিতে শোভিত কাঞ্চী কনকন্পুর পার।
'নেত্রমনোমোহকর শাস্ত হদশন কায়॥
দীপিছে অতুল ভাতি চারু চরণনধরে।
অধিষ্ঠিত ভগবান্ ভক্ত-হৃদি-পদ্ম'পরে॥
বদনে মধুর হাসি নম্নতে প্রেম ভার।
একতান মনে ভাব বরদাতা বিধাতার॥

[814186--63]

বিষ্ণুপুরাণ ও ভাগবত, বৈষ্ণব পুরাণ; ইহার৷ বিষ্ণুমৃর্তিধ্যানের উপদেশ দিতে-ছেন। কিন্তু সকল সাধকের রুচি ত সমান নহে; — দকল উপাদকের প্রবৃত্তি ত একরপূ নহে। সেইজন্ত ঋষিরা ভগবানের ধ্যানদৃষ্ট ভিন্ন ভিন্ন মূর্ত্তির প্রচার করিয়াছেন। তন্মধ্যে বিষ্ণুমূর্ত্তি, শিবমূর্ত্তি ও শক্তিমূর্ত্তি বিশেষ উল্লেখযোগ্য। ভাবে ও ভাগবতে ষেমন বিষ্ণুসূর্ত্তির ধ্যান উপদিষ্ট আছে, সেইরূপ শিবপুরাণ, স্বন্দপুরাণ প্রভৃতি শৈবপুরাণে মহাদেবের দেবীভাগবত প্রভৃতি শাক্তপুরাণে শক্তিমূর্ত্তির ধ্যান উপদিষ্ট হইয়াছে। আমরা ইতিপূর্বে বিষ্ণুমৃর্ত্তির ধ্যানের প্রকার বর্ণনা করিয়াছি ; শতঃপর, শিবসূর্ত্তি ও শক্তিমৃর্ত্তির ধ্যান সংক্ষেপে উল্লেখ করিয়া এই দীর্ঘ প্রবন্ধের উপসংহার করিব।

শিবমূর্ত্তির ধ্যান শাল্পে এই ভাবে উপ-দিই হইরাছে— ধ্যারেরিত্যং মুহেশং রজতগিরিনিভং

চাক্লচন্দ্ৰাৰতংসং

রছাকলোকলাকং পরশুসুগবরা-

ভীতিহন্তং প্রসন্নন্।

পদ্মাসানং সমস্তাৎ শুতমমরগণৈ-

ৰ্ব্যাজকৃত্তিং ৰসাৰং

বিখাদ্যং বিশ্ববীজং নিথিলভয়হরং

পঞ্বক্তুং ত্রিনেত্রম্॥

প্রদর বদন, অবেদ দীপ্ত রম্ব-অলকার *
রম্বতের গিরিনিভ, চাক্ষচন্দ্র ভালে যাঁর,
চতুত্বৈ পরশুও মৃগ আর বরাভয়,
তবে রত চারিভিতে নিধিল অমরচয়,
ব্যাঘ্রচর্ম পরিধানে, ত্রি-অম্বক, পলাসন,
বিশ্ব-আদি, বিশ্ববীজ, নিধিলভয়হরণ,
করহ নিয়ত ধানি মহেশ্বর পঞ্চানন ॥
আর শক্তিমৃত্তির ধানি যে যে ভাবে

উপদিষ্ট হইয়াছে, তাহার অন্ততম এইরূপ— '

> কালাব্জাভাং রবিক্লভয়দাং মৌলিবদ্ধেন্দুথভাং

শঙ্খং চক্রং কুপাণং ত্রিশিথমপি করেক্ষন্বহস্তীং ত্রিনেতাম্।

ক্ষিত্রসংগ্রেক্তাং বিজ্ঞান্ত্রসংগ্রেক্তা

সিংহক্ষনাধিরাঢ়াং ত্রিস্কুবনমধিলং তেজসা পুরয়স্তীং

ধ্যাবেদ্হুর্গাং জয়াথ্যাং ত্রিদশপরিচ্তাং দেবিতাং দিদ্ধিকানৈঃ ॥

অঙ্গে নীল মেঘ আভা, রবিকুলজ্যোতি হরে ত্রিনয়না, শব্দ চক্র অসি শূল শোভে করে। কেশরিবাহিনী দেবী, শিরে শোভে শশিকলা, জয়-ত্র্গা, দীপ্ত তেজে নিথিল-ভূবন ভরা॥ দেবগণ চারিভিতে স্তৃতিবাদ করে বাঁরে, কর ধ্যান নিরম্ভর জগন্ধীত্রী সে ত্র্গারে॥ শীহীরেন্দ্রনাথ দত্ত।

তৈলবট।

জনপ্রবাদমূলক গল।

>

দর্যার সময় গুইরাম মুচি মই ঘাড়ে করিয়া হুইটা বলদের ল্যান্ধ মলিতে মলিতে একইটাটু কাদা মাথিয়া গৃহে প্রত্যাগমন করিল। আসিয়া দেখিল, তাহার পত্নী পদী ওরকে পদ্মমুখী প্রতিবাদী হলা বাগ্দীর বাজীতে বেড়াইতে গিয়াছে। দেখিয়া শুইরামের আপোদমন্তক জ্বলিয়া উঠিল।
শুইরামের বয়দ প্রায় ৬০বংসর, কিন্তু

. শুইরামের বয়স প্রায় ৬০বংসর, কিন্ত ভাহার পত্নীর বয়স ২০বংসর মাত্র। শুই- রাম যথন ৪২ বংশরের, তথন ২১টাকা পণ দিয়া ২ বংশরের মেয়ে পদীকে বিবাহ করিয়াছিল। এ বিবাহ দ্বিতীয় বা ভৃতীয় পক্ষের নহে, প্রথম পক্ষের। বিবাহ করিয়া ক্যাকে এবং ক্যার মাসীকে গৃহে আনয়ন করিল। তদবদি তাহার মাস্শাশুড়ীও তাহার গৃহে বাদ করিতে লাগিল। ছই বংসরের শিশুপত্নীকে ক্রোড়ে করিয়া প্রোঢ় গুইরাম বধন পাড়ায় বেড়াইয়া বেড়াইড, তথন ৰদি কেছ জিজাসা করিত—"গুইরাম, এ মেরেটিকে ?" তাহ। হইলে গুইরাম সহর্ষে বিলিত, "এজে ইনি আমার ইস্তিড়ি।"

ভইরামের দেই ছই বংসরের শিভ "ইস্তিড়ি" শৈশব হইতে বাল্য ও কৈশোর অতিক্রম করিয়া যৌবনে পদার্পণ করিল। "বুদ্ধস্য তরুণী ভার্য্যা প্রাণেভ্যোহপি গরীয়দী" হইলেও, বৃদ্ধ গুইরাম কিন্তু এই প্রাণাপেক্ষা পরায়দীর প্রতি মধ্যে মধ্যে বড়ই অস-দ্বাবহার করিত। পাড়ার হলা বাগদী ওই রামের নাতি সম্পর্কে। তাহার বয়স ৩০ এর यत्था। नाजि ७ ठीनिमित्र मत्था मध्यकी। অমুচিতমাত্রায় ঘনিষ্ঠতর হইতেছে বিবেচনা করিয়া শুইরাম পত্নীকে হলার সহিত যথন-তথন কথাবার্ত। কৃথিতে নিষেধ করিত। কিম্ব "পর্বতগৃহ ছাড়ি * * কার সাধ্য রোধে তার গতি ?" এই গতিরোধ করি-বার জন্ম গুইরাম প্রথম-প্রথম চোণ রাঙাইতে আরম্ভ করিল। তার পর ক্রমে क्टरम हफ्हां पड़, किन ও मूष्टिरवां धतिन, শেষে মধ্যে মধ্যে লগুড় লইয়া তাড়া করিতে আরম্ভ করিল। প্রমুখীর শত অপরাধ থাকিলেও সে পতিকৃত লাঞ্নায় প্রতিবাদ করিত না ও পতিক্বত ভংগনা-ভাড়নায় ব্যথিত হইত না। যথন প্রতিবাসী স্ত্রী-লোকেরা আসিয়া গুইরামকে তিরস্কার করিত, ज्थन शर्मभूथी मरतामरन जाहामिशरक विनज —"মাড়ৃগ্ মাড়ৃগ্, তোমড়া কিছু বোলো না, পুড়ুষ এগেচে, মাড়ৃগ্"। যথন নিতাস্ত অসহ হইত, তথন স্বামীর প্রতি অভিমান করিয়া বলিত, "তুমি আকুনি য়াও", প্রাণ ধরিয়া "ৰমের বাড়ী যাও" মুখে আনিত না। তথাপি

🕶ইরামের কিন্তু তার্ডনার বিরাম ছিল না। हेमानीः তাहाद পशी वृक्ष श्रामीत्क वज् গুইরাম চড় মারিলে ভয় করিত না। পতিব্রতা কিল মারিত। গুইরাম একবার পাঁচনবাডি লইয়া তাড়া করাতে তৎপত্নী সমার্জনী হারা সামীর পুঠের বছকাল-সঞ্চিত ধূলা ঝাড়িতে প্রবৃত্ত হইল। এমন-সময় দোষের পো ছধের বাঁক কাঁধে করিয়া তাহাদের সমুখে আসিয়া পড়াতে অগত্যা লজানীলা পতিরতা পদমুখী অবভাঠন টানিয়া গর্জন করিতে করিতে স্বপৃহে প্রত্যাগত হটল। ঘোষের পো গুইরামের হুদিশা দেখিয়া সমবেদনা প্রকাশ করিয়া গুইরামকে বলিল —"গুইরাম, তোর ইন্ডিরি তোকে गात्र, जूरे किছू विषम् ना ?" ভাইরাম সকাতরে বলিল—"কি করি দাদা, বাপ নয় যে পেখক হবো, মা নয় যে তেড়িয়ে দেবো, পেটের ছেলে নয় যে ত্যজ্যপুত্ত র কর্বো, এ যে ইস্তিড়ি, অদ্ধড়ঙ্গ।"

সেই দিন বাড়ী ফিরিয়া গুইরাম পদ্মীর পৃঠে নিজের দক্ষিণ পদতলের পঙ্কলাহন মুদ্রিত করিয়া গৃহ হইতে নিজ্ঞান্ত হইল।

রাত্রে গুইরাম বাটাতে আসিল না।
ছবির ভেড়িতে ভ্রমীর গৃহে চলিয়া গেল।
তাহার ভ্রমী ছিল না, এক ভাগিনের ছিল।
সে অসমরে মাতৃলকে আসিতে দেখিয়া
কারণ জিজ্ঞাসা করিলে,গুইরাম ভাগিনেরকে
সমস্ত কথা বলিল। শুনিয়া ভাগিনের
বলিল—"মামা, তুই আর সে কালামুখীর
কাছে যাস্নি। তুই আবার স্যাঙা কর্শ
কিন্ত ভাগিনেরের এই প্রলোভনে সে স্থাছর
ছইতে পারিল না, মনে মনে অক্তাপ

হইল, পদীকে বাড়ীতে একলা ফেলে এসে ভাল কাল করে নাই, হাজার হৌক্ "পড়িবাড় অদ্ধান্ত শুতরাং ভাগিনেয়ের সহস্র অনুরোধ অগ্রাহ্থ করিয়া পরদিবদ প্রাতে আবার গৃহে প্রত্যাগত হইল। কিন্তু গৃহে আসিয়া দেখিল, যাহা ভাবিয়াছিল, তাহাই হইয়াছে। গৃহে হার বন্ধ করিয়া গুইরাম-পত্নী অদুশু হইয়াছে।

শুইরাম সমস্ত দিন পত্নীর অবেষণ করিল, কিন্তু কোনও সন্ধান পাইল না। হলা বাগদীর বাড়ীতে কোনও সংবাদ পাইল না। অবশেষে বলদ-তুইটাকে সেহারাধন ছলের বাটীতে রাখিয়া আসিল। "ভুলো"-কুকুরটাকেও এক-এক-মুটা ভাত দিতে বলিয়া বাড়ীর আগড় বন্ধ করিয়া চলিয়া গেল।

2

উক্ত ঘটনার প্রায় ছয়মাস পরে একদিন মধ্যাত্নে একজন প্রাচীন শীর্ণকায় ভিক্ষুক চন্দননগরে ফরাসী গভর্মেণ্টের দেওয়ান ইক্রনারায়ণ চৌধুরীর অতিথিশালার সন্মুথে উপস্থিত হইয়া বারবান্কে বলিল, "বাবা, চাট্টি থেতে দাও।"

ষারবান্ গন্তীরস্বরে বলিল, "ভিতর যাও।"
আগস্কুক ভিতরে প্রবেশ করিয়াদেখিল,
প্রায় : • জন অভিথি এক স্থানে ভোজনে
বিসমাছে। ২জন পাচক ব্রাহ্মণ পরিবেষণ
করিতেছে। এক দিকে ৪।৫ জন সন্ন্যাসী
জটা-বিভূতি-ব্যাঘ্রচর্ম ইত্যাদিতে বালকগণের ভীতি উৎপাদন করিয়া ভাল-কটির
জোগাড়ে ব্যস্ত আছেন। অন্ত দিকে ২জন
বলদেশীর ব্রাহ্মণ স্বহস্তে পাক করিয়া আহারে

বিষয়াছেন। ভাগজন আহারাথী একস্থানে বসিয়া আছে। প্রাচীনকে আসিতে দেখিয়া একজন পরিচারক জিজ্ঞাসা করিল, "তোমরা, আপনারা?"

"এজে আমরা উইদাস।" "কহিদাস ? মুচি ?" "এজে।"

"আচ্ছা বোস। স্নান কর্বে ? তা যাও, স্নান করে এস।" বলা বাছলা যে, আগন্তক গুইরাম। গুইরাম এই ছয় মাসের মধ্যে যেন ৬০ বৎসর হইতে ৭৫ বৎসরে উপনীত হইয়াছে। ক্ষকস্থলভ বলিষ্ঠ কর্কশ দেহ কতকটা নত হইয়া পড়িয়াছে। অক্ষোরিত ম্থমগুলে গুলু গুদ্দশাশ জন্মিয়াছে। মাধার চ্লপ্রলা বড় হইয়াছে? যে কয়েকটা দপ্ত ছিল, অনাহারে হিলিজায় সে কয়টাও অবসর ব্যিয়া সরিয়া পড়িয়াছে। ফলত গুইরামকে দেথিয়া আর চিনিতে পারা য়ায় না। গুইরাম স্নান করিয়া আসিলে একজন পরিচারক একথানা নৃতন বস্ত্র তাহাকে প্রদান করিল। স্নানাস্তে নববস্ত্র পরিধান করাতে ভাহার চেহারা অনেকটা বদ্লাইয়া গেল।

দেখিতে দেখিতে আরও তিন-চার-জন
অতিথি সমাগত হইল। জাতিবিশেষে
কেহ বা দালানে, কেহ বা রোয়াকে, আর
কেহ বা প্রাঙ্গণে উপবেশন করিল। অলনকেই
নববস্ত্র পরিধান করিয়াছে। যাহারা বিদেশী
পথিক, কেবল আহারের জন্তু আসিয়াছে,
তাহারা অনেকেই বস্ত্র লইল না। সকলে
যথাস্থানে উপবেশন করিলে একজন পরিচারিকা অবশুঠনে অর্জার্ত হইয়া প্রত্যেকের সন্থ্যে এক একখানি কদলীপত্র ও

মাটির জলপাত্র রাখিয়া গেল। আর এক-জন পরিচারিকা—ইহার ব্য়সটা একটু কাঁচা—একটা কলস কক্ষে আসিয়া শৃত্ত ভাঙে জল দিয়া গেল।

শুইরাম এই শেষোক্ত পরিচারিকাকে দেখিয়া চম্কিয়া উঠিল। এ যে সেই হারাণধন পদীর মত! বুদ্ধের মাথা ঘুরিতে লাগিল, গা ঝিম্ঝিম্ করিতে লাগিল। সে আত্মবিস্থত হইয়া পড়িল। কতক্ষণ এরূপ অবস্থায় ছিল জানি না, অক্সাৎ "থাওনা গো, হাঁ করে ভাব্ছ কি ?" শব্দে চমকিত হইয়া দেখিল যে, তাহার কদলীপত্রে অন্বয়ঞ্জনাদি পরিবেষণ করা হইয়াছে এবং সঙ্গীরা দক্ষিণহন্তের ব্যাপারে প্রবৃত্ত হইয়াছে।

গ্রহাম পরিচারিকার কথার ভোজনে প্রবৃত্ত হইল বটে, কিন্তু তথন তাহার ক্ষ্ধা-তৃষ্ণা অন্তর্হিত হইয়াছে। সে বাতুলের মত কথনও ভাত থায়, কথনও ডাল থায়, কথনও কেবল বা লবণই থাইতে থাকে। পরি-বেষকেরা ও পরিচারকেরা মনে করিল, বৃড়া পাগল। এমন-সময় সেই কনিষ্ঠা দাসী একজন পাচককে সম্বোধন করিয়া বলিল, শ্রানাঠাকুর, অস্কুইঘরে আর জল চাই ?"

কণ্ঠস্বরে গুইরাম স্থির সিদ্ধান্ত করিল,
"দেই পাপিষ্ঠাই বটে! কিন্তু একি সক্রনাশ!
মুচিরু মেয়ে হ'য়ে বামুনের অস্ট্র্ইবরে জল
দেয় ? হারামজাদী নিজে মজেছে, আর
বাবুদেরও মজিয়েছে ? এহকাল-পরকাল
খেয়েছে ? র হারামজাদি, আমি যদি উইদাসের ছেলে হই, আজ তোরই একদিন
কি আমারই একদিন।" এইরপ চিন্তা
করিয়া গুইরাম আহারে মনোনিবেশ

করিল। কিন্তু প্রতিগ্রাসে তাহার হাত
কাঁপিতে লাগিল। কর্ণবন্ধ হইতে ধেন
অগ্নির উত্তাপ বাহির হইতে লাগিল।
তথাপি সে কপ্তে আত্মসংবরণ করিয়া
কোনোরূপে ভোজন শেষ করিল।
যথন ব্রাহ্মণেতর জাতিরা উচ্ছিট্ট পরিস্থারে
প্রবৃত্ত হইল, তথন গুইরাম আচমন শেষ
করিয়া নীরবে দাঁড়াইয়া রহিল। একজন
ভূত্য বলিল, "দক্ডি ঘোচালে না ?"

শুইরাম বলিল, "আমাদের বউ ঘোচাবে।"

ভূত্য পূর্ব্ব হইতেই তাহাকে বাতৃল মনে করিয়াছিল, স্থতরাং হাসিয়া কহিল, "তোর আবার বউ কেরে পাগ্লা ?"

"কেন ? ওই যে—ও পদি, সক্ডিটা ঘোচা না।" এই বলিয়া সেই পূর্বকিথতা পরিচারিকাকে সংখাধন করিল।

"পদী" এই শব্দ কর্ণগোচর হইবামাত্র পরিচারিকা পথে সর্পদন্ত পথিকের স্থায় চমকিত হইয়া গুইরামের প্রতি দৃষ্টি-নিক্ষেপ করিল। থানিক গুইরামের প্রতি চাহিয়া চাহিয়া কাঁপিয়া উঠিল। তাহার মুখের বর্ণ শাদা হইয়া গেল। সে ইতন্তত চাহিয়া পলায়নের উদ্যোগ করিতে লাগিল। দেখিয়া বৃদ্ধ গুইরাম গিয়া তাহার হন্ত্রধারণ করিয়া বলিল, "হারামজাদি, আবার বামুনের জাভ মার্তে এসেছিদ্ ?"

তাহার কথা শুনিয়া এবং পরিচারিকার অবস্থা দেখিয়া সকলে বিষম কোলাহল করিয়া উঠিল। তালাদের নৃতন দাসী 'হরি-কামারণী" অকস্মাৎ পদ্ম-মৃচিনীতে পরিণত হইল দেখিয়া সকলে যুগপৎ ক্রোধে ও বিশ্বরে আত্মবিষ্ণুত হুইয়া পড়িল। গুইরাম স্বরং সহধর্মিণীর গণ্ডদেশে এক প্রকাণ্ড চড় বসাইয়া দিল।

তথন শ্রাবণের ধারার ভায় সেই হত-ভাগিনীর উপর প্রহারের পর প্রহার বৃষ্টি হইতে লাগিল। পাচকগণ বেজি লইয়া, পরি-বেষক্পণ হাতা লইয়া, আর অস্তান্ত ভূত্যবর্ণ ষে যাহা পাইল, তাহা বারা পশ্ব-মুচিনীর সেবা ক্রিতে লাগিল। একা গুইরাম হইলে পদ্ম-মুচিনী তাহাকে গ্রাহ্ম করিত না, কিন্তু এই সপ্তর্থীর হাত হইতে উদ্ধারের আর উপায় নাই দেখিয়া সে ছুটিয়া গিয়া একজন খেতখাশধারী সুলকায় সন্যাসীর পদতলে লুটাইয়া পড়িল এবং ওষ্টাগত প্রাণটুকু ভিক্ষাচাহিল। সন্ন্যাসী উভয় বাছ প্রসা-রিত করিয়া বিপন্নাকে রক্ষা করিতে করিতে সকলকে নিরস্ত হইতে বলিলেন। এমন-সময় তাহাদের চীৎকার কোলাহল শ্রবণ করিয়া স্বন্ধং ইক্রনারারণ চৌধুরী মহাশ্র তথায় উপস্থিত হইলেন।

٠

চে:ধুরী মহাশয়কে দেথিয়া পরিচারক-বর্গ সমন্ত্রমে সরিয়া দাড়াইলে, তিনি কোলাহলের কারণ জিজ্ঞাস। করিলেন। গুইরাম তথন সাহদে ভর করিয়া কর্তাকে প্রণাম করিয়া সমস্ত বুস্তান্ত একে একে नांशिन। গুইরামের নিকট বলিতে সমস্ত ভূনিয়া চৌধুরী মহাশয় কোভে, লজায় ও পরিতাপে মন্তকে করাঘাত कतिया विवासन-"शात्रामकानि, नर्वनान करबिष्ट्र ! जूरे जाठ छ। जान किन ? जूरे ভোর জাভের পরিচর দিলেও আমি ভোকে

তোর উপযুক্ত চাক্রির বন্দোবন্ত ক্রিয়া
দিতাম। তুই অবলা স্ত্রীলোক, তা না
হ'লে আজ তোর মাথা কেটে ফেল্ডেম।
স্ত্রীলোক অবধ্য বলিয়াই তুই বাঁচিয়া গেলি।"
এই বলিয়া তিনি সয়্যাসীর দিকে চাহিয়া
বলিলেন, "বাবা, আপনি সাধুপুরুষ, এপাপের
কি প্রায়শ্চিত্ত করিব বলিয়া দিন। আমি
প্রাণ দিয়াও তাহা করিব। হায় হায়, এপাপের
কি প্রায়শ্চিত্ত আছে ? আপনি আমাকে
যথাকর্ত্তব্য উপদেশ দিয়া রক্ষা কক্ষন।"

এই বলিয়া সন্ন্যাসীর পদে লুটাইয়া পড়িলেন। তথন সন্ন্যাসী ভূপতিত **গৃহ**-স্বানীকে উঠাইয়া আশ্বস্ত হইতে বলিয়া বলি-त्वन--- "वावा, आिय मन्नामी। **टाय्निट** उत्त বিধান প্রদানে অশক্ত। * এ বিষয়ে তোমার সমাজ ও সমাজপরিচালক স্মার্ত্ত পণ্ডিত-গণের উপদেশ গ্ৰহণ আমার মতে এই হতভাগিনীকে গৃহ হইতে বহিষ্কৃত করিয়া দিয়া সমস্ত মৃৎপাত্র পরিত্যাগ কর। ধাতৃপাত্র পরিমা**র্জন কর ও সকলে** গঙ্গাল্পান করিয়া আসিয়া এই অতিথিশালা ও এই নারীঘারা স্পৃষ্ট দ্রব্যাদি গঙ্গাজ্বলে অথবা গোময়দারা সংস্কৃত করাইয়া লও। ঐ হুষ্টার ষথেষ্ট শান্তি হুইয়াছে, উহাকে তোমার অমুচরবর্গ ও ছাড়িয়া দাও। অতিথিগণ, যাহারা অজ্ঞাতে ঐ হষ্টা-কর্তৃক স্পৃষ্ট জল পানাদি করিয়াছে, তাঁহাদের শাস্ত্রোক্ত প্রায়শ্চিত্তের ব্যয় তুমিই বছন কর। কেন না, তুমি বিতীয় অপরাধী। দেব-সেবার অথবা অতিথিসেবার **অ**জ্ঞাত-क्नगीनात्क नियुक्त कवित्राहित्न। সমাব্দের নেতাদিগকেও এই পাপের সামা- জিক দুও কি, জিজাদা করিয়া তাহা গ্রহণ কর, ইহাই আমার পরামর্শ। "

চৌধুরী মহাশয় বলিলেন, "আপনার।
সাধুপুরুষ, মুক্তাঝা, দেবতাবিশেষ—আপনারা সমাজকে ভয় করেন না, কিন্তু আমরা
সমাজের দাস। শাস্ত্রোক্ত প্রায়ন্চিত্ত করিলেও সমাজ আমাকে সহজেক্ষমা করিবে না।
যাহা হউক, এক্লণে আপনার আদেশমত
সমস্ত প্রতিপালিত হইবে।"

সন্ন্যাসী বলিলেন, "এই বৃদ্ধ চর্ম্মকারকে পুরস্কার দেওয়া উচিত। কারণ এ-ই আপনাকে অজ্ঞানক্কত পাপ ধরাইয়া দিয়া অধিক পাপাকুষ্ঠান হইতে বিরত করিয়াছে।"

সন্ধাদীর কথায় চৌধুরী মহাশয়
গুইরামকে সমতিবাহারে লইরা গিরা
ভাহাকে একশত মুদ্রা প্রদান করিলেন।
গুইরাম আনন্দে উন্মন্ত হইরা চৌধুরী মহাশরকে বলিল, "বাবা, আপুনি ছেরজীবী হও,
আজা হও, নক্ষীশ্বর হও। তুমি বামুন, আমি
উইদাস, ভোমাকে আমি কি বলে' আশিব্যাদ
কর্বো। আজ আপুনি যেমন আমাকে
চরণে থান দিলে, এমনি যত গরিবহুঃথী
লোক যেন ভোমাকে চরণে আকে।"

বৃদ্ধের আনীর্কাদ শুনিয়া এত বিষাদেও
চৌধুরী মহাশয় হাসিয়া তাহাকে বিদায়
দিকেন। বৃদ্ধ আর স্মগ্রামে গেল না।
বরাবর ছবির ভেড়িতে ভাগিনেয়ের নিকট
চলিয়া গেল। হরি-কামারণী ওরফে পদ্দমুখী ওরফে পদী মুচিনী কোথায় গেল এবং
শুইরাম ভাগিনেয়ের পরামর্শে আর বিবাহ
করিয়াছিল কি না, তাহার প্রামাণিক ইতিহাসসংগ্রহে প্রত্তত্ববিদ্গণ উদাদীন আছেন।

ইন্দ্রনারারণ চৌধুরী যথারীতি প্রারশিচত্ত করিলেন। তাঁহার অফ্চরগণও সকলেই প্রারশিচত্তর থরচ লইল এবং কেহ কেহ প্রারশিচত্তর করিল। এই প্রারশিচত্ত-ব্যাপারে সহস্র সহস্র মুদ্রা ব্যার্থিত হইল। আবার তাঁহার অতিথিশালার প্রত্যহ অতিথি আসিতে লাগিল। কিন্তু ইহাতে চৌধুরী মহাশয় নিদ্ধৃতি পাইলেন না। শাস্ত্রসম্বত প্রারশিচত করিয়াও সমাজকে সহজে সম্বত করাইতে পারিলেন না।

ইক্রনারায়ণ চৌধুরীর বহুকাল 'পূর্ব্ব হইতে চন্দননগরের গোঁদেলপাড়ায় হালদার-মহাশয়রা বিশেষ ধনবান, ক্ষমতাশালী ও সমাজপতি বলিয়া খ্যাতি-প্রতিপত্তি লাভ করিয়া আসিতেছিলেন। ইন্দ্রনারায়ণের অভ্যুদয়ের কিছু পূর্ব্ব হইতে এই হালদার-অ শ্ৰু। হীন হইতে দিগের হীনতর হইয়া পড়িতেছিল। প্রকাণ্ড অট্টালিকা এবং প্রকাণ্ড স্থুলোদর সত্ত্বেও গ্রামের लारक दनावनि कतिछ-"शनमात-मश्रमम দিগের আর তেমন বোলবোলাও নাই, ভাঙা পড়িয়া আসিতেছেন।" এমন-সময় একজন দরিদ্র ব্রাহ্মণবালক নিজ অসাধারণ প্রতিভায় ও তীক্ষবৃদ্ধিতে করাসী গভ-মেণ্টের দেওয়ানপদে উন্নীত হইলেন। ইনিই প্রাতঃশ্বরণীয় ইন্দ্রনারায়ণ চৌধুরী। রাজারাম নামে ইন্দ্রনারায়ণের এক অগ্রঞ্জ সহোদর ছিলেন, তিনিও পরে মুরশিদাবাদে নবাবসরকারে একটি ভাল পদে প্রতিষ্ঠিত হন। উভয় ভ্রাভায় একত থাকিয়া यर्थष्ठे धरनाभार्कन कतिएक नागिरनन जरा

অল্পদিনের মধ্যে প্রাচীন হালদারগোষ্ঠীকেও क्रियां कर्षेत्रं ଓ नानशादन ऋर्यग्रानदम मना-দ্ধের ন্যায় নিষ্প্রভ করিয়া ফেলিলেন।

এরপ অবস্থায় যে প্রাচীন বুনিয়াদী-বংশ-জাত হালদারগণ স্বনাম্থ্যত ইন্দ্রনারায়ণ প্রতি চৌধুরীর क्रेर्याপূर्ণ কটাক্ষপাত कतिरातन, जाहा वनाहे वाहना। किन्छ हेन्द्र-গভমেণ্টের দেওয়ান. ফরাসী নারায়ণ স্থতরাং হালদারগণ তাঁহাকে একটু ভয়ও করিতেন। বিশেষত ইন্দনারায়ণ অতায় উন্নতমনা ও নির্বিরোধী লোক ছিলেন। (महेब्बज्ज हेष्हांमरखंड हालानंत्रगंग ठाँहारक কোনও প্রকারে বিপাকে ফেলিতে পারেন নাই। এক্ষণে এই পদ্ম-মুচিনী সংক্রান্ত স্ত্র পাইয়া তাঁহারা ইন্দ্রনারায়ণকে অপদস্থ করিবার উপায় দেখিতে পাইলেন। অমুচর-मूर्थ शानमात्रवावृता छनिरलन रय, हेळनाता-यन कोधूती खानिया छनिया এक ज्ञानरावन-শালিনী চর্মকারকস্তাকে স্বীয় গৃহে পরি-চারিকারপে নিযুক্ত করিয়াছিলেন। পরে তাহার স্বামী জানিতে পারিয়া স্বীয় পত্নীকে লইয়া গিয়াছে। ইক্রনারায়ণ এই চর্মকারকন্তার হস্তে জল ও তামূল পর্য্যন্ত গ্রহণ করিতেন। হালদার্দিগের অমুগ্ৰহে অৰশেষে কথাটা প্ৰকারাস্তরে চৌধুরী মহাশয়ের চরিত্রে নানাপ্রকার কুৎসা ছড়াইতে ছড়াইতে গৃহ হইতে গৃহা-স্তবে ব্যাপ্ত হইয়া পড়িল এবং ইন্দ্রনারায়ণ চৌধুরী "এক-ঘরে" বা সমাজচ্যুত হইলেন। আমরা বে সময়ের কথা বলিতেছি, বাংলার

তথন আলিবদী খাঁ তখন ক্লোরপতিকেও সমাজপতির নিকট

মন্তক নত করিতে হইত। পূর্কেই বলি-য়াছি যে, হালদারগণ পোষ্ঠীপতি ও সমাজ-পতি ছিলেন। তাঁহাদের নিষেধে কোনও দদ্রাক্ষণ চৌধুরীবাটীতে অর্জলাদি গ্রহণ করিতে সাহস করিলেন না। ইন্দ্রনারায়ণ অধিকতর ধনশালী হইলেও সমাজের নিকট মস্তক নত করিলেন। চন্দননগর এবং অধিকাংশ স্থানের স্বভাব-তন্নিকটবন্তী কুলীন ব্রাহ্মণগণ হালদারগণের সহিত কুটুথিতাহতে বদ। ইন্দ্রবায়ণ ক্রিয়া-কর্ম উপলক্ষে স্বগ্রামস্থ ব্রাহ্মণ্গণের সাহায্য পাইলেন না।

এই সময় পাণ্ডুয়ার নিকটবন্তী ভূরস্থট প্রগণার জ্মীদার স্থনাম্থ্যাত মহাক্বি ভারতচক্র রায় বর্দ্ধমানাধিপতির কোধা-নলে পড়িয়া সর্বস্বান্ত হইয়া অবশেষে প্রাণ-ভয়ে প্রায়ন করিয়া চলননগরে ফরাসী গভর্মেণ্টের আশ্রয় গ্রহণ করিলেন। ইন্দ্রনারায়ণ অভিযত্নে কবিবরকে স্বগৃহে আশ্রমপ্রদান করিলেন, কিন্তু চৌধুরী মহাশয়ের এই জাতীয় অপবাদ থাকাতে কবি তাঁহার বাটীতে আহারাদি করিতেন কোম্পানির **उनमा**ज দেওয়ান গোঁদলপাড়ানিবাসী রামলোচন মুখো-পাধ্যায় মহাশয়ের বাটীতে তিনি আহারাদি করিতেন এবং ইন্দ্রনারায়ণ চৌধুরীর বাটীতে অবস্থান করিতেন।

যাহারা ভারতচক্রের জীবনী পাঠ করি-য়াছেন, তাঁহারা জ্ঞাত আছেন যে, নবদীপা-ধিপতি মহারাজা কৃষ্ণচন্দ্র সময়-সময় আট-मर्भ नक **होका श्रम कतिवात कन्न हम्मनन**शहत

বাটীতে আগমন ইন্দ্রনারায়ণ চৌধুরীর করিতেন। মহারাজা यथन हन्तनगरत আসিতেন, তথন তিনি চৌধুরী মহাশয়ের প্রাসাদে অবস্থান করিতেন। হালদারগণ সমাজের সর্বময় কর্তা হইলেও ন্বন্ধীপাধিপতির নিকট জুণবং, তাহার আর সন্দেহ নাই। বিশেষত সমগ্র বঙ্গদেশের শীর্ষস্থান নবদীপের সমাজপতি মহারাজা **इन्हर्ननगरतत कूज मगारकत ने**र्या-কথায় कनिक कनहिववारमञ করিবেন, ইহা মনে করাও বাতুলের কর্ম।

ভারতচন্দ্রের অমুরোধে একদিন ইন্দ্র-নারায়ণ কবিবরকে মহাবাজার নিকট পরি-চিত করিয়া দিলেন। গুণগ্রাহী মহারাজ। মুহুর্ত্তমধ্যে বৃঝিতে পারিলেন যে, ভারতচক্ত "ভারতচন্দ্র"ই বটেন। অনন্তসাধারণ-প্রতি ভা-শালী কবিবর মহারাজার অনুরোধে মুখে মুখে যে সকল কবিতা রচনা করিতে লাগি-লেন, তাহা বিশেষ প্রতিভাশালী কবিরাও রচনা করিতে পারিলে গর্ব অমুভব করি-তেন। মহারাজা যতই কবির সহিত বাক্যালাপ করিতে লাগিলেন, ২তই তাঁহার প্রণপনায় মুগ্ধ হইতে লাগিলেন। সংস্কৃত এবং ফার্মবী, এই তিন ভাষাতেই কবি পরমপণ্ডিত। রাজার কৌতৃহল উত্তেজিত হইতে লাগিল, তিনি ততই কবির নৃতন নৃতন কবিতা ভনিতে ইচ্ছা প্রকাশ করিতে লাগিলেন। ভারতচক্রও কথনও बाःगात्र, कथन ९ कात्रवीट्न, कथन ९ मः ऋटन এবং কখনও বা তিন ভাষা একত্র করিয়াই কবিত, রচনা করিতে লাগিলেন। রাজার मत्न रहेन, द्वि यशः (मरी मत्रवडी कवित

জিহ্বার অধিষ্ঠিত হইরা বীণাসহবোগে গান ক্রিতেছেন।

মহারাজার মনে একটি বড় সদিচ্ছা ছিল। তিনি মনে করিয়াছিলেন যে, রাজা বিক্রমাদিতা যেমন সমস্ত ভারতের পঞ্জি-গণের মধ্য হুইতে নয়টি অত্যুক্ত্রল রত্ন লইয়া নিজের সভার শোভ। সম্পাদন করিয়া স্বয়ং চিরশ্বরণীয় হইয়া আছেন, তিনিও সেইরূপ সমস্ত পণ্ডিতমণ্ডলীর আশ্রয় হইয়া পণ্ডিত-সমাজ নবহীপের রাজসভায় নবরত্ব আহরণ করিয়া জীবন সার্থক করিবেন। ফলত পুরা-কালে মধ্যভারতে মহারাজ বিক্রমাদিত্য এবং অপেক্ষাকৃত আধুনিক কালে পুর্বভারতে নবৰীপের রাজা ক্লফচক্র যেরূপ বিদ্যোৎসাহী ছিলেন, এরূপ বিদ্যোৎসাহী নূপতি ভূমগুলে আর কথনও জন্মগ্রহণ করিয়াছেন কি না. সন্দেহ। মহারাজার নিতান্ত ইচ্ছা হইল যে, এই অমূল্যরত্ন মহাকবি ভারতচক্রকে নবদীপে প্রতিষ্ঠিত করিয়া তাঁহার আশা ফলবতী করিবেন। তিনি হতিপূর্বে অনেক কবিকেই আমন্ত্রণ করিয়া আনিয়া নবদ্বীপে সংস্থা-পিত করিয়াছিলেন, কিন্তু বিক্রমাদিত্যের কালিদাসের ভাষে এমন স্বভাবকবি ভাঁহার রত্বমালামধ্যে এ পর্যান্ত গ্রথিত হয় নাই। তিনি ভারতচক্রকে বঙ্গদেশের কালিদাসের পদে প্রতিষ্ঠিত করিতে ইচ্ছা করিলেন, কিন্তু পাছে চৌধুরী মহাশয় এই আশ্রিত ব্রাহ্মণকে পরিত্যাগ করিতে ইচ্ছা না করেন, এই ভয়ে निष्कत रेष्ट्रा निष्कत मधारे ममन कतिया क्राथिएनन ।

ভাগীরথীবকে ইন্সনারারণ চৌধুরীর বাঁধা-

ঘাটে মহারাজার প্রকাণ্ড বজরা বাঁধা রহিরাছে। বজরার বর্ণনা যাঁহারা জানিতে ইচ্ছা করেন, তাঁহাদিগকে "দেবী চৌধুরাণীর" বজরার বর্ণনা পাঠ করিতে অফুরোধ করি। রাজার বজরার উপর ৩।৪জন সশস্ত্র দিপাহী বন্দুক ঘাড়ে করিয়া চিত্রিত পুত্ত-লিকার ভার দণ্ডায়মান রহিয়াছে। বজরার ভিতরের সকল কক্ষই উজ্জ্বল আলোকে আলোকিত।

তাহারই একটি কক্ষের মধ্যে বছমূল্য
বিহানার উপর মহারাজা ও ইন্দ্রনারায়ণ সমাসীন রহিয়াছেন। কক্ষমধ্যে আর কেহ নাই।
অতি মৃত্স্বরে উভয়ের কথাবার্ত্ত। হইতেছে।
রাজার নিকট একটি স্থবর্ণনির্মিত মস্তাধার
ও স্থবর্ণমিণ্ডিত হংসপুচ্ছলেখনী পড়িয়া
আছে। তখন ইংরাজ বণিক্রণ এ দেশে
ধার্গ্রা ও কঞ্চির পরিবর্ত্তে হংসপুচ্ছলেখনীর
বাবহার প্রচার করিয়াছেন। ২০০৭ও
কথাবার্ত্তার পর মহারাজা একখণ্ড কাগজ
কর্মা তাহাতে লিখিলেন:—

শ্ৰীশ্ৰীপূজগদ্ধাত্ৰী মাতা সহায়।—

স্বধর্মবংস্ল ধার্ম্মিকবর অশেষগুণিগণ-গণনাগ্রগণ্য স্থনামথ্যাত পুরুষবর প্রীল শ্রীযুক্ত ইক্সনারামণ চৌধুরী ফরাসী কোম্পানী বাহাছরের সদর দেওয়ান মহাত্মা মহাশয় স্থচরিতেয় ।—

নবাব নাজিম সাহেবের দপ্তরখানায় বর্ত্তমান শকের রাজ্যবাবদ আমি আপন-কার নিকট সাড়েসাতলক তহা কর্জ লইরা এই ধং লিখিয়া দিলাম। বংসরের মধ্যে ইহা মায় হৃদ পরিশোধ করিব, ইহাতে অন্তথা হইবে না। ইহার কারণ ধর্ম সাক্ষী ইতি।—

রায় রাজশ্রীকৃষ্ণচন্দ্র শর্মণঃ।"

থং লিথিয়া রাজা যথারীতি স্বীয় নামাস্বিত মোহর অন্ধিত করিয়া ২০বার ভাল
করিয়া পড়িয়া চৌধুরী মহাশ্যের হস্তে
সমর্পণ করিলেন। চৌধুরী মহাশ্য সসম্মানে
উহা গ্রহণ করিয়া একবার পাঠ করিলেন
এবং ললাটে স্পর্শ করাইয়া স্বত্বে উত্তরীয়প্রান্থে বাধিয়া রাধিলেন।

এমন-সময় ফরাসীত্র্য "দে অঁল্যা"
হইতে কামানের শব্দ হইল। রাজা ঈষৎ
চমকিত হইয়। উঠিলেন,। চৌধুরী মহাশয়
বলিলেন, "রাত্রি এক প্রহর অতীত হইল।"
পরে উভয়ে বজরা হইতে কুলে অবভরণ
করিয়া শ্রামশপাচ্ছাদিত ভূমিথণ্ডে বিচরণ
করিতে লাগিলেন। ২জন সিপাহি নিঃশব্দে
তাঁহাদের অহ্বসরণ করিতে লাগিল।

জ্যোৎসাময়ী রজনীতে গলার তীরে
নবদ্র্বামণ্ডিত ক্ষেত্রে তাঁহারা নিঃশব্দে
পাদচারণা করিতে লাগিলেন: নানাকথার
পর মহারাজা বলিলেন—"চৌধুরী মহাশর,
আজকাল আপনাকে প্রায় বিমর্ব দেখি
কেন
 কোনপ্রকার শারীরিক বা মানুসিক
পীড়াগ্রন্ত হইয়াছেন কি
?"

দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া ইক্সনারা-য়ণ বলিলেন, "মহারাজ, আপনার জনক-জননীর শ্রীচরণাশীর্কাদে শারীরিক কোনও পীড়া নাই, কিন্তু সম্প্রতি একটা সামাজিক কলক্ষে কলঙ্কিত হইয়া বড় ক্ষুগ্র হইয়াছি।" "আমি আপনার এই সামাজিক নিগ্রহের কথা শ্রবণ করিয়াছি। হাল্দারমহাশ্রেরা এই কাণ্ড করিতেছেন বলিয়া অনুমান হয়।"

"সকলি বিধাতা করিতেছেন, হালদার-দের দোষ কি ?"

"আপনি ত ষ্থারীতি প্রায়শ্চিত করিয়া-ছেন ?"

"সাধানত সে বিষয়ে ক্রটি করি নাই।"
"এক্ষণে কি করিতে মনস্থ করিরাছেন ?"
"কিছুই স্থির করিতে পারি নাই, অথচ
এরপ সমাজচাত হইয়া থাকা বিড়ম্বনামাত্র।
বিধাতা আমার প্রতি নিতান্তই বাম
হইয়াছেন—"

"আপনাকে বিধাতা নিতাস্তই সদয়।"
বাধা দিয়। ইন্দ্রনারায়ণ কহিলেন—
"আমি আপনার কথা হৃদয়ঙ্গম কবিতে
পারিলাম না। বিধাতা আমার প্রতি সদয়,
কিনে জানিতে পারিলেন ?"

"আপনি প্রায়শ্চিত্তের জন্ম কোথা হুইতে ব্যবস্থা আনাইয়াছিলেন ?"

"চন্দননগরের নিকটবর্তী সমস্ত স্মার্স্ত অধ্যাপক ও আপনার নবদীপ এবং মিথিলা হইতেও ব্যবস্থা আনাইয়াছিলাম।"

"তাঁহার। শাস্ত্রে পণ্ডিত, শাস্ত্রদম্মত প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিয়াছেন, সামাজ্ঞিক ব্যবস্থা তাঁহারা কোথায় পাইবেন ? এ বিষয়ে সামাজ্ঞিক ব্যবস্থাও গ্রহণ করা উচিত।"

রাজার মুথের দিকে দৃষ্টপাত করিয়া চৌধুরী মহাশর সাগ্রহে জিজ্ঞাসা করিলেন— "সামাজিক ব্যবস্থা কিপ্রকার ? কোথার সে ব্যবস্থা পাইব ?"

वाश मिया बांका विमालन-"कामि

চৌধুরী মহাশয় বলিলেন, "মহারাজ, আপনি সমস্ত বঙ্গদেশের মধ্যে অন্ধিতীয় ব্যক্তি, আপনাকে তৈলবট আমি কি দিব ? আমার যথাসর্কস্ব বায় করিয়াও আমি আমার লুপু সামাজিক মর্যাদা পাইতে প্রস্তুত হাছি।"

সহাস্তে বলিলেন---রাজা আবার "সর্বস্ব ব্যয় করিতে হইবে না—তৈলবটের কথা পরে হইবে--এক্সণে আমার পরামর্শে আপনি অচিরেই সমাজপতি হইতে পারি-বেন। ভগবতী আপনাকে ধেমন অতুল ধন ও সম্মানের অধিপতি করিয়াছেন, সেইপ্রকার সর্ব-স্থলক্ষণ-সম্পন্না দিয়াছেন। আপনি কন্যাও শ্ৰোতীয়. অবিলম্বে চারি মেলের চারিজন গুণবান প্রতিপত্তিশালী সভাবকুলীনের আনিয়া আপনার ক্সাচতুষ্ট্যকে সম্প্রদান করুন। চারি মেলের চারিজন কুলীনের সন্তান আপনার অনুগত থাকিলে আপনিই স্বতন্ত্র দল বাঁধিতে পারিবেন। আপনার জামা-তার জ্ঞাতিকুটুম্বগণকেও আপনার **আহুগত্য** সীকার করাইবেন, তাহা হইলেই আপনি অচিরে সমাজমধ্যে পূজনীয় হইবেন। আমার মতে ইহাই সর্কাপেক্ষা স্থব্যবস্থা।"

ব্যবস্থা শুনিয়া ইন্দ্রনারায়ণ হাতে স্বর্গ পাইলেন। তাঁহার দৃষ্টির সন্মুথ হইতে বেন একথানা যবনিকা সরিয়া গেল। তাঁহার সামাজিকু উন্ধৃতির উপায় তাঁথার গৃহেই বর্ত্তমান, অথচ এতদিন তিনি তাহা দেখিতে পান নাই! রাজার এই যুক্তিপূর্ণ ব্যবস্থা পাইয়া তিনি ক্কতার্থ হইলেন।

পরদিনই চৌধুরা মহাশম্বের পাইয়া চারিদিকে ঘটক ছুটিল এবং অল্পকাল-मर्सा हे जर्ल, खरन ७ कूरन, नर्ताःरमहे महना-মত পাত্র প্রাপ্ত হইলেন। ফুলিয়া, থড়দহ, वज्ञ डी अ नर्वाननी, कूलीनिंदिगत এই ठाति শ্রেষ্ঠ মেলের চারিট পাত্র আনাইয়া তিনি একদিনে আপনার কন্তাচতুইয়কে সম্প্রদান করিলেন। পাত্রগণের সহিত তাঁহাদের আগ্রীয়-জ্ঞাতিকুটুম্বগণও সমাগত হইলেন। চারি স্থানের চারিটি বর বর্ষাত্রী সহ একত্র সমাগত হওয়াতে চৌধুরী মহাশয়ের বাটী लाटक लाकात्रण इहेल। महात्राक क्रयः-চক্র সমন্ত নবদীপসমান্তের প্রভিভূ হইয়া উপস্থিত হইলেন। নবৱাপ হইতে অসংখ্য পণ্ডিত এবং রাজকর্মচারী মহারাজার সহিত উপস্থিত হইলেন। চৌধুরী মহাশন্ন স্বগ্রামস্থ সমস্ত ব্রাহ্মণকেই নিমন্ত্রণ করিলেন এবং বাটীতে পদরেণু দিবার জ্বন্ত বিশেষ আগ্রহ-প্রকাশও করিলেন। হালদার-মহাশয়গণও নিমন্ত্রণে বাদ পিড়িলেন না, কিন্তু তাঁহারা এই সমারোহব্যাপারে যোগদান করি-লেন না। স্থতরাং তাঁহাদের আত্মীয়-কুটুম্বগণও কেহ আসিলেন না। কিন্তু তাঁহারা না আসিলেও নিমন্ত্রিতের অভাব रहेल ना।

ষণারীতি বিবাহ সমাধা হইল। অন্যন তিনসহস্র ব্রাহ্মণসন্তান দে রাত্রে চৌধুরী- বাটীতে জেলপান করিলেন। রাজার ব্যবস্থাগুণে ইক্রনারায়ণ আবার নৃতন দল বাঁধিবারু স্তা খুঁজিয়া পাইলেন।

পরনিন প্রাতঃকালে ভাট, ভিথারী, রারোয়ারীর পাণ্ডা ইত্যাদি সকলে চৌধুরী মহাশরের নিকট নিজ নিজ প্রাপ্য অংশ আদায় করিতে আসিয়া সকলেই মনোবাঞ্ছা পূর্ণ করিয়া প্রস্থান করিল। চৌধুরী মহাশয় প্রত্যেক জামাতাকেই স্বীয় আবাসবাটীর সয়িকটে এক একথানি বাটী এবং বাগান যৌতুক দিয়া ভাহাতে বাস করিতে অফু-রোধ করিলেন। ভাট-ভিথারী বিদায় হইলে মহারাজা সহাপ্তে চৌধুরী মহাশয়কে বলিলেন—"মহাশয়, আমার ব্যবস্থা গ্রহণ করিয়া আপনার মনস্কাম পূর্ণ হইয়াতে, এক্ষণে আমাকে তৈলবট প্রদান করিয়া অঞ্গী হউন।"

"মহারাজ, আপনাকে আমার অদেয় কি আছে ? কি আজা হয়, বলুন।"

রাজা তথন মহাকবি ভারতচল্লের হস্তধারণ করিয়া বলিলেন—"অনেকদিন
হইতে নবরত্নে সভা সাজাইব বাঞ্ছা ছিল,
কিন্তু কালিদাসের অভাবে আমার অভীপ্ত
পূণ হয় নাই। এক্ষণে এই কবিরত্ন ভারতচল্রকে আমায় অর্পণ করুন, আমি ইহাকে
নবদীপে লইয়া গিয়া আমার সভা ও নবদীপের মুথ উচ্ছেল করি।"

চৌধুরী মহাশয় বলিলেন- "কবিবর আমার আশ্রয় গ্রহণ করিয়াছেন, স্থতরাং আমি উহাকে ধর্মত পরিত্যাগ করিতে পারি না। তবে উহার উপর আমার কোনও অধিকার নাই, বলি কবি স্বেচ্ছায় আমাকে পরিত্যাগ করেন, তাহা হুইলে আমার বিবেচনার আপনার ন্তার গুণগ্রাহী মহারাজার আশ্রুই মহাক্বির পক্ষে উপযুক্ত। নবদ্বীপাধিপতির আশ্রেত লোক বর্দ্ধ-মানাধিপতির ক্রোধানলে ভক্ষ হুইবেন না:"

তথন কবিবর রাজাকে প্রণাম করিয়া বলিলেন,—"হে রাজরাজেম্বর, বছকালের মনোবাঞ্ছা আজ আপনি পূর্ণ করিলেন। চৌধুরী মহাশয় বথার্থই আজ্ঞা করিয়াছেন যে, মহারাজার স্থায় গুণগ্রাহী মহাস্মাই আমার ফার সামাস্ত দরিদ্র কবির আশ্রয়দাতা। আমি আজ হইতে আপনার অন্ত্রাহপ্রার্থী অন্তুর হইলাম।"

রাজ্বা স্বীয় কণ্ঠ হইতে রক্সমাল্য উন্মোচনপূর্বক কবির' কণ্ঠে সংস্থাপন ও
তাঁহাকে আলিপন করিয়া বলিলেন, "পুরাকালের কবিদিগের অন্তগ্রহে বেমন রাজারা
গ্রন্থমধ্যে অমর হইয়া আছেন, আপনার
অন্তগ্রহে আমিও সেইপ্রকার গৌড়ীয়
ভাষার কবিতামধ্যে অমর হইয়া থাকিব,
ভাহার আর সন্দেহ নাই।

* * * * *

ভারতচক্র নবদ্বীপের রাজকবি, রাজবয়স্থ এবং রাজস্থা হইলেন। মহারাজা তাঁহাকে "রায় গুণাকর" উপাধি দিলেন, তিনিও শ্বরচিত অয়দামললে মহারাজকে অমরত্ব প্রদান করিলেন।

হালদারমহাশরেরা দেখিলেন, চৌধুরী-বংশের উন্নতি বিধাতার অভিপ্রেত, দেইজ্ব তাঁহারা আর চৌধুরীদিনের বিপক্ষতাচরণ করিলেন না। এইসময় ছকড়িবাবু, নবাবের অজ্ঞাতে অনেকগুলি জমি শেওড়াফুলির রাজাদিগকে পত্তনি দিলে নবাব পরে তাহা জানিতে পারিয়া ছকড়িবাবুর প্রাণদণ্ডের ইক্রনারায়ণ এই সংবাদ আদেশ করেন। অবগত হইয়া ফরাসী কোম্পানীর অনুরোধ করাইয়া হালদারমহাশয়ের প্রাণ ও এতিষ্ঠা রক্ষা করেন। ইন্দ্রনারায়ণকর্তৃক প্রাণ পাইয়া প্রত্যুপকারস্বরূপ ছকড়িবাবু নিজ ক্যার সহিত ইন্দ্রনারায়ণের জােষ্ঠপুত্র বলরাম চৌধুরীর বিবাহ দেন এবং যৌতৃক-স্বরূপ ১০০১বিঘা জমি ও গোষ্ঠীপতিত্বরূপ সামাজিক সম্মান জামাতাকে প্রদান করেন। ঐ হাজার-বিঘা জমি আজিও "বলরাম-বাটী" নামে বিখাত। শুদ্ধশোতীয়গণ কুলীন-পুত্র ভিন্ন অপরকে কন্তাদান করেন না, কিন্ত বলরাম চৌধুরী শ্রোতীয়, সেইজ্বন্ত তাঁহাকে কন্তাদান করিয়া ছকুবাবু তাঁহার কুল-গৌরব কিছু কুগ্ন করিয়াছিলেন, সন্দেহ নাই।

ইক্রনারায়ণ চৌধুরীর বংশধরগণ চন্দননগর হইতে লোপ পাইয়াছেন। ২০জন ইতস্তত চন্দননগরের বাহিরে বাস করিতেছেন। ইক্রনারায়ণের ক্যেষ্ঠ রাজারামের
বংশ এখনও চন্দননগরে বিজ্ঞমান আছেন
এবং তাঁহারাই একণে গোষ্ঠীপতি। ইক্রনারায়ণের প্রতিষ্ঠিত এক নাটমন্দির এবং
"চৌধুরীর ঘাট" নামে বিখ্যাত গলার ঘাট
এখনও বর্ত্তমান আছে। পলাশীর মুদ্ধের
কিছুকাল পুর্বে ইক্রনারায়ণ কালগ্রাসে
পতিত হন।

শ্রীযোগেক্তকুমার চট্টোপাধ্যায়।

হুৰ্ভাগা।

পথের পথিক করেছ আমায়
সেই ভালো, ওগো সেই ভালো!
আলেয়া জ্বালালে প্রান্তরভালে
সেই আলো মোর সেই আলো!
বাটে বাঁধা ছিল থেয়া-তরি,
তাও কি ডুবালে ছল করি'?
সাঁভারিয়া পার হব বহি ভার,
সেই ভালো মোর সেই ভালো!

বড়ের মুথে বে ফেলেছ আমায়
সেই ভালো, ওগো সেই ভালো !
সব স্থাজালে বজ্ঞ জালালে
সেই আলো মোর সেই আলো !
সাধী যে আছিল নিলে কাড়ি',
কি ভয় লাগালে, গেল ছাড়ি !
একাকীর পথে চলিব জগতে
সেই ভালো মোর সেই ভালো !

কোনো মান তুমি রাখনি আমার
সেই ভালো, ওগো সেই ভালো!
হলমের তলে বে আগুন জলে
সেই আলো মোর সেই আলো!
পাথেম বে ক'টি ছিল কড়ি
পথে খসি' কবে গেছে পড়ি',
শুধু নিজবল আছে সম্বল
সেই ভালো মোর সেই ভালো!

সার সত্যের আলোচনা।

আত্মা ইইতে সত্যে উপসংক্রমণ।

বিগত প্রবন্ধের শেষভাগে জিজ্ঞাসিত হইয়াছিল এই বে, প্রকৃত আত্মজ্ঞান সাধ-কের পক্ষে কতদ্র সম্ভাবনীয়—কি প্রকা-রেই বা সম্ভাবনীয় ? এই প্রশ্নটিকে আগে ভাল করিয়া খুলিয়া-খালিয়া নির্মাচন করা যা'ক, তাহার পরে তাহার মীমাংসায় হস্ত-ক্ষেপ করা যাইবে।

প্রশাটির প্রকৃত তাৎপর্য্য এই:--

ষিনি জানিতেছেন তিনি জ্ঞাতা এবং বাঁহাকে জানা হইতেছে তিনি জ্ঞের। এখন জিজ্ঞান্ত এই বে, যিনি জানিতে-ছেন, তাঁহাকে জানা কি প্রকারে সম্ভাব-নীর? জ্ঞাতাকে জ্ঞের করা কি প্রকারে সম্ভাবনীর? জ্ঞাতা এবং জ্ঞেয়ের একীকরণ কি প্রকারে সম্ভাবনীর?

ইহার সোজা উত্তর এই যে, জলে সাঁতার দেওরা তোমার পক্ষে কতদ্র সম্ভাবনীয় তাহা যদি তুমি জানিতে চাও, তবে অন্তত এক-কোমর জলে নাবিয়া হাত-পা ছুঁজিতে আরম্ভ কর—তাহা হই-দেই সঙ্করিত কার্যাটির সম্ভাবনীয়তার সম্বন্ধে ক্রম্নে তোমার চকু ফুটিবে; তাহা না করিয়া তুমি ডাঙার দাঁড়াইরা "আগে মাথা উঁচা করিব কি আগে হাত ছুঁজিব" "আগে হাত ছুঁজিব" এইরূপ নানাবিধ প্রণালীর মধ্যে কোন্টি সবিশেষ কলদারক, তাহার পর্যালোচনার প্রবৃত্ত হইরা মাথা ঘুরাইরা সারা হইতেছ—কালেই

জলে সাঁতার দেওয়া যে কতদূর সম্ভাবনীয় সে বিষয়ে কিছুতেই তোমার মনের ধন্দ মিটিভেছে না। তাই বলি যে, জ্ঞাতা এবং ক্ষেরে একীকরণ কতদূর সম্ভাবনীয়, ভাহা জানিতে হইলে তাহা ভাবিয়া দেখা অপেকা করিয়া দেখাই সহজ উপায়। কিন্তু তাহা করিয়া দেখিবার পূর্ব্বে একটি বিষয় সর্বাগ্রে বিবেচ্য। কোনো নৃতন ব্রতী যদি সাঁভার শিথিবার মানদে জলে নাবিতে উন্থত হ'ন, তবে সমুখবন্তী ক্ললের ভাবগতি অবগত হইয়া সেরূপ কার্য্যে সাবধানতার সহিত প্রবৃত্ত হওয়াই জাঁহার পক্ষে উচিত। স্থানটিতে তিনি নাবিতে ইচ্ছা করিতেছেন, দেখানে এক-হাঁটু জল, কি এক-কোমর জল, কি অগাধ জল, তাহার সবিশেষ সন্ধান লওয়া তাঁহার পক্ষে সর্বাত্তে প্রয়োজনীয়। আত্ম-জ্ঞানের সাধনে প্রবৃত্ত হইয়াই যদি অভিনব ব্রতী এমন এক স্থানে পদ-সংক্রমণ করেন — যেখানে থই পাওয়া যায় না, তবে তিনি ছই পদ অগ্রসর হইতে না হইতেই পদ-খলিত হইয়া বিপদে পড়িবেন—ভাহা দেখি-তেই পাওয়া যাইতেছে। অতএব আত্মজ্ঞানের সাধনে প্রবৃত্ত হইবার পূর্বের আত্মাকে কোন্ স্থানে ধরিতে হইবে, তাহার সন্ধান লওয়া সাধ-কের প্রথম কর্ত্তব্য, তাহাতে আর ভূল নাই।

জ্ঞাতার ঠিকানা-নির্দেশ। ছুঁচের আগা দিয়াই কাণ কোঁড়া হইরা থাকে—ছুঁচের আগা দিয়াই কাপড় সেলাই

করা হইরা থাকে—ছুঁচের আগাটিই ছুঁচের মুখ্য অক্ট, তাহা আমি জানি; কিন্ত ছুঁচের আর-সমস্ত অঙ্গপ্রত্যঙ্গ বাদে শুদ্ধকেবল তাহার ঐ মুখ্য অঙ্গটি, শুদ্ধকেবল তাহার আগামাত্রটি, আমাকে আনিয়া দেও দেখি —তাহা যদি তুমি আমাকে আনিয়া দিতে পারো, তবেই বলিব ষে, জ্ঞান এবং জ্ঞেয় শুদ্ধকেবল জ্ঞাতামাত্রকে জ্ঞানের উপলব্ধি-গোচরে আনয়ন করা সম্ভবে। কিন্তু ছুঁচের শুদ্ধকেবল আগামাতটি ধরিতে-ছুঁতে পাইবার বস্তু নহে—তাহা দেখিতেই পাওয়া যাইতেছে। তাহা ধরিতে ছুঁতে পাইবার বস্তু নহে—কেন ? না, ষেহেতু জামিতিক বিন্দুমাত্র। একটি জ্যামিতিক বিন্দুর থাকিবার মধ্যে আছে কেবল স্থিতি (position); তা বই তাহার আয়তন (magnitude) নাই; আয়তন যথন নাই, তথন কাজেই তাহা ধরিতে ছুঁতে পাইবার বস্তু নহে। "যিনি দৃশ্য বস্তু দেখিতে-ছেন" এতথানি কথা বলিলে তবে তাহার মধ্য হইতে দ্রন্থা-শব্দের অর্থ টানিয়া বাহির করা যাইতে পারে। যিনি'র একটি বাহন হ'চ্ছে দৃশ্র-বস্তু এবং আর-একটি বাহন र'एक "मिथिতেছেन" अर्था पर्मनिकिया; ষিনি'র এই ছুইটি বাহন-বাদে শুদ্ধকেবল যিনি-মাত্রটি নিঃসঙ্গ জ্যামিতিক বিন্দুরই সহোদর ভ্রাতা, তাহা ধরিতে-ছুঁতে পাইবার একজন রাজচক্রবর্ত্তী, যিনি বস্ত নহে। রাজকার্য্যে ব্যাপৃত রহিয়াছেন, তিনিও ডিনি আর, একজন গরিব বাহ্মণ, যিনি রাজ্বারে আতিথ্য যাচ্ঞা করিতেছেন, তিনিও তিনি। ও-তিনি হইতে রাজকার্য্য

এবং এ-ভিনি ইইতে যাচ্ঞা-কার্য্য বাদ मिर्ल इरे जिन्तित **अरनक** है। जात-नाचव हत्र, তাহাতে আর ভূল নাই; কিন্তু যদি এরপ প্রণালীতে ছই ভিনির মধ্য হইতে দোঁহার সমস্ত কাৰ্য্য এবং সমস্ত গুণ বাদ দিয়া নিঃসম্বল তিনি-ছটিকে আলোচনা-ক্ষেত্রে উপস্থিত করানো যায়, তাহা হইলে হয়ের মধ্যে কোনো প্রভেদই দর্শকের নয়নগোচর হইতে পারে না। কেন না, সে তিনি যে কোন তিনি—রাজকার্য্যের কর্ত্তারূপী মহা-তিনি অথবা ভিক্ষা-কার্য্যের কর্ত্তা-রূপী ক্ষুদ্র তিনি—তাহা তাঁহার গায়ে লেখা নাই; তাহা যথন নাই, তথন কাঞ্চেই হুয়ের মধ্যে প্রভেদ নির্দেশ করিতে পারা কাহারে। কর্ত্তক সম্ভবে না। অবস্থায় রাজাধিরাজ মহারাজ এবং কুদ্রাৎ কুদ্র চাসা দোঁহারই পদবী সমান—সে অবস্থায় দোঁহার ছই আত্মার মধ্যে সরিষা-ভোর প্রভেদেরও স্থানাভাব। এটা স্থির ষে, আত্মায় আত্মায় ষত-কিছু প্রভেদ এবং প্রত্যেক আত্মার ষত-কিছু বিশেষত্ব, সমস্তই আত্মার শক্তি-ফূর্ত্তি এবং শুণপ্রকাশের পশ্চাৎ ধরিয়া চলিয়া জ্ঞেয়-স্থানে উপনীত হয়—উপনীত হইয়া সেই জ্ঞানালোকিত প্রদেশে গৃহপ্রতিষ্ঠা করে; এতদ্বাতীত আত্মার কোনো বিশেষত্বই জ্ঞাভূ-স্থানের অব্যক্ত পুরীতে ওদকেবল আছি-মাত্রে ভর করিয়া জীবনধারণ করিতে পারে না। যদি কেবল আছি-মাত্রে ভর করিয়া জ্ঞাতৃস্থানে বর্ত্তমান থাকিলেই আত্মজ্ঞানে সিদ্ধিলাভ করা যাইতে পারিত, তবে বিনা সাধনে সকলেই সিদ্ধ। প্রকৃত কথা এই

বে, জ্ঞাতৃষ্থানে আত্মা বাহা আছেন, তাহাই আছেন: তছাতীত জ্ঞানস্থানে আত্মার শক্তিফুর্তি চাই এবং জ্ঞেরস্থানে আত্মার গুণপ্রকাশ চাই; ভাহা যতক্ষণ না হইতেছে, ততক্ষণ আত্মজ্ঞান কেবল একটা অর্থাৎ কি না—জ্ঞানস্থানে কথা মাত্ৰ। আত্মার শক্তিফুর্ত্তি না হইলে জ্ঞেয়স্থানে আত্মার গুণপ্রকাশ হইতে পারে না: জ্ঞেরস্থানে আত্মার গুণপ্রকাশ না হইলে আত্মজ্ঞান কেবল শব্দমাত্রেই পর্য্যবসিত **इ**न्न। कन कथा এই यে, প্রথম উন্সনেই আত্মাকে জ্ঞাতৃস্থানে উপলব্ধি করিতে গেলে থই পাওয়া যায় না-কাজেই অকৃল পাথারে হাৰুডুবু থাইতে হয়। অতএব, আত্মাকে ৰাহাতে জ্ঞেমস্থানে ১ উপলব্ধি করা যাইতে পারে, তাহারই চেষ্টা দেখা সাধকের প্রথম কৰ্ত্তব্য।

আত্মজ্ঞানের সাধনপদ্ধতি।
পাতপ্রলদর্শনে যোগের হইরূপ সাধনপদ্ধতি নির্দেশিত হইরাছে। প্রথম পদ্ধতি
ভদ্ধকেবল সাধনেরই ব্যাপার, দ্বিতীর
পদ্ধতি সাধন এবং ভল্পন হয়ের একত্র
সমাবেশ। যোগোক্ত প্রথম পদ্ধতি
এইরূপ:—

কোনো একটি ইচ্ছামুরপ বস্তুতে বা প্রদেশে মনকে নিবদ্ধ করিবে। তাহার পরে 'লক্ষ্য বিষয়টির প্রতি মনের একটানা স্রোভ নিরবচ্ছেদে প্রবাহিত করিতে থাকিবে। প্রথম কার্যাটির নাম ধারণা এবং বিতীয় কার্যাটির নাম ধ্যান। ভাহার পরে লক্ষ্য-বিষয়টির প্রতি মনোর্ডি বধন কর্মতোভাবে সমাহিত হইবে—বধন সাধকের জ্ঞানে সেই লক্ষ্যবন্ধটি ছাড়া আর কিছুই প্রতিভাত হইবে না; প্রতীর-মান হইবে তথন এইরপ—বেন সেই লক্ষ্য-বন্ধটিই সমস্ত জগৎ, সেই লক্ষ্যবন্ধটি ছাড়া আর-বেন কোনো কিছুই নাই—এমন কি, সাধক নিজেও বেন নাই। ইহারই নাম সমাধি। সমাধিতে লক্ষ্য প্রদেশটিতেই —ক্ষেয়স্থানটিতেই—জ্ঞাতা এবং জ্ঞের হুইই জ্ঞানের সমক্ষে একীভূত ভাব ধারণ করিয়া আত্মারণে প্রকাশিত হর।

বোগোক্ত দ্বিতীয় পদ্ধতি হ'চেচ ঈশর-প্রণিধান। ঈশ্বর-প্রণিধান কি ? না, সর্ব্বজ্ঞ **এবং मर्समिकिमान् পরমেশ্বকে পরমগুরু** জানিয়া পরম-ভক্তি-সহকারে তাঁহাতে সমস্ত কর্ম্ম সমর্পণ করা। প্রথম পদ্ধতি এবং বিতীয় পদ্ধতির মধ্যে প্রভেদ পুরই আছে-यिन পাতश्रनमर्गत स প্রভেদের গুরুত্বের প্রতি বড়-একটা ভ্রুক্ষেপ করা रत्र नारे; (कन (य क्राक्तिश कर्ता रहा नारे, তাহার বিশেষ একটি কারণ আছে;—সে কারণ এই: -- সাধনই পাতঞ্জলদর্শনের মুখ্য আলোচা বিষয়। ভজন পাতঞ্জদর্শনের मूथा ञालाहा विषय नरह। ভগবান্ পতঞ্জি-মুনি "ভজন সাধনের একটি প্রবলতম সহায়" এই পর্যান্ত বলিয়াই ক্ষান্ত হইয়াছেন। পক্ষান্তরে**, বর্ত্তমান প্রব**-ন্ধের মুখ্য আলোচ্য বিষয় একমাত্র কেবল সতা, তা বই, কোনো বিশেষ দর্শনের বিশেষ সভ্য বর্ত্তমান প্রবন্ধের মুখ্য আলোচ্য विषय नटर। এইজন্ত, সাধনের সৌরব-রকার অমুরোধে ভজনকে তাহার উচ্চ-भगती **हरे**एक मुत्राहेशा ताथा वर्षमान-स्टल

কোনো গতিকেই মার্জ্জনীয় বলিয়া আদর
পাইতে পারে না। সত্য এই বে, ভব্ধন
সাধনের একটি প্রবশতম সহার তো বটেই,
তা ছাড়া, ভব্ধন সাধনের একটি অপরিহার্য্য
মুখ্য অঙ্গ। ভব্ধন-বর্জ্জিত সাধন একপ্রকার স্থান্ধন-বর্জ্জিত হস্ত—তাহা নিতান্তই
অঙ্গহীন। যাহাই হো'ক্—ক্রিয়াযোগের
সাধন এবং ভক্তিযোগের সাধন, হইই,পরে
পরে পর্যালোচনা করিয়া দেখা আবশ্রক;
তাহা হইলেই হয়ের মধ্যে কোন্টি কতদ্র
ফলদায়ক, তাহা আপনা হইতেই ধরা
প্রতিবে।

আত্মজ্ঞানের ঐকাঙ্গিক সাধন। আত্মজ্ঞানের সাধনপদ্ধতি হুইস্থানে হুই-রুপ। <mark>যে স্থানে ভাব-জ</mark>গতের প্রতি লক্ষ্য নিবিষ্ঠ করা হয়, সে স্থানে একরণ, এবং যে স্থানে সত্য-জগতের প্রতি লক্ষ্য নিবিষ্ট করা হয়, সে স্থানে একরূপ। ভাব-জগতের প্রতি লক্ষ্য নিবিষ্ট করিলে সাধকের নিকটে আত্মশক্তির কার্য্যকারিতা সর্ব্বোপরি প্রকাশ পায়; সত্য জগতের প্রতি লক্ষ্য নিবিষ্ট করিলে সাধকের নিকটে ঐশী শক্তির কার্য্যকারিত। সর্ব্বোপরি প্রকাশ পায়। ছই স্থানের ছুইপ্রকার **সাধনপদ্ধতির** মধ্যে এইরূপ মর্দ্মান্তিক প্রভেদ সন্ত্রেও হরের মধ্যে এক জারগার ঐক্য দেখিতে পাওয়া যায় এই যে, হুয়েরই সাধনীয় কাৰ্য্য र्'फ জাতাকে জেম্বানে ষানয়নপূর্বক জাতৃজ্ঞেয়ের একীকরণ।

ভাব-বাত্তর প্রতি লক্ষ্য নিবিষ্ট করাই বা কিরূপ, আর, সত্য-বাগতের প্রতি লক্ষ্য নিবিষ্ট করাই বা কিরূপ, ভাহার একটি মোটাম্টি রকমের উপমা দিতেছি, তাহা হইলেই হয়ের মধ্যগত প্রভেদ স্থম্পষ্টরূপে পাঠকের হৃদয়কম হইতে পারিবে।

একজন কাশ্মীর্যাত্রী আমাকে বলি-লেন, "তুমি যদি কাশ্মীর দেখিতে চাও, তবে আমার দঙ্গে আইস।" আমি বলিলাম. "তথাস্ত।" অনতিপরে <u>ছইজনে আমরা</u> রে**ল**-গাড়ির হুই কোণে স্থাসীন হুইয়া পশ্চিমা-ভিমুখে প্রধাবিত হইলাম। কিন্তু রেল-গাড়ির ঢিমাচালে আমার বড়ই দেক্ ধরিতে লাগিল। রেলগাড়িকে "দূর হ" বলিয়া এক धाकाय पृत्व नवारेया पिया मत्नावत्थ আরোহণ করিলাম এবং চকিতের মধ্যে কাশীরের রমণীয় উন্থান-কাননে উপনীত হইয়া স্থান্ধ সমীরণ পেবন করিতে লাগিলাম। মনোরথের ধোঁয়াকলে ধোঁয়ার জোগাড় পূর্ব হইতেই হইয়া রহিয়াছিল— তাহার জ্বন্ত আমাকে ভাবিতে হয় নাই। অর্থাৎ কাশীর যে কিরূপ চমৎকার স্থান. তাহা নানা পরিব্রাজকের মুখে শুনিয়া-শুনিয়া আমার কণ্ঠন্ত হইয়া গিয়াছিল। আমি সেই সকল শ্রুতপূর্ব বুতাস্ত জোড়াতাড়া দিয়া চিদাকাশে (মর্থাৎ আত্মার জ্ঞেয়স্থানে) কাশীরনগর উদ্ভাবন করিলাম; উদ্ভাবন করিয়া তাহার ধানে নিমগ্ন হইলাম। ইহারই নাম ভাব-জগতের প্রতি লক্ষ্য-নিবেশ। কিম্বদিৰস পরে আমি যথন স্পরীরে কাশীরে উপনীত হইয়া তথাকার স্থরমা নদ-নদী-গিরি-কাননের প্রতি চাহিয়া-দেখিয়া অবাক্ হইলাম, তথন আমার নেত্রবুগল কি-যে স্বৰ্গভোগ করিতে লাগিল, ভাহা বলিবার কথা নহে। ইহারই নাম সত্য-জগতে লক্ষ্য

নিবিষ্ট করা। রেলগাড়িতে চক্ষু মুদিত করিয়া যে কাশীর দেখিয়াছিলাম, তাহাও কাশ্মীর, এবং তাহার কিছুদিন পরে চকু মেলিয়া যে কাশীর দেখিলাম, তাহাও কাশীর; হুই কাশীরের মধ্যে প্রভেদ এই যে, ভাব জগতের সে-যে কাশ্মীর, তাহা আমার আত্মশক্তিরই ব্যাপার: পক্ষান্তরে, সত্য-জগ-তের এ-যে কাশ্মীর, ইহা সাক্ষাৎ ঐশী শক্তির ব্যাপার। . কাশ্মীর-দর্শন যেমন ছইরূপ---(১) ভাব-জগতের কাশ্মীর-দর্শন এবং (২) সত্য-জগতের কাশ্মীর-দর্শন; আত্ম-জ্ঞানও তেমনি তুইরূপ—(১) ভাব-জগতের এবং (২) সত্য জগতের আত্মজান আত্মজ্ঞান। পুনশ্চ, ভাব-জগতের কাশ্মীর-দর্শনে যেমন আত্মশক্তির প্রাধান্ত এবং সত্য-জগতের কাশ্মীর-দর্শনে যেমন এশী শক্তির প্রাধান্ত প্রকাশ পায়; ভাব-জগতের আত্মজানে তেমনি আত্মশক্তির প্রাধান্য এবং সত্য-জগতের আত্মজ্ঞানে তেমনি ঐশী শক্তির প্রাধান্ত প্রকাশ পায়।

প্রথমে, ভাব-জগতের আত্মজানের সাধন-পদ্ধতি কিরূপ, তাহা পর্য্যালোচন। করিয়া দেখা ষা'ক্। (এটা বেন মনে থাকে যে, ছই পদ্ধতিরই সাধনীয় কার্যা একই; কি ? না, জ্ঞাতাকে জ্ঞেয়স্থানে আনয়নপূর্ব্ধক জ্ঞাভূত্তেরের একীকরণ।)

পাতঞ্জলের যোগশাস্ত্রে যেরূপ ধারণা-ধ্যানের প্রণালী-পদ্ধতি উপদিষ্ট হইরাছে, তদম্পারে প্রথমে চিদাকাশের কোনো একটি বিন্দু-পরিমিত জ্ঞেয়স্থানে মনের লক্ষ্য নিবদ্ধ কর। তাহার পরে পড়া মুথস্থ করিবার সময় বালক যেমন একট শব্দ পুনঃ-

পুন উচ্চারণ করে, অথবা জপ করিবার সময় বেমন ভক্ত বৈষ্ণব বা শক্তি একই বীজমন্ত্র পুনঃপুন উচ্চারণ করেন, তেমনি মেট লক্ষ্য বিন্দুটিতে মনকে প্ন:পুন সন্নিবিষ্ট করিবে—যেন সেখান হইতে মন অন্ত কোনো স্থানে সরিয়া পলাইতে অবসর না পায়। হুই হ্রস্ব ই ক্রমাগত উচ্চারণ कति द्वा था किरल जन्म (यमन इंटे हे मिलिया এक मीर्च के रहेशा माँजाय, এवः हे हे हे हे ক্রমাগত উচ্চারণ করিতে থাকিলে ক্রমে रयमन इर मौर्य-क्रे मिलिया এक महामीर्य क्रे হইয়া দাঁড়ায়, তেমনি সেই লক্ষ্য বিন্দুটিতে মন ক্রমাগত পরিচালিত হইতে থাকিলে ক্রমে মনের থণ্ড থণ্ড প্রয়ত্ন একতানে মিলিত হইয়া নিরবচ্ছিন্ন ধ্যান-প্রবাহে পরি-ণত হইবে। তাহার পরে ধানের সেই একটানা স্রোভ লক্ষ্য-বিন্দৃটির প্রতি এরূপ একাগ্রতা সহকারে অনন্তমানদে প্রধাবিত করিবে—ধেন লক্ষ্য-বিন্দুটি ছাড়া অপর কোনো কিছুই জ্বেয়স্থানে তিলমাত্রও অধিকার না পায়। তাহা হইলে সমস্ত জানিবার বস্তু, এবং সেই সঙ্গে জ্ঞাতা আপনি, সেই লক্ষ্য-বিন্দুটিতে কেন্দ্রীভূত হইয়া যাইবে; তাহাতে দাঁড়াইবে এই যে, আত্মা জ্ঞাতৃস্থানে যেরূপ এক অপরিবর্ত্তনীয় সত্যরূপে অধিষ্ঠান করিতেছেন, জ্ঞেয়স্থানে দেইরূপ এক অপরিব**র্ন্তনীয় স**ভারূপে প্রকাশ পাইতেছেন। পরিবর্ত্তন কাহাকে বলে ? একটি হইতে আরেকটিতে যাওয়ার নাম পরিবর্ত্তন। কাজেই, যদি এরূপ হয় যে, জ্ঞানের সন্নিধানে একটি বস্তু ছাড়া দিতীয় কোনো বস্তুই প্রকাশ পাইতেছে

না—তহুব ভাষারই নাম অপরিবর্ত্তনীয়রূপে
প্রকাশ পাওয়া। তবেই হইতেছে যে,
সাধকের সমস্ত মনোর্ত্তি যথন লক্ষ্য-বিন্দৃটিতে সর্ব্ধতোভাবে সমাহিত হয়, তথন
আত্মা জ্ঞাতৃত্থানে বেরূপ এক অপরিবর্ত্তনীয়
সত্যরূপে অধিষ্ঠান করিতেছেন, জ্ঞেয়ত্থানে
সেইরূপ এক অপরিবর্ত্তনীয় সত্যরূপে প্রকাশিত হ'ন। ইহাই ভাব-জগতের আত্মগ্রান।

ভাব-জগতের আত্মজ্ঞানের সাধনপদ্ধতি এই বাহা প্রদর্শিত হইল, তাহার অঙ্গ প্রত্যঙ্গগুলি-পৃথক্ পৃথক্ করিয়া দৃষ্টিক্ষেত্রে আনম্বন
না করিলে তাহার ভিতরকার অনেকগুলি
কথা চাপা দেওয়া রহিয়া ঘাইবে; তাহা
হইতে দেওয়া উচিত হয় না। এইজয়, দেই
অঙ্গপ্রতায়গুলি পৃথক্ পৃথক্ রূপে পর্যালোচনা করিয়া দেখা নিতান্তই আবশ্যক;
—তাহারই এক্ষণে চেষ্টা দেখা ঘাইতেছে।

পূর্বেই ইহা যথেষ্ট দেখা ইইয়াছে যে, ছুঁচের আর-সমস্ত অঙ্গপ্রতাঙ্গ বাদে কেবল-মাত্র তাহার আগাটি যেমন ধরিতে-ছুঁতে পাইবার বস্তু নহে, তেমনি আত্মার সমস্ত কার্য্য এবং গুণ বাদে—জ্ঞান-স্থানের শক্তিস্পূর্ত্তি এবং জ্ঞেয়-স্থানের প্রকাশ বাদে—কেবলমাত্র তাঁহার জ্ঞাভৃস্থানের সত্তাটি (শুদ্ধকেবল আছি-মাত্রটি) ধরিতে-ছুঁতে পাইবার বস্তু নহে। এক্ষণে তুইবা এই যে, ছুঁচের সর্ব্বাবয়ব যথন আমার চক্ষের সমক্ষেউপস্থিত হয়, তথন সেই সঙ্গে যেমন ছুঁচের আগাটিও আমার চক্ষের সমক্ষেউপস্থিত হয়, তথন সেই সঙ্গে সমক্ষেউপস্থিত

এবং জেরস্থানীয় গুণপ্রকাশ যথন আমার জ্ঞানসমক্ষে উপস্থিত হয়, তখন সেই সঙ্গে আত্মার জ্ঞাতৃস্থানীয় সতাও আমার জ্ঞান-সমক্ষে উপস্থিত হয়। তাহা যথন হয়, তথন আত্মার সবটা ধরিয়া আমি দেখি এই বে, আত্মা আত্মশক্তি খাটাইয়া জ্ঞাতৃস্থানের অপ্ৰকাশ হইতে জ্ঞেমস্থানের বাহির হইতেছেন; দেখি যে, আত্মশক্তির মৃলস্থানে যে-আত্মা জ্ঞাতৃভাবে অধিষ্ঠান করিতেছেন, আত্মশক্তির ফলস্থানেও সেই-আত্মা জ্বেয়ভাবে প্রকাশিত হইতেছেন। তবেই হইতেছে যে, আত্মশক্তির এ-পারে জাতৃ-আত্মা এবং ও-পারে জ্রের আত্মা;— হুই আত্মা একই আত্মা। কেন না, যে আত্মা মৃলে অব্যক্ত ছিলেন—আত্মশক্তির কর্তৃত্ব-वरन (महे आजाहे करन वाक हहेरनन। আত্মার সেই যে শক্তিক্টুর্ত্তি, যাহার এ-পারে অব্যক্ত জ্ঞাতৃ-আত্মা এবং ও-পারে ব্যক্ত জ্ঞেয় আত্মা, সে শক্তিফুর্ত্তি জ্ঞাতা এবং জেয়ের সন্ধিস্থলে থাকিয়া হয়েরই সঙ্গে মিলিয়া-মিশিয়া একীভূত; তাহা জাতা, জ্ঞান এবং জেয়, সমস্তই একাধারে; না, জ্ঞাতা তাহারই মূল-প্রাস্ত, জ্ঞেয় তাহারই ফল-প্রাস্ত, এবং জ্ঞান তাহাতেই ওতপ্রোত। এইরপ দেখিতে পাওয়া যাইতেছে যে, আত্মশক্তির প্রাধান্তই ভাব-জগতের আত্ম-জ্ঞান-সাধনের গোড়ার কথা। অতঃপর আত্মজ্ঞানের **সাধনপদ্ধতি** সত্য-জগতের কিরূপ, তাহার আলোচনায় প্রবৃত্ত হওয়া याहेटव ।-- किन्ह व्यवादत्र नम् ;--वात्रान्हदत्र । শ্রীবিজেন্দ্রনাথ ঠাকুর।

প্রতীক্ষা।

প্রেম এসেছিল, চলে গেল সে বে খুলি' বার,
আর কভু আসিবে না।
বাকি আছে শুধু আরেক অতৃিথি আসিবার
তারি সাথে শেব চেনা।
সে আসি' প্রদীপ নিবাইয়া দিবে একদিন,
তুলি' ল'বে মোরে রথে।
নিয়ে বাবে মোরে গৃহ হ'তে কোন্ গৃহহীন
গ্রহতারকার পথে!

ততকাল আমি একা বসি' র'ব, খুলি' হার,
কাজ করি' ল'ব শেষ।

দিন হ'বে ধবে আরেক অতিথি আসিবার
পাবে না সে বাধালেশ!
পূজা আয়োজন সব সারা হ'বে একদিন,
প্রস্তুত হ'য়ে র'ব,
নীরবে বাড়ায়ে বাছ-ছটি সেই গৃহহীন
অতিথিরে বরি' ল'ব!

বে জন আজিকে ছেড়ে' চলে' গেল খুলি' বার,
সেই বলে' গেল ডাফি',
মোছ আঁথিজল, আরেক অতিথি আসিবার
এখনো রয়েছে বাফি!
সেই বলে' গেল, গাঁথা সেরে নিয়ো একদিন
জীবনের কাঁটা বাছি',
নবগৃহমাঝে বহি' এনো, তুমি গৃহহান,
পুর্ণ মালিকাগাছি!

নাস্পাতির গান্।

(कत्रामी (नथक (भोन-(कवान इहेर्ड)

মোদের সে গাঁরের মাঝে এক্ট নাঁস্পাতি আছে ভার ভলায় আনা-গোনা ভানা নানা ভানা নানা।

(প্রাচীন গ্রাম্য-গাথা)

গ্রামটির প্রান্তভাগে একটি বড় নাস্-পাতির গাছ ছিল; বসন্তকালে ফুলে-ফুলে একেবারে ছাইয়া যাইত—তথন মনে হইত, ঠিক্ বেন একটা প্রকাণ্ড ফুলের ছাতা। রান্তার অপর পার্ষে একজন জোৎ-দার ক্বকের গৃহ। গৃহের প্রবেশদার প্রস্তর-নির্শ্বিত। কৃষকের একটি কন্তঃ—নাম ভার (भद्रीन्।

সেই পেরীনের স**হিত** আমার বিবা-হের সম্বন্ধ হইরাছিল।

তাহার বর্ষ বোলো-বৎসর। তাহার টুক্-টুকে গালটিভে ৰেন কত গোলাপ-ফুল স্টিয়া থাকে ৷ তেমনি নাস্পাতির গাছটিও স্লে-স্লে ভরা। এই নাস্পাতির তলার ञामि : जारक विनाम : — "(भन्नीन्! — (भंतीन्!—आंबारकत्र विवाह करव हरव ?"

এই কথায় তার মাথা হইতে পা পর্যান্ত সমস্ত বেন হাস্তময় হইয়া উঠिन ! তাহার দেই কেশগুচ্ছ--- যাহা বাডাসের সহিত থেলা করিতেছিল;—ভাহার সেই কাঠের জুতা-পরা পা-ছথানি ;—তাহার দেই হাত-ছটি—বে হাতে সে গাছের **একটি** ডাল নোয়াইয়। পুষ্প আদ্রাণ করিতেছিল ;— ভাহার সেই বিমল ভুত্র ললাটদেশ—ভাহার मह विश्वाधत्रविमुक मुक्का थे क नखता कि— সবই ষেন হাসিতে ভরিয়া গেল।

আমি তাকে বড়ই ভাল বাসিতাম। সে বলিল:-- "বদি সম্রাট্ তোমাকে সৈম্মদলে গ্রহণ না করেন, তা হ'লে ফদল কাটি-বার সময় আমাদের বিবাহ হইবে।"

সমাটের সৈম্ভসংগ্রহের रहेग । প্রসন্ধতা-লাভের গিজার আমি একটা বাতি পুড়াইলাম। কেন না, পেরীন্কে ছাড়িরা, যদি দ্রদেশে বাইতে হয়, এই আশস্কায় আমার মন বড়ই অধীর হইয়াছিল। ঈশবের জয়'হোক্! সৈশু-ভালিকায় আমার নাম উঠিল না। জাঁ-নামে একটি যুবক, ধাত্তী-পুত্র-সম্পর্কে আমার ভাই হইত, তাহারই নাম উঠিল। দেখিলাম সে কাঁদিতেছে, আর এই কথা বলিতেছে:—"তা হ'লে আমার অভাগী মারের দশা কি হইবে?"

æ

— শান্ত হও জাঁ, তুমি কেঁদোনা; দেখ, আমার মা-বাপ নাই; তোমার হরে আমিই বাব।"— এই কথা সহসা বেন সে বিশ্বাস করিতে চাহিল না। পেরীন্ নাস্পাতির তলায় সেই সময় আসিল;— তার চোথ- ছটি জলে ভিজিয়া গিয়াছে। আমি ইতিপূর্কে কথনও তাকে কাঁদিতে দেখি নাই। তার মুখের হাসিটির চেয়ে তার কারাটিবেন আরও স্থলর!

সে আমাকে বলিল:—"তুমি বেশ কাল করেছ, তোমার খুব দয়া; পিয়ের! তুমি ষাও; ষতদিন না তুমি ফিরে এসো, আমি তোমার জন্ত অপেকা করে' থাক্ব।"

রণবৃত্ত বাজিয়া উঠিল—দেনাধ্যক ত্কুম দিতে
লাগিলেন :—"ডাইনে, বাঁয়ে,—ডাইনে,
বাঁয়ে !—এগোও—চল !" ওয়াগ্রাম পর্যান্ত
আমরা চলিলাম। মনে মনে বলিলাম:—
"পিয়ের ! বুক বাঁঝো, শক্র সম্মুখে!" একটি
দীর্ষ-প্রদারিত অগ্নি-রেথা এইবার দেখিতে
শাইলাম। পাঁচ-শো কামান এই সময়ে

একসঙ্গে গৰ্জন করিতেছিল; তাহার ধুমে আমার নিশাস থেন ক্লম হইয়া আসিল এবং ভূলগ্ন রক্তে আমার পা পিছ্লাইয়া ষাইতে লাগিল। আমার ভয় হইল, আমি পিছনে একবার তাকাইয়া দেখিলাম।

۵

পিছনে ফরাসীদেশ এবং সেই গ্রামথানি;
আর, সেই নাস্পাতির সমস্ত ফুলগুলি এখন
ফলে পরিণত হইরাছে। আমি চোথ
বুজিলাম—চোথ বুজিরা দেখিলাম, ষেন
পেরীন্ আমার জন্ত ঈশবের নিকট প্রার্থনা
করিতেছে। ঈশবের জয় দেক। আমার
এখন সাহস হইরাছে। "এগে
ডাইনে, বাঁরে!—ছোঁড়ো
সিঙিন্!"—"সাবাস্! নাবাস্! নবার্গত
দৈনিকটি তো বেশ দক্ষতা দেখাইতেছে"—
"তোমার নাম কি বৎস ?"—"মহারাজ!
আমার নাম পিয়ের।"—"পিয়ের! আমি
তোমাকে ব্রিগেডিয়ার করিয়া দিলাম।"

ı.

পেরীন, পেরীন্!—আমি এখন ত্রিগেডিয়ার!

যুদ্ধের জয় হোক্।—যুদ্ধের দিন তো উৎ
সবের দিন! যুদ্ধাতার চলা তো অতি সহজ,

পায়ের পর পা ফেলিয়া চলিলেই হইল!—

"ডাইনে, বাঁয়ে! পিয়ের! এবারও তুমি

সকলের আগে?"—"আছো, একটা কাপ্তেনের ঝায়া (epaulette) তুমি কুড়াইয়া

লও।" ঝায়া-ওয়ালা কত মৃত কাপ্তেন

তথন ভূ-লৃষ্ঠিত—একটা ঝায়া কুড়াইয়া

লইয়া স্ক্রে পরিলাম।

—"মহারাজ! আপনার অত্যন্ত **অমুগ্রহ!**"

"এগোডু!—চুল মঙ্কৌ পর্যান্ত!" কিন্তু আর বেশি দ্র নয়; য়তদ্র দৃষ্টি যায়, বরকের মরু ধৃধ্ করিতেছে—য়াত্রার পথ মৃতশরীরে বরা-বর চিহ্লিত; এদিকে নদী, ওদিকে শক্র-দৈল্য; ছই ধারে কেবলি মৃতদরীর! "নৌ-দেতুর প্রথম নৌকা কে ভাসাইতে প্রস্তুত ?" —"আমি মহারাজ!"—"সব সময়েই তুমি কাপ্রেন্?"

এইবার তিনি নাইট্-উপাধির ক্রন্-চিহ্ন আমাকে পুরস্কার দিলেন।

দ্বীন্ধরের জন্ন হোক্! পেরীন্, পেরীন্!—এইবার আমার জন্ত তুমি অহন্ধার করিতে
পারিবে। যুদ্ধ শেষ হইন্নাছে, আমি ছুটি
পাইরাছি। এইবার আমাদের বিবাহের
উদেঘাগ কর—গির্জার ঘড়ি-ঘন্টা সব বাজাইতে বল!—পথ অতি দীর্ঘ, কিন্ত আশা
শীত্রগামী। ঐ দেখা ধান্ধ—ঐ উচ্চভূমির
পিছনেই আমাদের দেশ।

ঐ যে আমাদের গির্জার চ্ড়া, মনে হয় যেন গির্জায় ঘড়ি বাজিতেছে।

>>

গৈছি বাজিতেছে সত্য—কিন্তু সেই নাস্পাতির গাছটি কোথার ? এই তো ফুল ফুটবার মাস, কিন্তু কৈ, সেই ফুলে-ভরা গাছটি তো দেখিতে পাইতেছি না। পুর্বে তো দ্র হই-তেই দেখা যাইত। কৈ, আর তো সে গাছটি নাই। আমার সেই কৈশোর-স্থা গাছটি, কে ভাকে কাটিরা ফেলিয়াছে! উহার সেই উজ্জল ফুলগুলি ফুটিয়াছিল বোধ হইতেছে—কিন্তু উহার কাটা ভালগুলি এখন ঘাসের উপর ছড়ানো রহিয়াছে।

১২

—"গিজার খটা কেন বাজিতেছে মাধু!"
—"একটা বিবাহ হবে কাপ্তেন্-মশাই।"
মাথু আমাকে চিনিতে পারে নাই।

একটা বিবাহ !—ঠিক বলিরাছে। বিবা-হের বর-কঞ্চা গির্জার সিঁড়িতে ঐ ষে উঠি-তেছে—আহা! আমার পেরীন্ এখনও সেই-রকম হাস্তমন্ত্রী—লাবণ্যমন্ত্রী। পেরীন্ট কনে', আর বর আমার সেই ভাই জাঁ।

20

আমার চারিধারে লোকেরা বলিতেছে:

"হন্দনই হন্দনকে থুব ভালবাদে।" আমি

জিজ্ঞাসা করিলাম:

"এখন পিয়েরের কি

হবে ?"—"পিয়ের ?—কোন্পিয়ের ?"—দে
উত্তর করিল।

ওরা আমাকে ভূলিয়া গিয়াছে।

28

তথনই আমি গির্জার তলদেশে জাত্ম পাতিয়া
বিসলাম। পেরীনের কল্যাণকামনার
ঈশবের নিকট প্রার্থনা করিলাম—জাঁর
কল্যাণকামনার ঈশবের নিকট প্রার্থনা
জানাইলাম। ঐ হুইজনকেই আমি ভাল
বাসিতাম। গির্জার উপাসনা শেষ হইয়া
গেলে, আমি নাস্পাতির একটি ফুল কুড়াইয়া
লইলাম—সে একটি মৃত শুক্ ফুল। তার
পর, আবার আমি পথ ধরিয়া চলিতে লাগিলাম—পশ্চাতে আর ফিরিয়া দেখিলাম না।
ঈশবের জয় হোক্। ওরা ত্জনেই ত্জনকে
ভালবাসে; ওরা স্থী হবে!

>t

"এই যে, পিয়ের ! তুমি ফিরে এসেছ যে !"— "হাঁ মহারাজ !"—"তোমার বয়স ২২বৎসর, ইহারই মধ্যে তুমি সেনাধ্যক—ইহারই মধ্যে তুমি নাইট্ ! বদি ইচ্ছা কর, একজন কোন্টেসের সহিত তোমার বিবাহের সম্বন্ধ স্থির করিয়া দিতে পারি।"

পিয়ের নাস্পাতির ভাঙা ডাল হইতে যে ফুলটি কুড়াইরা লইরাছিল, সেই ওফ মৃত ফুলটি ৰক্ষ হঠতে বাহির করিল।

—"মহারাজ। এই ফুলটির মত আমার জনবের অবস্থা। সৈত্তশ্রেণীর মধ্যে অগ্রবর্তী রক্ষিদলে নিযুক্ত হ'রে যাতে আমি ধর্মারুদ্রে বীরের মত মর্তে পারি, এ্ধন আনুমি ভধু তাই চাই।"

34

পিয়ের "অগ্রবর্ত্তী রক্ষিদলে" নিয়োজিত হইল।

9

গ্রামটির প্রান্তভাগে, বিজ্ঞারে দিনে নিহত, ২২বংসর-বয়স্ক একটি কর্ণেলের সমাধি-স্তম্ভ এখনও বর্জমান। নামের পরিবর্জে, পাধরের উপর শুধু এই কথাটি লেখা আছে:—
সংখ্যের জয় হোক!

শ্রীজ্যোতিরিক্সনাথ ঠাকুর।

পথিক।

আলো নাই দিন শেষ হ'ল, ওরে
পাছ, বিদেশী পাছ!
ঘণ্টা বাজিল দ্রে,
ও-পারের রাজপুরে,
এখনো যে পথে চলেছিস্ তুই
হাররে পথশ্রাস্ত
পাছ, বিদেশী পাছ!
দেশ্ সবে ঘরে ফিরে এল, ওরে
পাছ, বিদেশী পাছ!
পুজা সারি' দেবালরে
প্রসাদী কুত্ম লরে',

এখন খুমের কর্ আরোজন হাররে পথপ্রাস্ত পাছ, বিদেশী পাছ। রজনী আঁধার হয়ে আসে, ওয়ে
পাছ, বিদেশী পাছ!
ওই যে গ্রামের 'পরে
দীপ জলে ঘরে ঘরে,
দীপহীন পথে কি করিবি একা
হাররে পথশাস্ত
পাছ, বিদেশী পাছ!

এত বোঝা লঁয়ে কোথা যাস্, ওরে
পাছ, বিদেশী পাছ!
নামাবি এমন ঠাই
পাড়ায় কোথা কি নাই ?
কেহ কি শয়ন রাথে নাই পাতি'
হায়ের পথশ্রাস্ত
পাছ, বিদেশী পাছ!

পথের চিহ্ন দেখা নাহি যার
পান্ধ, বিদেশী পান্ধ!
কোন্ প্রান্তরশেষে
কোন্ বহুদ্রদেশে,
কোথা তোর রাত হবে যে প্রভাত
হারবে পথশ্রাম্ভ
পান্ধ, বিদেশী পান্ধ!

স্বদেশভক্তি।

যুরোপের জীবিত দার্শনিকদিগের মধ্যে বিনি শীর্ষস্থানীয়, সেই পণ্ডিতচ্ডামণি হাবাট-স্পেন্সারু "তথ্য ও ভাষ্য" (Facts and Comments) নামক তাঁহার নব-প্রকাশিত গ্রন্থে আধুনিক ইংলঞ্জের অদেশ-

ভক্তিসথদ্ধে যাহা শিথিয়াছেন, তাহার অমু-বাদ নিমে দিতেছি। মূল-গ্রন্থ যাহারা পাঠ করিতে অবসর পান নাই, অমুবাদ-পাঠে কতকটা তাঁহাদের কোতৃহল নিবৃত্ত হইতে পারে:— ষদি কেই আমাকে বঞ্চক বা অসত্য-পরায়ণ বলে, আমি মর্মাইড ইই; কিন্তু যদি কেই আমাকে অ-স্থদেশভক্ত বলে, তাহাতে আমি বিচলিত ইই না। "তবে কি তোমার স্থদেশভক্তি কিছুমাত্র নাই ?"—এ প্রশ্লের উত্তর এক-নিশ্বাসে দেওয়া বায় না।

- সর্বাত্যে ইংলত্তেই ক্লয়কের দাসত্ব রহিত হয়; সর্কাণ্ডো ইংলঙেই অপেক্ষাকৃত-স্বাধীন বাবস্থাপদ্ধতি পরিপুষ্ট ও পরিবর্দ্ধিত হয়; এবং সামস্ত-ভল্লের প্রভাব হ্রাস হইবার পর. জনসাধারণ যথন ক্বমিভূমির বন্ধন হইতে বিচ্ছিন্ন হইল, তথন সর্কাগ্রে ইংলণ্ডেই প্রজা-বর্গের নিজম্ব অধিকার অধিকতররূপে স্বীকৃত हम्। देश्नारधन काजीम कीवान, काजीम চরিত্রের এই সব' বিশেষ-লক্ষণগুলি স্মরণ করিলে অন্ত:করণে স্বভাবতই গর্ক উপস্থিত হয়। যে সময়ে এইরূপ নির্দারিত হয়, যে-কোন ক্রীতদাস ইংলণ্ডের ভূমিতে পদার্পণ করিবে, সেই স্বাধীনতা লাভ করিবে; যথন, মার্কিনদেশের ক্রীতদাসদিগের দাসত্ব-মোচনের জন্ম ছইকোটি মুদ্রা প্রদত্ত হয়, এবং বথন, (সুপরামর্শ না হইলেও) ক্রীতদাস-দিগের ব্যবসায় রহিত করিবার জ্বন্স, কতক-গুলি যুদ্ধ-জাহাজ রক্ষিত হয়;--তথন, আমাদের দেশের লোকেরা এই-বে-সব কার্য্য করিয়াছিল, তাহা প্রশংসনীয়। আবার যখন ইংলও, পররাষ্ট্রের পলাতক শরণাগত ব্যক্তিগণকে আশ্রয় দিয়াছিলেন; এবং যে সকল কুদ্ররাজ্য স্বাধীনতা-লাভের জন্ম যুঝা-বুঝি করিতেছিল, তাহাদিগের পক্ষ অবলয়ন করিয়াছিলেন; তথনও জাতীয় চরিতের বে-মহত্ত্রে লক্ষণ প্রকাশ পাইয়াছিল,

তাহাতে স্বভাবতই অমুরাগ আরু ই হয়।
কিন্তু গুর্ভাগ্যক্রমে আমাদের জাতীয় চরিত্রের
এমনও কতকগুলি লক্ষণ বিভ্যমান (সম্প্রতি
প্রঃপ্রন দেখা দিয়াছে), যাহাতে শ্রদ্ধাভক্তির বিপরীত ভাব উল্লেক করে।

ষেরপ-করিয়া ইংলও ৮০টিরও অধিক রাজ্য অধিকার করিয়াছেন (তাহার মধ্যে কতকগুলি বসতি-পত্তন, উপনিবেশ আশ্রিত রাজ্য), তাহা চিন্তা করিলে সন্তো-ষের উদয় হয় না। স্ত হইয়া ধর্মপ্রচারক-দিগের প্রথম প্রবেশ, তাহার পর স্থায়ী প্রতিনিধি স্থাপন, তাহার পর শল্পসজ্জিত-সৈত্রসহায়সম্পন্ন কর্ম্মচারী নিয়োগ, তাহার পর-যাহাকে "শান্তি স্থাপন করা" বলা হয় —সেই শান্তিস্থাপনকার্য্যে সমস্ত ব্যাপারের পর্যাবসান :-- এই ষে সন্ধিকালগুলি,--এই ষে পররাজ্যগ্রাদের পদ্ধতিগুলি (কখন ক্রমশ-সাধিত, কখন আকস্মিক), এই সমস্ত দেখিলে সেই অক্সায়কারীদিগের প্রতি কথনই মমতা জ্বনিতে পারে না। তাহার দৃষ্টান্ত, যথন ভারতের একটি নৃতন প্রদেশ ব্রিটিশরাজ্যে সংযোজিত হইল, যথন "বার-টঞ্জিলণ্ডে"র একটি প্রদেশ ব্রিটিশ-উপনিবেশ वित्रा পরিঘোষিত হইল, তথন তৎপ্রদেশ-বাসা পশুদিগেরই আর—অধিবাসী প্রজা-পুঞ্জের ইচ্ছার প্রতি কিছুমাত্র দৃক্পাত করা হইল না। আমাদের প্রধান অমাত্য প্রথমে रचायना करतन, त्थिनिएछत इहेग्रा स्त्रोनारनत्र পুনর্জয় সাধন করিতে আমরা তাঁহার নিকট ধর্মত বাধ্য; তাহার পর, যথন **'পুনজ**মি সাধিত হইল, অমনি আমরা আমাদের রাণী ও থেদিভের নামে ঐ রাজ্যের শাসনভার

গ্ৰহণ করিলাম- অর্থাৎ কার্য্যত উহাকে ব্রিটিশরীজ্ঞাভুক্ত করিয়া লইলাম। আবার দেখ, ট্রান্সভালের আভ্যস্তরিক ব্যাপারে আমরা হস্তক্ষেপ করিব না-এইরূপ অঙ্গী-কারবাক্য ছই ছই-জন উপনিবেশসচিবের मुध मिम्रा वाङ कतिमां ७, भरत मिट पार मंत्र রাষ্ট্রীয় নির্বাচনকার্গ্যে কতকগুলি বিশেষ নিয়ম স্থাপন করিবার জন্ম আমরা জিদ্ করিতে লাগিলাম; এবং যথন ট্রান্সভাল-বাসিগণ ভাহাতে বাধা দিল, তথন সেই ছুতা ধরিয়া আমরা সর্বোচ্ছেদকারী এক মহাযুদ্ধ বাধাইয়া দিলাম। * এই সকল কথা স্মরণ করিলে স্বদেশভক্তি কিছুতেই হৃদয়ে পোষণ করা যায় না। তা ছাড়া, যে সময়ে জনসাধা-রণ একজন দম্যুদলপতিকে সমারোহে অভ্য-র্থনা করে, যে সময়ে বিশ্ববিস্থালয়ের কর্ত্তপক্ষ-গণ সেই ষড়্যন্ত্রিদলের সন্দারকে বিশ্ববিতা-লয়ের সম্মান-উপাধি প্রদান করে: অথবা. নিক্ষেব প্রবাজ্য-আক্রমণ-মন্ত্রণার বিরোধিপক্ষদিগকে "তৈলাক্ত পিচ্ছিল ভায়-পরতা"র উল্লেখ করিয়া উপহাস করিয়া-ছিলেন, বিশ্ববিত্যালয়ের অধন্তন ছাত্রমণ্ডলী সিংহনাদ-সহকারে যে সময়ে তাঁহার স্কৃতিবাদ করে: -- সেই সমধে আমাদের জাতীয় চরি-ত্রের যেরপ. লক্ষণ প্রকাশ পাইয়াছিল. তাহাতে অমুরাগ আকুষ্ট হয় না।

এই সকল এবং আরও অন্তান্থ বিপরীত অভিজ্ঞতার ফলে, যদি আমার স্বদেশভক্তি তিষ্টিরা থাকিতে না পারে এবং সেইজন্মই যদি আমাকে স্ধ-স্বদেশভক্ত বলা হয়,—ভাল, তাহাতে আমি সম্ভট আছি।

"ভারি গোক্, অভার হোক্, আমাদের দেশ"—এই ঘোষণাবাক্য আমার নিকট অতি জঘন্ত বলিরা মনে হয়। স্বদেশভক্তির সহিত সাধারণত যে স্মৃতি জড়িত, তাহাতে এই ঘোষণাবাক্য কিয়ৎপরিমাণে সমর্থিত হইতে পারে। কিন্তু উহার আচ্ছাদনটি টানিয়া লও, দেখিবে উহার অন্তর্নিহিত ভাবের কথাটি যার-পর-নাই জঘন্ত। এক্ষণে, অন্যপ্রকারের দৃষ্টাস্তগুলি আলোচনা করা যাউক।

এখন মনে কর, যেন আমাদের দেশই
ন্যারপথে অবস্থিত—মনেক্কর, যেন আমাদের
দেশই বিদেশীরদিগের আক্রমণ-প্রতিরোধে
প্রবৃত্ত; এরূপ স্থলে ঐ ঘোষণাবাক্যের
মধ্যে যে ধারণা—যে ভাবাট নিহিত দেখিতে
পাওয়া যায়, তাহা ন্যায়ায়্লগত। এ কথা
খুব জোরের সহিত তর্কস্থলে বলা যায় য়ে,
আত্মরক্ষা শুধু ন্যায়ের সমর্থনীয় বিষয় নহে—
উহা একটি কর্ত্তব্য কর্মা। এখন ইহার বিপরীতে মনে কর, আমাদের দেশ অপরের রাজ্য
অধিকার করিয়াছে, অথবা শস্ত্রবলে অন্য
জাতির স্কন্মে এরূপ পণ্যদ্রব্য চাপাইবার চেষ্টা
করিতেছে, যাহা তাহারা চাহে না; কিংবা,
যাহারা এই কারণে প্রতিশোধ লইয়াছে,
তাহাদিগকে শান্তি দিবার জন্য আমাদের

^{*} দেবিশগুনের চেষ্টার এখনও অনেকের মুখে এই কথা পুনঃপুন গুনা যায় যে, বোরারেরাই প্রথমে যুদ্ধ আরম্ভ করে। আমেরিকার যুজরাজোর হৃদ্র পালিমে—বেথানে প্রাণ হাতে করিয়া সর্বদা যুদ্ধ করিতে হর—সেথানকার লোকেরা বৃদ্ধের নিরম ভালরূপই বৃদ্ধে। ভাহারাবলে, সেই প্রথম-আক্রমণকারী,যে স্ক্তিথমে নিজের অল্লের দিকে হস্তচালনা করে। প্রস্তাবিত স্থলে, এই নিরমের কিরপ প্রয়োগ হইতে পারে, তাহা বুঝাই বাইতেছে।

দেশ স্বকীয় প্রতিনিধিগণকে সাহায্য করি-তেছে: किংবা মনে কর आমাদের দেশ এমন কোন কাজে প্রবৃত্ত হইয়াছে, যাহা অন্যায় বলিয়া স্বীকৃত; তাহা হইলে ঘোষণা-বাক্যটির অর্থাপত্তি (implication) কিরূপ দীড়ায় ?--অর্থাৎ ঐ বাক্য বলায় তাহার সঙ্গে সঙ্গে আরু কি কথা অব্যক্তভাবে বলা रहेवा यात्र १-- जारा এह :-- नाव जाराप्तवह পক্ষে, যাহারা আমাদের আক্রমণের প্রতি दाधी এবং অञात्र आमारनत्रे তাহা হইলে সে স্থলে—যাহাকে স্বদেশভক্তি বলা হয়—দেই স্থদেশভক্তি কিরূপ কথায় বাক্ত হইবে १—ম্পষ্টই দেখা যাইতেছে, তাহা হইলে কথাগুলি এইরূপ দাঁডাইবে:---"স্থায়ের পতন হোক, অন্যায়ের জয় হোক্!" জীবনের অপরাপর কার্য্যের সময় এইরূপ कथा विलाल, भठेजांत পताकां हो विला भग **इहेर्द, मत्न्बर्ट नाहे। भूत्राकारणत रणाकरमत्र** মনে এইরূপ একটি বিশ্বাস ছিল—এমন কি, এখনও অনেকের মনে এই বিশাস আছে যে. মৃর্ত্তিমান পাপের রূপে একজন পাপপুরুষ আছেন ;—তিনি ধর্মের বিরুদ্ধে যুদ্ধ করিয়া এবং পাপের জয়ে সাহায্য করিয়া জগতের সর্ব্বত বিচরণ করিতেছেন। সেই পাপ-পুরুষের যে সঙ্কল্ল, তাহা নিম্নলিখিত কথায় বেরপ সংক্ষেপে ব্যক্তহয়, এমন আর কিছুতে হয় না ৷—সে কথা এই :—"ভায়ের পতন হোক্, অক্তায়ের জয় হোক্ !'' যাঁহারা স্থদেশভক্ত-নামে পরিচিত, তাঁহারা এই নীতির প্রতিজ্ঞাপত্তে নিজ নাম স্বাক্র করিতে প্রস্তুত আছেন কি 🕈

করেক বৎসর পূর্বে, এই সম্বন্ধে আমার

মনের কথা প্রকাশ করিয়াছিলাম (অবখ এই মনের কথাটি স্বদেশভক্তির বিপরীভ বলিয়া কথিত হইবে), আব'র এমন ভাবে প্রকাশ করিয়াছিলাম, যাহাতে সকলে চম-কিয়া উঠিয়াছিল। সেই সময়টি বিতীয় আফ্গান-যুদ্ধের আফ্গানিস্থান সময় ৷ আক্রমণ করা আমাদের "বার্থ"-এই বিবে-চনাদ আমরা তখন ঐ দেশ আক্রমণ করিতে উত্তত হইয়াছিলাম। সংবাদ আসিয়াছিল, আমাদের সৈত বিপদ্প্রত। আাথিনিয়ান ক্লবে একজন প্রথ্যাত সৈনিক-পুরুষ—(তথন তিনি কাপ্তেন ছিলেন, এখন জাঁদ্রেল) তিনি একটি তারের সংবাদের প্রতি আমার মনোযোগ আকর্ষণ করিলেন। উক্ত বিপদের কথা সেই তারের সংবাদটিতে ছিল এবং তিনি এইভাবে আমার নিকট সংবাদটি পাঠ করিলেন যে, আমিও তাঁহার উদ্বেগের অংশভাগী হইলাম। **কিন্তু আমি** তাঁহাকে নিম্নলিখিত কথাট বলিয়া শুদ্ধিত করিয়া দিলাম। "যাহারা নিজের শরীর ভাড়া দিয়া হকুমে অন্ত লোককে গুলি करत, তাহার। নিজে यमि शुनि थाইয়। ময়ে, আমার তাহাতে কিছুমাত্র হু:**খ হয় না**।"

আমার এই কথার কিরপ উচ্ছ্বাসোজি বাহির হইবে, তাহা পূর্ব হইতেই আমি দেখিতে পাইতেছি। কেহ কেহ এইরপ বলিবেন, "ঐ নীতি যদি অবলম্বন করা বার, তাহা হইলে সৈত্য রাখা অসম্ভব হইবে— শাসনকর্ত্ব শক্তিহীন হইরা পড়িবে। বৃদ্ধের উদ্দেশ্রসম্বদ্ধে যদি প্রত্যেক সৈনিক বিচার করিতে বসে, তাহা হইলে কার্য্য চলিবে না। তাহা হইলে গামরিক ব্যক্তা-

পদ্ধতি অসাড় হইরা পড়িবে, এবং বে-কোন শক্ত প্রবীম আক্রমণ করিবে, দেশ তাহারই কবলে পতিত হইবে।"

আমার উত্তর :— "একটু ধীরে! অত ক্রুত নম্ব।"

বৃদ্ধর্থ সৈতা এখনও বেমন স্থলত,
অত্যপ্রকার বৃদ্ধের জন্তা তথনও তেমনি
স্থলত হইবে।—সে বৃদ্ধ স্বদেশরক্ষার্থ।
এইরূপ বৃদ্ধে প্রত্যেক সৈনিক মনে-মনে
কানিবে, বে বৃদ্ধে সে প্রবৃত্ত হইয়াছে, তাহা
ধর্ম-বৃদ্ধ। বাহাদের বিষয়ে ভাল-মন্দ সে
কিছুই জানে না, এরূপ লোকের সে প্রাণনাশ করিতেছে না; পরস্ত বাহারা তাহাকে
এবং তাহার দেশ-ভাইদিগকে অত্যায়পূর্বক
আক্রমণ করিয়াছে, তাহাদিগকেই সে সংহার
করিতে প্রবৃত্ত। অত্যায়পূর্বক পররাজ্যআক্রমণার্থ যে বৃদ্ধ, তাহাই নিষিদ্ধ, স্বদেশরক্ষার জন্ত যে বৃদ্ধ, তাহা নিষিদ্ধ নহে।

অবশ্র এরূপ কেহ বলিতে পারে—

বলিবার কতকটা হেতুও আছে—আক্রমণের যুদ্ধ না থাকিলে, আত্মরক্ষণের
যুদ্ধও থাকিতে পারে না। যাহা হউক,
ইহা ভো স্পষ্টই বুঝা যায়,—কোন
এক জাতি আত্মরক্ষণসীমার মধ্যে যুদ্ধকে
বদ্ধ রাখিতে পারে, কোন কোন জাতি
তাহা পারে না। অতএব, এই নীতির
কার্যকারিতা সর্বাথা অক্ষুণ্ণ।

কিন্তু বাহাদের এইরূপ ঘোষণাবাণী—
"স্থায় হোক্, অস্তায় হোক্, আমাদের দেশ",
এবং বাহাদের ইচ্ছা—ন্যুনাধিক অশীতিসংখ্যক অধিকত রাজ্যের সহিত আরও
অস্ত রাজ্য চির-প্রণালী-অমুসারে সংযোজিত
করেন, তাহারা যুদ্দব্যাপারসম্বন্ধে এইরূপ
নিষেধ-নিয়ম বিরক্তির চুক্ষেই দেখিবেন।
তাঁহারা মনে করেন,—রবিবারে যে নীতি
মুখে আর্ত্তি করা যায়, সোমবারে তাহাই
কাজে করিতে হইবে—ইহা অপেক্ষা বাতুলতা আর কিছুই নাই।

শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

শেষ কথা।

তথন নিশীথরাত্তি, গেলে ঘর হ'তে যে পথে চলনি কভু সে অঞ্চানা পথে। যাবার বেলায় কোনো বলিলে না কথা, লইয়া গেলে না কারো বিদায়-বারতা। স্থানিয় বিশ্বমাঝে বাছিরিলে একা, সক্ষকারে খুঁলিলাম না পেলেম দেখা।

ί

মঙ্গলমূরতি সেই চির-পরিচিত অগণ্য ভারার মাঝে কোথা অন্তর্হিত ! গেলে যদি একেবারে গেলে রিক্তহাতে ? এ ঘর হইতে কিছু নিলে না কি সাথে ? বিশ-বৎসরের তব স্থথছ:থভার কেলে রেখে দিয়ে গেলে কোলেভে আমার! প্রতিদিবসের প্রেমে কতদিন ধরে' य चत्र वांधित जूमि द्रमञ्जन-करत्, পরিপূর্ণ করি' তারে স্নেহের সঞ্চয়ে আৰু তুমি চলে গেলে কিছু নাহি লয়ে ? ভোমার সংসারমাঝে, হায়, ভোমাহীন এখনো আসিবে কত স্থদিন-ছদ্দিন,---তথন এ শৃতা(ঘরে চিরাভ্যাস-টানে ভোমারে খুঁজিভে এসে চাব কার পানে ? আৰু ভধু এক প্ৰশ্ন মোর মনে ৰাগে— হে কল্যাণি, গেলে যদি, গেলে মোর আগে, মোর লাগি' কোথাও কি ছটি শ্লিগ্ধ করে রাখিবে পাতিয়া শ্যা চির্সন্ধাতরে গ

প্রাচীন ভারতের ব্যাপ্তি।

আরু সে রামও নাই, সে অবোধ্যাও নাই।
অবশ্য: ইহা বলি না বে, আমাদের সবই
ছিল, আর বাহা ছিল তা সবই ভাল। সে
অর দেশপ্রিয়তা আমার নাই। সে অরুতার
কোন প্রয়োজনীয়তাও ত দেখি না। শুনিয়াচি
জাপানের অভ্যুদয়ের প্রাক্তানে উন্মেষমাণ
জাতীয় জীবনকে উৎসাহিত করিবার জন্ম

সত্য-মিথ্যা জড়াইয়া এক ইভিছাস গঠিত

ছইয়ছিল। আমাদের সে অবস্থা ছইলে

কি করিতাম, বলিতে পারি না। আপাতত সে চেটার কোন আবশুকতা দেখা

যার না। ভারতের প্রক্লাত গোরবের

ইতিহাস অধিকাংশই নানাপ্রকারে ঋণ্ড

বা লুগু ছইয়াছে। এ ছদিশা আফারের

(कन बूहेन, अक कतिन - एन क्थांत्र चार्ला-চনা ना कतिया निक निक अपृष्टेटक है ধিকার দিব। কিন্তু ঈশরামূগ্রহে তাহার य्हेकू উद्धात रहेब्राष्ट्र वा रहेएछह, मरुख-বৎসরের ধ্বংসাবশেষের মধ্য ছইতে আমা-त्मत्र खन १९ मुझा निजाम श्रीति । य शोत्रव-কাহিনীটুকু আপনা হইতেই জাগিয়া উঠি-তেছে, তাহাকে কেমন করিয়া উপেকা করিয়া নিশ্চিন্ত থাকিব ?

শুনিতে পাই, পাশ্চাত্যকাতি আজি-কালি খুব সভ্য হইয়া উঠিয়াছেন। অস্বী-কার করিতে পারি না, কেন না, অস্বীকার कतिवात (का नाहे। वाखविकहे जांशामत সভ্যতার নিদর্শন খুঁ জিতে হয় না। জীবন-সংগ্রামের নিয়মেও (Survival of the fittest) আমার আন্থা আছে। স্বতরাং যথনই কোন জাতিকে সম্মান বা ক্ষমতায় অংগ্ৰণী দেখিতে পাই, তথনি সেই জাতির সম্মানের এবং ক্ষমতার উপযোগিতা বা সার্থকতা মনে मत्न श्रीकात कतिया नहे। काद्विहे आब পাশ্চাত্য-সভ্যতার অভ্যাদয়ের দিনে সাদরে পাশ্চাতাজাতিকে এবং সসন্মানে করিয়া লইতে সঙ্কোচ বোধ করি না। কেন না, "গুণাঃ পূজাস্থানম্"। যে-কোন এক জাতির গৌরবেই সমগ্র মনুষ্যজাতির মনুষ্য-ত্বের পরিচয় ঘোষণা করে। কোন-এক সন্তানের অংগে সমগ্র বংশের मूर्याञ्चन इहेबा थारक।

সমগ্র মনুষ্যজাতিকে এইরূপে এক-প্রিবারভুক্ত মনে করি বলিয়াই এক জাতির অন্ত জাভির প্রতি বিবেষকে ভ্রাতুদ্রোহিতা, এবং কোন-এক প্রাচীন মাজির অভীত

গৌরবের প্রতি অনাহা বা মূর্থ অসভাব-অশ্বাভাবিক পিতৃদ্রোহিতাসদৃশ পাপ বৃলিয়া অহুমান করিয়া থাকি। काटकरे रे:त्राजनिथिक नाधात्रण रेजिराटन অতিরঞ্জিত আত্মশাঘার সহিত উদ্ধৃত এক-দেশদ্শিতা এবং প্রাচ্য প্রাচীন স্বাতির অতীত গৌরবের প্রতি উপহাসপূর্ণ বক্রদৃষ্ট দেখিলে মন্মাহত হইতে হয়। যে সভ্যতায় গুণগ্রাহিতা, ক্বজ্ঞতা, পরপ্রেমিকভার এতদূর অসম্ভাব, তাহা কথনই আদর্শ-সভ্যতারূপে পরিগণিত হইতে পারে না। ভারতের প্রাচীন হিন্দুজাতির মানসিক উন্নতির এবং অসাধারণ ধীশক্তির সহস্র উদাহরণ প্রাপ্ত হইয়াও এবং সহল্র প্রমাণ সত্ত্বেও ইহাদের লিথিত পুঁস্তকাদিতে কেমন-যেন-একটা রোম এবং গ্রীসীয় সভ্যতাকে উচ্চস্থান দিবার অযথা প্রশ্নাদের ভাব (मथिटन উপর ধিকার সভ্যতানামের এ কুড়চিত্ততা মহুষামাত্রেরই क्त्य। শোভা পায় না। প্রাচীন ভারতবর্ষের সাহিত্য বা দর্শন সম্বন্ধে যদিও বা ছই-একটা কথা নিতান্ত অনিচ্ছা সন্তেও কোথাও স্বীক্বত হয়, প্রাচ্যজাতির, বিশেষত ভারত-ব্যীয়দের বীর্য্যের কথা ত আমলেই আনা হয় না। এখন আমাদের সহিত যুরো-পীয় জাতির যে সম্বন্ধ, তাহাতে বাহুবলে ভারতব্যীয়ের থক্তা প্রমাণের আগ্রহের কারণ উপলব্ধি করা অবশ্র নিতান্ত কঠিন नहर किंदु कोन कार्लंड आभारतत দেশের লোকের কোন গুণই ছিল না-ভারত চিরকালই পরাধীন এবং পৃথিবীর বভ দহ্যদানবগণের রক্তৃমি, এ ধারণা

বদ্ধমূল করিবার এত প্রশ্নাস কেন ? আমা-দের উপর এ বিজাতীয় হিংসার, এ পাশব বিষেষের কারণ কি ?

মুদ্রাতত্ত্বিদেরা (Numismatists) আবি-ভারত-ইতিহাসের যে তথ্যসকল ষার করিয়াছেন, তাহার সংক্ষিপ্ত একটি আভাস দিয়া তাহার উপর মুদ্রাতত্ত্ববিৎ কোন ইংরাজ লেখকের ছটি-একটি টিপ্পনীর উল্লেখ করিব। কুসংস্কারপূর্ণ বিদ্বেষবৃদ্ধি দারা ঐতিহাসিক সাক্ষ্য আচ্ছন্ন করাই সে টিপ্লনীগুলির একমাত্র উদ্দেশ্য বলিয়া বোধ হয়। আলেকজাগুারের ভারত-আক্রমণ অবশ্য সকলেই অবগত আছেন। সমগ্র ञानिया-विषयो मानायल धौक्रमना পঞ्चारव হটি-একটি-মাত্র যুদ্ধ করিয়াই আর অগ্র-সর হইতে একেবারেই অস্বীকার করিল। আশিয়ার মধ্যে ভারতবর্ষীয়েরা বলবীর্য্যে এবং সাহদে অগ্ৰণী, এ কথা গ্ৰীক ঐতিহাসিকই বলিয়াছেন। তাখারা পঞ্জাবের যতদুর পর্য্যন্ত আসিতে সক্ষম হইয়াছিল, তাহার পূর্বাদিকে আরও অধিকতর বলশালী এবং সাহদী জাতির রাজ্য, এই সংবাদে যে গ্রীক্সেনা আর অগ্রসর হইতে চাহিল না, তাহাও তাহাদিগেরই ঐতিহাদিকদিগের নিকট হইতে শুনিতে পাই। এখন শুনি বে, তাহারা কেবল গ্রীম্মাতিশয্যের **জ্**নত্ত বিজ্ঞার লোভ পরিত্যাগ করিয়া গৃহপ্রত্যাগত হইয়াছিল, ভারত-বর্ষীয়দের কোন শক্তির প্রভাবে नद्र । কেন না, যুরোপীয় কোন জাতি ভারতবাসীর নিকট বাধা পাইতে পারে, ইহা বাতুলের কল্পনারও অভীত।

কিন্তু দিখিজয়ী বিশ্বপ্রাদী কোন্ দেনা গ্রীয় বা শীতাধিকা বশত সহজ্ঞনাধা কোন বিজয়ের প্রলোভন অবহেলায় ত্যাগ করিয়া প্রতাারত হইল, এ জয়ুমান পৃথিবীর ইতিহাসে এই প্রথম শুনিলাম। তার পর শুষ্ট-পূর্ব্ব ৩৩০ বংসর হইতে ২৩০ জব্ধ পর্যান্তের কোন বিশ্বাসযোগ্য লিখিত ইতিহাস অভাপি পাওয়া যায় নাই। তবে মুদ্রাতন্ত্ব-বিদেরা কতকগুলি তথা উদ্ধার করিয়াছেন, তাহার মর্ম্ম এই ঃ—

আলেক্জাণ্ডারের মৃত্যুর পর গ্রীক্সামা-জ্যের মধ্যে সর্বাপেক্ষা সমৃদ্ধিশালী ব্যাকৃটি, রা-প্রদেশ সেওসিডীদের অংশভৃত হওয়াতে স্থানীয় কোন শাসনকর্ত্তার হস্তে তথাকার শাদনভার শ্বস্ত হয়। এই শাদনকর্ত্তা অতি অল্পদিনের মধ্যেই বিদ্রোহী হইয়া উঠেন। তথন আন্তিওকাস্ চক্রগুপ্তের সাহাযে তাহাকে এবং তাহার সহকারী রাজগণকে পরাজিত করিয়া ককেশাস-পর্বতের দক্ষিণস্থ লোয়ার ব্যাক্ট্রিয়ার কতক গুলি প্রাদেশ চন্দ্রগুপ্তকে অর্পণ করেন। किছूकान পরে ব্যাক্টিয়ার গ্রীক্দিগের সহিত সেগুসিডীদিগের যুদ্ধ হয়, ভাহাতে ভারতেখর স্বভগদেনের সাহায্যে সেও-সিভীরা যুদ্ধে বিজয়ী হইলে ককেশাসের দক্ষিণস্থ অবশিষ্ট সমগ্র ব্যাকৃটি য়ান প্রদেশ-গুলি মহারাজ স্থভগদেনের অধিকারভুক্ত হয়। ভারত**দামাজ্য ককেশাদ্ পর্যান্ত বিভূত रहे** । পরে ইউक्র্যাটাইডিস্-নামক কোন এক ব্যাক্ট্রিরারাজের সময় জুডাস্ পর্যাত সমস্ত ব্যাক্ট্রিয়া-রাজ্য পুনর্কার ব্যাক্ট্রিয়ান্-দিগের হস্তগত হইয়াছিল। কিন্তু ইহা-

দের এই ুআকল্মিক শ্রীবৃদ্ধি অধিককাল স্বায়ী ইহার হেলিওক্টেসের इकेन ना। পুত্ৰ ममरबरे वार्कि बान्मिरगत छे भत्र भार्थियान्-দিগের আক্রমণের আরম্ভ। কিছ-**पिटनत यरधारे रेराता वााक्**ष्टिया-तारकात সমূলে উচ্ছেদসাধন করিয়া ফেলিল। কিন্তু ইহারা হিন্দুকুশের দক্ষিণে আসিতে পারে নাই। দিখিজয়ী গ্রীকের স্থায় নবোপিত পার্থিয়ান বীর্যাও সমগ্র আশিয়া প্লাবিভ করিয়া ভারতবাসীর নিকট বাধা পাইল। অতংপর খুষ্টপূর্ব ১২৭অব্দে শকেদের অভ্যুদ্ধে আশিয়াখতে গ্রীক্রাব্যের শেষ-চিহ্ন পর্যান্ত নির্মাুল হইয়া গেল। এই হুদ্ধৰ্ম শকগণ অপ্ৰতিহতবেগে সমস্ত মধ্য-আশিয়া গ্রাস করিয়া প্রচণ্ডবেগে ভারতবর্ষ আক্রমণ করিল। সমস্ত উত্তর ভারতবর্ষ অচিরেই তাহাদের করতলগ্রস্ত হইয়া किन्द्र हेश्रा २०।२६व९मद्वत পডিল। मत्थारे शृष्टेशूर्क ८७ व्यक्त रेशाता भकाति বিক্রমাদিভ্যের হল্তে বিধ্বস্ত এবং পরাজিত হইয়া ভারতশাসনের স্থক্তপ্র পরিত্যাগ করিয়া গৃহপ্রত্যাগত হইতে বাধ্য হইল।

আপাতত এই পর্যান্ত। ইহা হইতে ভারতবর্ষীয়দিগের এই অস্তত পাঁচ-সাতশত বৎসরের ইতিহাস শৌর্যাবীর্যাহীন কি না, তাহা সকলেই বিবেচনা করিয়া লইতে পারেন। এই ত গেল মুলাতত্ববিভার (Numismatics) সাক্ষ্য। বড় অর কথা বটে, কিন্তু আমরা আমাদের এই ছ্র্দিনে ইহা অগ্রান্থ করিতে, পারি বলিয়া বোধ হয় না। ভবে এয়লে লেখকের ছ্টি-একটি টিয়নী নিভান্ত অপ্রাসদিক হইবে না। ব্যাক্টিয়ার

বিদ্রোহী শাসনকর্ত্তাদিগের—আন্তিওকাস প্রভৃতির--্যুদ্ধের সময় চক্রগুপ্ত, অশোক, মুভগদেন ইত্যাদি ভারতরাজ্যাধিকারী-দিগের পলিসি-সম্বন্ধে লেখক বলিতেছেন (य, डाँहां त्रा यथन (य नन প্রবল इटेर्डिन, তথন সেই সহিত **मटन** त **मिग्र**1 निष्करमञ्ज স্বার্থসিদ্ধি করিয়া লইতেন। (Their policy was to profit by the dissensions, which the Macedonian empire, and to side with whichever party had the upper hand.) 'ৰখন বে দল প্রবল হইত', হা অদৃষ্ট! সবলকে সাহায্য করিয়া হর্মল তাহার স্বকীয় রাজ্যের ভাগ স্থদীর্ঘকাল পর্যান্ত বংশাইক্রমে লাভ করিতে করিতে নিজের রাজ্য বুদ্ধি করিতে লাগিল, ইহা অন্ত কোথাও সম্ভব হইয়াছিল বলিয়া छनि नारे, ररेटिक विनयां आनि ना। তবে বীৰ্যাহীন হৰ্মল আধুনিক ভারতবর্ষে অসম্ভবকেও সম্ভব হইতে হইবে !

আর একটি কুদ্র উদাহরণ দিয়া এই প্রবন্ধ শেষ করিব। ইহাতে লেখক অজ নামক (Azes) কোন রাজার উল্লেখ করিয়াছেন। মুদ্রায় ইহার ভারতবর্ষীয়-ভাবে থোদিত চিত্র দেখিতে পাওয়া যায়।ইনি আলেক্জাঙারের পর আদিয়ার,মধ্যে সর্ব্বপ্রধান নরপতি ছিলেন। ইহার রাজ্য ককেশাসের উত্তরভাগ পর্যান্ত বিস্তৃত ছিল। চীনেরা বলেন বে, ইনি রাজা অশোক। লেখক কিন্তু বলেন বে, ইনি রাজা অশোক। লেখক কিন্তু বলেন বে, ইনি ভারতবর্ষীয় হইতে পারেন না। কারণ, কোনুও ভারতবর্ষীয় বে ককেশাসের উত্তরভাগ পর্যান্ত

রাজ্যবিস্তার করিতে সক্ষম হইয়াছিলেন, ইহা কোনমতেই সম্ভবপর হইতে পারে না। (It is improbable that an Indian ever could have reigned north of the Caucasus, as Azes certainly did.) এ যুক্তির উত্তর কে কি দবে? মুদ্রাভত্তবিস্থার সাক্ষ্য, চীনেদের ইতিহাস, সমন্তই অগ্রাহ্—কেন না, "বারে, দেখতে নারি তার চলন বাঁকা", তা সোজা হইলেও বাঁকা।

এরপ আরও ছটি-একটি ঘটনা এবং আরও ছটি একটি এই ভাবের টিপ্পনী এই প্রবন্ধে সল্লিবেশিত আছে। আবশ্যক হইলে সেগুলি অতঃপর আলোচনা করা যাইতে পারিবে।

অধ্যাপক।

্রাথনা।

--

আমার ঘরেতে আর নাই সে বে নাই,
যাই আর ফিরে আসি, খুঁ জিয়া না পাই!
আমার ঘরেতে নাথ এক টুকু স্থান—
সেথা হতে বা হারায় মেলে না সন্ধান!
অনস্ত তোমার গৃহ, বিশ্বময় ধাম,
হে নাথ খুঁ জিতে তারে সেথা আসিলাম।
দাঁড়ালেম তব সন্ধ্যাগগনের তলে,
চাহিলাম তোমাপানে নয়নের জলে।
কোনো মুখ, কোনো স্থ, আশাভ্ষা কোনো
বেথা হতে হারাইতে পারে না কখনো,
সেখায় এনেছি মোর পীড়িত এ হিয়া,
দাও তারে, দাও তারে, দাও ডুবাইয়া!
ঘরে মোর নাহি আর যে অমৃতরস,
বিশ্বমাঝে পাই সেই হারানো পরশ!

আহ্বান।

ঘরে যবে ছিলে মোরে ডেকেছিলে ঘরে তোমার করুণাপূর্ণ স্থাকণ্ঠস্বরে।
আজ তুমি বিশ্বমাঝে চলে গেলে ববে
বিশ্বমাঝে ডাক মোরে সে করুণ রবে!
খুলি' দিয়া গেলে তুমি যে গৃহত্যার
সে হার রুধিতে কেহ কহিবে না আর বাহিরের রাজপথ দেখালে আমায়,
মনে রয়ে' গেল তব নিঃশক্ষ বিদায়!
আজি বিশ্বদেবতার চরণ-আশ্রমে
গৃহলক্ষী দেখা দাও বিশ্বলক্ষী হয়ে!
নিথিল নক্ষত্র হতে কিরণের রেথা
শীমস্তে আঁকিয়া দিক সিন্দুরের লেথা!
একান্তে বসিয়া আজি করিতেছি ধ্যান
স্বার কল্যাণে হোক্ তোমার কল্যাণ!

পরিচয়।

ষতকাল কাছে ছিলে বল কি উপারে আপনারে রেখেছিলে এমন লুকায়ে ?
ছিলে তুমি আপনার কর্ম্মের পশ্চাতে অন্তর্যামী বিধাতার চোথের সাক্ষাতে।
প্রতি দণ্ড-মুহর্ত্তের অন্তরাল দিয়া
নিঃশব্দে চলিয়া গেছ নত্র-নত-হিয়া।
আপন সংসার্থানি করিয়া প্রকাশ
আপনি ধরিয়াছিলে কি অক্তাতবাদ!

আৰু যবে চলি' গেলে খুলিয়া হয়ার
প্রিপূর্ণ রূপথানি দেখালে ভোমার!
জীবনের সব দিন সব খণ্ড কাজ
ছিল্ল হর্মে পদতলে পড়ি' গেল আজ।—
তব দৃষ্টিথানি আজি বহে চিরদিন
চিরজনমের দেখা পলক-বিহীন।

মিলন।

মিলন সম্পূর্ণ আজি হল তোমাসনে

এ বিচ্ছেদবেদনার নিবিড় বন্ধনে!

এসেছ একান্ত কাছে, ছাড়ি' দেশকাল
হলরে মিশায়ে গেছ ভাঙি' অন্তরাল।
তোমারি নয়নে আজ হেরিতেছি সব,
তোমারি বেদনা বিশ্বে করি অফুভব।
তোমার অদৃশু হাত হেরি মোর কাজে,
তোমারি কামনা মোর কামনার মাঝে।
হলনের কথা দোঁহে শেষ করি লব
সে রাত্রে ঘটেনি হেন অবকাশ তব!
বাণীহীন বিদারের সেই বেদনায়
চারিদিকে চাহিয়াছি ব্যর্থ বাসনায়!
আজি এ হুদরে সর্বভাবনার নীচে
ভোমার আমার বাণী একত্রে মিলিছে!



यदम्भ ।

হে বিশ্বদেব, মোর কাছে তুমি प्तथा मिल बाज कि वर्ष ! দেখিত্ব তোমারে পূর্বাগনে, দেখিত্ব তোমারে স্বদেশে! লশাট ভোমার নীল নভতল, विभन आलारक हित्र-डेब्बन, নীরব আশিষসম হিমাচল তব বরাভয় কর,— সাগর ভোমার পরশি চরণ भम्धृणि मना कतिरह **रत्र** ; জাহুবী তব হার-আভরণ ছ्विছে वक्र'পর। श्रमत्र थुनित्रा চाहिस वाहित्त्र, হেরিমু আজিকে নিমেবে— মিলে গেছ ওগো বিশ্বদেবতা মোর সনাতন স্বদেশে !

ভনিত্র তোমার স্তবের মন্ত্র
অতীতের তপোবনেতে,—
অমর ঝবির হৃদর ভেদিয়া
ধ্বনিতেছে ত্রিভূবনেতে।
প্রভাতে, হে দেব, তরুণ তপনে
দেখা দাও যবে উদর-গগনে
মুখ আপনার চাকি আবরণে
হিরণ-কিরণে গাঁখা,—

তথন ভারতে শুনি চারিভিতে , মিলি কাননের বিহঙ্গগীতে, প্রাচীন নীরব কণ্ঠ হইতে উঠে গায়ত্রীগাথা ! श्वत थूलिया मां शाक् वाहित्त শুনিত্ব আজিকে নিমেবে, অতীত হইতে উঠিছে, হে দেব, তব গান মোর স্বদেশে! नक्षेत्र भूषिक्रा श्वनिक्, क्वांनि ना কোন্ অনাগত বরষে তব মঙ্গলশব্দ তুলিয়া বাজায় ভারত হরষে ! ডুবায়ে ধরার রণছঙ্কার ভেদি विशिक्त धन-सङ्घात মহাকাশতলে উঠে ওঙ্কার কোনো বাধা নাছি মানি! ভারতের খেত হাদিশতদলে দাঁড়ায়ে ভারতী তব পদতলে, সঙ্গীততানে শুক্তে উথলে व्यश्च महावानी ! নম্বন মুদিয়া ভাবিকালপানে চাহিমু, শুনিমু নিমেষে তব মঞ্চল-বিজয়শঝ বাজিছে আমার স্বদেশে

ভরতের নাট্যশাল্পে নাট্যমঞ্চের বর্ণনা আছে। তাহাতে দৃশুপটের কোন উল্লেখ দেখিতে পাই না। তাহাতে বে বিশেষ ক্ষতি হইরাছিল, এরপ আমি বোধ করি না।

কলাবিস্থা বেখানে একেশ্বরী, সেইথানৈই ভাহার পূর্ণগৌরব। সতীনের সঙ্গে ঘর করিতে গেলে তাহাকে থাটো হইতেই হইবে। বিশেষত সতীন যদি প্রবল হয়। রামায়ণকে যদি স্থর করিয়া পড়িতে হয়, তবে আদিকাও হইতে উত্তরাকাও পর্যান্ত সে স্থরকে চিরকাল সমান একঘেয়ে হইয়া থাকিতে হয়: রাগিণী-হিসাবে সে বেচারার कानकारन भरतात्रिक घटि ना। বাহা উচ্চদরের কাব্য, তাহা আপনার সঙ্গীত चाननात नित्र त्यारे ब्याना हेवा था त्या वाहि-রের সঙ্গান্তের সাহায্য অবজ্ঞার সঙ্গে উপেক্ষা বাহা উচ্চ অঙ্গের দঙ্গীত, তাহা ञाशनात्र कथा ञाशनात्र निष्ट्रपटे वटन ; তাহা কথার জন্ম কালিদাস-মিল্টনের মুখাপেকা করে না—তাহা নিতাম্ভ তৃচ্ছ ভোম্-ভানা-নানা লইয়াই চমৎকার কাজ চালাইয়া দেয়। ছবিতে, গানেতে, কথায় মিশাইয়া ললিভকলার একটা বারোয়ারি ব্যাপার করা ঘাইতে পারে—কিন্তু সে কভকটা খেলা-হিসাবে-ভাহ। হাটের জিনিয —তাহাকে রাজকীয় উৎসবের উচ্চ আসন पिश्वा बाहर्टंड लाइ ना।

क्षि वावाकारवात्र क्षात्र मुधकावा

শ্বভাবতই কডকটা পরাধীন বটে। বাহিরের সাহায্যেই নিজেকে সার্থক করিবার জন্ত সে বিশেষভাবে স্ষ্ট। সে বে অভিনরের জন্ত অপেক্ষা করিয়া আছে, এ কথা ভাহাকে শ্বীকার করিতেই হয়।

আমরা এ কথা স্বীকার করি না।
সাধনী স্ত্রী বেমন স্বামীকে ছাড়া আর কাহাকেও চার না, ভাল কাব্য তেমনি ভাবৃক
ছাড়া আর কাহারো অপেক্ষা করে না।
সাহিত্য পাঠ করিবার সময় আমরা সকলেই
মনে মনে অভিনয় করিয়ৢা থাকি—সে অভিনয়ে বে কাব্যের সৌন্দর্য্য খোলে না, সে
কাব্য কোন কবিকে হশস্বী করে নাই।

বরঞ্চ এ কথা বলিতে পার বে, অভিনয়-বিভা নিতান্ত পরাশ্রিতা। সে জনাথা নাট-কের জন্ত পথ চাহিয়া বসিয়া থাকে। নাট-কের গৌরব অবশন্তন করিয়াই সে আপনার গৌরব দেখাইতে পারে।

বৈশ্ব সামী বেমন লোকের কাছে উপহাস পার, নাটক তেমনি বদি অভিনরের অপেক্ষা করিয়া আপনাকে নানাদিকে ধর্ম করে, তবে সেও সেইরূপ উপহাসের বোগ্য হইয়া উঠে। নাটকের ভারধানা এইরূপ হওয়া উচিত বে,—"আমার বদি অভিনয় হয় ভ হইতে পারে, না হয় ভ অভিনয়ের পোড়াকপাল—আমার কোনই ক্ষতি নাই!"

বাহাই হউক, অভিনয়কে কাব্যের অধী-নতা স্বীকার করিতেই হয়। কিন্ধ তাই বিদিয়া সকল কলাবিভারই গোলামি ভাহাকে করিতে হইবে, এমন কি কথা আছে ! যদি সে আপনার গৌরব রাখিতে চায়, ভবে যেটুকু অধীনতা তাহার আত্মপ্রকাদের জভ নিতান্তই না হইলে নয়, সেইটুকুই সে যেন গ্রহণ করে;—ভাহার বেশি সে বাহা কিছু অবলম্বন করে, ভাহাতে ভাহার নিজের অবসাননা হয়।

ইহা বলা বাহল্য, নাট্যাক্ত কথাগুলি অভিনেতার পক্ষে নিতান্ত আবশুক। কবি তাহাকে যে হাসির কথাট জোগান, তাহা লইয়াই তাহাকে হাসিতে হয়; কবি তাহাকে যে কায়ার অবসর দেন, তাহা লইয়াই কাঁদিয়া সে দর্শকের চোথে জল টানিয়া আনে। কিন্তু ছবি কেন ? তাহা অভিনেতার পশ্চাতে ঝুলিতে থাকে—অভিনেতা তাহাকে স্পষ্ট করিয়া তোলে না, তাহা আঁকামাত্র—আমার মতে তাহাতে অভিনেতার অক্ষমতা, কাপুরুষতা প্রকাশ পায়। এইরপে যে উপারে দর্শকদের মনে বিভ্রম উৎপাদন করিয়া সে নিজের কাজকে সহজ করিয়া তোলে, তাহা চিত্রকরের কাছ হইতে ভিক্ষা করিয়া আনা।

তা ছাড়া বে দর্শক তোমার অভিনয় দেখিতে আসিয়াছে, তাহার কি নিজের সম্বল কাণা-কড়াও নাই ? সে কি শিশু ? বিশাস করিয়া তাহার উপরে কি কোন বিষয়েই নির্ভর করিবার জো নাই ? বদি ভাহা সত্য হয়,তবে ডবল্ দাম দিলেও এমন সকল লোককে টিকিট বেচিতে নাই।

এ ত আদালতের কাছে সাক্ষ্য দেওয়া নম্ম বে, প্রত্যেক কথাটাকে হল্ফ করিয়া প্রমাণ করিতে হইবে ? বাহারা বিশাস করিবার জন্ত — আনল করিবার জন্ত আসি-রাছে, তাহাদিগকে এত ঠকাইবার আয়োজন কেন ? তাহারা নিজের করনাশক্তি বাড়ীতে চাবি বন্ধ করিয়া আসে নাই। কতক তৃমি বোঝাইবে, কতক তাহারা ব্রিবে, তোমার সহিত তাহাদের এইরূপ আপোষের সম্বন্ধ।

হয়ত গাছের ওঁড়ির আড়ানে শাড়াইয়া সর্থীদের সহিত শকুস্থলার কথাবার্দ্তা শুনিতে-ছেন। অতি উত্তম। কথাবার্দ্ধা বেশ রসে জমাইয়া বলিয়া যাও! আন্ত গাছের র্গু ড়িটা আমার সন্মুধে উপস্থিত না থাকি-লেও সেটা আমি ধরিয়া লইতে পারি—এত-টুকু স্ঞ্বনশক্তি আমার আছে। শকুন্তলা অনস্থা-প্রিয়ংবদার চরিত্রামুরূপ প্রত্যেক হাবভাব এবং কণ্ঠস্বরের প্রত্যেক ভঙ্গী একেবারে প্রত্যক্ষবৎ অনুমান করিয়া লওয়া শক্ত-স্থতরাং সেগুলি যথন প্রভাক বর্ত্তমান দেখিতে পাই,তথন হৃদয় রুসে অভি-ষিক্ত হয়-কৈন্ত হটো গাছ বা একটা ঘর वा এक है। नमी कन्नना कतिया न श्रम कि इह শক্ত নয়, সেটাও আমাদের হাতে না রাধিয়া চিত্রের ঘারা উপস্থিত করিলে আমাদের প্রতি ঘোরতর অবিখাস প্রকাশ করা হয়।

আমাদের দেশের বাত্রা আমার ঐজন্য ভাল লাগে। যাত্রার অভিনরে দর্শক
ও অভিনেতার মধ্যে একটা গুরুতর ব্যবধান
নাই। পরস্পরের বিশ্বাস ও আফুকুল্যের
প্রতি নির্ভর করিয়া কাজটা বেশ সক্ষরতার
সহিত স্থসম্পন্ন হইয়া উঠে। কাব্যরুস, বেটা
আসল জিনিব, সেইটেই অভিন্রের সাহাব্যে
ফোয়ারার মত চারিদিকে দর্শকদের পুল্কিত

চিত্তের উপর ছড়াইরা পড়ে। মালিনী বধন জাইার পুলাবিরল বাগানে ছুল খুঁজিরা বেলা করিয়া দিতেছে,তথন সেটাকে সপ্রমাণ করিবার জনা আসবের মধ্যে আন্ত আন্ত গাছ আনিরা ফেলিবার কি দরকার আছে—
একা মালিনীর মধ্যে সমস্ত বাগান আপনি জাগিয়া উঠে। তাই যদি না হইবে, তবে মালিনীরই বা কি গুণ, আর দর্শক গুলোই বা কাঠের মৃর্জির মত কি করিতে বসিয়া আছে?

শকুন্তলার কবিকে যদি রঙ্গমঞ্চে দৃশ্রপটের কথা ভাবিতে হটত, তবে তিনি
গোড়াতেই মৃগের পশ্চাতে রথ ছোটান বন্ধ
করিতেন। অবশ্য, তিনি বড় কবি—রথ
বন্ধ হইলেই বে তাঁহার কলম বন্ধ হইত,
তাহা নহে—কিন্তু আমি বলিতেছি, যেটা
তুচ্ছ তাহার জনা যাহা বড় তাহা কেন
নিজেকে কোন অংশে থর্ম করিতে যাইবে ?
ভাবুকের চিত্তের মধ্যে রঙ্গমঞ্চ আছে,
সে রঙ্গমঞ্চে স্থানাভাব নাই। সেখানে যাহকরের হাতে দৃশ্রপট আপনি রচিত হইতে
থাকে। সেই মঞ্চ, সেই পটই নাট্যকারের
লক্ষ্যন্তল, কোন ক্বত্রিম মঞ্চ ও ক্বত্রিম পট
কবিকর্মনার উপযুক্ত হইতে পারে না।

অতএব ব্ধন ত্বান্ত ও সার্থি একই হানে স্থির দাঁড়াইরা বর্ণনা ও অভিনরের বারা রথবেগের আলোচনা করেন, সেধানে দর্শক এই অতি সামাক্ত কথাটুকু অনারাসেই ধরিরা লন বে, মঞ্চ ছোট, কিন্ত কাব্য ছোট নয়;—অভএব কাব্যের থাতিরে মঞ্চের এই অনিবার্য্য ক্রটিকৈ প্রসন্নচিত্তে তাঁহারা মার্জ্জনা করেন এবং নিজের চিত্তক্ষেত্রকে সেই

কুলারতনের মধ্যে প্রসারিত করিরা দিরা
মঞ্চকেই মহীয়ান্ করিরা তোলেন। কিন্তু
মঞ্চের থাতিরে কাব্যকে যদি থাট হইতে
হইত, তবে ঐ করেকটা হতভাগ্য কাঠথওকে
কে মাপ করিতে পারিত ?

শকুন্তলা-নাটক বাহিরের চিত্রপটের কোন অপেকা রাথে নাই বলিয়া আপনার চিত্রপটগুলিকে আপনি স্ষষ্টি করিয়া লইয়াছে। তাহার কথাশ্রম, তাহার স্বর্গপথের মেঘলোক, তাহার মারীচের তপোবনের জন্য সে আর কাহারো উপর কোন বরাত দেয় নাই। সে নিজেকে নিজে সম্পূর্ণ করিয়া তৃলিয়াছে। কি চরিত্রস্পনে, কি স্বভাবচিত্রে, নিজের কাব্যসম্পদের উপরেই তাহার একমাত্র নির্ভর।

আমরা অন্য প্রবন্ধে বলিয়ছি, যুরোপীয়ের বাস্তব সত্য নছিলে নয়। কল্পনা যে
কেবল তাহাদের চিত্তরঞ্জন করিবে তাহা নয়,
কাল্পনিককে অবিকল বাস্তবিকের মত
করিয়া বালকের মত তাহাদিগকে ভূলাইবে।
কেবল কাব্যরসের প্রাণদায়িনী বিশল্যকরণীটুকু হইলে চলিবে না, তাহার সঙ্গে বাস্তবিকতার আস্ত গন্ধমাদনটা পর্যান্ত চাই।
এখন কলিয়্গ, স্নতরাং গন্ধমাদন টানিয়া
আনিতে এঞ্জিনিয়ারিং চাই—তাহার ব্যয়ও
সামান্য নহে। বিলাতের প্রেক্তে শুদ্ধমাত্র
এই খেলার জন্য যে বাজে খরচ হয়, ভারতবর্ষের কত অল্রভেদী হুর্ভিক্ষ তাহার মধ্যে
তলাইয়া যাইতে পারে।

প্রাচ্যদেশের ক্রিয়া-কর্ম্ম ধেলা-আনন্দ সমস্ত সরল-সহজ। কলাপাভায় আমাদের ভোজ সম্পন্ন হয় বলিয়া ভোজের বাহা প্রাকৃততম আনন্দ—অর্থাৎ বিশ্বকে অবারিত-ভাবে নিজের ঘরটুকুর মধ্যে আমন্ত্রণ করিয়। আনা—সম্ভবপর হয়। আরোজনের ভার বিদি জটিল ও অতিরিক্ত হইত, তবে আসল জিনিবটাই মারা যাইত।

বিলাতের নকলে আমরা যে থিয়েটার করিয়াছি, তাহা ভারাক্রাস্ত একটা স্ফীত পদার্থ। তাহাকে নড়ানো শক্ত, তাহাকে আপামর সকলের দারের কাছে আনিয়া দেওয়া ছঃসাধ্য;—তাহাতে লক্ষীর পেঁচাই সরস্বতীর পদাকে প্রায় আচ্ছন করিয়। আছে। তাহাতে কবি ও গুণীর প্রতিভার চেয়ে ধনীর মূলধন ঢের বেশি থাকা চাই। দর্শক ধদি বিলাতি ছেলেমায়ুষিতে দীক্ষিত না হইয়া থাকে, এবং অভিনেতার যদি নিক্লের প্রতি ও কাব্যের প্রতি ষ্থার্থ বিশ্বাস্থাকে, তবে অভিনয়ের চারিদিক্ হইতে কাহার বছমূল্য বাজে জ্ঞালগুলো ঝাঁট

দিরা ফেলিয়া ভাহাকে মুক্তিদান ও গৌরবদান করিলেই সহাদর হিন্দুসন্তার্দের মন্ত
কাজ হয় । বাগানকে যে অবিকল বাগান
আঁকিয়াই থাড়া করিতে হইবে এবং স্ত্রীচরিত্র অক্তরিম স্ত্রীলোককে দিরাই অভিনয়
করাইতে হইবে, এরপ অত্যন্ত ছুল বিলাতি
বর্কারতা পরিহার করিবার সময় আসিয়াছে।

নোটের উপরে বলা ষাইতে পারে বে,
জাটলতা অক্ষমতারই পরিচয়; বাস্তবিক্তা
কাঁচপোকার মত আটের মধ্যে প্রবেশ
করিলে তেলাপোকার মত তাহার অস্তরের
সমস্ত রদ নিঃলেষ করিয়া ফেলে এবং
বেধানে অজীর্ণবশত ষ্থার্থ রসের ক্ষার
অভাব, সেধানে বছমূল্য বাহ্য প্রাচ্র্য্য
ক্রমশই ভীষণরূপে বাড়িয়া চলে—অবশেষে
অরকে সম্পূর্ণ আছের করিয়া চাট্নিই স্তুপাকার হইয়া উঠে।

যযাতি-কেশরী।

অতি প্রাচীনকালে, উৎকলদেশের একটা বাজয় ছিল না; কোন বজয় স্বাধীন রাজা উৎকলাধিপতি ছিলেন না; দেশটি কলিজের অস্তম্ভূতি ছিল। প্রবাদ আছে যে, এক সময়ে ১৪৬বৎসর পর্যাস্ত উৎকলদেশ ববনদের অধিকারে ছিল; এবং তাহার পর ব্যাতি-কেশরী ব্যনদের হস্ত হইতে দেশ উদ্ধার করিয়। একটি স্বতম্ম আর্যারাজ্য স্থাপন করেন। সে কভদিনের কথা?

মাদলাপাঁজি নামে জগন্নাথদেবের দৈনিক-কর্মালিপি-সংবলিত এক ইতিহাস আছে; ঐ ইতিহাস বড় প্রামাণিক জিনিব নহে; কিছ তবুও উহা হইতে এমন অনেক কথা পাওরা গিরাছে, বাহাতে একটা চলনসই ইতিহাসের কাঠাম প্রস্তুত করিবার পক্ষে অনেক সাহায্য হইরাছে। ভবানীচরণ বন্দ্যোপাধ্যার, ইর্লিং-সাহেব, রাজেজ্ঞলাল মিত্র এবং হন্টর প্রভৃতি পত্তিতেরা প্রাতন জাঁণ ভালপাভার পুঁপি

হুইতে অনেক সার সংগ্রহ করিয়াছেন। ইহাদের মাহাত্ম্যে উৎকল-ইতিহাসের সহিত ज्यामात्मत्र পরিচয়। ষ্টলিং-সাহেব অনেক গবেষণা করিয়া, তালপাতার ইতিহাসে যে সকল রাজার নাম পান, তাঁহাদের অভ্যাদয়কাল নির্ণয় করিয়াছিলেন। এটা ১৮২६ थुष्टीत्सन्न कथो। একে उथन कोन-निर्ववापि कत्रिवात উপৰোগী উপাদানের অত্যস্ত অভাব ছিল, তাহার উপর আবার সাহেব-মহোদয়কে সম্পূর্ণরূপে তালপাতার इे जिहान एक है अभागित विनिद्या नहें एक हरे हो-ছিল; কাজেই ডিনি যে রাজার যে সময় নির্দারণ করিয়াছেন, তাহা আর এখন গ্রহণ হণ্টর-সাহেব করিতে পারা যায় ন।। উৎকল-ইভিহাস-সঙ্কলনের তাঁহার মোটের উপর ষ্টলিং-সাহেব-প্রদত্ত তারিপগুলিই গ্রহণ করিয়াছেন; কেবল ক্লাচিৎ একালের গোটাক্তক তারিখ নিজে অমুসন্ধান করিয়া বসাইয়াছেন।

এখন, তালপাতার পুঁখি, ইলিং এবং হতীরকে অবলখন করিলে, ৪৭৬ হইতে হে৬ খুঁটান্থ পর্যান্ত ষ্যাতি-কেশরীর রাজ্যকাল স্বীকার করিতে হয়। একটুখানি অমুস্মান করিলেই এই নির্দারণটি অভ্যন্ত ত্রমান্ত্রক বলিয়া মূনে হইতে থাকে। বিক্রমাদিত্য এবং তাঁহার ত্রাতার রাজ্যকালের পর হইতে যবনাধিকার পর্যান্ত, উৎকলে ৬জন রাজা রাজ্য করিয়াছেন বলিয়া উল্লিখিত হইয়াছে। এই হিসাবে ৩১৯ খুটান্কে উৎকলে যবনাধিকারের সময়ু দেওয়া হইয়াছে। এই ছয়জন রাজার রাজ্ত্বের কথার ঐতিহাসিকতা থাকুক বা নাই থাকুক, বদি তর্ক্ত্লেও

क्थां मिना मध्या यात्र, उथां १ ७ जन রাজার রাজত্বের পর ৩১৯খৃষ্টাব্দে ধবনাধি-কারের কাল নির্ণীত হয় না। যাঁহারা এ কালের ঐতিহাসিক আবিদ্ধারের সহিত পরিচিত, তাঁহারা জানেন যে, হর্ষবিক্রমা-দিত্যের কাল ৫৫০ গৃষ্টাব্দের কাছাকাছি। সে হিসাবে, ধদি বিক্রমাদিত্যের ভ্রাতার একটা রাজত্বাল না গড়িয়াও ঐ চয়জন রাজার রাজ্তকালের হিসাব করা যায়, ভাহা **ट्टेट्न के कि कि इब दिया गाँउक। कर्य-**জিৎ ৬৫বৎসর, হাটকেশ্বর ৫১বৎসর, वीत्र जूवनरमव वा जिज्जवनरमव ४०व९मत्र, निर्मालाम्य ८६व९मत, जीमाम्य ०१व९मत्रे এবং শোভনদেব ৪বৎসর রাজত্ব করিয়া-ছিলেন, লেখা আছে। তাহা হইলে यवनाधिकादात ममब्रोग ०১२ ना इहेबा १२६ খুষ্টাব্দ হয়। তাহার পর আবার ১৪৬বৎসর পরে যবনদিগকে পরাজিত এবং দেশ-বহিষ্ণত করিয়া য্যাতি-কেশরীর রাজত্বের আরম্ভ। এ গণনায় যযাতি-কেশরীর কাল ৯৪১ পৃষ্টাব্দ হয়। এই গণনাটি কাহাকেও সত্য বলিয়া গ্রহণ করিতে বলিতেছি না; মাদলাপাঁজির কথা অবলম্বন করিলেও যে যযাতির কাল ৪৭৪ পৃষ্টাব্দ হয় না, ভাহাই দেখাইলাম ; এবং ঐ প্রকারের ইতিহাসকে श्रीमाणिक विनिन्ना धतिरम रा श्रीम श्रीम खरम পতিত হইতে হয়, তাহাই দেখাইলায় ।

এখন একবার হণ্টর-সাহেবের তালিকা লইরা, জ্ঞাত সমর হইতে অজ্ঞাত সমরের দিকে অগ্রসর হইরা দেখা বাউক, ব্যাতি-কেশরীর সময়সম্বন্ধে কিপ্রকার সিদ্ধান্ত হয়। মুস্লমানেরা সন-ভারিধ দিয়া ইতি-

হাস লিখিতেন; এবং সময়নির্বয়বিষয়ে করনার হত্তে আত্মসমর্পণ করিতেন না। इ. चेत्र-नाट्य मूत्रनमानामत्र এक छ। উৎक न-আক্রমণের তারিথ ধরিয়া ১৫৬৭—৬৮ খুষ্টাব্দ ভেলিকামুকুন্দদেবের রাজত্বকাল করিয়াছেন; তাঁহার রাজত্বের ১৭বৎসর शृर्ट्य शाविन्मविष्ठाधत कानुत्रतमवरक वध कतिया त्राका रहेग्राहित्नन। कानुव नाकि এক বৎসরের অধিক রাজত্ব করেন নাই। এই কালুয়দেব প্রসিদ্ধ প্রভাপরন্তদেবের পুত্র। কথিত আছে, প্রতাপরুদ্র ২৮ বৎসর রাজত্ব করিয়াছিলেন। এ হিসাবে প্রতাপ-রুদ্রের রাজত্বকাল ১৫২২—১৫**৫**০ এই তারিপটতে অসম্ভাব্যতা নাই। কারণ প্রতাপরুদ্রের সমমেই চৈতন্তদেব উৎকলে व्यानियाहित्नन, এवः ইহারই রাজ্বসময়ে পুরীতে তাঁহার অন্তর্জান হয়। চৈতন্ত দেবের তিরোভাবকাল ১৫২৭ বলিয়া নির্দ্ধারিত হই-য়াছে। চোরগঙ্গ হইতে প্রতাপক্ষ পর্যান্ত ২০জন রাজা রাজত্ব করিয়াছিলেন বলিয়া ক্থিত আছে। ধ্রিয়া লওয়া যাউক,উহা সত্য কথা। তালপাতার ইতিহাসের উপর সম্পূর্ণ विश्वामञ्चालन ना कतिया, গড়ে यमि >€ বৎসর করিয়া ইঁহাদের রাজত্কাল ধরা याम, जाहा इट्टेंग टात्रश्र >२२१ शृष्टीत्य আসিয়া পড়েন; এবং জগয়াথমন্দিরের জন্ম উহার ৬০বৎসর পরে অর্থাৎ ১২৮৭তে পড়ে। চোরগঙ্গের পূর্বে, ষ্যাতি হইতে স্থবর্ণকেশরী পর্যান্ত, ৪৪জন কেশরী রাজার রাজত্ব করার কথা উল্লিখিত আছে। দেশের প্রাচীনতাপ্রতিষ্ঠার জন্ত, অনেক সময়েই ভালিকাগুলি বড় ভারি করা হইত: বাঁহারা

একই রাজার রাজ্বসময়ে একটু বিজো-হিতা করিয়াও এথানে-দেখানে ৫ : গানি গ্রাম শইয়া রাজা হইয়া বসিতেন, তাঁহাদের নামও যে পরে পরে সাজাইয়া দেওয়া হইত, এরপ দৃষ্টাস্তও পাওয়া যার। সে সকল আহুমানিক কথা না হয় নাই তুলিলাম এবং मामनाशीकिए देशामत त्राक्यकानम्बद्ध यारा वित्राष्ट्रिन, जारारे धतिया लख्या যাউক। এই রাজাদের রাজত্বকাল ৬৫৮ বৎ-সর ধরা হইয়াছে; এখন ১২২৭ হইতে ঐ अकृषि वान निरम, यशाजि-रकमत्रीत esa পৃষ্টাব্দে আবিভূতি হওয়ার কথা। এ হিসাবে B२७—६७৯ উৎকলে यवनाधिकाद्यत कान। এই তারিখগুলিও পাঠকবর্গকে বিশাস-যোগ্য বলিয়া গ্রহণ করিতে পারি না।

প্রবাদ বা ইতিহাসের কথা এই যে,

যখন যবনেরা উৎকল অধিকার করে, তথন

তাহাদের ভরে জগন্নাথঠাকুরটিকে শোণপুরের

এক পর্বত গুহান্ন লুকাইয়া রাখা হইয়াছিল।

এবং যযাতি ধবনদের পরাজয় করিয়া সেই

মূর্ত্তি পুনর্বার পুরীতে ফিরাইয়া আনেন।

যযাতি-কেশরী আর্যারাজ্য স্থাপন করিয়া

বাঙ্গালার সেন রাজাদের মত, আর্য্যাবর্ত্ত

হইতে ব্রাহ্মণ আনিয়া, দেশটা আর্য্যালাতর

নিবাসস্থান করিয়া তুলেন; এবং তিনিই

শিবলিকাধিষ্ঠিত ভ্বনেশ্বরমন্দির নির্দ্মণ

করেন। কালনির্পরের জন্ত এ সকলগুলি

কথারই বিচার করিবার প্রয়োজন হইবে।

প্রথমে ব্যনাধিকারের সম্বেদ্ধ কথার আলোচনা করা যাউক। দক্ষিণাঞ্চলে অন্ধুরাজগণকে পরাভূত করিয়া, অই ব্যন

নেকলে রাজত্ব করিবে, বিকুপ্রাণের এই ভবিষাধীণী। মেকলরাজাটি মধ্য প্রদেশের ছত্তিশগড়-বিভাগের রারপুর এবং বিলাসপুরের অধিকাংশ স্থান ব্যাপিয়া মেকলপর্বত বাকাটকরাজ্যের পূর্বসীমার; এবং মাহেশ্বতীর দক্ষিণ হইতে কাঁকের পর্যান্ত প্রদারিত। এই প্রদেশ वहकान रहेरा श्रीनन, भवत ववः १७-লাতি কর্ত্তক অধ্যুষিত ছিল। কানিংহামের সিদ্ধান্ত **বে. অ**নাৰ্য্যধ**ৰ্ম**মিশ্ৰিত ধর্মাবলম্বী এই অনার্য্যেরাই সেই যবন। কালিদাসের শকুন্তলায় পর্যান্ত কিরাতাদি অনাৰ্য্যজ্ঞাতি ধ্বন বলিয়াই উল্লিখিত দেখিতে পাই। শিওনিতে যে প্রাচীনলিপি পাওয়া গিয়াছে, তাহাতে নবম শতাকী পর্যান্ত সপ্ত-यवत्तत क निक वारः शृक्तमागत्रकृत भग्रस् রাজত্ব করার কথা আছে। এই লিপির বিবরণ বোগাইপ্রদেশের আসিয়াট ক तामहित्व वर्गालत ५म छात्र प्रहेवा। এ সকল কথার পর কানিংহামের সিদ্ধান্তটা গ্রহণ করিতে আপত্তির কারণ নাই। বাকাটকের রাজারা উৎকলের ধবন, ভাও-मामित এই अञ्चर्मान खर्माश्रक मत्न कतिश्रा পরিহার করিলাম। বিষ্ণুপুরাণে অষ্ট-यबरनद्र द्राक्षरच्द्र कथा वना इहेन; अथह ধ্বনদের পরাভূত ক্রিয়া য্যাতি আর্য্যরাজ্য স্থাপন করিলেন, সে কথার উল্লেখ নাই। व्याव्यात्मत्र काष्ट्र विशे वफ् कथा ; यवन-রাজত্বের শেবেই ববাতির অস্ক্রাদর; ববন-रमत्र त्राज्यत र्भव रमिश्वारे ভविवाषांगी; व्यथह वर्षाछित्र नाम शाहे ना ८कन ? कानिः-

हाम প্রমাণ করিয়াছেন বে, ববনকর্তৃক অনুদের পরাজয় এবং সাগরসীমা পর্যন্ত त्राकाविष्ठि ७३८ पृष्ठीत्म इहेग्राहिन। সকল ঝথাই নিক্তির ওলনে তুলিয়া লওয়া যায় না; সম্ভাব্যতার হিসাবে এ সময় ৫১৫ चुंडीरक्यत भूटर्स नरह, वतः भरत इहेर्ड পারে। এখন ইহার সহিত ১৪৬ বংসর यांग कतिरा ७७> थुष्टोक शाहे। কি য্যাতির সময় ? আমার মনে হয়, তাহাও নহে। মেকলের যবনজাভিকে করিয়া ঠিকৃ কোনৃ তারিখে দক্ষিণকোশলে আর্যারাজত স্থাপিত হইয়াছিল, তাহা বলিতে পারা যায় না। তবে দক্ষিণকোশলের ইন্দ্রবল যে প্রায় ৬৬১তে রাজ্ব করিয়া-ছিলেন, তাহা অনুমান করা যাইতে পারে। ঐ স্থানের ভিবরদেবের যে লিপি শবরীপুর বা শিরপুরে পাওয়া গিয়াছে, তাহাতে উহা বে অষ্টম শতাব্দীর লিপি, সে বিষয়ে বড় একটা দলেহ হয় না। ফ্লীট সাহেব অভি দক্ষতার সহিত তিবরদেবকে ৮ম শতাব্দীর রাজা বলিয়া স্থির করিয়াছেন। ইক্সবল পিতামহ ; তিবরদেবের তি**ব**রদেবের রাজ্তকাল যদি ৭২১ হয়, তাহা হইলে ইন্দ্র-বলের রাজতকাল ৬৬১ বলিয়া ধরিয়া লওয়া কেহই জন্মপত্রিকা রাথিয়া যান নাই; তবে এ অনুমানে সকল দিক্ রক্ষা পার। এই অনুমানের উপযোগিতা পরে আরও দেখাইতেছি। তিবরদেব একটা খাঁট আর্যানাম গ্রহণ করিয়াছিলেন; সেটি চক্রপ্তথ। তাঁহার পর হর্বপ্তথ, শিবপ্তথ, ভবগুপ্ত এবং শিবগুপ্তের রাজ্য। তাঁহারা গুধু কোশলে কেন, পূৰ্বে ৰভদুর ব্ৰন্যাজ্য

ছিল, ততদুর পর্যান্ত রাজত্ববিস্তার করিয়া-ছিলেন। আমি, উভয় শিবগুপ্তের এবং ভবগুপ্তের যে তিনখানি তাম্রলিপি পাই-রাছি, তাহাতে তাঁহাদের এই বর্ণনা আছে বে. তাঁহারা "সোককুলতিলক", "প্রখ্যাতদৈষিবংশ-কলিক্সাধিপতি" এবং প্রবিদলনপট়।" এই প্লেট-ভিনথানি কুটিল অক্ষরে বিখিত। ঐ অক্ষর এবং প্লেট-শুলির প্রকৃতি এবং অবস্থা দেখিয়া ওপ্তলিকে ৮ম শতাব্দীর পূর্ব্যকালের বলিয়া কোন-প্রকারে অমুমান করা অসম্ভব। প্লেট-তিনখানির প্রতিলিপি এবং ইংরাজি অমু-বাদ বাঙ্গালার এসিয়াটিক সোসাইটির হস্তে দিয়াছি; এবং একথানি প্লেট, আমার অমুবাদসহ, নাগপ্র মিউজিয়মে আছে। তিৰরদেব হইতে শেষ শিবগুপ্ত পর্যান্ত যদি ৯০ বৎসর ধরা যায়, তাহা হইলেও শেষ শিবগুপ্তের কাল ৮১০ হয়।

এসিয়াটক সোনাইটিতে য্যাতি কেশরীর বে লিপি রক্ষিত আছে, তাহাতে লেখা
আছে যে, তিনি যখন উৎকলে আসিলেন,
তখন সমগ্র দেশ (ত্রিকলিঙ্গ, মেকল,
কোশল) শিবগুপুদেবের শাসনাধীনে ছিল।
তাহা হইলে এ গণনায় য্যাতি কেশরী
নবম শতাকীর প্রারম্ভে আসিয়া পড়িতেছেন। পূর্বে দেখাইয়াছি যে, বিক্রমাদিত্যের
সংবতের পর ৬জন রাজা ধরিয়া, এবং
যবনাধিকারে ১৪৬বৎসর যোগ করিয়া
৯৪১ পাওয়া বায়। সেটা বেশি আত্মানিক
বলিয়া, য্যাতির সময় ৮১০ বলিয়া ধরিয়া
লওয়া চলে। ফুট্সাহেবের তীক্ষবিচারে
ছয় ত সময়টা আয়ও পরবর্তী হইবার কথা।

ইতিহাদের অম্ভুদিক্ হইতে আমার সিদ্ধান্তের সম্ভাব্যতা দেখাইতেছি। মধ্য-প্রদেশ হইতে তাড়িত হইবার পর, যবনেরা দাক্ষিণাতো গিয়া পশ্চিমপ্রদেশে এবং প্রাধান্তস্থাপন করিয়াছিল। দাক্ষিণাত্যের মলবর-উপকৃলের প্রাচীন রাজবংশের বিবরণীতে পাওয়া যায় যে, ঐ প্রদেশ শবর-ষবনেরা ৭৮২ খুষ্টাব্দে অধিকার করিয়াছিল। তাহ। इहेटन ভिবরদেবের সময়সম্বন্ধে ফুট্ট সাহেব যাহা বলেন,তাহা প্রমাণসিদ্ধ বলিয়াই মনে হয়। একটা কথা স্থির হইলে, পর-বৰ্ত্তী কথায়ও বেশি গোল থাকে না। শিব-গুপ্তের পর মাহেশ্বতীর কার্দ্তবীগ্যার্চ্চুনের চেদি বা হৈহয় রাজারা কোশলে রাজ্য করিয়াছিলেন, ভাহাও জানা গিয়াছে। এ বিষয়ের বিশেষ তত্ত্ব কানিংহাম-সাহেবের অর্কিয়লজিকল সর্ভে নামক গ্রন্থাবলীতে আছে। কৌতৃহলী পাঠকেরা ঐ গ্রন্থের ৭ম, ৯ম এবং ১৭শ ভাগ পডিতে পারেন।

হয়েনসক ৬২৯—৬৪€ পর্যান্ত ভারত-ভ্রমণ করিয়াছিলেন। তাঁহার বর্ণনায় উড্-দেশের কথা আছে বটে, কিন্তু যাজপুরের वा ज्वरनश्रद्भद्र नाम नाहे। यनि याजश्रद्भ রাজধানী কিংবা ভূবনেশ্বরে কোন ন্তন কীর্ত্তি স্থাপিত হইত, তাহা হইলে তাহার উল্লেখ থাকিত। ভূবনেশ্বরের मिनित न्जन तकरमत क्रिनिय: प्राप्त মধ্যে একটা বড় রকমের নামলালা শিলের দুষ্টাস্ত; শিবমূর্ত্তির পরিবর্ত্তে লিঙ্গ প্রতিষ্ঠিত: সেটাকে কেহ কথনো দশ্টার মধ্যে একটা বলিয়া গণনা করিতে পারিতেন না। সে সমরের ভাত্রলিগ্রির বর্ণনা আছে, চিন্ধা-ভটে হিশুদের কান্তোধরাক্য স্থাপিত থাকি-বার কথা আছে; উভুদেশ তথনও বৌদ-পরিপ্লাত এবং বৌদ্ধদের বিশেষ আশ্রয়স্থান বলিরা উল্লিখিত আছে। ইহাতে কি বুঝিব ? তাহার পর আবার তিনি লিখিয়া গিয়াছেন বে. চিকাডটের কাঞোধরাজ্যে আর্য্যাবর্ত্তের অক্ষর এবং আর্য্যাবর্দ্তের বাক্যকথনের ভাষা প্রচলিত। কিন্ত উভুদেশসম্বন্ধে বালয়া-ছেন বে, সেথানকার ভাষা স্বতন্ত্র, লোক-श्विन विशिष्ठं, कृष्णवर्ग এवः প্রায়শ বৌদ-ধর্মাবলম্বী ৷ কান্তোধে অনার্যা ছিল না. তাহা নয়; তবে উডুদেশসম্বন্ধে এই বিশেষ বর্ণনা কেন ? মনে হয় না কি যে, তথনও उरक्लाम वोद्ययनकर्कृक मानि छिल ? 898 श्रुहोस रहेट बाक्यगानि প্রতিষ্ঠা করিয়া, জগরাথ আনিয়া, ভুবনেখরের মন্দির প্রতিষ্ঠা कतिया, कि এই इटेग्राष्ट्रिल (य, इट्यनमह्मत চক্ষে কেশরীদের গৌরবদীপ্তি প্রতিভাত তের যতটা নিকটবর্ত্তী, তাহাতে কি কেহ বলিতে পারেন যে, উৎকলের আর্য্যেরা তথন ছবোধ্য অনাৰ্য্যভাষায় কথা কহিত ?

 তথন অতন্ত্র রাজা ছিলেন, তাহা হইলে তাঁহাকে জন না করিয়া একেবারে কলিলে চলিয়া বাওরাটা সম্ভবপর কি ? সৈঞ্চেরা কপিশা-নদী পার হইল, অথচ ৰাজপুরটা চোথে ঠেকিল না ?

স তীত্ব কপিশাং সৈত্তৈব দ্ববিরদসেত্তি: । উৎকলাদর্শিতপথ: কলিঙ্গাভিম্বং যযৌ ॥

ষষ্ঠশতাকীর মধ্যভাগে এই কথার উৎকলের কথা শেষ হইল। কালিদাস হুয়েনসাঙ্গ নহেন, তিনি হিন্দু। তাঁহার চোথেও ভুবনেশ্বরের মন্দির পড়িল না; ভিনিও ব্যনক্লজো আর্য্যধর্মের পুনক্জীবনকারী কেশরিরাজ্গণকে দেখিতে পাইলেন না। তবুও স্থাকার করিতে হইবে বে, ষ্যাতির কাল ৪৭৪ ?

কালিদাসের সময়ে বরাহমিহিরের লেখার যে সকল অনার্যজ্ঞাতির নাম পাওরা যার, তাহা এই :—অন্ধাদি জাবিড়জাতি, শাকারি, শাবরি, উৎকল, অভিরক। সকল দেশেই অনার্য্য ছিল; কিন্তু যে স্থান প্রধানত আর্য্যশাসনে ছিল এবং অনার্য্যরা যেখানে প্রজামাত্র ছিল,সেন্থলের অনার্য্যদের স্থাতন্ত্র্যগণনা হয় নাই। ইহাতে কি মনে হয় যে, উৎকলে তথন আর্য্যনিবাস স্থাপিত হইরা কেশরীদের প্রভাব বিস্তৃত হইরাছিল ?

ভ্বনেশরের মন্দিরের দেবতা শিবমূর্ত্তি
নহেন, শিবলিল। সেইজন্যই ভ্বনেশরের
নৃতনত্ব। লিঙ্গপুজাপ্রবর্তনের কাল-নির্ক্রপণ করিলেও যযাতি-কেশরীর কাল
নির্ক্রপিত হইতে পারে। কিন্তু এ বিষয়ে
একেবারে শ্বতম্ভ প্রবন্ধ লিখিব, সঙ্কর
করিয়াছি। এখানে যযাতির অন্তরোধে ছু-

চারিটি কথা লিখিয়া অতবড় কথার একটা সিদ্ধান্ত করা উপযুক্ত বলিয়া মনে হইল না।

যথাতির সময় ৮১০ বলিয়া ধরিয়া লওয়া গেল। এখন যদি কেশরিবংশের রাজত্ব কাল ৪০০বংসর ধরিয়া লওয়া যায়, তাহা হইলে পরবর্জি-সময়-সহস্কেও কোন গোল হয় না। ৪০০বংসরের অধিক কথনও কোন রাজবংশ এ দেশে রাজত্ব করিয়াছেন, দেখি নাই। যাহা পূর্ককালে হয় নাই, তাহা যে উচ্ছুজ্ঞাল সময়ে সম্ভব হইয়াছিল, ইহা মনে হয় না। ষ্বাতি কোনও প্রকারে ৬৪৫ এর পূর্ব্বর্তী

হইতে পারেন না, তাহা অন্ত ইতিহাহ হইতে
প্রমাণীক্বত হয়। তিনি নিজে আপনাকে

শিবগুপ্তের সমসাময়িক লোক বলিয়াছেন;
কাজেই তাঁহার অন্তম শতাকীর শেষভাগ
অথবা নবম শতাকীর পূর্বভাগের রাজা
হওয়াই সন্তব। বে শ্রেণীর কুটিল অক্সরে
তাঁহার নিজের সময়ের লিপি, তাহাও ঐ
সময়ের অক্ষর। এই সকল কারণে ব্যাতিকেশরীকে ৮১০ খৃষ্টাব্দের রাজা বলিয়া
হির করা গেল। লিকপ্রতিষ্ঠার সাক্ষাটিও
বড় প্রবল; কিন্তু সে কথা এখন বলিব না।

শ্রীবিজয়হচন্দ্র মজুমদার।

নারী।

সাস হয়েছে রণ!
অনেক যুঝিরা অনেক খুঁজিয়া
শেষ হল আয়োজন।
তুমি এস, এস নারি,
আন তব হেমঝারি!
ধুয়ে-মুছে দাও ধ্লির চিহ্ন,
জোড়া দিয়ে দাও ভয়-ছয়,
ফলর কর, সার্থক কর
পুঞ্জিত আয়োজন!
এস স্থলার নারি
শিরে লয়ে হেমঝারি!
হাটে আর নাই কেহ।
শেষ করে' ধেলা ছেড়ে' এয় মেলা,
গ্রামে স্ভিলাম গেছ।

তৃমি এস, এস নারি,
আন গো তীর্থবারি!
মিথ-হসিত বদন-ইন্দু,
সিঁথার আঁকিয়া সিঁদ্র-বিন্দু
মঙ্গল কর' সার্থক কর'
শ্রু এ মোর গেহ!
এস কল্যাণি নারি
বহিরা তীর্থবারি!

বেলা কত বার বেড়ে?।
কেহ নাহি চাহে খর-রবি-দাহে
পরবাসী পথিকেরে!
তুমি এস, এস নারি,
আন তব স্থাবারি!
বাজাও তোমার নিম্বলম্ক
শত-চাঁদে-গড়া শোভন শৃষ্ম,
বরণ করিয়া সার্থক কর'
পরবাসী পথিকেরে!
আনন্দমরি নারি,
আন' তব স্থাবারি!

শ্রোতে বে ভাসিল ভেলা।
এবারের মত দিন হল গত
এল বিদারের বেলা।
তুমি এস, এস নারি,
আন গো অশ্রুবারি!
ভোমার সজল কাতরদৃষ্টি
পথে করে' দিক্ করুণার্টি,
ব্যাকুল বাছর পরশে, ধন্য
হোক্ বিদারের বেলা!
অরি বিবাদিনি নারি
আন গো অশ্রুবারি!

অঁথার নিশীধরাতি।
গৃহ নির্ক্তন, শৃত্য শরন,
অনিছে পৃঞ্জার বাতি!
তুমি এস, এস নারি,
আন তর্পণবারি!
অবারিত করি ব্যথিত বক্ষ
থোল হৃদরের গোপন-কক্ষ,
এলো-কেশপাশে শুভ্র-বসনে
আলাও পৃজার বাতি!
এস তাপসিনি নারি,
আন তর্পণবারি!

সার সত্যের আলোচনা।

মাঝপথ।

বিশেষ কোনো কার্য-উপলক্ষে দ্রদেশে বাজা করিবার সময় মাঝপথে কালবিলম্ব করা বাজীর পক্ষে শ্রেম্বরর নহে—তাহাতে কার্যহানি হইতে পারে। তবে, প্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহ করিবার জন্ম মাঝপথের স্থানে স্থানে ন্যুনাধিক কালবিলম্ব না করিলে নয়—কাজেই করিতে হয়। আমরা এক্ষণে আত্মা হইতে সত্যে বাইবার পথে উপনীত হইয়াছি। এই মাঝপথটিতে কির্থকাল থামিয়া-দাঁড়াইয়া কতকগুলি প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করা নিতান্তই আবশ্রক।

ভাব-জগতের আত্মজ্ঞান কিরূপ পদার্থ, তাহা আমরা পূর্বপ্রবন্ধে দেখিয়াছি। আমাদের গমায়ান হ'চে স্ত্য-জগ্ । ভাব-জগতের মধ্য দিয়া সভ্যজগতে উপনীত হইতে হইবে; তাহার পথ হ'চে আত্মজান। সম্প্রবর্তী পথের প্রয়োজনীয় দ্রব্যসকল আলোচিতপূর্ব আত্মজানের মধ্য হইতেই সংগ্রহ করিতে হইবে। তাহারই একণে চেষ্টা দেখা যাইতেছে।

সন্তা, শক্তি এবং জ্ঞান।
পূর্বপ্রবন্ধে আমরা দেখিরাছি বে, সাধক
আত্মশক্তি খাটাইরা আপনাকে জ্ঞাভৃত্থান
হইতে জ্ঞেরস্থানে আনরন করেন। তাহা
না করিয়া তিনি বদি বলেন—"'আমি আছি'
এ কণাটতে আমার তিলমাত্তও সংশ্র নাই;
এই তো আমার আত্মজ্ঞান হইরাছে; ইহার
অধিক তুমি কি চাও ?" তবে দে বে তাহার
আত্মজ্ঞান, সেরপ আত্মজ্ঞান সকলেরই
আছে; তাহার জ্ঞা সাধনের কোনো আব্দ্রান

কতা নাই। সেরপ আত্মজ্ঞানে যদি তৰ-জিজার ব্যক্তির আকাজ্ঞা মিটিতে পারিত, ভবে ভো কোনো গোলই থাকিত না! ছু:থের বিষয় এই ষে, সেরূপ আত্মজ্ঞানে কোনো তম্বজিজাম ব্যক্তিরই আকাজ্ঞা মিটিতে পারে না। আকাজকা মিটিতে পারে না কেন? না, ষেহেতু দেরূপ আত্মজ্ঞানে ওদ্ধকেবল আত্মার সন্তামাত্রের প্রতি শক্ষ্য করা হয়; তা বই, আত্মার আর-বে-ছইটি ভাব সেই সন্তার সঙ্গাশ্রিত, সে ছুইটি ভাবের প্রতি আদবেই ক্রক্ষেপ করা হয় না। সে হুইটি ভাব কি ? জ্ঞানের मिक् मिश्रा **(मिथिला (म इरे**डि ভाব र'एक আত্মার (১) জ্ঞানক্রিয়া এবং (২) জ্ঞেয় ভাব; कार्यात मिक् मिम्रा (मिथिटन रिम श्रृहेि ভाव হ'চেচ আত্মার (১) শক্তিক্ট্র্ব্তি এবং (১) গুণ-প্রকাশ। আত্মার শক্তি এবং গুণের প্রতি কিছুমাত্র দৃক্পাত না করিয়া শুদ্ধকেবল আত্মার সংজ্ঞা-নির্বাচনকেই কিছু আর আত্মজান বলা যাইতে পারে না। আত্মার मःखा-निर्वाচन थूवरे महक-"विनि कानिटज-ছেন তিনিই আত্মা" এইমাত্র। "যিনি জানিতেছেন তিনি আত্মা" এইরূপে আমি আত্মাকে সংজ্ঞিত করিলাম, কিন্তু যিনি জানিতেছেন তিনি কিরূপ পদার্থ— किकारभरे वा छांशारक खान छे थन कि कता সম্ভবে-ভাহা জানিলাম না, এরূপ আত্মজান निजास्ट वन्नहोन, जाहा पिरिकट পा अन्ना ষাইতেছে। পক্ষান্তরে, সাধক ধণন আত্ম শক্তি থাটাইয়া আপনাকে আপনার জ্ঞান-গোচরে আনয়ন করেন, তখন তিনি আত্মাকে জ্ঞানের কর্মা জ্ঞাতা, জ্ঞানের লক্ষ্য

टक्कं वर कारनत किया कानकिया, वह তিন ভাবে একসজে উপলব্ধি করেন; আত্মার কোনো মর্মাশ্রিত ভাবকেই তাহার ভাষা অধিকার হইতে দুরে সরাইয়া রাখেন না। এইরপ সর্বাঙ্গীন আত্মজানই--গোটা আত্মজানই—প্রকৃত আত্মজান। তাহারও পরের কথা এই বে, সর্বাদীন আত্মজ্ঞানেও সাধকের মনের চাঞ্চা, সংশয় এবং ভজ্জনিত কষ্ট দূর হয় না-যতক্ষণ না তাঁহার দেই স্বশক্তিসম্ভূত আত্মজ্ঞান দর্ক-মৃলাধার বাস্তবিক সত্যের অবলম্বন পায়; কিন্তু দে কথা পরে আসিবে। আপাতত ভাব-জগতের ঐরূপ সর্বাদীন আত্মজান হইতে কতকণ্ঠাল প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করা চাই; ভাহাতেই অধৈষণচে ছা নিয়োগ করা বিধেয়।

ভাব-জগতের সর্বাঙ্গীন **আত্মজান** হইতে আমরা প্রধান বে-চারিটি বিষয় সংগ্রহ করিয়া পাইতেছি, তাহা ক্রমান্বয়ে এই :—

- (১) আত্মার সন্তা।
- (२) আত্মার শক্তিকুর্ত্তি।
- (৩) সাত্মার গুণপ্রকাশ।
- (৪) আত্মার গুণপ্রকাশে আত্মার উপলব্ধি।

এই চারিটি বিষয়। এতব্যতীত ঐ চারিটি বিষয়ের পরস্পরাধীন সম্বন্ধ হুইতে (অথবা যাহা আরো ঠিক্—একপত্মভাব হইতে) আরেকটি বিষয় পাইতেছি; ভাহা এই যে, আত্মার সন্তা যাহা সাধনের পূর্বেক্ত জ্ঞাভৃত্থানে অব্যক্ত থাকে, সাধনের পথ দিরা ভাহাই জ্ঞেরস্থানে ব্যক্ত হয়; ভাহা যথন হয়, তথন আত্মার শক্তিক্ত্রি এবং ৩৩-

প্রকাশ ছুইই সেই সন্তার সহিত ওতপ্রোত-ভাবে একবোগে ব্যক্ত হয়। এইরূপ যথন কর্ত্তা-কর্ম্ম-ক্রিয়া-সমন্বিত সমগ্র আত্মা জ্রেয়-স্থানে ব্যক্ত হ'ন, তথন সেইরপ ব্যক্ত হওয়ার নামই সমগ্র আত্মজ্ঞান, এবং তাহা আত্মশক্তিরই ফলস্বরূপ। এই স্থানটিতে একটি সোজা কথা গোলোকধাঁদার আয় বিষ্ম এক পাকচক্রময় জটিল এবং ছুরছ আকার ধারণ করে। কথাট হ'চ্চে— আত্মসন্তা, আত্মশক্তি এবং আত্মজান, তিনের মধ্যে ভেদাভেদ-সম্বন্ধ। অভেদ এবং প্রভেদ বুঝাও কঠিন – বুঝানোও কঠিন। পক্ষাস্তরে, যদি অভেদ এবং প্রভেদ এই ছই সম্বন্ধকে পৃথক্ পৃথক্ করিয়া বুঝিতে এবং বুঝাইতে শাওয়া যায়, তাহা হইলে আর-এক বিপদ উপস্থিত হয়;—(১) অভেদ-সম্বন্ধ পৃথক্রণে আলোচনা করিতে গেলে श्राष्ट्राप्तत ११ अत्कवादारे अवक्रक रहेशा যায়; (২) প্রভেদসম্বন্ধ পৃথক্রপে আলো-চনা করিতে গেলে অভেদের পথ একেবারেই ব্দবক্ষ হইয়া ধায়। জানিয়া-শুনিয়া আমি এক্ষণে এই অপরিহার্য্য বিপদ্টিকে আলিঙ্গন করিতে উন্থত হইতেছি;—প্রথমে —আত্মসন্তা, আত্মশক্তি এবং আত্মজ্ঞান তিনের মধ্যে অভেদ কিরূপ এবং তাহার পরে তিনের মধ্যে প্রভেদ কিরূপ; —পৃথক্ **१५क् क्रा** এই छुटे । विवरत्रत्र छन्ना सुनकारन প্রবৃত্ত হইতেছি। বাহারই বধন তত্তামু-সদ্ধানে প্রবৃত্ত হইব, তাহারই দিকে তথন সর্বাস্ত:করণের সহিত ঢলিয়া পড়িব, ভাহা আমি জানি, আর,সেই কারণে অপর পক্ষের কোপে পড়িব, ভাহাও আমি বানি; বানি-

রাও, আমি ক'লে পা না দিয়া কাছ
থাকিতে পারিতেছি না। ইহার' কারণ
বদি জিজ্ঞানা কর, তবে তাহা এই বে, আমি
দেখিয়া-শেখা অপেকা ঠেকিয়া-শেখা পছক্ষ
করি। আমার এইরপ বিখান বে, বাহা
ঠেকিয়া শেখা বার, তাহা বেমন মনোমধ্যে
পাকাপোক্ত-রকমে বদ্ধুল হয়—দেখিয়াশেখা জিনিষ কথনই তেমনটি হয় না।
অতএব প্রথমে প্রভেদের কথা দ্রে সরাইয়া
রাখিয়া—জ্ঞান এবং সন্তার মধ্যে অভেদ
কিরপ, তাহা দেখা যা'ক্।

সমাক্ জান সভা হইতে তিল্মাঞ্ড পৃথক্ নহে-সম্যক্ জ্ঞান এবং সন্তা একই। यिन वन त्य, জ্ঞান এবং স্তা পরস্পর হইতে ভিন্ন, তবে আমি বলিব বে, যে-অংশে জ্ঞান সন্তা হইতে ভিন্ন, সে **अः (भ जारा कान नरह। यमि हाजी** হাতি-রূপে প্রকাশ পার, ভবে তাহারি হস্তিবিষয়ক জান : পকান্তরে, ষদি হাতী ঘোড়া-রূপে প্রকাশু পার, ভবে তাহার নাম হস্তিবিষয়ক অজ্ঞান বা ভ্রম। তবেই হইভেছে যে, জ্ঞেশ্বস্থার প্রকাশ যে-অংশে জ্যেবস্তুর সহিত অভিন্নরূপী, সেই অংশেই তাহা জ্ঞাননামের যোগ্য। ইহা হইতে আসিতেছে এই বে, জেরবস্থর প্রকাশ বদি জেরবম্ব হুইতে ভিলমাত্রও ভিন্ন হয়, তবে যে **অংশে** তা**হা ভেরবস্থ** হইতে ভিন্ন, সেই অংশে তাহা এম-শব্দের वाहा। कथात्र वरण "त्वधारन बारबद्ध छत्र. সেইথানেই সন্ধ্যা হয়°—বে বিপদের আশকা করিতেছিলাম, সেই বিপদ্ একরে সম্মুখে দ্রারমান। উপরের যুক্তি অনুসারে অপক্সা

দাড়াইতেছে এই বে, জেরবস্তুর সত্তা এবং সমাক্ জান হরের মধ্যে তিলমাত্রও প্রভেদ নাই,—জ্তান এবং সত্তা একই। প্রভেদের পক্ষ এককণ চুপিচুপি অন্ত্র শানাইতে-ছিল—একণে অবসর ব্ঝিয়া তাহা তীত্র-বেগে বর্ষণ করিতে আরম্ভ করিল।

সন্তাই যদি জ্ঞান হয়, তবে সন্তা তো গোড়া হইতেই আছে। সতাই যদি জ্ঞানের আর-এক নাম হয়, তবে তো জ্ঞান ষ্তদূর হইবার, তাহা গোড়া হইতেই হইয়া বসিয়া আছে। তবে আর জ্ঞানকে পাইবার জন্ম এত আগ্রহই বা কেন—জ্ঞানকে বাড়াইবার জন্ম এত সাধাসাধনাই বা কেন ? তো উৎপত্তিও নাই, বিনাশও নাই, পরি-বর্ত্তনও নাই, সত্তা স্বতঃসিদ্ধ; অতএব, मखा এবং জ্ঞান यमि এक ই হয়, তবে কাজে ই দাঁড়াইতেছে যে, জ্ঞানের উৎপত্তিও নাই, বিনাশও নাই, পরিবর্ত্তনও নাই; জ্ঞান স্বত:সিদ্ধ। ভ্রম কিন্তু স্বত:সিদ্ধ নহে; ভ্রমের উৎপত্তিও আছে, বিনাশও আছে, পরিবর্ত্তনও আছে। ভ্রম একটা আগস্তুক পদার্থ অর্থাৎ উড়িয়া-আসিয়া-জুড়িয়া-বসা-त्रकरमत्र भाषा । जम यथन जागञ्जक भाषा, তথন তাহা না থাকিলেও না থাকিতে পারে। মনে কর, জ্ঞান হইতে সমস্ত ভ্রম বাঁটাইয়া ফ্যালা হইল, আর, সেই গতিকে জ্ঞান বতদ্র নিখুঁত পরিষার হইতে হয়, তাহা হইল। তুমি বলিতেছ যে, ওরূপ অবস্থায় সন্তার সহিত জ্ঞানের তিল্মাত্রও প্রভেদ থাকে না। ইহাতে প্রকারান্তরে বলা হইভেছে এই ষে, ওরূপ অবস্থায় জ্ঞানের কার্য্য ফুরাইয়া যায়, আর, সেই সঙ্গে

জ্ঞান আপনিও ফুরাইয়া যায়;—থাকে কি ?
না, যাহা গোড়া হইতেই আছে – সজ্ঞা-মাত্র।
তবেই হইতেছে বে, জ্ঞানের পরম পরিওদ্ধ
অবস্থা জ্ঞানের অস্তিম দশা; সে অবস্থার
জ্ঞান সন্তার সাগরে ঝম্প প্রদান করিয়া
প্রাণতাগ করে।

বাদী, প্রতিবাদী, উভন্ন পক্ষেরই কথা এই তো শোন। इहेल। वानी बाहारक विनरछ-ছেন-জানের পরম পরিতদ্ধ অবস্থা, প্রতি-বাদী তাহাকে বলিতেছেন —জ্ঞানের অস্তিম দশা। এই ছই কথার কাহার কি মূলা, তাহা একবার মনের বাজারে যাচাই করিয়া (मथा यां क्। मन वत्न এই (य, ज्ञातन व পরম পরিভদ্ধ অবস্থা দকলেরই প্রার্থনীয়— জ্ঞানের অন্তিম দশা কাহারো প্রার্থনীয় নহে। ইহাতে এইরূপ দাঁড়াইতেছে যে, জ্ঞানের পরম পরিশুদ্ধ অবস্থার নিকটে জ্ঞানের অন্তিম দশাকে ঘেঁসিতে না দেওয়া সর্বতোভাবে প্রার্থনীয়। কিন্তু এই প্রার্থ-নীয় কাৰ্যাটি ঘটাইয়া তুলিবে কে ? ভাহা যদি ঘটবার না হয়, তবে তুমিও তাহা ঘটা-ইয়া তুলিতে পার না—আমিও তাহা ঘটা-ঘটবার হয়, তবে তাহার একটা বন্দোবস্ত গোড়া হইতেই হইয়া আছে, তাহাতে আর ভুল নাই। জ্ঞান এবং সন্তার মধ্যে প্রভেদ রকা করা যাহার কার্যা, সে তাহা চিরকালই করিয়া আসিতেছে এবং চিরকালই করিবে— তুমি বলিলেও করিবে—না করিবে। সে কার্য্য কাহার কার্য্য ? সে কার্য্য যাহার কার্য্য এবং বে ভাহা চির-কালই অতন্ত্রিতভাবে করিয়া আসিতেছে

এবং করিবেও, তাহার নাম শক্তি। में कि है कान এवः मखात मायशारन मां डाहेश হুরের প্রভেদ চিরকাল রক্ষা করিয়া আসি-তেছে এবং করিবেও তাহা চির্রকাল। শক্তির কার্য্যই হ'চেচ তাই। এই শক্তির অভাগেমনে আমরা ফাঁকা সভার বদলে গোটা সন্তা পাইতেছি। গোটা সতা হ'চেচ সন্তা, শক্তি এবং জ্ঞান, তিনই একাধারে। একটি বীণাধন্তের তিনটি তার। বীণাযন্ত্র হ'চে আত্মা: আর, তাহার তিনটি তার হ'চেচ-সত্তা, শক্তি এবং জ্ঞান। এই তিনটি তার পরস্পরের সহিত এরপ অভেদ-প্রাণ যে, একটিতে অঙ্গুলি-কোণ ঠেকাহবামাত্রই তিনটি একদঙ্গে বাজিয়া উঠে। তা ভুধু নয়-সামান্য বীণাধিল্লের তন্ত্রীস্থান হাতের তেলোর মতো চ্যাপ্টা-এইজন্য কোন্ তারটি মাঝের তার, এবং কোনু ছটি তার পার্শের তার, তাহা দেখিবামাত্রই বুঝিতে পারা যায়। পক্ষান্তরে, আলোচ্য বাণাটর তন্ত্রীস্থান বংশথণ্ডের স্থায় চোঙাক্রতি। এই-ব্যু এ বাণার তিনটি তারের প্রত্যেকটিই মাঝের তার বলিয়া গৃহীত হইতে পারে; আর যেটিকে যথন মাঝের তার বলিয়া গ্রাহণ করা যায়, তথন অপর ছইটি তার সেইটিরই ছই পার্শের ছইটি তার হইয়া দাড়ার। ফলেও দেখিতে পাওয়া যায় যে, কালের লোকেরা শক্তিকেই মাঝের তার বলিয়া গ্রহণ করেন-পণ্ডিত লোকেরা জ্ঞানকেই মাঝের তার বলিয়া গ্রহণ করেন---ভাবের লোকেরা সন্তাকেই মাথের তার विद्या গ্রহণ করেন। भाष्क्रत्र निकछि मंख्रिरे छान ; (बकरनत निकरि छानरे

শক্তি; ভক্তের নিকটে সভা বা বস্তুই মিলয়ে "বিশ্বাসে সার—বেমন তর্কে বছদূর !" যথন শক্তিকে সন্তা এবং জ্ঞানের মধ্যবর্তী বলিয়া ধরা বার, তথন মনে হয় যে, জ্ঞান অপেকা শক্তি সতার নিকটের বস্তু; তেমনি আবার, যখন শক্তি এবং সভার মধাবলী विश्वा थता यात्र, उथन भरन इत्र (य, শক্তি অপেক্ষা ভরান সতার নিকটের বস্তু। প্রকৃত কথা এই যে, শক্তি এবং জ্ঞান, চুইই স্বার সহিত ওতপ্রোত:-কাজেই তুইকে यिन मखा रहेए जिन्न कतिया प्रिथिए रम. তবে উভয়কে সত্তা হইতে সমদূরবর্তী বলাই যুক্তিসকত; আর, যদি গুইকে সন্তার সহিত অভিন্নভাবে দেখিতে হয়, তবে তো কথাই নাই ;—তবে সত্তাও যা, শক্তিও তা, জ্ঞানও তা, তিনই এক হইয়া দাঁড়ায়। স্থায়-দর্শনের একটি গোডার কথাই হ'চেচ-"শক্তি-শক্তিমতোরভেদঃ" শক্তি এবং শক্তিমান ত্নার মধ্যে প্রভেদ নাই। কথাগুলা বড্ড দার্শনিক হঠয়া পড়িতেছে: অতএব একটা স্থল উদাহরণ দিতেছি, তাহা হইলেই এথান-কার প্রকৃত মন্তব্য কথাট পাঠকের স্বস্পষ্ট হৃদয়ঙ্গম হইবে।

আমার মনোমধ্যে আমি একটা পর সাঞ্চাইয়া তাহার রচনার প্রবৃত্ত হইলাম। গ্রাট সংক্ষেপে এই:—

অবভীরাজ্যের প্রধান মন্ত্রী নানা প্রকার ছলে-বলে-কৌশলে রাজসিংহাসন অধিকার করিলেন এবং অবশেষে আপনার পাকচক্রে আপনি জড়াইরা-পড়িরা অশেষ ছুর্গতি প্রাপ্ত হুইলেন।

গল্পের মাঝধানটিতে ছাই মন্ত্রী যথন স্থ সমুদ্ধিতে ক্ষীত হইয়া ধরাকে সরা-জ্ঞান ক্রিতেছে, তথনকার সে কথাট আমার প্রকৃত মনের কথা নহে ; অথচ সেই কথাটির নানাপ্রকার ডালপালা সাজাইয়া তাহাই व्यामारक मर्सार्थ तहना कतिरा इटेराउरह। আমার বাহা প্রকৃত মনের কথা, তাহা সক-লের শেষে বাহির হইবে। ছষ্ট মন্ত্রীর হুর্গতি-আকাজ্ঞা রচিতব্য উপস্থাসটির বাঁজ। मिह वीकि कि करा वामात्र मत्नत्र मर्था माहि-চাপা রহিয়াছে। গল্পের শেষভাগে ঐ বীজ্ঞটি যথন প্রকাশ্যে বহির্গত হইবে, তথন তাহা শস্যের আকার ধারণ করিবে; অপবা, যাহা এक इ कथा - निज्ञ मृर्खि धातन कतिरव । এখन, यि किछान। कता यात्र त्य, वीटक्र नर्कारणका নিকটের বস্তু কে ? তবে তাহার হুই ভাবের উত্তর ছুইপ্রকার। এক ভাবের উত্তর এই य, वौष्ट्रत नर्सार्थका निकरहेत वश्व इ'रा অঙ্কুর; আর-এক ভাবের উত্তর এই ষে, বীজের সর্বাপেকা নিকটের বস্তু হ'চেচ শস্য। প্রথম ভাবের উত্তরটির ভাবার্থ যে কি, তাহা তাহার গামে লেখা রহিয়াছে; তাহা এই যে, বীজের অব্যবহিত-পরবর্তী দেশকালে অস্কুর ষুটিয়া বাহির হয়। দ্বিতীয় ভাবের উত্তরটির একটু টীকা করা আবশ্রক। সে টাকা এই:---

শস্ট বীজের নিজম্র্তি। অঙ্কর বীজের বাতিম্র্তি। উপন্যাসের শেষের কথাটই আমার মনের নিকটতম বস্তুটিকে দুরে দ্রাইয়া রাখিতেছে। মাঝের ডালপালা আমার মনের এত বে বিরুদ্ধাচরণ করিতিছে—তথাপি ভাহাকে আমি একটবারও

নিবারণ না করিয়া ক্রমিকই প্রশ্রম দিতেছি। কেন এরপ করিতেছি ? তাহার কারণ কি ? কারণ আর কিছু না-–বিপরীত ভাবের প্রতিষোগিতার মধ্য দিয়া মনোগত ভাবটিকে বিধিমতে ফুটাইয়া তুলিবার ইচ্ছা। এখানে **ज्रष्टे** य वह दय, शस्त्र द ज्ञानिशाना नाकाहेना যে কথাটিকে আমি সেই জন্মলাকীৰ্ণ প্ৰাচী-রের ও-পিটে সরাইয়া রাখিতেছি, সেই শেষের কথাটি গোডাতেই আমার মনে উপস্থিত হইয়াছিল এবং গোড়া হইতে শেষ পর্যান্ত ক্রমাগতই তাহা আমার মনে নিরব-एक्टा लागिया तरियाहि। उत्वरे इटेटिक ষে, সেই শেষের কণাটিই সর্বাপেক্ষা আমার মনের নিকটের বস্তা। এখন কথা হ'চেচ এই যে, বীজ যেমন ডালুপালার মধ্য দিয়া শস্তাকারে ফুটিয়া বাহির হইয়া নিজমূর্ত্তি धातन करत, मखा स्मारेक्षण मंक्रिक्मुखिंत मधा **पिया क्वानाकारत राज्य श्हेया निव्यमृ**खि ধারণ করে। যে হিসাবে শশু বীজের নিকট্তম বস্তু (অর্থাৎ যে হিসাবে গল্পের শেষের কথাটিই গোড়ার কথা) সেই হিসাবে, জ্ঞান, সন্তার নিকটতম বস্তু; আর যে হিসাবে অঙ্কুর বীঞ্কের নিকটতম বস্তু, সেই হিসাবে, শক্তি, সন্তার নিকটতম বস্তা। যদি শক্তির প্রতি আদবেই দৃক্পাত না করা যায়.তবে জ্ঞান এবং সন্তা একাকারে পরিণত হয়, তাহা আমরা একটু পূর্ব্বেই দেখিয়াছি। এটাও তেমনি দেখা উচিত যে, যদি জানের প্রতি আদবেই দৃক্পাত করা না ষায়, তবে সন্তা এবং শক্তি একাকারে পরিণত হয়; কেন না, জ্ঞানের ভোগে না আসিলে শক্তির সমত্ত কাৰ্যাই বাৰ্থ হুইয়া গিয়া একান্তপক্ষেই তাহা ভূতের ব্যাগার হইয়া দাঁড়ায়। मत्न कत्र--- चात्र नवहे हहेबारह, तकवन বে হইবে, তাহার সম্ভাবনাও নাই: এরপ অবস্থায় শক্তি কেন-যে শুধুশুধু থাটিয়া মরিবে, তাহার কোনো অর্থ থাকে না; कार्बरे. अक्रथ উদ्দেশ-विशेन, नक्या-विशेन. অর্থ-বিহীন অবস্থায় শক্তি স্তাতে বিলান হইয়া গেলেই বাচে; তা ভধু নয়--- ওরপ অবস্থায় শক্তি আগেভাগেই সভাতে বিলীন হইয়া বসিয়া আছে; কেন না, জ্ঞানের নিকটে শক্তির কার্য্য প্রকাশ পাওয়াতেই শক্তির শক্তিত হয়—শক্তির প্রকাশ বন্ধ হওয়ার নামই শক্তির প্রশায়-অবস্থা। জ্ঞান ना थाकिरण मंक्तित श्रीकांग वस रहेशा यात्र ; শক্তির প্রকাশ বন্ধ হইয়া গেলেই শক্তি সভাতে বিলীন হইয়া যায়। এইরপ আমরা দেখিতেছি যে, একদিকে, শক্তি,—জ্ঞান এবং সন্তার মাঝখানে দাঁডাইয়া জ্ঞান এবং সন্তার প্রভেদ রক্ষা করিতেছে; আর এক मिरक, खान,--- मखा **এবং म**क्तित **माय**शान দাঁড়াইয়া সত্তা এবং শক্তির প্রভেদ রক্ষা করিতেছে।

এতক্ষণের ধন্তাধন্তির পরে প্রকৃত কথাটর দর্শন পাওয়া গেল; তাহা কি ? না সন্তা, শক্তি এবং জ্ঞানের প্রভেদাত্মক অভেদ এবং অভেদাত্মক প্রভেদ, এক কথায়—একাত্মভাব।

গোড়াতেই আমাদের মনে বিষম এক আশকা উপস্থিত হইরাছিল এই যে, জ্ঞানের পরম পরিশুদ্ধ অবস্থা যদি জ্ঞানের অস্তিম-দশারই আর-এক নাম হয়, তবেই ভো বিপদ্! এক্ণে দেখিতেছি যে, সে আশঙা নিতান্তই অসুলক। কেন না, সভা বঁপিলেও সত্তা, শক্তি এবং জ্ঞান একসঙ্গে বুঝায়---জ্ঞান বলিলেও সতা, শক্তি এবং জ্ঞান এক-সঙ্গে বুঝায়,—শক্তি বলিলেও সত্তা, শক্তি এবং জ্ঞান একদঙ্গে বুঝায়; প্রভেদ কেবল এই যে, সন্তা বলিলে সন্তা-প্রধান জ্ঞান-এবং-শক্তি বুঝায়, শক্তি বলিলে শক্তি-প্রধান সন্তা-এবং-জ্ঞান বুঝায়, জ্ঞান বলিলে জ্ঞান-প্রধান শক্তি-এবং-সতা বুঝায়। সহাকে **যদি** স্তা-প্রধান জ্ঞান-এবং-শক্তি না বলিয়া তাহাকে জ্ঞান এবং শক্তি হইতে সম্পূর্ণ পৃথক্রপে গ্রহণ করিতে চাও; শব্ধিকে যদি শব্দি-প্রধান জ্ঞান-এবং-সত্তা না বলিয়া জ্ঞান-এবং-সত্তা হইতে সম্পূর্ণ পৃথক্রপে গ্রহণ করিতে চাও; জ্ঞানকে যদি জ্ঞান-প্রধান শক্তি-এবং-সত্তা না বলিয়া তাহাকে সম্পূর্ণ পৃথক্রপে গ্রহণ করিতে চাও; তবে তাহা করিয়া (तथ े ाहा हहे एवं है कि ता कि के कि हो है । সত্তাকে তুমি যদি শক্তি হইতে পৃথক্ কর, তবে সভার সহিত তোমার কোনো সম্বন্ধই ঘটতে পারিবে না; সন্তাকে যদি জ্ঞান হইতে পৃথক কর, তবে সন্তা তোমার নিকটে প্রকাশই পাইতে পারিবে না। এরূপ অবস্থায়, তোমার মুখে সন্তা-শব্দ একটা নিতান্তই উড়া-সামগ্রী, তাহা বায়ুর অধিক আর কিছুই নহে। তেমনি, জ্ঞানকে সন্তা-এবং-শক্তি হইতে পৃথক্ করিলে জ্ঞানও কিছুই-না হইয়া মাইবে: শক্তিকে সন্তা-এবং-জ্ঞান হইতে পৃথক্ করিলে তাহারও 🗗 দৃশা चिंदित। कन कथा এहे तं, नीन त्यमन দীপশিধা, দীপরশ্মি এবং দীপালোক ভিনই

একাধারে, আত্মা তেমনি আত্মসন্তা, আত্মশক্তি এবং আত্মজান, তিনই একাধারে।
অত এব এটা স্থির বে, সাধকের জ্ঞানে বদি
আত্মা প্রকাশিত হ'ন, তবে আত্মার সন্তা,
শক্তি এবং জ্ঞান, তিনই একসঙ্গে প্রকাশিত
হইবে; এরূপ হইবে না বে,

- (১) জ্ঞান এবং শক্তি অন্তর্হিত হইরা
 ভদ্ধকেবল সভামাত্র প্রকাশ পাইতেছে;
 অথবা
- (২) শব্জি এবং সতা অন্তহিত হইয়া শুদ্দকেবল জ্ঞানমাত প্ৰকাশ পাইণেছে;

অথবা

(৩) সত্তা এবং জ্ঞান অন্তৰ্হিত হইরা গিয়া শুদ্ধকেবল শক্তিমাত্র প্রকাশ পাই-তেছে।

মাঝপথের ব্যাপার অনেকটা বলিয়া
চুকিলাম। অন্ত-একটু বাহা বাকি আছে,
তাহা বারাস্তবের জন্ত স্থগিত রাখা হইল।
বিষয়টি এই:—আত্মজ্ঞানের ভিতরে ঐ
তিন পদার্থের (সত্তা, শক্তি এবং জ্ঞানের)
তারতমাই বা কিরূপ—সামঞ্জ্ঞাই বা কিরূপ
—তাহার পর্য্যালোচনা।

শ্রীদিজেন্দ্রনাথ ঠাকুর।

বিশ্ব-দোল।

চিরকাল একি লীলা গো—
অনন্ত কলরোল!
অক্রত এই দোল!
ত্বলিছ গো, দোলা দিতেছ!
পলকে আলোকে তুলিছ, পলকে
আঁধারে টানিয়া নিতেছ!
সমুথে যথন আসি,
তথন পুলকে হাসি,
পশ্চাতে যবে ফিরে যায় দোলা
ভয়ে আঁথিজলে ভাসি!
সমুথে যেমন পিছেও তেমন
মিছে করি মোরা গোল!
চিরকাল এক(ই) লীলা গো
অনস্ত কলরোল!

ভান হাত হতে বাম হাতে লও,
বাম হাত হতে ভানে!
নিজধন তুমি নিজেই হরিয়া
কি ষে কর কেবা জানে!
কোথা বসে আছ একেলা!
সব রবিশনা কুড়ায়ে লইয়া
ভালে ভালে কর এ থেলা!
খুলে দাও ক্ষণতরে,
ঢাকা দাও ক্ষণপরে,
মোরা কেদে ভাবি আমারি কি ধন
কে লইল বুঝি হরে'?
দেওয়া-নেওয়া তব সকলি সমান,
সে কথাট কেবা জানে!
ভান হাত হতে বাম হাতে লও,
বাম হাত হতে ভানে।

এইমত চলে চিরকাল গো

শুধু যাওয়া, শুধু আদা !

চির দিনরাত আপনার সাথ

আপনি থেলিছ পাশা !

আছে ত যেমন যা' ছিল !
হারায়নি কিছু ফুরায়নি কিছু

যে মরিল যেবা বাঁচিল !

বহি' সব স্থত্থ

এ ভূবন হাসিমুথ !
ভোমারি থেলার আনন্দে ভার
ভরিয়া উঠেছে বুক !
আছে সেই আলো, আছে সেই গান,
আছে সেই ভালবাদা !
এইমত চলে চিরকাল গো

শুধু যাওয়া, শুধু আদা !

মহাকাব্যের লক্ষণ।

ইংরাজি এপিক্-শব্দের অস্থ্বাদে মহাকাব্য-শব্দের প্রয়োগ চলিয়া আসিতেছে; কিন্তু এপিকের সমস্ত লক্ষণের সহিত মহাকাব্যের সমস্ত লক্ষণ মিলে কি না, তাহা বলিতে পারি না। সংস্কৃত অলঙ্কারশান্তে আমার কিছু-মাত্ৰ জ্ঞান নাই,কিন্ত শুনিয়াছি যে, আলম্বাহি-কেরা মহাকাব্যের লক্ষণ ধেরূপ সৃত্মভাবে বাধিয়া দিয়াছেন, তাহাতে মহাকবিগণের চিস্তার কারণ কিছুই রুংখেন নাই। কালিদাদ, ভারবি, মাঘ প্রভৃতি কবিগণের রচিত মহাকাব্য এ দেশে চলিত আছে, <u>6</u> মহাকাব্য সম্ভৰত म क न এবং অলন্ধারশান্ত্রসম্মত মহাকাব্য। রামায়ণ ও ত্ই গ্রন্থকে মহাকাব্য এই মহাভারত, বলা চলে কি না, তাহা লইয়া একটা তুমুল দাঁডায়। ইংরাজি সমস্যা গোড়াতেই পুস্তকে রামায়ণ ও মহাভারত এপিক্ বলিয়া निर्षिष्ठे इत्र, किन्छ आभारमत পঞ্জিতেরা **উ**शमिशदक মহাকাব্য বলিতে সৰ্বন। সমত হন না। প্রথমত এ চুই গ্রন্থ অলম্বারশাল্পের নিয়মাবলি অত্যস্ত উৎ-কটরূপে করিয়াছে। দ্বিতীয়ত नुड्यन মহাকাব্য বলিলে উহাদের গৌরবহানির সম্ভাবনা জন্মে। ইতিহাস, পুরাণ, ধর্মশাস্ত্র ইত্যাদি আখ্যা দিলে বোধ করি এই ছই গ্রন্থের মর্যাদারকা হইতে পারে। म्हाकात्। तिनंत **উहारमंत्र माहा**च्या थर्क করা হয়।

বস্তুতই মাহাত্ম থকা করা হয়। কুমারসন্তব ও কিরাতার্জুনীয় যে অর্থে মহাকাব্য,
রামায়ণ-মহাভারত কথনই সে অর্থে মহাকাব্য
নহে। কুমারসম্ভব, কিরাতার্জুনীয় যে
শ্রেণীর—যে পর্যায়ের গ্রন্থ, রামায়ণ-মহাভারত কথনই সে শ্রেণীর— সে পর্যায়ের গ্রন্থ
নহে। একের নাম মহাকাব্য দিলে, অন্তকে
মহাকাব্য বলা কিছুতেই সঙ্গত হয় না।

রামারণ মহাভারতের ঐতিহাসিকত্ব ও ধর্ম্মশাস্ত্রতের সম্পূর্ণ আস্থাবান্ থাকিয়াও আমরা স্বীকার করিতে বাধা যে,•উহাতে কাব্যরসও যথেষ্টপরিমাণে বিদ্যমান। মহর্ষি বান্সীকি ও রুফকৈপারনের মুখ্য উদ্দেশ্য যাহাই থাকুক, উ হারা যাহা লিথিয়া ফেলিয়াছেন, তাহাতে প্রচ্রপরিমাণে কবিত্ব রহিয়া গিয়াছে,—হয় ত উ হাদের সম্পূর্ণ অজ্ঞাতসারে রহিয়া গিয়াছে; কিন্তু কবিত্ব যে আছে, সে বিষয়ে কাহারও সন্দেহ করিবার উপায় নাই।

রামায়ণ-মহাভারতে কবিষের অন্তিম্ব প্রীকার করিতে গেলেই, মহর্ষিয়কে মহাকবি ও তাঁহাদের কাব্যম্মকে মহাকাব্য না বলিলে চলে না। কেন না, ভাষাতে আর কোন শক্ষ নাই, যদ্ধারা এই কাব্যম্মের সক্ষত নার্মকরণ চলিতে পারে। কুমারসম্ভব-কিরাতার্জ্জ্ব-নীয়কে আপাত্ত মহাকাব্যের শ্রেণী হইতে থারিজ করিয়া দিয়া আমরা রামায়ণ-মহাভারতকেই মহাকাব্য বলিয়া গ্রহণ করিলাম। মনে হইতেছে মেকলে কোথার বলিয়াছেন, সভ্যতার সহিত কবিছের কতকটা
খাদ্য-খাদক বা অহি-নকুল সম্বন্ধ রহিয়ছে।
সভ্যতা কবিছকে গ্রাস করে; অথবা সভ্যতার আওতার কবিতার লতা বাড়িতে পায়
না। বলা বাছল্য, মেকলের অনেক উক্তির
মত এই উক্তিটিকেও স্থবীজনে উপহাস
করিয়া উড়াইয়া দিয়াছেন। বিগত উনবিংশ
শতান্দীতে সভ্যতার আক্ষালন সত্তেও
ইউরোপথতে কবিছের যেরপ ক্ষুর্তি দেখা
গিয়াছে, তাহাই তাহার প্রমাণ। অভ্য

কিন্তু আমার বোধ হয় মেকলের ঐ উব্দির ভিতর একটু প্রচ্ছন্ন সত্য আছে। সভাতা কবিছের নমস্তক চর্কণ নাকরিতে পারে, কিন্তু মহাকাব্যকে বোধ করি সশরীরে গ্রাস করিয়া ফেলে। আবার বলা আবশুক, মহাকাব্য-শন্দ আমি আলম্বারিক-সম্মত অথৈ ব্যবহার করিতেছি না। রঘুবংশ, কুমারসম্ভব ও প্যারাডাইস্ লষ্ট্রে আমি এম্বলে মহাকাব্যের মধ্যে ফেলিভেছি না। রামায়ণ-মহাভারত যে পর্যায়ের কাব্য, সেই প্র্যায়ের কাব্যকেই আমি মহাকাব্য বলি-তেছি। পৃথিবীতে কত কবি কত কাব্য निथिया यभन्नी इहेबाएइन, किन्छ महाकावा দে-ই কোন-কালে রচিত হইয়া গিয়াছে, তাহরি পর আর একথানাও রচিত হইল না। পাশ্চাত্য কাব্যসাহিত্যে লেথকের কিছুমাত্র বাৎপত্তি নাই; কিন্তু সন্দেহ হয়, কেবল হোমারের নামে প্রচলিত গ্রন্থচুইখানি ব্যতীত আর কোন কাবাকে রামায়ণ মহাভারতের ममान भर्गास द्यान (मध्या बाहेट्ड भारत

না। পাশ্চাভাদেশে সভ্যতাবৃদ্ধির সহিত কবিত্বের অবনতি হইরাছে, এ কথা কেহই বলিতে পারিবেন না; কিন্তু শেক্স্পীরারের নাম মনে রাথিয়াও অক্তোভয়ে বলা মাইতে পারে, ইউরোপ মহাদেশেও একবারের বেশী হোমারের জন্ম হয় নাই।

বস্তুতই পৃথিবীর সাহিত্যের ইতিহাসে ও সভ্যতার ইতিহাসে কোন্ প্রাচীনকালে বালাকি, ব্যাস ও হোমারের উত্তব হইয়া-ছিল; তাহার পর কত-হাজার বংসর অতীত হইয়া গেল, কিন্তু মহাকাব্যের আর উৎপত্তি হইল না। কেন এরপ হইল, তাহার কারণ চিন্তনীয়; কিন্তু সেই কারণ আবিদ্ধারে লেথকের ক্ষমতা নাই। তবে একএকবার মনে হয়, মহুষ্যসমাজের বর্ত্তমান অবস্থাই বোধ করি আর সেই-শ্রেণীর মহাকাব্য উৎপাদনের পক্ষে অহুকুল নহে।

রামারণ-মহাভারত ও হোমারের মহা-কাব্যে আমরা মহুষ্যসমাজের যে চিত্র আছিত দেখি, তাহাতে দেই সমাজকে আধুনিক হিসাবে সভ্য বলিতে পারা যায় না। মহুষ্য-সমাজের সে অবস্থা আবার কথনও ফিরিয়া আসিবে কি না, তাহা জানি না; কিন্তু তাংকালিক সমাজে যে সকল ঘটনা প্রতি-দিন সংঘটিত হইত, সমাজের বর্তমান অবস্থায় তাহা ঘটিতে পারে না৷ আমরা এমন কল্পনায় আনিতে পারি না যে. আমেরিকার যুক্তরাজ্যের সভাপতি কোন ইউরোপের রাজসভায় আতিথাস্বীকার করিয়া অবশেষে রাজ্লক্ষীকে দ্বীমানে ভূলিয়া প্রস্থান করিতেছেন, ও তাহার প্রতিশোধ-গ্রহণার্থ ইউরোপের নরপালবর্গ ওয়াশিংটন

অবক্ল করিয়া দশবৎসরকাল বসিয়া আছেন। ডিলারী বন্দীক্ষত লর্ড মেণুরেন্কে গাড়ির চাকার বাঁথিরা দক্ষিণ আফ্রিকার বন্ধর উপত্যকার ঘুরাইরা লইরা বেড়াইতেছেন, ইহা কোন দিনের টেলিগ্রামে দেখিবার কেহ আশা করেন নাই। সিডান্কেজে বিসমার্ক লুই নেপোলিয়ন্কে হস্তগত করিয়াছিলেন সত্য, কিন্ত তাঁহার বুক চিরিয়া নেপোলিয়ন্বংশের শোণিতের আম্বাদগ্রহণ আবশ্রক বোধ করেন নাই। ত্রেতাযুগ্ত্যসানের বহুদিন পরে ব্যরদেশে লক্ষাকাণ্ডের অপেকাণ্ড তুমুল ব্যাপার ঘটিয়া গিরাছে সত্য,কিন্ত কোন বিজ্ঞাী মহাবীরকে ভজ্জন্ত লাকুলের ব্যবহার করিতে হন্ন নাই।

সেকালের এই অসভ্যতা रमत रहारथ वज्हे वीज्दम र्कटक, मरन्मह নাই; কিন্তু দেকালের সামাজিকতার আর একটা দিক আছে, একালে সে দিক্টাও তেমন দেখিতে পাই না। বার্ক এক-সময় আপনার মহাপ্রাণতার ঝোঁকে বলিয়া-हिल्न, भिञानतित्र फिन शठ इहेबाएछ। শিভাল্রি-নামক অনিৰ্বাচ্য সহিত নিরাবরণ মনুষ্যত্বের বর্ষরতার অপূর্ব মিশ্রণে সমুৎপন্ন। একালে মাতুষ মাছবের রক্তপান করিয়া জিঘাংসার তৃপ্তি করিছে চাহে না বটে: কিন্তু আবার **ৰো**ঠ্ডাতার কটাক্ষমাত্রশাসনে, वर्गमान चहरक तिथियां ७, व्याख्य मः गर्भ रमं कि ना, वना यात्र ना। একালের রাজারা মালকোচা মারিয়া যুদ্ধকেত্ত गमाराष्ट्र व्यवजीन रन ना मछा वर्षे, किन्द ভীনরতিগ্রন্ত পিতার একটা কথা রাখিবার

জ্ঞ ফিজি-ছীপে নির্মাদন গ্রহণ করিতে প্রস্তুত থাকেন কি না, বলিতে পারি না অখখামা ঘোর নিশাকালে স্থস্থ বালক-বুদ্ধের হত্যাসাধন করিয়া ভীষণ জুরতা দেখাইয়াছিলেন, मत्सब् নাই ; সভা ডাকিয়া ও থবরের কাগজে প্রবন্ধ লিথিয়া সেই জুরভার সমর্থন তাঁহার নিভাস্তই আবশুক হয় নাই। শ্রীক্লঞ্সহায় পাওবগণ যথন জয়বিষয়ে নিতান্ত হতাশ হইয়া নিশা-কালে শক্রশিবিরে ভীয়ের নিকট দীনভাবে উপস্থিত হইয়াছিলেন, তথন তাঁহারা জীম্মকে তাঁহার জীবনটুকু দান করিতে অহুরোধ করিয়াছিলেন সভ্য, কিন্তু তাঁহাদের লোহ-বর্মের অন্তরালে কারেন্সি নোটের গোছা লইয়া যাওয়া আবশ্যক খোধ করেন নাই।

গত চারি-হাজার বৎসরের মধ্যে মহুষ্য-সমাজের বাহিরের মৃত্তিটা অনেকটা পরি-বৰ্ত্তিত হইয়া গিয়াছে সত্য কথা, কিন্তু তাহার আভ্যন্তরিক প্রকৃতির কতটা পরিবর্ত্তন হইয়াছে, তাহা বলা হুম্বর। মনুষ্টোর বাহি-রের পরিচ্ছদটা সম্পূর্ণ বদ্লাইয়াছে, কিন্তু মমুষ্যের ভিতরের গঠন অনেকটা একরূপই সেকালের রাজারাজড়াও করি সময়মত কৌপীনধারী হইয়া সভা-মধ্যে বাহির হইতে লক্ষিত হইতেন না: কিন্তু এখনকার অন্নহীন প্রমন্ত্রীরাও ও বির্নপতা মালিক্ত অঙ্গের আচ্ছাদনে আরুত রাখিতে পোষাকের হয়। সেকালে জুরতা বর্মরতা ছিল, পাশবিকতা ছিল, এবং তাহা নিতাস্ত নয়, নিরাবরণ অবস্থাতেই ছিল। তাহার উপর কোনরপ আছাদন, কোনরপ পালিশ্, কোনরপ রঙ্-ফলান ছিল না। একালেও ক্রুব্রু, বর্ম্বরতা ও পাশবিকতা হয় ত ঠিক তেমনি বর্দ্তমান আছে; তবে তাহার উপর একটা ক্রন্তিম ভণ্ডামির আবরণ স্থাপিত হইয়া তাহার বীভংগ ভাবকে আছের রাথিয়াছে। সম্প্রতি চীনদেশে সভ্য ইউরোপের সম্মিলিত সেনা বে পরাক্রম প্রদর্শন করিয়া আসিয়াছে, ভাহাতে আটিলা ও জঙ্গিস্থার প্রেতাত্মার আর লক্ষিত হইবার কোন কারণই নাই।

বস্তুতই চারি-হাজার বৎসরের ইতিহাস হৃদ্মভাবে তলাইয়া দেখিলে বুঝা যায়, মধুব্যচরিত্র অধিক বদ্লায় নাই; তবে সমাব্দের মূর্জিট। সম্পূর্ণ পরিবর্ত্তিত হইয়া এবং " মহুষ্যসমাজের অবস্থা গিয়াতে। ৰে কাব্যগ্ৰন্থে প্ৰতিফলিত হইয়া থাকে, সেই কাব্যের মূর্ব্তিও যে তদমুসারে পরিবর্ত্তিত হইরা ষাইবে, ভাহাতে বিশ্বয়ের কারণ নাই। বিশ্বয়ের কারণ থাক আর নাই থাক, আধুনিক কালের সাহিত্যে বাল্মীকি, ব্যাস ও হোমারের আর আবির্ভাব হয় নাই, এবং আর যে কথনও হইবে, তাহা আশা করাও ছম্ব। সাহিত্যে মহাকাব্যের যুগ বোধ হয় অতীত হইয়া গিয়াছে। কালের यथन व्यवधि नार्डे ७ शृथी यथन विश्रूला, जथन বড় কবির ও বড় কাব্যের অসম্ভাব কথন হইবে না, কিন্তু মহুষ্যসমাজের সেই প্রাচীন व्यवश कितिया व्यामियात यनि मञ्चायना ना থাকে, তাহা হইলৈ মহাক্বির ও মহাকাব্যের ৰোধ করি আবির্ভাব আর হইবে না।

বস্তুতই আর আবির্ভাবের আশা নাই। সহাকাব্যের মধ্যে একটা উন্মুক্ত অক্লুত্রিম ষাভাবিকতা আছে, তাহাবোধ করি আর কথনও ফিরিয়া আসিবে না। ছনিপুণ শিল্পী একালে তাজমহল গড়িতে পারেন, কিন্তু পিরামিডের দিন বুঝি একবারে চলিয়া গিয়াছে। মহাকারাগুলিকে আমরা মহাকার অভুত পিরামিডের সলে তুলনা করিতে পারি। একএকবার মনে হয়, উহাদিগকে কোন মানবহন্তনির্দ্দিত ফুজিম কার্ক্কার্য্যের সহিত তুলনা না করিয়া প্রকৃতির হন্তনির্দ্দিত করা উচিত।

আমাদের ভারতবর্ষের মহাভারতকে একএকবার ভারতবর্ষের হিমাচলের সঙ্গে তুলনা করিতে ইচ্ছা হয়। হিমাচল বেমন তাহার বিপুল পাষাণকলেবরের অঙ্কদেশে ভারতবর্ধকে রক্ষা করিতেছে, মহাভারতের বিপুল কলেবর তেমনি ভারতীয় সাহিত্যকে কত-সহস্র-বৎসর কাল অঙ্কে রাখিয়া লালন-পালন ও পোষণ করিয়া আসিতেছে। হিমাচলের বিশাল বকোদেশ বিনি:স্ত সহল্ উৎস হইতে সহল্ৰ লোভ-স্বিনী অমৃতরসপ্রবাহে ভারতভূমিকে আর্দ্র ও সিক্ত করিয়া 'স্কলা স্ফলা শস্যশ্রামলা' পুণাভূমিতে পরিণত করিয়াছে, সেইরূপ মহাভারতের মধ্য হইতে সহস্র উপাধ্যান, সহস্ৰ কাহিনী, সহস্ৰ কথা সমগ্ৰ জাভীয় দাহিত্যের মধ্যে দহস্র ধারা পাবাহিত করিয়া পুণাতর ভাবপ্রবাহে জাতীয় সাহিত্যকে চিরহরিৎ রাথিয়া বছকোটি লোকের জাতীর জীবনে পৃষ্টি ও কান্তি প্রদান করিয়া স্থাসি-তেছে। ভৃতত্ত্ববিং বেমন হিমাচলের ক্রম-বিন্যস্ত স্তরপরস্পরা পর্যাবেক্ষণ করিয়া

তাহার মধ্য হুইতে কত বিশারকর জীবের অন্থিকীকাল উদ্ধার করিয়া অতীতের লুপ্তশ্বৃতি কালের কুক্ষি হুইতে উদ্বাটন করেন;
সেইরূপ প্রস্থাতত্ববিৎ এই বিশাল গ্রন্থের স্তরপরম্পরা হুইতে ভারতীয় জনসমাজের অতীত ইতিহাসের বিশ্বৃত নিদর্শনের চিহ্ন ধরিয়া ইতিহাসের অতীত অধ্যায় আবিদ্ধার করেন।

ভূতত্ববিৎ তাঁহার মানসচক্ষ্ অতীত-কালের পরপারে প্রসারিত করিয়া দেখিতে পান, বস্থন্ধরার ইতিহাসে এমন একদিন আসিয়াছিল, যথন মহাকাল স্বয়ং আপনার ভীমবাছ প্রসারণ করিয়া উত্তপ্ত ধরাগর্ভে বিপুল শব্জিরাশি কেন্দ্রীভূত করিতেছিলেন, **(मिथिट एमिथिट मिरे पूजीकृ मिकिममि**ष्टे আপনাকে প্রসারিত করিয়া ভূবক্ষ বিদারণ করিয়া বহির্গত হইল। ভীষণ ভূকস্পে ধরাপৃষ্ঠ মুহুমুঁছ আলোড়িত হইল। বক্ষ উচ্চুসিত হইয়া পুনরায় ভীতিভরে অপসরণ করিল। পূর্ব্বসাগরের বেলাভূমি হইতে পশ্চিম্বাগরের বেলাভূমি পথ্যস্ত जृशर्ख विमात्रण कतिया महाकाय शायाण-কলেবর হিমাচল গাতোখান তাহার তুহিনমণ্ডিত স্থ্যকিরণোচ্ছল শৃঙ্গ-শম্হ বেষ্টিত করিয়া ঝঞ্চাবায়ু ঘোররাবে প্রদক্ষিণ করিতে नाशिन। कानिश्वनीत वरकारनरम त्रोनामनी कृतिछ হইতে লাগিল। শৃক্ষের উপর শৃঙ্গ আসিয়া ভাঙিয়া পড়িল: দ্রোণিদেশ অধিত্যকায় উপিত হইল ও অধিত্যকা দ্রোণিদেশে

নামিয়া গেল; অরণ্যানী অলিয়া উঠিল, জীবকুল নীর্ব হইল, মহাকালের তাগুৰনর্ত্তনের সহকারে অট্টহাস্তে দিগস্ত নিনাদিত হইতে লাগিল।*

কেন এমন হয় জানি না, কিন্ত নিসর্গের ইতিবৃত্তে ধেমন মহাকাল মাঝে এইরূপ তাগুবনর্ন্তনের ক্রীড়া প্রদর্শন করেন, মানবসমাঞ্চের ইতি-বুত্তেও দেইরূপ সময়ে সময়ে তাঁহার অট্ট-হাস্যের নির্ঘোষধ্বনি ওনিতে পাওয়া যায়। মহাভারতের ঘটনা প্রাচীন ভারতসমাজের একদেশে সংঘটিত হইলেও, ইহাকে আমরা সমগ্র মনুষ্যসমাজের একটা মহাবিপ্লবের চিত্র বলিয়া গ্রহণ করিতে পারি। মহুষ্যহৃদ্দের ঈর্ব্যা, দ্বেষ, জিগীয়া ওপজিঘাংসা প্রভৃতি উৎ-কট ছৰ্দ্দম প্ৰবৃত্তিসমূহ কালে কালে কেন্দ্ৰা-কুষ্ট ও পুঞ্জীকৃত, ঘনীভূত ও স্তৃপীকৃত হইয়া যুখন আপুনার শক্তিতে আপুনি বাহির হইতে চাহে, তথন উহা লেলিহান অগ্নি-किञ्चा वामान कतिया नमाक्रमस्य व्यापनात জ্যোতির্ময়ী জালা প্রসারণ করে; ভক্তিশ্রদা, প্রীতিপ্রেমের উৎস পর্যাম্ভ সেই ভীষণ উত্তাপে শুকাইয়া যায় ; সমগ্র সমাজের পুঠ-দেশ বিপ্লবের ভূমিকম্পে মৃত্রুত্ আন্দো-লিত হইয়া উঠে। অন্তর্নিহিত শক্তিরাশি करलवत्रक विमीर्ग সহস্থতে চূর্ণ করিয়া, ইতন্তত বিকিপ্ত करतः ; नक वरमत्त्रत्र मक्किं सोन्नर्गत्राभि ও রূপরাশি সেই তর্ব অনবপ্রবাহে ভশ্মী-ভূত হইয়া যায়। মহাভারতের বর্ণিভ ঘটনার

 ^{&#}x27;ভৃতত্ববিদের মধ্যে বাঁহারা লারালের শিষ্য, তাঁহাদের হিমালয়োৎপত্তির এই কালনিক বর্ণনায় শহিত
 ইইবার কারণ নাই। প্রাকেশিক catastrophe লারালের মতের বিরোধী নহে।

মধ্যে আমরা মহাকালের অট্টহাস্তের প্রতি-ধ্বনি দুর হইতে শুনিতে পাইয়া স্তব্ধ হই ও মুহুমান হই। এ সেই মানবসমাজের চিরস্তন বিপ্লবের ইতিহাস—যাহা যুগনুগান্তরে খুরিয়া-ফিরিয়া প্রত্যাবর্ত্তন করে; যাহা সাগরগর্ভকে মালক্ষেত্রে উত্তোলিত করিয়া মালক্ষেত্রকে সাগরগর্ভে নিমগ্ন করে: যাহা পর্বতচ্ডার সহিত পর্বতচ্ডার সংঘর্ব উপ-স্থিত করিয়া প্রলয়াগ্নির স্বৃষ্টি করে। সেই অগ্নিশিথায় অরণ্যানী মরুভূমিতে পরিণত হয়, জীবকুল ধরাপুঠে অস্থিকজ্ঞাল রাখিয়া কালের কুক্ষিতে অন্তর্হিত হয়। ইহা সেই সদাতন অধর্মের অভ্যুত্থান, যাহা দলিত, পীড়িত ও সন্ধৃচিত করিয়া ধর্মের পুন:-স্থাপনের জন্ম মহেশরের মহৈশর্য্যের অব-ভারণা আবশ্রক হয়; ভীত, বিশ্মিত মানব-চিত্ত যথন সেই ঐশর্যোর মহিমায় মোহপ্রাপ্ত হইয়া তাহার চরণোপান্তে আপনাকে লুঞ্জিত করে।

মহাভারতের বর্ণিত ইতিহাস মানবসমাব্দের বিপ্লবের ইতিহাস। ভারতবাসীর
জাতীর ইতিহাসে বাস্তবিকই কোনদিন
এইরপ মহাবিপ্লব উপস্থিত হইরাছিল কি না,
তাহা ঐতিহাসিক ও প্রত্নতত্ত্বিৎ অসুসন্ধান
করিবেন। হয় ত কোন কুল্র প্রাদেশিক
ঘটনার স্থতিমাত্র অবলম্বন করিয়া মহাকবি
আপনার চিত্তর্তির সমাধিকালে মানবসমাব্দের মহাবিপ্লবের স্বপ্ল দেখিয়াছিলেন;
এবং সেই স্বপ্লদৃষ্ট ধ্যানলন্ধ মহাবিপ্লবের,—
ধর্ম্মের সহিত অধর্ম্মের মহাসমরের চিত্র
ভবিষ্যৎ যুগের লোকশিক্ষার জন্ত অভিত
করিয়া গিয়াছেন। ভুগর্ডে সঞ্জিত বে শক্তির

বলে হিমাচল ভূগর্ড ভিন্ন করিয়া পাজোখান করিরাছিল, সে শক্তি এখন সাম্যাবছা প্রাপ্ত হইরাছে; এখন হিমাচলের সাহদেশ নিবিড় বনস্থলীতে প্রামারমান হইরাছে; তাহার আরত বক্ষে এখন নিবিড় জলদমালা বারিবর্রণ করিরা সেই শ্রামভূমির হরিংকান্তি অব্যাহত রাথিরাছে; আর সেই জলদমালার বছ উর্দ্ধে ধবলগিরি ও গৌরীশঙ্করের শুলোজ্কল দেহ দূর হইতে দর্শকের বিশ্বর উৎপাদন করিতেছে।

যে সামাজিক বিপ্লবে, যে অধর্মের অভ্যুথানে প্রাচীন ভারতসমাজে অশান্তির ঝটকা বহিয়াছিল, ধর্মের প্রভিষ্ঠার পর দেই ব্যাপারের শ্বতি পর্যান্ত **প্রা**ন্ন বিলুপ্ত হইয়া গিয়াছে; ঝটকা শাস্ত হইয়াছে; মহাসিলুর কলোল স্তব্ধ হইয়াছে, বনানীর দাবাগ্নিগৰ্জন নীরব হইয়াছে: এখন সেই মহাভারত হইতে সহস্র সাহিত্যধারা প্রবা-হিত হইয়া আমাদের জাতীয় সাহিত্যে ও জাতীয় জীবনে শাখাপল্লবের ও পত্রপুষ্পের উদাম করিয়া তাহাকে বিকসিত ও প্রফুল রাথিয়াছে; আর আমরা দূর হইতে ভীমা-ৰ্জুন, কৰ্ণ-ছৰ্যোধন, ভীম্ম-দ্ৰোণ, **অখখামা**-কৃতবর্মার দুঢ়গঠিত, উন্নতশীর্ষ, স্ব্যোতির্দীপ্ত करणवद्गरक ध्वणमूक्ष्याती कित्रशांकण ধবলগিরির স্থায় ভারতসমা**জক্ষেত্রের দৃরস্থিত** দিখলয়ে দণ্ডার্মান দেখিয়া বিশ্বিত ও পুল-কিত হইতেছি।

এই হিমালয়ঘটত উপমাটা এড়কণ অনুগ্রহপরায়ণ পাঠকবর্গের নিভান্তই কর্ম-শ্ল হইয়া পড়িয়াছে সমেহ নাই, ক্রিছ এই সম্পর্কে আরুর একটা কথা না বলিরা নিরস্ত ^{*} ছইতে পারিতেছি না। মহা-ভারতকে আদর্শ মহাকাব্য বলিরা গ্রহণ করিরা এবং হিমগিরির সহিত তাহার তুলনা করিতে গিরা লেখক মহাকাব্যের একটা লক্ষণ নির্দারণ করিয়া ফেলিরাছেন। বলা বাছ্ল্য, এই আবিন্ধার জগতের বাবতীয় অলঙ্কারশাস্ত্রের রোমহর্ষ উৎপাদন করিবে। ভাহা জানিরাও সেই আবিন্ধারটি পাঠক-গণের সম্মুখে উপস্থিত করিবার ছ:সাহস আশ্রর করিলাম; আশা করি, তাঁহাদের শুলোজ্ঞল দশনজ্ঞটা লেখককে রণারস্তেই পৃষ্ঠপ্রদর্শনে বাধ্য করিবে না।

লেখকের মতে যে কাব্য পড়িতে হয় না, ভাহারই নাম মহাকাবা। না পডিয়াই আমরা মহাকাব্যের কাব্যর্গাম্বাদনে হইতে পারি। অনেকটা অধিকারী রামায়ণের চতৃবিংশতিসহস্র শ্লোকের ও মহাভারতের লক্ষ্মোকের অধিকাংশই অপঠিত রহিয়াছে, ইহা স্বীকার করিলে বোধ করি পাঠকসমাজের অধিকাংশই লজ্জিত হইবেন না। তথাপি এই পাঠকসমাজ উভয় মহাকাব্যের কাব্যরসের আশ্বাদন জানেন না, ইহা স্বীকার করিতে তাঁহারা কথনই সন্মত হইবেন না। রাম-চরিত্র ও ক্বফ্চরিত্র, লক্ষণচরিত্র कर्गहित्रज, मुभाननहित्रज ও इत्याधनहित्रज, ভরতচরিত্র ও ভীমচরিত্র, মহাকাব্যের গ্ৰন্থন ভেদ করিয়া এই সকল মহামান্ত্ৰ-চরিত্তের স্পর্শলাভ আমাদের অধিকাংশের ভাগোই ঘটে নাই। আমরা দ্র হইতে উহা নিরীক্ষণ করিয়াছি মাত্র; তথাপি দুর হুইতেই

তাহার মাহান্মো আমরা বিশ্বিত ও স্কম্পিত হইয়া রহিয়াছি। জিজ্ঞানা করা যাইতে পারে, ভারতবর্ষে আর্য্যসমাজে জন্মগ্রহণ করিয়া যে ব্যক্তি মাতৃত্বপ্ত পান করিয়া বর্দ্ধিত হইয়াছে, অথচ রামচরিত ও সীতাচরিতের পুণ্যধারা সেই মাতৃস্তন্তের প্রবাহের মত তাহার আধ্যাত্মিক জীবনের শিরায় সঞ্চাত্তি হয় নাই, স্বায়ুভন্তীতে তাড়িতস্রোতের সঞালন করে তাহার অস্থিতে, ভাহার মজায়, তাহার পেশীতে বল বিধান করে নাই, সেই হতভাগোর- সেই পিণ্ডীভূত জড়ের ভারত-সমাজে স্থান কোথায় ? পঞ্চবিংশতি-কোটি হিন্দুসন্তানের অধিকাংশ, অন্ত কারণ না থাকিলেও, শুদ্ধ ভাষাক্রানের অভাবে. সেই পুণ্য স্বোতিষিনীর মূল প্রস্তবণে গিয়া তৃষ্ণানিবারণে অশক্ত আছে, সন্দেহ নাই: কিন্তু লক্ষণের মত ভাই, হতুগানের মত দাস, ভীম্মের ক্রায় পিতামহ ও কর্ণের ক্রায় বৈরীর জাগ্রত-জীবস্ত প্রতিমৃত্তি ক্রজনের মানসচকুর সন্মুথে দণ্ডায়মান নাই ? আমা-দের বঙ্গদেশেরই অসংখ্য নরনারী মাতৃমুখে লঙ্কাদহনের ও লক্ষণভোজনের কথা গুনি-য়াছে; কথকের মুথে, গায়কের মুথে মন্থরার লাঞ্চনা ও অঞ্চরাবণসংবাদের অভিরঞ্জনে আমোদিত হইয়াছে; যাত্রায়, গানে ভরত-মিলন ও দীতানিৰ্কাদন অভিনীত হৈইতে দেখিয়া অশ্রবিসর্জ্জন করিয়াছে: ক্লভিবাসী রামায়ণ হত্তে অবকাশরঞ্জন করিয়াছে: এবং শেষের সেদিন রামনাম শুনিতে শুনিতে অগৎসংসারের নিকট হইতে চিরবিদার গ্রহণ করিয়াছে; কিন্তু সেই আদিকবির

অমৃতলেখনীর সহিত সাক্ষাৎ পরিচয় তাহাদের ভাগ্যে ঘটে নাই। কিন্তু আপনি জ্ঞানী, আপনি পণ্ডিত আপনি কলাবিৎ, আপনি সমালোচক, আপনি লমজ্দার, আপনি সম্ভরণ দিয়া সংস্কৃতসাহিত্যসমুদ্রের দেখিয়াছেন. আপনার সপ্তকাণ্ড রামায়ণ আত্তন্ত কণ্ঠস্থ রহিয়াছে, আপনার यि विचान थाक (य, अ शलीवानिनी मृथ অপেকা আপনি নিঃসংশয়ে রাম-রসায়নে অধিকতর রসগ্রাহী হইয়াছেন, তাহা হইলে আপনাকে ভ্ৰান্ত বলিয়া নিৰ্দেশ কবিব।

বস্তুতই আমার বিশ্বাস, মহাকাব্যের লকণ এই যে, উহার আগাগোড়া অক্ষরে-অক্ষরে পড়িবার প্রশ্নেজন নাই। মূল হোমার পৃথিবীতে কয়জন লোক পড়িয়াছে ? পঞ্জিত-সমাজের মধ্যে কয়জন লোক হোমারের তর্জনা পর্যান্ত পাঠ করিয়াছেন ? অধিকাংশের পক্ষে কেবল হোমারের গল্প শুনা আছে মাত্র। অথচ টুয়-নগরের প্রাকারসন্মুথে সমুদ্রবেলা পূর্ণ করিয়া আমরা আগামেম্নন্-পরিচালিত গ্রীকৃ অক্ষোহিণীর সন্নিবেশ বর্ত্তমান মুহুর্ত্তে চক্ষের সম্মুখে স্পষ্ট তৃলিকায় চিত্ৰিত দেখিতেছি। সেই বিস্তীৰ্ণ স্তব্ধ সেনা-কুলিত রণাঙ্গনের উপর দিয়া একিলীস, আজাক্স্ ও দায়োমীদের বিশালবক্ষা পরিণদ্ধকন্ধর শালপ্রাংশ জীবন্ত মূর্ত্তি বিচরণ করিতেছে: বৎসরের পর বৎসর অতিক্রান্ত হইতেছে, কিন্তু টুয়-নগরের হুর্ভেদ্য প্রাকার ভগ হইল ना ; धौक् वौत्रशर्गत मिवित्र-মধ্যে মানবছদয়ের সনাতন জর্মাবিছেষ ধুমারমান হইতে লাগিল। সেই ধুম হইতে

অগ্নি জলিয়া উঠিল, গ্রীক্ বীরগণ ক্লণেকের ক্লান্ত উদ্দেশ্যনান্ত ও লক্যন্ত ই হইয়া পরক্ষার আত্মকলহে প্রবৃত্ত হইলেন; তার পর-অক্ষের যবনিকা তুলিবামাত্র অকত্মাৎ পাত্রোক্লসের চিতাধ্ম প্রশমিত হইতে না হইতে একিলী-সের রোষাগ্নি প্রজ্ঞানিত হইয়া উঠিল; রোষাগ্নিপীপ্ত রন্তম্প্তি হুজার করিয়া গ্রজ্ঞান করিল; পরক্ষণেই দেখিতে পাই, মহাবীর হেন্তরের শবদেহ সেই ভীমকর্মার রণক্ষেত্র শোণিতাক্ত করিতেছে ও মর্জ্যে নরগণের প্রাাণিতাক্ত করিতেছে ও মর্জ্যে নরগণের ও আকাশে দেবগণের মুগ্ননত্র বিক্ষারিত হইয়া সেই ক্রের কর্মের প্রতি নীরবে নিক্ষিপ্ত বহিয়াছে।

পাঠকবর্গ যদি এতক্ষণ বুঝিয়া থাকেন, ক্বত্তিবাস পড়িলেই বাল্মীকি পড়ার কাজ **इ**हेरव, **এ**वः ষে সকল পাচালী-পয়ার ভ্রমিয়া কাশীদাস ভারতকথা বর্ণনা করিয়া গিয়াছেন, সেই পাঁচালী পড়িলেই আর **বৈপায়ন-ঋষির শরণ লইতে হইবে না,** তাহা হইলে লেথকের নিতান্ত হুর্ভাগ্য। বদ-রিকাশ্রমযাত্রী যাঁহারা হিমালয়ের চড়াই-উত্রাই অতিক্রম করিয়া আদিয়াছেন, কৈলাস্যাত্রী যিনি যোলহাজার ফুট উপরে 'নীতি-পাস' অতিক্রম করিয়া আসিয়াছেন, এমন কি দাৰ্জিলিঙে কিংবা সিমলা-শৈলের আলোকমণ্ডিত যাঁহারা বিহার করিয়া আসিয়াছেন, তাঁহারা रिभागत्त्रत त्य त्त्रोन्नर्ग त्विशात्वन, रिमा-লয়ের পাদদেশের সমতলবাসীর পক্তাহা हे**लियमत्त्र व्यागा**ठत, मत्मह नाहे। किन्न আশকা হয়, হিমালবের এক এক দেশে,

এক এক অ্ঙ্গে, তাহার কিন্নরীদেবিত গুহামব্যে, তাহার সরশক্রমাজ্য সামুদেশে, তাহার গৈরিকথচিত উপত্যকার, তাহার মাকতপূর্ণরন্ধ্র আপাদিতবেণুক্কত্য কীচক-বনে, তাহার হিমণীকরবাহি-পবন সেবিত গিরিনিঝরপ্রাম্ভে চিত্তবিভ্রমকর অতৃল্য শোভা আছে সত্য; কিন্তু সেই একদেশ-गांशी (भाडा, मिहे প্রাদেশিক মূর্তি, সমগ্র হিমাচলের প্রতি নিরীক্ষণের বড় অবকাশ দেয় না। হিমাচলের বিরাট মৃর্ত্তির শোভা হালাত করিতে হইলে যেন দূরে থাকিয়। তাহার তুক্ত শিথররাজির **बिटक व्यवस्थाकन व्यवश्यक।** प्रहेन्ने বিশাল রামায়ণ-মহাভারতের মহা-কাব্যের মধ্যে অসংখ্য খণ্ডকাব্য নিবিষ্ট तरिशारह; अरनक वनकन्नन एउन कतिया, অনেক প্রস্তরকঙ্কর অতিক্রম করিয়া. অনেক চড়াই-উত্রাই পার হইয়া, ক্লান্ত-भत्रीरत महे नकन ४७कारवात मोन्नर्ग-पर्मात अधिकाती इटेट পातिएल, पर्मादित मन आनन्मद्रम अजिभु ज रहा, मत्नर नारे; **থঞ্জ**বিতার উপমাও অক্তত হল্ভ, সন্দেহ নাই; কিন্তু সমগ্ৰ মহাকাব্যের মাহাত্ম্য-উপলব্ধির বিষয়ে **म्हि थ ७ कार्**कार या व्याप्ताहन। विरम्ध माहासा করে না। সমগ্র মহাকাব্যের মহিমা উপলব্ধি করিতে হইলে, ধেন মহাকাব্য হইতে কতকটা দূরে থাকাই সঙ্গত। मिहे नकन थछकार्यात्र थछ मोन्सर्यात्क চক্র সক্ষু হইতে সরাইয়া মহাকাব্যের বিশালায়ভনের প্রতি দৃষ্টিনিকেপ করাই সক্ত। : .

व्यामात्मत्र मत्था व्यत्नत्कहे मृत महाकावा পড়েন নাই, কিন্তু সকলেই দুর হইতে त्मरे मराकारा एमथियाहिन; **ভীম-**एछान-कर्न-অখখামার উন্নত চরিত্র হিমগিরির উন্নত শৃঙ্গের ভাষ দূর হইতে সকলেরই নেত্রগভ হইয়াছে। তথাপি আমরা মহাকাব্যের মাহাত্মা বুঝিতে পারি। ইউরোপীয় সমা-লোচকদের অবস্থা অন্তর্রপ। রামায়ণ-মহাভারতের ইউরোপীয়গণের লিখিত সমা-লোচনা পড়িয়া আমাদিগকে নিরাশ হইতে হয়। তাঁহারা আমাদের মত দূর হইতে নয়ন ভরিয়া মহাকাব্যের কাব্যদৌন্দর্য্য দেখিতে পান নাই: নিকটে গিয়াও সমগ্র মহাকাব্য অধ্যয়নের অবকাশ তাঁহাদের পক্ষে ঘটে না। বিশেষত পর্বতে উঠিবার সময় ভাহার वनकश्रम, তाहात প্রস্তরকঙ্কর, তাঁহাদিগকে ক্লান্ত ও অবদর করিয়া দেয়; তাঁহাদের ধৈর্ঘা ও অধ্যবসায় পরাস্ত হইয়া যায়। তবে যিনি সৌভাগ্যক্রমে কোন একটা প্রদেশের. কোন একটা অঙ্গের, শোভাদর্শনে সফল হন, তিনি সেই শোভা বর্ণনা করিয়াই আপনার কাজ শেষ হইল, মনে করেন। মহাভারতের অন্তর্গত শকুন্তলার উপাধ্যান, নলোপাখ্যান, সাবিত্রীর উপাখ্যান প্রভৃতি कृज कृज थछकावा मोन्मर्याभोत्रत भतिष्ठं, সন্দেহ নাই; ইউরোপীয় সমালোচকেরা क्षे मकन উপाश्चारनत अभःमा करैत्रन। কিন্তু আমরা জানি, ঐ সকল থওকাব্যের यल्डे त्रोन्सर्ग थाक्, महाकात्वात्र विभाग त्रोक्तर्यात्र निक्रे छाहा द्वान शांत्र ना। কিন্তু ইউরোপীয় সমালোচকের লেখনী এই সকল খণ্ডকাব্যের সমালোচনার বেমন

উদার হইরা পড়ে, মূল মহাকাব্যের প্রশংসার ভেমন উদারভাব দেথাইতে পারে না।

ষাহা পড়িতে হয় না, তাহাই মহাকাব্য; মহাকাব্যের এই লক্ষণ নির্দেশের অর্থ বোধ করি এতক্ষণে অনেকটা স্পষ্ট হইয়া शक्ति । महोकावा ना পिएटन हिनाउ । পারে; কিন্তু যাহা মহাকাব্য নহে, ভাহা ना পिছलে একেবারেই চলে ना। कालिमान धूव वफ़ कवि, इब्र छ वााम-वान्त्रीकि इहेर७७ वड़ कवि; किन्छ जिनि मशकावा लास्थन নাই। কুমারসম্ভব বুঝিতে হইলে ভাহার গর শুনিলে চলিবে না, তাহার অমুবাদ পिছেলে छनिर्व ना; छाहा इहेरन मृन কুমারসম্ভব তন্নতক্ষ করিয়া স্কুলের ছাত্রের মত টীকাটিপ্লনীসহ পড়িতে হইবে। নহিলে কুমারসম্ভব পড়াই হইবে না। কালি-मारात्र ভाষा, कानिनारमत्र इन्म, कानिनारमत्र ध्वनि, कानिमारमञ्ज निकटि ना शिल ভনিতে পাইবে না; দূরে হইতে তাহার किছूरे वृक्षित्व ना। कानिमान भिन्नी; जिनि পাতরের উপর পাতর বসাইয়া সৌধনির্মাণ कतिबारहन, नामा धन्धरन मार्व्यतन देरिहेत উপর ইট বসাইয়া দেয়াল তুলিয়াছেন, সেই দেয়ালের গামে মণিমাণিকা-রত-প্ৰৰালের লতাপাতা কাটিয়া তাহাকে বিচিত্ৰ শোভার অলম্বত করিয়াছেন। তিনি তাজ-মহল গাঁথিয়াছেন, আল্হাম্বা গাঁথিয়াছেন; সেই সকল কারুশিরের শোভা দেখিতে र्हेरन निकरि शहेर्ड र्हेर्द ; प्रकरन्ड **मिला पिश्य मा; ममज्जादात काथ** गरेवा ७ गर्भारगाहरकत कृष्टि गरेवा स्मर्थारन

ষাইতে হ্ইবে। নতুবা দ্বেথিছে পাইবে না ও ব্ৰিতে পারিবে না।

শেক্দ্পীয়র হয় ত আরও বড় কৰি, তাঁহার স্থান হয়ত হোমারেরও অনেক উচ্চে,-কিন্তু তিনিও মহাকাব্য লেখেন নাই। গ্রীক্ कवित (हर्लनरक आमत्रा होर्ष सि नारे, তাঁহার গল ভনিয়াছি মাত্র: কিন্তু বে রূপের আগুনে টুয়-নগর ভন্মীভূত হইয়াছিল, ভাহা আমাদের কল্পনার নেত্রকেও অভাপি ঝলসিরা দিতেছে। কিন্তু শেক্স্পীয়ারের নাম্নিকাগণের मोन्स्या वृक्षिए इटेटन टक्वन शक्न अनिटन বা অমুবাদ পড়িলে চলিবে না। मिशरक निकरं शिवा यह एक प्रिशिष्ट इहेरवः ममञ्जादतत काथ लहेका किटा है**रव**। শেক্দ্পীয়রের ভাষা, তাঁহার ছঁ পাত্রেহার ধ্বনি হইতে দূরে থাকিয়া শেক্স্পীয়রকৈ চিনিবার আশা করা যায় না। একএকবার মনে হয় বটে, শেক্স্পীয়রের একএকখানা **থওকাব্যের ভিত**র হইতে ধেন সাগর-কলোলের অথবা ভূগর্ভতরক্ষের মত্ত শব্দ বাহির হইয়া আসিতেছে, বেন দাবদাহের গম্ভার শব্দ দূর হইতে কাণে বাব্দিডেছে, কিছ নিকটে না গেলে সে শব্দের প্রকৃত পরিচর পাওয়া যায় না। শেক্স্পীয়র হয় ত একালের মহাকবি, কিন্তু তিনি মহাকান্য রচনা করেন নাই।

কৃতিম পদার্থের সৌন্দর্ব্যের সহিত্ বাভাবিক পদার্থের সৌন্দর্ব্যের ঠিক্ ভুলনা হর না। কোন্ সৌন্দর্ব্য বড়, ভারার তুলাদতে পরিমাপ চলে না। মনুবাঞ্জিতা সমরে সময়ে বেন বিধাতার কৃতিকে ব্যাহ্র

বিককে দাঁড় করাইয়া কে ছোট কে বড় निर्द्धन कतिए या अया मभौहीन नरह। কুত্রিমে যাহা আছে, ভাহা স্বাভাবিকে शांक ना ; ञांवात शांडावित्क यादा शांक, তাহা ক্লুত্রিমে থাকে না। উভয় বস্তু ভিন্ন পর্যায়ের। মহাকাব্য চতুরাননের বদন হইতে বিনিৰ্গত হয় নাই, উহা মহুষ্যেরই রচনা, সন্দেহ নাই; কিন্তু উহাতে একটা স্বাভাবিকত্ব আছে, তাহা সেই মহুষোর রচিত অন্ত উৎক্লষ্ট বা উৎক্লষ্টতর কাব্যে নাই। তাহাতে বনজন্সল, প্রস্তরকন্ধর থাকিলেও তাহার একটা গৌরব আছে, তাহাকে দুর হইতে দেখিলেই চেনা যায়; ভাহার গল ভনিলে মন অভিভৃত হয়; তাহাকে वृतिरा हहेरल ममज्नात हहेरा इस ना, শিক্ষানবিশা করিতে হয় না; চশ্মা পরিতে হয় না; সভাবদত্ত চকু লইয়াই তাহাকে চিনিতে ও বুঝিতে পারা যায়। অলঙারহীন, পরিচচদহীন মৃক্ত সাভাবিকতাই মহাকাব্যের বিশিষ্ঠ লক্ষণ। মমুধ্যের সভ্যতা, অস্তত বর্ত্তমানকালের সভাতা অত্যন্ত কুত্রিম বস্তু। এই কুত্রিমতার আমি নিশা করিতেছি না; হয় ত কুত্রিম-তাই মহুষ্যত্বের প্রধান লক্ষণ; হয় ত কৃত্রি-মতা মহুষ্ড হুইতে অভিন ; অন্তত মান-বিক্তার সহিত পাশ্বিক্তার যাহা পার্থক্য, তাহারই নাম ক্বলিমতা। স্বতরাং ক্বলিম-তার निका कतिरण मञ्चात विभिन्ने धर्माकरे নিন্দা করা হয়। এইজন্ম কুত্রিমতার। নিন্দা করিতে চাহি না। ক্রতিমতাই মহ-ষোর গৌরব বলিলেও বিশ্বিত হইব না। ক্ষত্রিমতাতেই মহুবাত্বের চরম ক্ষুর্ত্তি, তাহাও

বলা যাইতে পারে। ক্বত্রিম সৌন্দর্য্যের স্টিতেই মানব্প্রতিভার পরাকার্রা, তাহাও খীকার করিতে প্রস্তুত আছি। কিন্তু তথাপি ক্বতিম শিল্প ক্বতিম। উহাতে চাক্চিকা আছে, গাঁথনি আছে, ওন্তাদি আছে, ও সকলের উপরে উহার চেষ্টাক্বত নির্ম্বাণ-कज्ञनात्र- উरात फिलारेरन--- मसूरवात रुष्टि-কর্তুত্বের আভাদ আছে ; আর যাহা খাভা-বিক, তাহাতে চাক্চিক্য নাই, গাঁথনি নাই, তাহা অয়ত্মকৃত অয়ণাবিস্থান্ত ঝটিকাভগ্ন বারি-ধারাব্যিত বৃহৎ দ্রব্যের সমাবেশে গঠিত। মানুষের বর্ত্তমানকালের সভাতা কুত্রিম। সেইজন্ম মহাকাব্যের প্রধান লক্ষণ যে স্বাভাবিকতা,দেই স্বাভাবিকতার **অভাবে** বোধ হয় বর্তমান সভীতায় মহাকাব্যের উৎপত্তির প্রতিরোধ করে। আধুনিক সভ্যতা কবিত্বস্তির অন্তরায় নহে, কিন্তু মহাকাব্য-স্ষ্টির বোধ হয় অন্তরায়। এখন কর্ম্মযন্ত্রে ভ্রমমাণ মনুষ্যকে তাহার নিরবকাশ জীব-त्नत कथिक-**नक अ**वगत्तत कृष्ठ मृह्**र्छ-**थछकारवात ७ थछरानिकर्यात জ্ঞালা ও বৈচিত্র্য দারা পূর্ণ করিতে হয়, বৃহৎ পদার্থে দৃষ্টি আবদ্ধ রাশিয়া ভাহার বিশাল সৌন্দর্য্যের উপভোগের অবকাশ **ধাকে না**। দেইজন্মই বোধ হয়, সভ্যসমাজে শেক্স্পীয়র জনিয়াছেন, কালিদাস জনিয়াছেন, কিন্তু হোমার জন্মেন নাই বা বালীকি জন্মেন নাই। ইহাতে মমুষ্যজাতির ক্ষতি কি লাভ, ভাহা গুণনার অবসর লেথকের নাই। আমরা **যাহা** পাইয়াছি, তাহাতেই আমাদিগকে তৃপ্ত থাকিতে হইবে। সংসারের স্রোত উণ্টাইবার ক্ষমতা আমাদের নাই। আমরা সহস্র চেষ্টা

করিলেও মহাকবির উৎপাদনে সমর্থ হইব না। তবে কাল নিরবধি ও পৃথী বিপুলা; আবার যদি কালের লোতে, মহাক্বির উৎ-পতি ঘটে, তাহাতেও আমরা বিশ্বিত হইব না।

তী গাহেন্দ্র ক্রন্য তিবেদী।

সৎপাত্ৰ

ষরে তথন কেহই ছিল না। নিস্তক্ষ
মধ্যারু। বাঁশের ঝাড়ে পারবা ভাকিতেছে।
বৈশাথে গতকলা বৃষ্টি হইরা মাটি ভিজিরাছে; ভাড়াভাড়ি চাষ সারিয়া লইবার জন্ত
চাষীরা ব্যস্ত। সাধুচরণের বাড়ীতে বে
চাকরটা থাকিত, ভাহাকেও ভাড়াছড়া
করিয়া মাঠে পাঠান হইরাছে।

সাধু নদীতীরে হাটের উপরে বে নৃতন দোকান ফাঁদিরা বসিরাছে, সেই দোকান তদস্ত করিতে গিরাছিল।

বৃদ্ধা মাসী সাধুচরণের স্ত্রী বিমলাকে লইরা ঘরে হার বন্ধ করিয়া ঘুমের আয়োজন করিতেছিলেন। নিদ্রাবেশে তাঁহার যথন নিশাস সশব্দে পড়িতে লাগিল, তথন বিমলা উঠিয়া সাবধানে হার খুলিয়া দাওয়ায় আসিয়া বিসল।

তাহার দিবানিদ্রার বয়স নহে, সে সবে
সতেরোর পা দিরাছে। মধ্যাহে কিছুক্ষণমাত্র তাহার অবকাশ। এই অবকাশটুকুকে সে সম্পূর্ণ আপনার করিয়া লইতে
চাহে। বাহিরে বাঁশপাতার মর্ম্মরশঙ্কে,
যুষুর ডাকে, মগু গ্রামের নিস্তর্কতায়, তাহার
মনের মধ্যে বে রাল্যস্থতি স্বদ্রব্যাপী বেদনার কর্মণস্থরে বাজিয়া উঠে, তাহা ভাহার

নিতান্তই নিজের, তাহা তাহার একলার;— এইটুকুকে সে সংসারের সমস্ত বাস্ততা, সমস্ত কর্ম্মের ভিড়ের মধ্য হইতে বাঁচাইয়া রাথিয়াছে—ইফাকে সে মধ্যাত্নের প্রথব-রৌদ্রে মরীচিকার মত মেলিয়া-দিয়া তৃষার্ত্ত-দৃষ্টিতে চাহিয়া থাকে।

বিমলা লিখিতে-পড়িতে শেখে নাই;—
তাহার সকল বেদন। ও সকল সান্থনাকেই
বরচিত কল্পনাদোলার দোলাইয়া মান্থ্য
করিতে হয়, ইহাতে মনের কথাগুলি নিতাস্তই আপনার ধন হইয়া উঠে; ইহাতে
অস্তরের ভাবনাগুলিই সত্য এবং সংসারের
ঘটনাগুলি চায়ার মত হইয়া দীভায়।

ইতিমধ্যে পাড়ার ধথন রামারণপাঠ হইরাছিল, সে ভনিরাছিল। সীভার পাতি বতা এবং রামের দাম্পত্যপ্রীতির কথার বিমলার সমস্ত প্রাণটা ব্যাকুল হইরা উঠিরাছিল। এমনি পতিনিষ্ঠা সে-ও লাভ করিবে, তাহার সংসার—তাহার জীবন পতিপ্রেমের ঘারা এমনি চরিতার্থ হইরা উঠিবে, ইহাই সে বারবার করিয়া করনা করিয়াছিল।

কাব্য এবং সংসার এক জিনিব নহে।

অরণ্যে নির্বাসনে, রাজ্যহীন দারিজ্যে

প্রেমকে আ্যাত করিতে পারে না—কিছ

প্রতিদিনের শুক্তার, সংসারের হৃদয়দৈশ্রের মধ্যে [•]পরিপূর্ণ প্রেমকে রস জোগাইরা বিকশিত করিয়া রাখা ক্ষুত্র শক্তির কাজ নহে।

বিমলা ব্ৰিতেছিল,তাহার কল্পনার দাবী সে সংসারে মিটাইতে পারিতেছিল না। কোথার সাতা-সাবিত্রী-দমর্ম্ভী, আর কোথার সে—কোথার কাব্যলোক, আর কোথার তাহার গৃহ! কথকে যাহা শিবার, রামারণে যাহা শোনে, তাহাতে সমস্ত বিগলিত চিত্ত আরুপ্ত হইরা ছোটে, কিন্তু পাষাণ-সংসারে ঘা থাইরা যথন সে ফিরিয়া আসে, তথন জগতের কোন্ধানে তাহার বেগকে সে সংবরণ করিবে!

স্বামীর সহিত তাহার সম্বন্ধটা সংক্ষেপে এই ज्ञा :-- এक - এक हो। भूक्ष थारक, य এদিকে যেন গো-বেচারা, কিন্তু নিজের बीत कार्ष्ट चाननिर्मित्र। नर्ब्ह्रति । एक्ट्रिन । एक्ट्रिन । তৰ্জনেও তেমনি। সাধু সেইরকম লোকটা। वाहित्त (म हुनहान, मूर्य कथा नाहे, কিন্তু অন্তঃপুর তাহার দৌরাত্ম্যে কম্পমান। मूर्थ बाहा ना विनवात, जाहा ज वरनहे व्ववः হাতে যাহা না করিবার, ভাহাও করে। এই বরদে ছটি স্ত্রার অস্ত্রোষ্টিক্রেরা তিনি বিধি-পূর্বক সমাধা করিয়াছেন। প্রথমটি আত্ম-पालिनी: विजीवि गर्जावदाव मतिवाह এवः তাহার মৃত্যুগটনা সংশয়জনক। ভোলানাথ বলিয়া একটি এফে-ফেল্ যুবক বেকার ৰসিয়া আছে, সেই ভদ্রলোক নানা কৌশলে এই ভদ্রলোকটিকে বিচারের বক্ত-मृष्टि रहेएछ बन्ना कित्रिया भन्नीत माधुराम अन रहेबाट्ड।

নাধ্চরণ কুলীন, তাহার বিবাহ হইতে বিলম্ব হইল না। বিবাহকালে নৃতন স্ত্রী বিমলার বয়ন পনেরো ছিল—দেখিতে সে স্থানী।, পতিগৃহে আসিয়াই স্বামীয় সহিত এমনি একপ্রকারের কঠিন ঘনিষ্ঠতা হইল বে, তাহার চাপে দে আপনাকে বিকাশদান করিতে পারিল না।

জীলোকের পক্ষে পনেরো বংসরের শ্বৃতি
নিভান্ত সামান্ত নহে। এই বয়সে ক্ষেত্রের
বন্ধন নানাদিকে নিবিড়ভাবে ক্ষড়িত হইয়া
উঠে। এই সমস্ত বন্ধনকে শিথিল করিয়া
দিয়া তাহাকে প্রবলশক্তিতে একমাত্র
আপনার করিয়া লইতে পারে, এমন একটি
বিপুল প্রেমের জন্ত তাহার হাদর অপেকা
করিয়াছিল।

সেদিন সে তাহার বড়-বড় চোথ-ছটি মেলিয়া পূর্বজীবনের কথা ভাবিতেছিল। চিরকাল দে বাপের আদরের মেয়ে ছিল। বাপ তাঁহার ছেলেদের খুব কঠিন শাসনেই রাখিতেন, কিন্তু মেয়েটির গায়ে হাত দেয়, এমন সাধা কাহারো ছিল না। **মা তাহার** তুরস্তপনা দমন করিতে গেলে বাপ ভাহার পক্ষ অবলম্বন করিতেন। সেই পিভৃত্লেহ-মণ্ডিত তাহার গৃহ এবং পল্লীটি তাহার অনিমেষদৃষ্টির সম্মুথে জাগিয়া উঠিল। সেই আমবাগান, সেই পুকুর, সেই প্রতিবেশী বাড়ুষ্যেদের চণ্ডীমণ্ডপ, সেই ভাঙা-প্রাচীর-मःनधं नात्रिकत्नत्र (अनी, मिटे जीरापत्र গোয়ালের পশ্চিমধারে বাতাবিলেবুর গাছ। গদানামধারী যে কুকুরটাকে পাডের ভাত विवात बच প্রতাহ মধ্যাত্রে সে উলৈঃখনে ডাকিত, সেই সুৰ, অহুগত, অহুরক প্ত-

টিকেও মনে পজিল। তাহাদের পুরুষায়ক্রমিক ভৃত্যবংশীয় বে দীয়্-চাকরটা তাহাকে
নানা বিক্বতনামে ক্যাপাইত, সর্বাদাই যাহার
বিরুদ্ধে সঞ্জলচক্ষে বাবার কাছে, নালিশ
করিতে হইত, তাহার কথাও কোমল হদমটুকুর মধ্যে স্নেহ আকর্ষণ করিয়া আনিল।

আর-একজনের কথাও বারবার তাহার মনে আসিতেছিল, কিছুতেই তাড়াইতে পারিতেছিল না—তাহার নাম বনমালী। পাড়ার অনাথ সজ্মদারদের বাড়ীর ছেলে। এক সময়ে তাহার সঙ্গে থেলা করিয়াছে, বারংবার তাহার সঙ্গে তুমুল বিবাদও ঘটনাছে—অবশেষে এক সময়ে তাহার সঙ্গে থেলা বন্ধ হইয়া গেছে এবং তাহার নাম ভানিয়া বিমলা একদিন কপোল ও কর্ণমূল লাল করিয়া তুলিয়াছে। তাহার সঙ্গে বিবাহের প্রস্তাব পাকাপাকি হইয়া গিয় -ছিল—গায়ে-হলুদ হইবার উপক্রম হইয়াছিল, এমন সময়ে তাহার অপেক্ষা কোলীতে বড় সাধুচরণ স্বয়ং প্রার্থী হওয়াতে সে বিবাহ ভাঙিয়া গেল।

এ কথা কেই না মনে করেন, বিবাহের রাত্রে বিমলার হালয় বিদীর্ণ ইইয়া গিয়াছিল।
সে বনমালীর জন্ত কোন শোক অনুভব
করে নাই। সে হচ্ছেন্দচিত্তে বিবাহ করিয়া
পতিগৃহে চলিয়া গেল। এই বিবাহভঙ্গব্যাপারে জনাথ মজুমদারদের সঙ্গে তাহাদের
মনান্তর হওয়ায় বিদায়কালে বনমালীর
সঙ্গে তাহার দেখাও হইল না। দেখা না
হওয়াতে তাহার মনে বিশেষ ক্ষোভও
উপস্থিত হয় নাই।

কিন্ত সামীর বরে আদিয়া সেহপ্রীতি

हरेट প্রতিদিন বঞ্চিত হইয়ানহাক ভাহার उत्रवानी क्षम यथन कृषाई दृद्धिका उठिक, তথন পিতৃগৃহের সমস্ত স্মৃতির ক্ষর দলে সঙ্গে তাহার বাল্যকালের সেই থে বার সাধী বনমালী ভাছার চিত্ত অধিকার করিল। ত'হাকে মনে করিলেই অলক্ষিতভা ' একটা দীর্ঘনিশাস উদ্দাত হইয়া উঠিত যে একটা সম্ভবপর স্থপ ও সার্থ ু । **হইতে** চিরদিনের জন্ত বঞ্চিত হইয়ার এক এ কথা দে কোনমতেই মন হইতে সমস্ত করি**তে** পারিত না। আজ তাহার হইতে ছে এই নিবিড় মধ্যাহ্ন শৃত্য, জোৎসাধ্যাশা এর কোন অর্থ নাই, বুষ্টিপাতমুখর্টি প্রাবণরজনী একেবারেই বিফল, কিন্তু এ ই সমস্তই কানায়-কানায় ভরিয়া উঠিতে পানুবরিত, এবারকার মানবজনাটা আবর্জ্জনার ম সূত এমন করিয়া নিতান্তই ফেলা যাইত নাদে! পরিভাপের বেদনা কঠিন বলে বনমালী ম 🚑 মূর্ত্তিকে বিমলার জ্বয়ের মধ্যে কাট্যা কাট্ট্রা थुनिया निट्छिन। निक्टे थाकिया शहारक চিরাভ্যাদের ঔদাসীভের সহিত দেখিত, দুরে আসিয়া বিমলা ভাহাকে মনের মধ্য হইতে কিছুতেই ঠেকাইরা রাখিতে পারিল না।

আজ বিমলা গৃহভিত্তিতে ঠেদ্ দিয়া
পা ছড়াইয়া যথন কোন-এক অলক্ষাগোচর অদ্র দেশের দিকে চাছিয়া ছিল,
তথন কাহার অদৃশ্র আক্তি তাহার ছটি
করুণ চকুর উপরে অশ্রহীন বেদনার ছায়া
ফেলিয়াছিল, তাহা সে নিজে স্পষ্ট ব্রিডেছিল কি না, জানি না। এমন সমরে তাহায়
অপরিক্ট মনের ভাবনা মৃতিগ্রহণ করিয়া
প্রাঙ্গণে আসিয়া দাঁড়াইল।

এ কি ! ুএ বে বনমালী ! এক্মুছুর্ত্তে বিমলার কংগিতের সমস্ত রক্ত উদ্বেলিত হইরা উঠিল. তাহার হাত-পা হিম হইরা আসিল। ক্ষণকাল পরে আত্মসংবরণ করিয়া দে মাথার উপরে কাপড় টানিয়া-দিয়া উঠিয়া দাড়াইল।

বনমালী কহিল—"বিমি, তোমাকে দেখিতে আদিলাম।"

বিমি! তাহার পিতৃগ্হের এই আদর্বৈর নামটি শুনিয়া বুকের ভিতর হইতে বিমলার সমস্ত প্রাণটা লাড়া দিয়া উঠিল। হায়, মামুষের প্রাণ কতটুকু মুখের জন্ম কতথানি ত্ষিত হইয়া থাকে। পৃথিবীতে আর কাহারো কাছে এই ছোট শক্টির কোনই মুলা নাই—তবু ইহা এত হ্লভ!

বিমলা কম্পিতথ্যরে কহিল—"বাবা তোমাকে পাঠাইয়া দিয়াছেন ?"

বনমালী। না,আমি আপনি আসিয়াছি। বিমলা। কেন তুমি এমন কাজ করিলে? মাথা থাও, তুমি এথনি চলিয়া যাও!

বনমানী বলিন, "আমি তোমার বাবার নাম করিয়া তোমাকে লইতে আসিয়াছি। এথানকার যে-রকম থবর পাই, তাহাতে আমাকে কিছুতে দ্বির থাকিতে দিল না।"

বিমলা বারবার বলিতে লাগিল—"আমি এথানে বেশ ভাল আছি, স্থথে আছি, আমার জন্ত ভাবিল্লো না। আমার মাথার দিব্য, তুমি এথনি পালাও।"

এমন সমরে বাহির হইতে একটা পারের
শক্ষ শুনা গেল। বিমলা ক্ষণকালের জ্ঞা
বিবর্ণ হুইয়া মুহুর্টে আত্মসংবরণ করিয়া লইল
এবং হঠাৎ কণ্ঠ উচ্চ করিয়া বনমালীকে

পিতৃগৃহের সংবাদ জিজ্ঞাসা ক করিল।

সাধুচরণ ভিতরে প্রবেশ করিয়া একবার বনমালীর,একবার স্ত্রীর মুথের দিকে চাহিল। বনমালী কহিল, 'বিমলাকে সে তাহার বাপের পক্ষ হইতে লইতে আসিয়াছে।' বলিয়া ফলমূলমিষ্টারের ঝুড়ের উপরকার আবরণ খুলিয়া দিল। বিমলা ঘরের মধ্যে চলিয়া গেল।

সাধুচরণ কহিল, "কই, ভোমাকে ত কথনো আমার শশুরবাড়ীতে দেখি নাই!" সে উত্তর করিল, "মশায় ক'বারই বা

সে উত্তর করিল, "মশায় ক'বারই বা খণ্ডরবাড়ী গেছেন !" "মাচ্ছা,আপনি এই ঘরে আসিয়া বস্থন"

" পাচ্ছা, আপান এই ঘরে আসিয়া বস্থন"
—বলিয়া সাধুচরণ বনমান্ধীকে ঘরের ভিতরে
আনিয়া বাহির হইতে ঘার বন্ধ করিয়া তালা
লাগাইয়া দিল। তাহার স্ত্রী যে ঘরে প্রবেশ
করিয়াছিল, সে ঘরেও আর-এক তালা
পাড়ল। তাহার পরে ছই দোছ্ল্যমান
পারের আঘাতে টাটু ঘোড়াকে উত্তেজিত
করিতে করিতে চষা মাঠের মধ্যে ধ্লা
উড়াইয়া সাধুচরণ খণ্ডরবাড়ীর দিকে চলিয়া
গেল। মধ্যায়ভোজনের পরে ঘরের বিড়ালটি
প্রতিদিন যেমন ঘুমায়, তেমনি আরামে
প্রাঙ্গণকোণের ছায়ায় পড়িয়া ঘুমাইতে
লাগিল এবং বছদ্র মাঠ হইতে রাধালবালকের গানের উচ্চতান আসিয়া বুরুর
ডাকের সহিত আপনার করুণা মিলাইল।

রাত্তে গ্রাম নিস্থা। কি কৌশলে জানি না, বন্মালীর কারাছার খুলিয়া বিমলা চুপি-চুপি কহিল—"তুমি পালাও!" টিকেও মনে পিয়িলল—"তুমি সঙ্গে এন !" ক্রমিক ভূত্মলা কহিল—"নে হইবে না—আমার নানাথা থাও, তুমি পালাও!"

বনমালী বলিল—"তোমাকে এফন বিপদে ফেলিয়৷ আমি কেমন করিয়া যাই !"

বিমলা। না গেলে আমি মরির। যাইব— তোমার সঙ্গে গেলেও আমাকে গলার দড়ি দিরা মরিতে হইবে!

ভূনিরাবনমালীনিজেকে ধিকার দিয়া চলিরাগেল।

সাধ্চরণ রাত্তি হুটার সময় ফিরিয়াআসিয়া দেখিল, বনমালী পালাইয়াছে—স্ত্রীর
বর ভিতর হুইতে বন্ধ। বার ভাঙিয়া
বিমলাকে প্রশ্ন করিল—"সে লোকটা
কোধায় গেল ?"

বিমলা কোন উত্তর করিল না !

সাধুচরণ। তুই তাহাকে ছাড়িয়া

দিয়াছিস্

বিমলা শুক হইয়া বসিয়া রহিল।

সাধুচরণ তাহার পরে তাহাকে আরো

কৈছু বলিল—দে নীল হইয়া হিম হইয়া

কোণে বসিয়া রহিল।

ভোলানাথের কথা পূর্ব্বেই বলিয়ার্ছি, ভিনি সংবাদপত্রের সংবাদদাতা। পুলিশের ঘুষ এবং অস্থায় অত্যাচার সম্বন্ধে তিনি অনেক লেখনী কয় করিয়াছেন।

রাত্রি শেষ না হইতেই **তাঁহার খারে** ঘা পড়িল। সাধুচরণের চা**দর হইতে খালিত** হইয়া তাঁহার বাক্সর মধ্যে কিছু টাকা ধ্বনিত হইয়া উঠিল।

পরদিন রাষ্ট্র হইল, সাধুচরণের ব্বতী স্ত্রী গলায় দড়ি দিয়া মরিয়াছে। বিমলার পিতা অবিশাস প্রকাশপূর্বক ম্যাজিট্রেটের কাছে গিয়া দোহাই দিয়া পড়িলেন। কিছ এবারেও এক ভদ্রলোক আর-এক ভদ্র-লোককে রক্ষা করিল। ভোলানাথ পরোপ-কারী। সে নিজের জন্মও উপায় করিতে জানে!

অনতিবিলম্বে অনেক গুলি বিবাহের প্রস্তাব আসিয়া উপস্থিত হইল। কঞা-বংসল পিতারা সংকুলীনের মর্যাদা বোঝে!

স্ত্রীর হিসাবে সাধুচরণের **'**বতা **আ**র তত্ত ব্যয়।'

"চিরদিন।"

ফরাসী কবি কম্পে হইতে]
মাথাটি রাখিয়া মোর বৃঁকের উপরে
বলিলে—"ভোমারি আমি চিরদিনভরে।"
কিন্তু ভবু ছাড়াছাড়ি হবে একদিন
—সেই ভো বিধির বিধি—দারণ কঠিন!

কে জানে মোদের মাঝে আসিরা মরণ হরিরা লইরা বাবে কাহারে প্রথম।

প্রবীণ নাবিকগণ ভরীঘাটে মনস্থা ভুমিয়া ভুমিয়া

দেথিয়াছে শতবার তরিথানি আসিয়াছে কুলেতে ফিরিয়া।

কিন্তু একদিন সেই ত্রিথানি পাড়ি দিল উত্তরপ্রদেশে;

আর দেখা নাহি তার;— মেরুর বরফে বুঝি
চূর্ণ হ'ল শেষে।

দেখিয়াছি কতবার— বহিত বসস্ত-বায়

ববে ধীরে ধীরে,

শ্রম ন্ত বিহঙ্গগুলি মোর এই গৃহতলে আদিত গো ফিরে।

এইবার কিন্তু হায় ! সেই সে বসন্ত এল
—তারা নাই নীড়ে!

তব ভালবাসা প্রিয়ে রবে চিরদিনতরে বলিছ আমায়,

কিছ আমি ভাবি মনে,— কত লোক গেল চলি'
—না ফিরিল হায়।

তাই বলি, "চিরদিন" এই কথা নাছি সাজে মর্ত্তা রসনায়!

শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

স্বপ্রপাণ [২য় সংকরণ]

শ্রীদিজেন্দ্রনাথ ঠাকুর প্রণীত ।

বাংলাসাহিত্যের প্রবাহে, কিছু পশ্চাতে, একথানি কবিতার দ্বীপ নিজের স্থ্যান্তবর্ণ-विनारम, बनासकारत, देननथाकारत, -- निर्कत অধাাত্ম আনন্দের স্বপ্নে অভিনিবিষ্ট হইয়া বসিয়া আছে-এখনো সেধান হইতে আমা-দের জীবনের সঙ্গে বৃহৎ সেতু পড়িয়া যায় নাই। বাস্তবিক সেকালের অন্যান্য কবিতার কাব্যখানিকে ধরিয়া পার্ষে স্বপ্নপ্রয়াণ **(मिथिटन जारनक कथा** मारन हन्न। আন ক্ত কবি গ্রের শ্মালোচনায় বলিয়াছেন যে, গ্রে একজন অতি স্থলর কবি ছিলেন, কিন্তু পোপ্-ডাইডেনের গদ্যময় যুগে জনিয়া-ছিলেন বলিয়া তিনি বেশি কবিতা লিখিতে পারেন নাই,—তাঁহার শ্রেষ্ঠতর কবিত্ব চারিদিকে গদ্যের চাপে প্রচুররকমে উৎ-শারিত হইতে পারে নাই। এই উক্তিতে আমাদের চক্ষুর সমুখে একটি ছবি জাগিয়া পড়ে। মনে হয়, যেন চারিদিকে একটা ধুম্রমগুল-দূরে এককোণে কোথায় একটি কিংওকবর্ণ জ্যোতিঃশিখা কাঁপিতেছে, ভবি-ষ্যতের জন্য অপেক্ষা করিয়া আছে— এখনো তাহাকে কেহই দেখিতেছে না। বাস্তবিক জন্মন্ গ্রেকে সরাসরি 'Barren rascal' বলিয়াই সমালোচনা সাঞ্চ করিয়া-ছিলেন।

সেকালের কবিতার অনেক গুণ থাকিতে পারে—কিন্তু স্বপ্নপ্রশাণ কাব্যথানি হইতে বে একটি মধুর রঙীন জ্যোতি বাহির হইরা আদিতেছে, স্থপ্রারাণের মধ্যে বে একটি জীবনের আন্দোললীলা দেখিতে পাই— এবং এই কাব্যের ভাষায় যে একটি অপূর্বা নৃতনত্বের আন্দাদ পাওয়া বায়—তাহাতে আমাদের চিত্ত আননন্দের রশ্মিঘাতে জাগিয়া উঠে, একটি বিরল কবিত্বলাকের মধ্যে উদ্ভান্ত হইয়া বায়—ইহা দেকালের অন্তান্ত কবিতায় প্রায় একেবারে হল্ভ।

চিত্র ও তাহার সঙ্গে ভাষার মনোহারিত্বই স্বপ্নপ্রয়াণে প্রথমত চোধে পড়ে। অনেকের লেখা যেন বিমর্যভাবে গুইয়া থাকে,—পাঠক তাহাকে হাত ধরিয়া উঠাইয়া লইয়া, পাঠক তাহাতে নিজের কল্পনা প্রয়োগ করিয়া—ভবে কোনোমতে ভাবটাকে জাগাইয়া লইয়া ধাইতে সমর্থ হয়। আবার কোন কোন লেখার বেশ ভদ্রবোকের মত পাঠকের সঙ্গে হাভাহাতি চলিতে থাকে—ৰতই স্থলর, ৰতই গন্তীর ভাব ব্যক্ত করা তাহার উদ্দেশ্য হৌক্. কথা-বার্ত্তাটি বেশ ভব্যরকমের। আর-এক-রক্ম লেখা আছে, ষেধানে পাঠককে **ক**ণে কণে খাস রুদ্ধ করিয়া বসিয়া থাকিতে হয়, অনেক-গুলি শুফকথার জাল ঘুরিয়া-ফিরিয়া ভাবে একটি চিত্র উদ্ভাসিত হয়। কিন্তু **সপ্নপ্রার**ণের লেখার পদে পদে বিশ্বয়ের আবির্জাব, কথার কথায় অপ্রত্যাশিত, অভাবিতপূর্ম সাধচ ভाষা ह्यांचर . চিরপরিচিত চিত্ররাজি।

পড়ে না, চিত্রই জাগিয়া উঠে। বেখানে বা
চিত্র নাই, সেথানেও ভাষার একটি অবলীলাক্বন্ত সজীব ভঙ্গাতে পাঠকের মন উদ্যত
হইয়াথাকে।—এইরূপে আদ্যোপান্ত মনটি
সজাগ হইয়া বিসিয়া থাকে এবং অবিরাম
একটি বিচিত্র জীবনের আনন্দে মাভিতে
থাকে।

"হস্তিতে ডুবিরা গেল জাগরণ—
সাগরদীমার বণা অন্ত বার বালন্ত তপন। ।
বপনরমণী আইল অমনি।' —
এই প্রথম তিন ছত্র পড়িতেই বোধ হয় যেন
দৃশ্যপটের উপর অন্তগানী তপনের বর্ণছেটাকে অস্থসরণ করিয়া একটি গভীর

স্বপ্লাবেশ চক্ষের উপরে আসিয়া আবির্ভূত হইতেছে। ক্রমে—

''ছোঁর কি নাছোঁর মাটি. আমাচল ধ্রায় পড়ে লুটি'----

এইরূপ সমনে স্থপ্ন আসিয়াছ'চার ছত পরে যথন একটি প**ল্ফুল**—

"বুলাইল কবির মূপে চক্ষে নাসিকায় লিরেত্রন আবেশটি আরও নিবিড় হইয়া উঠে। জনে দেখা ধার, সমস্ত প্রথম প্রারাণটি ব্যাপিরা কেমন একটি শিথিল, লুক্টিত, অলস ও একটি স্তম্ভিত-বিশ্বিত ভাবের ধোর লাগিরা রহিরাছে।

উদাহরণয়রপে এতথানি বলা হইল।
কিন্তু সকল ছলেই এইরপ—ৰখন বে ভাব,
তথন সেই ভাবের আশ্চর্যারকমে, পরিপূর্ণরকমে উলোধন দেখা বাইবে। বহির্জগতের
এত চিত্র, এত পূখায়পুখ চিত্র বাংলার
আর কোন, কাব্যেই নাই। শক্ষের এমন
কমতা বে, উচ্চারণমাত্র চক্ষৈ চিত্র উপস্থিত
হর, বধা—

नमौ,--

সরিৎ ছরিৎ বহে তট চুমি' চুমি' ! কোরারা, —

ছুটেছে ফোরার। হর্বে নাতোরার।
শৃক্তে চড়ি উঠিরা ধরিতে বার গগনের তারা
না পেরে নাগাল ছাড়ি দিরা হাল
মনোহুং অধোমুধে কাদি হর সারা।

স্থ্রতি মন্দানিল—
আহা আহা হুমন্দ মৃত্ সমীর
ফুলের প্রাণের কুধা আনিতেছে করিয়া বাদির।

ভাঙা-দাবানে বায়ু— জানালা ঠেলিয়া বায়ু চলি বায় বলি 'সর সর'। পাতাল— শ্রবণপ্রবণ গহরুরভবন

চু শক্টি হইলেই ভাড়াভাড়ি ভাহারে ল্ফিয়া লয় দশদিক করি কাড়াকাড়ি।

—ইত্যাদি। এইরূপ প্রতি ছত্তা। ভ্রু বাস্তব নহে, মনের একেকটি ভাবও অপূর্ব্ব কাল্লনিক চিত্রে উদ্ভাসিত হইরাছে। যেমন,

—মনোরাজ্যের নামে কবি আনন্দে বিভোর হইরা বলিতেছেন—

"মনোরাজ্য নামটি মধুতে ভরা ফুটে যথা পারিজাত বিচরে গন্ধর্ব অপসরা দলি অর্ণরেণু চরে কামধেমু করতক্রছারাতলে রড্নে হাসে ধরা।"

এই শ্লোক কালিদাস লিখিতে পারিতেন।
এই শ্লোকে আনন্দের অবর্ণনীর সৌন্দর্য্য
অলকাপুরীর চিত্রে পরিপূর্ণরূপে প্রকাশিত
হইয়াছে। এইটি আবার বিশেষ করিয়া
বারবার বলি বে, এইরূপ চিত্র যে শুধু একটিছটি হঠাৎ এখানে ওখানে পাওয়া বায়, তাহা
নহে,—এইরূপ চিত্রাবলী প্রথম হইতে
শেষ পর্যাস্ত । বাস্তবিক, স্প্রপ্ররাণ ব্যক্তিকবিহান গভীর ভাব উবোধনেরই কাব্য—
মানবের অধ্যাক্ষলীবনের একটি পরিণতি-

ক্ৰমই ইহাতে উদ্বাস্ত হইরাছে। প্রথম **म्हे व्यक्षाच्यतात्वा**त शतिशासक्तमा मानत মধ্যে স্থির করিয়া ধরা; ক্রমে বহির্জগতের যণায়থ চিত্রে সেইটিকে পরিক্ট করং, মনো-ভাবের ভূতগুলিকে যাত্ করিয়া মাত্রমানুষী-নদীকাস্তারগিরিবনে পরিভ্রমণ করানো; চিত্রের যথাকাল ও যথাভাব-खनित्क अञ्जल इत्स्त्र नीनाव श्रकाम করিয়া তোলা; এবং ছল গুলিকে সজীব ও উक्कन मक्त्रानाम गैलिया छेठात्ना- এই-রূপে স্বপ্নপ্রাণের আদেনপাত্রই একটি অতি উচ্ছণ পরিফুটনক্রিয়া চলিয়াছে। এই অপঙ্গু, পরিপূর্ণ পরিলুটনক্রিয়াটির মধ্যে একটি অসাধারণ মনঃশক্তির বিহাং থেলিয়া ঘাইতেছে। এই মনটির কল্পনা-मन्भर, इन्समन्भर् ଓ ভाষাमन्भर् সাগরের মত অশেষ। ইহার অমুভাব--গান্তীর্য্যেরই (शेक् बाद भीनदर्गादरे (शेक्-रेशांत अबू-ভাব এবং প্রকাশক্ষমতা-অর্থাৎ কবির প্রধান ছটি গুণ-প্রচুরক্রপে বর্তুমান। প্রকাশের কথায় আবার অনেক চিন্তা মনে উঠে। কোন কোন কবিতায় বাস্তব-চিত্ৰ-গুলিকে জভাইয়া চারিদিকে এমন-একটা সনীতের মেঘ জমিয়া উঠে যে, চিত্রগুলিকে ভালমত দেখা যায় না, তাহার চারিদিক আবিষ্ট করিয়া একটা কুহেলিকার ঘোরের মত থাকে—এটা অবশ্য আমাদের মনের বিভ্রমের ফল, আমাদের মনটাই সঙ্গীতের ৰারা এন্থলে আবিষ্ট হইয়াছিল। 'কিন্তু এই মেঘটা কাটিয়া-ফেলিয়া শক্তলিকে বেশ শ্বু, ওম রকমের করিয়া লইতে পারিলেই विष्यं कित्य वित्यय छेक्का कतिया क्रमात्मा

যায়। স্বপ্নপ্রয়াণে এইরূপ ভাষাই দৈখিতে পাই-- वर्षठ मर्स्वहे এकि मुध्न, निक्ड রকমের ধ্বনি খেলা করিয়া যাইতেছে। এখন দেখা ঘাউক, ঠিক এইরূপ শব্দ এবং ধুব ভাবপ্রকাশক্ষম मक (कान्खना। महस्कटे तुका बाहेरछ शारत--- तम व्या**गारमञ** ঘরের ভাষা, সে আমাদের প্রতিদিনের কথাবার্ত্তার জীবস্ত idiomatic বা যোগরাড় ভাষা ! স্বপ্নপ্রয়াণের কবির ষেমন বাংশার এই যোগরুঢ় ভাষার উপর হাত আছে. এরপ আর আমাদের কোন কবিরই नारे। এই कार्या, आभारमत कीवस्त, मिक्स, ঘাতশাল প্রতিদিনের গদ্য হইতে শব্দ বাছিয়া-আনিয়া সেই ভাষার মধ্যেই নানারসের জোরার ছুটাইয়া দেওয়া ২ইয়াছে,—বিচিত্র সংস্কৃত শক্তুলিকেও দেশী বাংলার সঙ্গে গলাইয়া, নানা বিচিত্র মিলের তটে বাঁধিয়া, নানারূপ ছন্দের খাতে প্রবাহিত করিয়া দেওয়া হইয়াছে। আমাদের চিরপরিচিত বন্ধু যে এত কথা কহিতে পারে, আমাদের গৃহ্বারের স্রোতটি যে গিরিশিখর পর্যান্ত, উঠিতে পারে, পাতাল পর্যস্ত ডুব মারিতে পারে—ইহা দেখিরা আশ্চর্য্য হইরা যাইতে হয়। স্থপ্রপ্রাণের এইরূপ দেশী ভাষা বলি-য়াই, ইহার চিত্রগুলি এত অনারাসে আমা-দের চক্ষের উপর নাচিয়া উঠে, ভারভানি নেশায় ধরার মত এত চটু করিয়া আমাদের মনটিকে ধরিয়া ফেলে !—স্বপ্নপ্রয়াণ নিভাত্ই দেশা। এই কাব্যথানির এ**ত ঔজনো**র অন্যতম কারণ এই দেশীয়তা। কেবল ভাষাই নহে, ইহার ভাবসঙ্গতিও নিভাতরূপে আনন্দরালার সভা, হরব-উল্লাস (मनी।

ছ্টি বালকের ব্যবহার; নন্দনপুরের বন-नहीं-कांखारत्रत मृथा; हिज्यानभात हरल সর্বতী, যশোদা, সীতা প্রভৃতির চিত্র;— तोकांत्र हिंद्रा धारमानशूरत गमन ; धारमान-পুরের চটুল, বিলাসী অধিবাসিগণ ও সভার রঙ্গময় নৃত্যগীত;— বিষাদপুরের তালবেতাল, পেতিনী মাসী, বীভৎস অরণা;--বিষাদ-পুরের বিড়ালের থঞ্জনী বাজান , কাকাভূয়ার 'টাকুটাকু আহারে' 'কালো ষেন লোহা' রসনা নড়ান, হাড়গিলার থলিয়া ঝুলান ;-वियामशूरतत हाहा-छ्छ गसर्व, जाषा मञ्जी, অন্ধকার-সভা; রসাতলের গভীর অন্ধকারে ভৈরব কাপালিক, কালীপুজা, ঋশান, উদ্ধা-মুখী,বড়াইবুড়ী প্রভৃতি;—সমরপ্রয়াণে বুদের वर्गना ; देशकरमदवत 'वन्ननशान' छार्ग कता ; इर्डिटकत अधिवानवृष्टि, वारन वारन काठा-কাটি; এবং অবশেষে শান্তিপ্রয়াণের তপো-গিরি, শ্রেয়, শ্রেয়ঃপথ, স্বর্ণবেত্রহন্তে অ্সঙ্গ; शिविभित्व मांडाहेश श्रीयम्हणत खर्गान--সর্বত্রই আমাদের খদেশী প্রাকৃতিক দৃশ্য, प्रमी बिठि**छ ज्ञशक्**षा ७ काहिनी, **आ**माप्तत পরিচিত তান্ত্রিক-সাধনার ভীষণতা, দেশী ছবি, দেশী রামায়ণ-পুরাণের যুদ্ধবর্ণনা এবং আমাদের স্বদেশা ধর্মশাস্ত্রের কথা আমাদের মনে পড়িয়া যায়। ইহার অধ্যাত্মতত্তিও व्यामारमञ्ज करमनी।

এই-ই পথপ্রাণের শক্তির মন্ত্রম মূলকারণ। স্থপ্রপ্রাণের এই দৃঢ়, জ্বলস্ত, স্বদেশী ভাষটির কাছে বাংলার অন্যান্য কাব্য নিত্তেজ্—কারণ, একে ত বিদেশী ভাবের অন্তক্রণ কিছুতেই দেশী ভাবের মত ফুর্জি পাইতে পারে না ভার পরে আবার স্থপ্পরাণের মত বাস্তবাস্থৃতি, ভাষার এমন সম্পূর্ণ অধিকার কোনো কাব্যেই দেখা যার না। তবেই দেখিতে পাই, স্থপ্পপ্রমাণ কাব্যথানি নিতান্ত দৃঢ়। এই দৃঢ়ত্বের বাহা অন্যতম প্রধান কারণ, এখন তাহাতেই অবতীর্ণ হওয়া যাউক।

অনেকেই কোন একটা বিষয়ে কাব্য লিখিতে হইবে, অন্যকে নিজের শক্তি मिथाहेर्ड इहेरव — এইজন্য कावा निश्चिवात्र একটা বিষয় অনুসন্ধান করিতে নামিয়া ইহার এই হয় যে. ফ্ল যাঁহারা ভাগাক্রমে নিজের শক্তির উপযোগী विषय পारेया यान, डांशामत या-(शक्-किছू-একটা দাঁড়ায়; কিন্তু যাঁহারা তাহা না পান, তাহারা এদিক্-ওদিক্' করিয়া একটা মৃঢ় বিশৃঙ্খলরপে আত্মপ্রকাশ করিতে থাকেন। কিন্তু সেই কবি কোণায়, যিনি নিজের একটি আনন্দে সর্কাত্রে বিভোর হইয়া, ভরপুর হইয়া আর চুপ করিয়া থাকিতে না পারিয়া গাহিয়া উঠিয়াছেন ? এইরূপ কবিগণ যথন कविजा निथिए थारकन, जथन हैशामत कान लाक्त कथा मत्न शांक ना, यभ মনে থাকে না,-- মনে, সকলের উর্দ্ধে জাগিয়া থাকে—আনন্দের জ্যোতির্ময় গিরিচ্ড়া এবং তাহারি পাদমূলে তাহারি স্তবগীতছলে মনের সমস্ত শক্তি হিলোলিত হইয়া নৃত্য করিয়া বেড়াইতে থাকে ৷ এইরূপু কাঁবের্য একটি স্থ্র, আপনাতে-পাঠকেরা আপনি-বিলসিত আনন্দের আভাস পাইয়া ধন্ত মানিয়া বার। আমরা অপ্রপ্রেয়াণে এই-রূপ আনন্দের আভাস পাইয়াছি। অধ্যাত্মজীবনের বিবৃতি অপ্পঞ্জাণে দেখা

পরিচয়।

বার—ভাহা কবি কাব্য লিখিবার মানস করিয়া খুঁজিয়া বাহির করেন, নাই—আগে হুইতেই তাহার মধ্যে ডুবিয়া ছিলেন। পরিচয় কোথার ? পরিচয় এই কাব্যের উদার ফুর্ব্তিতে, পরিচয় ইহার যথাযথ পরিমাণে। কিন্তু পরিজার-বলিয়া-দেওয়া পরিচয়ও আছে কাব্যের আরস্ভেই আছে, যেমন সংস্কৃতকাব্যে থাকিত—ভাহার কতক অংশ এই প্রবন্ধেরই আরম্ভভাগে উদ্ভও করিয়াছি; অপর অংশ এই ঃ—

কবি কল্পনাকৈ বলিতেছেন,—

"রাজ্য পাইলাম হাতে 'মনোরাজ্য' শুনি।

শুনা সঙ্গে তথার না যাব যদি
কেন তবে এতেক সাধ্যসাধনা শৈশব-অবধি!

অই মম জপ, এই মম তপ

অই চাদে উনমাদ বাসনা-জলধি।"

এই আবে গপূর্ণ উক্তিতেই সেই আনন্দের

আমি ষতদূর বৃঝি, ততদূর স্বপ্নপ্রয়াণের मृत त्रीनर्ग्रश्वित विवृष्ठ कविनाम। এখन একটি প্রশ্ন করিবার সময় উপস্থিত। এত সুন্দর, এত অলকার মায়াময়, এত অন্তত-পৌরুষবিশিষ্ট কাব্যথানি—তবু ইহার আদর কেন হয় নাই ? কাব্যামোদী অল্পংখ্যক লোকের কাছে আদর হইলেও স্থপ্রয়াণ বাংলাদেশে প্রসিদ্ধিলাভ করিতে পারে नारे, देश श्रित। (कन? हेरात কারণ কি ? কারণ সেই গ্ৰে এবং পোপ। কারণ সহজ ভাষা ও গভীব (भोना-র্য্যের অমূল্য মাহাত্ম্য অনেকেরই তথন অধিগম্য ছিল না। কিন্তু আরও কারণ থাকিতে পারে। সে হচ্চে এই ষে, দ্বপ্নপ্রয়াণ

রূপক ব্যক্তিত্বের সার্বভোমিক ভিত্তির উপর দাঁড়ার না, সে মনোরাজ্যের স্থান গুৰাৰ ভিত্তি পাতিত করে। ভাবিরাও দেখি, স্বপ্নপ্রয়াণে ব্যক্তিছের সংঘাভোখ चुर्गा नाहे-हिशंत अक्षरहे पन, এक्तत शत আরেকটি, স্রোতে ভাসিরা চলিরাছে:--এগুলির উপর মানুষের কতকটা আকার-প্রকার দেওরা হইয়াছে মাত্র -- হৃদয়ের গভীর করুণা, শোক, সন্দেহ প্রভৃতির বিচিত্র কুটিল আবর্ত ইহার মধ্যে দেখা যায় না---এ কাব্যে ব্যক্তিত্বের ইন্দ্রজাল নাই। এইরূপ একটা কারণ থাকিতে পারে—কিন্ত তথাপি যদি কবিত্ব আদৃত হইত, তবে এ দোষটা গণনা না করা যাইতেও পারিত। যে ভাবে আছে, ইহাকে সেই ভাবেই কেন গ্রহণ কর। যাউক না। এই কাব্যথানি অধ্যাত্মরাজ্য এবং তাহার অমুরূপ ভাবময় বহির্জগৎ, এই प्रश्वित्र मर्था प्रवत कीवन नीनां वानत्क পরিপূর্ণ— এই ভাবেই কেন ইহাকে গ্রহণ করা যাউক না ? ইহা সপ্প্রপ্রাণ নাম ধরিয়া, ইহার স্থলর বিকটগম্ভীর অত্যু**জ্জন স্থপ্ররাজ্য স্থলনে**র হারা নিজের নাম সার্থক করিয়াছে-- আমরা সেই ভাবেই কেন ইছার মধ্যে প্রবেশ না করি ? সেই ভাবে প্রবেশ করিবার ক্ষমতা থাকিলে আমরা স্বপ্নপ্রয়াণে চিত্তকে বছবছ দূরে—বছ রত্নৰীপের উপ-কুলে, বছ ক্ষহার প্রবণপ্রবণ অন্ধকারে সাঁতার দেওয়াইয়া, একটি অন্তুভ শক্তির আনন্দে জাগ্ৰত হট্যা উঠিতে পারিব— নিরঞ্জন নেত্রে সহসা জগৎ জ্যোতিশায় হইয়া (मथा मिरव, निश्च क अवशक्रहत्त क्षानत्मत বিখব্যাপী বন্দনাগান ধ্বনিত হইয়া উঠিবে।

তবুর্ও কৈন্ত অনেকেই আদর করিল না—
তাহার কারণ আছে, যথা:—পরিপূর্ণরূপে
উদ্তাসিত করিয়া দেখাইলেও, স্বপ্নলোকে
প্রয়াণ করিবার শক্তি সকলেই রাথে না।
অনেক লোকই কর্মিষ্ঠ সংসারী ব্যক্তি,—
কাজকর্ম্মের অবসানে দিব্য নিজা দিয়া
আরাম লাভ করে। সেই নিজার মধ্যে
বিক্তত স্থপ্ন অনিবার্যারূপে তাহাদের স্মুথে
আাসিয়া পড়ে, তাহাতে কোনো সন্দেহ নাই
—কিন্তু জাগিয়াও এতটা নিজ্ঞল স্বপ্ন লইয়া

বিদিয়া থাকিবার শক্তি অনেকেরই নাই।
অথচ যদি রীত্যকুসারে সংশ্বভশব্দের হাতীতে
চড়াইয়া, অতি বিক্বত সাজসজ্জাতেও, কতগুলা ক্ষণিক বাহ্নিক রুচ্দেবতাকে বাহির
করিতে পার—তবে ইহারা দাঁড়াইয়া
চীৎকারস্বরে বাহবা দিবে, এ বিষয়ে সন্দেহ
নাই। অপ্লামোদিগণ এই দলের জন্ম ক্লপা
রাথিয়া অচিরেই আবার সেই বিচিত্র
অর্গ-রসাতল-অভিমুখে পলায়ন করিয়া
থাকেন।

শ্রীসতীশচন্ত্র রায়।

পাদির ক হাল।

(ফরাসী লেখক গ্যাত্রিয়েল মার্ক হইতে)

5

অধ্যাপক আল্দিবিয়াড্-রেণোকে ঘাঁহারা জানেন, তাঁহারা সকলেই বলেন, তিনি একজন বাতিকপ্রস্ত বৃদ্ধ। সকলেই এই কথা বলেন বটে, কিন্তু কেন বলেন, জিজ্ঞানা করিলে কোন যুক্তিনঙ্গত উত্তর দিতে পারেন না। আমরা যখন কাহাকে 'ভালমান্থ' বলি. তখন ষেমন ঠিক্ তার কারণ নির্দেশ করিয়া বলিতে পারি না, 'বাতিকপ্রস্ত'শস্কৃতিও আমরা ঐরপ অনিদ্ধিষ্টভাবেই প্রয়োগ করিয়া থাকি। কিন্তু এ কথা স্বীকার করিতে হইবে, ঐ শস্কৃতির শার্ম হ্যে ভাব ব্যক্ত হয়, অন্ত কোন শব্দে ঠিক্ সে ভাবটি ব্যক্ত করা যায় না।

সেই সর্বজনসমান্ত শ্রদ্ধাম্পদ অধ্যাপক

আল্সিবিয়াড্-রেণো সংসার হইতে অবসর
লইয়া স্থান্তর বিজনে বাস করিতেন। ক্রপণ,
শঠ, স্বার্থপর সাংসারিক ব্যক্তিদিগের সঙ্গ স্বাত্তর বর্জন করিয়া তিনি উন্মন্তভাবে অতীক্রিয় ভৈষক্ষা ও দর্শন শাস্ত্রের গূঢ়রহস্য-আলোচনায় নিমগ্ন থাকিতেন।

১৮৭৯ খৃষ্টাব্দের ২৫শে অক্টোবর তারিথে তিনি একথানি পুরাতন পুঁথির অক্ষর-বাচন ও অর্থোদ্ঘাটনে ব্যাপৃত ছিলেন। সেই পুরাতন পুঁথিথানিতে কভকগুলি অলোকিক ঘটনার কথা বিষ্তুত ছিল এবং সেই সম্বন্ধে একজন ধর্মিষ্ঠ মঠ-সয়্যাসীর টীকাটিপ্পনীও যথেষ্ট ছিল। কভকগুলি মহাপাপীকে ঈশ্বর কিরূপ শারীরিক দশু বিধান করিয়াছিলেন; পাপের শান্তিম্বরূপ কাহার বাক্-১রাধ

হইয়াছিল, রূপগর্বের জন্ম কাহার ফুলর দেহ কুৎসিত হইয়া গিয়াছিল, এই সমস্ত কথাতেই পুঁথিথানি পরিপূণ। সেই পুঁথির অন্তর্গত একটি প্রবন্ধের প্রতি তাঁহার মনোযোগ বিশেষরূপে আরুষ্ট হয়। সেই প্রবন্ধটি এই:— "একজন নিরস্থীকৃত ব্যক্তির অত্যাশ্চর্যা প্রামাণিক ইতিহাস।"

সেট প্রবন্ধে এইরূপ বিবৃত হইয়াছে ;— একজন মঠ-সন্ন্যাসী বন্ধচর্যাবত ভঙ্গ করায় সেই পাপের শান্তিম্বরূপ, তাহার শরীর হইতে কল্পাল বাহির করিয়া লওয়া হয়। এইরপ অস্থিশনা অবস্থায় সমস্ত উদাম বাসনার বশবর্ত্তী হইয়া তাহাকে অনেক-বংসর কাল জীবনধারণ করিতে হইয়াছিল। কেন না, সেই পার্ভুলিপির লেখক বলেন, মমুষ্যের চিন্তাবল ও ইচ্ছাশক্তির উপর দেহস্থ অস্থিসমূহের বিলক্ষণ প্রভাব আছে। তিনি আরও বলেন, এইরূপেই মনুষ্য এই পৃথিবীতেই কিয়ৎপরিমাণে নর ক যন্ত্রণা ভোগ করিয়া থাকে। অধ্যাপক, জনেক-দিন হইতে এই সকল অদ্ভত সিদ্ধান্তের কোনরপ যুক্তিসঙ্গত ব্যাখ্যা আবিষার করিতে না পারিয়া, বিরক্ত হইয়া পুঁথিখানি বন্ধ কবিলেন।

বিশ্রামের আবশুকতা অন্থত্ব করিয়া,
তিনি তাঁহার ক্ষুদ্র গৃহ হইতে বাহির হইলেন।
সেই প্রদেশে ক্ষরকদিগের একটি সরোবর
ছিল, সেই সরোবরের ধারে তিনি নিত্য
বেড়াইতে যাইতেন। কুসংস্কারাপন্ন ক্ষরকেরা
সেই সরোবরটিকে 'মোহিনীর সরোবর'
বলিত। এইখানে, অধাপকমহাশর,
উৎপাটিত 'উইলো'গাছের ভাঁড়ির উপর

বিসিয়া, নিশ্চলভাবে, নিবিউচিত্তে, অনেক-কণ ধরিয়া মাছ ধরিতেন। এইরপ আত্ম-বিনোদন অধ্যাপকের পক্ষে অভ্ত বটে! একে তো, অধ্যাপক এ পর্যান্ত একটি মংস্থাও ধরিতে পারেন নাই; তাতে আবার ঋত্-স্থাভ শীত ও বিষাদের প্রভাব অভিক্রেম করিতে না পারিয়া, ক্রেমশ তিনি বিষাদমর চিন্তাগাগরে নিমগ্র হটয়া পড়িলেন।

শরৎকালের সায়ায় ; বিজন পদ্দীতামে
ইহারই মাধ্য শাঁতের কাঁপুনি আরম্ভ হইয়াছে।
বৃষ্টিজলে সরোবরটি ঈষৎ পীতবর্গ হইয়া
গিয়াছে ; এবং স্ক্র অবগুঠনের ন্যায়
সরোবরের জল কুয়াশায় আছেয় হইয়াছে।
উচ্চ পাড়ের উপর, শাধা-পল্লব-বিরহিত
বৃক্ষগণ স্বীয় গুরুত্ব হারাইয়া বেন সেই স্বছ
কুয়াশায় ভাসিতেছে। তত্তস্ত জনহীন মাঠগুলি একেবারে নিগুরা। কথন-কথন
ছই-একটি শাঁড়কাক আসিয়া ইতস্তত
বসিতেছে।

অধ্যাপক, প্রকৃতির এই বিষয়ভাবে অভিভূত হইয়া পড়িলেন। বিষাদের চিস্তালাল
আদিয়া যেন তাঁহাকে চারিাদক্ হইতে
ঘিরিয়া ফেলিল। তিনি যেন একপ্রকার
বিষাদের বিলাস অমুভব করিতে লাগিলেন;
স্বীয় অতীত জীবনের অক্রময় দিনওলির
মৃতিপ্রবাহে আপনাকে অসংবতভাবে
ছাড়িয়া দিলেন। এখন বাহা-কিছু ভাঁহায়
দৃষ্টিপথে পতিত হইল, সমন্তই যেন
তাঁহার যৌবনের স্মৃতির সহিত মিশিয়া
যাইতে লাগিল। ৩৯ তৃয়প্রবের মধ্যে
থাকিয়া তাঁহার মনে হইতে লাগিল, যেন
তাঁহার যৌবনের সকল নিক্ল ক্রম—জভ্গ

বাসনা, মেদের, ন্যায় তাঁহার মন্তিক্ষের মধ্যে ভাসিতেঁতে :

মনের ভাব টুকিয়া রাথা অধ্যাপকের অভাাস ছিল। বিভিন্ন সমন্বের মনোভাব তুলনা করিয়া, তাহা হইতে তিনি বৈজ্ঞানিক সিদ্ধান্ত স্থাপন করিতেন। তিনি এই সমন্বে শ্বতিলিপির বহি বাহির করিয়া, বে কথাগুলি তাহাতে লিপিবদ্ধ করিয়াহিলেন, আমুরা তাহার অবিকল প্রতিলিপি নিয়ে দিতেছি:—

"তেরেসিতা ! যে প্রেম এখন অন্তহিত रहेबारक, त्मरे अधिकात जूमिरे अधिकाती দেবী! তোমার একটি চাছনিতে আমার जीवरनत तहना थूलिया शिवाहिल ! अंटिका-ভগ্ন শৈলরাশির মধ্য দিয়া—উৎপাটিভ বৃক্ষ-সমূহের মধ্য দিয়া কত-কত বৎসর চলিয়া গিয়াছে, তবু আমি তোমাকে ভালবাসি কোথার তুমি ? বোধ হয় লোকান্তরে আহা ! এই 'বোধ হয়' কথাটির মধ্যে কি মোহনমন্থই নিহিত। আর আমি -- সংসারের गनशर द्रक आगि किना अथारन এই शामा-जनक कुछ को जारमारम आश्ववित्नामन कति-তেছি ! খার তুমি রাফারেল, স্থম্ম রহস্য-মর ভাবে ভোর বিশুদ্ধচরিত্র যুবক—তুমি कि ठां ९ ? जामात्र ठटकत मन्त्र निर्मा তোমার সেই মৃত্তিখানি যেন চলিয়া যাই-তেছে—ভোমার মূখে কি-এক অভুত হাসির রেথা বেন আমি অন্ধিত দেখিতে পাইতেছি। मानवञ्चलक कृ:थकहे इहेटक भनावन नी করিরা তুমি প্রাক্রির বেশে সেই সব হংখ-क्षे आत्रश्च (बन जांक्ड़ारेश धतिरम ; शत একদিন সহসা কোথার অন্তর্হিত হইলে। ওঃ ! সে কি ভয়ানক দিন ! তেরেসিতা ! রাফায়েল ! আ্মি সমস্ত জীবন ·····"।

এই বাক্যগুলি একটু প্রলাপের মত শুনাইলেণ্ড, উহা হইতে বুঝা বায়, সেই বুদ্দ অধ্যাপকেরও একদিন ভালবাসার দিন হিল; আর ইহাও নিশ্চিত, সে সময়ে বিজ্ঞান তাঁর একমাত্র চিস্তার বিষয় ছিল না।

याशाहे इडेक, कुबाना क्रायहे चनाहेल्ड লাগিল; রাত্রিও নিকটবর্ত্তী, এখন গৃহে ফিরিবার কথা ভাবিবার সময় উপস্থিত হইল। অধ্যাপক লম্বা ছিপ্কাঠির চারি-**मिरक रेडा अंदोरेया अ**फारेट नागिरनन, তাহার ফাত্নাটা স্থদ্র জলে একগুচ্ছ তৃণের মধ্যে ভাসিতেছিল। মনে হইল, স্তায় যেন টান পড়িতৈছে, কিলে যেন আট্কাইয়াছে। চেষ্টা করিয়াও ছিপ্টা উঠাইতে পারিবেন না। মনে করিবেন, বঁড়শিতে এক ট্র বড় মাছ বাধিয়াছে; তাই মান্তে আন্তে মুহভাবে স্তাটি টানিতে नाशिलन: क्राय वंड्मिश्च वश्वते। निकरे-বত্তী হইলে, সেই বস্তুটি দেখিবামাত্র ভয়-মিশ্র বিশ্বয় তাঁহার মুখে সহসা প্রকটিত रुहेन।

নিশ্চয়ই সামান্ত একটা মংস্ত হইবে।

মনে হইল, বঁড়শি একটা জড়পিণ্ডে আট্কাইরাছে। সৌভাগ্যের বিষয়, সে-সময় দিনের আলো একে বারে তিরোহিত হয় নাই; সেই আলোকে মান্ত্রের মাথার খুলির মত কি বেন একটা পদার্থ দেখিতে পাইলেন। কিন্তু যথন দেখিলেন বে, সেই মাথা একটা শরীরের সহিত স্বাভাবিক বন্ধনে সংযুক্ত, এবং বধন সেই মাংসহীন

কল্পাল জল হইতে আরু ছ হইরা পাড়ের বালির উপর প্রসারিত হইল, তথন তাঁহার মনে যে কিরপ আস জন্মিল, তাহা সহজেই অসুমান করা বাইতে পারে।

यमि अधारिक मृज्य ७ जोशांत्र कलांकल **पर्यात अलाइ हिलान, किन्छ এই মনুষ্য-**কল্পাল অবলোকন করিয়া তাঁহার মুখ পাপুৰৰ্ণ হইয়া গেল। তবুও তিনি ঐ কঙ্কাল ছাড়িয়া যাইতে পারিতেছিলেন না; কি-বেন একটা হৰ্দমনীয় শক্তি তাঁহাকে কলালের সম্মুখে ধরিয়া রাখিল। তিনি কম্পিতদেহে সেই কন্ধানটিকে করিতে লাগিলেন; ক্রমে তাঁহার কৌতুহল আরও বেন উত্তেজিত হইয়া উঠিল। তিনি অচিরাৎ জানিতে পারিলেন, উহা মনুষ্য-কন্ধাল; এবং সর্বপ্রকার বৈজ্ঞানিক অনু-মান অনুদারে, মনুষাটি জরার প্রভাবেই মৃত্যুমুথে পতিত হইয়াছে, ফ্রির করিলেন। দাঁতগুলি সমস্তই বেশ স্থার ক্ষিত ; এবং সেই বীভংস শেঁট্কানো দস্তপাটি হইতে ধেন অগ্নিমুলিক বাহির হইয়া আসিতেছিল; আর তাহার চকুকোটর ও বিস্তৃত মুথের ইা, অতলম্পর্শ গভীর বলিয়া মনে বেন হইতেছিল।

কিন্ত অধ্যাপক কিছুতেই বুঝিতে পারিলেন না, কেমন করিয়া সমগ্র কল্পানটকে
দেহ ইইতে অকুয়ভাবে বাহির করা হইয়াছে; অন্থিতে-অন্থিতে এরপ ক্লোড় রহিয়াছে বে, মনে হয়, ঘেন সমস্ত কল্পানট
একপণ্ড অন্থিমাত্র। এই নিয়ম-বহিভ্
তি
ব্যাপারটি ভাল করিয়া নিজ কক্ষের মধ্যে
অন্থূপীলন করিবার নিমিত্ত, অধ্যাপক

সন্ধার আবরণে অলফিত্ভারে কল্লাটিকে
নিজগৃহে লইয়া বাইবেন, দ্বির করিলেন।
মাছ ধরিক্সার সরঞ্জামগুলি গুছাইয়া এবং
ছিপ্গাছি কল্পালের একটা রন্ধ্যের মধ্যে
প্রবিষ্ট করাইয়া, এই অন্তুত বোঝাটি ক্লে
লইলেন এবং এইরূপ প্রেত-তাগুব-দৃশ্য
বাস্তবজীবনে অভিনয় করিতে করিতে
গৃহাভিমুথে ধাতা করিলেন।

₹ গৃহে প্রবেশ করিয়া অধ্যাপক কক্ষে নিজশ্ব্যার উপর কল্লাটকে স্থাপন করিলেন; এই শয়নকক্ষেই তিনি বিজ্ঞান অমুশীলন করিতেন। এই ঘরটি থুব প্রশন্ত, ঘরের মেঞ্চে-ভিৎ খুব উচ্চ এবং ঘরের কড়ি-বরগাগুলি কালপ্রভাবে কালিমাগ্রস্ত। একটা পুরাতন কার্পেট্, যাহার রং জ্বলিয়া গিয়াছে, সেইটি ঘরের মেজের উপর পাত।; रमग्रात्नत शास्त्र तानितानि भूषि, विविध ধাতুর নমুনা এবং আত্মীয়জনের কতকগুলি চিত্রপট সংরক্ষিত। ঘরের কোলে সেকেলে-ধরণের একটা পুরাতন 'পিয়ানো' রহিয়াছে— কিন্তু তাহা বছকাল হইতে নি:শন্ধ ও সর্বা-জনবিশ্বত। ঘরের অপর প্রাত্তে ছত্রি-ওয়ালা একটা প্রকাত্ত খাট, খাটের উপর অর্দ্ধলীর্ণ একথানি বুটিদার রেশমের চাদর পাতা। এই শ্ব্যার উপর করালটি প্রসা-রিত, কফালটির মন্তক একটা বালিশের উপর রক্ষিত। দেখিলে মনে হয়, ধেন ক্ৰালটি নিঃশ্বপ্ন নিদ্ৰায় সন্ধ। একটা প্রকাণ্ড সেবের ভিতর একটি, দীপ অণি-তেছে; সেই সেজের আবরণে দীপালোক য়ানপ্রত হইর।, রহস্যময় একপ্রকার "আবো

আলো জাথো ভারা" বরের মধ্যে বিভার कविर्द्धाः अधानक এकि छिविरनत সম্বর্থে উপবিষ্ট; টেবিলের উপর ক্রাশিরাশি পুস্তক। সেইখানে তিনি বসিয়া, ঐ মৃত বাক্তি কি-না-জানি অসাধারণ পাপ করিয়া-हिन, त्न है विवदम हिन्छ। कतिराङ हिल्ला । তাঁহার হৃদয়ের আবেগ কিঞ্চিৎ মন্দীভূত হইলে, বৈজ্ঞানিক কৌতৃহল তাঁহার মন্কে কি অপুৰ্ক भवत्न अधिकांत्र कतिन। প্रक्रियात এই কशानीटिक पार रहेंएड সমগ্রভাবে বাহির করা হইয়াছে—এমন কি, রুলের অবিপ্রান্ত ক্রিয়াতেও তাহার স্বাভা-विक सायुवकनश्रमि हिन्न हम नाहे-- এह প্রশ্নটি মনে মনে বারবার माशिटमन । অস্থিবিদ্যাসম্বন্ধ शृर्व्स डाँहात य नकन धातना हिन, ७९-সমস্তই বিপর্যান্ত হইয়া গেল। ঐ বিষয়ের প্রদিদ্ধ গ্রন্থাদি আলোড়ন করিয়াও ইহার কোন সহস্তর পাইলেন না। তবে কি ইহলোকেই মহুষ্য কথন-কথন অজ্ঞাত জগতের সংস্পর্শে আইসে ?-কখন-কখন মহুষ্য স্পর্শাতীত অধ্যাত্মরাজ্যের गोगांख नौड इत्र १ এই ज्ञान चाडी क्रिय বিবরের চিম্বা করিতে করিতে তাঁহার সর্বাঙ্গ कॅंिशिए नाशिन।

তাঁহার কেশহীন গণাটের ভার হত্তের উপর নাস্ত করিরা, কঙ্কাণের দিকে এক-দৃষ্টে চাহিরা,উবিশ্বচিন্তে তিনি ভাবিতে গাগি-লেন। কক্ষরকিত অগ্নিকৃত্তের শিথাপ্রভা সেই কঙ্কাণের উপর, পতিত হওরার, মশারির হারার, সেই কঙ্কাণ হইতে বেন অগ্নিকুলিক বাহির হইতে গাগিল। এইক্লপ মন্তিক- বিভ্রমের নিকটবর্ত্তী অবস্থার উপনীত হইর।
অধ্যাপকের মনে হইল, যেন ঐ মৃতব্যক্তির
মাংসহীন মুগুটি চির-আদৃত মুখু শ্রী ধারণ
করিরাছে; তিনি যেন সেই করাল কন্ধালের
মুখে একটি হাসির রেখা অন্ধিত দেখিলেন;
তথন তেরেসিতা ও রাফারেলের নাম
আবার ভাঁহার মুখে বারংবার উচ্চারিত হইল।

সহসা কক্ষের থারে একটা শব্দ শুনা গেল;—সে এক স্বন্ধুত-রকমের শব্দ। পিয়ানো হইতে, প্রতিধ্বনির ন্যায় বেন একটা গোঁগানি-আর্ত্তনাদ নিঃস্ত হইল।

অধ্যাপক শিহরিয়া উঠিলেন।

ঠিক্ সেই সময়ে, কন্ধালটিও সহসা ঝাঁকুনি দিয়া পাশ ফিরিল এবং বারনিঃস্ত শব্দের ব্যরে যেন স্বর মিলাইয়া এই কথাটি বলিয়া উঠিল:—"ভিতরে এসো।"

বার খুলিয়া গেল। একজন পাজি, ছই হাতে ছই লাঠির উপর ভর দিয়া, বার-দেশে উপস্থিত হইল। মনে হইল, লোকটি জরাপ্রস্থ ও প্রাস্তিভারে ভারাজান্ত, কিছ এদিকে দেখিতে বেশ ছইপ্ই। ভাহার সাজসজ্জা একটু অস্কৃত-ধরণের ও নিভান্ত অসকত। জেমে সে অগ্রসর হইল; চলিবার সময়, তাহার শরীর একএকবার দমিয়ানীচু হইয়া ঘাইভে লাগিল, আবার স্থিতিভাগিক রবরের ভায় উঠিয়া পড়িতে লাগিল। ভাহার চলন এরূপ থপ্থপে ও থল্থলে থে, সহজেই মনে হয়, ভাহার পাজির আলথালার মধ্যে অস্থিহীন মাংসপিও বই আর কিছুই নাই।

অধ্যাপক বলিয়া উঠিলেন:—"সর্বানাশ! ভবে এ কি সেই !" পাজি অধ্যাপকের নিকট অপ্রসর হইরা
তাঁহার পাশে আসিরা বসিল এবং ক্ষীণ
ঘর্ষরকঠে —দন্তহীন বুদ্ধের অর্ধন্দুট তরলঘরে তাঁহাকে বলিল:—"এখানে এনে যদি
আপনার বিজনতার ব্যাঘাত করে' থাকি,
তা হ'লে মার্জনা কর্বেন; আর, আপনার
যদি অনুমতি হর, থানিককণ আপনার সকে
আমি মন খুলে বাক্যালাপ কর্তে ইচ্ছা
করি।"

অধ্যাপক অভিমাত্ত ভীত হইরা মনে মনে ভাবিতে লাগিলেন, "আমি কি জ্ঞান হারাইরাছি ?—আমি কি স্বপ্ন দেখিতেছি ?" অবশেষে প্রবল চেষ্টার বলে তিনি উত্তর করিলেন ঃ—"বলুন, আমি গুন্চি।"

তথন সেই অঁডুত অপরপ হতভাগ্য পান্তি এইরপ বলিলেন:— "আমি দ্রদেশ থেকে আস্চি; আমি সেধানে অনেক বংসর ধরে' আমার পাপের প্রায়শ্চিত্ত কর্-ছিলেম। আমি একজন মহাপাপী; সেই পাপের কথা আপনার নিকটে বল্তে আমার সাহস হচ্চে না। তবু না বল্লেও নয়।

"সে কথা বল্তে হ'লে স্থানুর অতীতে ফিরে বেতে হর। তথন আমার বৌবনের আরম্ভ। আমার তথন বরস ২৫বৎসর। ঐ বরসে সকল পদার্থের মধ্যেই কেমন-একটা নবীনতা, সরসতা ও দীপ্তির বিকাশ দেখ্তে পাওরা বার, কিন্তু হার! ছ:থকটে ও পাপের ফলে সে ভাব শীঘ্রই অন্তর্হিত হর। কতকগুলি ভীষণ প্রভিজ্ঞাপাশে আপনাকে আপনি বদ্ধ করে' আমি চির-কীবনের জন্তু করবের সেবার ব্রতী হলেম। আমার একটি বন্ধু ছিল, তাকে আমি

মত ভালবাদ্তেম। সে বড় नानानिशा । अ नक्ततिज ; त्म-७ आमारक सूव ভালবাস্তো! সে তার সমস্ত গোপনীয় কথা আমাকে বল্ত। বিভন্ধ ভালবাসার क्नार्ग, रम अक्रज्भद्रीरत ও विना-असू-তাপে, যৌবনের সমস্ত বিপদ্ বেশ কাটিয়ে উঠেছিল। সে আমাকে তার সমস্ত স্থাপের অংশভাগী কর্ত। তার সমস্ত তার সমস্ত প্রাণের আশা আমার নিকট জানাতো। আমার কালে। পাদ্রি-পোষা-কের মধ্যে, প্রবল-আবেগ-পূর্ণ, উদাম বাসনাময় হৃদয় বে প্রচ্ছের থাক্তে পারে, সে বিষয়ে সে কিছুমাত সন্দেহ করে নি—ভাই সে তার বাগ্দত্তা প্রণন্ধিনীর সমস্ত রূপসৌন্দর্য্য অতি উচ্ছল বর্ণে আমার কাছে বর্ণনা কর্ত। তথন সে জান্তে পারে নি, তার স্থাের কথা আমাকে বলার কতটা বিপদ্ আছে।"

অধ্যাপকের মুখ পাঞ্বর্ণ হইল। ভিনি মনে মনে করিলেন:—"ভবে কি বা আমি সন্দেহ করেছিলেম, তাই ঠিক্ ?"

পান্তি বেন তাঁর মনের কথা বুঝিতে পারিয়াই বলিলেন:—"আমার কথাটা শেষ কর্তে দিন; কারণ, সে সমস্ত কথা আপনার কাছে আমার বলুডেই হবে!

"বন্ধর মুখে বার এত রূপবর্ণনা ভুনেছিলেম, তাকে বথন সাক্ষাৎ নিকটে
দেখলেম, তথন দেখেই বুঝলেম, তার সেই
রূপরাশির মধ্যে কতটা মোহিনী শক্তি,
কতটা দাহিকা শক্তি নিহিত রারেছে!
সাক্ষাৎ প্রেমের অধিষ্ঠাতী দেবী বেন আমার
সন্মুধে উদর হরেছেন বলে' মনে হল।

আমি হঠাঃ প্রেমাসক, ঈর্যাধিত, ছুর্তি ও হৃঃসহিনী হরে পড়্লেম! সেই অবধি বন্ধু আমার চক্ষ্পূল হলেন, আর আমি সেই রমনীকে সমস্ত ক্লেমের সহিত ভালবাস্তে লাগ্লেম। তার কেমন-একটি শিশুস্থলভ সরলতা ছিল, আমার সঙ্গে সে বন্ধুর মত ব্যবহার কর্ত। আমি প্রায়ই তার সঙ্গে একলা দেখা-শুনা কর্তেম। আমার মনকে ব্যর কর্তে অনেক চেটা কর্লেম—কিন্ধু সকলই রুধা হ'ল। শেবে আমিই হার মান্লেম।"

—"সেই রমণীও কি তোমাকে ভাল-বাস্ত •ৃ"

--- "এখনি সমস্ত জান্তে পার্বেন, শেষপর্যান্ত আমার কথাটা শুরুন।

"একদিন গ্রীমকালের সারাহে,— বথন
আমার শৈশববদ্ধ কোন বিষয়কার্য্য উপলক্ষে অক্সত্র চলে গিয়েছিলেন— আমি তাঁর
বাগ্দতা প্রণয়িনীকে বল্লেম—'চল, আমরা
ছন্ধনে একটু মাঠে বেড়িয়ে আসি।' কি
ফলর সক্ষা!—মেঠো পথের হ্ধারে কেমন
ফলর ফুল ফুটে রয়েছে! আহা, চারিদিকে
কি আনন্দ!—কি স্থগন্ধ! সেই রমণীর
দোহল্যমান বেশ—আলুলিত কেশ—
সাক্ষাৎ রভিদ্নেবী বলে' মনে হতে লাগ্ল।
আমি তার পিছনে-পিছনে চল্তে লাগ্লেম
—আমার দৃষ্টি বিষধ। মৃহুর্ত্তের জক্ম অর্গ
দেখ্তে পেরে পাপীর মনে বে ভাব হয়,
আমার ভাই হয়েছিল!

"আমরা, একটা সরোবরের ধারে এসে পড়্লেম; ভার চারিদিকে 'উইলো'গাছের রজতরঞ্জিত শাধাপক্ষব। রমণী সেইধানে দাঁড়ালেন; দাঁড়িয়ে অনেককণ প্রাকৃতির সেই সরস-নবীন প্রশাস্ত শোভা দেখুতে লাগ্লেন; সেথানকার বিমল স্থগন্ধি বার্ অনেকবার পূর্ণনিখাসে গ্রহণ কর্লেন; আনন্দে তাঁর হদর উল্পিত হ'রে উঠ্ল; আর, হদরের উচ্ছ্যুস মৃত্মধুর গুঞ্জনে তাঁর মুথ হতে মধ্যে-মধ্যে নি:স্ত হতে লাগ্ল। আহা! সেই মুহুর্জে তাঁকে কি স্ক্লেরই দেখাচ্ছিল!"

—"উ:! এ বে অসহ বন্ধণা!"— অধ্যাপক বলিয়া উঠিলেন!

"একটু ধৈর্য ধরে' থাকুন। আমি
সমস্তই আয়ুপূর্ন্সিক বল্চি—একটি কথাও
বাদ দেব না। তার পর, আমি 'উইলো'গাছের তলা হতে একটি বনকুল কুড়িয়ে
নিয়ে কাঁপ্তে-কাঁপ্তে তার হাতে
দিলেম; রমণী আমার মনের আবেগ
লক্ষ্য কর্তে পারে নি; সে ফুলটি সহজ্বভাবে নিয়ে মাথায় পর্লে, আর বল্লে—
'আপনার বড় অন্থ্রহ!'

"ঐ কথাট মধুর সঙ্গীতের মত আমার কাণে যেন বাজুতে লাগুলো, নিজের উপর আমার আর কোন কর্তৃত্ব রইল না! আমি তাকে একদৃষ্টে দেখতে লাগ্লেম। তার পর সহসা উন্মত্তের ভার অধীর হরে তার হাত্ত্বি ধরে' বল্লেম:—'আমি তোমাকে ভালবাসি।'

"রমণী অবজ্ঞার দৃষ্টিতে আমার পানে চেরে ভরে চীৎকার করে' উঠ্ল।

"তথন, আমি উদাম বাসনার বশীভৃত হয়ে, উন্মন্তভাবে, হাঁপাতে-হাঁপাতে, তাকে জলের ধারে টেনে-নিরে গেলেম ;—ক্রমে গভীর জবে—আরও গভীর জবে গিয়ে পড়্বেম।"

অধ্যাপক বেন প্রহার করিতে উছত, এইরূপ ভাবভঙ্গী সহকারে থাড়া হইরা উঠিয়া বলিলেন :—"আরে নির্লজ্জ পাষও !" —"আপনি আমাকে ঘোর অপরাধী

— আপান আমাকে বোর অপরাধা বলে মনে কর্চেন—কিন্তু আরও কতক-শুলি কথা আপনাকে শুন্তে হবে।

"পরে সেথানকার চাষার। সরোবরের জল থেকে আমাদের টেনে তুল্লে। আমি দেশান্তরে চলে গেলেম। সন্ন্যাসত্রত অব-লম্বন করে', কঠোর তপশ্চর্য্যা করে' আমার পাপের প্রায়শ্চিত কর্ব, স্থির কর্লেম।

"অনেক—অনেক বংসর ধরে' কোনো অজ্ঞাত বুনো অসভোর দেশে ঘুরে বেড়াতে লাগলেম। **ৰন্ত্ৰ**ণার একশেষ,—্যতদুর শান্তি ভোগ কর্বার, তা কর্লেম; মাসুষের বল-মাহুষের সমস্ত উল্লম হারিয়ে অতি শোচনীয়ভাবে জীবনধারণ কর্তে লাগ্-লেম। অতিক্বস্থ এই মাংস্পিওমাত্র আমার অবশিষ্ট রহিল—অস্থিকস্কাল হতে আমি একেবারে বঞ্চিত হলেম। তথন মাংসপিওস্থাভ সমস্ত উদাম লালসা আমাকে অবাধে পীড়ন কর্তে লাগ্ল; অথচ সেই সকল লালসা চরিতার্থ কর্বার কিংবা অতিক্রম কর্বার শক্তি আর আমাতে রইল না। আমার পাপের শান্তিম্বরূপ, আমার নিজের কল্পাল হতে আমি বঞ্চিত আমার সেই কঙ্কালটি সেই 'মোহিনীর দরোবরে' এতদিন ছিল, আজ তাকে আপনিই উদ্ধার করে' এনেচেন।

"ঈশ্বর জানেন, আমার যথেষ্ট শাস্তি

হরেছে। এথন আপনার জ্বন্ত্তেই আমার দেহের কঠিন অংশটি আমি ফিরে পেতে পারি।"

পাদ্রি বেমনি কথা শেষ করিলেন,
অমনি সেই কঙ্কালটি শব্যার উপর পাশমে:ড়া দিয়া অধীরভাবে নড়িতে লাগিল।

অধ্যাপক একটি কথা উচ্চারণ করিবেন, সে শক্তি তাঁর ছিল না। তথু ভাবভদী দারা পাদ্রির প্রার্থনায় সায় দিয়া গেলেন।

তথন, বে দৃশুটি তাঁহার চক্ষের সন্মুথে উপস্থিত হইল, তাহা অশ্রুতপূর্বা। তিনি দেখিলেন, ককালটি সন্ধীব হইয়া পাদ্রির নিকট বাইবার জন্য উদ্যুত হইয়াছে। সে উঠিয়া বসিল, পরে শ্যা হইতে নীচে নামিয়া থাডা হইয়া দাডাইল।

পাদ্রি এবং তাহার কন্ধাল মেহার্দ্র-দৃষ্টিতে—এমন কি, ভালবাসার দৃষ্টিতে ক্ষণেকের জন্ম পরস্পরকে চাহিয়া দেখিল। যে অমাহুষ কণ্ঠ ইতিপূৰ্বে এসো"—এই কথা উচ্চারণ করিয়াছিল, সেই কণ্ঠস্বরই আবার পাদ্রিকে বলিল:-"এসো [" তুইজনে পরস্পর কাছাকাছি হুইল: পর-ম্পরকে আবেগভরে জাপ্টিয়া ধরিল; কোন-এক অলৌকিক শক্তির প্রভাবে কল্পানটি অদৃত্য হইয়া পড়িল এবং সেই পাত্রির নিরস্থীকৃত শরীরের মধ্যে প্রবেশ করিয়া কন্ধালটি নিজস্থান অধিকার করিল: পাদ্রির শরীর সহসা দৃঢ় ও বর্দ্ধিত হইল। এখন আবার পাত্রি পূর্ব্ববং দৃঢ়পদে চলিতে লাগিলেন; তাঁর কণ্ঠস্বর পরিষার 😉 পরি-পুষ্ট হইল এবং তিনি অতি কাতরভাবে विना नाशित्वन:--"(व कथा नक्तात्मा

ভরানক, এখন সেই কথা আপনার নিকট প্রকাশ কর্ব। আমাকে মার্জনা কর্বেন, বে নির্দোষী রমণী আমাদের এই সব হর্দশার কারণ,—ভিনি ভেরেসিভা, আর সেই হতভাগ্য পাদির নাম……"

- —"রাফায়েল ?"—অধ্যাপক বলিয়া উঠিলেন; এবং সেই একই সময়ে সবেগে পাজিকে আক্রমণ করিয়া ভাহার গ্লা টিপিয়া ধরিলেন।
- —— "হতভাগ৷! তোকে আমি মার্জনা কর্ব, এ কথা মনে কর্তেও তোর সাহস হয় ? বল, তুই তেরেসিতার কি কর্লি ?— এখনও কি সে বেঁচে আছে ?"
- —— "সেই সরোবরের কল থেকে চাষারা যথন আমাদের ছজনকে তোলে, তথন হতভাগা আমিই শুধু জীবিত ছিলেম— তেরেসিতা জলমগ্র হয়ে" তেনে বলতে পাজি পিছু হটিয়া ঘরের অপর প্রান্তের দিকে চলিতে লাগিল।
- ——"তবে তৃই তার মৃত্যুর কারণ ?"— এই বলিয়া অধ্যাপক দেই পাদ্রিকে জাপ্-টিয়া-ধরিয়া শব্যার উপর পাড়িয়া ফেলিলেন। "হতভাগা! এই তোর প্রতিশোধ!"—এই বলিয়া একটা ছোরা লইয়া পাদ্রির বুকে বসাইয়া দিলেন।

কিন্ত একি কাণ্ড! সেই ছোরাটা শরীরের মধ্যে প্রবেশ না করিয়া, কি-যেন একটা শক্ত জিনিবে ঠেকিয়া পিছ্লাইয়া পার্শ্বের উপর আসিয়া পড়িল। ইতিপুর্বেই পাদ্রি অন্তর্হিত হইরাছিল। অধ্যাপক দেখিলেন, ছিপে-ধরা সেই কন্ধালটিই তাঁর সন্মুখে প্রসারিত, তিনি সেই কন্ধালের বুকেই ছোরা বসাইয়া দিলেন।

এই সব ঘটনার কয়েকমাস পরে,
অধ্যাপক সংবাদপত্তে নিয়লিখিত ছত্ত্বগুলি
পাঠ করিলেন:—

"চীনদেশের উপকৃলে লইচেউ-প্রান্ধদ্বীপে, পাদ্রি-রাফারেল—বিনি অনেকবৎসর

যাবৎ চীনে গৃষ্টধর্ম প্রচার করিতেছিলেন,
তিনি গত ২৫শে অক্টোবর তারিথে নিজ্ঞশধ্যায় শক্রর ছুরিকাঘাতে নিহত হইয়াছেন।"

অধ্যাপক সেই অন্তুত কল্পালের বিবরণ ইতিপূর্বে সীয় স্থৃতিলিপিপুস্তকে লিখিয়া রাথিয়াছিলেন, এক্ষণে উহার সহিত মিলা-ইয়া দেখিলেন, ঠিক ঐ তারিখেই সেই ककानिष्ठि अनुश्र रहा। हेरा रहेटा जिनि ষেন জ্ঞানের একটি নৃতন রশ্মি দেখিতে পাইলেন। চৌधकाकर्षां करल मृत्रवर्ती ঘটনায় ছায়া কিরুপে চিন্তার মধ্যে আসিয়া পড়ে— कि तर्भ इहे महुन घटेन। এक मयद्वेहे সংঘটিত হয়—এককথায়, "বুদ্ধির মহীচিকা" কিরূপে উৎপন্ন হয়, এক্ষণে তাহারই অমু-সন্ধানে তিনি প্রয়ন্ত হইলেন। পরে ঐ নামে তিনি এক স্থদীর্ঘ প্রবন্ধ রচনা করিলেন। সে প্রদেশের লোকেরা লক্ষ্য করিল, অধ্যাপক আর-যাহাই ক্রুন না কেন, সেই অবধি ছিপ্ দিয়া আর মাছ धरत्रन ना।

শ্রীজ্যোতিরিক্সনাথ ঠাকুর।

অতৃপ্তি।

খেরিরা ররেছে প্রেম আমারে নিরত পরিব্যাপ্ত অস্তহীন আকাশের মত। বিরহ-তাপিত তবু এ শৃষ্ট অস্তরে কোনো পরিতৃপ্তি নাই নিমেবের তরে!

সার্থকতা।

সেই মোর প্রিরজনে কত ভালবাসা বেসেছির, এ মনের কত শত আশা সেহকোমলতা, সঁপেছির তারি পরে,— আজ সে একটু বেই দ্রে গেছে সরে আর তার পাই না সন্ধান,—হ'ত বদি আকাশ-বাতাস-সম নিত্য নিরবধি পরিপূর্ণ কাছে দ্রে, তবে হে দেবতা, অনস্ত প্রেমের মোর হ'ত স্বার্থকতা!

অপ্রান্ত।

দিন আসে দিন যার চঞ্চল চরণ,
শুধু মোর গতিহীন অবসর মন
তব্ও বিরাম নাই, চলেছে সমান
প্রাতি দিবসের কাল আদান প্রদান!

কৃতজ্ঞত।

ভাল বেসেছিলে বারে সেজন ভোষার হারারে গিয়েছে তাই এত হাহাকার! পেরেছিলে ক্ষণকাল তাই তুষ্ট মনে আনন্দে অঞ্চলি দাও দেবতা চরণে!

বঙ্গদর্শন।

পনেরো-আনা।

যে লোক ধনা, ঘরের চেয়ে তাহার বাগান
বড় হইয়া থাকে। ঘর অত্যাবশুক; বাগান
অতিরিক্ত —না হইলেও চলে। সম্পদের
উদারতা অনাবশুকেই আপনাকে সপ্রমাণ
করে। ছাগলের যতটুকু শিং আছে, তাহাতে
তাহার কাজ চলিয়া যায়, কিন্ত হরিণের
শিঙের পনেরো আনা অনাবশ্যকতা দেখিয়া
আমরা মৃয় হইয়া থাকি। ময়্রের লেজ যে
কেবল রংচঙে জিতিয়াছে, তাহা নহে—
তাহার বাছল্যগৌরবে শালিক-ধঞ্জন-ফিঙার
প্রু লক্ষায় অহরহ অস্থির।

বে মাছ্য আপনার জীবনকে নিঃশেষে
অত্যাবশ্যক করিয়া তুলিয়াছে, সে ব্যক্তি
আদর্শপুরুষ সন্দেহ নাই, কিন্তু সৌভাগ্যক্রমে ভাহার আদর্শ অধিক লোকে অমুসরণ
করে না;—বদি করিত, তবে মহুয্যসমাজ
এমন একটি ফলের মত হইয়া উঠিত, যাহার
বীটিই সমন্তটা, শাস একেবারেই নাই।
ক্রেবলই যে লোক উপকার করে, তাহাকে
ভাল না বলিয়া থাকিবার জো নাই, কিন্তু
বে লোক্টা বাহ্লা, মাহুষ ভাহাকে ভালবাসে।

কারণ, বাছল্যমামুষটি সর্বতোভাবেই আপনাকে দিতে পারে। পৃথিবীর উপ-कात्री मायूष (कवन উপकारतत महीर्ग निक् দিয়াই আমাদের একটা অংশকে স্পর্শ করে: -- সে আপনার 'উপকারিতার মহৎ প্রাচীরের দ্বারা আর-সকল দিকেই দেরা; কেবল একটি দরজা খোলা, সেখানে আমরা হাত পাতি, সে দান করে। আর, আমা-रात वाहनाताकि का का का नार তাই তাহার কোন প্রাচীর নাই। সে व्यामात्मत्र महात्र नाह, तम व्यामात्मत्र मिन-উপকারী লোকটির কাছ হইতে আমরা অজ্জন করিয়া আনি, এবং বাছল্য-লোকটির সঙ্গে মিলিয়া আমরা থরচ করিয়া थाकि। य जाभारमत थत्र कतिवात मन्नी, সেই আমাদের বন্ধ।

বিধাতার প্রসাদে হরিণের শিং ও ময়্বের পুক্তের মত সংসারে আমরা অধিকাংশ লোকই বাছলা, আমাদের অধিকাংশেরই জীবন জীবনচরিত লিথিবার বোগা নহে, এবং সৌভাগাক্রমে আমাদের অধিকাংশেরই মৃত্যুর পরে পাথরের মৃত্তি গড়িবার নিক্ষল চেষ্টাগ্ন চাঁদার থাতা ছারে-ছারে কাঁদিয়া ফিরিবেনা।

मतात পরে অল লোকের্ই অমর হইয়া शांदकन, म्हेब्बज्ञहे পृथिवीछ। वान्रायाना र्देशारह। ट्रांत्र मन गाफिर यनि तिकार्छ গাড়ি হইত, তাহা হইলে সাধারণ প্যাদেঞ্চার-দের গতি কি হইত ? একে ত বড় লোকেরা একাই একশো--অর্থাৎ বতদিন বাঁচিয়া থাকেন, ততদিন অস্তত তাঁহাদের ভক্ত ও নিন্দুকের হৃদয়ক্ষেত্রে শতাধিক লোকের জারগা জুড়িয়া থাকেন—তাহার পরে, আবার, মরিয়াও তাঁহার। স্থান ছাডেন না। ছাডা দুরে যাক্, অনেকে মরার স্থযোগ লইয়া অধিকার বিস্তার করিয়াই থাকেন। আমা-प्तत्र এक भाव त्रका এই यে, ইहा प्तत्र मःथा। অল্ল। নহিলে কেবল সমাধিস্তন্তে সামান্ত ব্যক্তিদের কুটীরের স্থান থাকিত না। পৃথিবী এত সঙ্গীর্ণ যে, জীবিতের সঙ্গে জীবিতকে জায়গার জন্মে লড়িতে হয়। समित्र मर्पारे रूडेक् वा श्वनत्यत्र मर्पारे रूडेक्, . অন্য পাঁচজনের চেয়ে একট্থানি ফলাও অধিকার পাইবার জনা কত লোকে জাল-জালিয়াতি করিয়া ইহকাল-পরকাল থোয়া-ইতে উন্নত। এই ধে জীবিতে-জীবিতে শড়াই, ইহা সমকক্ষের শড়াই, কিন্তু মৃতের সঙ্গে জীবিতের লডাই বড কঠিন। তাহারা এখন-সমস্ত হর্কলতা, সমস্ত থগুতার অতীত, ভাহারা করলোকবিহারী—আমরা মাধ্যা-कर्षन, देक मिकां कर्षन, এवः वृष्ट् विश्व आं कर्षन-বিকর্ষণের হারা পীড়িত মর্ত্ত্যমামুষ, আমরা পারিয়া উঠিব কেন ? এইজনাই বিধাতা अधिकाः म बृङ्क्ट विश्विष्टिलाक निर्मानन

দিয়া থাকেন,—দেখানে কাহারো হানাভাব
নাই। বিধাতা বদি বড়-বড় মৃতের 'আওতার আমাদের মত ছোট-ছোট জীবিতকে
নিতান্ত বিমর্থ-মলিন, নিতান্তই কোণঘেঁষা
করিয়া রাখিবেন, তবে পৃথিবীকে এমন
উজ্জ্বল স্থানর করিলেন কেন, মান্তবের
হাদয়টুকু মানুষের কাছে এমন একান্তলোভনীয় হইল কি কারণে ?

'নীতিজ্ঞেরা আমাদিগকে নিন্দা করেন। বলেন, আমাদের জীবন র্থা গেল। তাঁহারা আমাদিগকে তাড়না করিয়া বলিতেছেন— উঠ, জাগ, কাল কর, সময় নষ্ট করিয়ো না!

কাজ না করিয়া অনেকে সমগ্প নাই করে
সন্দেহ নাই—কিন্তু কাজ করিয়া যাহার।
সময় নাই করে, তাহারা কাজও নাই করে,
সময়ও নাই করে। তাহাদেরই পদভারে
পৃথিবী কম্পান্থিত এবং তাহাদেরই সচেইতার
হাত হইতে অসহায় সংসারকে রক্ষা করিবার
জন্য ভগবান্ ব্লিয়াছেন—"সন্তবামি যুগে
যুগে।"

জীবন বৃথা গেল! বৃথা যাইতে দাও! অধিকাংশ জীবনই বৃথা যাইবার জন্ম হইন্
রাছে! এই পনেরো-আনা অনাবশ্রক জীবনই বিধাতার ঐশর্যা সপ্রমাণ করিতেছে।
তাঁহার জীবনভাগুরে বে দৈন্ত নাই, বৃর্ধ-প্রাণ আমরাই তাহার অগণ্য সাক্ষী। আমাদের অকুরান অজ্প্রতা, আমাদের অহেতৃক বাহল্য দেখিয়া বিধাতার মহিমা স্মরণ কর।
বাঁশী যেমন আপন শ্ন্যতার ভিতর দিয়া সঙ্গীত প্রচার করে,আমরা সংসারের পনেরোআনা আমাদের ব্যর্থতার ঘারা বিধাতার
গৌরব ঘোষণা করিতেছি। বৃদ্ধ আমাদের

জন্যই সুংসার ত্যাগ করিয়াছেন, খৃষ্ট আমা-দের জন্য প্রাণ দিয়াছেন, ঋষিরা আমাদের জন্য তপস্থা করিয়াছেন এবং সাধুরা আমা-দেব জন্য জাগ্রত রহিয়াছেন।

कौवन वृथा (भन। याहेट्ड माउ। कांत्रन, যাওয়া চাই। যাওয়াটাই একটা সার্থকতা। নদী চলিতেছে—তাহার সকল জলই আমা-एनत्र ज्ञारन এবং পাरन এবং আমনধানের ক্ষেতে ব্যবহার হইয়া যায় না। তাহার অধিকাংশ জলই কেবল প্রবাহ রাথিতেছে। আর-কোন কাজ না করিয়া কেবল প্রবাহ-রক্ষা করিবার একটা বৃহৎ সার্থকতা আছে। তাহার যে জল আমরা থাল কাটিয়া পুকুরে আনি, তাহাতে স্নান করা চলে, কিন্তু তাহা গান করে না; ভাহার যে জল ঘটে করিয়া আনিয়া আমরা জালায় ভরিয়া রাখি, তাহা পান করা চলে, কিন্তু তাহার উপরে আলো-ছায়ার উৎসব হয় না। উপকারকেই এক-মাত্র সাফল্য বলিয়া জ্ঞান করা ক্রপণতার कथा, উদ্দেশ্যকেই একমাত্র পরিণাম বলিয়া গণ্য করা দীনভার পরিচয়।

व्यामत्रा नाधात्र भरनाद्यां-व्याना, व्यामता निर्द्धारत द्यन द्वत्र विनिष्ठा ना ब्लान कि । व्यामताहे नःनादत्र भिंछ। পृथिवीर्ट्छ, मारुर्द्य क्ष्मरत्र व्यामार्गत कीवनयष। व्यामता किছूट्डिहे क्थन त्राथि ना, व्याक्षित्रा थाकि ना, व्यामता हिन्द्रा याहे। नःनादत्र नमख कन्नान व्यामार्गत द्वाता ध्वनिन्छ, नमख हात्रार्ट्याक व्यामार्गत केथिरतहे व्याममान। व्यामता द हानि, कानि, ज्ञानवानि ; वस्त्र नरक व्यामार्ग व्यामार्ग कि ; वस्त्र व्यामार्गक व्यामार्ग कि दि ; वस्त्र व्यामार्गक व्यामार्ग कि ; विराद व्याधिकाः व्यामार्गक व्यामार्गक व्यामार्ग कि ; विराद व्याधिकाः व्यामार्गक व्याम् व्यामार्गक व्याम् व्याम्यक व्याम् সময়ই চারিপাশের লোকের সহিত উদ্দেশ্যহীনভাবে যাপন করি, তার পরে ধুম করিয়া
ছেলের বিবাহ দিয়া তাহাকে আপিসে
প্রবেশ করাইয়া পৃথিবীতে কোন থ্যাতি না
রাথিয়া মরিয়া-পুড়িয়া ছাই হইয়া য়াই—
আমরা বিপুল সংসারের বিচিত্র তরঙ্গলীলার
অঙ্গ; আমাদের ছোটখাট হাসিকোতুকেই
সমস্ত জনপ্রবাহ ঝল্মল্ করিতেছে, আমাদের ছোটখাট আলাপে-বিলাপে সমস্ত সমাজ
মুথরিত হইয়া আছে।

আমরা যাহাকে ব্যর্থ বিদ, প্রক্রান্তর অধিকাংশই তাই। স্থ্যকিরণের বেশির ভাগ শূন্যে বিকীণ হয়, গাছের মুকুল অতি অরই ফল পর্যান্ত টিঁকে। কিন্তু সে থাহার ধন, তিনিই বৃঝিবেন। পে ব্যয়্ন অপব্যয় কি না, বিশ্বকর্মার থাতা না দেখিলে তাহার বিচার করিতে পারি না। আমরাও তেমনি অধিকাংশই পরস্পারকে সঙ্গদান ও গতিদান ছাড়া আর-কোন কাজে লাগি না; সেজন্য নিজেকে ও অন্যকে কোন দোষ না দিয়া, ছট্ফ্ট্ না করিয়া, প্রাফুল্ল হান্তে ও প্রসয় গানে সহজেই অথ্যাত অবসানের মধ্যে যদি শান্তিলাভ করি, তাহা হইলেই সেই উদ্দেশ্য হীনতার মধ্যেই যথার্থভাবে জীবনের উদ্দেশ্য সাধন করিতে পারি।

বিধাতা যদি আমাকে বার্থ করিয়াই সৃষ্টি করিয়া থাকেন, তবে আমি ধনা; কিন্তু যদি উপদেষ্টার তাড়নার আমি মনে করি আমাকে উপকার করিতেই হইবে, কাজে লাগিতেই হইবে, তবে যে উৎকট ব্যর্থতার সৃষ্টি করি, তাহা আমার স্বরুত। তাহার জ্বাবদিহী আমাকে করিতে হইবে। পরের

উপকার করিতে সকলেই জন্মাই নাই—
জতএব উপকার না করিলে, লজ্জা নাই।
মিশনারী হইয়া চীন উদ্ধার করিতে না-ই
গেলাম;—দেশে থাকিয়া শেয়াল শিকার
করিয়া ও ঘোড়দৌড়ে জুয়া থেলিয়া দিনকাটানকে যদি ব্যর্থতা বল, তবে তাহা চীনউদ্ধারচেষ্টার মত এমন লোমহর্থক নিদারুণ
ব্যর্থতা নহে।

সকল ঘাস ধান হয় না। পৃথিবীতে ঘাসই প্রায় সমস্ত, ধান অলই। কিন্তু ঘাস বেন আপনার স্বাভাবিক নিম্ফলতা লইয়া বিলাপ না করে—সে ধেন স্মরণ করে যে, পৃথিবীর গুম্ব্র্ পুলিকে সে শ্যামলতার ঘারা আছেয় করিতেছে, রৌদ্রতাপকে সে চির্প্রায় রিশ্বতার ঘারা কোমল করিয়া লইতেছে। বোধ করি, ঘাসজাতির মধ্যে ক্শত্ণ গায়ের জোরে ধান্য হইবার চেপ্রামাছিল—বোধ করি, সামান্য ঘাস হইয়া না থাকিবার জন্য, পরের প্রতি একান্ত মনোনিবেশ করিয়া জীবনকে সার্থক করিবার জন্য তাহার মধ্যে অনেক উত্তেজনা জ্বিয়াছিল—তবু সে ধান্য হইল না। কিন্তু

সর্বাদা পরের প্রতি তাহার তীক্ষণক্যা নিবিষ্ট করিবার একাগ্র চেষ্টা কিরুপ, তাহা পরই বুঝিতেছে। মোটের উপর এ কথা বলা যাইতে পারে যে, এরপ উগ্র পর-পরায়ণতা বিধাতার অভিপ্রেত নহে। ইহা অপেক্ষা সাধারণ ত্ণের খ্যাতিহীন, স্পিশ্বন্ধ, বিনম্র-কোমল নিক্ষণতা ভাল।

়সংক্ষেপে বলিতে গেলে মা**হু**ষ **ছ্ই** শ্রেণীতে বিভক্ত-পনেরো-আনা এবং বাকি এক-আনা। পনেরো-আনা শান্ত এবং এক-আনা অশাস্ত। পনেরো-আনা অনা-বশুক এবং এক-আনা আবশুক। বাতাসে চলনশীল জ্বলনধর্মী অক্সিজেনের পরিমাণ অল্ল, স্থির-শান্ত নাইট্রোজেন্ই অনেক। যদি তাহার উল্টা হয়, তবে পৃথিবী অলিয়া ছাই হয়। তেমনি সংসারে যথন কোন-একদল পনেরো-আনা, এক-আনার মতই অশান্ত ও আবশুক হইয়া উঠিবার উপক্রম করে, তথন জগতে আর কল্যাণ নাই. তথন, বাহাদের অদৃষ্টে মরণ আছে, তাহা-দিগকে মরিবার জ্ঞান্ত প্ৰস্তুত হইতে **रहेरव**।

হিন্দুরসায়নের ইতিহাস।

আধ্যাপক ডা: প্রফ্রচক্স রাম ক্বত হিন্দ্রসারনের ইতিহাস * নামক অভিনব গ্রন্থ
পাঠ করিয়া বে ছই-একটি কথা মনে
হইয়াছে, তাহা লিপিবদ্ধ করা এই প্রবন্ধের
উদ্দেশ্য, প্রকের সমালোচনা নহে, দোধ-

গুণকীর্ত্তনপ্ত নহে। না পড়িয়া পণ্ডিত হইতে পারিলে সমালোচনা করিতে বিদি-তাম; কিন্ত হিন্দুরসায়নের ইতিহাস যাহার অজ্ঞাত, তাহার পক্ষে সমালোচকপদগ্রহণ আদৌ সাজে না।

[•] A History of Hindu Chemistry. By P. C. Ray, D. Sc. Vol. I.

বুটাধ করি, এদেশে এরপ গ্রন্থের সমা-লোচনা করিবার সময়ও আসে নাই। গ্রন্থ এখনও অসম্পূর্ণ বলিয়া নহে, গ্রন্থের অভি-ধেয় বিষয়ও প্রার অজ্ঞাত। হিন্দ্রসায়ন বলিলে কতথানি কি বুঝিব, তাহাই জানা নাই। এই গ্রন্থই এ বিষয়ের একমাত্র পুত্তক, বলিতে গেলে প্রথম পুত্তক।

তথাপি গ্রন্থকারকে ধন্ত না বলিয়া থাকা ষায় না। তিনি স্বদেশীয় বলিয়া নহে, প্রতিপান্ত বিষয়ের সহিত আমাদের ঘনিষ্ঠ সম্পর্ক আছে বলিয়া নছে; গ্রন্থকার বিদে-শীয় হইলেও, বিষয় অন্তদেশসংক্রান্ত হই-লেও তাঁহাকে ধন্ত বলিতাম। বাস্তবিক বিজ্ঞান-অভ্যাস তাঁহারই সার্থক হইয়াছে,— যাঁহার জীবনে ও প্রত্যেক কার্য্যে বিজ্ঞানের প্রভাব আধিপত্য করে। এই গ্রন্থের প্রতি-পৃষ্ঠায় বিজ্ঞানশিক্ষার ফলস্বরূপ সংযতভাব পূঠাতেই প্রত্যেক দেখিতে পাই। রাসায়নিকের চিরপ্রসিদ্ধ ধৈর্ঘ্যের নিদর্শন পাই। রাগায়নিক যখন কোন অজ্ঞাত জড়ের বিশ্লেষণে নিযুক্ত হন, যথন প্নঃপুন হন্দ্রতুলাতে প্রত্যেক দ্রব্য সাবধানে উন্মান कतिया, প্রত্যেক যোজ্য পদার্থের যাথার্থ্য गांवधारन निक्रभग कतिया धीरत धीरत একের পর অন্তটি অমুসন্ধান করেন, তথন কোন অদীক্ষিত আগস্তুকের মনে হইতে পারে, রাসায়নিকের পক্ষপাত নাই, তাঁহাতে ব্যক্তি-সংস্পর্শ নাই, অজ্ঞাত জড়ে কি পাইয়াছেন, কি পান নাই, অবিচলিতচিত্তে তাহা লিপিবদ্ধ , ক্রাই তাঁহার কার্যা। তুলাদণ্ড ব্যবহার করিতে করিতে তিনি निष्म ७ जूनाम ७ चत्र १ रहेशा यान। के जि-

হাসিকের কাঞ্বও তুলাধারণ। ঐতিহাসিকের রাসায়নিক হওয়া আবশুক। যিনি ঐতিহাসিক হইতে ইচ্ছা করিবেন, তিনি জন-সমাজের' সাধারণ ইতিহাস রচনা ক্রুন, সম্প্রদায়ের মতামত বিশ্লেষণ করুন, রাজাপ্রজার সম্বন্ধ আলোচনা করুন, তাঁহার রাসায়নিকের ধীরতা ও তুলাদগুব্যবহারে অভ্যাস থাকা আবশুক। যদি বিজ্ঞান ও অ-বিজ্ঞানের মধ্যে পার্থক্যের কায়ণ বলিতে হয়, তাহা হইলে দেখা য়ায়, বিজ্ঞানের মার্গই বিজ্ঞানকে অভ্যাশি বায় হইতে ভিয়্ন করিয়া তুলিয়াছে। যে ইতিহাসে বিজ্ঞানের এই মার্গ দেখিতে না পাওয়া য়ায়, তাহাকে ইতিহাস না বলিয়া, প্রাচীনদিগের ভাষায় ময়য়চিত্রক বলা য়ায়।

উপস্থিত গ্রন্থে রাগায়নিকের ধীরতা, जूनावावहारत अल्यान अदः विकारनत मार्ग, সকলেরই পরিচয় পাওয়া যায়। সেদিন এই 'বঙ্গদর্শনে'ই 'অত্যক্তি'নামক এক প্রবন্ধে প্রাচ্য ও প্রতীচ্যের অত্যুক্তির সংবাদ পাঠ করিতেছিলাম। দক্ষ লেখক স্পষ্ট প্রদর্শন করিয়াছেন যে, প্রাচা বাস্তবের वाहित्त यात्र वर्षे, किन्छ वाहित्त श्रातन, 'याहेटलट्ह' खानाहेटल जूटन ना। वाखिवक, যাঁহারা সভাের জয়কীর্ত্তন করিতে কথন বিরত হন নাই, সেই প্রাচীন আর্য্যগণ যথন অত্যক্তি করিতেন,তথন সঙ্গে সঙ্গে,প্রকাশভ করিতেন যে, তাহা অত্যক্তি। এ কথা श्रीकात ना कतिरल छाशामिशरक ध्रवक्षक, মিথ্যাবাদী, ভণ্ড প্রভৃতি বিশেষণে বিশেষিত করিতে হয়। এই সামান্ত কথাটা বিশ্বত হইরা প্রতীচ্যেরা প্রাচ্যদিগকে সময়ে-অস- মরে উপহাস করিতে থাকেন। অস্থ পক্ষে,
প্রতীচ্যের গর্ক যে, তাঁহারাই যা সত্যের
উপাসনা করেন, জগতের আর কেহ করে
না। বোধ করি, এই গর্কেই তাঁহাদিগের
অত্যুক্তি প্রকাশ পাইতেছে। নতুবা তাঁহাদিগের নিকট প্রাচীন আর্য্যজ্ঞাতি একবার
প্রাতন একবার নৃতন হইতেন না, সে
জাতির ক্বতি একবার প্রাচীন একবার
অর্বাচীন বলিয়া গণ্য হইত না।

দেখিতেছি, আর্যজাতির আয়ুর্কেদেও
পাশ্চাত্য নব নব মততরঙ্গের আঘাত
লাগিয়াছে। জ্যোতিষের বেলায় বেণ্ট্লীপ্রমুথ পাশ্চাত্য সমালোচক যেমন বলিয়াছিলেন,এবং অনেকে এখনও যেমন বলিতেছেন, আয়ুর্কেদের বৈলাতেও জ্বর্মাণ সমালোচক হাআস তেমনই অয়ানবদনে বলিয়াছেন য়ে, হিন্দুদের আয়ুর্কেদের যাহা কিছু
উন্নতি, তাহা গ্রীঃ ১০ম ও ১৬শ শতান্দীর
মধ্যেই হইয়াছে! ইহা অপেকা অত্যুক্তি
অধিকদ্র যাইতে পারে না। ঠিক এই
ভাবেই বেণ্ট্লী স্বীয় প্রগল্ভতার নিমিত্ত
স্বর্মীয় হইয়াছেন।

চরকই যথন হিন্দুদিগের প্রাচীনতম আয়ু-র্বেদ, তথন সেই গ্রন্থকে আধুনিক বলিয়া প্রতিপাদন করিতে পারিলে দ্রপ্রাস্তবাদী হিন্দুদিগের প্রাচীনত্বের অভিমান মিথ্যা মনে করিঙে পারা যায়। বোধ করি, এই ছুর্লভ শাস্তির আশায় লিভি-নামক ফরাদী পণ্ডিত চরককে গ্রাঃ ২য় শতাকীতে টানিয়া আনিয়া-ছেন! কারণ তৎপূর্ব্বেই গ্রীকেরা এদেশে অধিকার স্থাপন করিয়াছিল। প্রায় এই- প্রকার বৃক্তিবলে প্রতিপন্ন করা হইনা, থাকে বে, ভারতীয় জ্যোতির্গণিতও প্রীক্দিগের নিকট চুরী বা ধার করা জিনিস। চরকের বেলা তবু ত ২র শতাব্দী, গণিতের বেলা একদৌড়ে ৫ম শতাব্দী! উভর স্থলেই তর্ক একইরূপ। গ্রীকেরা এ দেশে আসিয়াছিল, হিন্দুরা গ্রীসে বার নাই। স্থতরাং হিন্দুরা বাহা কিছু জানিত, সে সব জেতাদিগের নিকট পাইয়াছিল। বদি প্রমাণের নিমিত্ত পাই বে, হিন্দুদের পর্যাবেক্ষণক্ষমতা, গবেষণাশক্তি ছিল না!

এই অভূত তর্ক শুনিয়া ডা: রায় দবিশ্বয়ে লিখিয়াছেন, "যে সকল পাশ্চাত্য পণ্ডিত এ দেশে গ্রীক্বিভার প্রভাব দেখিতে পান, তাঁহারা, জ্ঞানত না করিলেও, বাস্তবকে দলিত করিয়া নিজেদের মতের পোষক প্রমাণ অমুসন্ধান করেন এবং নিজেরা কালসম্বন্ধে সন্দেহের ফলভোগ করিতে প্রয়াসী হন। যথন কোন বিষয়ে হিন্দুদের প্রাচীনতার স্পষ্ট প্রমাণ থাকে, তথন বলা হয় যে, হাঁ, অমুক জাতি ও হিন্দুরা একত্র এই বিষয় উদ্ভাবন করিয়াছিল এবং পরে উভয়ে কিছুদূর অগ্রসর হইয়াছিল। বিস্থা-বিষয়ে যুরোপ ভারতের নিকট ঋণী,—এ কথা খীকার করিতে, ভাবে বোধ হয় বেন, তাঁহা-দের গাত্রদাহ উপস্থিত হয়। **এই নিমিত** তাঁহারা ঐতিহাসিক সত্যকে মিখ্যাভর্কলালে বিলোপ করিতে সচেষ্ট হন। 🐣 🛊

ঠিক এই কথাই আমাদের পাটীন জ্যোতিবের ইতিহাস আলোচনা করিবার

^{*} Introduction, P. XXV.

দমর মনে হয়। পাশ্চাত্য পঞ্জিতেরা বত
দুর পারেন, প্রাচীন আর্যাকীতি আধুনিক
কালের দিকে ততদ্র আনিতে চেষ্টা করিয়া
থাকেন। এ পর্যান্ত এই নিয়মের একটিও
ব্যতিক্রম দেখিতে পাই নাই। পাশ্চাত্যদিগের এইপ্রকার অত্যক্তির কারণও
কতকটা ব্রিতে পারা বায়। শৈশবের
শিক্ষা, হালার মন্দ হউক, ব্রুবয়সেও তাহার
প্রভাব হইতে মুক্তিলাভ ঘটে না। ইহাঁকে
শিক্ষাক্ত স্প্রা বলা বাইতে পারে। পাশ্চাত্যেরা বধনই কোন বিভার আদি খুঁজিতে
বদেন, তথনই তাহাদিগের চোধের সন্মুধে
প্রাচীন গ্রীক্লাতি আসিয়াপড়ে। বাস্তবিকও
প্রাচীন গ্রীক্লাতি আসিয়াপড়ে। বাস্তবিকও
প্রাচীন গ্রীক্লাতি আসিয়াপড়ে। ক্রাপের
ক্রানের প্রতাক্র ধনি ছিল। *

আর-একটা কারণ পাশ্চাত্যদিগের মনে প্রচ্ছরভাবে কার্য্য করে। যতদিন প্রাচীন মিশর ও বেবিলন বর্ত্তমান মানবচক্ষ্র অতীত ছিল, ততদিন ভূমগুলে চীন ও ভারতের প্রাচীনত্বে সন্দেহ উপস্থিত হয় নাই। ভূমগুলের মধ্যে প্রাচীন জাতি, যে জাতির প্রাচীনত্বের দলীল পর্যান্ত 'লেখা-পড়া' হইয়া আছে, সে জাতির প্রতি সহজেই ভক্তি আরুই হয়। কিন্তু বেমনই অন্ত জাতির অন্ত্রন্ধান পাওয়া গেল,—এমন জাতি যাহাদের জ্ঞানের পরিধি এখনও পরিমাণ করিতে পারা যায় নাই,—সে জাতি খ্ব জ্ঞানী, পুর পণ্ডিত ছিল! বিশেষত, যাহাদের ভাষা অনুমান করিতেই প্রাণাক্ত

পরিশ্রম, সে জাতি খুব প্রাচীন না হইয়াই বায় না। কারণ, এতথানি পরিশ্রম-অধ্য-বদায় যে জাতি অকাতরে আকর্ষণ করি-बाह्, त्र बाछित्र मर्था दिनी ख्वान-विकान ছিল না, বিশ্বাস করিতে কষ্টবোধ হয়। তার উপরে, দে জাতির নিবাদ বেশী দূরে ছিল না. ঘরের পাশেই। ষে জাতির পৌরাণিক কাহিনী ধর্মগ্রন্থমধ্যে পাইয়াছে, দে জাতির প্রতি ভক্তির উদয় হওয়া স্বাভাবিক মনে করি। ফলে,অন্ধকারে किছू मिथा याक् ना याक्, म এकत्रकम ভাল। কিন্তু যেখানে চোখে আলো-আঁখার লাগে, সেধানে এক দেখিতে অন্ত মনে হয়. ছোট ছোট জিনিস প্রকাণ্ড বোধ হয়, আবার প্রকাণ্ড জিনিনের অন্তিত্বই লোপ পায়। যথন উজ্জ্বল আলোকে প্রাচীন ভারতের ইতিহাদ পাঠ করা সম্ভাব্য হইবে. তথনই চোথের আলো-আঁধার ঘুচিবে,নতুবা নহে। ডাঃ রায় এ বিষয়ের একটা দীপ আলাইয়া আমাদের ক্রতক্রতাভাজন হইয়া-ছেন। আশা হইতেছে, বার্টলের স্থায় রাসায়নিক-পণ্ডিত ও লিভির হাআস তুলাদও কৃট বলিয়া বুঝিতে পারিবেন।

এই ছদিনে, যে দিনে হিন্দুজাতিকে রবাহত ভিক্ষুকের স্থার পৃথিবীর দারস্থ বোধ হইতেছে, যে দিনে তাহার নিজস্ব বলিবার ছিরকন্থাটুকুও নাই, যে দিনে হিন্দুর স্পাত্ম-সম্মানটুকুও লোপ পাইতেছে, সে দিনে এরূপ গ্রন্থ লিখিবার প্রয়োজন ছিল। জগতের

^{*} পাশ্চাজ্ঞদিপ্তের এই bias of education চারি পাঁচ-বৎসর পূর্বের প্রবন্ধকের মনে প্রথম উদিত ইইয়াছিল। ডা: রারের প্রছে দেখিতেছি, মোক্ষমূলর-সাহেব ঠিক এই কথাই বলিয়াছেন। তাঁহার Auld Lang Syne এপর্যান্ত প্রবন্ধকের অপ্ঠিত আছে।

কাছে অন্তত বলিতে পারিবে, সে এখন होন বটে, কিন্তু চিরকাল এরপ ছিল না; কিছু করিতে না পারে, বনিয়াদীবংশগুণে মন্দ কাজটা করিতে পারিবে না। স্মরণ-যোগ্য ঘাহার কিছুই নাই, সে-ই অতীত-কালের চর্চা করিতে চার না। অতীত-কীর্ভিম্মরণের সহিত ভগ্গহদয়ে আশাও আসে; মনে হয়,কে জানে কবে কোন্ সত্তে অতীত অপেকাও বশস্করী কীর্ত্তির স্চনা হইতে পারিবে। ডাঃ রায়ের পিতামহগরিমাছিল বলিয়াই তিনি এই গ্রন্থ লিখিতে পারিয়াছেন। বোধ করি, এই গরিমাতেই শীর্কু রমেশচন্দ্র দত্ত মহাশয় ভারতের প্রাচীন সভ্যতা বর্ণনা করিতে পারিয়াছেন।

আমাদের আয়ুর্বেদের উৎপত্তি অমু-সন্ধান করিতে ডা: রায় বেদ উদ্ঘাটন করিয়াছেন। বোধ করি, এদেশীয়ের নিকট বেদের প্রমাণ আবশুক ছিল না। কারণ, ৰাবতীয় বক্স ও অসভ্য জাতির মধ্যে রোগ আছে এবং রোগের চিকিৎসাও আছে। বেদের ঋষিগণ একেবারে বন্ত বা অসভ্য ছিলেন, এ কথা কেহই বলিতে পারেন না। তাঁহাদেরও রোগ হইত, এবং রোগ হইলেই, তাঁহার। কালকবলে পড়িতেন না। তাঁহা-রাও যুদ্ধে শরবিদ্ধ হইতেন, এবং শল্য উদ্ধার করিতে না পারিয়া যন্ত্রণায় প্রাণ-ত্যাগ করিতেন না। মহাভারতের যুদ্ধের সময় বিজ চিকিৎসক শস্ত্র ও বিশ্ল্যকরণী ঔষধ শইয়া শিবিরে উপস্থিত থাকিতেন। অশ্ব এবং গো চিকিৎসায় নকুল এবং সহ-দেবের স্থার রাজপুত্রেরাও পারদর্শী ছিলেন। **শত**এব প্রাচীন পুঁথি বাহির না করিয়াও

বলিতে পারা যায় যে, প্রাচীনুকালের ঋষি-গণ রোগচিকিৎসা জানিতেন। 'ডথাপি' বিদেশীয়কে এ কথা শ্বরণ করাইয়া দেওয়া আবশ্যক।

বস্তুত স্ক্রুত লিখিয়াছেন, ব্রহ্মা স্বয়ং আয়ুর্বেদ করিয়াছিলেন। বাগ্ভটও লিখি-য়াছেন, প্রথমে ব্রহ্মা আয়ুর্কেদ শ্বরণ করিয়া প্ৰজাপতিকে দিয়াছিলেন। প্ৰজাপতি অখিনী-कूर्मात्रबन्नरक, अधिनीकूर्मात्रयूगन हेस्ररक, रेख चाट्यशिं मूनिश्नरक এवः चाट्यशिंम मूनिश्व व्यक्षित्वनानित्क नियाष्ट्रितन। बना আয়ুর্কেদ করিয়াছিলেন—ইহার আধুনিক অর্থ এই বে, স্বায়ুর্বেদ এত পুরাতন বে, তাহার আদি কেহ জানে না। যদি কোন শাস্ত্রের কর্তা ব্রহ্মা বলিয়া লিখিত থাকে, দেইথানেই এই আধুনিক অর্থ শ্বরণ করিলে প্রাচ্যের অত্যক্তি বাস্তবে পরিণত হয়। জ্যোতিবে এই উক্তির ভূরি-ভূরি প্রমাণ আছে। তম্ভিন্ন, আমাদের কোন শাস্ত্র সেই-প্রথমমূনি-ক্থিত নছে ?

আমাদের প্রাচীন সাহিত্যের, বিশেষত জ্যোতিষের ইতিহাস, আলোচনা করিলে মনে হয়, যেন বেদসংহিতার পর প্রায় সহস্র-বৎসর, কি আরও অধিককাল, এ দেশে একটা বিপ্লব চলিয়াছিল। সেই বিপ্লবের অবসানে ঋষিগণ ব্রাহ্মণে পুরাতন সংহিতা নৃতন করিয়া বেন পাঠ করিতে লাগিলেন। কত প্রাচীন কীর্ত্তি, কতে প্রাচীন কাহিনী বিপ্লবের সময় তাঁহারা ভূলিয়া গিয়াছিলেন, শান্তির শীতল ছায়ায় তাঁহারা সেই সকল কথা লাহ্মা তর্কবিতর্ক করিতে বসিলেন। ব্যক্ষণের পর ক্রে,—

সেধানেও প্রায়ু সহস্রবৎসর অন্তর। স্ত্তের ৰ্ষিগ**ণ** ত্ৰাহ্মণের ঋষিগণ হইতে ভিন্ন। স্থ্ৰ বা বুদ্ধদেবের আবির্ভাব হইতে খ্রী: ৫ম শতাকী পর্যায় প্রায় সহস্রবৎসর আবার এক বিপ্লবের ঝটকা এ দেশে বহিয়া গিয়াছে। ৪র্থ কি ৫ম শতাকী হইতে ১২শ শতাকী পর্যাস্ত সে ঝটিকা ক্রমশ শাস্তভাব ধারণ করিলে আর্য্যগণ কর্মশীলতা প্রকাশ ১২শ শতাকী হইতে অভাবিধি আর এক অবস্থা চলিতেছে। মনে হয়, যেন ভারতের ভাগাচক্র এক-এক সহস্রবৎসরে পরিবর্ত্তিত হইত। প্রায় সহস্র বৎসর ধরিয়া ভারত নিদ্রিত হয়, প্রায় তত বংসর জাগ্রত থাকে, তার পর আবার নিদ্রামগ্র হয়। বর্ত্তমান নিদ্রার আরম্ভ ১২শ শতা-কীতে। আশ্চর্য্যের বিষয়, পাশ্চাত্য পণ্ডি-তেরা এই কুম্বকর্ণের নিদ্রার সময়ই বাছিয়া বাছিয়া এদেশের জাগ্রত অবস্থা মনে করেন। নিদার সময় কচিৎ কদাচিৎ কোন মনস্বী জাগিয়া উঠিয়াছেন; কিন্তু তাঁহাদের ঘারাই নিদ্রার যোর আরও প্রকট হইয়া উঠিয়াছে। এইরূপ চিম্বারাচরক ও সুশ্রতের

কিন্তু ভারতভাগ্যচক্রে বিশ্বাস করিলে এবং চরক ও স্থশ্রতের মৌলকতা দেখিলে মনে হয়, হয় তাঁহার। বুদ্ধদেবের পুর্বে हिल्न, मा रश वृक्षामत्वत मर्व्यवरमत शास्त्र ছিলেন। আশ্চর্য্যের বিষয়, প্রাচীন স্থঞ্জের পুঁথি) পাওয়া গিয়াছে, তাহাতে তিনি সহস্রবংসর পরে আসিয়া পড়িয়াছেন। বৌদ্ধর্মের ঝঞ্চাবাতে ভারতের কত প্রাচীন দলীল উড়িয়া গিয়াছে। কি ঘোর বিপ্লবে হিন্দুজাতির অমুবন্ধের বিচেছদ ঘটিয়াছে ! খ্রীষ্টার ৫ম শতাব্দীর সহস্রবৎসর পূর্বের ধে দলীল আছে, তাহা নাকি এত জীৰ্ণ যে, পড়িতে পারা যায় না। স্থ্রুতের নাম আছে, পুরাণেও আছে, বর্ত্তমান স্থ্রুতের প্রথমেই আছে। প্রবন্ধা-স্তব্রে এই হুই দলীল পাঠ করিতে চেষ্ঠা করা গিয়াছে। * যাহা হউক, সুশ্রুতকে স্বস্থানে বসাইতে পারিলে, সঙ্গে সঙ্গে চরকের যথার্থ স্থান দেখিতে পাওয়া যাইবে। কারণ, যিনিই ঐ গুইখানি সংহিতার পাতামাত্র উল্টাইয়াছেন, কাহার পরে কে, এবং বোধ করি, কত পরে, তাহা আর

কাল অবশ্য নিরূপিত হইতে পারে না।

^{*} আবিনের 'প্রবাসী'। ুমহাভারতের একটি স্থলে (অফু ৪ অ০) ফুশ্রুতের নাম পাইরাছি। নারদ, বাজ্ঞবন্ধ্য, গার্গ্য, জাবালি প্রভৃতি নামের সহিত বাতন্ন, চক্রক ও ফুশ্রুতের নাম আছে। চক্রক চরক ? চরক নাম পাই নাই বলিরা মনে হইতেছে। অখিনীকুমারদ্ধ, ধ্যস্তরি, কাশীরাজ, দিবোদাস, নকুল ও সহদেব—এই সাত জন ব্যাধিঘাতক নামে প্রসিদ্ধ। ই হাদের সকলেরই নাম মহাভারতে আছে। দিবোদাস বেদেও আছেন। ই হার সম্বন্ধে মহাভারত (অফু ৩০ অ০) ও বায়ুপুরাণ প্রায় একমত। মহাভারতে চিকিৎসক আজের নাম স্পষ্ট লিখিত আছে। যথা (শান্তি ২১০ অ০)—দেববিচরিতং গার্গ্য: কৃষ্ণাত্তের-কিকিৎসিতঃ [জ্বগাদ]। অস্ত্র (শান্তি ২১৪ অ০) মহার্কিওগ্রানতির্বেদ তচ্ছুক্রসন্তবম্। বস্তুত মহাক্তারতের শান্তিপর্বে (১৬, ২৮, ২১৪, ২৮২, ৩১৮, ৩২২ অ০) স্থানে স্থানে আয়ুর্ব্বেদ বর্ণিত আছে। স্থানে স্থানে (শাত ৩১৮, ৩২২) অবিকল ফুশ্রুত মনে হয়। তবে বোধ হয় এই সকল উল্ভি আজের-অগ্নিবেশাদিরও ইইতে পারে। মহাভারতের সময় চরক্ষ ও ফুশ্রুত তত প্রসিদ্ধ ছিলেন না বলিয়া বোধ হয়।

তাঁহাকে বলিয়া দিতে হয় না। স্থশতসংহিতার বর্তমান আকার নাকি নাগাক্র্ন দিয়াছিলেন। তিনি কে, কথন্
ছিলেন, তাহা নিশ্চয় করিতে ডাঃ রায়
বিশেষ চেষ্টা করিয়াছেন। তিনি যিনিই
হউন, যথনই থাকুন, তিনি স্থশতের ন্তন
সংস্করণ করিয়াছিলেন বলিয়া স্থশতের
প্রাচীনতা লুপ্ত হয় না। এরপ স্থলে একটি
দৃষ্টাস্ত সর্বলা মনে আসে এবং অন্যত্র তাহা
প্রয়োগ করা গিয়াছে। কাশীরাম দাস
মহাভারত রচনা করিয়াছেন বলিয়া সৌতর
মহাভারত নৃতন হয় না, কিংবা ব্যাসমুনি
ভারতকথা শুনাইয়াছেন বলিয়া ভারতয়্বদ্ধ
আধুনিক হয় না।

চরক ও স্থাতের পর—অর্থাৎ তাঁহাদের
বর্ত্তদান আকার-পরিগ্রহের পর—বাগ্ভট,
তদনস্তর বৃন্দ, তদনস্তর চক্রপাণিতে ধাতৃঘটিত ঔষধ আয়ুর্ব্বেদে অলে অলে প্রবেশলাভ করে। চক্রপাণি গ্রী: ১১শ শতাকীতে
ছিলেন। তাঁহার একশত কি হইশত
বৎসর পূর্ব্বে রন্দ, রন্দের একশত কি হইশত
বৎসর পূর্বে রাধ্যকর * ছিলেন। ইহা
ভাক্তার রায়ের ইতিহাস পাঠে জানিতেছি।
তিনি বলেন, একাদশ শতাকীর সময়ে
আয়ুর্বেব্দে তন্তের প্রভাব বিস্তুত হয়, এবং
তাহারই ফলস্বরূপ রসরত্বাকর, রসার্গব,
রসরত্বসমূচ্যে প্রভৃতি গ্রন্থের উৎপত্তি হইয়া-

ুছিল। এই সকল গ্রন্থের পারদের) ঐ শভানীর পূর্বেও তান্ত্রিক মত প্ৰাধান্ত ৷ চলিত হইয়াছিল। খ্রী: অষ্টম শতাব্দীতে উহা প্রচলিত ছিল, বলিতে পারা যায়। ডাক্তার রায় ৭ম শতাকীতে পর্যান্ত উহার প্রভাবের নিদর্শন (मथारेग्राष्ट्रन। সকল প্রমাণ ছাড়িয়া গরুড়পুরাণ (ও অগ্নি-পুরাণ) দেখিলেই বলিতে পারা যায় যে, >ম' কি > ম শতাৰীতে তান্ত্ৰিকমত বিলক্ষণ প্রচারিত হইয়াছিল। গরুড়পুরাণরচনার উত্তরদীমা ১০ম শতাব্দী, পূর্বদীমা ৮ম কি ৯ম। উহার একস্থানে ব্যাড়ী-মুনির কথা আছে। দেখানে তিনি মহাপ্রভাবসিদ্ধ নামে বিশেষিত। তিনি কৃতিমমুক্তা-পরীক্ষার করিয়াছেন। রসর*ন্ধ্*সমুচ্চয়েও উপদেশ রসসিদ্ধিপ্রদায়কদিগের মধ্যে ব্যাড়ীর নাম আছে। এক বৈয়াকরণিক ব্যাড়ী বা ব্যালী পাণিনির সমসাময়িক ছিলেন। বৈয়াকরণিক হইলে যে আয়ুর্বেদজ্ঞ বা রসবেতা হইতে পারেন না, এমন বলিতে পারা যায় না। দৃষ্ঠান্ত পতঞ্জলি। যাহা হউক, দেখা যাইতেছে ৯ম শতাকীর পূর্বের রদের প্রাধান্য ঘটিয়া-ছিল। ইহার কতকাল পূর্বে তান্ত্রিকমত প্রচ্ছন্নভাবে ছিল, তাহা নির্দেশ করা কঠিন। । অথর্কবেদ হইতে তান্ত্রিক ক্রিয়ার আবন্ধ বলা যাইতে পারে। অথর্কবেদের মারণোচ্চাটনাদি আভিচারিক কার্য্য মহা-

^{*} মাধ্যকর ওড়িয়া ছিলেন কি? ওড়িশার পণ্ডিতগণ তাঁহাকে ওড়িয়া ব্রাহ্মণ মনে করেন। 'কর'-সংজ্ঞাটি তাঁহাদিগের মধ্যে বিশুর আছে।

[†] কত পূর্বকাল হইতে তুর্গাপ্জার আরম্ভ ? মহাভারতে তুই স্থানে (বিরাট ৬ জুণ, ভীম ২৬ অ॰) মহিনাস্থনাশিনী তুর্গার তাব পাওয়া বার। জ্যোতিধের ইঙ্গিত দেখিলে খ্রীঃ পু: ২র শতাক্ষীতে তুর্গাপ্তার আরম্ভ মনে হয়।

ভারতেও লিখিত আছে। সেই অথর্কবেদ इहेट बागूर्वरमत डे ९ शखि। यमि त्रमा-য়নের সহিত রসপারদের সম্বন্ধ থাকে, * তাহা হইলে অন্তত মহাভারতের সময় হইতে রুসায়নপ্রয়োগ (শাস্তি• ৩২১ অ॰, অমু॰ ২৮ অ॰) এ দেশে চলিত আছে। মহাভারতেই 'হিঙ্গুল'শব্দ ছই তিন স্থলে আছে। পারদ, হিন্দুলের মধ্যে কথন-কথন ধাতুর আকারেই পাওয়া যায়। + পারদের আকর বলিয়া যে দরদ রসগ্রন্থে কীর্ত্তিত আছে, সেই দরদের নাম মহাভারতে পুন:পুন উক্ত হইয়াছে। মুমুস্থতিতে দরদ, পারদ, থশ জাতির উল্লেখ আছে। छेष्य भात्रम अरमारगत कथाम वतारुगिरिस्तत সাক্ষ্য আছেই। মনে রাধিতে হইবে, वताह शृक्षभाज महनन कतियाहितन। অতএব জাঁহার পূর্ব্ব হইতেই ঔষধে পারদ-প্রয়োগ চলিত ছিল।

অষ্টাঙ্গছদয়ের কর্তা সিংহগুপুত্র বাগ্ভট ছিলেন। রসরত্বসমুচ্চয়কর্তাও নিজেকে সিংহগুপুত্র বাগ্ভট বলিয়াছেন। এজভ অধ্যাপক রায় মহাশয় বিশ্বিত হইয়া ছিতীয় বাগ্ভটের নিজের নামপরিবর্ত্তনের সহিত অন্তির্থবিলোপ-চেষ্টার প্রশংসা করিয়াছেন। জানি না, এই বাগ্ভট অষ্টাঙ্গছদয়ের কর্তা বলিয়া অভিমান করিয়াছেন কি না। কেবল বাগ্ভট নামটি দেখিলে বিশ্বিত হই হাম না। হয় ত বাগ্ভট নামটি উপাধিবিত্ব ছিল।

বস্তুত বাগ্ভট বা বাগভট্ট বলাও যাহা, ক্বিরাজ বলাও তাহা। কথনও বা শুকর নামে শিব্যের নাম হইত। দৃষ্টাস্ত—প্রথম আর্য্যভট্টের শিষ্য বিতীয় আর্য্যভট। কিছ এইপ্রকার ব্যাখ্যায় উভয় বাগ্ভটের পিতার নাম এক হইবার কারণ পাওয়া যায় না। উভয় বাগ্ভট এক ব্যক্তি হইতে পারেন না কি ?

এই অমুমানের বিরুদ্ধে ডাঃ রায় ছইটি প্রমাণ দিয়াছেন—(১) অষ্টাঙ্গছদর স্থশ্র-তের ফ্রায় বৈদিক, র•-র•-সমুচ্চয় রসার্ণবের তার তান্ত্রিক; (২) ডাঃ রায়ের অনুমানে অষ্টাঙ্গহাদয় ৮ম শতাব্দীর, এবং র০-র০-সমুচ্চয় ১৩শ শতাকীর। কিন্তু এই ছই যুক্তি ছারা আমাদের সক্রেছ যাইতেছে না। আমরা সমগ্র র০-র০-সমুচ্চয় দেখি নাই। ডাঃ রায় উহার যতটুকু উদ্ধৃত করিয়াছেন এবং গ্রন্থের গুণসম্বন্ধে যতটুকু বলিয়াছেন, তাহা হইতে আমাদের সংশয় বরং বৃদ্ধি পাইয়াছে। (১) অ•-হদয়ে যেরূপ বিষয়-বিভাগ এবং বর্ণনার ধারা দেখিতে পাই. র•-র•-সমুচ্চয়েও সেইরূপ দেখিতেছি। এরূপ স্থান্থলা পরবর্ত্তী গ্রন্থেও অল্প দেখিতে পাই। (২) অ•-হাদয়ে চকুর তিমিররোগচিকিৎসায় পারদঘটিত অঞ্জন প্রস্তুত করিবার ব্যবস্থা আছে। ডা: রায় বলেন, র -- র -- সমুচ্চয়েও প্রান্ন সেই ব্যবস্থাই প্রদন্ত হইন্নাছে। 🛶 🔾 🔾 🤊 উভয় গ্রন্থের মঙ্গণাচরণে একট ভাবের (भ्रांक—वृद्धाप्तरक नमकात । ১०म कि ১৪म

^{*} অমরক্রোবের টাকাকার রঘুনাথ "রসঃ স্তত্ত পারদে" ইহার টাকার বলিয়াছেন—"রভতে রসারনাদিবু, স্তে বলারোগ্যে।"

[†] Mallet's Mineralogy of India.

শতান্দীর আয়ুর্বেদলেথককে বুদ্ধদেবের প্রতি ভক্তিমান দেখিলে সন্দেহ বৃদ্ধি পায়।

উপরের বিরোধী প্রমাণম্বয় বিচার कतिरम প্रथरमहे रमिश्ट भारे रा, (>) घ०-হৃদয়ে পারদের ও র•-র•-সমুচ্চয়ের অভাভ ধাতুর কথা নাই। নাই বলিয়া উভয় গ্রন্থ-कात्र এक इंहेर्ड शारतन ना, डाहा विनर्ड পারা যায় না। বরং ডাঃ রায় এই অভাব-রূপ প্রমাণের বিক্লছে পুনঃপুন আকর্ষণ করিয়াছেন। এমন হইতে পারে যে,অ৽-হৃদয়ে বাগ্ভট আত্রেয়াদির শাস্ত্র মন্থন করিয়াছেন এবং এজন্ম গ্রন্থের নাম অ৽-হৃদয় সংহিতা বা সংগ্রহ রাখিয়াছেন। বরাহ যেমন তাঁহার পূর্ব্ববর্ত্তী প্রাচীন বছ জ্যোতিষীর মত অঙ্গলন করিয়া বৃহৎ-সংহিতা লিখিয়াছিলেন, বাগ্ভটও তেমনই প্রাচীন আয়ুর্বেদ সঙ্কলন করিয়া থাকিতে উহাতে বৈদিক আয়ুর্কেদ, পারেন। র • - র • - সমুচ্চয়ে তান্ত্রিক। এই ছই আয়ু-র্বেদ পৃথক রাখিবার অভিপ্রায়েও পৃথক গ্রন্থ বিভিত্ত হইতে পারে। (২) ডাঃ রায়ের অমুমানে রুদার্গর খ্রীঃ ১২শ শতাকীতে রচিত। কারণ ১৪শ শতাকীর সর্বদর্শন-সংগ্রহকার মাধবাচার্য্য রসার্ণবের এবং র৹-র শমুচ্চয় রসার্ণবের নাম করিয়াছেন। কিন্ত এই প্রমাণে রদার্ণব ১২শ শতাকী অপেকাও

প্রাচীন হইতে পারে, এবং সঙ্গে সঙ্গে র -- র -- সমুচ্চয়ের কালও পিছাইয়া 'পড়িতে পারে। এইরূপে উভন্ন বাগ্ভট একই সমন্ত্রে উপস্থিত হইতে পারেন। (৩) জ্ব--হৃদয়ের বাগ্ভটকে কেহ্বা খ্রী• পূ• ২য় শতাকীর, কেহ বা গ্রী৽ প• ৮ম, এবং রাজ্তরঞ্জিণীকার ১২শ শতাব্দীর বলিয়া-ছেন। সংহিতার কালনিরূপণসম্বন্ধে এরূপ মওঁভেদ বিশ্বয়ের বিষয় নহে। কারণ সংহিতায় লেথকের পূর্ব্ববর্ত্তী কালের বিষয়ই অধিক থাকে। বরাহের কেবল বৃহৎ-সংহিতাখানি দেখিলে তাঁহার কাল নির্দেশ করিতে পারা যাইবে না। হয় ত রাজ-তরঙ্গিণীর কথাই সত্য। কারণ এইরূপ সময় অমুমান করিলে উপরের সন্দেহগুলি নিরাক্ত হয়। যাহা হউক, আমরা আমা-দের সন্দেহ জানাইয়া ক্ষান্ত হইলাম, ডাঃ রায় সন্দেহের মীমাংসা করিবেন। +

র - র - সমুচ্চ দ্বের যত টুকু ডা: রায় তাঁহার গ্রন্থের পরিশিষ্টে উদ্ভ করিয়াছেন, তত টুকু হইতেই উহাকে মূল্যবান্ বোধ হইল। এক এক শাস্ত্রের আদির যত নিকটে যাইতে পারা যায়, পরবর্তী গ্রন্থের স্থূলতা বা হক্ষতা পরিমাণ করা ততই সহজ্ঞ হইয়া পড়ে। পরে পরে এক এক শাস্ত্রের যেমন উন্নতি হইতে পারিত, গতাফুগতিকের অন্ধবৎ

^{*} মহাভারতের সময়েই আয়ুর্বেদ অষ্টাঙ্গ হইয়াছিল। যথা, আদি - ১১ অ -— আয়ুর্বেদভথাট্রাঙ্গো দেহবাংভত ভারত।

[†] জ্যোতিষী শ্রীপতির টীকাকার মাধব (১১৮৫ শক) বাগ্ভটের নাম করিয়াছেন। এখানে কোন্
বাগ্ভট, তাহা এখন বলিবার উপার নাই। এক মহর্ষি-সিংহক্ত রত্বসংগ্রহ দেখিতে পাই। বছুদ্র দেখিলাছি,
উহোকে ১২শ শতাব্দীর বলিয়া মনে হইয়াছে। কালক্রমে রত্বপরীক্ষা আয়ুর্কেদেও এদেও হইত। হভরাং
রত্বসংগ্রহকার সিংহ দিতীয় বাগ্ভটের পিতা হওরা অসম্ভব নহে।

অনুসরণত তেমনই প্রকট হইরা উঠিত।
প্রথম উদ্বানার সমরে বে প্রাণ থাকে,
গতান্থগতিকে তাহা লুপ্ত হইরা অন্তকরণের
সমস্ত দোষ তাহার স্থান অধিকার করে।

ভা: রায় র০-র০-সমৃক্তয় হইতে যে
ইংরাজ অস্থাদ দিয়াছেন, হঃথের বিষয়
কোন কোন স্থলে তাহা মৃলপদাসুসারী হয়
নাই। যাঁহারা কাব্য ও প্রাণাদির সংস্কৃত
ব্রেন, তাঁহারা বে আয়ুর্কেদের ভায় পারিভাষিকশক্বছল সংস্কৃত ব্রিবেন, এমন আশা
করিতে পারা ষায় না। অভ্যপক্ষে, যাঁহারা
সংস্কৃত ব্রেন না, তাঁহারা সংক্ষিপ্ত ইংরাজি
অস্থাদকেই আশ্রয় করিবেন। এই উভয়
শ্রেণীর পাঠকের নিমিত্ত মূল অসুসরণ
করাই শ্রেয়। এথানে অস্থাদের ভাষা
বিচারের বস্ত হয় না,—যে বিষয়ের অস্থাদ,
তাহাই বিবেচ্য। কম্পিলনামক উপরসসম্বন্ধে র০-সমৃত্রের আছে—

ইটিকাচ্পদকাশশচন্দ্রিকাচ্যে। সৌরাষ্ট্রদেশে চোৎপল্ল: ম হি কম্পিলকঃ মৃতঃ ॥

ইহার অনুবাদে আছে—Kampilla is like brick-dust ·····a purgative ·····
natural product of Surat ·····and a vermifuge. ইহাতেও আপতি উঠিত না, বিদ ডাঃ রায় মন্তব্য না করিতেন বে, কম্পিল কমলাগুঁড়ি রঙ্গ। কম্পিল কি পদার্থ, তাহা জানি না। দেখিতেছি বঙ্গদেশের অনেক কবিরাজ এবং ডাঃ উদয়টাদ ও

বৈদ্যকশক্ষিত্ব কম্পিল অর্থে কমলাগুঁড়ি বুঝিয়াছেন। কিন্তু উদ্ভুত লক্ষণ হইতে উহা কমলাগঁড়ি রঙ্গ বলিয়া ঠিক বুঝা যায় না। কারণ এক কম্পিল্ল নাম এবং ইটগুঁড়ার ন্যায় বর্ণ* ব্যতীত উভয়ের মধ্যে অন্য সাদৃশ্য পাই না। বস্তুত কমলাগুঁড়িতে চক্রিকা (हक्हरक मौखि, (यमन अप्बत) कहे १ (वांध कत्रि,कमना खं जित्र बन्न खर्जत्रातर्भ यादेवात ७ প্রয়োজন ছিল না। তদ্ভিন, উপরসের মধ্যে উष्डिब्ज পদার্থের নাম মনে হইলে বস্তুত তাহা উদ্ভিজ্জ কি না, তাহার সবিশেষ বিচার আবশ্রক। প্রাচীনেরা অবশ্য উদ্ভিক্ত ও থনিজ পদার্থের প্রভেদ জানিতেন। কম্পিল্ল तक्रभार्थ इटेटन नक्षर। त्रस्त्र উत्तर থাকিত। কারণ কমলাগুঁড়িতে জল লাগিবা-মাত্র রঙ্গ বহির্গত হয়।

এইরূপ 'মৃদ্দারশৃঙ্গকং' সহস্কে ডাঃ রার লিথিরাছেন, "উহা হরিদ্রাবর্ণ, প্রাকার (সদল), এবং গুর্জরদেশে ও আবুগিরিতে প্রাপ্তব্য।" কিন্তু মূলে আরও হুইটি গুণ লিথিত আছে। উহা সীসসত্ত এবং গুরু। সদল অর্থে ডাঃ রার প্রাকার বুঝিরাছেন। কিন্তু সদল অর্থে গুড়ার আকারও বুঝাইতে পারে। বোধ করি 'দলো গুড়ে' এই অর্থ প্রকাশ পাই-তেছে। সীসসত্ত হুটতে মনে হ্র, উহা সীসধাতুর কোন উপরস। বস্তুত 'মৃদ্দার-শৃঙ্গকং' চলিত মুদ্গিঙ্গ বা মুদ্রাশন্ধা নুহে তি ? মুদ্গিক্স (litharge) হুইলে উহা প্রাকার ও

^{*} বোধ হয়, ইষ্টিকাচুর্ণসভাশ—অনুবাদে has the colour of brick-dust করাই ভাল। করলা উড়িব পাছু পুরাগ বলিয়া জানিতাম। কিন্ত দেখিতেছি, তেলেগু নাম পুনাং পুরাগের অপ্যক্রণস্বরূপ বিবেচিত হইতেছে। রক্ষস্বরা কমলাগুঁড়ি-গাছের (Rottlera) জন্মহান করমগুলপ্রদেশ বলিয়াছেন।
কিন্ত বোদাইপ্রদেশের দক্ষিণেও বলা বাইতে গারে।

শুণ্ডিকাকার উভয়ই হইতে পারে। তবে সে দ্রব্য স্থভাবত এবং শুর্জন্দশে ও অর্দ-গিরিতে পাওয়া যায় কি না, তাহা বলিতে পারি না।

ডাঃ রায়ের দৃষ্টি-আকর্ষণ নিমিত্ত অপর তুই-একটি উপরস সম্বন্ধে তুই-এক কথা বলা ষাইতেছে। বৈজ্ঞান্তসম্বন্ধে হলাগু-সাহেবের আদৌ অহুমান সম্ভোষজনক বৈক্রান্তের বর্ণনা হইতে উহাকে গোমেদ (Zircon) বলিয়া মনে হয়। গ্রন্থান্তরে বিচার করা গিয়াছে। * অনেকেই রাজাবর্ত্তকে lapis lazuli করিয়া থাকেন। (कन करत्रन,कानि ना। (वाध इम्र,त्राकावर्र्छत অপত্রংশ ফার্সী লান্ধাবর্দ অর্থে lapis-lazuli বুঝিয়া আমাদের প্লাচীন রাজাবর্তকেও তাহাই অমুনান করিয়াছেন। কিন্তু রাজাবর্ত্ত অল্ল রক্তমিশ্রিত গাঢ় নীলবর্ণ এবং উহা ক্ষটিকের ভেদ বলিয়া শাস্ত্রে লিখিত আছে। অতএব উহা amethyst ভিন্ন আর কিছু নছে। 'বিমল' স্বচ্ছ ফটিক (rock crystal) वित्रा कानि। (कह (कह 'विभव' भरक রৌপ্যমাক্ষিক ব্রিয়াছেন। কিন্তু রৌপ্য-माकिकरक वर्खुन, रकानमःयुक्त, विश्व, कनका-ন্বিত বলিতে পারা যায় না। বিমল খাত হইলে কাচ পাইবার কথা। সম্যক ও তৃত্বক রত্নস্বরূপ ব্যবহৃত হইত। স্প্যক malachite, তুখক azurite ? চপল

stilbite ? ত্বরী alum না হইয়া alunogen ? ত্বরীর একটা গুণের মধ্যে আছে, লেপাৎ তাম্রং চরেদয়:। ইহা হইতে ডাঃ রায় অনুমান করিয়াছেন বে, এখানে লেপছারা লোহের তামে পরিণতি (transmutation) বলা হইয়াছে। কিন্তু লেপছারা এক ধাতুর উপরে অন্য ধাতুর লেপ (deposit) ব্রাইতে পারে না কি ? ত্বরী ছারাণ লোহে তামলেপ অসম্ভব নহে। কারণ ত্বরী শুদ্ধ ফট্কিরি নহে, উহাতে কাশাশ ও তুথক মিশ্রত থাকে।

অञ্चनमञ्चरक जाः উদয়চাদের অমুমান বিশাস্যোগ্য বোধ হয় না। তাঁহার অনেক-গুলি ভ্রমাত্মক অমুমানের পরিচয় ডা: রায়ও পাইরাছেন। এম্বলে ডা: উদয়চাঁদের প্রমাণ ना जुलित्वरे जाल रहेछ। शक्षविध अक्षरनत মধ্যে র•-র•-সমুচ্চর হইতে জানিতেছি যে, সৌবীরাঞ্জন ধূমবর্ণ, স্রোতোহঞ্জন বন্দীক-শিथत्राकात, ভाঙিলে नीलां ९ भनवर्न, घिरल গৈরিকবর্ণ। ভাবপ্রকাশে অঞ্চন দ্বিবিধ,— সোৰীরাঞ্জন ও স্রোতোহঞ্জন। প্রথমটি খেত বা পাণ্ডুর, দ্বিতীয়টি কৃষ্ণ। রদেক্রসারসংগ্র-হের গোপালকত টাকায় সৌবারাঞ্চন ধূমবর্ণ, রসাঞ্চন পীতবর্ণ, পুষ্পাঞ্চন খেতবর্ণ †। স্রোতোহঞ্জনের বর্ণ লিখিত নাই। নীলাঞ্জন অবশ্য নীলবর্ণ। কিন্তু লিখিত আছে, অঞ্নসকলের সন্থ, মন:শিলার ন্যায় সংগ্রহ

^{*} জহরীদিগকে হিন্দি নাম না বলিলে তাহার। মণি চিনিতে পারে না। এক পণ্ডিত হিন্দুছানী বৈদ্য রসপ্রদীপের টীকা হইতে বৈক্রান্ত অর্থে "থোটা হারা" বলিয়াছিলেন। এক জহরী বৈক্রান্ত নামে গোমেদ বিক্রর করিয়াছিল। কিন্তু পরীক্ষায় তাহা জার্কণ না হইয়া গার্ণেট (hyacinth) হইয়াছে। আফুচর্ব্যের বিবর, কৰিরাজ মহাশয়েরা অজারিত সহজ বৈক্রান্ত বিক্রর করিতে একান্ত বিমুধ।

^{† &#}x27;সিড' পীত হইবে না ভ ?

করিবে। অম্রকোষে স্রোতোহঞ্জনের অপর নাম পুনবীরাঞ্জন ও কপোতাঞ্জন। অতএব এই মতে শ্রোতোহঞ্জন ও সৌবীরাঞ্জন একই বস্তু, এবং উহারা কপোতবর্ণ। রসা-ঞ্লের নাম রসগর্ভ এবং তাক্ষ্টিশল। অতএব রসাঞ্জন পীত বা হরিতবর্ণ থনিজ-বিশেষ। কুসুমাঞ্জনের অপর নাম রীতি-পুষ্প। রীতি অর্গে পিত্তল, পুষ্প অর্থে মল। এইরূপ অর্থ অমরের টীকাকার রঘুনাথাদি করিয়াছেন। কোন টীকাকার রুগাঞ্জনের নাম (দারুহরিদার) কাথোম্ভব এবং তুখ বলিয়াছেন। কালিকাপুরাণে (বৈদ্যকশন্দ-मिष्) अञ्चन यष् विध - मोवीत, सामन, ময়ুর ও শ্রীকর তুখ, দর্কিকা, মেঘনীল। অবংরূপ (আঠার ন্যায় শাঘ্রদাব ?) সৌবীর, জামল প্রস্তর, ময়ূর ও ঐকের রত্নবিশেষ, মেঘনীল তৈজ্ঞস, ঘৃততৈলাদিযোগে তামা-দিতে দীপশিখায় জাত দৰ্কিকা।

এই সকল মত হইতে বৃঝা যাইতেছে, তথু একালে নহে, পূর্ম্বকালেও পাঁচটি অঞ্চনসংস্কে গোলযোগ ছিল। নীলাঞ্চন = তৃথাঞ্চন, এবং পূজাঞ্চন = পিত্তলমল (calx of brass) রাখিলে, সোবীর, স্রোত ও রসাঞ্চন থাকে। অমরের মতে সোবীর ও স্রোতোহঞ্জন এক এবং আকৃষ্ণরক্তবর্ণ। র ত-র ত-সমুচ্চরমতে সোবীরাঞ্জনের বর্ণ ঐ। ডা:-উদয়্টাদ-কর্তৃক উদ্ভূত মদনপালেও উহা কৃষ্ণবর্ণ। স্রোতোহঞ্জন শিথরাকার (pyramidal), ভলে নীল বা কৃষ্ণ এবং ক্ষেলাল। অভএব galena হইতে পারে না, বরং stibnite হইতে পারে। Stibniteএর উপরিভাগ প্রায়ই Oxides এ (Cervantite)

পরিণত হয়। শেষোক্ত পদার্থ আপীত বা আরক্ত। এই সকল বিষয় স্মরণ করিলে দৌবীর ও স্রোতোহঞ্জন,উভয়কেই stibnite-এর জেদ বলিয়া মনে হয়। ডাঃ উদয়চাঁদ লিখিয়াছেন, রদাঞ্জন দারুদরিদ্রার কাথ, এবং তাহার চলিত নাম রসোত। কিন্তু ৰাজারে যাহা রসোত নামে বিক্রন্ন হয়, তাহা প্রায়ই ক্লফবর্ণ। উহাতে লোহ আছে। দারুহ্রিদ্রার কাথ হুগ্নের সহিত মিশাইয়া ঘন করিলে পাভুরবর্ণ হয়। হয় ত লোহ-পাত্রে রাথিয়া রুদোত প্রস্তত হয়। দারুহরিদার কাথ অমাত্মক। কিন্তু এতদ্বারা রসাঞ্জনের নাম তাক্ষ্যিল হইবার কারণ পাওয়া যায় না। অন্তপক্ষে, বাজারে রসাঞ্চন নামে Stibnite বিক্রন্ন হয়। যাহা হউক, এ সকল তত্ত্ব ডাঃ রায় স্থির করিবেন।

দেখিতেছি, পৌরাণিক উক্তির প্রতি ডাঃ রায়ের আদে আন্তা নাই। র ০-র ০-সমুচ্চয়ে স্বৰ্ণ পঞ্চবিধ বলা হইয়াছে,--প্ৰাকৃত, সহজ, বহুিসম্ভূত, খনিসম্ভব ও পারদকাত। এ বিষয়ে পুরাণে কি আছে, জানি না। ডা: রায় সে অংশটুকু উদ্ধৃত করেন নাই। যাহাই থাকুক, এইপ্রকার উক্তির মধ্যে সত্য প্রায়ই লুকায়িত থাকে। যদি স্বর্ণের উক্ত পঞ্বিধ উৎপত্তি শুনি, তাহা হইলে মনে হয় যে, প্ৰাকৃত impure, সহজ native, বহি-জাত obtained by melting scme ore, খনিসম্ভব quarried from mines, পারদ-জাত obtained by dissolving grains of gold (as among sand) in mercury। স্বর্ণের এইপ্রকার বিভাবন আধুনিক-বিজ্ঞানসন্মত না হইতে পারে।

কিন্তু পৌরাণিক বলিয়া প্রথম তিনটি উড়াইয়া দিতে পারা যায় না। পারদ-জাত স্বর্ণ দারা নিক্লষ্টধাতুর স্বর্ণে পরিণতি মনে করিবার বিশেষ কারণ পাইলাম না। দেশীয় অশিক্ষিত স্বর্ণকারেরা পারদ্বারা এখনও গিল্টি করিয়া থাকে, এবং মৃত্তিকা-বালুকা-মিশ্রিত স্বর্ণকণা পারদে দ্রব করিয়া স্বর্ণ প্রস্তুত করিতে দেখা গিয়াছে। তেমনই রূপা সহজ, খনিজ ও কুত্রিম বলিলে পুরাণের অত্যক্তি মনে আদে না। বস্তুত যাঁহার। বছকাল হইতে স্থবর্ণাদি ধাতুর অলঙ্কার প্রস্তুত করিয়া আসিতেছিলেন, তাঁহারা এক ধাতুর অন্যে পরিণতি বিশাস করিতে পারিভেন কি ? অন্তত সবিশেষ প্রমাণ না পাইলে আয়ুর্বেদে এই বিশ্বাদের অন্তিত্বে সন্দেহ থাকে। কোন কোন পুরাণে ও তন্ত্রে স্থবর্ণ প্রস্তুত করিবার উপদেশ আছে বটে, কিন্তু সেধানে স্থবর্ণ অর্থে ক্লুত্রিম স্থবর্ণ (imitation gold) কিংবা স্থবর্ণের লেপ বুঝিতে হইবে না ত ় ভাবপ্রকাশে গন্ধকের পৌরাণিক উৎপত্তিবর্ণনাম্ম দেখা যাম, "পূর্ব্ব-কালে দেবী খেতদীপে ক্রীডা করিতে করিতে রজ্বসাপ্লত বস্ত্র ক্ষীরসমুদ্রে ধৌত করিয়াছিলেন। তাহাতেই গন্ধকের উৎ-পত্তি হইয়াছে।" শুনিতে এই উৎপত্তি ঠিক পৌরাণিকী কথা বলিয়া মনে হয়। র •-র •-সমুচ্চত্বমতে গন্ধক ত্রিবিধ—রক্ত,পীত, খেত। তন্মধ্যে রক্তবর্ণ উত্তম,পীতবর্ণ মধ্যম, শ্বেতবর্ণ অধম। ভাবপ্রকাশ আর-এক ভেদ করিয়া-एक, -- कुरुवर्ग। शक्षक विनात यनि वाहारत्रत्र আজকালকার Sulphur মনে করি, তাহা रहेरन शक्षरकत्र এই हजूर्डम शोदांशिकी

অত্যক্তির মধ্যে ফেলিতে হয়। কিন্তু পূর্ব্ব-কালে শাস্ত্রকারগণ যে আকারের বী বে বর্ণের গন্ধক দেখিতে পাইতেন, নিশ্চমই তাহাই লিখিয়া গিয়াছেন। গন্ধকের সম্ভব তিনটি বলা ষাইতে পারে—(১) আগ্নেম-গিরির নিকটবর্ত্তী স্থানে রক্তবর্ণ, (২) হিঙ্গুল, মাক্ষিক প্রভৃতি গন্ধকময় উপধাতুর খনিতে. এবং (৩) উষ্ণ ও গন্ধক প্রস্রবণের জলে। শেষোক্ত হুই স্থানে পীত ও খেতবৰ্ণ গদ্ধক পাওয়া যায়। তেমনই শিলাব্দতু প্রভৃতির সহিত মিশ্রিত হইলে গন্ধক ক্লফবর্ণ হয়। অতএব দেবীর বস্তধাবন হইতে গন্ধকের উৎপত্তি অর্থে প্রস্রবণের জলে উৎপত্তি। তবে,খেতখীপ অর্থে নেপল্স কি বেলুচিস্থান, তাহা পুরাণবিদেরা বলিতে পারেন। এ मकल एटल भूतां कारत त्र भक्तमर्थन नरह। তিনি বর্ত্তমান নাই, তাঁহার কি অভিপ্রায় ছিল, তাহা কেবল অহুমান করিয়া লইতে হয়। অতএব তাঁহাকে 'বিকল্পের ফল'টুকু দিতে আপত্তি হইতে পারে না।

হিন্দুরসায়নের শেষ অধ্যায়ে ডা: রায়
গভীর হৃংথের সহিত এদেশের বিদ্যা ও
কলার অবনতি বর্ণনা করিয়াছেন। ১১শ
কি ১২শ শতাব্দী হইতে এদেশে বিজ্ঞানের
মৃতাবস্থা চলিতেছে। তিনি মনে করেন,
বৌদ্ধর্মের অবসানের পর ব্রাহ্মণ্যধর্মের
পুন:প্রতিষ্ঠার সহিত বিদ্যার ক্লদগতি
জড়িত। তাহার অন্থ্যানে পৌরাণিক
ধর্মের বিস্তারে বিদ্যা ও কলা জাতিগত
এবং কলা অশিক্ষিত ব্যক্তির মধ্যে আবন্ধ
হওয়াতে এই শোচনীয় দর্শা উপস্থিত হইয়াছে। কিন্তু এই দশার কারণ পুরাণপ্রসার

বা নব আক্ষণ্যধর্মের পুনঃপ্রতিষ্ঠা বলিয়া ताध हुँ ना। वतः (व कांत्रण श्रतालत প্রসার ঘটিয়াছিল, সেই কারণেই আয়ুর্বেদ ত অনানা বিদার গতি রুদ্ধ হইয়াছিল। কোন সময়ে এ দেশে জাতিভেদ না ছিল? মমুদংহিতার যত সংস্করণ হইয়া থাকুক, প্রচলিত অধিকাংশ পুরাণের পূর্বে হইয়াছিল। মহাভারতমধ্যে চতুর্বর্ণের বৃত্তি ও ব্রাহ্মণের শ্রেষ্ঠত্ব বছ-বছ স্থানে বর্ণিত আছে। শবদেঁহ-ম্পার্শে তথনও অভচি হইতে হইত। এই-জন্ম উত্তর অর্জুনের কথার শমীবুকে আরো-হণ করিতে চায় নাই। চিকিৎসক চৌর-ममाभागीत नाम উদকার্হ নহে, এ কথা বছ-স্থলে লিখিত আছে (উ০ ৩৪৷৩৭,শা০ ৩৬৷৭৬, অমু• ৯৪ অ॰)। অখিনীকুমার্ঘয় দেব-रेवमा वर्षेन, किन्छ मिवशरणत नाम सामजन পাইতেন না। মহর্ষি চাবন বছকটে তাঁহা-দিগকে দেবগণের সহিত সোমর্ম পান করাইতে পারিয়াছিলেন (আশ্ব৽ ৯ অ॰)। অথচ চিকিৎসকের ন্যায় হিতকারী অল্প ছিলেন (অমু • ১ অ •)। এই সকল কারণে মনে হয়, নব ব্রাহ্মণ্যধর্মের কঠোরভায় বিদ্যার অবসাদ ঘটে নাই। প্রধান কারণ দেশের ঘোর অশান্তি ও অরাজকতা। রাজ-প্রসাদ ব্যতিরেকে কোন কলার, কোন বিদ্যার উন্নতি হয় না। প্রীসম্পৎ ভ্রন্থ হইলে মানসিক সম্পৎ দাভাইবার স্থান পায় না। রসায়নের ইতিহাসের শেষ অধ্যায়ে वर्गानदारत तककत्र मिरिस्टर वर्गिक इहे-মাছে। বর্ত্তমানকালে কলিকাতার স্বর্ণকার-গণ কিরপে খুণে রং করে এবং ভাহাতে কত স্বৰ্ণ অপচয় হয়, তাহা বাবু জ্ঞানশরণ চক্র- বৰ্ত্তী লিপিবদ্ধ করেন। তাঁহার লিপি হইতে ডा: রায় রঙ্গকরণকৌশলাদি উদ্ভ করিয়া-আমাদের বোধ হয়, সংক্ষেপে প্রণালীটুকু বলিলেই যথেষ্ট হইত। কারণ এই বিষয়ের সবিস্তর বর্ণনায় গ্রন্থের পূর্বাপর-সঙ্গতি রক্ষিত হইতে পারে নাই, রাসায়নিক वााधा । निर्फाष नत्र। छानभत्रवात् স্বর্ণভূষণনির্মাণে স্বর্ণের অপচয় বর্ণনা করিয়া-ছেন, কিন্তু অপচয় ব্যতিরেকে নির্ম্বাণের স্স্তাবনীয়তা প্রদর্শন করেন নাই। স্কল স্বৰ্ণকারই জানে, ৫০ ভরি সোনা রং করিতে আট-আনা কি দশ-আনা প্ৰ্যান্ত সোনা ক্ম হয়। কিন্তু পাশ্চাত্যদেশেও বর্ত্তমানকালেও এইরূপ অপচয় হইয়া থাকে, এবং সে দেশের ভায় এ দেখেও নেহারওয়ালার ব্যবসায় চলিতেছে। কলিকাতার অনেক রংওয়ালা জমকওয়ালাকে জমক বিক্রম না করিয়া পারিশ্রমিক দিয়া ধাতু বহিষ্কৃত করিয়া তথাপি জমকওয়ালা পাশ্চাত্য দেকরাদিগের ভায় হীরাক**শ ছারা স্ব**র্ণ অধঃপাতিত করিতে আরম্ভ করিলে তাহার বহু পরিশ্রমের লাঘব হইবে। এ দেশের কলাজীবীরা তাহাদের অবলম্বিত কলা প্রকাশ করিতে চায় না বলিয়া জ্ঞানশরণবাবু ত্ব: থ করিয়াছেন। কিন্তু বিলাতেও এইরূপ ছ:খ করিবার বিশেষ কারণ আছে। সে দেশের trade secrets, trade recipes লোকেই জানিতে পারে কি ? এ দেশের লোকে বলে না, এ কথাও এক-वाद्य विलाख शांत्रि ना। ना विलाल এ দেশের ক্লাস্কল ইংরাজিভাষায় বর্ণিত দেখিতে পাইতাম না।

শেষে আর একটি কথা বলিয়া এই
দীর্ঘ প্রবন্ধের উপসংহার করা যাইতেছে।
ডা: রায় যেমন আয়ুর্বেদোক্ত রসপপ্টি,
তামপর্শটি, রসকর্প্র, মণ্ডুর, অপামার্গ ও
খোত প্নর্নবার রাসায়নিক উপাদান
বলিয়াছেন, তেমনই অন্তান্ত ধাতুঘটিত ও
প্রধান প্রধান উদ্ভিজ্জাদি ঔষধের রাসায়নিক
উপাদান প্রকাশ করিলে আয়ুর্বেদের ও
এ দেশের বিভার বিস্তর উন্নতি সাধন
করিবেন। তাঁহার হাতে পড়িয়াও যদি এই
সকল ঔষধের পজোদার না হয়, তাহা
হইলে দেশের রসায়নবিদ্যার উন্নতির আশা
নাই। যবক্ষার পরিবর্ত্তে সোরা, পঞ্চলবণ
নামে তিনটি লবণ, সাচিক্ষার অর্থে সাজিমাটি.

বিমল নামে কাংশুমাকিক, তারমাকিক নামে কাংস্য, বজাভ নামে mica কংবা talc কতকাল ব্যবস্থত হইবে ? * এইজন্য ডাঃ রায়ের গ্রন্থের দেশীয় ভাষায় অমুবাদ দেখিবার আশা করিতেছি। আমাদের কি আছে. তাহা বিদেশীয় অপেক্ষা স্বদেশীয়কে প্রথমে প্রদর্শন অধিক আবশ্যক। বিদেশীয়কে দেখাইয়া হিন্দুজাতি কটে একটু সন্মান পাইতে পারে, কিন্তু নিজেরা দেখিতে পাইলে আত্মসন্মানবুদ্ধির সহিত নিরাশ আশার সঞ্চার হইতে পারে। আশা করি, ডাঃ রায় অজ্ঞানাক স্বদেশীয়দিগকে তাঁহার পরিশ্রমের ফলভোগ বঞ্চিত হইতে করিবেন না।

শ্রীযোগেশচন্দ্র রায়।

ধর্মের সরল আদর্শ।

বে বাশসকল মেঘন্তর অন্থ প্রাতঃকালের উৎসবারস্তকে ছায়াচ্ছল করিয়া রাথিয়াছিল

—সমগ্র জাগ্রত ধরণীতলের প্রতি অরুণকিরণের প্রাত্যহিক আশীর্কাদকে অবরুদ্ধ
করিয়া রাথিয়াছিল, তাহা বেমন অপসারিত
হইল, অমনি—কি আশ্চর্যা—কেমন নিতান্ত
সহজে এক মৃহুর্ত্তের মধ্যেই সমস্ত বিশাল
আঞ্চাশ আলোকে আনন্দে আল্পন্ত পরিপূর্ণ

হইয়া গেল—ইহাকে কোথাও সন্ধান করিতে হইল না, কোন উল্লোগ করিতে হইল না! ঈশ্বর আমাদিগকে যে সকল বড়-বড় দান দিয়াছেন, তাহা এমনি করি-য়াই দিয়াছেন। আমরা মাতাকে, পিতাকে, আলোককে, বায়ুকে, প্রাণ্কে, বৃদ্ধিকে, জগতের সৌন্ধ্যকে একান্ত সহজেই পাই-য়াছি। তাহাদিগকে যদি আমাদের উপা-

একবার কোন কবিরাজমহাশারের অমুরোধে আমরা ভৈষজারজাবলীর শহুলোবক প্রস্তুত করিতে গিয়াছিলাম। এ নিমিত্ত আবেশুক জবেশুর মধ্যে কারের ভাগ দেখিয়াই বৃত্যিয়াছিলাম, কোন অয়াত্মক জাবক হইতে পারিবে না। ফলে তাহাই ঘটিল। শেবে যবকার পরিবর্তে সোরা, স্পি কার নামে বাজারের একটা Acid Sulphate of Potassium লইয়া করিতে হইয়াছিল। শহুভেম ও নবসার বাদ দিয়া করাতে অবশ্র Nitro-muriatic Acid হইয়াছিল। কিন্তু এগানেও স্তিকার অর্থে উক্ত Acid Sulphate লইজে হইয়াছিল।

ৰ্জ্জন করিয়া লইতে হইত, তবে কোনকালে পাইতাৰ না। স্বধরের দান যেমন সহজ, তেমনি অজস্ত্র।

আমার গৃহকোণের জন্ম যদি একটি
প্রদীপ আমাকে জ্বালিতে হয়, তবে তাহার
জন্ম আমাকে কত আয়োজন করিতে হয়—
সেটুকুর জন্ম ক্তলোকের উপর আমার
নির্ত্র ! কোথায় সর্বপ-বপন হইতেছে,
কোথায় তৈল-নিদ্ধাশন চলিতেছে, কোথায়
তাহার ক্রয়বিক্রয়—তাহার পরে দীপসজ্জারই বা কত উদেযাগ—এত জটিলতায়
যে আলোকটুকু পাওয়া যায়, তাহা কত
অল্ল! তাহাতে আমার ঘরের কাজ চলিয়া
যায়, কিন্তু বাহিরের অন্ধকারকে দিগুণ ঘনীভূত করিয়া তোলে।

বিশ্বপ্রকাশক প্রভাতের আলোককে গ্রহণ করিবার জ্বন্ত কাহারো উপরে আমাকে নির্ভর করিতে হয় না,—তাহা আমাকে রচনা করিতে হয় না, কেবলমাত্র জাগরণ করিতে হয়। চকু মেলিয়া ঘরের দার মুক্ত করিলেই সে আলোককে আর কেহ ঠেকাইয়া রাখিতে পারে না।

যদি কেহ বলে, প্রভাতের আলোককে দর্শন করিবার জন্ত একটি অত্যস্ত নিগৃঢ় কৌশল কোথাও গুপ্ত আছে, তবে তৎক্ষণাৎ এই কথা মনে হয়, নিশ্চয় তাহা প্রভাতের আলোক নহে—নিশ্চয় তাহা কোনো কৃত্রিম আলোক—সংসারের কোন বিশেষ-ব্যবহার-যোগ্য কোনো কুল্র আলোক। কারণ, বৃহৎ আলোক আমাদের মস্তকের উপরে আপনি বর্ষিত হইয়া থাকৈ—কুল্র আলোকের জন্তই সনেক কলকারধানা প্রস্তুত করিতে হয়।

আমরা নিজে যাহা রচনা করিতে যাই, তাহা জটিল হইয়া পড়ে। আমাদের সমাজ জটিল, আমাদের সংদার জটিল, আমাদের জীবনযাত্রা জটিল। এই জটিলতা আপন বহুধাবিভক্ত বৈচিত্ত্যের দারা অনেকসময় বিপুলতা ও প্রবলতার ভাণ করিয়া আমা-দের মৃঢ়চিত্তকে অভিভৃত করিয়া দেয়। যে দার্শনিক গ্রন্থের লেখা অত্যন্ত ঘোরালো, আমাদের অজ্ঞবৃদ্ধি তাহার মধ্যেই বিশেষ পাণ্ডিত্য আরোপ করিয়া বিশ্বয় অনুভব করে। যে সভ্যতার সমস্ত গতিপদ্ধতি হুরুছ ও বিমিশ্রিত, যাহার কলকারথানা আয়ো-জন-উপকরণ বহুলবিস্থত, তাহা আ্মাদের इर्जन অञ्चः कद्रगरक विश्वन कदिया (मत्र। কিন্তু যে দার্শনিক দর্শনকে সহল করিয়া দেখাইতে পারেন, তিনিই যথার্থ ক্ষমতা-भागी शैंभेकियान, य मञ्जा व्यापनात সমস্ত ব্যবস্থাকে সরলতার বারা সুশৃথাল ও দর্শব্দেশম করিয়া আনিতে পারে, সেই
সভ্যতাই ষণার্থ উন্নততর। বাহিরে দেখিতে
ধেমনি হৌক্, জটিলতাই র্ম্পলতা, তাহা
অক্কতার্থতা,—পূর্ণতাই সরলতা। ,ধর্ম সেই
পরিপূর্ণতার, স্ক্তরাং সরলতার, একমাত্র
চরম্বয়ম আদর্শ।

কিন্তু এমনি আমাদের ছ্র্ভাগ্য, সেই
ধর্মকেই মামুষ সংসারের সর্বাপেক্ষা জটিলতা দারা আকীর্ণ করিয়া তুলিয়াছে। তাহা
অশেষ তক্তে-মন্তে, ক্রত্রিম ক্রিয়াকর্মে, জটিল
মতবাদে, বিচিত্র ক্রনায় এমনি গহন ছর্গম
হইয়া উঠিয়াছে বে, মামুষের সেই স্বক্রত
অন্ধকারময় জটিলতার মধ্যে প্রত্যহ একএকজন অধ্যবসায়ী এক-এক নৃতন পথ
কাটিয়া নব নব সম্প্রদারের স্পষ্টি করিতেছে।
সেই ভিন্ন ভিন্ন সম্প্রদার ও মতবাদের
সংঘর্ষে জগতে বিরোধ-বিদ্বেষ অশান্তিঅমঙ্গলের আর সীমা নাই।

এমন হইল কেন ? ইহার একমাত্র কারণ, সর্ব্ধান্ত:করণে আমরা নিজেকে ধর্ম্মের অমুগত না করিয়া ধর্মকে নিজের অমুরূপ করিবার চেটা করিয়াছি বলিয়া। ধর্মকে আমরা সংসারের অভাভ আবশুক-জব্যের ভায় নিজেদের বিশেষব্যবহারযোগ্য করিয়া লইবার জন্ত আপন-আপন পরি-মাপে ভাহাকে বিশেষভাবে থর্ক করিয়া লই বুলিয়া।

ধর্ম আমাদের পক্ষে সর্বশ্রেষ্ঠ আবশুক সন্দেহ নাই—কিন্তু সেইক্সেই তাহাকে নিক্ষের উপযোগী করিয়া লইতে গেলেই তাহার সেই সর্বশ্রেষ্ঠ আবশুকতাই নষ্ট হইয়া বায়। তাহা দেশকালপাত্তের কুদ্র প্রভেদের অতীত, তাহা নিরঞ্জন বিকারবিহীন বলিয়াই তাহা আমাদের চির্নিনের
পক্ষে, আমাদের সমস্ত অবস্থার পক্ষে এত
একান্ত আবর্খক। তাহা আমাদের অতীত
বলিয়াই তাহা আমাদিগকে নিত্যকাল
সমস্ত পরিবর্ত্তনের মধ্যে ধ্রুব অবলম্বন দান
করে।

কিন্ত ধর্মকে ধারণা করিতে হইবে ত।
ধারণা করিতে হইলে ভাহাকে আমাদের
প্রকৃতির অনুষায়ী করিয়া লইতে হয়। অথচ
মানবপ্রকৃতি বিচিত্র,—স্বতরাং সেই বৈচিত্র্য
অনুষারে যাহা এক, তাহা অনেক হইয়া
উঠে। যেথানে অনেক, সেথানে ফটিলভা
অনিবার্য্য—যেথানে ফটিলভা, সেথানে
বিরোধ আপনি আসিয়া পড়ে।

কিন্তু ধর্মকে ধারণা করিতে হইবে না।
ধর্মরাজ ঈশর ধারণার অতীত। যাহা
ধারণা করি, তাহা তিনি নহেন, তাহা আরকিছু, তাহা ধর্ম নহে, তাহা সংসার।
স্তরাং তাহাতে সংসারের সমস্ত লক্ষণ ফুটিয়া
উঠে। সংসারের লক্ষণ বৈচিত্র্যা, সংসারের
লক্ষণ বিরোধ।

ষাহা ধারণা করিতে পারি, তাহাতে আমাদের তৃপ্তির অবসান হইয়া ধায়, যাহা ধারণা করি, তাহাতে প্রতিক্ষণে বিকার ঘটতে থাকে। স্থথের আশাতেই আমরা সমস্ত কিছু ধারণা করিতে যাই, কিন্তু যাহা ধারণা করি, তাহাতে আমাদের স্থথের অবসান হয়। এইজন্ত উপনিবদে আছে—

বো বৈ ভূমা তৎ কথং নালে ক্থমন্তি। বাহা ভূমা তাহাই ক্থ,বাহা অন্ন তাহাতে ক্থ নাই। সেই ভূমাকে যদি আমনা ধারণা- ষোগ্য করিবার জন্ম অর করিয়া লই, তবে তাহা হংখন্সন্থি করিবে,—হংখ হইতে রক্ষা করিবে কি করিয়া ? অত এব সংসারে থাকিয়া ভূমাকে উপলব্ধি করিতে হইবে, কিন্তু সংসারের দারা সেই ভূমাকে থণ্ডিত-ক্ষাভূত করিলে চলিবে না।

এक छि छेना इत्र १ मिटे। शृह स्वामात्मत्र পক্ষে প্রয়োজনীয়, তাহা আমাদের বাস-যোগা। মুক্ত আকাশ আমাদের ⁹পক্ষে দেরপ বাসযোগ্য নহে, কিন্তু এই মুক্ত আকাশকে মুক্ত রাখাই আমাদের পক্ষে একান্ত আবশ্রক। মুক্ত আকাশের সহিত আমাদের গৃহস্থিত আকাশের অবাধ যোগ ताथिटन हे जायादित शृह जायादित পক্ষে কারাগার, আমাদের পক্ষে কবরস্বরূপ रुप्र ना। किन्छ यनि वलि, आकामत्क शृह्बदे মত আমার আপনার করিয়া লইব-ঘদি আকাশের মধ্যে কেবলি প্রাচীর তুলিতে থাকি, তবে তাহাতে আমাদের গৃহেরই বিভার ঘটতে থাকে, মুক্ত আকাশ দূর रहेट अनूदत हिना यात्र। आमता यनि বুহৎ ছাদ পত্তন করিয়া সমস্ত আকাশকে আমার আপনার করিয়া লইলাম বলিয়া কলন। করি, তবে আলোকের জনাভূমি, ভূভূ বংশবোকের অনস্ত ক্রীড়াক্ষেত্র আকাশ হইতে নিজেকে বঞ্চিত করি। যাহা নিভান্ত সহজেই পাওয়া ধ্রে, সহজে ব্যভীত আর-कान डेशारा याहा शाख्या यात्र ना, निष्कत প্রভূত চেষ্টার দারাতেই তাহাকে একেবারে ছ্র্ম ভ করিয়া ভোলা হয়। বেষ্ট্র করিয়া **শইয়া সংগীরের আরে সমস্ত পাওয়াকে** আমরা পাইতে পারি,—কেবল ধর্মকে.

ধর্ম্মের অধীখরকে বেষ্টন ভাঙিয়া দিয়া আমর।
পাই। সংসারের লাভের পদ্ধতিবারা
সংসারের অতীতকে পাওয়া বায় না। বস্তত
বেখানে, আমরা না পাইবার আনন্দের
অধিকারী, সেখানে পাইবার বার্থ চেষ্টা
করিয়া আমরা হারাই মাত্র। সেইজ্ঞা ঋষি
বলিয়াছেন—

যতো বাচে। নিবর্ততে অপ্রাপ্য মনসা সহ।
ত্মানকং ব্রহ্মণা বিদ্যান ন বিভেতি কৃতক্ষন ॥
মনের সহিত বাক্য যাঁহাকে না পাইয়া
নিবৃত্ত হয়,সেই ব্রহ্মের আনক্ষ যিনি জানিয়াচ্নে, তিনি কিছু হইতেই ভয় পান না।

ধর্মের সরল আদর্শ একদিন আমাদের ভারতবর্ষেই ছিল। উপনিষদের মধ্যে তাহার পরিচয় পাই। তাহার মধ্যে যে ব্রহ্মের প্রকাশ আছে, তাহা পরিপূর্ণ, তাহা অথগু, তাহা আমাদের ক্রনাজালদারা বিজড়িত নহে। উপনিষদ্ বলিয়াছেন—

সত্যং জ্ঞানমনন্তং ব্ৰহ্ম—

তিনিই সতা, নতুবা এ জগংসংসার কিছুই
সতা হইত না। তিনিই জ্ঞান, এই যাহা কিছু
তাহা তাঁহারই জ্ঞান, তিনি যাহা জানিতেছেন তাহাই আছে, তাহাই সতা। তিনি
অনস্ত। তিনি অনস্ত সতা, তিনি অনস্ত
জ্ঞান।

এই বিচিত্র জগৎসংসারকে উপনিষদ্ ব্রন্ধের অনস্ত সত্যে, ব্রন্ধের অনস্ত জ্ঞানে বিলান করিয়া দেখিয়াছেন। উপনিষদ্ কোনো বিশেষ লোক কল্পনা করেন নাই, কোনো বিশেষ সন্দির রচনা করেন নাই, কোনো বিশেষ স্থানে তাঁহার বিশেষ মূর্ত্তি হাপন করেন নাই—একমাত্র তাঁহাকেই পরিপূর্ণভাবে সর্ব্বে উপলব্ধি করিয়া সকল-প্রকার জটিলতা, সকলপ্রকার কল্পনার চাঞ্চল্যকে দ্বে নিরাক্ত করিয়া দিয়াছেন। ধর্মের বিশুদ্ধ সরলতার এমন বিরাট্ আদর্শ আর কোথায় আছে ?

উপনিষদের এই ব্রহ্ম আমাদের অগম্য. এই কথা নির্কিচারে উচ্চারণ ক বিয়া ঋষিদের অমর বাণীগুলিকে আমরা যেন আমাদের ব্যবহারের বাহিরে নির্কাসিত করিয়া না রাখি। আকাশ লোষ্ট্রথতের ন্যায় আমাদের গ্রহণ্যোগ্য নয় বলিয়া আমরা আকাশকে হুর্গম বলিতে পারি না। বস্তুত সেই কারণেই তাহা স্থগম। যাহা ধারণাযোগ্য, যাহা স্পর্শগম্য, তাহাই আমা-দিগকে বাধা দেয়। , আমাদের স্বহস্তরচিত কুদ্র প্রাচীর হুর্গম, কিন্তু অনন্ত আকাশ হুর্গম নছে। প্রাচীরকে লজ্মন করিতে হয়, কিন্তু আকাশকে লজ্বন করিবার কোন অর্থই নাই। প্রভাতের অরুণালোক স্বর্পমূটির ন্যায় সঞ্যুযোগ্য নহে, সেই কারণেই কি ष्यक्रगालाकरक इन ७ विलाख इरेरव ? বস্তুত একমুষ্টি স্বর্ণ ই কি ত্র্ল ভ নহে, আর আকাশপূর্ণ প্রভাতকিরণ কি কাহাকেও ক্রেয় করিয়া আনিতে হয় ? আলোককে মূল্য দিয়া ক্রেয় করিবার কল্পনাই মনে আদিতে পারে না—তাহা হুর্মুল্য নহে, তাহা অমূল্য।

উপনিষদের ব্রহ্ম সেইরপ। তিনি অন্তরে বাহিরে সর্বত্র—তিনি অন্তরতম, তিনি স্কুদ্রতম। তাঁহার সত্যে আমরা সত্য, তাঁহার আনন্দে আমরা ব্যক্ত!

> কো ছেবানাং ক: প্রাণ্যাং যদেষ আকাশ আনন্দো ন তাং!

কেই বা শরীরচেষ্টা করিত, কেই বা জীবিত থাকিত, যদি আকাশে এই আননদ না পাকিতেন। মহাকাশ পূর্ণ করিয়া নিরস্তর সেই আনন্দ বিরাজ করিতেছেন বিশার্য আমরা প্রতিক্ষণে নিখাস শইতেছি, আমরা প্রতিমূহুর্ত্তে প্রাণধারণ করিতেছি—

এতস্যৈবানসভাভানি ভ্তানি মাতাম্পদীবন্তি—
এই ছানন্দের কণামাত্র আনন্দকে অন্যান্য
জীবসকল উপভোগ করিতেছে—

আনন্দাদ্যের ধ্রিমানি জ্তানি জারন্তে, আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্রস্ত্যুভিসংবিশস্তি—

সেট সর্বব্যাপী আনন হইতেই এই সমস্ত প্রাণী জন্মিতেছে—সেই সর্বব্যাপী আনন্দের দারাই এই সমস্ত প্রাণী জীবিত আছে---সেই সর্বব্যাপী আনন্দের মধ্যেই ইহারা গমন করে, প্রবেশ করে। ঈথরসম্বন্ধে ষত কথা আছে, এই কথাই স্ব্রাপেকা সরল, সর্বাপেকা সহজ। ত্রনের এই ভাব গ্রহণ করিবার জন্য কিছু কল্পনা করিতে হয় না, কিছু রচনা করিতে হয় না, দূরে যাইতে হয় না, দিনক্ষণের অপেকা করিতে হয় না--হদয়ের মধ্যে আগ্রহ উপস্থিত হইলেই, তাঁহাকে উপলব্ধি করিবার যথার্থ ইচ্ছা জ্বনিলেই, নিধাদের মধ্যে **তাঁহার** আনন্দ প্রবাহিত হয়, প্রাণে **তাঁহার আনন্দ** কম্পিত হয়, বৃদ্ধিতে তাঁহার মানল বিকীর্ণ হয়, ভোগে তাঁহার আনন্দ প্রতিবিশ্বিত দিনের আলোক যেমন কেবল-মাত্র চকু মেলিবার অপেকা রাথে, ত্রকোর আনন দেইরপ হাদয়-উন্মীলনের অংশকা রাথে মাত।

আমি একদা একথানি নৌকার একাকী বাস [•] করিতেছিলাম। একদিন একটি মোমের বাতি জালাইয়া পডিতে পড়িতে অনেক রাত হইয়া গেল। শ্রান্ত इहेब्रा (यमनि वािंछ निवाहेब्रा मिलाम, अमनि একমুহুর্ত্তেই পুর্ণিমার চক্রালোক চারি-দিকের মুক্ত বাতায়ন দিয়া আমার কক্ষ পরিপূর্ণ করিয়া দিল। আমার সহস্তজালিত একটিমাত্র কুদ্র বাতি এই আকাশপরিপ্লাবী অঞ্জল আলোককে আমার নিকট হইতে অগোচর করিয়া রাথিয়াছিল। এই অপরি-মেয় জোতিঃসম্পদ্ লাভ করিবার জন্য आभारक आत-िकडूरे कतिरठ रंग्र नारे, কেবল সেই বাতিটি এক ফুংকারে নিবাইয়া দিতে হইয়াছিল! তাহার পরে কি পাই-লাম ! বাতির মত কোন নাড়িবার জিনিষ পাই নাই, দিল্পকে ভরিবার জিনিষ পাই नाइ-शाइबाहिनाम आलाक, आनन, मोलर्या, भाछि। यादारक मतादेशाहिलाम, তাহার চেয়ে অনেক বেশি পাইয়াছিলাম-অথচ উভয়কে পাইবার পদ্ধতি সম্পূর্ণ স্বতন্ত্র।

ব্রহ্মকে পাইবার কন্য সোনা পাইবার মত চেষ্টা না করিয়া আলোক পাইবার মত চেষ্টা করিতে হয়। সোনা পাইবার মত চেষ্টা করিতে গেলে নানা বিরোধ-বিদ্বেষ বাধা-বিপত্তির প্রাহ্নভাব হয়, আর, আলোক পাইবার মত চেষ্টা করিলে সমন্ত সহজ, সরল হইয়া যায়। আমরা জানি বা না জানি, ব্রহ্মের সহিত আমাদের যে নিত্যসম্বন্ধ আছে, সেই সম্বন্ধের মধ্যে নিজের চিত্তকে উলোধত করিয়া তোলাই ব্রহ্মপ্রাপ্তির সাধনা।

ভারতবর্ষে এই উদ্বোধনের যে মন্ত্র আছে, তাহাও অত্যন্ত সরল। তাহা এক-নিখাসেই উঠারিত হয়—তাহা গায়তীমন্ত্র। ওঁ ভূভূবিং স্বঃ—গায়ত্রীর এই অংশটুকুর নাম ব্যাহ্নতি ৷ ব্যাহ্নতিশব্দের অর্থ-চারি-দিক হইতে আহরণ করিয়া আনা। প্রথমত ভূলোক-ভূবলে কি-স্বলে কি অর্থাৎ সমস্ত বিশ্বজ্ঞগংকে মনের মধ্যে আহরণ করিয়া আনিতে হয়—মনে করিতে হয়, আমি বিশ্বভূবনের অধিবাসী—আমি কোন বিশেষ-थारमगामी नहि-यामि (य ताज-अद्वान-মধ্যে বাদস্থান পাইয়াছি, লোক-লোকান্তর তাহার এক-একটি কক্ষ। রূপে, ধিনি যথার্থ আর্য্য, তিনি অন্তত প্রত্যহ চন্দ্র পূর্যাগ্রহতারকার একবার मखाय्यान करतन, शृथिवीरक নিজেকে অতিক্রম করিয়া নিথিল জগতের সহিত আপনার চিরদম্বর একবার উপলব্ধি করিয়া লন-স্বাস্থ্যকামী যেরপ রুদ্ধগৃহ ছাড়িয়া প্রভাষে একবার উন্মুক্ত মাঠের বায়ু দেবন कतिया आरमन, त्मरेक्रय आया माधू नित्नत মধ্যে একবার নিথিলের মধ্যে, ভুভু বিঃম্ব-লোকের মধ্যে নিজের চিত্তকে প্রেরণ করেন। তিনি সেই অগণ্যজ্ঞোতিকথচিত বিখলোকের মাঝথানে দাঁডাইয়া কি মন্ত্র উচ্চারণ করেন ?—

তৎসবিতৃর্বরেণাং ভর্গো দেবত ধীমৃত্যু—
এই বিশ্বপ্রসবিতা দেবতার বরণীর শক্তি
ধ্যান করি। এই বিশ্বলোকের মধ্যে
দেই বিশ্বলোকেশবের যে শক্তি প্রত্যক্ষ,
ভাহাকেই ধ্যান করি। একবার উপলব্ধি
করি—বিপুল বিশ্বলগৎ একসঙ্গে এই মৃহুর্ত্তে

এবং প্রতিমূহুর্ব্বেই তাঁহা হইতে অবিশ্রাম
বিকীর্ণ হইতেছে। আমরা বাহাকে দেখিয়া
শেষ করিতে পারি না, জানিয়া অন্ত করিতে
পারি না, তাহা সমগ্রভাবে নিয়তই তিনি
প্রেরণ করিতেছেন। এই বিশ্বপ্রকাশক
অসীম শক্তির সহিত আমার অব্যবহিত
সম্পর্ক কি স্ত্রে ? কোন্ স্ত্র অবলম্বন
করিয়া তাঁহাকে ধ্যান করিব ?—

विद्वा (या नः श्राहामग्रा९---যিনি আমাদিগকে বুদ্ধিবৃত্তিসকল প্রেরণ করিতেছেন, তাঁহার প্রেরিত সেই ধীস্তেই তাঁহাকে ধ্যান করিব। সুর্য্যের প্রকাশ আমরা প্রতাক্ষভাবে কি সের ছারা জানি পূৰ্য্য নিজে আমাদিগকে ষে कित्रण तथात्रण कतिरक्रहन, त्महे कित्ररणतहें দারা। দেইরূপ বিশ্বজ্ঞগতের সবিতা আমা-দের মধ্যে অহরহ যে ধীশক্তি প্রেরণ করিতেছেন—বে শক্তি থাকাতেই আমি নিজেকে ও বাহিরের সমস্ত প্রত্যক্ষ-উপলব্ধি করিতেছি—সেই ব্যাপারকে ধীশক্তি তাঁহারই শক্তি—এবং সেই ধীশক্তি দারাই তাঁহারই শক্তি প্রত্যক্ষভাবে অন্তরের মধ্যে অন্তর্বতমরূপে অনুভব করিতে পারি। বাহিরে বেমন ভূভু বংম্বর্লোকের সবিত্রপে उाँहारक अगंदह बाहर बच मरश छे भन कि कति, অস্করের মধ্যেও সেইরপ আমার ধীশক্তির অবিশ্রাম প্রেরম্বিতা বলিয়া তাঁহাকে অব্যব-হিতভাবে উপলব্ধি করিতে পারি। বাহিরে জগং এবং আমার অন্তরে ধী, এ হুইই একই শক্তির বিকাশ, ইহা জানিলেঁ জগতের সহিত আমার চিত্তের এবং আমার চিত্তের সহিত तिहे मिकिमानत्मत चनिष्ठ त्यांग अञ्चल

করিরা সঙ্কীর্ণতা হইতে, স্বার্থ হইতে, ভর হইতে, বিধাদ হইতে মুক্তিলাভ করি। এইরূপে গায়ত্তীমন্তে বাহিরের সহিত অস্তরের, এবং অস্তরের সহিত অস্তর্জমের যোগদাধন করে।

ব্রন্ধকে ধ্যান করিবার এই যে প্রাচীন বৈদিক পদ্ধতি, ইহা যেমন উদার, তেমনি সরল। ইহা দর্বপ্রকার-ক্রত্রিমতা-পরিশৃন্ত। বার্হিরের বিশ্বজগৎ এবং অন্তরের ধী, ইহা কাহাকেও কোথাও অতুসন্ধান করিয়া বেড়াইতে হয় না—ইহা ছাড়া আমাদের আর কিছুই নাই। এই জগৎকে এবং এই বুদ্ধিকে তাঁহার অশ্রান্তশক্তি দ্বারা তিনিই অহরহ প্রেরণ করিতেছেন, এই কথা স্মরণ করিলে তাঁহার সহিত আমাদের সম্বন্ধ বেমন গভীরভাবে, সমগ্রভাবে, একাস্তভাবে হৃদয়-ঙ্গম হয়, এমন আবার কোন কৌশলে, কোন আয়োজনে, কোন্ কৃত্রিম উপায়ে, কোন্ কল্পনানৈপুণ্যে হইতে পারে, ভাহা আমি ভানি না। ইহার মধ্যে তর্কবিতর্কের কোনো স্থান নাই, মতবাদ নাই, ব্যক্তিবিশেষগত প্রকৃতির কোনো সঙ্গীর্ণতা নাই।

আমাদের এই ত্রন্ধের ধ্যান যেরূপ সরল অথচ বিরাট, আমাদের উপনিষদের প্রার্থনাটিও ঠিক সেইরূপ।

বিদেশীরা এবং তাঁহাদের প্রিয়ছাত্র
খনেশীরা বলেন, প্রাচীন হিন্দুশান্ত্র পাপের
প্রতি প্রচুর মনোযোগ করে নাই, ইহাই
হিন্দুধর্ম্মের অসম্পূর্ণতা ও নিক্কষ্টতার পরিচয়।
—বস্তুত ইহাই হিন্দুধর্মের শ্রেষ্ঠতার প্রমাণ।
আমরা পাপপুণ্যের একেবার্ট্রে মূলে গিয়াছিলাম। অনস্ক আনন্দ্রন্ধরের সহিত্ত

চিত্তের স্থিলন, ইহার প্রতিই আমাদের শাল্লেৰ সমন্ত চেষ্টা নিবদ্ধ ছিল-তাঁহাকে যথার্থভাবে পাইলে, এক কথায় সমস্ত পাপ **मृत इत्र, ममछ পूगा लां इत्र।** मांडांटक यिन কেবলি উপদেশ দিতে হয় যে, তুমি ছেলের কাজে অনবধান হইয়ো না, তোমাকে এই করিতে হইবে, তোমাকে এই করিতে হইবে না. তবে উপদেশের আর অন্ত থাকে না-কিন্তু যদি বলি তুমি ছেলেকে ভালবাস, ওবে দ্বিতীয় কোন কথাই বলিতে হয় না, সমস্ত সরল হইয়া আসে। ফলত সেই ভালবাসা ব্যতিরেকে মাতার কর্ম সম্ভবপর হইতেই পারে না। তেমনি যদি বলি, অন্তরের মধ্যে ব্রন্ধের প্রকাশ হউক, তবে পাপসম্বন্ধে আর कारना कथाई विलाख इम्र ना । পাপের দিক্ হইতে যদি দেখি, তবে জটিলতার অন্ত নাই-তাহা ছেদন করিয়া, দাহন করিয়া, নির্মা,ল করিয়া কেমন করিয়া যে বিনাশ করিতে হয়, তাহা ভাবিয়া শেষ করা বায় না--সেদিক হইতে দেখিতে গেলে ধর্মকে বিরাট্ বিভীষিকা করিয়া তুলিতে হয়—কিন্তু আনন্দময়ের দিক্ হইতে দেখিলে তৎক্ষণাৎ সমস্ত পাপ কুহে-লিকার মত অন্তর্হিত হয়। পাশ্চাত্য ধর্ম-শাস্ত্রে পাপ ও পাপ হইতে মুক্তি নিরতিশয় कंটिन ও निमाक्रन, মাহুষের বৃদ্ধি তাহাকে উত্তরোত্তর গছন করিয়া তুলিয়াছে এবং সেই বিচিত্র পাপতত্ত্বে দ্বারা ঈশ্বরকে থঞ্জিত করিয়া, তুর্গম করিয়া ধর্মকে তুর্বল করিয়াছে।

অসতো মা সদ্গমর তমসো মা জ্যোতিগমর মৃত্যোম মৃতং গমর।

অসৎ হইঁতে সত্যে লইয়া বাও, অন্ধকার হইতে জ্যোভিতে লইয়া বাও, মৃত্যু হইতে

অমৃতে লইয়া যাও। আমাদের অভাব কেবল সভ্যের অভাব, আলোকের অভাব, অমৃতের অভাধ—আমাদের জীবনের সমস্ত ছ:খ, পাপ, নিরানন্দ, কেবল এইজ্সুই। সত্যের, জ্যোতির, অমৃতের ঐশ্বর্যা বিনি কিছু পাইয়াছেন, তিনিই জানেন, ইহাতে আমা-দের জীবনের সমস্ত অভাবের একেবারে মূলচেছদ করিয়া দেয়। যে সকল বাাঘাতে তাঁহার প্রকাশকে আমাদের নিক্ট হইতে আচ্ছন্ন করিয়া রাথে, তাহাই বিচিত্ররূপ ধারণ করিয়া আমাদিগকে নানা ছ:খ এবং অক্তার্থতার মধ্যে অবতীর্ণ করিয়া দেয় ! দেইজ**ন্ত**ই আমাদের মন অসত্য, অন্ধ**কার** ও বিনাশের আবরণ হইতে রক্ষা চা**হে।** যথন দে বলে আমার ছঃথ দূর কর, তথন সে শেষ পর্যান্ত না বুঝিলেও এই কথাই বলে-यथन तम वत्न जामात देवकारमाइन कत्र, তথন সে ৰথাৰ্থ কি চাহিতেছে, ভাহা না कानित्व ७ वहे कथाहे वत्व। यथन तम वत्व আমাকে পাপ হইতে রক্ষা কর, তথনো এই কথা! দেনা বুঝিয়াও বলে-

আবিরাবীর্শ্ব এধি !

হে স্বপ্রকাশ, আমার নিকট প্রকাশিত হও!

আমরা ধ্যানঘোগে আমাদের অন্তরবাহিরকে যেমন বিশ্বেশবের দ্বারাই বিকার্ণ
দেখিতে চেষ্টা করিব, তেমনি আমরা প্রার্থনা
করিব যে, যে সত্য, যে জ্যোতি, যে অমৃত্তের
মধ্যে আমরা নিতাই রহিয়াছি, তাহাকেই
সচেতনভাবে জানিবার যাহা কিছু বাধা, সেই
অসত্য, সেই অন্ধকার, সেই মৃত্যু যেন দ্র
হইয়া বার। বাহা নাই তাহা চাই না, আমা-

দের যাহা আছে তাহাকেই পাইব, ইহাই
আমাদের প্রার্থনার বিষয়,—যাহা দ্রে
তাহাকে সন্ধান করিব না, ধাহা আমাদের
ধীশক্তিতেই প্রকাশিত তাহাকেই আমরা
উপলব্ধি করিব, ইহাই আমাদের ধানের
লক্ষ্য। আমাদের প্রাচীন ভারতবর্ষের ধর্ম
এইরূপ সরল, এইরূপ উদার, এইরূপ
অস্তরঙ্গ, তাহাতে স্বরচিত কল্পনাক্হকের
স্পর্শ নাই।

জীবনযাত্রাসম্বন্ধেও ভারতবর্ষের উপদেশ এইরূপ সরল এবং মূলগামী। ভারতবর্ষ বলে—

সম্ভোষং হৃদি সংস্থার কথাথী সংযতো ভবেৎ। खर्थार्थी मटकायटक क्रमटग्रत मध्य कानन করিয়া সংযত হইরেন। স্থ যিনি চান তিনি সম্ভোষকে গ্রহণ করিবেন, সম্ভোষ যিনি চান তিনি সংযম অভাাস করিবেন। এ কথা বলিবার তাৎপর্য্য এই যে, স্থথের উপায় বাহিরে নাই, তাহা অন্তরেই আছে— তাহা উপকরণজালের বিপুল জটিলতার মধ্যে নাই, তাহা সংযত চিত্তের নির্মাণ সর্লতার মধ্যে বিরাজমান। উপকরণসঞ্চয়ের আদি-অস্ত নাই, বাসনাবহ্নিতে যত আহতি দেওয়া যায়, সমস্ত ভঙ্গ হইয়া কুধিতশিখা ক্রমশই বিস্থৃত হইতে থাকে, ক্রমেই সে নিজের অধি-কার হইতে পরের অধিকারে যায়, তাহার লোলুপতা ক্রমেই বিখের প্রতি দারুণভাব ধারণ করে। ত্বথকে বাহিরে কল্পনা করিয়া বিখকে মৃগয়ার মৃগের মত নিষ্ঠুরবেগে তাড়না ক্রিয়া ফিরিলে জীবনের শেষমুহূর্ত্ত পর্যাম্ভ কেবল ছুটাছুটিই সার হয় এবং পরি-ণামে শিকারীর উদ্ধান অশ্ব তাহাকে কোন অপবাতের মধ্যে নিক্ষেপ করে, ভাহার উদ্দেশ পাওয়া যায় না। তি

এইরূপ উন্মন্তভাবে যথন আমরা ছুটিতে থাকি, তথন আমাদের আগ্রহের অসহবেগে সমন্ত জগৎ অস্পষ্ট হইরা যার। আমাদের চারিদিকে পদে পদে যে সকল অযাচিত আনন্দ প্রভূত প্রাচুর্য্যের সহিত অহরহ প্রতীক্ষা করিয়া আছে, তাহাদিগকে অনারাদেই আমরা লজ্ঞ্যন করিয়া, দলন করিয়া, বিচ্ছিন্ন করিয়া চলিয়া যাই। জগতের অক্ষয় আনন্দের ভাঙারকে আমরা কেবল ছুটিতে ছুটিতেই দেখিতে পাই না। এইজ্লুটাই ভারতবর্ষ বলিতেছেন—

সংযতো ভবেৎ.

প্রবৃত্তিবেগ সংযত কর—চাঞ্চল্য দ্র হইলেই
সন্তোষের গুকতার মধ্যে জগতের সমস্ত বৃহৎ
আনন্দগুলি আপনি প্রকাশিত হইবে।
গতিবেগের প্রমন্ততাবশতই আমরা সংসারের
যে-সকল সেহ-প্রেম-সৌন্দর্যাকে, প্রতিদিনের শতশত মঙ্গলভাবের আদানপ্রদানকে
লক্ষ্য করিতে পারি নাই, সংযত হইয়া স্থির
হইয়া তাহাদের প্রতি দৃষ্টিপাত করিলেই
তাহাদের ভিতরকার সমস্ত ঐশ্বর্যা অভি
সহজেই অবারিত হইয়া যায়।

যাহা নাই, তাহারই শিকারে বাহির হইতে হইবে, ভারতবর্ধ এ পরামর্শ দের না—ছুটাছুটিই যে চরম সার্থকতা, এ কথা ভারতবর্ধর নহে। যাহা অস্তরে-বাহিরে চারি-দিকেই আছে, যাহা অস্তল্ল, যাহা এব, যাহা সহজ, ভারতবর্ধ তাহাকেই লাভ করিতে পরামর্শ দের,—কারণ, তাহাই সত্যা, তাহাই নিত্য। যিনি অস্তরে আছেন তাঁহাকে

অন্তরেই লাভ করিতে ভারতবর্ষ বলে, যিনি বিখে আছেন তাঁহাকে বিখের মধ্যেই উপ-লিকি করা ভারতবর্ষের সাধনা—আমরা যে অমৃতলোকে সহজেই বাদ করিতেছি, দৃষ্টির বাধা দূর করিয়া ভাহাকে প্রভ্যক্ষ করিবার জ্ঞাই ভারতবর্ষের প্রার্থনা—চিত্তসরোবরের रा व्यनाविन कांकिना, गारांत नाम मरसाय, আনন্দের যাহা দর্পণ, তাহাকেই সমস্ত ক্ষোভ হইতে রক্ষা করা, ইহাই ভারতবর্ষের শিকী। किছू कन्नना कता नट्ट, त्रहना कता नट्ट, আহরণ করা নহে; জাগরিত হওয়া, বিকশিত হওয়া, প্রতিষ্ঠিত হওয়া,—যাহা আছে তাহাকে গ্রহণ করিবার জন্ম অত্যন্ত সরল হওয়া। যাহা সত্য তাহা সত্য বলি-ग्रारे जामारमत निक्रेजम,-- मजा विद्यारे তাহা দিবালোকের স্থায় আমাদের সকলেরই প্রাপ্য, তাহা আমাদের স্বরচিত নহে বলিয়াই তাহা আমাদের পক্ষে স্থগম, তাহা আমাদের সমাক ধারণার অতীত বলিয়াই তাহা আমাদের চিরজীবনের আশ্রয়,— প্রতিনিধিমাত্রই তাহা অপেকা স্থ্র—তাহাকে আমাদের কোন আবশ্রক-বিশেষের উপযোগিরূপে, বিশেষ আয়ত্তগম্য-রূপে সহজ করিতে চেষ্টা করিতে গেলেই ভাহাকে কঠিন করা হয়, ভাহাকে পরিত্যাগ করা হয়-অধীর হইয়া তাহাকে বাহা-ড়ম্বরের মধ্যে খুঁজিয়া বেড়াইলে নিজের স্ষ্টিকেই খুঁজিয়া ফিরিতে হয়—এইরূপে চেষ্টার উপস্থিত উত্তেজনামাত্র লাভ করি, কিন্তু চরম সার্থকতা প্রাপ্ত ইই না। আজ यामता जात्रज्दैर्सत्र तारे उपान ज्निताहि, তাহার অকলভ সরলতম বিরাট্তম একনিষ্ঠ আদর্শ হইতে শ্রষ্ট হইয়া শতধাবিভক্ত ধর্মবতা-থগুতার হুর্গম গহনমধ্যে মায়ামৃগীর অনুধাবন করিয়া ফিরিতেছি!

হে ভারতবর্ধের চিরারাধ্যতম অন্তর্যামি বিধাতৃপুরুষ, তুমি আমাদের ভারতবর্ষকে ভারতবর্ষের সফলতার পথ সফল কর। একাস্ত সরল একনিষ্ঠতার পথ \ তোমার মধ্যেই তাহার ধর্ম, কর্ম, তাহার চিত্ত প্রম ঐক্যুলাভ করিয়া জগতের, সমাজের, জীব-নের সমস্ত জটিলতার নির্মাল সহজ্ব মীমাংসা করিয়াছিল। যাহা স্বার্থের, বিরোধের, সংশয়ের নানা শাথাপ্রশাথার মধ্যে আমাদিগকে উত্তীর্ণ করিয়া দেয়, যাহা বিবিধের আকর্ষণে আমাদের প্রবৃত্তিকে নানা অভিমুখে বিক্ষিপ্ত করে, যাহা উপকরণের দানা জ্ঞালের মধ্যে আমাদের চেষ্টাকে নানা আকারে ভাষামাণ করিতে থাকে, তাহা ভারতবর্ষের পছা নহে। ভারতবর্ষের পথ একের পথ, তাহা বাধা-বিবর্জ্জিত তোমারি পথ—আমাদের বুদ্ধ পিতামহদের পদাঙ্কচিহ্নিত সেই প্রাচীন প্রশস্ত পুরাতন সরল রাজপথ যদি পরিত্যাগ না করি, তবে কোনমতেই আমরা ব্যর্থ হইব না। জগতের মধ্যে অদ্য দারুণ হর্ষোগের তুদ্দিন উপস্থিত হইয়াছে—চারিদিকে যুদ্ধ-ভেরী বাজিয়া উঠিয়াছে—বাণিক্যরথ হর্বলকে ধুলির সহিত দলন করিয়া ঘর্ঘরশব্দে চারিদিকে ধাবিত হইয়াছে—স্বার্থের. ঝঞ্বা-বায়ু প্রলয়গর্জনে চারিদিকে পাক থাইয়া ফিরিতেছে—হে বিধাতঃ, পৃথিবীর লোক আল তোমার সিংহাদন শ্ন্য মনে করি-তেছে, ধর্মকে অভ্যাসক্ষনিত সংস্থারমাত্র মনে করিয়া নিশ্চিস্তচিত্তে যথেচ্ছাচারে প্রবৃত্ত হইরাছে—হে শান্তং শিবমবৈতম্ এই বিশ্ব বিশাস বেন দৃত্রপে ধারণ প্রাথিক বিশাস বেন দৃত্রপে ধারণ করিয়া থাকি বে—

অধর্ণেণৈধতে তাবং ততে। জন্তাণি পশ্চতি, ততঃ সপত্মান্ জরতি সমূলস্ত বিনশ্চতি! অধর্ণের দারা আপাতত বৃদ্ধিপ্রাপ্ত হওরা যার, আপাতত মঙ্গল দেখা যার, আপাতত শক্ররা পরাজিত হইতে থাকে, কিন্তু সমূলে বিনাশ পাইতে হয়।

একদিন নানা, ছংখ ও আঘাতে বৃহৎ
শাশানের মধ্যে এই ছর্বোগের নিবৃত্তি হইবে
—তথন যদি মানবদমাজ এই কথা বলে যে,
শক্তির পূজা, ক্ষমতার মন্ত্রা, স্বার্থের দারুণ
ছক্টো যথন প্রবল্তম, মোহান্ধকার যথন
ঘনীভূত এবং দলবদ্ধ ক্ষ্ধিত আত্মস্তরিতা

যথন উত্তরে-দক্ষিণে পুর্বে-গশ্চিমে, গর্জ্জন করিয়া ফিরিতেছিল, তথনো ভারতবর্ষ আপন ধর্ম হারায় নাই, বিশ্বাস ত্যাগ করে নাই, একমাত্র নিত্যসত্যের প্রতি নিঠা স্থির রাখিয়াছিল — সকলের উর্দ্ধে নির্বিকার একের পতাকা প্রাণপণ দৃঢ়মুষ্টিতে ধরিয়াছিল — এবং সমস্ত আলোড়ন-গর্জনের মধ্যে মা ভৈঃ মন্ত্র উচ্চারণ করিয়া বলিতেছিল—

আনন্দং বৃদ্ধনো বিদ্ধান্থ ন বিভেতি কৃতশ্চন—
একের আনন্দ, ব্রহ্মের আনন্দ, বিনি জানিয়াছেন, তিনি কিছু হইতেই ভয়প্রাপ্ত
হন না—ইহাই যদি সন্তবপর হয়, তবে
ভারতবর্ষে ঋষিদের জন্ম, উপনিষদের শিক্ষা,
গীতার উপদেশ, বহুশতাকী হইতে নানা
ছঃথ ও অবমাননা, সমন্তই সার্থক হইবে—
ধৈর্য্যের দ্বারা সার্থক হইবে, ধর্ম্মের দ্বারা
সার্থক হইবে, ব্রহ্মের দ্বারা সার্থক হইবে—
দন্তের দ্বারা নহে, প্রতাপের দ্বারা নহে,
স্বার্থসিদ্ধির দ্বারা নহে!

ও শান্তি: শান্তি: শান্তি: !

সম্রাটের প্রতিশোধ।

(कतामी त्वथक ठाल्-गत्व हे इहेर्ड)

সৌম্য পাঠিকা! নিশ্চিস্ত হও; আমি এখন তোমাদের নিকট যাহা বলিতে যাইতেছি, তাহা নগর-অবরোধের কথা নয়, য়ুদ্ধবিগ্র-হের কথা নয়, সমাট নেপোলিয়ান কিরপ শাস্তি-নীতি অবলম্বন করিয়া একটি রমণীর উপর প্রতিশোধ লইয়াছিলেন—ইহা তাহারই কথা।

স্ত্রীলোকটি সে-সমন্বকার একজন প্রথ্যাতা স্থলরী; তাঁহার এতটা রূপগর্ক ছিল যে, তিনি সম্রাট্ নেপোলিয়ানের প্রতিও অবজ্ঞা প্রকাশ করিতে সন্তুচিত হন নাই।

এই স্থলরীর নাম শ্রীমতী এতিয়েনেট্
বুর্গোর্যা; তিনি "কমেডি-ফ্রাসেল"-নামক
প্রধ্যাত ফরাসী থিরেটারের উচ্ছবতম

নক্ষত্ত্ব ছিলেন; এই কারণে, তাঁহার আত্ম-গরিমা ও গর্বের পরিদীমা ছিল না। কিন্তু ইহার জন্য তাঁহাকে একবার অন্তাপ করিতে হইয়াছিল। তাহারই ইতিহাদ নিমে বিবৃত হইতেছে।

সমাট নেপোলিয়ান এই স্থলরী অভি-নেত্রীকে যে নিতান্ত ঔদাস্যের দৃষ্টিতে দেখি-তেন, ঠিক এরূপ বলা যায় না; কিন্তু এ-পর্যান্ত আকার-ইঙ্গিতেও তাঁহার মনোভাব কিছুমাত্র প্রকাশ পায় নাই; কেবল একবার, তাঁহার রাজ্যের আভান্তরিক বিভাগের সচিব "শ্যাপ্তাল" এর সহিত ঐ অভিনেত্রীর যে আদক্তি ছিল, সেই কথাপ্রদঙ্গে তাঁহার मूथ निया (य ठाष्ठा-िष्ट्रिकात्रि वाहित हय, তাহা হইতেই তাঁহার মনোভাবের কিঞ্চিং আভাস পাওয়া যায়। কিন্তু ইহা নিশ্চয়, শ্যাপ্তালের প্রতি তাঁহার ঈর্ধার ভাব কিছুমাত্র ছিল না, তিনি শুধু শ্যাপ্তালের প্রতি এই ভাবিয়া অসম্বর্ত হইয়াছিলেন যে. স্ত্রীলোকের মানম্গ্যাদা-প্রতিপত্তির তিনিই একমাত্র কারণ, তাহার নেক্-নজরে তিনি না পড়িয়া পড়িল কিনা শ্যাপ্তাল!

একদিন ঐ সচিব, তাঁহার সমাটের
নিকট রাজকার্য্যটিত কি-একটা প্রস্তাব
উপস্থিত করিয়াছেন, এমন সময়ে সমাট্
হঠাং বলিয়া উঠিলেন;—"ভাল কথা, শ্রীমতী
বুর্গোয়াঁ কেমন আছেন ?" শ্যাপ্তাল কিছু
থতমত থাওয়ায় তিনি আবার বলিলেন:—
"বল না হে, আমার কাছে ভাঁড়াভাঁড়ি
কোরো না। আছো, সত্যি কথা বল দিকি,
ভোমার কি বিশাস—ভোমার প্রতি সে
বর্ধার্থ ই জ্মুরক্ত ?"

- —— "মহারাজ! আমি তো এইরপ আশা করি, অন্তত এইটুকু নিশ্চয় করে' বল্তে পারি, এ ক্ষেত্রে আমার কোন প্রতি-ঘল্টা নাই।"
- —— "আর বল্তে হবে না। যথন বলেছ
 'আমি তো এইরূপ আশা করি', তথনই
 বেশ বোঝা গেছে। দেথ, একনিষ্ঠাসম্বন্ধে
 সাধারণ স্ত্রীলোকের বড়-একটা মূল্য নাই,
 আর, থিয়েটারের স্ত্রীলোক, তাদের তো
 কোন মূল্যই থাকিতে পারে না!"
- ---- "মহারাজের দেখ্চি স্ত্রীলোক-সাধা-রণের প্রতি বড়-একটা সদয় ভাব নাই; কিন্তু আমার বিনীত প্রার্থনা, যদি এই সাধারণ নিয়ম হ'তে একটি স্ত্রীলোককে মহারাজ বর্জিত করেন"—
- "তোমার প্রাণেশরীকে ব্ঝি ? আহা বেচারা শ্রাপ্তাল! তোমার জন্ম বড় হয়। এ তুমি বেশ জেনো দে-ও জন্যেরই মত সমান অবিশ্বাদী ও চপলচিত্ত। যদি রাজকার্য্যের বাধা না থাক্ত, তা হ'লে আমি নিজেই সে বিষয় সপ্রমাণ করে' দিতে পার্তেম। কিন্তু এখন তোমার সঙ্গে আমার গুরুতর কাজের কথা আছে; এখন ও-সব তৃচ্ছ কথা থাক্। এসো, আবার রাজকার্য্যে মন দেওয়া যাক্।"

এক্ষণে সমাট্ আবার তাঁহার চিরাভ্যন্ত অবিচলিত-ভাব ধারণ করিয়া তাঁহার সচিবের কার্য্যবিবরণী শুনিতে লাগিলেন।

সমাটের সৃহিত রাজকার্য্যের কথা শেষ করিয়া, শ্রাপ্তাল তাঁহার প্রেয়সী শ্রীমতী বুর্গোর্যার গৃহে গমন করিলেন; গিয়া দেখিলেন, তিনি কাজে বড়ই ব্যস্ত। পর- দিন সমাটের নিজম থিয়েটারে অভিনয় করিবেন বলিয়া প্রতিশ্রুত হইয়াছেন, তাই অবিশ্রাস্তভাবে স্বীয় বেশভূষার বিবিধ-আয়োজন-সংগ্রহে ব্যাপৃত!

যাহাই হউক, একণে উভয়ের মধ্যে অবকাশমত কথাবার্তা চলিতে লাগিল। রাজবাটীতে যাহা যাহা ঘটিয়াছিল, শ্রীমতীর সম্বন্ধে সম্রাট যে-সমস্ত বেয়াদবীর কথা विवाहित्वन, (পানেরো মিনিটের মধ্যে খ্রাপ্তালের নিকট হইতে শ্রীমতী সমস্তই ष्यवंश्व इहेरलन ; এवः ক्रোधाविष्ठे हहेग्रा विनया छेठिएन:- "ख! कि प्रमाक्! আমাদের সঙ্গে এইরূপ ভাবে ব্যবহার করেন যেন আমরা অধমের অধম: আর মনে করেন, তৃ-করে' ডাক্লেই বুঝি আমরা তাঁর দরজায় গিয়ে হাজির হব। স্থলতান-বাহা-তুর কখন যদি এখানে আসেন তো মজাটা দেখিয়ে দি। সমাট্—সমাট্—সমাট্কে আমি থোড়াই কেয়ার্ করি। তাঁর নিজের থিয়েটারে কাল আমি তো আর যাচিচ নে।"

শ্রাপ্তাল উদিম হইয়া বলিলেন:—
শ্রীমতি! তুমি এর ফলাফল ভাব্চ না।
তুমি যদি না যাও, তা হ'লে যে বিদ্রোহঅপরাধে অপরাধী হবে। তোমার সঙ্গে
পূর্ব হ'তে বলোবস্ত হয়ে আছে, আর এখন
তুমি সমাজীর সম্মুথে উপস্থিত হবে না।
ভেবে দেখ, নিমন্ত্রণই তাঁর হকুম—দস্তরমত
হকুমেরই সামিল।"

—— "সে তো আরো থারাপ! যা হবার তা' হবে। আমি প্রতিজ্ঞা করেছি যাব না; আমার এক কথা বই ছই কথা নয়।"

সচিব খীয় প্রাণেখরীর রোষশাস্তির জন্য

বিধিমতে চেষ্টা করিলেন। কিন্তু, কি ভর-প্রদর্শন, কি অমুনর, কিছুতেই তাঁহাকে শান্ত করিতে পারিলেন না। শ্রীমতী বুর্গোর্গার একপ্রকার আহরেপনার একগুরমি ছিল। আর, তিনি মনে করিতেন, সৌলর্গ্যের রাজদণ্ড যথন তাঁহার হন্তে, অন্য রাজদণ্ড তাহার নিকট অতি তৃচ্ছ!

কিন্তু তাহার পরদিন, বোনাপার্ট ইহার
বিপরীত কথাটাই সপ্রমাণ করিয়া দিলেন।
অবাধ্যতা-অপরাধে ধৃত করিয়া পরদিবসই
তাঁহাকে কারাগারে পাঠাইয়া দিলেন।
কারাগারে গিয়া শ্রীমতী ব্ঝিলেন, তিনি
বে-সমস্ত বিষয়ে অভিমান রাথেন, তাহা
নিতান্তই শৃত্যগর্ভ।

এই প্রতিশোধ লইবার পর, আবার অন্তপ্রকার প্রতিশোধের উদ্যোগ চলিতে লাগিল। কেন না, শ্রীমতীর সেই প্রতিজ্ঞার কথা সম্রাটের কাণে আসিয়াছিল। তাই, সম্রাট্ একদিকে যেমন অভিনেত্রীর হিসাবে তাঁহাকে দণ্ডিত করিয়াছিলেন, অন্তদিকে রমণীর হিসাবেও তাঁহাকে আবার শাসিত করিবেন, সক্ষয় করিলেন।

কিন্তু এ কাজটি তেমন সহজ নহে;
কেন না, ইহাতে শ্রীমতীর সম্মতি নিতান্তই
আবশ্রক; এবং ইতিপূর্ব্বে বেরপ নির্দয়ভাবে তাঁহাকে কারাবদ্ধ করা হইরাছিল,
তাহাতে তিনি যে সহজে তাঁহার সম্মতি
পাইবেন, তাহারও বড় একটা সম্ভাবনা
ছিল না। কিন্তু এই সকল বাধাবিদ্ধ সেই
বেচ্ছাচারী সমাট্কে নিরুৎসাহ করা দ্রে
থাকুক, প্রত্যুত এই কার্য্যাধনে তাঁহাকে
আরো উত্তেজিত করিল। তিনি প্রতি-

শোধের একটা ফলি মনে মনে ঠাওরাইলেন;
এবং উহা ক্লার্য্যে পরিণত করিবার নিমিত্ত,
সেই সম্বের সর্ব্যপ্রধান নীতিকৌশলী
চতুরচ্ডামণি 'ট্যালেরাঁ'র (Talleyrand)
উপর ভার দিবেন বলিয়া ছির করিবেন।

একদিন শুভমুহুর্ত্তে, ট্যালের । দেই
মনোমোহিনী অভিনেত্রীর নিকট উপস্থিত
হইলেন। এবং যেন তাঁহার নিজেরই স্বার্থের
জন্ম আসিয়াছেন, এই ভাবে চাটুকারের শুসায়
শ্রীমতীর নিকট নানাপ্রকার মন-জোগানো
কথা বলিতে লাগিলেন এবং ভক্তের ন্থায়
যত্র দেখাইয়া বিধিমতে তাঁহার মনস্তৃষ্টি
সাধন করিলেন।

এইরপে ট্যালের বিধন দেখিলেন, জমিটি বেশ প্রস্তুত হইরাছে, তথন সেই প্রখ্যাত সম্রাট্-কঞ্কী শ্রীমতীর মন বুঝিবার জন্য, সমাটের গুণকীর্ত্তন আরম্ভ করিয়া দিলেন;—তাঁহার প্রতিভা, তাঁহার যশকীর্ত্তির কথা সবিস্তারে বলিতে লাগিলেন; পরে থিয়েটারের কথা পাড়িয়া বলিলেন, 'থিয়েটারের রমণীরা সেই বারপুক্ষের একটি কটাক্ষলাভের জন্য কি উন্মত্ত!'

তাঁহার কথার মাঝখানেই প্রীমতী বলিয়া উঠিলেন:—"ছজুর! মাপ কর্বেন, আমার সঙ্গিনীরা উন্মন্ত হতে পারে, কিন্তু তার সঙ্গে আমার কোন সংস্রব নেই, তাদের এইরূপ ব্যবহার আমি কিছুতেই মার্জনা কর্তে পারি নে। আমার নিজের সহক্ষে আমি সাহস করে' বল্তে পারি, আপনার কর্সিকানিবাসীর—কি দৃষ্টি, কি মূর্ত্তি—কিছুই আমাকে এ-পর্যস্ত মুগ্ধ কর্তে পারে নি।"

—- " **এখ**ন সমস্ত বুঝ্তে পার্লেম।

সমাট্ বেঁ তোমাকে ভালবাদেন, ভোমার ' এই উদাস্যই তার কারণ।"

- —— "হাঁ, কিন্তু সমাট্ বাহাছ্রের ভাল-বাসার ধ্রণটি ভারি অন্ত্তরকমের—তিনি যাকে ভালবাদেন, তাকে তিনি সাধারণ অপরাধীর মত কারাগারে পাঠিয়ে দেন।"
- ——"তার কারণ, বোনাপার্ট ঈর্ষার
 আগুনে জল্চেন; আর, জানই তো, ঈর্ষার
 বশে লোকে অন্ধ হয়ে কি না করে।
 তোমার প্রতি আর-একজনের ভালবাসা
 সন্দেহ করে' তিনি তোমাকে শাসন
 করেছিলেন।"
- —— "আর-একজন আবার কে ?—
 কার উপর আমার ভালবাসা ? হুজুর ! খুলে
 বলুন—খুলে বলুন।" ..
- —— "আবার কে ?— সেই ভাগ্যবান্
 পুরুষ, যে তোমার মন হরণ করেছে— সেই
 ভাগ্তালের উপর তোমার ভালবাসা— না,
 ও-সব কথার আর কাজ নেই— এখন অভ্য
 কথা কওয়া যাক্। আমি একজনের হয়ে
 কেন মিছে বল্তে যাই, বিশেষ যথন সে
 আমার উপর বল্বার কোন ভার দেয় নি।"
 ট্যালের ভাবিলেন, একবারের পক্ষে যথেষ্ট
 বলা হইয়াছে; শ্রীমতীর চিন্তাপ্রবাহের পথ
 মুক্ত রাথাই এন্থলে স্থপরামর্শ।

ইহার পর, যে-সব কথাবার্ত্তা হইল, তাহার মধ্যে চতুরচ্ডামণি সম্রাটের আর কোন কথা পাড়িলেন না; কেবল কথায়কথায় একবার জানাইয়া দিলেন যে, "রোজিন্"এর ভূমিকা গ্রহণ করিবার নিমিত্ত স্মাট্ শ্রীমতী মাদকি নিজের "মাল-মেজোঁ"-থিয়েটারে আহ্বান করিয়াছেন।

এই কথা ভ্ৰিয়া মন্মাহত হইয়া শ্ৰীমতী বৃলিলেন:—"বটে! তিনি কি রাজি হয়েছেন ?"

—— "রাজি হবেন না কেন ? বরাজি নের সাজে তাঁকে বেশ মানায়; আর তিনি রাজদরবারে অভিনয় কর্বেন, এতে ছঃথিত হবার তো কোন কারণ নাই।"

অভিনয়ের পরদিন, ট্যালের । প্রীমতী বুর্গোর নৈকটে গিয়া জানাইয়া আদিলেন, "তাঁহার স্থলাভিষিক্তা অভিনেত্রীর অভিনয় খুব উৎরাইয়া গিয়াছে। আর, সম্রাট্ অভিনরে মুগ্ধ হটয়া, আবার সেই নাটকের অভিনর দেখিবেন, এইরূপ আদেশ করিয়াছেন। রাজদরবারে এখন প্রীমতী মার্সের যে বিলক্ষণ প্রতিপত্তি হইয়াছে, তাহাতে আর কোন সন্দেহ নাই!"—এই কণা শুনিয়া শ্রীমতী অর্থস্টক একটা মুখভঙ্গী করিলেন।

ইহার পর যথন আবার শুনিলেন,

শ্রীমতী মাদ সমাট-সম্রাজ্ঞীর কতটা প্রির

ইইরাছেন, তথন শ্রীমতী বুর্গোর্গ্যার মনের
অবস্থা আরো থারাপ হইয়া উঠিল।

একদিন ট্যালের শৈ শ্রীমতীর নিকট গিয়া বলিলেন:— "তোমার সথী সমাটের নিজস্ব থিয়েটারে থুব বাহবা পাচ্চেন। এখন যদি তাঁর তেমন উচ্চাকাক্ষা থাকে, তা হ'লে তিনি ইচ্ছা কর্লে, কালই সমাট্কে তাঁর পদানত কর্তে পারেন। সমাট্-বাহাহুর আক্ষাল ক্রমাণ্ড তাঁর চোথের প্রশংসা কর্চেন।"

শীমতী বুর্গোয় া নাক শিট্কাইয়া বলিলেন:—"সভিয় নাকি !— 'আমার সথী' ভবে পাষাণকেও গলিয়েচেন ! আমি মনে

কর্তেম, এরপ অলোকিক কাণ্ড অসম্ভব।" ', ',

শ্রীমতী মর্শাহত হইরাছেন ব্ঝিতে পারিয়া সেই প্রথ্যাত কৌশলী আবার আরম্ভ করিলেন :—"এটা যে অসম্ভব নয়, সর্বাগ্রে তোমারই তা' বোঝ বার কথা।"

——"আমার বোঝ্বার কথা ?—আমি্ কি করে' বুঝুব ?"

'----"তা না তো কি, মাসথানেক পূর্বে সম্রাট্ ভোমার জ্বন্তই তো প্রথমে উন্মন্ত হন।"

শ্রীমতী বুর্গোর া মুথ আধার করিয়া বলিলেন:— আমার বোঝ্বার কথা ?— ভুজুর !
আপনি উপহাস কর্চেন। আমি বদি একটু
চেষ্টা কর্তেম, তা' হলে হয় তো……
কিন্তু আমি সে প্রলোভনে কথনই পড়িনি।"

—— "ওগো বলি শোনো, চেষ্টা না করে' বড়ই ভূল করেচ। কেন না, তা হ'লে এতদিনে বোনাপাটের হৃদয়ে তুমিই রাজত্ব কর্তে; আর, তাঁর আশ্রয়ে থাক্লে, 'কমেডি-ফ্রাসেঞ্জ'-থিয়েটারে তুমি সর্কে-সর্কা হ'তে পার্তে।"

—— "আপনি কি তবে মনে করেন, আমি যদি ইচ্ছা করি, আজই সে স্থান অধি-কার কর্তে পারি নে ?"

—— "আজকাল শ্রীমতী মার্সের ভাগ্য-নক্ষত্র উদয় হয়ে তোমার নক্ষত্রকে সর্ব্বগ্রাস করেছে।"

—— "হজুর! আজ দেখ্ছি আমার সহকে আপনি থোব-মেজাজে নেই।"

—— "স্থলরি! এন্থলে আমার কথা হচ্চে না; আমি ভো ভোমার এফজন ভক্তের মধ্যেই গণা—এখন নেপোলিয়ানের কথা হচ্চে। বলি, তুমি কি ভন্তে চাও, কাল সেই রোজিন্কে দেখে সম্রাট্ আমার সাম্নে কি বলেচেন ?"

- -- "हाँ, वनून ना।"
- —— "তা হ'লে তুমি যে বেরাদবী মনে কর্বে।"
- ——"বরং আপনার অকপট ভাব দেধে আমি আরো খুসী হব।"
- ——"তবে বল্চি শোনো; সমাট্
 অতি কোমল স্বরে তাকে বল্লেন:—"বতই
 তোমার অভিনয় দেখি, ততই আমার মনে
 হয়, শ্রীমতী বুর্গোর্যাকে বে এক মুহুর্ত্তের
 জন্তও আমার ভাল লেগেছিল, সেটা আমার
 পক্ষে অমার্জনীয়।"
- ——"সত্যি? ····তাতে 'আমার স্থী' কি উত্তর কর্লেন ?"
- ——"তিনি উত্তর আর কি কর্বেন, ঐ প্রশংসায় তিনি একেবারে ঢলে' পড়্লেন।"
- ——"রঙ্গিণী অ'র কি !·····বিদি রোজিনের জারগাটা আমি নিতেম, তাহ'লে কি সে অত জারিজুরি কর্তে পার্তো !— আমি ছেড়ে দিলেম বলেই না সে ঐ জারগাটা সহজে পেলে।
- —— "আমারও তো তাই মনে হয়। 'রোজিন্' সেজে সে বে বাহবা পাচেচ, সে তার নিজের শুণে নয়। তবে, সে বে বাহবা পাচেচ, সেটা সভিয়।"
- —— "আমি ইচ্ছে কর্লে তার জারিজুরি এখুনি ভেঙে দিতে পারি— যতদিন
 আমার সে ইচ্ছে না হচ্চে, ততদিন সে বাহবা
 পাক্!

—— "আমি বলি, সে ইচ্ছেটা তোমার এখনি হোক্না কেন। বৃষ্চনা, এই অপমানে তোমার যে পদার নষ্ট হচেচ।"

শ্রীমতী একটু ইতন্তত করিয়া বলিলেন:—"আছা, আমি রাজি। দেখা
যাক্, শ্রীমতী মার্দের কতটা ক্ষমতা। কিন্তু
দেখুন, আপনি এ-সব কথা শ্রাপ্তালের
কাছে ঘুণাক্ষরেও প্রকাশ কর্বেন না।
আর, আমার বিষয় সমাটের কাছে বদি কিছু
বল্তে হয়, তাঁর উপরে আমার বে বিশ্বেষ
ভাব আছে, সে কথা যেন তাঁকে কিছুমাত্র
বলা না হয়।"

ট্যালের । তাহার অমুক্লে সমস্ত নীতি-কোশন প্রয়োগ করিবেন বলিয়া শ্রীমতীর নিকট অঙ্গীকার করিবেন। সপ্তাহ অতীত না হইতে হইতেই তিনি উৎফুলমুথে তাঁহার নিকট আবার আসিয়া উপস্থিত হইলেন এবং বলিলেন:—"তোমার নাম করে' একটু আশা-উৎসাহের কথা বল্বামাত্রই শ্রীমতী মার্সের 'পরে নেপোলিয়ানের যে একটু মন ভিজেছিল, সেটা তৎক্ষণাৎ শুকিয়ে গেল। তাঁর প্রতি তৃমি অমুক্ল, এই কথা শুনে তিনি এত আনন্দিত হলেন যে, কি বলে' যে তোমাকে ধন্তবাদ দেবেন, সেটা ভেবেই পেলেন না।"

প্রত্যাশিত স্থথের আসাদ পেলে রমণীর কণ্ঠস্বর বেরূপ হইয়া থাকে, সেই কণ্ঠস্বরে শ্রীমতী বলিলেন:—"সম্রাট্-বাহাছরের প্র অমুগ্রহ।"

ট্যালের্ আবার আরম্ভ করিলেন :—
"সমাট্ শেষে এট কথা বরেন, 'আমার হরে

শ্রীমতী বুর্গোর্টাকে ধঞ্চবাদ দেবে,আর তাঁকে

জানাবে, "কমেডি-ফ্রানেজ"-থিয়েটারে আমি ভাঁর পঁচিশহাজার টাকা বেতন স্থির করে? দেব; ভাঁর থাক্বার জন্য একটা বাড়ী দেব; আর সেই বাড়ী সাজাবার জন্য আরো পঞ্চাশহাজার টাকা নগদ দেব।"

এত সহজে তাঁহার বাসনা পূর্ণ হইবে,
প্রীমতী তাহা ভাবেন নাই, তাঁহার মাথা
ঘুরিয়া গেল। ভাবিলেন, দেখি যদি আরো
কিছু মোড় দিয়া আদায় করিতে পারি।
তাই, ট্যালের র কথা শেষ না হইতে হইতেই
শ্রীমতী বলিলেন:—"আমাকে বিবেচনা
করতে একটু সময় দিন। আপনার সমাট্
চিরকালই সমান; তিনি মনে করেন,
একটু অনুগ্রহ দেখালেই অম্নি ব্ঝি লোকে
ভাঁর পারে এসে গড়িয়ে পড়্বে।"

ট্যালের । আবার বলিতে আরম্ভ করিলেন :— 'আর যদি শ্রীমতী ইতন্তত করেন
দেশ, তা হ'লে তাঁকে বল্বে, তাঁর জন্ম দশলক্ষ টাকার বার্ষিক অবসর-বৃত্তি নির্দিষ্ট করে'
দিয়ে তাঁকে আমি ডচেশ্-উপাধি দেব - '
অভিনেত্রীর মুথ এইবার আনন্দে উৎফুল
হইয়া উঠিল ;— সে বলিল :— "ডচেশ্!—
আমি ডচেশ্ হব ?"

——"বদি আদু, সন্ধার সুস্থ অহুগ্রহ করে' সমাট্-বাহাহ্রের প্রাসাদে যাও, তা হ'লে সমাট্ আজ আহ্লাদের সহিত ডচেশ্-উপাধির দানপত্র স্বরং এসে তোমার হাতে দেবেন।"

শীমতী রাজকীয় মুহিমা ও গান্তীর্য্য ধারণ করিয়া সগর্বে বলিলেন:—"আচ্ছা, আমি সম্মত হলেম।" —— "আছো, আজ তবে সন্ধ্যার সময়
সমাটের গাড়ি হাজির হয়ে শ্রীমতী ওঁচেশের
আদেশ প্রতীক্ষা কর্বে।" এই কথা বলিরা
ট্যালের আভিনেত্রীর হস্তচ্ছন করিরা হাস্যোদ্বীপক-গান্তীর্য্য-সহকারে প্রস্থান করিলেন।

এমতী আৰু কি করিয়া বিশ্ববিৰয়েনী —বিশ্ববিমোহিনী মৃর্ত্তিতে সম্রাট্কে দেখা मिर्वन, এই চিস্তায়, এই উদ্যোগ-আয়োজনে দিবসের অবশিষ্টভাগ উৎসর্গ করিলেন। প্রথমে স্থগন্ধি-জলের চৌবাচ্ছায় অবগাহন कत्रित्ननः , भरत्, भत्रिरधम् वमनामि ७ 'िक न চিকুর' স্থবাসিত করিয়া বেশবিন্যাস আরম্ভ করিলেন। তাঁহার পরিচারিক। (थाँभा वाँधिष्ठ नाशिन। इहे-इहे-वात्र वर्-লাইয়া এক ধাঁচার থোঁপা অবশেষে তাঁহার পছন হইল। অনেকক্ষণ ভাবিয়া পরে দীর্ঘ-লম্বিত একজোড়া হল কাণে হলাইলেন। দশবার বদ্লাইয়া তবে একটি মনোমত সাটিনের পরিচ্ছদ পরিধান করিলেন। দেহের গঠন পরিস্ফুট করিয়া, উপরের অর্জ-ভাগ থোলা রাখিয়া, ফাঁটা-সাঁটা দেলুকা অনিন্যস্থলর পরিলেন। তাঁহার ক্ষরের উপ্ত দিলা আজামূলখিত একটি कारना तरधत ७६न। रक्तिया मिरनम। তাহার পর, আয়নার সন্মুথে আসিয়া প্রফুল-নয়নে আপনাকে নিরীক্ষণ করিতে করিতে আপনার রূপে আপনিই মোহিত হইলেন; আর পরিচারিকাকে জিজ্ঞাসা করিলেন:-"এখন বলু দেখি, তোর কি মনে হয়, আমার এই সাজসজ্জায় আমাদের 'কুদে-नर्कात'- अत * मन खून ति ?"

^{*} নেপোলিয়ানের নিজ সৈক্তমধ্যে 'পেটি কর্পোর্যাল্' অর্থাৎ 'ক্লে সন্ধার' এই আহুরে নাম প্রচলিত ছিল।

ঠিক আট-ঘটকার সময় শাদা-চার-বোড়ার একটা জাঁকাল গাড়ি শ্রীমন্তীর দর-জায় আসিয়া দাঁড়াইল। অভিনেত্রী ছুটিয়া-আসিয়া তাহাতে বসিয়া পড়িলেন; এবং অনতিবিলম্বেই 'সম্মানে'র সোপান দিয়া প্রাসাদের উপর উঠিতে লাগিলেন; "মার্শা"-নামক সম্রাটের একজন পরিচারক আগে-আগে পথ দেখাইয়া চলিতে লাগিল।

পরিচারক বে ঘরটিতে লইয়া রিয়া তাঁহাকে বসাইল, তাহার সাজসজ্জা দেখিয়া তিনি অবাক্ হইলেন। আস্বাবের মধ্যে, একটি ঝাড়, একথানি কৌঠ, আর একটি ছোট গোল টেবিল্—এইমাত্র।

কিন্তু সেই ভাবী ডচেশ্নিজ পদগৌরবের অথস্বপ্নে এম্নি নিমগ্ন ছিলেন
যে, এই সব খুটনাটি ভাঁর মনে বড়-একটা
স্থান পাইল না। তিনি সেই কৌচথানিতে
যথাসম্ভব জুৎ করিয়া বসিয়া কল্পনার
দোলায় মনকে দোলাইতে লাগিলেন।

এইভাবে সঙ্যা-ঘণ্টা-কাল কাটিয়া
গেল। তথন তাঁহার মনে হইল, সম্রাট্
তাঁহার অভ্যর্থনার জন্ম যথেষ্ট আয়োজন
করেন নাই। তথাপি এখনও তাঁহার আশা
যার নাই। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন, সম্রাট্ এখনি আসিবেন। আরো
সঙ্যা-ঘণ্টা-কাল তাঁহার পথ চাহিয়া রহিলেন। তথাপি স্মাটের দেখা নাই।
সমাটের এই 'ধাতির-নদারদ্' ভাব দেখিয়া
তিনি আর ধৈর্য ধরিয়া থাকিতে পারিলেন
না। শ্রীমতী অধীর হইয়া হাত-ঘণ্টা বাজাইয়া দিলেন'। ভসমাটের পরিচারক মাশাঁ।
আসিয়া উপঞ্লিত ছইল।

- ——— "শ্রীমতীর কি আদেশ ?"— বিনীতভাবে পরিচারক জিজাসা করিল।
- ——"নিশ্চরই সমাট্ এথনও স্থান্তে পারেন নি যে, আমি এসেছি ?"
- ——

 " শ্রীমতী আমাকে মার্জনা কর্বেন, সমাট ছইজন জাঁতেলের সঙ্গে এখন
 কথা কচেন।"
- ——"একবার তাঁকে মনে করিয়ে দেবে কি, আমি তাঁরই আদেশমত এখানে এসেছি। তাঁর দর্শন পাবার আমারও অধিকার আছে।"
- ——"শ্রীমতি, আমি এখনি তাঁকে গিয়ে বলচি i"

বিশ মিনিট্—সে বিশ মিনিট্ ষেন
ফুরায় না—এই ভাবে চ্লিয়া গেল। তথাপি
কোন উত্তর নাই। শ্রীমতীর ধৈর্যাচ্যুতি
ঘটিল। আবার তিনি হাত-ঘণ্টাটা সজোরে
ঝাঁকাইয়া দিলেন।

প্রশাস্তমুথে পরিচারক আবার আসিয়া দেখা দিল।

- ——"কৈ •ূ—সম্রাট**্ •ৃ"—কম্পিতম্বরে** অভিনেত্রী জিজাসা করিবেন।
- ——" শ্রীমতি, সম্রাটের নিকট আমি গিয়াছিলাম।"
 - ——"তিনি কি উত্তর দিলেন <u>?</u>"
- ——"তিনি আপনাকে একটুখানি সবুর কর্তে বল্লেন্।"
- —— "একট্থানি ?— আমি .বে ছ'ঘন্টা ধরে' এই পচা এঁদো ঘরে হাঁপিয়ে
 মর্চি। সম্রাট্কে বল, আমি এখনি তাঁর
 সঙ্গে দেখা কর্তে চাই।"

এবার পরিচারক অরসময়ের মধ্যেই

ফিরিয়া আসিল। কিন্তু শ্রীমতী দেখিলেন, তার মুখে নৈরাশ্য প্রকটিত। দার্খনিখাস ছাজিয়া সে বলিল:—"শ্রীমতি, কি আর বলব—"

- --- "कि थवत १-वन ना (र्गा।"
- —— "আমার ভয় হচ্চে, পাছে আপনি রাগ করেন।"
- —— "বল বল, যাই হোক্ না, আমি শোন্বার জন্য প্রস্তুত আছি।"
- —— "আমি তাঁকৈ বথন জানালেম, আপনি আর সব্র কর্তে পার্চেন না, তথন সমাট্-বাহাছর আমাকে বল্লেন:— 'দেও মার্শা, শ্রীমতী বুর্গোয়ঁটাকে আমার অভিবাদন দিও, আর এই কথা বোলো, তিনি যদি আর অপেক্ষা কুর্তে না পারেন, আমি অনুমতি দিচিচ, তিনি থেতে পারেন।'"

শ্রীমতী ক্রেগার হইরা বলিরা উঠি-লেন:—"কি অহঙ্কার! দেখ মার্শা, (সমাটের স্বর নকল করিরা) নারীসন্মানজ্ঞ তোমার প্রভূকে আমার প্রত্যভিবাদর্ক দিও, আর তাঁকে এই কথা বোলো,তাঁর অমুমতি-ক্রেমে আমি যাচ্চি—তিনিও আমার হৃদর হ'তে জন্মের মত গেলেন জান্বে।"

এই ক্রোধরঞ্জিত কথাগুলি বলিয়া— বে গাড়িতে আদিয়াছিলেন, সেই গাড়িতেই আবার আরোহণ করিয়া, মর্শ্মাইতা অপ-মানিতা শ্রীমতী বুর্গোয়ঁটা স্বগৃহে প্রভাগমন করিলেন।

একট। কথা বলিতে ভূলিরাছি। বে
সমরে শ্রীমতী গাড়ির পা-দানে পা দিলেন,
ঠিক সেই সময়ে ট্যালের না নটামি করিয়া
প্রাসাদের একটা গবাক্ষ হইতে মুথ বাড়াইয়া
বলিয়া উঠিলেন :—"সেলাম পৌছে
শ্রীমতী ডচেশ্-বাহাত্র !—আর ডিউক্বাহাত্র শ্যাপ্তালকেও আমার বহুৎ-বহুৎ
সেলাম !"

শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

বাল্মীকি ও কৃত্তিবাস।

আমাদের দেশের প্রতি পল্লীতে ভদ্র ও চাষা, বিশিষ্ট ব্রাহ্মণ ও সামান্য দোকানদার, পাঁচ-শত বংসর বে ক্বতিবাসী রামায়ণ পড়িয়া আদি-মহাকাব্যের রসলহরী কতদূর অন্-দিত হইয়াছে, তাহা বিচার্যা। ক্বতিবাস নিজে সংস্কৃতক্ত প্রতিভাশালী পণ্ডিত ছিলেন, তিনি ভাষায় অন্থবাদ করিতে যাইয়া আদি-কৰির পদচিত্ন অনুসরণ করিয়াছিলেন ৰলিয়াই বোধ হয়। কিন্ত ক্লভিবাসের আদৎ পাঞ্লিপি ছন্তাপ্য। পরিবৎ প্রাচীন করেকথানি পঁ,থি অবলম্বন করিয়া বে ক্লভিবাসী রামায়ণ প্রকাশ করিতেছেন,ভৎসম্পাদক মহাশয় অবশু দৃঢ়তার সহিত বলিতে পারিবেন না বে, দেখানি ঠিক ক্লভিবাস প্রণীত রামায়ণেরই সংশ্বরণ। ক্লভিবাস কিলিখিয়াছিলেন, তাহা ভার্নিবার উপার নাই। তবে বর্ত্তমান বউত্তশ্ব প্রকাশিত

ক্বত্তিবাদীরামারণাখ্য কাব্যের অনেকাংশ যে ক্লভিবাসের রচনা, তাহা সন্দেহ করিবার ষ্থেষ্ট কারণ দেখা যায় না। ক্বত্তিবাসী রামায়ণ দেশীয়গণ বলিয়া আমাদের বে গ্রন্থ বুঝিয়া আদিয়াছেন, আমরা তাহারই প্রদক্ষ এই প্রবন্ধে লিখিব। ষে অনুবাদ আক্রিক, অল্লসংখ্যক বিশেষজ্ঞের প্রশংসিত হইলেও তাহা সর্বাদারণের গ্রাহ্ম নহে। অমুবাদপুত্তক আপামর নাধা-রণের উপযোগী করিতে হইলে, তাহা অনেকটা দেশীয় আদর্শের ছাঁচে গড়িতে হইবে। রামায়ণ ও মহাভারত বঙ্গদেশের ৰস্ত আমরা কতকটা নৃতনভাবে প্রস্তুত क्रियां बहेशां हि। हिन्दुशात्व क्र अक्रिक जूननीमान এकथानि जामात्रण निथित्राट्या এইরূপ প্রাদেশিক রামায়ণের সঙ্গে আদি-কতট। সংস্ৰব, তাহাই কাব্যের विदवहा ।

चामारित रित्यंत वित्रस्त थाणि किश्वां व्यागि विदेश स्तु वाडानी युक्त व्यागि विद्या स्तृ वाडानी युक्त व्यागि विद्या स्तृ वाडानी विद्या स्तृ वाडानी विद्या स्तृ वाडानी विद्या स्तृ विश्वानी विद्या स्तृ विश्वानी विद्या स्तृ विश्वानि करत्र विश्वान करत्र विश्वान कर्या क्रिक्त विद्या विद्या विश्वान कर्या क्रिक्त विद्या विश्वान वाण्य हिन् विश्वान वाण्य स्तृ विश्वान विद्या विश्वान विश्वा

এই ফুলবাবৃটির পূঞাও কদর্যস্থানেই বিশেষ-रहेशा थाएक। আমরা অস্ত্রশস্ত কাড়িয়া লইয়া যোদ্ধাকে ফুলকোঁচা পরাইয়া नित्रस्त हरे। आभारतत राहण महिषमिनी-विधारहतं ७ कम लाश्ना हत्र नाहे,--विनि ण्ल-হস্তে মহিষাহ্রের প্রাণবধ করিতেছেন, তাঁহার আকর্ণবিস্থত প্রফুল্ল চক্ষু এবং বিস্বাধরে মধুরহাসির ঔচ্ছল্য থেলিতেছে। যেমন শিল্পে, তেমনই সাহিত্যে, এদেশে বীররসের হুৰ্গতি সৰ্বদা প্ৰত্যক্ষ হয়। চণ্ডীতে দেখা যায়, ভগবতী ভয়ানক যুদ্ধে মঙ্গলদৈতাকে বিনাশ করিয়া অভিশয় পরি-শ্রান্তা হইয়া সহচরীর নিকট একটি পান ও পাথা চাহিতেছেন; ঢেঁকিতে পাড় দিয়া গৃহস্থবধূর যে অবস্থা, পরিশ্রান্ত জ্রীলোকের তদপেক্ষা উচ্চতর আদর্শ কল্পনা করিবার स्विधा এদেশের কবি কোথায় পাইবেন। এই ফুলদম কোমল আব্হাভয়ার গুণে উইলিয়ম্হর্গ নিকুঞ্জবনে পরিণত না হইলেই यदथष्टे ।

পূর্বে উক্ত হইয়াছে, রামায়ণের অমুবাদ
এই দেশের কচি ও আদর্শের উপযোগী করা
হইয়াছে এবং তজ্জনাই ইহা পলীতে পলীতে
আদৃত হইয়া বঙ্গের ঘরে ঘরে প্রতিষ্ঠালাভ
করিয়াছে। আমরা দেখাইব, রামায়ণরূপ
হিমাচলের উপর এই যাহ্রাজ্যের মলয়সমীরণ প্রবাহিত হইয়া ইহার গৌরব কোথায়
উড়াইয়া লইয়া গিয়াছে,—অমুবাদে উহা
যেন হিমগিরির একটি ছোটখাট ফ্লতক্লর
মত হইয়া দাঁড়াইয়াছে।

বাল্মীকির সময় হইতে ক্বন্তিবাসের সময় অনেকটা দূরবর্তী। এই সময়ের মধ্যে হিন্দু-

গণ আপনাদের শৌর্যাবার্য হারাইরা নিতান্ত দীনতাপ্রাপ্ত হইরা পড়িরাছিলেন, তাহা ইতিহাসে প্রমাণিত আছে। আমরা বাঙালী, অস্তান্ত প্রদেশবাসী অপেক্ষাও অধিকতর কোমল ও ক্ষীণজীবী হইরা পড়িরাছি; স্তরাং বাল্মীকির মহাকাব্যের যদি প্রকৃত অমুবাদ হইত, তাহা হইলে এদেশের সর্বসাধারণে তাহার রস উপভোগ করিতে সমর্থ হইতেন না। এই বৈষম্য কৃতিবাসে ও বাল্মীকিতে ততটা নহে, বতটা এই ছই যুগের লোক-চরিত্রে, — মামরা বাঁহাদের বংশধর, তাহা-দের সঙ্গে ধতটা আমাদের।

প্রথমত রামচরিত্র পর্য্যালোচনা করিলে এ বিষয়টা ভাল করিয়া বোঝা যাইবে। রামায়ণে রামের যে বর্ণনা আছে, তাহা পাঠ করিলে. Francesco Bartolozziর অন্ধিত এপোনো, জুপিটার্ কিংবা তদ্ধপ কোন গ্রীক্ দেবতার চিত্রের কথা মনে পড়িবে। 'রাম विপूनाःम--- अःम अर्थ ज्वनीर्व। মহোরস্ক এবং মহেমাদ। তাঁহার আর-একটি বিশেষণ গৃঢ়জক্ত, অর্থ-বিপুল মাংদের দারা অংশ ও বক্ষের সন্ধিগত অস্থিবয় সম্পূর্ণরূপে নিমজ্জিত ৷ কমুগ্রীব অর্থাৎ মাংসলগ্রীবা রেখাত্রয়বিশিষ্ট, 'সমঃ সমবিভক্তাঙ্গঃ' অর্থাৎ অঙ্গপ্রত্যঙ্গ নাতিদীর্ঘ, নাতিহ্রঘ (Symmetrical)। सूबीव, स्ननार, आबास्नशिज-পুরুষের আদর্শ রূপ। ইহারাই আর্য্যাবর্ত্ত জয় করিয়াছিলেন, শৌর্যাবলে জগতে অত্যম্ভুত কীর্ত্তিকলাপের প্রতিষ্ঠা "করিয়াছিলেন। কৌশল্যা যথন রামের ব্যবাস উপলক্ষে বিশাপ করিতেছেন, তখন তাঁহার বিবিধ

व्यात्करभाकित्र मर्या व्यामता छनिए भारे, বে রাম চর্মাজাদনশোভী স্লক্ষেমল টিপা-ধানের উপর শির রক্ষা করিয়া শন্মন করিতে পরিঘ-(কৌহমুখ **অভ্যন্ত**, তিনি श्रोष्ठ মুলার)-সঙ্কাশ বাছর উপর শির রঞ্জা করিয়া কিরূপে নিদ্রাস্থ লাভ করিবেন 🕩 কৃত্তিবাদী রামের বাহু পল্লবকোমল, তাহার সঙ্গে লোহমুথ মুলারের উপমা কথনই প্রত্যাশা করা যায় না। ভরত যথন ইঙ্গুদী-मृत्न तारमत ज्नामा (निथिएक পाইलान, ज्थन विलियन, 'এখানে नि ज्यह ताम भवन করিয়াছিলেন, এই স্থান্পো-কঠিন মুন্তিকা ও তৃণরাশি তাঁহার গ্যাম্পাড়নে পিষ্ট হইয়া রহিয়াছে।' আভরণময়ী সীতাদেবী যে স্থানে শয়ন করিয়াছিলেন, সে স্থানে তাঁহার অঞ্লবিক্ষিপ্ত স্বর্ণচূর্ণ ভূণের সহিত সংলগ্ন রহিয়াছে, ভরত তাহা বুঝিতে পারিলেন। কৃত্তিবাস সেই স্বর্ণচূর্ণের কথা উল্লেখ করিয়া-ছেন, কিন্তু রামের শরীরনিষ্পেষণে কঠিন ভূমি ও তৃণরাশি পিষ্ট হইয়া রহিয়াছে, এ কথা উল্লেখ করিতে তাঁহার সাহসে কুলায় नारे। त्रारमत अञ्चलिश्च हन्मनरक वाण्योकि বারাহরুধিরাভ বলিয়াই বর্ণনা করিয়াছেন: আমাদের রুচি এখন অতি মৃত্ হইয়া পড়ি-য়াছে, স্থতরাং কৃধিরের উপমায় শিহরিত হইয়া উঠি। তৎপরে রামের তাদ্রাক্ষ ও নীল মুর্দ্ধকের উল্লেখ দেখিতে পাই। তামাক অর্থে যদি তামাটে চোথ ও নীলমুর্দ্ধ অর্থে কটা চুল হয়, তবে কাবলিওয়ালার সঙ্গেই আমা-দের অপেকা রামচক্রের বেশি নৈকটা প্রতি-পন্ন হইবে। ইহা এখন আদর্গ রূপ বলিতে গেলৈ বঙ্গীয় জনসাধারণ তাহা ৰংখনই প্রাত্

করিতে প্রস্তুত হইবে না। এদেশের আব্হাওরীয় আমাদের ঢের পরিবর্ত্তন হইয়া
গিয়াছে। কাবুলের বেদানা এখানে জ্বন্নাইতে
চেষ্টা করিলে, তাহার বংশধর ক্রমে টোকো
ডালিমে দাঁড়াইবে, তাহাতে কোন সন্দেহ
নাই।

কবি মুকুন্দরামের বড় সাহস ছিল, তাই জিনি স্বীয় কাব্যনায়ক কালকেতু-ব্যাধের রূপবর্ণনাপ্রসকে লিখিতে পারিয়াছিলৈন, তাহার "হুই বাছ লোহার সাবল"। কিন্তু ব্যাধপুত্রের সম্বন্ধে বাহা প্রয়োগ করিয়াছেন, সাধুর পুত্রসম্বন্ধে তাহা লিখিতে পারেন নাই। কাঞ্চীপুরবাসী গুণসিদ্ধ্রাজপুত্র স্থন্দরই আমাদিগের কাব্যগুলির প্রকৃত নায়ক—পুক্ষজাতির আদর্শ রূপ; তাহার ঈষৎ গোঁফের রেখার সঙ্গে চঞ্চল ধঞ্জনলোচনের প্রকৃত সমাহার হইয়াছে।

কিন্তু এই যে মহোরস্ক, গৃঢ়জক্র, অরিলম রামচন্দ্র, ইঁহাকে ক্বতিবাদ কি করিয়া
ফেলিয়াছেন, দেখা যাক্। তিনি লক্ষাকাণ্ডে
চাঁপানাগেশ্বর জটায় বান্ধিয়া যুদ্ধ করিতেছেন। তাঁহার ভুজ স্থালিত এবং শৈশবে
"নবনী জিনিয়া দেহ অতি স্থকোমল।"
বনবাদকালেও তাঁহার "চাঁচর চিকুর রক্ত
ওষ্ঠাধর" এবং "মুথ স্থধাংগুলাঞ্ছন"।
রাম শৈশবে যখন মুগয়া করিতেন, তখন
"ক্লধস্থ রাম বেড়ান কাননে," এবং কখন
"বনপুশভূষিত ধমু রামের হাতে"। এখানে
ফিরিয়া-ফিরিয়া দেই মদন-মন্মথ-মারেরই
মভিনয়।

তাহার পর শ্রীরামচন্দ্রের প্রতি মূল কাব্যের শ্রেসকল নৈতিক গুণ আরোপিত

হইয়াছেঁ, তাহার কঠোরতা একান্ত মৃহ ক ভক টা ছর্নিরীক্ষা। বাঙালীর **5**ርጭ রাম ক্রোধে 'কালাগ্নিসদৃশ, ক্ষমায় পৃথিবী-তুল্য, নিয়তাআ, সর্বশাস্তার্থতত্ত, ধহুর্বেদে নিষ্ঠিত, ধর্ম ও পরিক্রনের পরিরক্ষিতা, অদীনাত্মা, গান্ডীর্য্যসমুদ্র, ধৈর্য্যে হিমাচল-তুলা, চারিত্রযুক্ত ও সর্কলোকপ্রিয়। এই গুণগুলি এক অতি মহিমায়িত বিশাল পুরুষচরিত্রকে জ্যোতিম্বৎ করিয়া নরত্বে দেবত্বের আভাস দেখাইতেছে। আমাদের দেশে এই মহাপুরুষের গৌরব উপলব্ধি করিতে পারেন,এরূপ লোক কয়জন ? স্বতরাং রামকে উপলক্ষ্য করিয়া দেশীয় উপকরণে এক মৃর্ত্তি সৃষ্টি করা হইয়াছে, যাহা বাল্মীকি-অঙ্কিত চিত্রের নামে চালাইতে যাওয়া অপেকা সত্যের অধিকতর অপলাপ আর কিছুতেই সম্ভবপর হয় না। তবে বায়ো-স্বোপে বুয়রযুদ্দর্শনের ভায় এন্থলেও অনেকটা কল্পনার সাহায্যে পুরাইয়া লইতে পারা যায়। রামায়ণের নাম করিয়া অনেক-श्रु वा हो नी त कुछ शार्श्य की वरन त श्रूथ-ছঃথ চিত্রিত হইয়াছে। রাথালবালকগণ যেরূপ মৃৎস্তুপে বসিয়া রাজা ও কোটালের অভিনয় করে, এ দৃশ্য কতকটা সেইরূপ। ক্তিবাসী রামায়ণে দেখা যাইতেছে, রামের বিবাহ-উৎসবের পরে রামসীতাকে কার-ঘরে লইয়া যাওয়া হইল, ্দেখানে রামকে-"দীতার হাত ধরি তোল বলে বন্ধুগণ।" "তথন ভাবেন মনে সীতাঠাকুরাণী। পায় হাত দেন পাছে রাম গুণমণি॥ করিলেন সীতাদেবী হাতশহাধ্বনি। সীভাকে ভোলেন রঘুমণি॥" লকাকাণ্ডের

শেষে যে স্থলে সীতাকে রাম সন্দেহ করিয়া কটুৰাক্য বলিতেছেন, সে স্থলে বাল্মীকি সীতার কেমন বিষাদপূর্ণ হির গান্তীর্ঘ্য ও সমাজী-উচিত ওক্ষী ভঙ্গি চিত্রিত করিয়া **(मथारेशारहन। कु**खिवांत्री त्रीका विलाकरहन —"বাল্যকালে থেলিতাম বালকমিশালে। নাহি করিতাম বালকছাবালে॥" এ যেন সন্দেহাতুর বাঙালী স্বামীর কাছে বালিকাবধূর গলদ্যশ্ৰ একাস্ত কাতর আত্মনিবেদন। রামায়ণের নামে বাঙালীঘরের কয়েকথানি ছোট ছোট দৃশ্য উদ্বাটিত হইয়াছে; ইহাতে আমরা বিশ্বিত হই নাই। রবিবর্মার ছবিতে সীতা মারহট্টারমণীর পরিচ্ছদে আসিয়াছেন, এখানেও আমরা তাঁহাকে না হয় বাঙালিনী করিয়া ফেলিয়াছি।

রামায়ণের অপরাপর অংশের অমুবাদ
কতকটা ম্লামুঘায়ী বলিয়া গণ্য হইতে
পারে। গার্হত্য শোকছ:থের কথায় আমরা
নিতান্ত পশ্চাৎপদ নহি। শ্রীরাম বনবাসের
ছংধ বীরোচিত-সহিষ্ণুতা-সহকারে সহু করিয়াছিলেন। তিনি প্রকৃতই ধৈর্য্যে 'হিমবান্
ইব'। সে অংশে তত্তী মূলের অমুকরণ
করিতে কৃতকার্য্য না হইলেও, বাঙালী কবির
কৌশল্যার ক্রেন্দন ও রামবিরহে প্রকৃতিপুঞ্জের আর্ত্তনাদ বর্ণনায় পশ্চাৎপদ হইবার
কথা নহে,। পা ছড়াইয়া কায়াকাটি জুড়য়া
দিতে বাঙালী স্ত্রী-পুক্ষ সকলেই বিশেষ
মজ্বুত।

কিন্ত যুদ্ধকাও লইরা মহাবিপদ্। বাঙালী কবিগণ এই অংশট একেবারে নূতন স্থাষ্ট করিয়া তাঁহাদের অভূত মৌলি-

কত্বের পরিচয় প্রদান করিয়াছেন। বাংশা-দেশে যুদ্ধক্ষেত্র বেশি নাই, কিন্তু কীর্ত্তন-অনেক। বীরভূম হইতে নব্দীপ পর্য্যন্ত সকল স্থানেই সন্ধীর্ত্তনের আড্ডা এই সকল আড্ডার আদর্শেই বাংলা রামায়ণের লন্ধাকাগুটা সন্ধলিত হইয়াছে। এ অংশ একাস্তরূপে মৌলিক এবং বাঙালীর নিজস্ব। বাঙালী যে বাকা-বীর, তাহার পরিচয় অঙ্গদরায়বারে যথেষ্ট আছে; বলা বাছল্য, উহা মূলবহির্ভৃত। অংশের কৃতিত্বের পর্যাপ্তরূপ প্রশংদাবাদ করা হৃকঠিন। রাম ও শক্ষণ যদ্ধকাণ্ডে ঠিক চৈতন্ত ও নিত্যানন্দের আদর্শে গঠিত হইয়াছেন। ক্বত্তিবাসপণ্ডিত চৈতক্ত ও নিত্যানন্দের পূর্ববর্তী, স্থতরাং এ আদর্শ তিনি কিরূপে পাইবেন, জিজ্ঞান্ত হইতে পারে। ইহার উত্তরে আমরা এই বলিব বে, আদত ক্বত্তিবাদের লক্ষাকাণ্ড লুপ্ত, তৎস্থলে যে কাণ্ডটি জুড়িয়া হইয়াছে, তাহাই এখন ক্লভিবাসী রামা-য়ণের অন্তর্গত। স্থতরাং এই কাণ্ডটি আমরা পাইয়াছি, সেই ভাবেই ইহার আলোচনা করিব।

রাম ও লক্ষণ এই অধ্যারে ভক্ত সাজিরা উপস্থিত। মূলে তরণীসেন, বীরবাছ প্রভৃতি বৈষ্ণব মহাত্মাদিগের নাম পর্যন্ত লিখিত নাই। যুদ্ধক্ষেত্র যে সঙ্কীর্ত্তনভূমির আদর্শে গঠিত হইতে পারে, বাংলা রামারণ পাঠ করিলে সে বিষয়ে সন্দেহের লেশমাত্র থাকিবে না। এ স্থান মধুর মূদক, সপ্তস্ত্রা, বীণা ও ভোরদের ধ্বনিতে আকুলিত। রাক্ষণণ বৈষ্ণবমন্ত্রহণের জন্ম যুদ্ধক্ষেত্র

উপস্থিত। ু অতিকায় আসিয়াছেন— "চিন্তী করি মনে মনে বলিছে তথন। শ্রীচরণে স্থান দাও কৌশল্যানন্দন॥ রাবণ-সন্তান বলে দ্যা না করিবে। দ্যাময় রাম-নামে কলক্ষ রটিবে॥" অপর একজন বলিতেছেন—"ব্দিনিয়া ভারতভূমি আমি ত্ববাচার। করেছি পাতক কত সংখ্যা নাহি তার॥" অতিকায়ের স্তব শুনিয়া রাম প্রীত इटेरनन-"खर ७ नि जूहे ट्रा कन गर्नार्धत। পরম ধার্ম্মিক তুমি লঙ্কার ভিতর ॥" কিন্ত তর্ণীদেনই সর্বশ্রেষ্ঠ ভক্তিবীর—"অঙ্গে লেখা রামনাম রামের চারিপাশে। তরণীর ভক্তি দেখে ক পিগণ হাদে ॥" নীল मन इहेट्ड আসিয়া পথরোধ করিয়া দাঁড়াইল, কিন্তু তরণী তাহাকে প্রকৃত বৈষ্ণবোচিত বিনয়ের সহিত অভি-वामन कत्रित्मन-"(जाफश्स वत्म विजी-ষণের নন্দন। পথ ছাড দেখি গিয়া শ্রীরাম-লক্ষণ॥" পাঠক বাঙালীর যুদ্ধক্ষেত্র কিরূপ বস্তু,তাহার নমুনা কোন ইতিহাসেই পাইবেন না, যেমন এইখানে পাইবেন। তার পর তরণী শুণ্ডিচা পার হইয়া প্রভুর শ্রীবিগ্রহ **मर्भन क**तित्वन, उँशित अन्न कमश्रकातकवर কণ্টকিত হইয়া উঠিল। "রামের সর্বাঙ্গ বীর নেহারিয়া দেখে। ব্রহ্মাণ্ড এক এক লোমকুপের ভিতর। চরণে তরক্ষময়ী গকা বীরবাছ নৃপুর পায়ে দিয়া ভাগীরথী।" যুদ্ধে ৰাইতেছেন, কবি ভূলিয়া গিয়াছেন ষে, তাঁহাকে সমীর্ত্তনে নাচিতে হইবে না। রামকে দেখিয়া তিনি "রাক্ষণবিনাশকারী ভূবনমোহন'' বলিয়া স্তুতিপাঠ স্থারস্ত করিলেন। । কিন্তু রাবণ আর জগাই বোধ হয় একদরের ভক্ত, ইহার অফ্তাপ ও ভক্তি কোন্টি বেশি প্রশংসনীয়, তাহা ঠিক করা কঠিন। "কোড়হন্তে তব করে রাজা দশানন", ইত্যাদি অংশ পাঠ করুন। তবস্তুতি-পাঠ, চণ্ডীপাঠ ইত্যাদি মূলবহিভূত বিচিত্র কল্পনারাশি এই যুদ্ধকাণ্ড অবলম্বন করিয়া বাংলা রামায়ণে স্থান পাইয়াছে।

কি উপাদান ভাঙিয়া যে কিরূপ হই-য়াছে, তাহা একান্ত বিশ্বয়কর। কোথায় আদিকাব্যের যুদ্ধকাও !-- যেথানে রাক্ষসগণ দোৰ্দণ্ডপ্ৰভাবে মহাহবে যুদ্ধ করিয়া প্রাণ দিতেছে এবং ক্রকুটীকুটিল-মুখে রাবণ শেষ পর্যান্ত স্বীয় ভূবনবিজয়ী প্রতাপ ও প্রতিজ্ঞা অক্ষ রাথিতেছেন,অন্তুত दिवत्रथयूटक तामटक अवस्वितस्य দিতেছেন। যে রাবণকে দেখিয়া ভয়ে নদী-সকল স্থিমিতগতি ও বুক্ষপত্র নিম্বস্প হইয়া যাইত, যাঁহার নিকট মকুৎ শক্কিত হইয়া প্রবাহিত হইত, সেই ঐশ্বর্যাময়, আন্তর ভেজের সাক্ষাৎবিগ্রহস্বরূপ রাবণের মৃর্ত্তি যে ভক্তির উপাদান দিয়া নবনীত-কোমলভাবে গঠিত হইতে পারে, ইহা কোন কবিশিল্পী বোধ হয় ইতিপুর্বে ধারণাও করিতে পারিতেন না। এই কাণ্ড হইতে কি অপুর্ব্ব ভক্তির কথা প্রচারিত হইয়াছে। এ যেন কামান ভাঙিয়া ফুলধমুর স্ষষ্টি করা হইয়াছে, লৌহদওকে মঞ্জরিত করিয়া সপুষ্প শতিকায় পরিণত করা হইয়াছে। এই কাও অবশ্য যে অভিধানে অভিহিত হউক, কিন্তু আদিকবির নামের সঙ্গে ইহাকে সংশ্লিষ্ট করা সঙ্গত হইবে না। পৃথীর উত্তর কেন্দ্র এবং দক্ষিণ কেন্দ্রেও এত পার্থক্য নাই।

এ রামায়ণ ও আদিরামায়ণ, ইহাদের মধ্যে যক্ত প্রভেদ, তাহাতে উভয়কে হুইথানি স্বতম্ব বহি বলিয়া গণ্য করিলৈও অত্যক্তি इम्र ना। वान्मीकित भरत कुखिवाम, त्य शान প্রকাণ্ড রাজপ্রাসাদ ছিল, সেখানে যেন দীন-হীন কুটীর বাঁধিয়াছেন। মগধের রাজগৃহের ভগ্ন ইষ্টকস্ত,পের পার্শ্বেরাথাল গরু চরাই-তেছে. কিন্তু তাহার নামটি এখনও রায়গড় **জলাঘাত**ভীব্রহাসোগ্রা সেই রহিয়াছে। ফেননিৰ্ম্মলহাসিনী গঙ্গার বর্ণনা মনে পড়ে— কোথাও জলরাশি বেণীক্বত, কোথাও আবর্ত্ত-শোভী, কোথাও তীরকৃহ বৃক্ষ দারা মালার কর্ণিকার-প্রতিসংচ্ছন্ন সমলক্ত । গিরিসামুদেশে তরুরা**জি** পীতাম্বর-পরিহিত নরের স্থায় স্থলর। চন্দনরঞ্জিত সন্ধ্যা ও পদারেণুতে রক্তাঙ্গ চক্রবাক। বাল্মীকিবর্ণিত এই সকল বিচিত্র দুখ্য মনে পডে। অপ্রমেয় কবিপ্রতিভার বিশাল অমুভূতিতে অপ্রমেয় সমুদ্রের কি ভৈরব-মধুর প্রতিবিম্ব পড়িয়াছে । কবি সমুদ্র-কলনায় আহলাদে ও বিশ্বয়ে বিমৃঢ় হইয়া গিয়াছেন। "হৃদস্তমিব ফেনৌ গৈনু তান্তমিব চোর্শিভি:" প্রভৃতি কথায় সমুদ্রের বর্ণনা আরম্ভ করিয়া শেষে বলিয়াছেন—সমুদ্রের উপমা আকাশ, আকাশের উপমা সমুদ্র,— ইহাদের পরস্পরের আর উপমা নাই---আকাশ সমুদ্রে মিশিয়াছে, সমুদ্র আকাশে মিশিয়াছে, नमूटल वैहिमाना, व्याकारम रमघमाना।

বাতাহত বিপুলকম্পিত পয়োনিধি,
সমুৎপতিত-মেঘ-মেছর অম্বর, এই উভয়ের
সদৃশ বিরাট্ দৃশ্য বিশে আর কি আছে।
এই বিচিত্র প্রকৃতির বর্ণনা একটিও বঙ্গীয়

রামারণে প্রতিফলিত হয় নাই। স্থামরা আর্য্যজাতির বংশধর বলিয়া পরিচয় দিই, কিন্তু বাঙালীর সৌন্দর্য্যবৃদ্ধির যে কতদ্র অধোগতি হইয়াছিল, ইহার দারাই তাহা প্রতিপন্ন হইবে।

গার্হসঞীবনের তবে রামায়ণে স্থনীতির প্রদঙ্গ আছে, তাহার কয়েকটি লহরী বাঙালী কবিগণ স্বীয় শুক্তিবৎ শক্তির ঘারা বঙ্গীয় সাহিত্যে প্রবেশ করাইয়া দিয়া-ছেন। সেই গার্হস্থাজীবনের পবিত্র ত্যাগ-অসামাভ হঃথসহিষ্ণুতার স্বীকার এবং পবিত্র কথা যাহা-কিছু আমাদের দীনহীন গৃহে আসিয়াছে, তাহাতেই আমাদের ক্ষুদ্র গৃহ পবিত্র হইয়া গিয়াছে। পুরুষচরিত্র-গুলি যতদূরই থকা ও বিক্বত হউক না কেন, নারীচরিত্রের পবিত্রতা এখনও আমাদের গৃহে দীতাদাবিত্রীর আদর্শবিচ্যুত হয় নাই। এখন ও পল্লীতে পল্লীতে অনেক শ্মশানভূমি আছে, যেথানে স্বেচ্ছায় বঙ্গের সতীগণ পতক্ষের ভায় স্বামীর সক্ষে পুড়িয়া ছাই হইয়াছেন। ক্রত্তিবাদের ন্যায় কবিগণ সীতা-সাবিত্রীর আদর্শ চক্ষের নিকট ধরিয়া যদি দেইরূপ ছইএকটি দতীচরিত্রগঠনে, ভ্রাতা ও পিতার প্রতি আহুগত্যের আদর্শ প্রদানে কিছুমাত্র সহায়তা করিয়া থাকেন, তবেই य(थष्टे लाज मन्न कति। वांश्ला तांभायन পাঠে রামের ভায় বিক্রান্ত হইবার আশা বোধ হয় কেহ পোষণ করেন নাই, ক্বভি-বাদও দেরপ কোন স্থবিধা দেন নাই। কিন্তু গার্হসূজীবনে কতকটা ত্যাগমীকার ও স্ত্রীলোকগণের পক্ষে সতীত্বের উচ্ছল দৃষ্ঠাপ্ত অমুক্ত হইলেই এ√ি রামারণের

হিতকর প্রভাব এদেশে শেষ হইরাছে, ইহা
বলা নাইবে না। এ বিষয়ে ক্লভিবাদের যত্ন
সফল হইরাছে, তিনি আমাদের সমস্ত জাতির
ক্লভজ্ঞতার ভাজন। কারণ আমাদের
বর্জমান জাতির প্রভিভার অনুরূপ করিয়া

তিনি ব্রামায়ণকে সমস্ত জাতির নিকট পৌছাইয়া দিয়াছেন। ইহাতে যদি কিছু ক্রাট্ হইয়া থাকে, তাহা আমাদের জাতির ক্রটি। কিন্তু এই কাব্যের যত-কিছু প্রশংসা, সকলই তাঁহার প্রাপ্য।

श्रीमीत्महस्त तमा।

সার সত্যের আলোচনা।

ত্রিকের তারতম্য এবং সামঞ্জস্থ।

বিগত-বারের সমালোচনায় এটা বেশ
বৃঝিতে পারা গিয়াছে যে, সত্তা, শক্তি এবং
জ্ঞান, এই তিন মৌলিক পদার্থের প্রত্যেকেই
অপর ছইটির সহিত ঘনিষ্ঠ সম্বন্ধস্থতে জড়িত
— এরূপ ওতপ্রোত ভাবে জড়িত যে,
একটিকে টানিলেই অপর ছইটিতে টান
পড়ে।

কোনো ব্যক্তি তর্কের তোড়ে বলিতে পারেন যে, "আমি কেবল সত্তা মানি—শক্তিও মানি না, জ্ঞানও মানি না"; অথবা "আমি কেবল শক্তি মানি—সত্তাও মানি না, জ্ঞানও মানি না"; অথবা, "আমি কেবল জ্ঞান মানি—সত্তাও মানি না, শক্তিও মানি না"। মুথে তিনি তাহা বলিতে পারেন, কিন্তু মুথের কথায় কাহার কি আসে যায়? কাজে তিনি একটিও এমন সত্তাবৎ বস্তু (সংক্ষেপে—সদ্বস্তু), বা জ্ঞান-পদার্থ, বা শক্তি-পদার্থ, জামাকে দেখা'ন্ দেখি, যাহা অপর ছইটির কোনো ধারই ধারে না? যতই ধন্তাইন্তিও করুন্ না কেন—কিছুতেই তাহা তিনি প্রারেয়া উঠিবেন না। তিনি

হয় তো একজন মস্ত বৈজ্ঞানিক পণ্ডিত ;— আমার স্পর্দাবাক্য শুনিয়া তিনি হয় তো মনে মনে হাসিবেন; তিনি হয় তো বলিবেন —"জ্যামিতি-পুস্তকেরু পাত-উল্টানো বোধ করি হয় নাই! জ্যামিতিক काशांक वरन, जाश कारना ? याशांत्र देवर्षा নাই. আছে-প্ৰস্থ তাহাই প্রস্থবিহীন দৈর্ঘ্য যদি তোমার দেখিবার ইচ্ছা হয়, তবে এখন তুমি তাহা দেখিতে পাইবে না। কিছুকাল ধরিয়া জ্যামিতি-বিভার মন্ত্রপুত অঞ্জনে তোমার জ্ঞানচকুকে মার্জ্জিত কর, তাহা হইলেই অবলীলাক্রমে তুমি তাহা দেখিতে পাইবে; আর, তখন তুমি বুঝিতে পারিবে যে, জ্যামিতিক রেখা ভুধুকেবল জ্ঞানেরই ব্যাপার— তাহা সন্তারও কোনো ধার ধারে না-- শক্তিরও কোনো ধার ধারে না। রেখাও বেমন, সমতাও তেমনি, ছই-ই নিছক জ্ঞানেরই ব্যাপার; আর, সমস্ত জ্যামিতি-বিদ্যা ঐ হুই অতীব হক্ষ-বেমন হক্ষ তেমনি দৃঢ়-ভিত্তিমূলের উপরে প্রতিষ্ঠিত। তা ছাড়া, ষন্ত্রবিন্থার (Mechanics এর) ক-খ'র সঙ্গে ধদি তোমার ঘূণাক্ষরেও পরিচর থাকিত, তাহা হইলে বলিবামাত্রই ব্ঝিতে পারিতে হৈ, গতিরই সঙ্গে গতি মেশামিশি করে, গতিরই সঙ্গে গতি যোঝাযুঝি করে, গতিরই সঙ্গে গতি বোঝাযুঝি করে, গতিরই সঙ্গে গতি বোঝাযুঝি করে, গতির সমস্ত সম্বন্ধ সঞ্জাতির মধ্যেই—গতির মধ্যেই—আবদ্ধ; তাহা নিছক শক্তিরই ব্যাপার; তাহা জ্ঞানেরও সহিত কোনো সংস্রব রাথে না—সভারও সহিত কোনো সংস্রব রাথে না।" বুঝিলাম! ইনি যদি আমার স্পর্কা মার্জনা করেন, তবে ইহাকে একটি কথা আমি ক্সিজায় করিতে চাই:—

জ্যামিতি-বিদ্যা কি তাঁহার মুথস্থ-বিদ্যা-মাত্র-না আর-কিছু ? শুধুই যদি তাহা মুথস্থ-বিদ্যা হয়, তাহা হইলে মুখে "রেখা" "সমতা" প্রভৃতি কতকগুলা বাঁধি-গৎ উচ্চারণ করিলেই সে বিদ্যার যথেই পরিচয় দেওয়া হয়-মনে কিছু না ভাবিলেও চলে। তাহা यिन ना इय-कामि जि-विना ७४ र यिन मूथय-বিদ্যা না হয়, তবে মুখে রেখা-শব্দ উচ্চারণ করিবার পূর্বে মনে রেখা ভাবনা করা व्यावश्रक--- (माकारनत विष्क्रीरतत ननारहे জম্কালো অক্রে "কাশীরি শাল" মুদ্রান্ধিত করিবার পূর্বে দোকানের ভিতর-মহলে কাশীরি শাল গুছাইয়া রাথা আবশুক। মনে রেখা ভাবনা করিতে গেলেই চিদাকাশে রেখা টানা ব্যতিরেকে আর-কোনো উপায়ে তাহা সম্ভাবনীয় নহে। অতএব প্রতিবাদীর कार्गिष्ठि-विका ७४ हे विन सूथ छ विना ना इस, তবে মুখে রেখা-শব্দ উচ্চারণ করিবার পুর্বে मत्नत्र व्यात्नशां भरत् भरत् अकृषा दत्रशा

টানা তাঁহার পক্ষে নিতান্তই আবগ্রক।
মনের আলেখাপটে মনে মনে রেখা টানা
একপ্রকার ক্রিয়া— মানসিক ক্রিরা।
মানসিক ক্রিয়া মনের শক্তিস্ফূর্ত্তি। তবেই
হইতেছে বে, "জ্যামিতিক-রেখা শুধুই কেবল
জ্ঞানের ব্যাপার—শক্তির সহিত মুলেই
তাহার কোনো সম্পর্ক নাই" এরূপ একটা
কথা নিতান্তই গারের কোরের কথা, তাহা
যুক্তির বড়-একটা ধার ধারে না। তোমার
জ্যামিতিক-রেখার তো এই দশা—তাহার
আবার একটা শনিবারের দোসর জুটাইয়াছ
সমতা!

ছটা রেখা দেখিবামাত্রই—না ভাবিয়া না চিস্তিয়া--- মামি যদি বলি যে, উভয়ে পর-স্পারের সহিত সমান, তবে তাহা আমার মুখের কথামাত্র হইয়াই পক্ষাস্তরে, আমি যদি রেখা-থাকিবে। পরস্পরের গায়ে-গায়ে মিলাইয়া মাপিয়া দেখিয়া, অথবা, সে-ছটাকে একে-একে তৃতীয় কোনো রেখার গায়ে-গায়ে মিলাইয়া মাপিয়া দেখিয়া বলি ষে, উভয়ে পরস্পরের সহিত সমান, তাহা হইলেই আমার মুখের কথার সহিত মনের কথার মিল থাকিবে। মনে মনে মানসিক রেখা-দ্বয়কে গায়ে-গায়ে মিলানো যোজনা-ক্রিয়া-মানসিক যোজনা-জিয়া। मानिमक (याक्रना-किया मन्ति **मक्तिन्स् र्कि,** তাহাতে আর ভূল নাই। তবে আর কেমন করিয়া বলিব বে, জ্যামিতিক সমতা ভধুই কেবল জ্ঞানের ব্যাপার—শক্তির সহিত মুলেই তাহার কোনো সম্পর্ক নাই ্র জ্যামিতিক রেখা, তথৈৰ জ্যামিতিক সম্ভা, জ্ঞানের ব্যাপার তাহা কে না স্বাকার করিবে ? কিন্তু তা ছাড়া, ছইই তলে-তলে শক্তির ব্যাপার, এ কথাটিও স্বীকার করা চাই—তা নহিলে নিজার নাই। প্রধান ছইটি জ্ঞান-ঘঁটাসা পদার্থ, রেখা এবং সমতা, শক্তির সহিত কিরূপ ঘনিষ্ঠ সম্বন্ধহেত্রে জড়িত—এই তো তাহা ক্যামাজা করিয়া দেখা গেল; অতঃপর, ছইই বাস্তবিক সন্তার সহিত কিরূপ ঘনিষ্ঠ সম্বন্ধহত্ত্বে জড়িত, তাহা ক্যিয়া-মাজিয়া দেখা যা'ক।

ইউক্লিড্ তাঁহার জ্যামিতির চতুর্ প্রস্তা-বের গোড়াতেই বলিতেছেন—"অমুক ত্রিভূজকে অমুক ত্রিভূজের গাত্রে যোজনা (apply) কর।" তুমি বলিবে বে, ইউক্লিড্ ত্রিভুজ-ছটাকে মনে মনে পরস্পরের সহিত ধোজনা করিতে বলিতেছেন। তাহাই বলি। किन्छ आवात এটাও वनि य, ত্রিভূজ-ফ্টাকে যদি দৃঢ়বস্ত (rigid body) বলিয়া ভাবনা করা না যায়, তবে মনে-मत्न । पन-इष्टेरिक शारत्र-शारत्र मिलाहेग्रा মাপিয়া দেখা কাহারো কর্তৃক সম্ভাবনীয় নহে। ক-গোলাটকে মনে মনে ক-স্থান হইতে সরাইয়া থ-স্থানে রাথিতে পার--ইহা কেহই অস্বীকার করিতেছে না; কিন্তু ক-গোলা আকাশের যে স্থানটি ভরাট্ করিয়া विश्वारह, मिहे গোলাক্বতি मृत्र ज्ञानिएक (Globular space-টিকে) মনে মনে খ-স্থানে সরাইয়া রাথো দেখি—কখনই তাহা তুমি পারিবে না। অভএব এটা স্থির যে, যে-সমরে আর্মি মনে মনে ছই বস্তুকে পরম্পরের গান্ধে-গানে ঐ্রমলাইরা মাপিরা দেখিতে বাঁই, সে সমর্বেও মাপ্য বস্ত ছটাকে দৃঢ়বস্ত (rigid ' body) বলিয়া না ভাবিলে চলিতে পারে না; কেন না; বায়ুর স্তায় উড়া বস্তু-ঘয়কে, অপবা, জালের স্থায় তরল বস্তুদ্ধকে মন্ন-মনেও-কল্পনাতেও-গায়ে-গায়ে মিলা-माशिया (प्रथा কাহারো मञ्जावनीय नरह। करन, ममछ वञ्चरे यनि বায়ুর স্থায় অদৃঢ় হইত, তাহা হইলে কাহারো মনোমধ্যে "জ্যামিতিক সমতা" বলিয়া একটা ভাব বদ্ধমূল হইতে পারা দূরে থাকুক্— দাঁড়াইতেই পারিত না, ইহা দেখিতেই পাওয়া याहेरजरहः कारबहे वनिरंज हहेरजरह रह, জ্যামিতিক সমতা দৃঢ়বস্তুর সন্তার সহিত খনিষ্ঠ সম্বন্ধ হতে জড়িত। এ সম্বন্ধে আর-একটি বিষয় দ্ৰষ্টব্য এই যে, "একটা বস্তু" বা "একটি বস্তু" বলিতে দৃঢ়-বস্তুই বুঝায়— অদৃঢ়-বস্তু বুঝায় না। তার সাক্ষী, দৃঢ়-বস্তুর ব্যালা আমরা বলি "একটি টাকা" "একটা লাঠি" ইত্যাদি, অদৃঢ়-বস্তুর ব্যালা বলি "এক-घिं अन्न" "এकघत (धाँमा" हेजामि। শেষোক্তের ব্যালা "একটি জল" বা "একটা ধোঁয়া" এরূপ বাক্য প্রয়োগ করিলে ভাহার অব্ধুজিয়া পাওয়া ভার হয়। তাহার কারণ কি 🕈 কারণ আর-কিছু না-অদৃঢ়-বস্তর আয়তনের পরিমাণ স্থির রাখিতে হইলে তাহাকে দুঢ়-বস্তু দিয়া ঘেরাও করা ব্যতিরেকে অন্থ कारना উপায়ে তাহা সম্ভাবনীয় নহে। আমরা যেমন বলি "একটি টাকা", তেমনি বলি "একটি 'রেখা"; ইহাতেই ভাবে व्या वाहरण्ड (व, द्रिश विनाट आमन्ना नृह-द्राथाहे दुवि।

ভাবে এ ধাহা বুঝা ধায়—যুক্তিতেও ভাহাই পাওয়া ধায়। যুক্তি এইরপ :—

- (১) রেথার আরেক নাম দৈর্ঘ্য।
- (২) দৈর্ঘ্যমাত্তেরই নির্দিষ্ট পরিমাণ থাকা চাই।
- (৩) দৃঢ়-বস্তর বিনা সাহায্যে অদৃঢ়-বস্তর দৈর্ঘ্যকে (বায়ুর দৈর্ঘ্যকে বা জলের দৈর্ঘ্যকে) নির্দ্দিষ্ট সীমার মধ্যে আটক করিয়া রাথা সম্ভবে না।
- (8) কাজেই নির্দিষ্টপরিমাণ দৈর্ঘ্য বা রেখা ভাবনা করিতে গেলেই সেই সঙ্গে দৃঢ়-বস্তুর ভাবনা আপনা-আপনি আসিয়া পড়ে।

এখন দ্রষ্টব্য এই যে, আমি যদি বলি "দৈর্ঘ্য একপ্রকার গুণ—স্কুতরাং তাহা বস্তু-দাপেক", তবে তাহার উত্তরে তুমি অনায়াদে বলিতে পার যে, দৈর্ঘ্য গুণ বটে, কিন্তু তাহা বস্তুর গুণ নহে—তাহা একপ্রকার অবস্তুর গুণ—শৃত্ত আকাশের গুণ। স্বীকার করি-লাম যে, দৈর্ঘ্য শৃত্য আকাশের গুণ-কিন্ত দৃঢ়তা তো আর শূন্য আকাশের গুণ নহে। দৃঢ়তা দৃঢ়বস্তরই গুণ, তাহাতে আর ভুল পুর্বের দেখিয়াছি যে, নির্দিষ্টপরি-মাণ রেখা ভাবিতে গেলেই দৃঢ়-রেখা ভাবনা করিতে হয়; এখন দেখিতেছি যে, দুঢ়তা বাস্তবিক পদার্থেরই গুণ, তা বই, তাহা শূন্য আকাশের গুণ নহে। তবেই হইতেছে যে, জ্যামিতিক রেথা দৃঢ়-বস্তুর বাস্তবিক সত্তার সহিত ঘূনিষ্ঠ সম্বরুহতে জড়িত। তোমার পক্ষের প্রধান ছুইটি সাক্ষী হ'চেচ জামিতি-বিদ্যার রেখা এবং ষন্ত্র-বিদ্যার গতি। রেখা-সাকী নিরস্ত হইল-এথ্ন গতি-সাকী কি বলে, ভাহা দেখা যা'ক।

"গতি" বলিলে শুনিতে শুনায় একটিমাত্র
শব্দ, কিন্তু বুঝিতে বুঝায় ছইটি বিষয় তুঞ্কদক্ষে—(১) চলমান বস্তু এবং (২) প্রতিমুহর্ত্তে তাহার স্থান-পরিবর্ত্তন। স্থান-পরিবর্ত্তন
শক্তিরই ব্যাপার, তাহাতে আর ভুল নাই।
কিন্তু তাহা বলিয়া এটা ভূলিলে চলিবে না
বে, চালক শক্তি চাল্য বস্তুর উপরেই কার্য্য
করে—শৃত্যের উপরে কার্য্য করে না।
আপাতত মনে হইতে পারে যে, আলোকপদার্থ, তথৈব তাড়িত-পদার্থ, নিছক গতিক্রিয়া; তাহার সহিত বাস্তবিক-পদার্থের
মূলেই কোনো সম্পর্ক নাই। কিন্তু প্রকৃত
কথা এই যে, ও-সকল বৈহাতিক গতি একপ্রকার স্ক্ষ্মপদার্থের তরঙ্গলীলা—ঈথরের
তরঙ্গলীলা।

কোনো-কিছুরই গতি নহে—অথচ গতি,
এরপ গতি বন্ধ্যাপুত্রের স্থার অসম্ভব।
তবেই হইতেছে যে, গতি বস্তুসন্তার সহিত,
অথবা, যাহা একই কথা—বাস্তবিক সন্তার
সহিত ঘনিষ্ঠ সম্বন্ধসত্ত্রে জড়িত;—জ্ঞানেরও
সহিত তদ্ব। জ্ঞানেরও সহিত যে, তাহা
ঘনিষ্ঠ সম্বন্ধস্ত্রে জড়িত, তাহার প্রমাণ
কি ? তাহার প্রমাণ এই:—

ক-বস্তুর অচল অবস্থায় বা গতিশৃত্ত অবস্থায়, ক-বস্তু প্রতিমুহূর্ত্তই
ক-স্থান ভরাট করিয়া অবস্থিতি করে।

ক খ গ পক্ষাস্তরে, ক-বস্তুর
সচল অবস্থায়, সে
ক-স্থান থালি করিয়া থ-স্থান ভরাট করে,
থ স্থান থালি করিয়া গ-স্থান ভরাট করে,
ইত্যাদি। এখন জন্তব্য এই যে, ক স্থান যদি
ক্রেপাগতই ক-বস্তুর সন্তায় ভরাট্থ থাকে,তাহা


হইলে ক-স্থানে ক-বস্তুর গতি থাকিতে পারে না ; তমনি আবার, খ-স্থান যদি ক্রমাগতই থালি থাকে, তবে থ স্থানেও ক-বস্তুর গতি থাকিতে পারে না। ক-বস্তুর গতি তবে থাকে কোনৃ স্থানে ? যথন ভরাট্ স্থান থালি হইবামাত্র থালি-স্থান ভরাট্ হয় — যথন ক-স্থান থালি হইবামাত্র থ-স্থান ভরাট্ হয়—তথন ক-বস্তুর গতি থালি-স্থানে এক পারাখিয়া ভরাট স্থানে আরেক পা তবেই হইতেছে যে, গতি দাঁড়াইয়া থাকে অহীব একটি সঙ্কট-স্থানে; এক দিকে, অবাবহিত পূর্বমূহুর্তে যাহা ভরাট্ ছিল, কিন্তু এখন থালি হইয়াছে, সেই থালি-স্থান; আর-এক দিকে, বর্ত্তমান মুহুর্ত্তে ষাহা বস্তু-সন্তায় ভরাট হইল, সেই ভরাট্ স্থান (থালি-স্থান এবং ভরাট্ স্থান); এই ছই নৌকায় পা দিয়া—ভেল্কিবাজ গতি इरात्र मिक्कारन माँ ज़िरा थारक। এथन দ্ৰপ্তব্য এই যে, সেই যে থালি-স্থান—যাহাতে এক পায়ের ভর না রাখিলে গতির গতিত্ব হয় না--সে থালি-স্থান বস্তুটা কি ? তাহা শৃত্ত আকাশমাত্র; তাহা বস্তুহিসাবেও কিছুই না—শক্তিহিদাবেও কিছুই না; তাহা তবেই হইতেছে যে, জ্ঞানেরই ব্যাপার গতি বলিয়া যে একটা ক্রিয়া, তাহা শক্তি **এবং সভার সঙ্গেও** বেমন--জ্ঞানের সঙ্গেও তেমনি ঘনিষ্ঠ সম্বন্ধস্ততে জড়িত। এ যাহা অতাব সংক্ষেপে বলিলাম, তাহা আর-একটু বিস্তার করিয়া না বলিলে—কথাটা হয় তো পাঠকের মনের ধারণা হইতে ফস্কিয়া যাইবে। অতঁএব ঐ কথাটিই আর-একটু থোলসা ক্রীরয়া বলি:---

একটা পাখী ষধন চক্ষের সন্মুখ দিয়া উড়িয়া চলিতেছে, তথন তদ্ধ্ কেহ বলিতে পারেন যে, "আমি ঐ পাথীটার গতি চক্ষে দেখিতেছি"। কিন্তু প্রকৃত কথা এই যে, তিনি প্রত্যেক মুহুর্ত্তে সেই মুহুর্ত্তের ভরাট্ স্থানটিই কেবল চক্ষে দেখিতেছেন, তা বই, অতিবাহিত-পূর্ব্ব থাল-স্থান তিনি চক্ষে দেখিতেছেন না। যাহা চক্ষে দেখা যায় না, তাহা তিনি কৈরপে চক্ষে দেখি-বেন ? থালি-স্থান বস্তুশূক্ত আকাশ-তাহা তিনি কিরূপে চক্ষে দেখিবেন ? সত্য যে, তিনি প্রত্যেক মুহুর্ত্তেই একটি-না একটি ভরাট স্থান দেখিতেছেন; কিন্তু শুধুকেবল ভরাট্ স্থানেই তো আর গতি হয় না; পূর্ব্বপূর্ববর্তী স্থান খালি হইবার সঙ্গে সঙ্গে পরপরবন্তী স্থান ভরাট হইতে থাকিলে. সেইরূপ ক্রিয়াকেই আমরা গতি-নামে নির্দেশ করি। তবেই হইতেছে ষে, দর্শক ভরাট স্থানই চক্ষে দেখিতেছেন— গতি চক্ষে দেখিতেছেন না। তবে কেন তিনি বলেন যে, "আমি ঐ পাথীটার গতি দর্শন করিতেছি"। তাহা যে তিনি বলেন কেন, তাহার বিশেষ একটি কারণ আছে; তাহা এই:---

অতিবাহিত স্থান বর্ত্তমান মূহুর্ত্তে থালি
হটয়াছে বটে, কিন্তু পূর্ব্বমূহুর্ত্তে তাহা
ভরাট ছিল। তাহা যে পূর্ব্বমূহুর্ত্তে, ভরাট্
ছিল, এ কথাটি দর্শকের অরণে 'মূদ্রাঙ্কিত রহিয়াছে। দর্শক করিতেছেন হইটি কার্য্য
—দর্শন এবং অরণ ; "অতিবাহিত স্থান পূর্ব্ব-মূহুর্ত্তে ভরাট্ছিল" এটা তিনি অরণ করিতে-ছেন; "অধিকৃত স্থান বর্ত্তমান মূহুর্ত্তে ভরাট্

জিডিত।

হইল" এইটিই তিনি দর্শন করিতেছেন।
করিতেছেন দর্শন এবং শ্বরণ ছইই একসঙ্গে;
বিলতেছেন "দর্শন করিতেছিঁ"। তাঁহার
কথার ভাবে এইরূপ বৃঝাইতেছে—যেন
তিনি থালি-স্থান এবং ভরাট স্থান ছইই
একসঙ্গে দেখিতেছেন। কিন্তু সে দেখার
মধ্যে চক্ষের দেখাও আছে—জ্ঞানের দেখাও
আছে। গতির মধ্যে জ্ঞানের ব্যাপার যেটা
রহিরাছে, সেটা তিনি জ্ঞানেই দেখিতেছেন।
দেটা কি গুনা, শ্ন্য আকাশের সহিত সম্বন্ধ।
পূর্বের দেখিয়াছি যে, জ্যামিতিক রেথা এবং
ভ্যামিতিক সমতা—জ্ঞান, শক্তি এবং সন্তা,
তিনেরই সহিত ঘনিষ্ঠ সম্বন্ধস্ত্রে জড়িত।
এখন দেখিতে পাইতেছি বে, গ ত—(ক্ষেত্র



দেখ) জ্ঞান, শক্তি এবং সন্তা, তিনেরই সহিত ঘনিষ্ঠ সধন্ধ হতে জড়িত।

এ কথা আমি অত্থীকার করি না ষে,
জ্যামিতিক রেথা প্রধানত একটা মনের
ভাব স্থতরাং তাহা জ্ঞানপ্রধান; 'তি
প্রধানত একপ্রকার ভৌতিক ির,
স্থতরাং তাহা শক্তিপ্রধান। আমার মনে গত অভিপ্রায় শুদ্ধকেবল এইটি দেখানো যে,
জ্যামিতিক রেখা জ্ঞানপ্রধান হইলেও জ্ঞানই
যে তাহার সর্বান্থ তাহা নহে—তলে-তলে
ভাহা শক্তি এবং সন্তার সহিত অবিমোচ্য

সম্বন্ধ হৈ কে জড়ত; তেমনি,,গতি শক্তিপ্রধান হইলেও শক্তিই যে তাহার সর্বন্ধ
তাহা নহে—তলে-তলে তাহা সত্তা এবং
জ্ঞানের সহিত অবিমোচ্য সম্বন্ধ হৈ জড়িত।
অতঃপর দ্রন্থীয়া এই যে, পৃথিব্যাদি বস্তু
সত্তাপ্রধান হইলেও তলে-তলে তাহা শক্তি
এবং জ্ঞানের সহিত অবিমোচ্য সম্বন্ধ হৈ তে

[°]আমরা যথন বলি যে, পৃথিবীর পরমাণু-পুঞ্জ তাহার কেন্দ্রের চতুর্দ্দিকে জ্বমাট্বদ্ধ হইয়া গোলাকারে বিধৃত রহিয়াছে, তথন আমরা মনে মনে পৃথিবীর পরমাণু-নিচয়কে পরস্পর হইতে বিশ্লেষিত করি এবং ভাহার পরে সেই বিশ্লেষিত পরমাণুগণকে গোলাকারে সংহিত করি। ইহারি নাম সঙ্কল-বিকল্প। সঙ্গল-বিকল্প আর-কিছু না-একপ্রকার মানদিক ভাঙন গড়ন। কিন্তু এটা ভূলিলে চলিবে না যে, আমাদের মানসিক-শক্তি-চালনার বছপুর্ব হইতে পৃথিবীর পরমাণু-পুঞ্জ আকর্ষণী এবং বিকর্ষণী শক্তির কার্য্য-কারিতায় স্বস্ব স্থানে বিধৃত হইয়া স্বস্ব ব্যাপৃত রহিয়াছে। কার্য্যে আমাদের পৃথিবীর পূৰ্ব্বে জন্মিবার পরমাণুপুঞ অনেকানেক যুগযুগান্তর ধরিয়া কোটিকোট আকাশ হইতে আকাশান্তরে পরিব্যাপ্ত খিল, ক্রমে ক্রমে ক্রমে ভাহা ত সংহত হইয়া-হইয়া এক্ষণে সাবে (সদিন (কবল) রূপ ধারণ ও রিয়াছে গোলাকৃতি এবং নাম ধারণ করিয়াছে পৃথিবী। এ ভাঙন-গড়র আমা-रात मान्त्रिक ভाঙन-গড़न नर्टर— এ ভাঙन-গড়ন বাস্তবিক ভাঙন-গড়ন 🕻

ভাঙ্ক-গড়ন ব্যমন মনের শক্তিস্ফূর্তি—
বাস্তবিক ভাঙন-গড়ন তেমনি বাস্তবিক
সন্তার শক্তিস্ফুর্তি। সন্তার সহিত শক্তির
সম্বন্ধ এইরূপ স্থুস্পষ্ট; সন্তার সহিত জ্ঞানের
সম্বন্ধ ও তদ্বং। শক্তির কার্য্যই হ'চ্চে
সন্তাকে বিবৃত করিয়া প্রকাশ করা, এবং
সন্তার প্রকাশের নামই জ্ঞান। আমরা যদি
অস্তবে দৃষ্টিপাত করি, তবে দেখিতে,পাই
বে, সম্বন্ধ-বিকল্প-রূপিনী মানসিক শক্তির
পরিচালনা জ্ঞানেতেই পর্য্যবসিত হয়;
আমরা যদি বাহিরে দৃষ্টিপাত করি, তবে
দেখিতে পাই যে, বাস্তবিক সন্তার শক্তিম্ফুর্তি
জ্ঞানবান্ মন্থ্যের অভিব্যক্তিতেই পর্য্যবসিত
হয়।

উপরের আলোচনা হইতে মোট কথাটি যাহা সংগ্রহ করিয়া পাওয়া যাইতেছে, তাহা এই:—

যেমন রাজ্য বলিলেই রাজা এবং প্রজাবর্গ, রাজা বলিলেই রাজ্য এবং প্রজা-বৰ্গ, প্ৰজা বলিলেই রাজা এবং রাজ্য, আপনা-আপনি আসিয়া পড়ে; তেমনি সত্তা বলিলেই শক্তি এবং জ্ঞান, শক্তি বলি-লেই সত্তা এবং জ্ঞান, জ্ঞান বলিলেই সত্তা এবং শক্তি আপনা-আপনি আসিয়া পড়ে। পুনশ্চ, রাজ্ঞা যদি রাজ্যের সহিত সম্পর্ক পরিত্যাগ করিয়া বনে চলিয়া যা'ন, রাজা ষদি রাজা'র সহিত সম্পর্ক পরিত্যাগ করিয়া অরাজক হইয়া উঠে, প্রজারা যদি রাজার সহিত সম্পর্ক পরিত্যাগ করিয়া স্বস্থপ্রধান উঠে, তাহা **ब्**टेटन ধেমন রাজা অরাজা হইয়া যান, রাজ্য অরাজ্যু হইরা বার্ প্রজা অপ্রজা হইরা পড়ে; তেমনি, জ্ঞান এবং শক্তি হইতে সম্বন্ধচাত হইলে সভা অসতা হইয়া যায়; সভা এবং জ্ঞান হইতে সম্বন্ধচ্যত হইলে শক্তি অশক্তি হইয়া ধীয়, সত্তা এবং শক্তি হইতে সম্বন্ধচ্যুত এরপ হইতে পারে যে, কোনো রাজ্যে রাজার, কোনো রাজ্যে প্রজাবর্গের, কোনো রাজ্যে রাজপুরুষদিগের, কোনো রাজ্যে তিনের সামঞ্জস্যের বেশী প্রাহ্ভাব। সাক্ষী---বর্ত্তমান অব্দে জর্মাণ-রাজ্যে রাজার, ফরাসী-রাজ্যে প্রজাবর্গের, ইংলওে রাজপুরুষদিগের এবং আমেরিকায় তিনের সামপ্তস্যের অপেক্ষাকৃত বেশী প্রাহর্ভাব দেখিতে পাওয়া যায়।' তত্ত্ত্পানের ভারত-থণ্ডে উহারই একপ্রকার উণ্টাপিটের অঙ্ক-স্ফোট দেখিতে পাওয়া বায়। এইরূপ দেখিতে পাওয়া যায় যে, শাঙ্কর-শাস্ত্রে জ্ঞানকে, কাপিল-শাস্ত্রে সত্তাকে, পাতঞ্জল-এবং গীতা-শাস্ত্রে শাস্ত্রে আত্মশক্তিকে, সামঞ্জস্যকে সর্ব্বোচ্চ তিনের অধিষ্ঠান করানো হইয়াছে। তবে যে, আপাতদশী লোকের মনে সময়ে-সময়ে এইরূপ ভ্রম হয়—ধেন বেদান্ত-শান্তে কেবল-মাত্র জ্ঞান (শক্তি-ছাড়া এবং সত্তা-ছাড়া জ্ঞান), সাংখ্য-শান্তে কে বলমাত্র (শক্তি-ছাড়া এবং জ্ঞান-ছাড়া সন্তা), যোগ-শাল্তে কেবলমাত্র আত্মশক্তি (সন্তা-ছাড়া এবং জ্ঞান-ছাড়া আত্মশক্তি) একাকী সর্ব্বে-সর্বা, সেরপ ভর্মের কারণ আর-কিছু না-অনভিজ্ঞ সমালোচকের চক্ষে প্রাধাস্ত-একাধিপত্যের আকার ধারণ মাত্ৰই

করে। একজন অনভিজ্ঞ লোক যদি শৈনে যে, আমেরিকা-রাজ্যু প্রকাতন্ত্র, তবে তাহার মনোমধ্যে সহসা এইরূপ একটা ভ্রম জ্বনিতে পারে যে, তবে বুঝি আমে-রিকা-রাজ্যে রাজকার্য্যের কোনোপ্রকার বিলিব্যবস্থা নাই--রাজা নাই, তার আবার রাজকার্য্য-মাথা নাই, তার আবার মাথা-ব্যথা ! রাজা না-ই বটে ? আমেরিকা-রাজ্যের মস্তক যিনি-- যাঁহার নাম প্রেসি-ডেণ্ট্—ভিনি তবে কি ? ভিনি রএ আকার রা, জ্বএ আকার জা নহেন, ইহা দেখিতেই পাওয়া যাইতেছে: কিন্তু তথাপি রাজার যাহা কার্য্য, তাহা তাঁহাকে ষোলো-আনা মাত্রায় করা চাই, রাজো-চিত গুণ তাঁহার যোলৈ-আনা মাত্রায় থাকা চাই, রাজোচিত সন্মান তাঁহাকে যোলো-আনা মাত্রায় দেওয়া চাই ;—তবে আর রাজার বাকি রহিল কি ? তুমি বলিতেছ ষে, শঙ্করাচার্য্যের মতে চরাচর বিশ্ববন্ধাণ্ড কিছুই তবে কি তিনি "কিছুই না" দলন করিবার জন্য দলবল সমভিব্যাহারে দিথি-**অমে প্রবৃত হইয়া সমস্ত ভারতবর্ষময় দাপা-**দাপি করিয়া বেড়াইয়াছিলেন ? মুখে যিনি যাহা বলুন না কেন-সক-लाहे मरन मरन कारनन रव, विश्वविकाश्व विनक्ष । कि है ! नक्ष तार्गि ना इस বলিলেন অবিজ্ঞা, কপিলমুনি না হয় বলিলেন প্রকৃতি, পুরাণতম্বকর্তারা না হয় বলিলেন শক্তি, তাহাতে কি আইদেু ধায় ? কি আইদে যায় ৷ শ্রীমচ্করাচার্য্য তো "व्यविष्ठा" विणिद्नहे ! छैं। होत्र भाष्य ७४-কেবল জ্ঞানেরই সংস্থান রহিয়াছে, তা ছাড়া

প্রকৃতির সংস্থান নাই ; অথচ প্রকৃতি ব্যুতি-त्तरक रकारना कांबरे हरण ना ;---कारनत কাজও চলে না। কিন্তু প্রকৃতিকে তিনি আপন শান্ত হইতে বহিষ্কৃত করিয়া দিয়াছেন —তাহাকে পাওয়া যাইবে কিরূপে ? তিনি তাহার উপায় করিলেন এই যে, প্রকৃতিকে অজ্ঞান বা অবিভা নামে অবগুঞ্জীত করিয়া জ্ঞানেরই উল্টাপিট বলিয়া গ্রহণ করা যা'ক্। অবিদ্যা'র গোড়া'তে অ রহিয়াছে, প্রকৃতির গোড়া'তে প্র রহিয়াছে। অ কিনা না-किছूरे ना ; প্র কিনা প্রধান-- সর্বপ্রধান বস্তু। নামে, এইরূপ, হুয়ের মধ্যে আকাশ-পাতাল প্রভেদ। কিন্তু কাজে শাঙ্কর-শাস্ত্রের অবিদ্যাও যা, সাংখ্য-শাস্ত্রের প্রকৃতিও তা, তন্ত্র-শাস্ত্রের শক্তিও তা—একই। "কাজে" শব্দের অর্থ এথানে তত্ত্ত্তানের কাজে। ভজন-সাধনের কাজে তিনের মধ্যে বিশিষ্ট-রকমের প্রভেদ আছে, এ কথা আমি খুবই মানি: কিন্তু এ প্রভেদ বর্ত্তমান প্রবন্ধের প্রদন্বহিভূত। প্রকৃত প্রস্তাব হইতে একটু যেন দূরে সরিয়া পড়া হইয়াছে, অত-এব এখানে আর কালবিলম্ব না করিয়া গন্তব্যপথে প্রত্যাবর্ত্তন করা যা'ক।

যদিও সত্তা, শক্তি এবং জ্ঞান পরস্পরের
সহিত অবিমোচ্য সম্বন্ধসত্ত্রে জড়িত, তথাপি
এরূপ হওয়া কিছুই বিচিত্র নহে যে, কোনো
বস্তু দেখিলে প্রধানত সন্তাচক্ষে পড়ে, কোনো
বস্তু দেখিলে প্রধানত শক্তি চক্ষে পড়ে,
কোনো বস্তু দেখিলে প্রধানত জ্ঞান চক্ষে
পড়ে। অন্তঃকরণ-রাজ্যে প্রাণের প্রতি
দৃষ্টিপাত করিলে সন্তা'র ভাব প্রধানত
চক্ষে পড়ে; ভার সাক্ষী—বিধিক বলে

"কেঁচে-বর্জে থাকা"। বর্তিয়া থাকা (বর্তমান থাকা) সভা'রই ধর্ম। মনের প্রতি দৃষ্টিপাত করিলে শক্তির ভাব প্রধানত চক্ষে পড়ে; তার দাক্ষী---লোকে বলে "মনের জোর"। বৃদ্ধির প্রতি দৃষ্টিপাত করিলে জ্ঞানের ভাব প্রধানত চক্ষে পড়ে; তার সাক্ষী-লোকে বলে "বৃদ্ধির পরামর্শ"। অন্তরিন্দ্রিয়-রাজ্যে এ যাহা দেখা গেল—বহিরিক্রিয় রাজ্যে দৃষ্টিপাত করিলে তাহারই আর-এক পিট স্পষ্টাক্ষরে দেখিতে পাওয়া যায়। কিন্তু তাহা দেখিতে হইলে স্পর্ণেক্তিয়ের অর্থের পরিধিকে আভিধানিক সংজ্ঞার সীমা ছাড়াইয়া আর-একটু বেশীদূর বিস্তৃত করা স্বাবশ্যক। আমরা দেখিতে পাই ষে, হস্তের স্পর্শ যেমন হস্তের সহিত অব্যবহিতভাবে (অর্গাৎ মাধামাথি-ভাবে) গাত্রে অমুভূত হয়, রসের আস্বাদ তেমনি রদের সহিত অব্যবহিত-ভাবে রসনায় অমুভূত হয়; এবং পরিমলের ঘাণ তেমনি পরিমলের সহিত অব্যবহিত-ভাবে নাসিকায় অনুভূত হয়। অতএব ইক্রিমের বিষয় এবং ইক্রিমের ব্যাপার, এই হুয়ের মাখামাথি-ভাবকে যদি স্পর্শের বৈশেষিক লক্ষণ বলিয়া ধরা যায়, তবে ত্বক, রসনা এবং নাসিকা, তিনকেই স্পর্ণেক্তিয়ের কোঠায় নিক্ষেপ করা যাইতে পারে। এখানে তাহাই করা হইল। এখন দ্রপ্টব্য এই ষে, স্পর্শেক্তিয়ে প্রাণ এবং সন্তার ভাব প্রধানত ফুরিত হয়; তার সাক্ষী—স্থন্নিগ্ধ সমীরণের সংস্পর্শে, স্থাত্ত অরপানীয়ের আখাদনে, স্থরতি পুণ্ণের আদ্রাণে লোকে বলে "প্রাণ ঠাণ্ডা হ'ল"়া আর, সেইরূপ প্রাণ ঠাণ্ডা হওয়া গঢ়িকে শরীরে একপ্রকার স্বাস্থ্য

ব্দস্ভূত হয়। স্বাস্থ্য-শব্দের অর্থ হ'চেচ আপনাতে আপনি স্থিতি ;—ভাহা সন্ধারই শ্রবণেজিয়ে প্রধানত মন এবং শব্জির ভাব ফুরিত হয়; তার সাক্ষী— "শোনো" এবং "মন দেও", এ ছম্বের মধ্যে অত্যৱই প্রভেদ। তা ছাড়া, যুদ্ধকেত্রে সিংহনাদ, ভেরীনির্ঘোষ, হল্লারব প্রভৃতি শব্দ স্বপক্ষদলের বাহুতে শক্তি সঞ্চার করে, এবং বিপক্ষদলের বাহু হইতে শক্তি হরণ করে। চক্ষ্রিন্দ্রিয়ে প্রধানত বৃদ্ধি এবং জ্ঞানের ভাব ক্ষুৱিত হয়; তার সাক্ষী— যদি বলা যায় "দেক্চ না, এটা কেবল একটা স্তোকবাক্য"; তবে "দেক্চ না" কথাটির অর্থ "বৃষ্তে পারচ না" ছাড়া আর-কিছুই হইতে পারে না। মন এবং বৃদ্ধির মধ্যে প্রভেদ যে, কিরূপ, তাহা বহুপুর্বে চুকিয়াছি; শ্রবণেক্রিয় এবং দর্শনেক্রিয়ের মধ্যে তাহারই অবিকল প্রতিরূপ দেখিতে পাওয়া যায়। মন ষেমন ভাবের-অহুবন্ধিতা-(association of ideas)-সূত্ৰে বিশেষ-विश्मिष इरेड विश्मिष-विश्मिष श्रिभाविक इम्र, শ্রবণেন্দ্রিয় সেইরূপ ক হইতে খ-এ, খ হইতে গ-এ, গ হইতে ঘ-এ—এইরূপ ব্যষ্টি হইতে ব্যষ্টিতে প্রধাবিত হয়। পক্ষাস্তরে, বুদ্ধি যেমন বিবিধপ্রকার বিশেষ-বিশেষ ব্যাপারকে সামান্তের অন্তভূতি করিয়া সামান্ত এবং বিশেষ ছইকেই একষোগে অবধারণ করে, দর্শনে ক্রিয়ে সেইরূপ সমষ্টি এবং ব্যষ্টি---বন এবং বনস্থ বুক্ষরাজি— হুইই একষোগে উপ-निक करत्। এইরূপ দেখিতে পাওয়া যাইতেছে যে, দর্শনেক্তিয় বুদ্ধিপ্রধান, প্রব-ণেক্রির মন:প্রধান, স্পর্ণেক্রির প্রাণপ্রধান;

ন্দার, তাহা হইতেই আসিতেছে এই যে, দর্শনৈজ্রিয় জ্ঞানপ্রধান, প্রবণেক্রিয় শক্তি-প্রধান, স্পর্শেক্তিয় সন্তাপ্রধান।

উপরে যাহা সংক্ষেপে—একপ্রকার माँटिमाँटि - विनाम, जाश्त ममल विवत्। পুখামুপুখারূপে অমুশীলন করিতে হইলে তাহা ছই-এক ছত্রের কর্ম্ম নহে; তাহার আলোচনায় অধ্যায়কে-অধ্যায় পার হইয়া ষাইতে থাকিলেও--্যতগুলা অধ্যায় ছাড়া-ইয়া আসা বাইবে, ততগুলা অধ্যায়ের খোরাক জমা হইতে থাকিবে— কিছুতেই আর জের মিটিবে না। মাঝপথে কালবিলম্ব করা শ্রেয়স্কর নহে, তাহা আমি গোড়াতেই বলিয়াছি--বলিয়া-কহিয়া তবে এ কার্য্যে হস্তক্ষেপ করিয়াছি। বর্ত্তমান প্রসঙ্গে এক্ষণে কেবল একটি বিষয় বলিবার আছে, সেইটি হইয়। চুকিলেই পাথেয়-সংগ্রহের দায় হইতে এ-যাত্রা আমি অব্যাহতি পাইতে পারি। সেট হ'চেচ সত্তা, শক্তি এবং জ্ঞান, তিনের সামঞ্জস্ত।

আমি বেরূপ বাক্তি এবং আমার বেরূপ
শক্তি, তাহা ছাড়াইয়া আমার জ্ঞানের আদর্শ
বদি এত উচ্চ হইয়া ওঠে বে, কোনো গতিকেই
আমি তাহা হাত বাড়াইয়া নাগাল্ পাইতে
পারি না, এক কথায়—জ্ঞান বদি সত্তা
এবং শক্তিকে,অথবা বাহা একই কথা—প্রাণ
এবং মদকে, অনেক-হাত নীচে ফেলিয়া
মহোচ্চ সত্যের শিথরে আরোহণ করে,
তাহা হইলে আমার জ্ঞানের সেই উচ্চ
আদর্শ আমার মধ্যে একপ্রকার উন্টা ফল
উৎপাদন করে—আপন মহোজ্জল আলোকে
আমার অপদার্থতা এবং অক্ষমতা ফুটাইয়া-

তুলিয়া আমার মনোমধ্যে অশান্তি থবং
বিষাদের উৎস উন্মুক্ত করিয়া আয়। কিন্তু
তাহাও স্বীকার—তথাপি জ্ঞানের আলোক
আমার চক্ষের সন্মুথ হইতে একটুও সরাইয়া
রাথা আমার প্রার্থনীয় হইতে পারে না।
কেন না, তাহা করিকে আপাতত একপ্রকার মনকে-প্রবোধ-দেওয়া-রকমের
শান্তি লাভ করা যাইতে পারে বটে, কিন্তু
তাহাতে উন্নতির লারে কপাট পড়িয়া গিয়া
তলে তলে অধোগতির সোপান প্রস্তুত
হইতে থাকে। এরপ স্থলে সৎপরামর্শ
হ'চেচ—নীচের নীচের ধাপ মাড়াইয়া জ্ঞানের
উচ্চশিথরে শক্তিকে এবং সন্তাকে—মনকে
এবং প্রাণকে টানিয়া তোলা।

মনে কর, একজন চাসা'র বড়ই ইচ্ছা গিয়াছে যে, সে জমিদার হয়। সে আপনার লাঙলের কাব্দে জলাঞ্জলি দিয়া অষ্টপ্রহর কেবল জমিদারী সেরেস্তায় আনাগোনা করে, আর, সেই গতিকে জমিদারী কার্য্যের প্ৰণালী-পদ্ধতি-বিষয়ে তাহার অভিজ্ঞতা क्रियाराह मन्द्र ना। किन्द्र इटेटन इटेटन কি-এক-কাঠা জমি ক্রয় করে, সে সঙ্গতি তাহার নাই । যৎকিঞ্চিৎ যাহা তাহার ধান্যের পুঁজি ছিল -- ক্বিকার্য্যে অনবধানতা-গতিকে দে তাহা অনেকদিন হইল খোষাইয়া বসিয়া আছে। এ অবস্থায় তাহার কর্তব্য হ'চ্চে-প্রথমত জমিদারী সেরেস্তায় ঘুরিয়া-বেড়ানো বন্ধ করা। দিতীয়ত ক্ষবিকার্য্যে উঠিয়া-পড়িয়া লাগিয়া ধান্তের সংস্থান করা। তৃতীয়ত ধান্তের মহাজনদিগকে আদর্শ ক্রিয়া অল্ল-সল বাণিজ্য-ব্যব্সায়ে প্রবৃত্ত হওয়া! চতুৰ্থত যথন সে দেখিবে হাতে কিছু টাকা অমিয়াছে, তথন হই-এক-বিঘা জমি ক্রম করা! চাসাটির আদর্শ খুব উচ্চ--এটা ভাল বই মন্দ নহে; কিন্তু তা বলিয়া विष ज्वित हिन्दि ना द्य, नीटहत्र नीटहत्र ধাপ মাড়াইয়া আপনার শক্তি-সামর্থাকে সেই উচ্চ আদর্শের কাছ-বরাবর টানিয়া তুলিতে হইবে। এটা কেবল একটা উপমা-মাত্র। প্রকৃত কথা এই যে, জ্ঞানের সহিত শক্তি এবং সত্তার সামঞ্জন্ম ব্যতিরেকে মুম্বামনের অশান্তি এবং বিষাদ কিছুতেই ঘুচিবার নহে। জ্ঞান, শক্তি এবং সত্তা, সামঞ্জ্রই আনন্দের প্রথমে সত্তা এবং শক্তি হইতে জ্ঞানকে কতকমাত্রা বিশ্লেষিত করা আবশ্ৰুক; **८कन ना, छाहा ना कतिरत मलमल्**निरवक জুমিতে পারে না ফলেও এইরূপ দেখা যায় যে, পঠদশায় বালক ব্যাকরণ এবং গণিত প্রভৃতি বিভা যাহা শিক্ষা করে, তাহা নিছক জ্ঞানেরই ব্যাপার, তাহার সহিত काटकत किश्वा वाखिवक श्रेमार्थित शाकाए-সম্বন্ধে কোনো সংস্থাব নাই। ইহাতে -বালকের বৃদ্ধি মার্জ্জিত হয়; কাহাকে वरन कर्डा, काशरक वरन कर्य, काशरक वल किया, काशांक वरन (तथा, काशांक वरन कनक, काशांक वरन शिख, हेजानि বিষয়ে তাহার জ্ঞান জন্ম। প্রথমে জ্ঞানের এইরূপ বিশ্লেষণ আবশ্রক হয় বটে —কিন্ত চিরকালই যদি বালকের ব্যাকরণজ্ঞান শক্তি এবং সত্তা হইতে বিশ্লেষিত থাকে —বালক য়ুদি যথাকালে ব্যাকরণে স্থপণ্ডিত रहेबा ७ এ कृष्ट्य ि कि निश्चिष्ट रहेरन श्नम्-বর্ষ-কলেবুদ্ধ হয়, তবে তাহার সে জ্ঞান

थाका ना थाका ममान। প्रेथिशङ ब्लाटनत সঙ্গে সত্তা এবং শব্ধির যোগ হইলে, তবেই তাহা কাজের জ্ঞান হইয়া ওঠে। প্রথম-বয়দে জানকে সত্তা এবং শক্তি হইতে বিশ্লেষিত করা যেমন আবশ্রক—উত্তর-বয়সে বিশ্লেষিত জ্ঞানকে সন্তা এবং শক্তির সহিত যোজনা করা তেমনিই আবশ্রক। কিন্ত একটি বিষয় সর্বকালেই আবশুক; সে বিষয়টি হ'চেচ--বিশ্লেষণ এবং সংযোজনের মধ্যে সামঞ্জন্তরক্ষা। প্রথম-বয়সেও জ্ঞানকে মাত্রাতীত বেশী বিশ্লেষিত করা বিধেয় নহে; আর, তাহা বিধেয় নহে বলিয়াই এক্ষণে পাশ্চাত্যপ্রদেশের অভিভাবক-মহলে কি ভারগাটেন-(kindergarten)-নামক নৃতন শিক্ষাপ্রণালীর 'এতাধিক আন্দোলন চলিতেছে। তেমনি আবার দ্বিতীয়-বয়সেও সহিত কার্য্যের অতিমাত্র বিমিশ্রিত করিয়া জ্ঞানের বিশুদ্ধি সমূলে নষ্ট করাও বিধেয় নছে; আর, তাহা বিধেয় ব**লি**য়াই, পাশ্চাত্য-পণ্ডিত-মহলে বৈশেষিক-(specialist)-দিগের মাত্রাতীত দলবৃদ্ধির প্রতিবিধানের জন্ত সর্বসমন্বয়ের (synthetic philosophyর) প্রকৃষ্টপথ আবিষ্কার করিবার চেষ্টা আরম্ভ প্রকৃত কথা এই যে, হইয়াছে। এবং আনন্দ লাভ করিতে হইলে, সন্তা, জ্ঞান—তিনের বিশ্লেষণ এবং সংযোজনের সামঞ্জ ব্যতিরেকে তাহা কোনোপ্রকারেই সম্ভাবনীয় নহে। হ'চ্চে এই যে, किरम ? বিশ্লেষণই বা হইলে ঠিকৃ হয়—সংযোজনই বা কতমাত্রা হইলে ঠিক্ হয়? এ প্রশ্নের উত্তর দেওয়া

থক হিসাবে অতীব সহক্র, আর-এক
হিসাবে অতীব কঠিন। তুমি যদি আমাকে
কিজাসা কর বে, মধ্যাহ্নভোজনের সময়
কি-পরিমাণ অর ভক্ষণ এবং কি-পরিমাণ
কল পান করিলে ঠিক হয়, তবে তাহার
সহক উত্তর এই বে, "তোমার ক্র্ধাত্ফা
বেরপ বলিবে—তুমি দেইরপ করিবে।"
কিন্তু সে কথায় সন্তুষ্ট না হইয়া তুমি
যদি বলো "আমি প্রত্যহ কয়সের অর
ভক্ষণ করিব এবং কয়সের ক্রল পান
করিব, তাহার ঠিক্ঠাক্ পরিমাণ নির্দ্ধারণ
করিয়া দাও"—তবে দেটা বড়ই কঠিন
সমস্রা।

কুধাত্ঞা যেমন বলিয়া ভায়—এইপরিমাণ অন্ধ এবং এই-পরিমাণ জল
দেবনার, আনন্দ তেমনি বলিয়া ভায়
—সন্তা-শক্তি-জ্ঞানের এই-পরিমাণ বিশ্লেষণ
এবং এই-পরিমাণ সংযোজন প্রার্থনীয়।
ফল কথা এই বে, সন্তা, শক্তি এবং
জ্ঞান একীভূত হইরা, মৃত সন্তার,
অথবা ফাঁকা জ্ঞানে, অথবা অন্ধ শক্তিতে
পরিণত হইলেও আনন্দ হয় না, আর,
পরস্পর হইতে বিচ্ছিল হইয়া যুথলাই মুগের
ভার তিন বার তিন পথে প্রধাবিত হইলেও
আনন্দ হয় না। সন্তা, শক্তি এবং জ্ঞানের

বে-মাত্রা সংযোজন-বিল্লেষণে আনন্দু হয়, ভাহারই নাম সামঞ্জস্ত।

সৌরজগতে আকর্ষণ এবং বিকর্ষণের সামঞ্জ কেমন চমৎকার! সুর্য্যের বন্ধনের টানে পড়িয়া সৌরজগৎ যদি সুর্য্যের সহিত একীভূত হইয়া যায়, তাহা হইলেও ষেমন; আর, সুর্য্যের নিকট হইতে ভাড়া থাইয়া मोत्रक्र विक पि हिं जिया भनावन करत, তাহা হইলেও তেমনি; হুয়েতেই সৌর-জগতের প্রলয়দশা উপস্থিত হয়। মাত্র। কাল সুর্য্যের অভিমুখী হইতে হইবে এবং কতমাত্রা কাল সূর্য্য হইতে পরাধ্যুখী इटेर**७ इटेरं**न-পृथिवीरक **डाहा विनाम पिर**ड र्य ना ;-- পृथिवी তাহা ভালরপ कारन ;--পুণিবীর তা**লবো**ধ আছে; থাকিবারই কথা- কেন না, সর্বাত্ত নাট্যের কর্ত্রী ঐনা শক্তি নিনিদ্রনয়নে জাগিতেছেন। এবারকার আলোচনাপথের মধ্য দিয়া আমরা ত্রিক হইতে চতুক্ষে উপনীত হই-লাম। ত্রিক কি ? না, সত্তা-শক্তি-জ্ঞান। চতৃক কি ? না, সত্তা শক্তি-জ্ঞান-আনন্দ। আনন্দ হয় কিলে গ সভা, শক্তি এবং জ্ঞানের সামঞ্জন্তে। মাঝপথের কার্য্য এক-প্রকার হইয়া চুকিল—অত:পর পোঁট্লা পুঁট্লি বাঁধিয়া সতারাজ্যের অভিমুধে প্রয়াণের উদেযাগ করা ষাইবে।

শ্রীদিকেন্দ্রনাথ ঠাকুর।

লক্ষী-সরস্বতী।

হে লক্ষি ভোমার আজি নাই অন্তঃপুর!
সরস্বতীরূপ আজি ধরেছ মধুর,
দাঁড়ায়েছ সঙ্গীতের শতদলদলে।
মানসন্মনা আজি তব পদতলে
নিথিলের প্রতিবিধে রঞ্জিছে ভোমায়।
চিত্তের সৌন্দর্য্য তব বাধা নাছি পায়—
সে আজি বিখের মাঝে মিশিছে পুলকে
সকল আনন্দে আর সকল আলোকে
সকল মঙ্গল সাথে! ভোমার কঙ্কণ
কোমল কল্যাণপ্রভা করেছে অর্পণ
সকল সতীর করে। সেহাত্র হিয়া
নিথিল নারীর চিত্তে গিয়েছে গলিয়া।
সেই বিশ্বমৃত্তি তব আমারি অন্তরে
লক্ষীসরস্বতীরূপে পূর্ণরূপ ধরে!

কথা।

তোমার সকল কথা বল নাই, পার নি বলিতে,
আপনারে থর্ক করি' রেথেছিলে তুমি, হে লজ্জিতে,
যতদিন ছিলে হেথা। হলমের গৃঢ় আশাগুলি
যথন চাহিত তারা কাঁদিয়া উঠিতে কণ্ঠ তুলি'
তর্জ্জনা-ইঙ্গিতে তুমি গোপনে করিতে সাবধান
ব্যাকুল সকোচবলে, পাছে ভুলে পায় অপমান!
আপনার অধিকার নীরবে নির্মাম নিজকরে
রেথেছিলে সংসারের সবার পশ্চাতে হেলাভরে।
লক্জার অতীত আজি মৃত্যুতে হয়েছ মহীয়সী,—
মোর হুদিপদ্দলে নিথিলের অগোচরে বসি
নতনেত্রে বল তব জীবনের অসমাপ্ত কথা ,
ভাষাবাধাহীন বাক্যো! দেহমুক্ত তব বাছলতা
জড়াইয়া দাও মোর মুদ্র্মের মাঝারে একবার—
আমার অস্তরে রাখ তোমার অস্তিম অধিকার!

নব পরিণয়।

মৃত্যুর নেপথ্য হতে আরবার এলে তুমি ফিরে'
নুতন বধুর সাজে হৃদরের বিবাহ-মন্দিরে
নিঃশব্দরণপাঁতে! ক্লান্ত জীবনের যত গ্লানি
ঘুচেছে মরণম্পানে। অপরূপ নবরূপথানি
লভিয়াছ এ বিশ্বের লক্ষ্মীর অক্ষরকূপা হ'তে।
শ্বিতস্লিগ্ধমুগ্ধমুথে এ চিত্তের নিভ্ত আলোতে
নির্বাক্ দাঁড়ালে আসি! মরণের সিংহ্ছার দিয়া
সংসার হইতে তুমি অন্তরে পশিলে আসি, প্রিয়া,—
আজি বাজে নাই বাদ্য, ঘটে নাই জনতা-উৎসব,
জলে নাই দীপমালা; আজিকার আনন্দ গৌরব
প্রশান্ত গভীর স্তর্ধ বাক্যহারা অক্র-নিম্গন।
আজিকার এই বার্ত্তা জানে নি শোনে নি কোনোজন।
আমার অন্তর শুধু জেলেছে প্রদীপ একথানি,—
আমার সঙ্গীত শুধু একা গাঁথে মিলনের বাণী!

পূৰ্তা।

আপনার মাঝে আমি করি অন্তব
পূর্ণতর আজি আমি। তোমার গৌরব
মুহুর্ত্তে মিশায়ে তুমি দিয়েছ আমাতে।
ছোঁয়ায়ে দিয়েছ তুমি আপনার হাতে
মৃত্যুর পরশমণি আমার জীবনে।
উঠেছ আমার শোকষজ্ঞহতাশনে
নবীন নির্ম্মলমূর্ত্তি,—আজি তুমি সতি
ধরিয়াছ অনিন্দিত সতীত্বের জ্যোতি,—
নাহি তাহে শোকদাহ, নাহি মলিনিমা,—
ক্লাস্তিহীন কল্যাণের বহিয়া মহিমা
,নিঃশেষে মিশিয়া গেছ মোর চিত্তসনে।
তাই আজি অন্তব করি সর্বমনে—
মার পুরুষের প্রাণ গিয়া মৃত্যুহীন নারি!

সার্থকতা।

তুমি মোর জীবনের মাঝে

মিশারেছ মৃত্যুর মাধুরী।

চিরবিদারের আভা দিয়া

রাঙায়ে গিয়েছ মোর হিয়া,

এঁকে গেছ সব ভাবনায়

হর্যান্ডের বরণচাত্রী।
জীবনের দিক্চক্রসীমা
লভিয়াছে অপূর্ব্ব মহিমা,

অশ্রুধীত হৃদয়-আকাশে

দেখা যায় দ্র স্বর্গপুরী।

তুমি মোর জীবনের মাঝে

মিশারেছ মৃত্যুর মাধুরী।

তুমি ওগো কল্যাণরূপিণী
মরণেরে করেছ মঙ্গল।
জীবনের পরপার হতে
প্রতিক্ষণে মর্ত্তোর আলোতে
পাঠাইছ তব চিত্তথানি
মৌনপ্রেমে সজল-কোমল।
মৃত্যুর নিভৃত শ্লিগ্রছরে
বসে আছ বাতায়ন'পরে,
জালায়ে রেখেছ দীপথানি
চিরস্তন আশায় উজ্জল।
তুমি ওগো কল্যাণরূপিণী
মরণেরে করেছ মঙ্গল।

তুমি মোর জীবন-মরণ
বাঁধিয়াছ হটি বাছ দিয়া।
প্রোণ তব করি অনারত
মৃত্যুমাঝে মিলালে অমৃত,
মরণেরে জীবনের প্রিয়
নিজহাতে করিয়াছ, প্রিয়া!

খুলিয়া দিয়াছ বারথানি,

যবনিকা লইয়াছ টানি',

. জন্মমরণের মাঝথানে

. নিস্তব্ধ রয়েড দাঁড়াইয়া।

তুমি মোর জীবন-মরণ

বাধিয়াছ ছটি বাছ দিয়া!

সঞ্য।

দেখিলাম থানকয় পুরাতন চিঠি—
কেহমুগ্ন জীবনের চিহ্ন ত্'চারিটি
শ্বতির থেলেনা ক'টি বছ যত্নভরে
গোপনে সঞ্চয় করি' রেথেছিলে ঘরে।
যে প্রবল কালস্রোতে প্রলয়ের ধারা
ভাসাইয়া ধায় কত রবিচন্দ্রতারা
তারি কাছ হতে তুমি বছ ভয়ে ভয়ে
এই ক'টি তুচ্ছ বস্ত চুরি করে' লয়ে
লুকায়ে রাথিয়াছিলে,—বলেছিলে মনে
অধিকার নাই কারো আমাব এ ধনে!
আশ্রয় আজিকে তারা পাবে কার কাছে?
জগতের কারো নয়, তবু তারা আছে!
তাদের ধেমন তব রেথেছিল ক্ষেহ
তোমারে তেমনি আজ রাথেনি কি কেহ?

রচনা।

এ সংসারে একদিন নববধ্বেশে
তুমি যে আমার পাশে দাঁড়াইলে এসে,
রাখিলে আমার হাতে কম্পমান হাত
সে কি অদৃষ্টের থেলা, সে কি অকমাং ?
তথু এক মুহুর্ত্তের এ নহে ঘটনা
অনাদিকালের এই আছিল মন্ত্রণা!
দোঁহার মিলনে মোরা পূর্ণ হব দোঁহে
বহুষুগ আসিয়াছি এই আশা বহুং!

নিয়ে গেছ কতথানি মোর প্রাণ হতে,
দিয়ে গেছ কতথানি এ জীবনুস্রোতে!
কত দিনে কত রাত্রে কত লজ্জাভয়ে
কত ক্ষতিলাভে কত জয়ে পরাজয়ে
রাচিতেছিলাম যাহা মোরা প্রান্তিহারা
সাল কে করিবে তাহা মোরা দোঁহে ছাড়া ?

সন্ধান।

শন্ধ-আয়ু এ জীবনে যে কয়টি আনন্দিত দিন—
কম্পিত পুলকভরে, সঙ্গীতের বেদনা-বিলীন—
লাভ করেছিলে, লক্ষি, সে কি তুমি নষ্ট করি ষাবে ?
সে আজি.কোণায় তুমি যয় করি রাথিছ কি ভাবে
তাই আমি খুঁজিতেছি! স্ব্যান্তের স্বর্ণমেঘন্তরে
চেয়ে দেখি একদৃষ্টে,—সেথা কোন্ করণ অক্ষরে
লিখিয়াছ সে জন্মের সায়াহ্রের হারানো কাহিনী!
আজি এই দ্বিপ্রহরে পলবের মর্মার রাগিণী
ভোমার সে কবেকার দীর্ঘমাস করিছে প্রচার!
আতপ্ত শীতের রোদ্রে নিজহন্তে করিছ বিন্তার
কত শীতমধ্যাহ্রের স্থনিবিড় স্থথের স্তর্কতা!
আপনার পানে চেয়ে বসে বসে ভাবি এই কথা—
কত তব রাত্রিদিন কত সাধ মোরে দিরে আছে,
তাদের ক্রন্স ভানি ফিরে ফিরে ফিরিতেছ কাছে!

অশোক।

বজ্ঞ মথা বর্ষণেরে আনে অগ্রসরি'
কে জানিত তব শোক সেইমত করি
আনি দিবে অকমাৎ জীবনে আমার
বাধাহীন মিলনের নিবিড় সঞ্চার!
মোর অশ্রবিদ্গুলি কুড়ায়ে আদরে
গাঁথিয়া সীমুন্ত পরি' বার্থশোক'পরে
নীরবে হানিছ তব কৌতুকের হানি!

ক্রমে সবা হতে যত দ্রে গেলে ভাসি'
তত মোর কাছে এলে ! জানি না কি করে'
সবারে বঞ্চিয়া তব সব দিলে মোরে !
মৃত্যুমাঝে আপনারে করিয়া হরণ
আমার জীবনে তুমি ধরেছ জীবন,
আমার নয়নে তুমি পেতেছ আলোক—
এই কথা মনে জানি' নাই মোর শোক!

জी वननक्यी।

সংসার সাজারে তৃমি আছিলে রমণি
আমার জীবন আজি সাজাও তেমনি
নির্মাণ স্থানর-করে। ফেলি' দাও বাছি'
বেথা আছে যত ক্ষুদ্র তৃণকূটাগাছি—
অনেক আলস্যক্লান্ত দিনরজ্ঞনীর
উপেক্ষিত ছিরথণ্ড যত। আন নীর,
সকল কলম্ব আজি করগো মার্জ্জনা।
বেথা মোর পূজাগৃহ নিভ্তমন্দিরে
দেখার নীরবে এস দার খূলি' ধীরে,—
মঙ্গলকনকঘটে পুণ্যতীর্থজ্ঞল
সয়ত্রে ভরিয়া রাথ, পূজাশতদল
সহত্তে তুলিয়া আন। সেথা হুইজনে
দেবতার সম্মুখেতে বসি একাসনে।

বুদ্ধদেবের পাখী।

(ফরাসী কবি কম্পে হইতে)

শভিল সান্ধনা ধবে
পশিলেন বৃদ্ধদেব
"নির্ব্ধাণ" তাঁহার এবে
বসিলেন তারি ধ্যানে
বছদিন বসি' এই
বোগানকে মগ্য তিনি

বিশ্বজ্ঞন তাঁর উপদেশে
মহাঘোর অরণ্য-প্রদেশে।
একমাত চিস্তার বিষয়,
অর্গপানে তুলি বাছ্ত্রর।
স্থপবিত্র ধ্যানের আসনে
অরণ্যের গভীর বিজ্ঞান।

অনস্ত স্থপনে করি'
করিতে লাগিলা তপ
কালবশে এইরূপে
অস্থিচর্ম্মনার দেহ—
আর নাহি পায় তাপ
অসাড় সে দেহয®
অঁধার অঁথির পাতা,
—মনে হয় যেন, উহা
অনশনে, বুদ্ধদেব
ব্যহারা করিত গান
—রাথিয়া যাইত ফল
এইরূপ বছদিন
ধানমগ্ল বুদ্ধদেবে

সহস্রসহস্র বার
মাথার উপর দিয়া
তথাপি মুহুর্কতরে
টুটিল না কোনমতে
দক্ষিণ বাছটি, যাহা
শুথায়ে ধবলবর্ণ
সেই হাতটিতে তাঁর
কুদ্র এক পাথী আসি,
পাথীট উড়িয়া গেল
লভিয়া সাগর-গিরি
প্রতি শীতকালে, ফিরি'
দেখিত তেমনি ঠিক্
এইরূপ আসে ধার
একবার কি হইল

যে সব ভ্ৰমন্ত পাধী আবার আইলে শীভ ফিরিবার কাল যবে আপনার চিত্ত সমাধান
লভিবারে স্থগীয় নির্বাণ।
জীণশীণ, অতি হীন-বল
তবু ধাানে, যতীক্ত অটল।
দেহ তাঁর স্থ্যকরন্ধালে,
তরুসম ছাইল শৈবালে।
নয়নের তারা দৃষ্টিহান,
হয়ে গেছে প্রস্তর-কঠিন।
হইয়াছিলেন মৃত্তপ্রায়
,
—যারা ভাল বাসিত তাঁহায়,
তরুশাথে বসি মনস্থে,—
তাঁর সেই ভ্রাশুক্ষ মুথে;
সেই সব ক্ষুদ্র বিহলস
কোনমতে করিল পোষণ॥

সহস্রবর্ষ অগণন
চলি গেল চক্রমা-তপন,
সেই মহাসমাধি তাঁহার

প্রতি অঙ্গ নিজ্পন্দ অসাড়
উত্তোলিত উর্দ্ধে নিরস্তর
মনে হয় কঠিন প্রস্তর,

প্রবেশিয়া অরণ্য নিবিড়
বতনে রচিল ক্ষ্মে নীড়।
রাখি' নীড় বিশ্বন্ত পরাণে,
গেল চলি' দ্র-দ্র স্থানে।
আসিত গো সেই নীড়ে তার,
অটুট অক্ষর প্রতিবার।
অতিক্রেমি' কত সিন্ধু-গিরি
আর সে যে না আইল ফিরি।

দ্রে বার নিদাবে চলিয়া, পুন আসে অদেশে ফিরিয়া, তাহাদের হইল অভীত, হিমাচল হল যবে
যথন সে পাণীগুলি
তথন গো বৃদ্ধদেব

শ্ন্য তাঁর করতল
দেখে নাই এতকাল
অসীম অনস্ত হেরি'
শ্ন্য আকাশের ধ্যানে

—নেত্রপক্ষরাজি দগ্ধ
তপ্ত হুইফোঁটা জল
শ্ন্য ছিল মন যাঁর
আশা অন্ধরাগ যার
সংসার হুইতে যিনি
সংসারের স্থবহুংথ
সেই ভগবান্ বৃদ্ধ

স্থগভীর বরফে আরত, আর নাহি আসে নিজ নীড়ে, ফিরিয়া দেখেন ধীরে ধীরে তথন যে নয়ন মুনির কোন-কিছু বস্ত পৃথিবীর যে নয়ন অন্ধ ঝলসিত, যে আঁখির দৃষ্টি নির্ব্বাপিত, রক্ত ছোটে অঁাথিপাতা দিয়া— উঠিল সে নয়ন ভরিয়া। वक्ष शैन भृत्नात्र (ध्यात्न, একমাত্র আছিল নির্বাণে, ঘোর বনে করি' পলায়ন করিয়াছিলেন বিসর্জন নিতান্তই শিশুটির মত বর্ষিলা অশ্রুজল কত। শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

स्थ्रप्रदृश्य ।

উভরে সমান মম স্থথ হঃথ আর—
ভূমি মোর হঃথ, ভূমি স্থথ সে আমার!
ভূমি চির বরণীয়, তাই এ অন্তরে
স্থথহুংথে বরিয়াছি ভূল্য সমাদরে।

मङ्गी।

হে ছ:খ, আমারে তুমি তিলেকের তরে
একাকী ফেলিয়া কভু খেয়ো না অন্তরে!
প্রিয় বিরহিত আমি, তুমি না রহিলে
বাচিতে নারিব আর এ শৃষ্ঠ নিথিলে!
ভীপ্রিয়ম্বদা দেবী

वञ्चनर्भन ।



জাগরণ।



জাগরে জাগরে চিত্ত জাগরে !
জোয়ার এসেছে অশ্রসাগরে !
কুল তার নাহি জানে,
বাঁধ আর নাহি মানে,
তাহারি গর্জনগানে জাগরে !
তরী তোর নাচে অশ্রসাগরে !

আজি এ উষার পুণ্য-লগনে
উঠেছে নবীন স্ব্যা গগনে।
দিশাহারা বাতাসেই
বাজে মহামন্ত্র সেই
অঙ্গানা যাত্রার এই লগনে
দিক্ হতে দিগন্তের গগনে।

জানি ন। উদার শুত্র আকাশে
কি জাগে অরু-দীপ্ত আভানে।
জানি না কিনের লাগি
অতল উঠেছে জাগি
বাছ তোলে কাঁরে মাগি' আকাশে,
শাগল কাহার দীপ্ত আভানে।

শৃত্য মরুময় সিজু-রেলাতে বক্সা মাতিয়াছে রুদ্র-থেলাতে। হেথায়ু জাগ্ৰত দিন विङ्क्षिक में उद्दीन, শৃত্য এ বালুকা-লীন বেলাতে, এই ফেন-তর্গের থেলাতে।

জলে রে, ছলে রে, অঞ্ছলে রে আঘাত করিয়া বন্ধ-কুলে ৰে।। সম্বুণে অনন্ত লোক, বেতে হবে বেগা হোক্, অক্ল আকুল শোক ছলে রে ধায় কোন্দূর স্বৰিক্লে রে !

আঁকড়ি থেকে। ন। অন্ধ ধরণী, थूरन (म थूरन (म वस उत्री ! অশান্ত পালের 'পরে বায়ু লাগে হাহা করে', দূরে তোর থাক্ পড়ে ধরণী ! আর না রাখিদ রুদ্ধ তরণী।

শিবপূজা।

शिनि चनापि, यिनि चनक, यिनि वाकामतन অগোচর, আর্য্যেরা প্রাচীনকাল হইতেই ভাঁহাকে শিবস্থরপ-মললময় বলিকা পূজা

হইয়াছিলেন, এই কুদ্ৰ নিবন্ধে তৎসম্বন্ধে কিঞ্চিৎ সালোচনা করিব।

বেদত্ররের কন্ত্র, ত্রাহ্মণের ক্রন্ত্র এবং ঈশান, कतिश व्यानिशास्त्र । व्यार्था अविश्रम त्रका व्यवना व्यवस्तितातत्र उत धनः मुक्त, त्रोतानिक এবং আগ্রানের অভ কর্মবর্ত্নপ পরমেশ্বরের মহাদেবের অভ্যুক্তপ নহেন; অথচ এই সক্ষ দক্ষিণমূপ ধ্যান করিতেন। কিন্ত রজত- দেককা মিলিছা, এবং বছপদ্ধিনীৰে প্ৰা গিরিনিত ত্রিনের শ্লপাণি কোন্সমর **ভণানি নইয়া,** পৌরাণিক মহাটের_া শুক্রন হইতে শিব, মহাদেব বা কলকণে প্ৰাক্ত পথবাকণে অভিকা কলের ভণিনী প্রাদেশ তিনি ক্রান্তের পত্নী। প্রাণের মহাদেব ক্রপ্ত বটেন, ঈশনিও বটেন; কিন্তু রূপে, শুণে, কর্ম্মে এবং প্রস্কৃতায়, তিনি বৈদিক ক্রন্ত্র ও ঈশান হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। কোন্ সময়ে কি অবস্থায় এই মহাদেবের উৎপত্তি হইল, তাহাই অসুসন্ধান করিব।

(कह इम्र ७ विगाउ भारतम (म, এই-প্রকার দেবমিশ্রণ হিন্দুজাতির চিরপ্রচলিভ দেবপূজার অমুরূপ; এবং কাজেই স্বাভাবিক। তাহা স্বীকার করি। বেদে ইহার দৃষ্টান্তও আছে বে. যিনি ইক্র, তিনিই অগ্নি এবং তিনিই বরুণ। বেদে দেখিতে পাওয়া যায় যে, যথন কোন নৃতন দেবতার নামে ঋক্ আরম্ভ হইল, তথন অক্তান্ত দেবত। যেন তাঁহার প্রভার মলিন হইয়া পড়িলেন। সকল দেবতার স্বরূপ লইরা, নৃতন দেবতার মহিমা কীর্তিত हरेंग ; এবং তাঁহাকেই সকল ঈশ্বরের ঈশ্বর वना इहेन। चारनाक हेशाक स्विविद्यांध বলিয়া মনে করিতেন। এখন কিন্তু যুরো-পীরেরা ইছার এইপ্রকার মীমাংসা করিয়া-ছেন যে, হিন্দুজাতি মূলত সর্কেশ্বরবাদী বলিয়া, এবং দকল দেবত। একই দেবসত্ত্বের ভিন্ন ভিন্ন প্রকাশ বলিয়া, বেদ হইতে পুরাণ পগ্যস্ত, দর্বত্রই এই প্রকার বর্ণনা দেখা যায়। তাঁহারা বলৈন বে. এই কারণেই এক সময়ের এক দেবতার পত্নী অন্য সময়ে অন্য দেবতার শহচরী; এবং এক সময়ের ভগিনীও ছহিতা শক্ত সময়ে পদ্মী বলিয়া বর্ণিত। হইতে পারে, धेर नीमाः नारे वथार्थ नीमारना। हेराएड क्षिण देशह देशिएंड भाषा वात त्व, त्भीता-শিক কল্লনা,---বৈদিক পদ্ধতি এবং দেশীৰ मरकारवेत विद्याधी हिम ना बनिवाहे, छेडा

দ্যিত বলিয়া তাক্ত হয় নাই, ধরং গৃহীতট হইরাছে। কৈন্ত কোন্ কাঠামোর উপর, প্রাচীন্ উপাদান দিয়া, নৃতর্ন শিব গড়িতে গিয়া মহাদেব হইয়া পড়িল; এবং কোন সময়েই বা উ'হার আবিষ্ঠাব হইল; এখানে দেই তারে গ্রহণ করিব।

পৌরানিক মহাদেবের সহিত আমাদের
প্রথম সাক্ষাৎ এবং পরিচয় মহাভারত এবং
রামায়ণে। তৎপূর্ববর্তী কোন সাহিত্য বা
প্রেত্রলিপিতে পার্বতীপতির অন্তিজের নিদশ্ন পাওয়া গায় না। সম্ভবত যে সময়ে
সৌতিবিরত নব মহাভারত রচিত হইয়াছিল,
তাহার পূর্ব হইতেই এই মহাদেবের অভ্যাদর হয়; কিন্তু কোন সাহিত্য কিছু
উল্লেখ নাই।

মহাভারতের আখানবস্ত কৌরবযুদ্ধ যত প্রাচীনই হউক না কেন, গৌতবিবৃত মহাভারত যে অনেক আধুমিক, তাহা নিঃদলেহ। যে কেহ মহাভারত পঞ্রিছেন, তিনিই স্বীকার করিবেন যে, এই গ্রন্থ, – ষড়্-দর্শন, ধর্মসূত্র প্রভৃতি রচিত হইবার অনেক পরবর্ত্তী। অপিচ, মগধাধিপতির রাজগৃহ-নগরের কথা, তপস্থায় দিদ্ধিশাভ করিয়া প্রীক্ষারে চৈত্যদান, মগধরাজ্যের পর্কতে হৈত্য এবং বিহারের অবস্থিতি, সৌগতধর্মের निमाकीर्छन প্রভৃতি इटेट ইহাও বুৰিতে পারা যায় বে, এই মহাভারত বৌদ্ধর্মের অভ্যুদরের অনেক পরে রচিত। পুরেত্তান্তর দ্বিতীয় শতাকীর শেষ্ সময় ভিন্ন, কাৰ্ছোল-জাতিকে ভারতবর্ষীয় বলিয়া বর্ণনা করা, অথবা তাহাদের কোন রাঞ্চার নাম চন্দ্রবর্তী ৰ্লিয়। কয়ন। করা, কোন প্রকারে সম্ভব্পর

হইতে পারে না। বিস্তৃতভাবে প্রমাণ প্রয়োগ করিতে গেলে, উদিষ্ট বিষয়টির 'অবতারণায় বছই বিশ্ব হইবে। এথানে এই পর্যান্ত বলিলেই যথেষ্ট বে, পূর্বে মহাভারত-কথা-সংবলিত অস্তান্ত গ্রন্থ প্রচারিত হইয়া থাকিলেও, আমা-দের পরিচিত প্রচলিত মহাভারত অপেক্ষাকৃত অনেক আধুনিক; হয় ত তৃতীয় শতাকীর।

ষ্মনেক আধুনিক; হয় ত তৃতীয় শতাব্দীর। এই মহাভারতে পার্বতীপতির যে-প্রাকার পরিচয় পাওয়া যায়, তাহা উল্লেখ করিতেছি। সৌতির সময়ে বৈদিক রুদ্রের অনেক পরিবর্ত্তন হইয়াছে দেখিতে পাই; তবুও তিনি এবং মহাদেব সম্পূর্ণ এক ব্যক্তি নহেন। উদেযাগপর্বের ১১৬তম অধ্যায়ে আছে যে, যেমন ইন্দ্রের পত্নী শচী, নারায়ণের পত্নী লক্ষ্মী, তেমনি বরুণের পত্নী গোরী, দাগরের পত্নী জাহুবী, এবং রুদ্রের পত্নী ক্রদাণী। আবার যেখানে খাঁটি একালের মহাদেবের কথা পাই, সেখানে তাঁহার পত্নী পার্বতী বা উমা। তথনও কলাণী, গৌরী কিংবা অধিকা, উমার সহিত একাত্মতা লাভ করেন নাই। শান্তিপর্কের ২৮২তম অধ্যায়ে **मक्यर** वर्गना चाहि। के यस्त्र मकन দেবতারাই নিমন্ত্রিত হইয়াছিলেন, কিন্তু মহাদেবের নিমন্ত্রণ হয় নাই। শৈলরাজ-ছহিতা পার্বতী ক্ষা হইয়া ইহার কারণ জিজাদা করিলেন। মহেশ্বর প্রশ্নের উত্তরে बनित्नन (रा, भूर्यकान इहेट्ड (भवधात। रा বিধান করিয়াছেন, তাহাতে কোন যক্তেই জাহার ভাগ কল্পিত হয় নাই। স্বামীর এত প্রজুতা সত্ত্বেও তিনি দেবগণের মধ্যে নগণ্য, हेश (मबीत मश हरेंग नां। महाराप उथन आयमाराया अठिहात कन्न. मक्त्रक

করিলেন। যজ্ঞনাশের পর, ব্রহ্মা মহা-দেবকে স্তৃতি করিয়া বলিলেন, "হে মহাদেব, কেহই তোমার ক্রোধে শান্তিলাভ করিতে পারে না; অতএব দেবতারা তোমাকে যজ্ঞভাগ প্রদান করিবেন।" মহা-দেব প্রীত হইয়া দক্ষকে যজ্ঞফল দান করিয়া চলিয়া গেলেন। ২৮৩তম এবং ২৮৪তম অধ্যাগ্নৈ এই কথাটির একটু পরিবর্ডিত ভাবে অষ্থা পুনরাবৃত্তি হইরাছে বলিয়া, ঐ ছুইটি অধ্যায় প্রক্ষিপ্ত বলিয়া মনে হয়। তাহা মনে না করিলেও, মহাভারতে দক্ষযজ্ঞের যে বিবরণ পাওয়া যায়, তাহাতে জানিতে পারা যায় যে:--(১) দক্ষযজ্ঞসম্বন্ধীয় সম্পূর্ণ পোরাণিক উপাথ্যান সে সময়ে স্বষ্ট হয় নাই। এথানে যজ্ঞ-বধ আছে, কিন্তু দক্ষের মুণ্ডচ্ছেদ নাই; পার্বাতী আছেন, কিন্তু তিনি দক্ষরাজছহিতাও নহেন এবং যজ্ঞে তাঁহার দেহত্যাগও হয় নাই। (২) ক্র-বৈদিককালে যজ্ঞভাগী ছিলেন; কিন্তু মহাদেবকে যজ্ঞভাগের জন্ম স্বত্ব সাব্যস্ত করিতে হইল।

মহাদেব মহাভারতরচনার সময়ে চতুমুথ,
পিনাকপাণি, ত্রিনেত্র এবং নীলকণ্ঠ। কিন্তু
তাঁহার এই সকল অবয়বন্ধিও যে ধীরে
ধীরে হইয়াছিল, তাহাও বুঝিতে পারা যায়।
অন্থাসনপর্বের ১৪০তম এবং ১৪১তম
অধ্যারে আছে যে, একদিন শৈলজা উমা
পরিহাসছলে পশ্চাদ্ভাগ হইতে আসিয়া
মহাদেবের চক্ষুত্ইটি আবরণ করিয়া
ধরিলেন। ফল এই হইল রে, সমগ্র স্থাই
অন্ধর্কারসমাছেয় হইল; প্রলম্বকাল আসিল
ভাবিয়া, চরাচর ত্রাস্থুক হইল। মহাদেক

তথীন ললাটদেশে ভূতীয় নয়ন প্ৰকাশ कत्रितनः , এवः (मर्टे नम्दानत्र मीश्रि वा তেকে পর্বত, অর্ণা প্রভৃতি দগ্ধ হইতে लाशिन। रमवी जथन महारमरवत ठक्क-छ्टेंि হইতে ক্রীভাবিক্সস্ত কর অপসারণ করিলেন। মদনভক্ষের গর মহাভারতে নাই; কিন্তু এই উপাদানই উহার মূল। তিলোত্তমার অমু-मन्नारन हातिनिटक मूथ फिताइटक शिवा है जुन्नू थ হইরাছিলেন, লিখিত হইরাছে; এখনও পর্যান্ত ব্রন্ধাকে ছাড়াইয়া উঠিয়া পঞ্চবক্তু হন নাই। অভ্যত দেখিতে পাই যে. মম্বন্তরসময়ে ক্লফাবর্ণ নারায়ণ উইার ভুল কঠে হাত দিয়াছিলেন বলিয়া, মহাদেব নীল-কণ্ঠ হইরাছিলেন। বুঝিতে পারা গেল বে, এই ইতিহাদ দাগরমন্থনের পৌরাণিক গরের পূর্বে। এক দিকে ব্রহ্মা যেমন স্তব-স্তুতি করিয়া নীচে পড়িয়া গেলেন, সেইরূপ পিনাকধারী শর্কের মহিমাও অন্তপ্রকার ইতিহাদ দিরা মহাদেবে আরোপিত হইল। এই বর্ণনার শর্মদেব একা নহেন, সঙ্গে সঙ্গে বঙ্গাণি বুরও মহাদেবের নব ব্ৰহ্মতে নির্বাণলাভ করিলেন। বুরুম্ভির সহিত এক তার কথা পরে লিখিতেছি। ধীরে ধীরে ন্তন ন্তন ব্যাথ্যা দিয়া যে, নবদেৰতার স্টি হইল, তাহাতে আর সন্দেহ থাকে না।

यि कि दिन वर्णन या, महाजातालं এই अधारिक निर्देश शिक्या, जाहां जिल्ला महान्त्र मुद्री हुं हरा ना । এই कथा- अलि यथन तामाया এवा भूतां जिल्ला व्याप के विद्रा कि विद्रा करा कि विद्रा कि विद्रा कि विद्रा करा कि विद्रा करा वार ना। अधार्य कि विद्रा करा वार ना।

প্রকিপ্ত করিতে গেলে, মহাভারতের সময়েও,
মহাদেবের নববিগ্রহ প্রকাশ পার নাই,
এই ক্থা স্বীকার করিতে হয়। প্রক্রিপ্তর
তর্কটা হয় ত উঠিবে না।

শুপ্তরাজাদের চতুর্থশতাব্দীর প্রারম্ভের প্রস্তরালিপিতে নৃতন মহাদেবের তত প্রতিষ্ঠা দেখিতে পাই না। কিন্তু উঁহাদের পঞ্চম এবং ষষ্ঠ শতাব্দীর লিপিতে মহাদেবের প্রভাব স্থবিস্তৃত। ৪০১ খৃষ্টাব্দের পরে, দিতীয় চক্রগুথ, শন্তুর জন্ম, পর্বতের শুহার আরতন নির্মাণ করিয়াছিলেন। তাহার পর স্বন্দগুপ্তের সময় সম্পূর্ণ পৌরাণিকবর্ণনাযুক্ত মহাদেব পাই। যশোধর্মার ৫০০ খৃষ্টাব্দের মাগুনিয়ারের প্রস্তর্গািপির আরস্তেই দেখিতে পাই, "স জয়তি জগতাং পতিঃ পিনাকী"। এই প্রস্তর্গািপিতে আছে:—

ষরভূত্ তানাং স্থিতিলয়সমূৎপণ্ডিবিধির্ প্রগুক্তো যেনাজ্ঞাং বহুতি ভূবনানাং বিহুতরে। পিতৃ হঞ্চানীতো জগতি গরিষাণং গময়তা স শস্তুর্গাংসি প্রতিদিশতু ভ্রাণি ভ্রতাম্॥

এছানে ব্রন্ধা একেবারে মহাদেবের আজাবাহক; ব্রন্ধার গৌরব, প্রায় লুপ্ত হইয়া গিরাছে। এই প্রস্তরালপিতে একটা পরবর্তী শ্লোকে মহাদেবকে নাগবেষ্টিত বলিরাও বর্ণনা করা হইয়াছে; এই স্বরূপটির উৎপত্তির কথা পরে বলিতেছি। তর্ক উঠিতে পারে যে, শত শত প্রস্তরলিপির মধ্যে হয় ত অল্প কয়েকখানি পাওয়া গিয়াছে, তথন উহা হইতে দৃষ্টাস্ত দেওয়া কি সকত ? উত্তরে এই কথা বলিতে পারি যে, একদিকে তৃতীয় শতাব্দীর পুর্বের সাহিত্যে যথন নৃতন দেবতার পরিষ্কার নিদর্শন পাওয়া বায় না,

এবং অক্তদিকে বর্চ শতাকীর কাব্যাদিতে বধন তাঁহার সম্পূর্ণ রাজন্ব, তথন মধ্যবন্তী সমরে বে উহার পূজা ধীরে ধীরে প্রবন্ধতা লাভ করিরাছিল, এই অনুমানই সঙ্গত। প্রস্তরনিপি হইতেও দেই কবাই সমর্থিত হয়। হইতে পারে যে, আরও প্রস্তরনিপি পাইলে, অনেক নৃতন কথা পাওয়া যাইত; কিছ যাহা পাওয়া যার, তাহা যখন অন্ত-দিকের কবার অনুমূর্যপ নহে, তথন দৃষ্টাস্ত-শুলি গ্রহণ করা চলে। অপর পক্ষে আবার, ঠিক বিরোধী কথার প্রস্তরনিপিগুলিই পাওয়া গেল না, এটাও আশ্চর্যা।

পৌরাণিক বুগের উৎপত্তির ইতিহাসের একটু আভাস না পাইলে, যে অবস্থায় নব-দেবকরনা সম্ভবপর হইরাছিল, তাহা বুঝি-বার পক্ষে স্থবিধা হইবে না বলিয়া, সংক্ষেপত দে-সম্বন্ধে কিছু বলিতেছি।

यांशां वोक्षत्यं यञ्जाम हरेल स्थानिक मम प्रशेख के श्रामंत हेलिशां मिल्राह्म, ठांशां कार्यम त्र, शांकां प्रविद्या मिल्राह्म, ठांशां कार्यम त्र, शांकां प्रविद्या कार्यम त्र, शांकां प्रविद्या कार्यम त्र, शांकां प्रविद्या मिल्राह्म मिल्राह्म मिल्राह्म मिल्राह्म कार्यम कित्र कार्यम कित्र कार्यम कित्र कार्यम कार्य

শ্রেণীর ব্রাহ্মণদের সহিত সম্ভাব না থাকিলেঁও, तोबधर्म এवः शिक्षुधर्म निर्विवारम शामाशामि বৰ্দ্ধিত হইতেছিল। পৌরাণিক আরম্ভ পর্যান্তও, হিন্দুরা বৌদ্ধদের চৈত্যাদিতে, এবং বৌদ্ধেরা ত্রাহ্মণদিগকে, দানাদি ধারা তৃষ্ট করিয়া আসিতেছিলেন। কিন্তু পরে অস্তান্ত কারণে, এবং বিশেষত একটি রাজ-নৈতিক কারণে, বৌদ্ধবিদ্ধের স্ত্রপাত রাজনৈতিক কারণটি এই:--रुरेग्राष्ट्रिल । মৌর্যারাজগণ ভারতবর্বের বাহিরে বছদেশে ভারতগৌরব প্রতিষ্ঠা করিয়াছিলেন; কিস্ক তাঁহাদের রাজত্বের অবসানে নানাশ্রেণীর যবনেরা বৌদ্ধর্মের দোহাই দিয়া বা স্থতা ধরিয়া, ভারতবর্ষে আসিয়া, যুদ্ধবিগ্রহ এবং রাজ্ত্বস্থাপন আরম্ভ করিয়াছিলেন। তথন বৌৰবিদেৰ স্বাভাবিক; তথন বৌদদিগকে हिन्दू कतिया नहेवात ८० छ। ७, ८ तमत्रकात জন্ম স্বাভাবিক। একটু মিলাইয়া না লইলে চলে না বলিয়া, মিলনের উপায়ও অবলম্বিত হইয়াছিল। সামাজিক অবস্থা ও মিলনের অনকুল ছিল। এই অবস্থা হইতেই নূতন পৌরাণিক যুগের স্ষ্টি। সেই কথাটাই এথানে বলিব।

ধর্মের তত্ত্ব অবগত হইবার পক্ষে, এবং মৃক্তিলাভ করিতে, সকলের অধিকার ছিল বলিয়া, দলে দলে নানা শ্রেণীর লোক বৌর হইয়াছিল। এই ধর্মবিপ্লবে অনেক শৃত্রের শূজ্ব ঘূচিয়া গিয়াছিল; এবং আর্বাজ্রির প্রকার, শান্তিপর্কের ৬৯৩য় ু অর্থারে আক্রেণ করিয়া বলিয়াছেন বে, কালবলে ব্রাজ্বির লাস হইয়া গিয়াছেন, এবং শৃত্রের।

ব্রাশ্বের জিকার্ত্তি অবলয়র করিয়াছে। দেশে আৰু খাঁটি আৰ্যাজাতি নাই, আৰ্যা क्वित्र नाहे, मक (वहे भूष ; এहे कथा कार्यात मछाशः स्व अक्ष यूधिष्ठेत्रक विद्या-ছেন। আকেপের কথা याशहे रुडेक. শুদ্রেরা যে মহাভার তরচনার যুগে বিলক্ষণ গণ্য-মাক্ত হইয়া উঠিয়াছিলেন, তাহা শান্তিপর্বের ৮৫তম অণ্যায়ে রাজানের মল্লিসভার গঠন-নীতিতে দেখিতে পাই। লিখিত হইয়াছে বে, মন্ত্রিসভায় অনুান ৫০বর্ষবয়ক ৪জন ব্রাহ্মণ, ৮ছন ক্ষত্রিয়, ২১জন বৈশ্র এবং थाकित्व। नानात्वेगैत **मृ**ष लाकता यथन मरन परन दोहाधर्म व्यवनयन করিরাছিল, তথন তাহারা অনেক বিষয়ে আপনাদের কুলরীতি পরিতাাগ করে নাই। ক্ষাদের বলিয়াছিলেন যে, ঈশরভত্বাদির কথা কথনো মীমাংসিত হইতে পারে না; এজন্ত, ঐ সকল কথার প্রতি দৃষ্টি না করিয়া, কেবল বাবহার ও আচারনীতির স্থানিকা এবং সাধনা ছারা চরিত্রের উৎকর্ষ লাভ করিয়া তু:থাতীত নির্বাণ লাভ করাই শ্রেষ্ঠ ধর্মা। বংশগ্রু সংস্কার পরিক্যাপ করিতে ৰাধ্য হইতে হয় নাই বলিয়াই, অনেক লোক चित्रीड (वोक्थर्म शहर कतिया वोक्स्पर দলপুষ্ট করিয়াছিল। বে যাহার যে কুলদেবতা অখবা ভূতপ্রেভনীবজন্তর পূলা করিত, সেওলি বজার রাথিয়াই সে কৌদ হইরাছিল r चक्रिक चारात, रथन स्मेर्गाशीतरकः অবসানে কৌমধর্শের অবস্তভাব নিবিরা আমিছেছিল তথ্ন নিরীশরতা এবং সংসার-বৈশ্বাসা বঁড ক্রান্তার হইয়া উঠিল। °কেব আর পুরের আদর্শ বজার রাখিতে পারিক

না ৷ পুত্তবাদ লইয়া তৃথিলাভ করিতে না পারিয়া, বুদ্ধদেবের মূর্ভিকেই উপাশু করিয়া, স্বাভাবিক পূজা করিবার গ্রাব্তির ভৃষ্টি-সাধনের বন্দোবন্ত হইল। মৌর্বারাজত্বের ব্দৰসানে খৃ: পৃ: দ্বিতীয় শতাৰীতে যে এই-প্রকার অহুগানের আরম্ভ, তাহা বৌদ্ধ ইতি-হাসেই পাই ৷ বুদ্ধদেবের মৃত্তির সম্মুখে প্রদীপ জালিরা, পুলাদি উপহার দিয়া, পুজা আরম্ভ হইল। এমন কি, ধর্মচক্র এবং বোধিজ্ঞবেরও পূজা চলিল। কিছুদিন পরেই আবার বৌদ সাধুগণের মৃষ্টিও পৃক্তিত হইল; এবং পরে আৰার তাঁহাদের মৃত্তিগুলি রথে স্থাপন করিয়া, রথ টানিয়া উৎসব চলিতে লাগিল। এই ममरत्र दुक्तरमय्दत्र , नारम शूद्रागामि द्रिष्ठ হইয়া তাঁছাকেই ঈশ্বর করিয়া তোলা হইল। যেমন করিয়া হউক, শুক্ত পরিপূর্ণ रहेबा উঠिन।

অবশু হিন্দুদের দেবতাগণ চিরদিনই

এমন তাবে বর্ণিত যে, তাঁহাদের একটা ছবি
পাওরা যাইত। কিন্তু যজ্জবেদিতে অগ্নি
প্রজানত করিয়া আছতিছারাই পূজার ব্যবস্থা
ছিল; কোন মৃত্তি, রচিত বা স্থাপিত হইত
না। প্রায় খৃঃ পৃঃ ১০০ অবদ এক শ্রেণীর
কাজপেরা দেবতাদের ছোট ছোট মৃত্তি গড়িরা,
লোকের গৃংহ লইয়া বিক্রর আরম্ভ করিয়াছিলেন। ইহারা এই অভিনব কার্য্যের
জন্ম 'দেবল'নাম পাইয়াছিলের । নুতন
প্রথাটা বৌদ্দের অম্বকরণ বলিয়া, পরবর্তী
সমরের মমুসংহিতারও দেবল বাজ্ঞানেরা অভি
নীচ বলিয়া আল্যাত হইয়াছেন। প্রথাটা
বে উল্লিখিত সময়ে নৃতন প্রবর্তিত, কাত্যারন
এবং পতঞ্জলি তাহার সাক্ষীঃ কাত্যারন

এবং প্রশ্বলি যে ঐ সময়ে প্রাছভূতি, তাহা তাঁহাদের গ্রন্থে প্রীক্ যবন এবং শকদের তংদাময়িক ষ্কাদির কথার উল্লেখে প্রমাণিত। কিন্তু দেবলেরা তথনও প্রতিমাপুজা প্রবর্ত্তিত করাইতে পারেন নাই। প্রমাণ মহাভারত। ঐ গ্রন্থে ধর্মের অন্থশাসনে সকলপ্রকার যাগযজ্ঞের কথা আছে, কিন্তু কোথাও, দৃষ্টান্তজ্গেলও, প্রতিমা বা মন্দির গড়িবার কথা নাই। প্রতিমাপুজার ব্যবস্থা না থাকিলেও, কালোচিত কল্পনায়, নৃতন পুরাণ এবং নৃতন দেবতা স্বষ্ট হইতেছিলেন।

वोद्विविद्यादर रुडेक, अथवा कालगारा-त्याहे इडेक, देविक वसन शिथिन इहेश পড়িয়াছিল। কেবলমাত্র বৈদিক যজ্ঞে আর कूलाहेल ना विलिशा, এवः माधातराव मन বৌর পুরাণ এবং অনুষ্ঠানের দিকে আকৃষ্ট হইতেছিল বলিয়া, বৈদিক ভিত্তিট। উপলক্ষ্য-মাত্র করিয়া নৃতন পৌরাণিক আখ্যায়িকা রচিত হইতে লাগিল। এইজ্ঞুই রামা-রণাদি শুদ্রাদি সর্বজাতির পাঠ্য করিয়া রচিত; এইজন্মই দেখিতে পাই যে, বেদের সহিত মহাভারতের কোন প্রকৃত সংস্রব না থাকিলেও, এবং মহাভারতে নৃতন আখ্যা-য়িকা এবং আদর্শের সৃষ্টি হইলেও, মহাভারত भश्य त्वम हहेग्रा **डि**ठित्नन। धगन कि, তুলাদণ্ডে বেদচতুষ্টয়ের সহিত ওলনে, মহা-ভারত অধিক ভারি হইয়াছিল।

রাজনৈতিক কারণে যে মিলন প্রার্থনীয় হইরাছিল, তাহার স্থাবিধা এখং অবকাশ হইল। মিলনফাপন করিতে হইলে, পরের সামগ্রী কিছু লইতে হয়; তাই বৃদ্ধমৃত্তিই হিন্দু শিব হইয়াছিলেন। বৌদ্ধদের মধ্যে

পৌত্তলিক অমুষ্ঠান প্রবর্ত্তিত হইবার বছ-পুর্বে, যথন বুদ্ধশিয়েরা মহাশৃষ্ঠের ধ্যান করিতেন, তখনও ধ্যানবলে অমাত্র্যিক বা অতিপ্রাক্ত কমতা লাভ হয় বলিয়া উইন-एनत विश्वाम अभिग्राणित। नित्रविश्व धान এবং সাধনা হইতে বড়-কিছু পাওয়া গেল না **ट्रमिश्रा, त्वीरक्षत्रा ভाविश्राहित्नम (य, वृक्षत्मव** অতিপ্রাক্ত ক্ষমতায় সিদ্ধিলাভ করিয়া-ছিলেন। সেই ক্ষমতার লোভে ইঁহারাও যোগ ধরিলেন, এবং বুদ্ধদেবকে যোগস্থ ঈশার করিলেন। হিন্দুরাও সেই সময়ে কালের প্রভাব অতিক্রম করিতে পারেন নাই; তাঁহারাও যোগে অতিপ্রাকৃত শক্তি বিক-সিত হয় বলিয়া বিশ্বাস করিয়াছিলেন। হিন্দুদিগের যোগশাল্কের উপর যে বৌদ্ধ-বিশ্বাদের প্রভাব ছিল, তাহা ঐ গ্রন্থের স্বত্তেই পা अया याय । প্রয়োজন বোধ করিলে পাঠ-কেরা ডা: রাজেজলাল মিতের সোদাইটির ছাপা যোগশাস্ত্রের গ্রন্থ পড়িতে পারেন। বোগবলের অনেক ক্ষমতার মধ্যে বৌদ্ধেরা এ কথা বিশ্বাস করিতেন যে, যোগসাধন করিলে কোন হিংশ্রজন্ধ অনিষ্ঠ করিতে পারে না; এমন কি, বিষাক্ত সর্পের দংশনেও ক্ষতি হয় না। নির্বাণ ধ্যান করিলে বাস-নার দংশন হঁইতে মুক্তিলাভ করা যাইত; এখন তাহার পরিবর্ত্তে প্রত্যক্ষ শারীরিক ফলে বিশ্বাস জন্মিল। প্রতিযোগিতাতেই হউক অথবা মিলনের প্রতি লক্ষ্য রাথিয়াই হউক, হিন্দুগণ, যোগীশ্বরূপে মহাদেবের নাগবেটিত धानक मृर्खि साभन कतिरलन। यादांत्रा अह যুগের 'বুদ্ধ এবং শিবের প্রস্তরসৃষ্টি দেখিরা-ছেন, তাঁহারা নিশ্বরই এই সিদান্তট্টি সত্য

বলিবের । পরেও বহুকাল পর্যান্ত এই শিব,

—মহাদেব কি বৃদ্ধ, এ বিষয়ে সন্দেহ ছিল;
তাই ভক্তিশতকে দেখিতে পাই:—

জানং বস্ত সমন্তবন্তবিষয়ং বস্তানবদ্যং বচো

যন্মিন্ রাগলবোহপি নৈব ন পুনর্বেষা ন মোহত্তথা।

বস্তাহেতুরনন্তনিত্যস্থদানরা কুপামাধুরী

বৃদ্ধো বা গিরিশোহথবা স ভগবাংত্তমৈ নমসুর্মাহে॥

কেবল যে বুদ্ধদেবের মূর্ভিটিকে বৈদ্ধিক আভরণে শিব সান্ধান হইয়াছিল, তাহাই নয়; विशृ এবং শিবের মন্তে বুদ্ধ এবং বৌদ্ধ সাধু-দিগের প্রতিমৃর্ত্তির পুজারও ব্যবস্থা দেওয়া হইয়াছিল। ইহাতে অনেক বৌদ্ধ হাঁফ্ ছাজিয়া বাঁচিয়াছিল। মহারাজ গুপ্ত হইতে ১ম চক্রগুপ্ত পর্যান্ত সকলেই মনুর বিধান অহুসারে যজ্ঞাদির পুনঃস্থাপনার প্রয়াস পাইয়া-ছিলেন; এ কথা তাঁহাদের প্রস্তর্লিপিতে পাওয়া যায়। কিন্তু কার্য্যে, বৌদ্ধতৈত্যাদির অহুরূপ হিন্দুচৈত্য নির্মাণ করিয়া দেবতা-স্থাপন করিতেছিলেন। তাহার পর সমুদ্র-অপ্ত, ২য় চক্রগুপ্ত, কুমারগুপ্ত এবং স্বন্দ গুপ্ত ষ্থন নৃতনভাবে দেবমন্দির এবং প্রতিমাদি প্রতিষ্ঠা করিতে লাগিলেন, তথন সঙ্গে সঙ্গে ষহত মহাবীর, স্বামী মহাদেন প্রভৃতি বৌদ্ধ-সাধুগণের জন্মেও আয়তন স্থাপন করিয়া-ছিলেন। এই সময়টা খুষ্টোত্তর ৩৫০ হইতে ৪৬৮ পর্যান্ত। অল্লদিনের মধ্যেই এই মহাবীর এবং মহাসেন প্রভৃতি মহাদেব বলিয়া পুজ্য হইয়া উঠিলেন।

এ পর্যন্ত বাহা বলা গেল, তাহাতে বৌদ উপাদান দিয়া যে শিব গঠিত হইয়াছিল, তাহা ষধাসাধ্য দেখাইয়াছি। এ সম্বন্ধে আমার আর-একটি অমুমান আছে, তাহাও বলি।

ভুরাণীয় শকেরা পুষ্টোত্তর ১ম শতাব্দীতে কাশ্মীর অধিকার করিয়া ভারতবাসী হইয়া-हिल्न। छांशत्रा तोक हिल्न, नकल्बरे জানেন। ` ইঁহাদের এই প্রথম শতাব্দীর মুক্রাতেই বৌদ্ধচিষ্কের সঙ্গে সঙ্গে শৈবচিষ্ক দেখা ভারতবর্ষে পদার্শণ করিয়াই কিছু ইঁহারা হিন্দুদিগের শৈবধর্ম গ্রহণ করেন নাই; বিশেষত ইঁহারা বৌদ্ধ। বৌদ্ধর্ম গ্রহণ করিলে কুলধর্ম ত্যাগ করিতে হইত না, তাহা পূর্বে বলিয়াছি। এইজন্ত মনে হয় যে, এই শিব তাঁহাদের কুলদেবতা ছিলেন। ক্ষমতাশালী রাজারা সকলেই ক্ষত্রিয় হইতেন, ইঁহারাও পরে ক্ষত্রিয় হইয়াছিলেন। ক্ষত্রিয়-দের কুলদেবতারা যে নৃতন দেবতা হইয়া গিয়াছেন, তাহারও প্রমাণ আছে। শিবের গোড়াপত্তনটা এই শক্দিগের শিব হইতে নহে ত ? রজতগিরিনিভ মহাদেব উত্তর-দেশ হইতে আসিয়াছিলেন, কৈলাসপৰ্বতে তাঁহার আবাস, এবং কেবল বৈবাহিক সম্বন্ধে হিমালয়ের সহিত সংযুক্ত, এ কথায় যেন অনুমানটা বড় অসঙ্গত বলিয়া মনে হইতেছে না। কণিক্ষ বড় ক্ষমতাশালী ছিলেন; ইঁহার শকাব্দ পর্যান্ত হিন্দুগণ গ্রহণ করিয়াছিলেন। মিলনস্থাপন করিতে হইলে প্রতিপক্ষীয়ের বড় একটা রাজার জিনিষ नहेशाहे भिनन मख्र ।

এখনও পর্যান্ত নৃতন মহাদেবের সকল করপ পাওয়া যায় নাই। নিয়ন্তরের বৌদ্ধ এবং দেশব্যাপী অনার্যাজাতির প্রভাবে, যে সকল দেবস্বরূপ, মহাদেবে প্রযুক্ত হইয়াছিল বলিয়া মনে করিয়াছি, তাহার উল্লেখ বায়া-স্তরে করিব।

' বসস্ত ।



পাগল বদস্তদিন কতবার অতিথির বেশে
তোমার আমার দারে বীণাহাতে এসেছিল হৈসে
লয়ে তার কত গীত কত মন্ত্র মন ভ্লাবার,
যাহ করিবার কত পূজাপত্র আয়োজনভার!—
কুহুতানে হেঁকে গেছে "থোলো ওগো থোলো দার থোলো!
কাজকর্ম ভোলো আজি, ভোলো বিশ্ব, আপনারে ভোলো!"
এসে এসে কতদিন চলে গেছে দারে দিয়ে নাড়া,—
আমি ছিমু কোন্ কাজে, তুমি তারে দাও নাই সাড়া!
আজ তুমি চলে গেছ, সে এল দক্ষিণ বায়ু বাহি',
আজ তারে ক্ষণকাল ভুলে থাকি হেন সাধ্য নাহি!
আনিছে সে দৃষ্টি তব, তোমার প্রকাশহীন বাণী,
মর্ম্মরি তুলিছে কুঞ্জে তোমার আকুল চিত্তথানি।
মিলনের দিনে যারে কতবার দিয়েছিমু ফাঁকি,
তোমার বিছেদে তারে শৃত্তারে আনে ডাকি ডাকি!

চীন-কাহিনী।

>

(क्व : (क्वी ।

১৯০১ সালের ১৪ই সেপ্টেম্বর ভারত ছাড়িলাছি। ধর্মপ্রাণ ভারতসস্তানের চিরপ্রির
পরিচিত দেবমূর্ত্তিগুলি কতকাল দেখি নাই।
ভারতে থাকিতে তাহাদের কথা বড়-একটা
ভাবিতাম না; কিন্তু এই অপরিচিত বিদেশে
মাতা অরপ্ণার জননীমূর্ত্তি, রাধিকারমণের
প্রেমপূর্ণ মধুর বদনশোভা এই অধম ভক্তিহীনকে, জানি না কেন, সবলে আকর্ষণ
করিতেছিল। যুক্কর কোলাহল, সৈনিকের

রণবাস্থা, রক্তপাতী বিজনীর শার্দ্বাচিত উন্মত্ত তাগুবে বিরক্ত হইরা চিত্ত যেন সেই পবিত্র স্থানর মন্দিরাভ্যস্তরে দেবতার অঞ্জন-স্থবাসিত চন্দনবিলিপ্ত চরণতলে শান্তির জন্ত আশ্রয়গ্রহণ করিতে চাহিতেছিল।

তাই যথন আমার সঙ্গী চীনেম্যান আসির।
আমার তাহার স্বদেশীর দেবীমূর্ত্তি দেখাইবার
গুত্তাব উত্থাপন করিল, তথক আমি সাগ্রহে
সন্মতি দিলাম।

শ্রামরা উভয়ে দেবীমন্দিরের বারে উপক্রিত হইলাম। মন্দির কার্চনির্দ্ধিত, রপের
ন্থার আকারবিশিষ্ঠ। মন্দিরে আজ বিস্তর
লোকসমাগম। হরস্ত-সমর-দর্শনে ভীত নরনারী স্থানেশের কল্যাণকামনার মন্দিরে পূজা
দিতে আসিতেছে। পূজার্থী সকলেরই পারে
পাছকা। ইহাদের পাছকা মথমল ও বস্ত্র
নির্দ্ধিত বলিরাই হউক বা অন্ত কোন কারণেই
হউক, ইহারা দেবালয়ে প্রবেশকালে পাছকা
ত্যাগ করার প্রয়োজন মনে করে না। জুতা
পারে দিয়া বিগ্রহম্পর্শপ্ত ইহাদের মতে
দোষাবহ নহে। আমাকেও কেহ পাছকা
ত্যাগ করিতে অন্থরোধ করিল না।

দেবীর আক্কৃতি প্রায় আমাদের অন্নপূর্ণা-মৃর্ব্তির অমুদ্ধপ: এথানকার দেবতারা প্রায় বাহনবজ্জিত। কদাচিৎ ছুইএকজনের হাঙর বা কচ্ছপ বাহন আছে।

দেবী আমাদের দেবীগণের স্থায় অলঙ্কারবিমণ্ডিতা নহেন—কেবল হত্তে ২।০গাছি
বলয়, কর্ণে ফুলটেড়ী এবং বক্ষে সমুজ্জল
কাঁচুলি। দেবীর সর্বাঙ্গে কতকগুলি শিশুমৃর্জি—কেহ পৃঠে, কেহ বাছতে, কেহ স্করে,
কেহ চরণতলে—সস্তানপরিবেষ্টিতা জননীমৃর্জির স্ক্র্পান্ট প্রতিরূপ! কুরুম ও অপর
একপ্রকার স্থানিজ্রব্যে স্থাসিত অভিবেকজলে লাত দেবীমৃর্জি হইতে সৌরভ বিকিরিত
ও বারিবিন্দু ক্ষরিত হইতেছিল। চীনেরা
একে একে সকলে দেবীমৃর্জি স্পার্শ করিয়া
বাইতেছিল।

মন্দিরে • প্রারেশ করিয়া ইহারা প্রথমে বিপ্রাহের-সমুখন্থিত বৃহৎ শব্ম ধ্বনিত করিজত করিতে মূর্জি প্রদক্ষিণ করিল, ভার পর

শৃশুটি যথাস্থানে রাথিয়া প্রত্যেকে কেহ বা ৫ সেণ্ট কেহ বা ১০ সেণ্ট দেবীর নিকট প্রণামী দিল, শেষে ভক্তিভরে দেবীর শিরোদেশ স্পর্শ করিয়া বাহির হইয়া গেল। এইরূপে একদল আসিতে, একদল যাইতে লাগিল। স্ত্রী-পুরুষ কাহারও আসিতে বাধা নাই। তবে স্ত্রীর ভাগ কিছু আমাদের দেশে কিন্তু ইহার বিপরীত। আমরা ধর্মকর্ম স্ত্রীলোকের হাতে দিয়া নিজেরা সভ্যতালাভের জন্ম ব্যাকুল হইয়া উঠিয়াছি। দেই মন্দিরগৃহে আর একটি वांडां नीवावृत मरक माक्का १ इहेन । वावृतित নাম অমৃতলাল দে-নিবাস ২৪পরগণার অন্তর্গত রাজীবপুর গ্রামে-এথানে Pay Office এ কর্ম করেন। ইনিও আমারই মত দেবীদর্শনে আসিয়াছিলেন। কোন বুজ চীনবাসী দেবীর সম্মুখে আসিয়া প্রথমে মাথাটা একটু নোয়াইয়া ও দক্ষিণ জামতে হাত রাখিয়া মুহুর্ত্তকাল অপেকা করিতেছিলেন। শুনিলাম, ইহা ভক্তি ও সন্মান প্রদর্শনের চিহ্ন।

মন্দিরের প্রাচীর অত্যন্ত পাতলা বলিয়া
মন্দিরাভান্তরে স্থান যথেষ্ট। প্রাচীরগাত্তে
নানাবিধ নরনারীমূর্ত্তি এবং তীর-ধয় প্রভৃতি
প্রহরণ স্থচিত্রিত। দেবীর চতুর্দিকে আরও
অনেকগুলি বিগ্রহমূর্ত্তি অবস্থিত—কিন্তু ইহাদের কেহই আমার পরিচিত নহেন। অসি,
শেল, শ্ল, পটিদ, মুলার—পরিশোভিত
অষ্ঠ হল্ত, দ্বাদশ্য বদন, এক বীরমূর্ত্তি
দেখিলাম। তাঁহার পার্শে হয়্মানের স্থায়
করেকটি বিগ্রহমূর্ত্তিও দৃষ্টিগোচর হইল।
নাশ্মীকির মানসপুত্রগণ স্থদ্র টানদেশে ভ্রিয়া

জলবায়ুর গুণে কিছু পরিবর্ত্তিত হইরাছেন কি না, কে বলিতে পারে!

দেবীর সমক্ষে (সম্ভবত) মেধচর্দ্ধাসনে সমাসীন এক তাত্রবর্গবেণী ও বিলম্বিত-গুক্ফ-শাশ্রু-পরিশোভিত মহাপুরুষকে দর্শন করি-লাম। শুনিলাম, ইনিই দেবীর পুরোহিত।

ক্রমশ দিবালোক মান হইয়া সন্ধ্যাসমাগম স্চিত করিল। দেবীর আরতির সময় আসিল। জনকোলাহল এখন প্রায় স্তন্ধীভূত—দেবালয় নিঃশব্দ, নির্জন।

পুরোহিত একটি বাতি লইরা মন্দিরে প্রবেশ করিলেন এবং বাতিটি দেবীর বামদিকে একটি কাঠাদনে স্থাপিত করিয়া তিনচারিবার স্থগভীর শঙ্খধ্বনি করিলেন, তাহার পর একতাড়া পুঁথি বাহির করিয়া বিচিত্রস্থরে দেবীর নিকট পাঠ করিতে লাগিলেন।
বলা বাহল্য, ইহার এক বর্ণও আমার বোধগম্য হইল না। আমার সঙ্গীকে জিজ্ঞাদা করিয়া জানিলাম, তাঁহার অবস্থাও এ বিষয়ে আমার অপেকা বিশেষ উন্নত নহে।

এই সকল মন্ত্র মঙ্গোলীয় ভাষায় রচিত---কেবল যৎসামান্ত চীনভাষা মিশ্রিত।

ইতিমধ্যে আরতি সমাপ্ত হইয়া ভোগের সময় আদিল। পুরোহিত-মহাশয় পার্মবর্ত্তী গৃহ হইতে ভোগদামগ্রী আনিয়া ভক্তিভরে দেবীর সম্মুথে স্থাপন করিলেন এবং মন্ত্রপাঠ করিয়া নিবেদন করিয়া দিতে প্রবৃত্ত হইলেন। আমি কিন্তু ভোগদামগ্রী দেখিয়া অবাক্ হইয়া গেলাম—প্রসাদ পাইবার বাসনা স্কদ্রে

দেবীর ভোগ্যদার্মগ্রী—গোধুমচ্র্নের পিষ্টক, কিঞ্চিৎ ফলমূল, ভাজা আরশুলা, ছেক এবং শৃকরের তরকারি ! ' আমার সঙ্গী ছীনেম্যান আমার প্রবাধ দিবার জক্ত বিললেন, দেবীর পক্ষে সরই সমান—তাঁহার থান্যাথান্য কিছুই নাই, স্ক্তরাং তাঁহাকে সবই দিতে পারা যায়। কিছু এই তত্ত্বকথার আমার চিত্ত প্রসন্নতা লাভ করিল না।

অর্দ্বণটার মধ্যে ভোগদান সমাপ্ত হইয়।
গেলু। আমরা অতিথি, স্থতরাং প্রসাদলাভে
অধিকারী; প্রোহিত-মহাশয় আমাদের বঞ্চিত
করিলেন না। যথেষ্টপরিমাণ ভোগসামগ্রী
লইয়া আমাদের উপহার দিতে আসিলেন।
আমার দঙ্গী প্রসাদ লাভ করিয়া ক্রতার্থ হইলেন, আমি কিন্তু কিছুতেই আমার প্রসাদবিমুখ চিত্তকে ফিরাইয়া আনিতে পারিলাম না।

ফলে পুরোহিত-মহাশয় এই ভক্তিহীনের প্রতি অত্যস্ত বিরক্ত হইলেন এবং আমার জন্ম আমার নিরপরাধ দঙ্গী বেচারাও যথেই তিরস্কৃত হইল।

অতঃপর আহারার্থে পুরোহিত-মহাশন্ধ বাহির হইয়া গেলে আমি আমার সঙ্গীর সহিত দেবসেবার ব্যন্তাদিসম্বন্ধে আলোচনা আরম্ভ করিয়া দিলাম।

সঙ্গী বলিলেন, দেবদেবার জন্ম প্রোহিত প্রত্যহ দেড় ডলার বা ২। হিসাবে, যাঁহাদের ঠাকুর, তাঁহাদের নিকট হইতে পাইরা থাকেন। এতত্তির কেহ কেহ অবস্থারিশেষে কিছু কিছু বেতনও পান। ঠাকুরের জন্ম বাজার হইতে নিত্য "তোলা" তোলা প্রোহিত-মহাশয়দের একচেটিরা। দ্বের্তার সম্থে পূজার জন্ম যে সকল জুবাদি পড়ে, তাহাতেও প্রোহিতের অধিকার—প্রসাক্তি অধিকারীরা প্রাপ্ত হন। ঠাকুরের

আক্রেক ভূসন্পতিও আছে, কিন্তু সে-স্কলের ভার স্নামাদের দেশের মত পুরোহিতের উপার নছে; যাঁহাদের ঠাকুর, জাঁহারাই মে-সকল সম্পত্তির আদায়-উন্মল করিয়া থাকেন, পুরোহিত তাহা হইতে কেবল দেব-দেবার নিয়মিত থরচা পান।

আলোচনা করিতে করিতে রাত্রি প্রায়

নটা বাজিয়া গেল। পুরোহিত-মৃহাশয়

মাহারাস্তে তিনটি সঙ্গী সমভিব্যাহারে মন্দিরমধ্যে প্ন:প্রবেশ করিলেন। সঙ্গি-তিনটি
আমাকে দেখিয়া কিছু বিশ্বিত হইল, কিন্তু
আমার সঙ্গীর নিকট আমার পরিচয় পাইয়া
আইস্তচিত্তে মাহর পাতিয়া খেলা জুড়িয়া
দিল। এই খেলা কতকটা আমাদের পাশাখেলার অমুরূপ। পুরোহিত-মহাশয় পাতলাপাতলা ৬ অঙ্গুলিপরিমাণ লম্বা ১৬খানি খাদি
বাঁথারি বাহির করিলেন—বাঁথারিগুলির গায়ে
চক্রের ভায় ছিল্র—ছিল্রসংখ্যা সবগুলিতে

সমান্নহে—ইহারাই আমাদের পাশাখেলার
পাশাস্থানীয়।

আগন্তুক তিনজন এক-এক-তোড়া মধ্য-স্থলে চক্রাকার-ছিদ্র-বিশিষ্ট পিতলের প্রদা বাহির করিল। এই পরসার নাম "তাগালু," ভারতের ১ পরসায় তিনটি তাগালুপাওয়াধায়।

তার পর তোড়া হইতে যাহার যত ইচ্ছা
তাগালু বাহির করিয়া সন্মুথে রাথা হইল এবং
বাঁথারিগুলি পাশার মত চালিত হইতে
কাগিল। বাঁহার যেমন "দান" পড়িল, তিনি
কেইরপ হারিতে বা জিতিতে লাগিলেন।
থেকা শ্বেষ হইতে রাত্রি ১২টা বাজিয়া গেল।
এই থেকার পুরোহিত-মহাশরের উন্ধান ও
ক্ষানন্দ্র চিরকাল আমার মনে থাকিবে।

আমি মে-দিন ম্নিংরই রাত্তিষাপন করিব স্থির করিয়া আসিয়াছিলাম, স্থতনাং একথানি মেরচর্ম পাতিয়া তাহার উপর শয়ন করিলাম। আমার সঞ্চীটিকে পুরোহিত-মহাশয় অন্থাই করিয়া আপনার গৃহপার্মে আশ্রমান করিলেন।

ক্রমে রজনীর অন্ধকার বিদ্রিত হইল।
উধার অরুণকিরণে চরাচর উদ্ভাসিত হইন।
উঠিল। দয়েলের মত রং, ঈধং বড় বড়,
একপ্রকার কাক "কা কা" রবে ডাকিডে
আবস্ত করিল। মেধসমূহ বাহিরে ঘাইবার
জন্ম আকুল হইয়া চীৎকার করিতে লাগিল।
পশু, পক্ষী, জীবগণের কলরবে মন্দির
যেন মুথরিত হইল—দেবীও বুনি জাগিয়া
উঠিলেন।

পুরোহিত-মহাশয় ঘুমচোথে নলে দোক্রার ধুম পান করিতে করিতে আমার সঙ্গীকে লইয়া মন্দিরে দর্শন দিলেন।

এমন-সময় একদল নরনারী একটি উ**ট্ট** শাবক ও একটি শ্কর লইয়া মন্দিরসন্থে উপস্থিত হটল। দলের মধ্যে চ্ইটি স্ত্রীলোক ও একজন জাপানী। স্ত্রীলোক চ্ইটি প্রমা রূপবাটী।

জাপানী পুরুষটি ব্যতীত আর সকলেই শহাধ্বনি করিয়া দেবীপ্রদক্ষিণান্তে ৫ সেন্ট করিয়া প্রণামী দিলেন। তার পর বলি-দানের পালা।

বলিদানের জক্ম শাণিত ভেঁটে আকারের একথানি তলোয়ার পুরেহিতের নিকট উৎ-সর্গ করিতে দেওরা হইল। জ্ববারি উৎ-সর্গীকৃত হইলে—পশুত্রইটিকে একে একে একটি গর্ভে নামাইরা ধরা হইল। (এখানে আমাদের দেশের মত হাঁড়িকাঠের ব্যবস্থা নাই, গর্ভেই হাঁড়িকাঠের কাগ্য সম্পাদিত হইয়া থাকে।) অমনি ভীমরবে চড়্চড়-শব্দে চকা নিনাদিত হইয়া উঠিল। মূহুর্ভমধ্যে পশুবরের ছিল্ল মুগু দেবীর চরণ-তলে পতিত হইল। একজন চীনেম্যান তাড়াতাড়ি সেই পশুরক্তে দেবীকে স্নান করাইয়া দিল। রক্তমাতা দেবী অস্ত্র-নাশিনী চামুগুার স্থান্ন শোভা পাইতে লাগিলেন।

ছুইটি পশুর বলিদান হইলে, একটি পুরোহিত-মহাশদের প্রাপা, স্কুতরাং শৃকরের ধড়টি তাঁহার জন্ত পড়িয়া রহিল। তিনি আননন্দ বিভোর হইয়া, সেটিকে গৃহমধো লইয়া গেলেন। মন্দিরগৃহ কিয়ৎকালের জন্ত নিস্তব্ধ হইল।

আমার সঙ্গীকে জিজ্ঞাসা করিয়া জানিলাম, এ পূজা বারবনিতার অমুষ্ঠিত — অমুষ্ঠাতী ঐ হই রূপসী। উহারা পণ্যনারী— পূক্ষগণ উহাদের ভ্ত্য — মাশ্রয়দাত্রীদের জীবনবাত্রানির্মাহের সহায়তাসাধন এবং তাহাদের পরিচর্যা করাই ইহাদের কার্য্য। এই স্ত্রীলোক-ছইটির কর্ণ অলকাবৃত দেখিলাম। গুনিলাম, এ শ্রেণীর স্ত্রীলোককৈ চিনিবার ইহাই উপায়। ইহারা কি তবে বাংলাদেশের কাটা-কাণ ও চূল সম্বন্ধীয় সেই প্রসিদ্ধ প্রবাদব্দনের সক্ষানরকা করিয়া থাকে?

পুরোহিত-মহাশরের আজ অত্যস্ত উল্লান্তর দিন, সন্দেহ নাই। বেলা•>•টার সময় তিনি ভোগের সামগ্রী আনিয়া দেবীর সন্মুথে থবে থবে সাজাইতে লাগিলেন। আজ ভোগের আরোজনেও যথেই সমারোহ!

— আরওলার তিন চারি-প্রকার থাদ্য, শুকরের ছই-তিন-প্রকার তরকারি! প্রোহিতমহাশরের বোধ হর "ভোগের আগেই প্রসাদ"
পাইবার জন্ম রসনা লোলুপ হইরা উঠিতেছিল!

ভোজ্যবস্থসমূহ রক্তবর্ণ বল্পে আবৃত হইল। পুরোহিত-মহাশয় একটি টুপিতে মস্তক, আবৃত করিয়া ভক্তিভরে চর্মাসনে উপবিষ্ট হইলেন। ছইজন চানেম্যান মৃহর্মুছ্ শহুধনি করিতে লাগিল। একজন সানা-ইয়ের স্থায় একরকম বাঁশীতে স্থর ধরিল। একটি পেয়ালা হইতে স্থরভি ধুম উদগত হইতে লাগিল।

পুরোহিত-মহাশর হুইটি অঙ্কুলি ছারা কুঙ্কুম ও "মিরাই" মিশ্রিত জল ছিটাইরা থাদ্যাদি দেবীকে নিবেদন করিয়া দিতে লাগিলেন। একঘণ্টা পরে পূজা সমাধা হইল।

শহ্মধ্বনি নীরব হইল, সানাইয়ের হ্বরও
থামিল—পুরোহিত-মহাশয় হাত-ছইটি উর্চ্চে
উথিত করিলেন। তদ্দর্শনে মন্দিরস্থ সকলেই
হস্তোত্তোলন করিল। উত্তোলিত হস্তদ্ম
জামুদেশে স্থাপিত হইয়া দেবীর প্রতি সন্মান
প্রদর্শিত হইল। পুরোহিত-মহাশয় আসন
ত্যাগ করিলেন।

তাহার পর প্রসাদবণ্টনের পালা উপতিত হইল, সকলেই প্রসাদ গ্রহণ করিরা
ক্ষতার্থ হইলেন—আমি কিন্তু প্রসাদ
গণিলাম। পূর্বরাত্তে প্রসাদ গ্রহণ করি
নাই বলিরা পুরোহিত-মহাশর আল আর আমার সেজস্থ বিশেষ পীড়াপীড়ি করিলেন না। একজন কেবল "অন্তত ভোগের

স্থারওলা হুইটি ধান" বলিরা আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন, কিন্তু আমার বিরক্তিপূর্ণ হইতে রক্ষা করার জন্ত শতশত ধক্তবাদ দিয়া মুখ দেখিয়া তাঁহাকেও অচিয়ে নিরস্ত হইতে বৌদ্ধ চীনে বলিদানের কথা ভাবিতে ভাবিতে रहेन।

व्यामि त्ववीदक व्यामात्र এই প্রসাদবিপত্তি সঙ্গীর সহিত গৃহে ফিরিয়া আসিলাম।

Si:----

উৎসব।

এদ বদস্ত এদ আজ তুমি আমারো হয়ারে এস! কুৰ তোলা নাই, ভাঙা আয়োজন, নিবে গেছে দীপ, শৃগ্ত আসন, আমার ঘরের শ্রীহীন মলিন দীনতা দেখিয়ো হেসো, তবু বসস্ত তবু আজ তুমি यागादा इत्राद्य अत्म। আজিকে আমার সব বাতায়ন রয়েছে--রয়েছে থোলা ! বাধাহীন দিন পড়ে আছে আজ, নাই কোনো আশা, নাই কোনো কাজ, আপনা-আপনি দক্ষিণ বায়ে इनिष्ड हिन्दुरमाना। শৃক্তঘরের সব বাতায়ন আজিকে রয়েছে খোলা! কত দিবসের হাসি ও কালা হেথা হয়ে গেছে সারা। ছাড়া পাক্ তারা তোমার আকাশে, নিশাদ পাক্ তোমার বাতাদে, নব নব রূপে বভুক জন্ম বকুলে চাঁপায় তা'রা, ু গত দিবলের হাসি ও কান্ন। ় বত হয়ে সেছে সারা।

আমার বক্ষে বেদনার মাঝে কর তব উৎসব ! আন ভব হাসি, আন ভব বাঁশী, ফুলপল্লব আন রাশিরাশি, कितिया कितिया शान श्राट्य याक् যত পাখী আছে সব, বেদনা আমার ধ্বনিত করিয়া কর তব উৎসব। •

সেই কল্ববে অন্তর্মাঝে পাব, পাব আমি সাড়া! द्यारक जूरनारक वाधि এक मन তোমরা করিবে যবে কোলাহল. . হাসিতে হাসিতে মরণের দারে বারে বারে দিবে নাড়া---সেই কলরবে অন্তর্মাঝে পাব, পাব আমি সাড়া!

প্রেম।

বছরে যা এক করে; বিচিত্রেরে করে যা সরস;---প্রভূতেরে করি' আনে নিজ ক্ষুদ্র তর্জ্জনীর বশ ; বিবিধপ্রয়াসক্ষুদ্ধ দিবসেরে লয়ে আসে ধীরে স্থপ্তিস্থনিবিড় শাস্ত স্বর্ণময় সন্ধ্যার তিমিরে ধ্রুবতারাদীপদীপ্ত স্কুপ্ত নিভূত অবসানে; বছবাক্যব্যাকুলতা ডুবায় যা একথানি গানে বেদনার স্থধারসে,—সেই প্রেম হ'তে মোরে প্রিয়া রেখো না বঞ্চিত করি ;—প্রতিদিন থাকিয়ো জাগিয়া আমার দিনান্তমাঝে। কঙ্কণের কনককিরণ নিদ্রার আঁধারপটে আঁকি দিবে সোনার স্বপন: তোমার চরণপাত মোর স্তব্ধ সায়াহ্র-আকাশে নিঃশব্দে পড়িবে ধরা আরক্তিম অলক্ত-আভাসে। ্ এ জীবন নিয়ে যাবে অনিমেষ কয়নের টানে তোমার আপন কক্ষে পরিপূর্ণ মরণের পানে !

সার সত্যের আলোচনা।

আছি এবং আছে 4

এই সময়ে পথের কতকগুলি প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করা আবগুক বিবেচনায় বিগত ঘূইবারে সন্তা, শক্তি, জ্ঞান এবং আনন্দের মধ্যে কিরূপ ঘনিষ্ঠ একাত্মভাব, তাহা বিধি-মতে পরীক্ষা করিয়া দেখিয়া ঐ তিনটি প্রয়ো-জনীয় দ্রব্য পাথেয়-সম্বলের সহিত্র গাঁটরী বাধিয়া লওয়া হইয়াছিল।

একণে প্রয়াণ-পথের কোন্ স্থান হইতে
কোন্ স্থানে আদিয়াছি এবং কতদ্র অবধি
গিয়া কোন্ স্থানে তাঁবু গাড়িতে হইবে, তাহা
একবার পর্যবেকণ করিয়া দেখা আবশুক।

পাঠকের স্থরণ থাকিতে পারে যে. দ্রব্যাদি-সংগ্রহের জন্ম মাঝ-পথে থামিয়া দাঁড়াইবার পূর্বে আমরা আত্মজ্ঞানের হুই বিভিন্ন মূর্ত্তি পৃথক্ পৃথক্ রূপে পর্যালোচনা করিতে আরম্ভ করিয়াছিলাম। মূর্ত্তি হ'চেচ--ভাব-মূর্ত্তি এবং দত্য-মূর্ত্তি। কিন্তু পর্য্যালোচনা-কার্য্যের স্কল্পিত শের হইতে-না-হইতেই মাঝ-পথের ব্যাপারে আটক পড়িয়া গেলাম। আত্মজ্ঞানের ভাব-মূর্ত্তি কিরূপ, তাহার আলোচনা আমরা যথা-সাধ্য করিয়া চুকিয়াছি; তা বই, তাহার সত্য-মৃর্ত্তি কিরূপ, সে সম্বন্ধে এখনো পর্য্যস্ত একটি কথারও উল্লেখ করি নাই। আমরা দেশাইরাছি বে, আত্মশক্তি খাটাইরা আত্ম-জ্ঞানের ভাব্-ুমূর্জি উদ্ভাবন করা বাইতে পারে; আর, তাহার সাধনপদ্ধতি হ'চেচ যোগশাস্ত্রের উপদেশাস্থারী ধারণা, ধ্যান এবং সমাধি।
এ বিষয়ে যোগশাস্ত্রের প্রথম মন্তব্য এই যে,
"বাদৃশী ভাবনা যক্ত সিদ্ধির্ভবতি তাদৃশী"।
তুমি যেরপ বিষয়ের প্রয়াসী, তোমার সিদ্ধিও
সেইরূপ হইবে;—কিন্তু অমনি হইবে না,
তাহার জন্ত সাধন করা চাই। সাধন যেরূপে
করিতে হইবে, তাহাই তোমাকে বলিয়া
দেওয়া হইল।

দিতীয় মস্তব্য এই বে, নীচের নীচের ভূমি

মাড়াইয়া উচ্চোচ্চ ভূমিতে সংযম প্রয়োগ করা
(অর্থাৎ ধারণা, ধ্যান এবং সমাধি প্রয়োগ

করা) কর্ত্তব্য। ভূমি-বিভাগ কিরুপ, তাহা

यদি জিজ্ঞাসা কর, তবে তাহা মোটামুটি

এইরূপ:—

প্রথম ভূমি পৃথিবী-তত্ব; দিতীয় জলতত্ব; তৃতীয় অগ্নি-তত্ব; চতুর্থ বায়-তত্ব;
পঞ্চম আকাশ-তত্ব; ষষ্ঠ মনস্তত্ব; সপ্তম
মহকার-তত্ব; অপ্তম বৃদ্ধি-তত্ব; নবম
প্রকৃতি। যোগশাস্ত্রের উপদেশ এই যে,
পৃথিবী-তত্ব হইতে যাত্রারস্ত করিয়া নীটের
নীচের ভূমি একে একে মাড়াইয়া উপরের
উপরের ভূমিতে আত্মশক্তি বা সংযম্ প্রয়োগ
কর; অর্থাৎ, যে পথ দিয়া প্রকৃতির ক্রমবিকাশ হইয়াছে, সেই পথ দিয়া প্রকৃতি ভেদ
করিয়া উচ্চে ওঠো; উচ্চে উঠিয়া পুরুবে—
স্কর্মেণ—আত্মাতে—স্থিতি কর।

নীচের নীচের ভূমি মাড়াইরা উপরের

উপরের ভূমিতে উত্থান করিতে হইবে— এটা সাধারণ ব্যবস্থা; তা ছাড়া, বিশেষ विस्मि वाक्तित जन्म विस्मित वावना নির্দেশ করিয়া দেওয়া আবগুক। "কোনো ব্যক্তির পাঠ আরম্ভ করা আবশ্রক ক-শ হইতে; কাহারো বা—ব্যাকরণ হইতে; বা---সাহিত্য হইতে। যাহার কাহারে যোগ্যতার যতটা দৌড়, সেই অমুসারে তাহার **শাধনের গোড়া'র পঁইটা নির্দেশ** করিয়া দেওয়া আবগুক। কিন্তু কে তাহা নিৰ্দেশ যে ব্যক্তি ধাহা মনে করিয়া দিবে ? প্রবৃত্ত হয়, তাহাতেই করিয়া সাধনে ভাহার যোগ্যতার দৌড় প্রকাশ এবং তদমুদারে দাধক আপনিই আপনার সাধনের প্রথম পাঁইট। নির্দ্ধারণ করিতে পারেন; ভাহাই তিনি করুন্; তাহা হইলেই তিনি আন্তরিক ইচ্ছার সহিত সাধনে প্রবৃত্ত ছইতে পারিবেন; আরু তাহা হইলেই সাধন আশু-ফলপ্রদ হইবে। ফলেও এইরূপ দেখা যায় যে, সঙ্গীতের দিকে যাহার স্বভাবতই মনের দৌড়, সে সঙ্গীতের চর্চার নিযুক্ত হইলে তাহার যেরূপ সহজে সিদ্ধিলাভ হইতে পারে, অপরের পক্ষে তাহা সম্ভাবনীয় নহে। এইজ্ঞ যোগশাস্ত্রের প্রধান একটি মন্তব্য কুখা এই বে, বেরূপ লক্ষ্যবস্তু লোমার মনের ইচ্ছার অমুধায়ী, তাহাতেই প্রথমে তুমি আত্মশক্তি বা দংষম প্রয়োগ কর-প্রয়োগ করিয়া দেই অভীষ্ট বিষয়টি আপনার সম্যক্ ৰশে আনয়ন কর; তাহার পরে ক্রমশ নীচের নীচের বিষয় বেশীভূত করিয়া উচ্চ উচ্চ বিষয়ের সাধনে প্রবৃত্ত ছও। এইরূপ **ৰেখা বাইভেছে যে, সাধনের লক্ষ্যবন্ধ তত**

নয়—সাধনের পদ্ধতিই যত বোগশাংক্রের উপদেষ্টব্য বিষয়। যোগশান্তের একটি স্থানে क्विन माध्यात नकाव स्मिनिष्टे। कान স্থানে ? না, যেথানে বলিতেছেন--- "ঈশর-প্রণিধানাদ্বা।" এই স্থানটিতেই আত্মশক্তির পরিবর্ত্তে ঐশী শক্তির পরাকাষ্ঠা বলবন্ত। এবং ভক্তিপূর্ব্বক ঈশ্বরে কর্ম্ম-সমর্পণের বিধ্নেতা প্রতিপাদন করা হইমাছে। এই স্থানটির কণা ভাল করিয়া বুঝিয়া দেখা আবগুক; এবং তাহা বুঝিয়া দেখিতে হইলে আমাদের জ্ঞানরাজ্যে আত্মকর্তৃত্বেরই বা কার্য্যকারিতা কিরূপ, ঐশী শক্তিরই বা কার্য্যকারিতা কিরূপ, তাহার প্রতি রীতিমত অনুসন্ধান প্রয়োগ করা কর্ত্তব্য। তাহারই একণে চেষ্টা দেখা যাইতেছে।

আত্মকর্ত্ত্বের মূলে ঐশী শক্তির কার্য্য-কারিতা কিরূপ, তাহার সন্ধান প্রাপ্ত হইতে হইলে সাধনের কথা ছাড়িয়া দিয়া সহজে আমরা আত্মাকে কিরূপে উপলব্ধি করি, তাহারই প্রতি সর্বপ্রথমে প্রণিধান করা কর্ত্তব্য।

আপামর-সাধারণ সকল ব্যক্তিই "আমি আছি" এই কথাটি থুবই স্পাষ্ট হানমঙ্গম করে; হানমঙ্গম করিয়াও শুদ্ধকেবল সেই কথাটির বলে আপনার ধ্রুব অন্তিছ-বিষয়ে নিঃসংশম হইতে পারে না। অতএব, সহজ জ্ঞানের এই যে একটি কথা—"আমি আছি"—একণাটির বলবতার দৌড় কতদ্র পর্যন্ত, তাহা একবার তোলাপাড়া করিয়া দেখা নিভাস্তই আবশ্রক।

"আছি" এবং "আছে" এ হয়ের নঞ্চে প্রভেদ কি ? "আছি" এবং "আছে"র সংস্থ ব্যাকরণঘটিত উত্তমপুরুষ এবং প্রথমপুরুষের প্রভেদ তো আছেই—কিন্তু সে প্রভেদ তত্ত্বজিজ্ঞান্তর বড়-একটা গারে লাগে না; ভা ছাড়া, ছরের মধ্যে নিগূঢ়-রকমের একটি প্রভেদ আছে—সেইটিই এথানে জ্রপ্তবা; তাহা এই:—

आমि रिम विन (य, "हिमानम-পর্বত আছে," তবে শ্রোতা বলিতে পারে যে, "ভাহা যে আছে, তাহার প্রমাণ কি ?" পক্ষান্তরে, আমি যদি বলি বে, "আমি আছি," তবে আমার সেই কথাটিই আমার অন্তিজের প্রমাণ: কেন না, আমি না থাকিলে "আমি আছি" এ কথাটি আমার মুথ দিয়া বাহির হইতে পারিত না। "আমি আছি" এ কথাটি আমি ধদি মুখে না-ও উচ্চারণ করি--- শুধু ৰদি কেবল মনে মনে বলি বে, "আমি আছি," তবে ভাহাই আমার অন্তিম্বের যথেষ্ঠ প্রমাণ; কেন না, আমি না থাকিলে "আমি আছি" এ কথাট আমার মদেও আসিতে পারিত না। তা ৩ধু না—আমি "ৰাছি" না বলিয়া আমি যদি মনে মনে বলি বে, "মামি নাই" অথবা "আমি আছি কি নাই, তাহা আমি জানি না," তবে ভাহাতেও প্রকারান্তরে বলা হয় যে. "আমি আছি"; কেন না, আমি যদি না থাকিতাম, তবে "আমি নাই" এ কথাও আমার মনে আসিতে পারিত না, অথবা, "আমি আছি কি নাই, তাহা জানি না" এ কথাও আমার মনে আসিতে পারিত না। এই স্থানটিতে, দেকতা-'Des-cartes)-নামক क्षांत्रीत् अविराग्त शतिक महावाकारि मेंहम शरफ ; कि ? नां, Cagità ergo

sum—"আমি চিন্তা করিতেছি, অত এব আমি আছি।" কথাটি থুব ঠিক্; কিন্তু উহার বলবভার দৌড় যে 'চিন্তা করিতেছি'র মধ্যেই 'আবদ্ধ, দেকর্তা তাহা বুরিয়াও বোঝেন নাই; তাহা বুঝিলে তিনি 'আছি' এবং 'আছে'র মধ্যে একটা অলজ্মনীর প্রাচীর সরিবেশিত করিবার রুধা চেষ্টার প্রবৃত্ত হইতেন না।

প্রকৃত কথা যাহা, তাহা এই:-- •

ৰখনই আমার মনোমধ্যে যে-কোনো চিন্তা উপস্থিত হইতেছে, তথনই সেই চিম্বান্ধ সঙ্গে সঙ্গে 'আমি-আছি' এই কথাটি আমার জ্ঞানে প্রকাশ পাইতেছে; কিন্তু সে যে আমি আছি, তাহা তখন, আমি আছি; আর, সেই তথন-'আমি-আছি'র প্রমাণ তথন-কার সেই চিস্তা। পক্ষান্তরে, আমি গত-কল্য যাহা চিন্তা করিয়াছিলাম, সে চিন্তা সাক্ষাৎসম্বন্ধে এখন-আমি-আছি'র প্রমাণ নহে। আমার এথনকার চিস্তাই এখন আমি আছি'র প্রমাণ। দে-কর্তার মতে ''আছি"রই কেবল প্রমাণ আছে— 'আছে'র কোনো প্রমাণ নাই। কিছ একটু বিবেচনা করিয়া দেখিলেই প্রতীয়মান হইবে যে, আছে'র যদি কোনো প্রমাণ না থাকিত, তবে "আছে" এরপ একটা কথা আমাদের বৃদ্ধিতে আমল পাইতেই পারিত না। আছি'র বেষন প্রমাণ হার্ভে-হাতে--আছে'রও তেমনি; প্রভেদ কেবল এই বে, আছি'র প্রমাণ অপেকাকত নিরবচ্ছিত্র, আছে'র প্রমাণ অপেকাকৃত ব্যবিদ্ধির। আমি এখন লিখিতবা বিষয় চিন্তা করিভেছি, আর্র, ্ৰেই সলে এই কথাটি জ্ঞানে উপলব্ধি ক্ষি-

ভেছি বে, এখন আমি আছি; আমার এখনকার চিন্তা আমার এখনকার অন্তিথের এ বেমন প্রমাণ, তেমনি, আমার সন্মুথে আমি ঐ যে উন্থান দেখিতেছি, ঐ উন্থানের রশ্মি-প্রতিকেপণী ক্রিয়া (অর্থাৎ ঐ উত্থান স্থারশ্মি প্রতিহত করিয়া আমার চক্ষু-গোলকে যে বিচিত্র বর্ণ ক্ষেপণ করিতেছে—সেই প্রতি-কেপণী ক্রিয়া) উল্পানের অন্তিত্বের প্রমাণ। প্রভেদ কেবল এই যে, যথন আমি ঘরে ঢ়কিয়া জানালা বন্ধ করিব, তথন উন্থান আমার নিকটে অদুশু হইয়া যাইবে, আর, দেই দক্ষে "উত্থান আছে" এ কথাটির সাক্ষাৎ প্রমাণ আমার সন্মুখ হইতে সরিয়া পালাইবে। পকান্তরে, আমার জাগরিত অবস্থার মুহুর্ত্ত-পরস্পরায় আমার মনোমধ্যে একটার পর আরেকটা চিস্তা উদিত হইতেছে এবং উদিত হইতে থাকিবেও; আর যথনই যে চিন্তা উদিত হইতেছে, তথনই তাহা "এখন আমি **আছি" এই কথাটির প্রমাণ** যোগাইতেছে। এখানে দ্রষ্টব্য এই যে, "এখন আমি চিন্তা করিতেছি, অতএব এখন আমি আছি" এবং "এথন উন্থান আমার দৃষ্টি আক্রমণ করিতেছে, অতএব এখন উন্থান আছে", এই হুই কথার মাঝখানকার ছই অতএবের মূল্য নিক্তির ওজনে সমান। তবে কি না, চিন্তা নির-বচ্ছেদে একটার পর একটা মুন্তমু ভ মনোমধ্যে উপস্থিত হুইতেছে; উত্থান কথনো বা আমার দৃষ্টিক্ষেত্রে উপন্থিত, কখনো বা অনুপন্থিত। যদি আমি অষ্টপ্রহর অনিমেধ-চক্ষে উত্থানের প্রতি চাহিয়া থাকি, তাহা হইলে—আমি আছি এবং উছান আছে—ছুইই এক দঙ্গে আমার মনকে ক্রমাগতই আঁক্ডিয়া ধরিয়া

থাকিবে। উত্থানটি যথন মেঘারত অমানিশার প্রগাঢ় অন্ধকারে আচ্ছন হইয়া অদৃগ্র হইয়া যায়, তথন তাহার অন্তিত্বের <mark>দাকাৎ প্রমাণ</mark> দেই দঙ্গে ভিরোহিত হয়—ইহা কাহারে। অবিদিত নাই; ইহাও তেমনি .কাছারো অবিদিত নাই যে, স্ব্রির মন্ত্রগুণে বখন আমার জ্ঞানের ক্রিয়াফুর্ত্তি একেবারেই বন্ধ হইরা যায়, তথন সেই সঙ্গে আমার অন্তিত্ত্বের সাক্ষাৎ প্রমাণ অন্তর্ধান করে। স্থ্যুপ্তির অব-স্থায় যথন আমার মনের কপাট বন্ধ থাকে, তখন "আমি আছি" বা "আমি নাই" বা "আমি আছি কি নাই, তাহা জানি না" এই তিন রকমের তিন কথার কোনোটিই আমার মনে প্রবেশ পাইতে পারে না। আমার সে অবস্থায় "আমি আছি" ঘুচিয়া যায়--অথচ আমার প্রতি লক্ষ্য করিয়া দর্শক বলে যে. "ইনি আছেন-কিন্তু নিদ্রায় নিমগ্র।" ইনি যে আছেন, তাহার প্রমাণ কি ? "ইনি আছেন'' এ কথা ভূমি বলিভেছ—আমি তো বলিতেছি না। আমার অন্তিত্বের প্রমাণ ভোমার কথায় হইতে পারে না। ভোমার মুথের কথা বা মনের ভাবনা বা জ্ঞানের ক্রিয়া-ফুর্ত্তি তোমার অন্তিত্বেরই প্রমাণ; তা বই, তাহা আমার অন্তিত্বের প্রমাণ নহে। তবেই হইতেছে যে, আছে'র সাক্ষাৎ প্রমাণ যেমন সময়ে সময়ে জাগিয়া উঠে এবং সময়ে সময়ে অন্তর্হিত হয়, আছি'র প্রমাণও সেইরূপ পরি-বর্ত্তনশীল। অতএব, এ কথা যদি সত্য হয় বে; পরিবর্ত্তনশীল ঘটনাবলীর মূলে অপরি-বৰ্ত্তনীয় একটা-কিছু থাকা চাই, তবেঁ আছি এবং আছে ছমেরই মৃলে ভাহা থাকিবার কথা; এইজন্ত ছয়ের সন্ধিত্যনেই ভাহা অংশবিভবা।

🗝 উপরে যে ভাবের আছি এবং আছে'র 👨ই পরিচ্ছিন্ন আছি এবং আছে'র সন্ধিস্থানে প্রমাণ দেবানো হইল, তাহা কেবল এখন সমস্ত লইয়া যে এক আছি বিরাজমান, আছি এবং এখন আছে মাত্র; স্তরাং তাহাই সত্তজগতের প্রবেশদার। আগামী তাহা কাল্যারা পরিচ্ছিন্ন। এতদ্যতীত ঐ বারে তাহার আলোচনার প্রবৃত্ত হওয়া বাইবে।

এবিজেন্দ্রনাথ ঠাকুর।



আজিকে তুমি বুমাও আমি জাগিয়। রব গুরারে, রাথিব জালি' আলো। তুমি ত ভাল বেদেছ আজি একাকী শুধু আমারে বাসিতে হবে ভালো। আমার লাগি তোমারে আর হবে না কভু সাজিতে, তোমার লাগি আমি এখন হ'তে হৃদয়খানি সাজায়ে ফুল-রাজিতে রাখিব দিন্যামি'।

তোমার বাছ কত না দিন শ্রান্তিত্থ ভূলিয়া গিয়েছে সেবা করি'। আজিকে তারে সকল তার কর্ম হ'তে তুলিয়া রাখিব শিরে ধরি'। এবার তুমি তোমার পূজা দাঙ্গ করি চলিলে সঁপিয়া মনপ্রাণ, এখন হ'তে আমার পূজা লহ গো আঁথিদলিলে, আমার স্তবগান।

রাজা গণেশ।

এক এক মহাপুরুষমাত্রেই সংসারগগনে প্রদীপ্ত জ্যোতিষ: সমাজজীবনের লক্ষ্য-ত্রষ্ট অন্ধলার-পথের সহায়। অক্তান্ত এেণীর মহাত্মার স্থায় কর্মবীরগণের কীত্তিকলাপও ঐতিহাসিক আলোচনার এক প্রধান ইহাকে ব্যক্তিগত কাহিনীমাত্র মর্শাগ্রম্ভি। विशा छेड़ारेश मिल हतन ना; कातप এরপ কাহিনী ও আদর্শ অবলম্বন বা পরি-হারের বিষয় হইয়া ভবিষ্যৎ সমাজে লোক-শিক্ষার যথেষ্ট সহায়ত। করে। রাজনৈতিক জগতে বঙ্গবাদীর গৌরবু করিবার বেশী কিছু नाइ। वाक्षानीत आश्राद्धाहिका वर्ड अवना; স্বজাতিপ্রতিগ্রায় সমবেত চেষ্টার বিশেষ কোন নিদর্শন পাওয়া যায় না। এই কারণেই প্রতাপাদিত্য বা সীতারামের মত প্রতিভাবান পুরুষের প্রয়াসও বার্থ হইয়াছে। দেশের রাজনৈতিক ইতিহাসের অভাব বলিয়া মর-জগতে তুর্বল বাঙালীর গৌরবের যে চুই-

একটি দৃষ্টাস্ত আছে, তাহাও লোকচকুর অন্ধিগমা হইয়া পড়িয়াছে। পূর্ণ মুসলমান-প্রভাবের সময়ে যে অসামান্যপ্রতিভাশালী হিন্দু রাজ। যবনের হস্ত হইতে গোড়ের রাজ-দণ্ড কাড়িয়া লইয়াছিলেন, সেই মহাতেজা রাজা গণেশের কীর্ত্তিকলাপও অন্সান্ত কালের বিবরণের মত অন্ধতমসাচ্চন্ন রহিয়া গিয়াছে 📭 রাজা গণেশের রাজাকাল বা কীর্ত্তি-কলাপের কথা দূরে থাকুক, তাঁহার নাম লইয়াই ঐতিহাসিকসমাজে বিস্তর বাগ-বিতপ্তা চলিয়াছে। হস্তলিখিত মুসলমানী ইতিহাদে সর্বত্র 'কংশ'নাম উল্লিখিত দেখা यात्र । देश्टब्स स्थामत्मत्र श्रथम ह्याविष्टिकान রিপোর্টার ডাক্তার বুকানন-সাহেব দিনাজ-পুরের বিবরণীমধ্যে লিথিয়াছেন:-"তদনস্তর দীনাজের হিন্দু হাকিম গণেশ রাজদণ্ড কাড়িয়া লন।" এই 'দীনাক্ষ' দিনাজপুর হইতে পারে বলিয়া বুকানন্ ইঙ্গিত করিয়াছেন। ।

[#] গত ১৩০৬ সালে 'ঐতিহাসিক চিত্র' পত্রিকার নিমিত্ত রিরাজ-উস্-সালাতীন গ্রন্থের টীকা-সঙ্কর-কালে রাজা কংশের সহক্ষে মন্তব্য নিপিবদ্ধ করিবার পরে নব্যভারতে স্বর্গীর ত্রৈলোকানাথ ভট্টাচার্য মহাশরের 'কুরুকভট্ট' প্রবদ্ধ দেখিতে পাই (প্রাবণ—১৩০৬)। ভট্টাচার্য্যমহাশর কুরুকভট্ট হইতে অধন্তন পঞ্চম পুরুষে রাজা-গণেশের নাম নির্দেশ কল্পেন। এ বিবরে ঘোরতর সন্দেহ উপস্থিত হওরার সে সমরে কিছুদিব অভাত্ত সন্ধান করিরাছিলাম। বিধকোব-সম্পাদক বন্ধুবর শ্রীযুক্ত মগেক্সনাথ বস্থর এক নিথিত মন্তব্যও পাইরা-ছিলাম। এক্ষণে আরও বাহা কিছু জানিতে পারিরাছি, প্রবন্ধে তাহাই সঙ্গনিত হইল।

[†] A Geographical, Statistical and Historical description of Dinajpur—by Dr. Francis-Buchanan (Calcutta—1833). p. 23. Also Martin's Eastern India—Vol. II. p. 618.

ষি: বেভারিজ্ অমুমান করেন, এই 'দীনাজ্' বজের শেষ স্বাধীন হিন্দুল্পতি 'দিমুক্ত' (দমুক্তমাধর) ছইতে পারেন। কিন্তু দমুক্ত রার বলবনের সমসামরিক; ১৩০০ গৃষ্টাব্যের নিকটবর্তী সমরে ইনি চক্রছীপে দাজধানী স্থানাজরিত করেন বলিরা প্রথিত আছে। সত্তর্ব রাজা গণেশের দমুক্তের 'হাকিম' হওঁরা কিরুপে সঙ্কপর।

্ৰুক্ষনন্ গণেশসৰদ্ধে পরবর্তী যে বিবরণ রিয়াজ-উস-সালাতিন-निवारकन. • जारा উল্লিখিত বিবরণীর অনুস্তরণ, কেবল কিঞিৎ मः भिश्व, **এই** भाख প্রভেদ। রিয়াজ-গ্রন্থকার একখানি প্রাচীন পার্সী পুস্তিকা হইতে ভাঁহার প্রস্তের এই অংশ সঙ্কলন করিয়াছেন। স্থুতরাং হয় রিয়াজ বা রিয়াজগুত প্রাচীন পুথিই বুকাননের অবলম্বন; অথচ ভিনি 'গণেশ' কোথায় পাইলেন এই লইয়া প্রকৃতভ্বিদ্গণের माथा उर्क চলিতেছে। ভাঃ বুক্মান্ পারদী ইতিহাদের কংশের পক্ষপাতী; অন্ত কেচ কেত বুকানন-মতে গণেশ-উপাদক। বেভারিজ দেথাইয়া-পারসী লেখকগণ ক্রচিৎ স্থরবর্ণ বোগ করিয়া থাকেন, এরূপে গণেশ বা 'গণশ' পারদী বর্ণবিভাসে কনিশ বা কংশ হইয়া পড়া মন্তব; কারণ পারসী কাফ্ একটি কুদ্র অর্কমাত্রার বোগে 'গাফ্' হইরা যায়। কংশ-নামের আপত্তিবগুনে ডা: বুক্মান্ বলেন, চৈত্যন্তর পরবর্তী কালে কংশ-নাম বঙ্গে বাবজত মা হইলেও, পুর্বে ইহা অসাধারণ ছিল বোধ হয় না। তাঁহার এ যুক্তির সমর্থনে আরও নির্দেশ করা যাইতে পারে, মুসলমানী গ্রছে বা কাগজগতে পূর্কে হিন্দুর পূর্ণ নাম প্রান্নই দেওয়া হইত না; শুদ্ধ 'কংশে' আপত্তি ইইলেও 'কংশনারায়ণ' বা 'কংশারিলাল' नाम (कानकारलहे अनाधात्रण नरह। तित्राज-গ্রন্থকার কংশকে ভাতুড়িয়ার হিন্দু জমিদার वित्रा উল্লেখ করার, 'রাজশাহী'নামও এই শাহী রাজা (বাদশাহ রাজা) কংশের সহিত

সংযোগ করিবার চেষ্টার পশুতপ্রবর বুক্ম্যান্ এমে পতিত হইরাছেন।*

সম্রতি আমরা যে প্রমাণের উল্লেখ তাহাতে গৌড়ের করিতেছি, সিংহাসনে যে হিন্দু রাজা নিজভুজবংগ প্রতিষ্ঠিত হইয়াছিলেন, তাঁহার পণেশ-নামে আর কোনই সন্দেহ থাকিতে পারে না। ১৪৯৬ শকে রচিত ঈশান নাগরের অবৈত-প্রকাশে বৈষ্ণবজগতে স্থপরিচিত অবৈতা-চার্য্যের বৃদ্ধ প্রপিতামহ নরসিংহ নাড়িয়াল সম্বন্ধে লিখিত আছে :— (৩র পৃ:) ''যেই নরসিংহ নাডিয়াল বলি থ্যাত। সিদ্ধ শ্রোতিয়াখ্য আরু ওঝার বংশজাত। যেই নরসিংহের যশ ্বোষে ত্রিভূবন। সর্বশাস্ত্রে স্থপণ্ডিত অতি বিচক্ষণ॥ যাহার মন্ত্রণাবলে শ্রীগণেশ রাজা। গোড়িয়া বাদশাহে মারি গোড়ে হৈলা রাজা ॥ যার কন্তা-বিবাহে হয় কাপের উৎপত্তি। লাউর প্রদেশে হয় যাহার বসতি॥"

এক্ষণে প্রচলিত মুসলমানী ইতিহাসের
মতে কংশের বিবরণ দেওয়া যাইতেছে।
স্থাসিদ্ধ কেরিস্তার প্রস্থে "সমস্থাদীনের মৃত্যুর
পর রাজা কংশ মুসলমানপ্রতাপের বিক্লছে
উপিত হইয়া রাজ্যগ্রহণে সক্ষম হন; কিছে
ভগবান্ অচিরে কপা প্রত্যাহার করায় সাত্রবংসর রাজ্যের পর তাঁহার মৃত্যু ঘটে, ৭৯৫ হিঃ"
(১০৯২ খৃঃ) এইমাত্র নির্দেশ আছেন, তবকাৎ
আকবরীর গ্রন্থকার লিথিয়াছেন';—"রাজ্য
মুসলমান না হাইলেও মুসলমানগণের প্রতি
তাঁহার সম্পূর্ণ শ্রদ্ধা ছিল; এইজন্তই অনেক্

[্] ব্যক্তর প্রান্ত নাম পদক্ষে বিশ্বত আবোচনা লেখকের "নবাবী আমলের বাঙ্গালার ইতিহাসে" স্তব্য । প্রাচীন রাজশাহী মুর্শিনাবাদজেলার পশ্চিমে,ভার কোণে অবস্থিত।

মুসলমান তাঁচার প্রলোকপ্রাপ্তির পরে ভাঁহার সুসলমানধর্মে দীক্ষিত হওয়ার কথা শপ্ৰ ক্ৰিয়া বলিয়া মুদলমানশান্ত্রমতে তাঁচাকে সমাহিত করিবার প্রস্তাব করেন। সাতবৎসর প্রবল প্রতাপে রাজ্য করিয়া তাঁহার মৃত্যুসংঘটন হইলে, তাঁহার পুত্র **সিংহাসনে অধির** হন; इनि हेमनाम्थर्ष अहल कत्रिशाहित्नन।" तिशाज-উদ্-সালাতিন্-গ্রন্থকার একথানি ক্ষুদ্র পারসী পুস্তক হইতে মুগলমানমুখরোচক কোন পৌড়া বিরুদ্ধবাদীর সঙ্কলিত প্রবাদ গ্রহণ করিয়াছেন। উহার সারমর্ম নিম্নে প্রদত্ত व्देल ।

সমস্দীনের মৃত্যুর পর হিন্দু জমিদার রাজা কংশ বাছবলে সমগ্র বঙ্গে আধিপত্য বিস্তার করিলেন। রাজদণ্ডগ্রহণের সঙ্গে সক্ষেই মত্যাচার ও মুগলমানরক্তলোত প্রবা-হিত হইল। বাংলা হইতে ইস্লামধর্মের উচ্ছেদই তাঁহার উদ্দেগু ছিল; পণ্ডিত ও ধার্ম্মিক মুসলমানগণের উপর ভয়াবছ অত্যা-চার হুইতে লাগিল। অভিবাদন না করার অপরাধে দেখ বদর উল্ইস্লামুকে নিহত করা এবং তংপরে মুসলমান উলামা-(শান্ত্র-বেতা)-গণকে নৌকাসহ नদীগর্ভে নিমজ্জিত করাইবার গলে গ্রন্থকার গোলাম হোসেন তাঁহার গ্রন্থের এক পূচা পূর্ণ করিয়াছেন।

শেষে এইরূপ অত্যাচার ও হত্যাকাতে মৌলবী পীর হজরৎ ভুরকুতবাল্- আলমের * আসন টলিল। পীরসাহের ব্যাহ-विधारन काममर्थ, ऋजवार ऋगीर्थ शरख करत्नव অত্যাচার জ্ঞাপন করিয়া জৌনপুরের স্থশ্ভান এবাহিমকে বাংলা আক্রমণ করিবা কাকে-त्तत উत्छ्मिमाधन जब अञ्चलीय क्या इहेन। হুল্তান মুগলমান ওকর নিমন্ত্রণ রকা ক্রি-लान ; कश्मत्राक ज्थन विश्व ब्हेब्रा क्कित्ब्र **পদতলে मध्यान। शीतमारहर**७ পড়িয়া রাজাকে সভাধর্মে দীক্ষিত করিয়া রাজ্যভোগে অভয়দানে প্রস্তুত হইলেন। রাজার ইচ্ছা থাকিলেও জ্রীর মন্ত্রণায় তিনি স্বর্গের সোজা পথ দেখিতে পাইলেন না। দাদশবর্ষীয় পুত্র মন্তকে পীরের সমক্ষে উপস্থিত করিয়া বলিলেন, ভগবন, আমি বৃদ্ধ হইয়াছি, অচিরেই ভবলীলা সাঙ্গ হইবে; অতএব এই পুত্রকে দীক্ষিত করিয়া রাজ্যভার অর্পণ কঙ্গন।" দীক্ষার প্রথম ইচনায় কুতবালম্ কিঞ্চিৎ চর্বিত তামুদ্ধ ভাবী শিশ্যের বদনে প্রদান করিলেন; পরে দীক্ষা এবং জালা-नुषीन् नात्म यङ्त्र অভিষেক ক্রিয়া সম্পাদিত হইল। পীরসাহেব তথন স্বধর্মীর রাজ্য হইয়াছে বলিয়া স্থলতান্ এবাহিম্কে খনেশ-প্রতিপ্রনের অহুরোধ করিলেন। স্থলতান্ কিঞ্চিৎ উন্নভাব দেখাইলে 'নিপাড় বাও'

[⇒] পাভুরার 'হোটী-দরগা'-নামক মসজীলে এই ধার্ত্তিক মুসলমান পীরের স্বাধিভান অব্যাপি বর্ত্তমান । কুতৰ আলবের মৃত্যুকলিনদলে বিভার মতভেদ আছে। আইন্ আকবরীতে ৮০৮ হি: নির্দেশ আছে; প্রক্ষাান্ প্রভৃতি সমাধিমনিবের ভারিধ ধরিয়া ৮০১ হি: ক্রিডে চাব । সাক্রছবিবাসী ইরাইবৈদ ভারার পুরদেদ্ জাহালামার থাদিবের নিকট বে পুত্তক আছে, ভারা হইতে 'ভুর বক্সর শোল' কথার ৮১৮ ছি: (১৪১৫ খুঃ) কুডবের মৃত্যুর প্রকৃত সময়, ভাষা দেখাইলা দিয়াছেন্ এ

ৰলিকা অভিশাপ দেওয়া হইল; তিনি বাসায় গিলা মরিলেল। *

এদিকে রাজা কংশ আবার রাজদণ্ড কাড়িয়া অইলেন। অর্ণনির্মিত একটি গাভী অস্ত্রত করাইয়া জালালকে মুথবিবর ঘারা প্রবেশ করাইয়া পশ্চাম্ভাগ হইতে পুনরায় 'ষ্ঠু' করিয়া বাহির করিয়া লওয়া হইল; স্বর্ণ-গো ব্রাহ্মণকে দান করা হইল। কিন্তু পীরের শিক্ষা (না, মুখচক্রবিনিঃস্ত পীযুষের) গুণে জাশালের সত্যধশ্ম হইতে মতি বিচলিত হইল না । পুনরায় রাজার অত্যাচার ভীষণ হইল; পুত্র পর্য্যন্ত কারাগারে রহিলেন। কুতব্ আলম্ আসরে নামিলেন। এবারে পল্লের মাধুর্য্য পূর্ব্ব বর্ণনাকেও অতিক্রম করিয়াছে। হজরতের পুত্র আনোয়ার্ পিতৃ-भभीत्भ मर्याद्यममा जानारेश विनातन, "भिजः, আপনি থাকিতে মুগলমানগণের বিধন্মীর হত্তে এ লাঞ্না আর সহ্য হয় না।" श्रवि তখন ধ্যানস্থ ছিলেন; নেত্র উন্মীলন করি-শ্বাই পৌরাণিক ছর্নাসার মত কহিলেন, "তোমার রক্তে পৃথিবী অমুরঞ্জিত র্মা ইইলে এ অত্যাচারের অবসান হইবে না।" প্ৰাতৃপ্ত জেহাদ্সধন্ধে কি আদেশ জিজ্ঞাসা করিলে হজরৎ উত্তর দিলেন "যাবচচন্দ্ৰ-দিবাকর তাহার কীর্ত্তিগাথা প্রচারিত থাকিবে।"

কংশের অত্যাচার এক্ষণে পূর্ণমাত্রার দর্শন দিল। আন্যোগার ও জেহাদ্ বন্দীভূত হই-লৈন; কিন্তু জেহাদের বিবরণ অবগত হইয়া উহাদের প্রাণ্বধ না করিয়া রাজা তাহাদিগকে স্থবর্ণগ্রামে প্রেরণ করিলেম। কংশরাজ শুনিয়াছিলেন, সেথানে উহাদের পৈউক অর্থ মৃত্তিকামধ্যে প্রোথিত আছে। স্থবর্ণগ্রামের প্রধান রাজকর্মচারীকে ঐ ধনরাশি হস্তগত করিয়া উহাদের প্রাণবধ করার আদেশ দেওয়া হইল। বহুবিধ ভয়প্রদর্শনেও তাহারা লুকা-য়িত ধনের সন্ধান দিল না। আনোয়ার প্রথমে নিহত হইল; পরে জেহাদকেও হত্যা করিবার উদেয়াগ হইলে তিনি রুহৎ কলস প্রোথিত আছে বলিয়া স্থান নির্দেশ করি-লেন। খনন করিয়া দেখা গেল, একটি কলসে একটিমাত্র আসরফি (মোহর) আছে। বাকী কোথায় গেল, কথার উত্তরে জেशां विलालन, "तांध रुत्र कारत लहेत्रारहं।" ष्ट्राम् तका शाहरणमः, वाखविक, छोकात কথা তিনি কিছুই জানিতেন না, দৈবাঁহ-গ্রহেই এরপ ঘটিল। যে মুহুর্তে সেথ আনো-য়ারের পবিত্র রক্তপাতে ধরা সিক্ত ইইল, সেই মুহুর্ত্তেই কংশের প্রাণবায় বহির্গত ইইয়া নরকধামে গমন করিল। মতান্তরে তাঁহার বন্দী পুত্র কারাগার হইতে অমুচরগণসাহায্যে কংশবধপর্ক নির্কাহ করেন।

এখন জালালুকীনের পালা। তিনি
বিত্তর হিন্দুকে পবিত্রথর্মে দীক্ষিত করাইলেন। স্বর্ণগাডীদানগ্রাহী ব্রাহ্মণগণকে
গোমাংসদারা জাতিত্রষ্ট করা হইল। স্মতঃপর
তিনি সেথ জেহাদের নিয়োগাস্থ্যারে রাজ্মকার্য নির্কাহ করিয়া পর্মস্থ্রে কালাভিপ্রভ

^{*} জৌনপূর্বের স্থলতান্ এবাহিমের বাংলাশ্যাক্রমণের কথা জৌনপূরের ইতিহাসে নাই। এবাহিম্ ক্ৰিত সমরে বর্তমান থাকিলেও ভাহার মৃত্যু অনেক পরে ঘটনা খাঁকিবে, কারণ ৮৪৪ ছিঃ অন্ধ পর্যন্ত তিনি রাজত ক্রিয়া শিরাছেন, নির্দেশ আছে।

কৃরিতে লাগিলেন। এথানে 'আমার কণাটি ফুরালো' বলিবার বড়ই লোভ-হয়।

ধর্মার মুদলমানলেথকের আজগুবী গর বাদ দিয়া প্রকৃতপ্রস্তাবে দেখা যাঁয়, রাজা গণেশ সম্পূর্ণ ধবন প্রভাবের সময়েই বলে ও কৌশলে বঙ্গের রাজদণ্ড গ্রহণ করেন। উত্তর-পশ্চিম বঙ্গে মুসলমানেরই তথন সম্পূর্ণ প্রাধান্ত; মুসলমান সামস্ত ও জায়গীরদারগণই ঐ ভাগে সম্পিক প্রবল। তাঁহারা বিরুদ্ধাচারী হইলে সুব্যবন্থা বা রাজ্যশাসন অসম্ভব। প্রামাণিক ইতিহাস তবকাৎ আকবরী সাক্ষ্য দিতেছে, রাজা সর্বথা মুসলমানপ্রজার চিত্ত আকর্ষণ করিয়া সদয় ব্যবহারে অপক্ষপাতে রাজ্যশাসন করিয়াছিলেন। এই কারণেই তাঁহার অল্পকালব্যাপী অধিকারে প্রস্তার স্থশান্তি বর্দ্ধিত হইয়াছিল, এই কারণেই মৃত্যুর পরে মুদলমানগণও রাজার পবিত্র দেহ সমাহিত করিবার আগ্রহ দেথাইয়াছিল। এই মুসলমান প্রভাবের ফলেই রাজপুত্র যতু শেষে ইসলাম্ধর্ম গ্রহণ করেন। মুর কুতবাল আলমের প্রভাবে ষত্র মুসলমানধর্মগ্রহণের প্রবাদে সত্য নিহিত থাকা সম্পূর্ণ সম্ভব। কুতব আলম পূর্বতন রাজগুরু; ধার্মিক বলিয়া তাৎকালিক মুসলমানসমাজে সবিশেষ সমাদৃত ছিলেন। তাঁহার উপদেশ বা দৃষ্টাস্তে हिन्द्राकात मूप्रवभाग इख्या विठिख नरह ।

রাজা গণেশের অল্পকাল পরে উত্তরবঙ্গে তাহেরপুরের স্থপ্রসিদ্ধ জমিদার রাজা কংশনারায়ণ প্রাত্ত্ত হন। হোসেনশাহের অব্যবহিত পুর্বের গৌড়ের বাদশাহী আসনে তুর্বল
হাব্দী নূপতিগণের মধ্যে যুদ্ধবিগ্রহাদির অবকাশে অসাধারণধীশক্তিসম্পন্ন কংশনারায়ণ

উত্তরাঞ্চল বহুদূর পর্যান্ত স্থীয় অলিকার বিস্তার করিয়া অর্দ্ধস্বাধীনভাবে করিয়াছিলেন। এই ক্ষমতা গভাবেই তিনি বারেক্রসমাঞ্চে সমাজপতি বলিয়া স্বীকৃত হন। রিয়াজগ্রন্থে স্বাধীন রাজা কংশ ভাতৃড়িয়ার জমিদার বলিয়া উল্লিখিত ; পরগণা ভাতুড়িয়াও বর্ত্তমান রাজশাহী জেলায়, এবং অবশ্যই কংশ-নারায়ণের রাজ্যভুক্ত ছিল। স্বর্গীয় তৈলোকা-নাথ ভট্টাচার্য্য মহাশয় পুর্বের উল্লিখিত ১৩০৬ সালের 'কুল্লুকভট্ট' প্রবন্ধে গৌড়ে হইতে কিঞ্চিৎ বিভিন্ন একটি বংশাবলী উদ্বৃত করিয়া দেখাইয়াছেন, বারেক্রবংশে শাণ্ডিন্যগোত্তে নন্দনাবাদী (নান্তাদী) গ্রামী জগৎগুরু দিবাকর ভট্টের জোঠপুত্র পুরুষো-ত্তম বেদান্তীর বংশে একত্রিংশ পর্য্যায়ে স্বনাম-থাতি তাহেরপুরের রাজা কংশনারায়ণ এবং দিবাকরের তৃতীয় পুত্র পণ্ডিতবর কুলুক-ভট্টের বংশে ষড়্বিংশ পর্যায়ে রাজা গণেশ রায় জন্মপরিগ্রহ করিয়াছিলেন। ব্রাহ্মণ' গ্রন্থে দৃষ্ট হয়, কংশনারায়ণের কংশের দৌহিত্রকুলে তাঁহা হইতে অধস্তন দশম পুরুষে বর্ত্তমান তাহেরপুররাজ শশিশেখর। এই অবস্থায় রাজা কংশনারায়ণের বংশ থাকিলে বলিতে হয়, এই বংশে ভট্টনারায়ণ হুইতে ৪১শ পুরুষ হুইত। কিন্তু কি রাঢ়ীয়, কি বারেক্র, ভট্টনারায়ণবংশে কুতাপি এই পর্যায় দৃষ্ট হয় না। রাটীয়কুলে ৩০ হইতে ৩২শ এবং বারেক্রমধ্যে ৩৫।৩৬শ পর্য্যস্তই দেখা যায়। গৌড়ে ব্রাহ্মণে উদ্ভ এই অংশের বংশাবলী স্বীকার ক্রিলে ৪২শ পুরুষ হুইয়া পড়ে; স্থুতরাং এই বংশপত্রিকা ভ্রমা-ত্মক বলিয়া নির্দেশ করা যাইতে পারে ।*

ত্রৈলোক্যবাব্ কুনুকভট্টের বংশে রাজা গণে-শের নাম কোথার পাইয়াছিলেন, এই এক বিষম সমস্যা। বারেক্সকুলশাস্ত্রবিৎ 'গৌড়ে-ব্রাহ্মণ'-রচয়িতা মহিমা চক্র মজুমদার লিখিয়া গিয়াছেন, "কুলু কভট্টের বংশে কোন প্রসিদ্ধ বাক্তি ৰৰ্ত্তমান নাই, অথবা কুলুকভট্টের পরে জনাগ্ৰহণ করেন নাই।"* অন্ত কোন বারেক্রকুলজ্ঞের নিকটেও উক্তরূপ ২ংশ-পত্রিকা পাওয়া যায় না। এরূপ স্থলে রাজা গণেশকে কুঞ্কভট্টের বংশধর বলিয়া গ্রহণ করা অসাধ্য। ফেরিস্তা, রিয়াজ ও বুকাননের গ্রন্থ হইতে রাজা গণেশের পুত্রের নাম জিৎ-মল বা ষত্রনেন পাওয়া যাইতেছে; ইহাতে ব্রাহ্মণত্বের বিরূদ্ধে সন্দেহ উৎপাদন করিয়া দিতেছে। দিনাঙ্গপুরে প্রবাদ আছে, রাজা গণেশ উত্তররাঢ়ীয় কাম্বস্থ; যে শ্রীমস্ত চৌধুরী দিনাজপুরের বর্ত্তমান রাজকুলের প্রতিষ্ঠাতা, তিনিই রাজা গণেশের বংশধর। দিনাজপুর-রাজবংশ শ্রীমস্ত চৌধুরীর দৌহিত্র-বংশ। এই প্রবাদ পরবর্ত্তী কালে প্রচলিত হইয়াছে কি না, তাহাও নিঃসংশয়িতরূপে নির্দ্ধারিত হইবার উপায় নাই।

মুদলমানী ইতিহাদের মতে কংশ ৭৮৭
রাজা গণেশের
হিঃ অব্দে সমস্থ দিনকে নিহত
সমর।
করিয়া রাজদণ্ড গ্রহণ করেন।
৭৯৪ হিঃ (১৩৯২ খৃঃ) অব্দে তাঁহার মৃত্যু
ঘটে। সমস্থদিনের পূর্বে সইফুদিন হামজা

শার নামান্ধিত একটি মূদ্রা পাওয়া গিরাছে; তাহাতে সালের শেষ অকটি ৪ এবং কংশের পুত্র যত্ন জালালুদিনের নামান্ধিত একটি মুদ্রার তারিথ ৮১৮ হি: অব। এই কারণে ডাঃ বুক্মাান ইতিহাদের নির্দেশমত পূর্ব-রাজন্বয়ের রাজ্যকাল ঠিক রাখিয়া অস্পষ্ট মুদ্রার তারিণ ৮০৪ ধরিয়াছেন। তিনি ৮০৮ হইতে ৮১৭ হিঃ (১৪০৫-১৪১৪) কংশের রাজ্যকাল নির্দেশ করিয়াছেন; † কিন্তু ইহাতে কংশের রাজ্যকাল নয়-বৎসর হইয়া পড়ে। পরস্ত ৮১২ হিঃ দালের সইফুদ্দিনের পিতা গিয়াস্থদিন আজাম শার নামান্ধিত একটি মুদ্রা এবং ৮১২ (१) ও ৮১৬ হি: সালের শাহাবুদ্দীন বাইজিদ্ শার নামের মুক্রাও পাওয়া গিয়াছে। আজাম শার মুক্রা তাঁহার মৃত্যুর পরে মৃদ্রিত ও এই শাহার্দ্দীন রাজা কংশের বেনামদার মাত্র, ইহাই বুক্-ম্যানের মত। কিন্তু তৎপরে কানিংহাম-সাহেব পথিয়ার কর্ত্তক অনুদিত চীনদেশীয় প্রাচীন এক আখ্যায়িকা হইতে উদ্ধৃত করিয়া দেখাইয়াছেন, ৮১১ হিঃ (১৪০৮ খৃঃ) অব্দে গিয়াস্থন্দীন চীনদেশীয় সমাটের নিকটে উপহার পাঠাইয়াছেন। ১৪০৯ খৃঃ অব্দে প্রীতি-উপহার-প্রেরণের এইরূপ উল্লেখ আছে।‡ তৎপরে ১৪১২ থৃঃ অব্দে (৮১৫ হিঃ) চীনদেশীয় দূতগণ পথিমধ্যে বঙ্গীয় দূতগণের নিকট সংবাদ পাইলেন,

গোড়ে রাহ্মণ ১০৫—৬ পৃ:। ছু:খের বিষয়, বে সময়ে আময়া এই ত্রেলোক্যবাবুকে এ সম্বন্ধে
পত্র লিখিবার মানস করি, তথনই তাঁহার লোকান্তরের সংবাদ পাওয়া বায়।

[†] Journal. As. Soc. 1875. Contribution to the History and Geography of Bengal.

[†] Cunningham's Archæological Report for 1879—80, pp. 173—74, quoting Pauthier in the Journal Asiatique, Dec. 1839 "In A. D. 148 the king of Pang-kola (Bengala) named Ai-ya-sse-ting (Giasuddin) sent an ambassador to offer tribute (presents) &c. &c."

গিরাক্দীনের মৃত্যু হইমাছে; উাহার পুত্র সইকুদীন রাজা হইমাছেন। কানিংহাম এই কারণে পুর্বোক অস্পষ্ট মুদ্রার তারিথ ৮১৪ হিঃ মালে বলেন; ভাহার মতে বাইজিদ্ শার মুদ্রাও ৮১৪ ও ৮১৬ হিঃ মালের।

ষতঃপর গিয়াস্থলীনের ৮১২ হিঃ সালের মুক্তা আরু টাহার মৃত্যুর পর মুদ্রিত, এ কথা বৰা যায় না; কোন রাজার মৃত্যুর দীর্ঘকাল পরে অত্যে তাঁহার মুদ্রা প্রচলন করে কি না, তাহাও বিচার্য্য। ৮১৪ হিঃ পর্যান্ত গিয়া-স্থন্দীনের রাজ্যকাল ধরিয়া ইতিহাসের মতে দইফুদীন ও সামস্থদীনের সাতকংসর সময় দিতে হইবে ৮২১ আসিয়া পড়ে। এদিকে পণেশের পুত্র বহু জালালুদীনের ৮১৮ হি: সালের মূলা রহিয়াছে; স্বতরাং এই হুইজন রাজার সমধ্যে প্রচলিত মুসলমানী ইতিহাসের করা এহণ করা যার না। বিরাজ গ্রন্থে দেখিতে পাই, রাজা কংশের চক্রান্তেই গিয়া-ক্ষীদের প্রাণনাশ ঘটে। এ কারণে আমা-দের বিশাস, গিয়াস্থদীদের পরেই প্রকৃত-পক্ষে রাজা গণেশের রাজ্যারস্ত। সইফুদ্ধীন ও শাহাবৃদ্দীনকে (ইতিহাসের সামস্থূদীন) ৮৯% হি: পর্যান্ত মুদ্রা প্রচলন করিতে দেখা আশ্বর্ষ্য নহে। তাঁহারা গণেশের প্রতাপে

भनाविक रहेका श्रृक्तत्रक वा **पश्चिक क्रिक**्-कान नारम-माज ताका शाकिएक भारतमा। শাহাবৃদ্দীনের নামে গণেলের মুজাপ্রচারের कानरे कात्र^न एत्था यात्र ना । यद्त्र ५४५ হিঃ বালের মূদা তাঁহার রিয়াজ্গ্রন্থে উলিথিত মুসলমানধর্ম পরিগ্রহ করার সমকালে মুক্তিত হইতে পারে বলিয়া বেভারিজ ইন্ধিত করিয়া-ছেন। * দাদশব্যীর যত্র কঞ্জিরপে মুস্ল-মান হইয়া সিংহাসনপ্রাপ্তির প্রবাদ সমগ্রভাগ বিশাস্য ও যুক্তিসঙ্গত, তাহা বোধ হয় কেহই স্বীকার করিবেন না। এ মতে কষ্টেস্টে গণেশের সাতবৎসর থাড়া করিলেও: যহ পঞ্চ-মহম্মদ শা নাম ধারণ করিয়া দোর্গগুপ্রভাপে সমগ্র বঙ্গে শাসনদত্ত পরিচালনা করিতে সমর্থ হইয়াছিলেন, স্বীকার করিতে হয়।

পূর্বেই উল্লেখ করা গিয়াছে, রিয়াজ-গ্রন্থ-কার কংশকে ভাতুড়িয়ার জমিদার বিদিয়া উল্লেখ করিয়াছেন। তাঁহার সংগৃহীত ও আদর্শ ক্ষুদ্র পারসীপুস্তকেই এই কংশনারাষ্ণ্ ও স্থাধীন রাজা গণেশ সম্বন্ধে গোল আছে কি না, তাহা আর এক্ষণে নির্ণীত হইবার উপায় নাই। † সম্প্রতি কংশনারায়ণের কাল-নির্ণিষ্ক করা যাইতেছে। গৌড়ে ব্রান্ধণে ধৃত

^{*} Journal, Asiatic Society, 1892 (Raja Kans).

[া] কেরিন্তা প্রভৃতির ইতিহাসের এই ভাগ মহন্দদ কাল্টাহারীর রচিত বাংলার প্রাচীন বিবর্গী হইছে সন্তর্ভ সংগৃহীত হইরা থাকিবে। ছুর্ভাগ্যনত কাল্টাহারীর গ্রন্থ একণে পাওয়া যার না। রিহাত্এছকার রাজার নামেন সমরে কাল্টাহারীর নির্দ্ধেশ গ্রহণ করিরাছেন মনে হয়, নতুবা তাহার গ্রন্থে কংশ এবং বুকাননে গালেশ হইরে কেন ? বে কোল কারণেই হউক, পারসী ইতিহাসে বংশনারামণ ও গগেশ নাম লইরা গোল হইরাছে, পাই দেখা যার। কংশনারামণ এই স্থাধীন সেইড়াবিশ ছইতে পারেন না, কারণ জাহার বংশান কারীর উল্লেখ রহিরাছে এবং তিনি প্রবর্তী কালের লোক তাহারও হস্পই প্রমাণ প্রস্তুত্ব হিলাই জার প্রভাবসম্পর অজ্বাধীন হিল্মরাজাকে পরবর্তী কালে প্রকৃতিন স্থাধীন গৌড়েশ্বর বলিরা প্রস্কৃতিন কালিব।

কলোকনা বা বৈলোক্যবাকুক নির্দিষ্ট বংশ- গৌড়ে ব্রাহ্মণ হইতত অক্ত তুইটি বংশপত্রিকা পত্রিকার ক্রম আছে, পূর্বোই দেখান গিয়াছে। নিম্নে উদ্ধ্য হইবাঃ—

কাশ্রপগোত্রে
স্থাবেন হইতে ১৭শ প্রত্যে
উদরনাচার্য্য (পরিবর্তমর্য্যাদাকার)

গণ্ডপতি

বলাই

বলাই

মুকুন্দ ভাহড়ী
শ্রীরক্ষ

(ইহারা রাজা কংশনারারণের ভাগিনের)

ভাবিকার অবৈতাচার্য্য বৈশ্ববজগতে স্থাপরিচিত; ঐতিচ্যত্তের সমসামারিক, অথচ কিঞ্চিৎ বয়েবৃদ্ধ; ১৯৫৬ শকে ইহার আবি-র্ভাব এবং ১৪৮১ শকে (১৫৫৯ খৃঃ) ইহার তিরোধান বটে। ১৪৯০ শকে রচিত পূর্ব্বোক্ত স্থান নাগরের অবৈতপ্রকাশের উক্তির সহিত উল্লিখিত জন্মপত্রিকার সম্পূর্ণ সাদৃশ্য আছে। নরসিংহ নাড়িয়ালের কীর্ত্তিকলাপ ও বারেক্সসমাজে কাপের উৎপত্তির বিশেষ বিশ্বস্থানিকে ইচ্ছা হইলে 'গৌড়ে বাক্ষ্য' প্রবিতন কাসিংহ অথবা রাজা গণেশকে মোটামুট ১২৫বর্ষপূর্ব্বর্তী ধরিলে গণেশের ইতিহাস-

ভরন্বজগোত্রে
গৌতম হইতে ১৬শ পুরুষে
আরু ওঝা নাড়িয়াল।
নরসিংহ নাড়িয়াল (২২)
বিদ্যাধর

হক্তি
কুবেরাচার্য্য
অবৈতাচার্য্য (২৬)

নির্দিষ্ট রাজ্যকালের সহিত গর্মিল হয় না।
একণে কংশনারায়ণের ভাগিনেয়গণের
বংশাবলী দেখুন। আমরা অক্সত্র দেখাইয়াছি, * কংশনারায়ণের প্রথম ভাগিনেয় এই স্ববৃদ্ধি খাঁ বৃদ্ধবয়সে হোসেন্ শার
রাজ্যকালে যবনহন্তে নিগৃহীত হইয়া শেষে
বৃন্ধাবনে রূপগোস্থামীর সহিত মিলিত হন।
ইহাকে চৈতত্তের একপুরুষ পূর্ববর্তী ধরিলে
মাতুল কংশনারায়ণ চৈতত্তের অস্তত ৫০। ৬০
কর্ম পূর্বের লোক হইতেছেন। সম্প্রতি
ক্রন্তিবাদী রামায়ণের মে হস্তালিন্তি প্রাচীন
পূর্ণির উদ্ধার হইয়াছে; ভাহাতে দৃষ্ট ক্রয়, ক্রছিবাস গোড়েশ্বরের সভায় গিয়া দেখিলেন—

[🏞] माहिङ्य-स्वानुबद् २००५ (-८श्रामनः ११५) ।

[†] চৈত্রতারিতামূত মধ্যবত, ২০শ পরিচেছদ।

ডাহিনে কেদার রায় বামেতে তরণী। স্কর প্রীকৃষ্ণ + আদি ধর্মাধিকারিণী॥ মুকুক রাজার পণ্ডিতপ্রধান স্কর। জগদানক রায় মহাপাত্রের কোঙর॥

উদ্ভ বংশাবলীর সহিত এই সভাবর্ণন मिनारेबा प्रिंथित मत्न रब, क्छिवांत्र त्य পভিতপ্রধান মুকুন্দের উলেথ করিয়াছেন, তিনিই সম্ভবত জগদানন্দের পিতামহ এবং কংশনারায়ণের ভাগিনীর খণ্ডর এবং ধর্মাধি-কারী মহাপাত্র শ্রীকৃষ্ণ জগদাননের পিতা এবং রাজার ভগিনীপতি। এদিকে রাটীয় ঘটক দেবীবরের কুলগ্রন্থ হইতে জানা যায়যে, ১৪০২ শকে অর্থাৎ চৈত্রসদেবের জন্মের পাঁচ-বর্ষ পূর্ব্বে দেবীবরকর্তৃক ুরাঢ়ীয় কুলীনগণের মেলবন্ধন সাধিত হয়। ক্বত্তিবাদের ভ্রাতৃষ্পুত্র मानाधत थाँ दक नहेशा मानाधत-थाँ। नी थाक् इश । এরপে ফুত্তিবাস ও জগদানন্দ বা স্থবুদ্ধির মাতৃল কংশনারায়ণ এক সময়ের লোক হইতেছেন। কুত্তিবাস স্বয়ং ভরছাজগোত শ্ৰীহৰ্ষ হইতে অধস্তন ২২শ পুৰুষ; ইহাতেও

সমরের ঠিক মিল হইতেছে। ক্নন্তিবার্কের রাজসভাবর্ণনে যে ঘবনপ্রভাব একবারে দৃষ্ট হয় না, তাহার কারণও এই। এই সমস্ত প্রমাণের পরে স্বর্গীয় প্রফুল্চক্র বন্দ্যোপাধ্যায় বা নগেন্দ্রবাবুর মতে ক্নন্তিবাসের চক্রন্থীপের রাজসভায় গমন অথবা দীনেশবাবুর মতে এই গৌড়েশ্বরই স্বাধীন রাজা কংশ, ইত্যাদি ল্মসন্থ্র, ইহা নির্দেশ করা বাহুল্যনাত্র। †

বর্ত্তনান প্রবন্ধে গণেশের সমকালবর্ত্তী বঙ্গের অবস্থা আলোচনা করিবার অবকাশ নাই। এক কথার এই নাত্র বলা যার, যে যে কারণে বাঙালীর কার্য্যকারিভাশক্তি ধ্বংসপ্রার হইরা আদিয়াছে, সেকালে সেই সমস্ত কার্ত্ব-ণের আবির্ভাব হয় নাই। যথন পূর্ণ মুসলমান-প্রভাবের মধ্যে চাণক্যের মত মনস্বী বারেক্ত্র-ব্রাহ্ম-সন্তান নরসিংহের মন্ত্রণায় বক্তের সিংহা-সন হিন্দুর পক্ষে প্রক্লার করা সম্ভব হইয়া-ছিল, সে কালের কথা স্মরণ করিলে বর্ত্তমানে আমাদের মত বাক্যবাগীশবাঙালীর কিঞ্চিনাত্র চৈতক্যোদরও কি আশা করা বায় না ?

শ্রীকালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়।

^{*} শ্ৰীবৃক্ত দীনেশচন্দ্ৰ সেনের উদ্বৃত পাঠ "শ্ৰীবংস;" কিন্ত শ্ৰীবৃক্ত নগেন্দ্ৰনাথ বহর সংগৃহীত একখানি পুথিতে "শ্ৰীকৃক্ষ," পাঠ আছে।

[া] বিগত ১০০৪ সালের সাহিত্য-পরিষৎ-পত্রিকায় কৃতিবাসপ্রবাদ স্বর্গীয় প্রফুলবার্ রাটীয়-কুলীন-বংশাবলী হইতে কৃতিবাসের সময়নির্মাণের যে উদ্যম করিয়াছেন, তাহাতে তিনি কৃতিবাসকে চৈত্তক্তবের ১৫০বর্ধ পূর্ববর্তী বলিতে চান, কিন্তু পত্রিকাসন্পাদক নগেপ্রবাব্ জয়ানন্দের 'চৈত্তক্তমঙ্গল' হইতে দেখাইরাছেন, চৈত্তক্ত ও কৃতিবাসে তুইপুরুষ মাত্র ব্যবধান হইতে পারে। নগেঞ্চবাব্ একণে পূর্বমত প্রত্যাহায় করিয়া, কংশনারায়ণই কৃত্তিবাসের গৌড়েখর, এই মত প্রকাশ করিয়াছেন।

সন্ত্রাদীপ

জালে। ওগো জালে। ওগো সন্ধানীপ জালো।
হন্ধের একপ্রান্তে ওইটুকু আলো
বহুত্তে জাগারে রাথ! তাহারি পশ্চাতে
আপনি বসিয়া থাক আসর এ রাতে
থতনে বাঁথিয়া বেনী সাজি রক্তাম্বরে
আমার বিক্ষিপ্ত চিত্ত কাড়িবার তরে
জীবনের জাল হতে। বুঝিয়াছি আজি
বহুকর্মকীর্দ্তিগাতি আয়োজনরাজি
শুদ্ধ বোঝা হয়ে থাকে, সব হয় মিছে
যদি সেই জুপাকার উদ্বোগের পিছে
না থাকে একটি হাসি; নানা দিক্ হতে
নানা দর্প নানা চেষ্টা সন্ধ্যার আলোতে
এক গৃহে ফিরে যদি নাহি রাথে স্থির
একটি প্রেমের পায়ে প্রান্ত নতশিব।

গোধূলি

গোধৃলি নিঃশব্দে আসি আপন অঞ্চলে ঢাকে ঘণা
কর্মনান্ত সংসারের যত ক্ষত যত মলিনতা,
ভগ্ন-ভবনের দৈন্ত, ছিন্ন-বসনের লজ্জা যত—
তব লাগি স্তব্ধ শোক স্নিগ্ধ ছই হাতে সেইমত
প্রসারিত করে' দিক্ অবারিত উদার তিমির
আমার এ জীবনের বহু ক্ষ্ম দিনযামিনীর
খালন থণ্ডতা ক্ষতি ভগ্ন-দীর্ণ জীর্ণতার 'পরে,—
সব ভালমন্দ নিয়ে মোর প্রাণ দিক্ এক করে'
বিধাদের একথানি স্বর্ণমন্ন বিশাল বেষ্টনে।
আজ কোনো আকাজ্জার কোনো ক্ষোভ নাহি থাক্ মনে,
অতীত অভ্সিপানে যেন নাহি চাই ফিরে ফিরে—
যাহা কিছু গেছে যাক্, আমি চলে যাই ধীরে ধীরে
তোমার মিল্নদীপ অকম্পিত যেথান্ন বিরাজে
ক্রিভ্রবন্দেবভার ক্লান্তিহীন আননন্দের মাঝে!

বাঁচিবার ভূষা।

(ফরাদী লেখক ইউজেন মরে হইতে)

5

রেমো-লুল পণ্ডিতের পুত্র, নিজেও স্থপণ্ডিত।
মার্গারীট্-নামে একটি বালিকাকে তিনি
আনৈশব ভাল বাদিতেন। এক্ষণে মার্গারীট্
তাঁহারে বাগুল্ভা প্রণায়নী। মার্গারীট্ও
তাঁহাকে প্রাণের সহিত ভালবাদিত এবং
তাঁহার বিভার গোরবে নিজেকেও গোরবাবিভার ক-অক্ষরও জানিত না, তথাপি
পণ্ডিতবর স্বীর প্রণায়নীর অনুপম রূপলাবণ্যের জন্ত মনে-মনে গর্ব অনুভব করিতেন। বাস্তবিক-পক্ষে, ওরূপ রূপলাবণ্য
পারি-নগরীর গলি-ঘুঁজির মধ্যেই ক্টিৎক্ষন দেখিতে পাওয়া যার।

হর্ভাগ্যক্রমে রেমো শুধু পরমার্থবিভার পারদর্শী ছিলেন না, তা ছাড়া তিনি উপ-রসারনবেতা ও বাহুকরও ছিলেন; এবং মন্ত্রোবধি প্রভৃতি অলোকিক ভৈষজ্যতত্ত্বও পারদর্শী ছিলেন। বলিতে কি, সমস্ত মহা-রহন্তের চাবি যেন তাঁহার হস্তগত হইয়াছিল। এক্ষণে তিনি "তম্বজ্ঞানীর প্রস্তর" আবিছারে ও অমরজীরনলাভের নিমিত্ত অম্করসের আবিছারে প্রস্তুত হইলেন। মার্দারীটের প্রতাত ও শিক্ষক জেনেত্রার কোন-এক পির্জ্ঞার প্রোহিত ছিলেন। তিনি, রেমোর এই-সব অসাধ্যসাধনের চেইাকে 'পাধ্যামি' বলিয়া উপহাস করিতেন। একদিন প্রাতঃকালে রেমো এই-সব

অলোকিক-রহস্ত-ঘটিত একথানি নবপ্রকাশিত প্রস্থ উৎসাহের সহিত উচ্চৈঃম্বরে

পাঠ করিতেছিলেন, মার্গারীটের খুলতাত
তাহা শুনিতে পাইয়া ক্রোধে একেবারে,
অগ্নিশর্মা ইইয়া উঠিলেন। তিনি ঐ যাহকরের

সহিত কোন সম্পর্ক রাখিবেন না বলিয়া ছির
করিলেন; পরে, মার্গারীট্কে ডাকিয়া
বলিলেন, "আর তুমি রেমোর ভরসায়
থাকিও না। এখন হইতে উহার সহিত দেখাসাক্ষাৎ বন্ধ করিয়া দাও।" মার্গারীট্ বলিল:—

"শুধু একবারটি দেখা কর্ব কাকা।"

পাদ্রি প্রথমে তাহার কথার কর্ণপাত করেন নাই, কিন্তু মার্গারীটের নিতান্ত ব্যগ্রতা দেখিয়া অবশেষে সন্মত হইলেন। উভয়ের মধ্যে শেষদিনের দেখাসাক্ষাৎ ঘটিল।

মার্গারীট্ ভাবিয়াছিল, রেমোর হানুর তো তাহার হত্তগত, একবার বলিবামাত্রই তিনি তাঁহার শাস্ত্র, বিজ্ঞান, মন্ত্রত্র তাহার পদতলে বিসর্জন করিবেন। তাই সে নিঃসন্দিশ্বভাবে তাঁহাকে বলিল:—"দেখ, শাস্ত্রালোচনা ভোমাকে ছাড়তে হবে, তা নৈলে আময়া স্থী হতে পার্ব না।" রেমো বলিলেনু:—"জ্ঞান বিনা স্থা কোঁখাুয়?"

্মার্পারীট্ মাধা হেঁট করিল, কিছুই ব্যাহত পারিল না। সে আবার বলিল ঃ— "র্থ্বী হবার জন্ম জ্ঞানের কি দরকার ?— জ্ঞানলাভ করে' তুমি কর্বে কি ?": রেমো বলিলেন :—"আমি মে একটা বৃহৎ কাজে হাত দিরেছি, তা কি তুমি জান না ?"

সরলা বলিল:—"আমি এইমাত্র জানি, আমার কাকা ও-সব বিষয়ের কোন খোঁজ রাখেন না, কিছুই জানেন না। না জেনে তিনি ভালই আছেন; ঈশরকে ভালবেসেই তিনি সম্বন্ধ। তিনি ধীর, শাস্ত, বিজ্ঞ ও দরালু। যে ঈশরের উপর তিনি নির্ভর করে' আছেন, সেই ঈশরই তাঁকে দীর্ঘজীবী কর্বেন।" রেমো বলিলেন:—"হুঁ!—দীর্ঘ-জীবী! একদিন বদি মর্তেই হয়, তা হ'লে দীর্ঘজীবনেই বা সুথ কি ?"

——"কিন্ত∙ আমার মনে হয়" ⋯

——"তোমার মনে হয়, তোমার মনে

হয়------দেখ, আমি বনের সঙ্গে সংগ্রাম কর্ব,

য়ৢহাকে পৃথিবী হ'তে দ্র করে' দেব, জীবনকে

চিরন্থায়ী কর্ব—এই আমার সঙ্কর।"

মার্গারীট্ একদৃষ্টে তাঁহার দিকে চাহিন্না রহিন। তাঁহাকে উন্মাদগ্রন্ত বলিন্না ভাবিতেও প্রবৃত্তি হইল না; কেন না, সে তাঁহাকে ভানবাসিত।

তথন রেমো উত্তেজিত হইরা উঠিলেন;
বিজ্ঞানের সহিত তাঁহার কিরূপ সংগ্রাম
চলিয়াছে, দীপালোকে তিনি কত নিশি
জাগরণ করিয়াছেন, প্রকৃতির রহ্স
উদবাটনে কতদিন ধরিয়া চেটা করিতেছেন,
তংসমন্ত তিনি বর্ণনা করিতে লাগিলেন।
মার্দারীট্ মনিলু:—"আমাদের বিবাহের কি
হবে ?"

---- তার অন্ত আমরা কি অপেকা

কর্তে পার্ব না ?——আমাদের সন্মুথে তো অনস্ত জীবন-পড়ে রয়েছে।"

মার্গারীট একটু মুচ্কি হাসিরা, আকা-শের দিকৈ অঙ্গুলীনির্দেশ করিয়া বিশ্বাসভরে বলিল:—"ঐ হোধা।"

রেমোও দৃঢ়বিখাসের সহিত বিদিদেন :—
"না, এই পৃথিবীতেই।"

তথন সেই সরলা বালা এইটুকুমাত্র ব্ঝিল, তাহার জীবনের স্থথ জন্মের. মত ফ্রাইয়াছে, সে কাঁদিতে লাগিল। পরে বলিল:—"আছো বল, এখন কি কর্তে হবে।"

রেমো বলিলেনঃ— "শপথ কর, আমা ছাড়া তুমি আর-কারওু হবে না।"

- ——"আছা, আমি শপথ কর্<mark>লেম।"</mark>
- ----- "আমার জন্ম অপেকা করে' থাক্বে • "

——"চিরকাল **?**"

এই কথার, মার্গারীটের নেত্র-বিগলিত অশ্রুল যেন একটু ইনির ছারা প্রতি-বিশ্বিত হইল।

--- "त्म मिन करव जाम्रत क जारन,

ততদিনে হয় তো আমাদের স্থবের যৌবন চলে যাবে।"

—— "কি পাগলের মত কথা বল্চ! জীবন চিরস্থায়ী হ'লে, যৌবনও চিরস্থায়ী হবে।"

—— "আছো যাও তবে। আমি তোমার ও-সব জ্ঞানের কথা বুঝি নে। আমি গুধু এই বুঝেচি, আমার কপাল পুড়েচে। যাই হোক্, তুমি শীঘ্র শীঘ্র ফিরে এসো। আর, শীঘ্রই হোক্, বিলম্বই হোক্, এ তুমি বেশ জেনো, আমি তোমারই—চিরকাল আমি তোমারই ধাক্ব।"

সেই অবধি উভয়ের, মধ্যে ছাড়াছাড়ি হইশ—আর দেখাদাকাৎ হইল না অন্তত অনেকদিন পর্য্যন্ত। সম্পূর্ণক্লপে বিজ্ঞান অফুশীলন করিবার নিমিত্ত এবং পরীক্ষার প্রয়োজনীয় বিৰিধ উপকরণ সংগ্রহ করিবার নিমিত্ত রেমো কিছুকাল পৃথিবীর দিগ্দিগস্তে খুরিয়া বেড়াইলেন। তাহার পর 'পারি'তে কিরিয়া-আসিয়া কোন জনশৃত্য গলি-ঘুঁজির মধ্যে একটি পরিত্যক্ত গৃহে বাস করিতে লাগিলেন; এবং তাহার একটি ককে পরীক্ষাগার প্রস্তুত করিয়া, রাশিরাশি পুরাতন গ্রন্থে—'পার্চমেণ্ট'-কাগজে— চোয়াই-বার পাত্রাদিতে দিবারাত্রি পরিবেষ্টিত থাকিয়া, অবিশ্রাস্তভূতেে নানাবিধ পরীক্ষায় প্রবৃত্ত হইলেন। ভাহার একজন ঝি ছিল, সে আপন-ইচ্ছামত তাঁহার কুৎপ্রিপাসা-নিবৃত্তির কথঞ্চিং ব্যবস্থা করিভ। সে ওধু ছারে আগাত করিত—ঘরে প্রবেশ করিতে পারিত না । এইরপে তিনি অনেক-অনেক বৎসর ধরিয়া তাঁহার বিজন আবাসে কাঁলাতিপাঠ করিলেন; কত কাল অতিবাহিত হইল, সে বিষয়ে তাঁহার কোন হঁস্ছিল না—তাঁহার বয়সেরও তিনি কোন ধবর রাখিতেন না।

এই অদ্ত জীবনে, কত যুঝাযুঝি, কভ বিভ্ৰম, কত বিজ্মনা, কত আশাভঙ্গ ঘটিয়া-ছিল, তাহা কে বলিতে পারে।

কিন্ত একদিন তাঁহার মনস্কামনা পূর্ণ হইল—পরিশ্রম সার্থক হইল;—অমর-জাবনের অমৃতরস আবিদ্ধার করিলেন।

এবার তিনি এতটা নিঃসন্দিশ্ব হইয়াছিলেন যে, নিজ-শরীরের উপর পরীক্ষা
করিতে সঙ্কৃচিত হইলেন না। ইতিপূর্ব্বে
তিনি কেবল জীবজন্তর উপরেই পরীক্ষা
করিতেছিলেন, কিন্তু কোনপ্রকার সফলতা
লাভ করিতে পারেন নাই। যথনই জীবনকে
আহ্বান করিতেন, তথনই মৃত্যু আসিয়া
উপস্থিত হইত। কিন্তু এবার আর কোন
সন্দেহ রহিল না। জীবনের কোথায় উৎপত্তি, কোথায় নির্তি—তাহার রহস্থ এবার
তিনি উত্তেদ করিলেন। এবার মৃত্যুক্তে জয়

সেই আবিষ্ণত অমৃত্রস যেমন তিনি পান করিলেন, জমনি দেহে নব বল, নব ফুর্জি, নব উভ্নম স্থাপট্রপে অমুভ্ব করিতে লাগিলেন। কেন না, অনেকদিন হইতে তাঁহার শরীর প্রাস্ত-ক্লান্ত হইরা পড়িরাছিল; এতটা হর্মল হইরাছিলেন যে, থাকিয়া-থাকিয়া তাঁহার মন্তক ক্লের উপর চলিয়া পড়িত। কিন্তু এক্ষণে, অভিনব উষ্ণ শোণ্ডি তাঁহার ধমনীতে মহাবেগে প্রবাহিত হইতে লাগিল। তিনি বলিয়া উঠিলেন:—"বিজ্ঞানের জয়!"

শ্বিষ্ক উর্নাদে তিনি এতটা অধীর হইয়া.
পড়িয়ছিলেন বে, দেই অমৃত্যনের শিশিটা
তাঁহার হাত হইতে ফস্কাইয়া ভূতলে পড়িয়া
ভাঙিয়া গেল। তিনি উন্মত্তের স্থায় দেই
ভগ্নাবশিষ্ট শিশির দিকে ছুটিয়া গেলেন এবং
নিকটয় জ্বলম্ভ হাপরের নীলাভ প্রভায়
দেখিতে পাইলেন, দেই ভগ্নাবশিষ্ট শিশির
ভলায় শুধু একটি-ফোঁটা রস ঝিুক্মিক্
করিতেছে।

— "এক ফোঁটা— শুধু একটি ফোঁটা।
মার্গারীট, এই ফোঁটাটি তোমার জন্ম — এখন
জগৎ মরে মরুক্, তাতে কিছুনাল ক্ষতিবৃদ্ধি
নেই। আমাদের ছ'জনের জন্ম তো অনস্ত
জীবন সঞ্চিত রইল।" এই কথা বলিয়া
তিনি গৃহহুইতে বাহির হুইলেন এবং বিক্ষিপ্তচিত্তে রাস্তা পার হুইরা, সহরের ভিতর দিয়া
পিয়া, মার্গারীটের খুল্লতাত— গিজ্জার সেই
বৃদ্ধ পুরোহিতের ভবন পর্যস্ত ছুটিয়া গেলেন।

তাঁহার থোঁজ করায় দেখানকার লোকে

স্ববং হাসিয়া বলিল, তিনি যে ৩০ বংসর

হইল, লোকাস্তরে গমন করিয়াছেন। আছা,
কিন্তু মার্গারীট্ ! তাহার ঠিকানা পাইতেও

অনেক বিলম্ব হইল; কেন না, সে অঞ্চলে

মার্গারীট্কে কেহই জানিত না। কেবল

একজন বুদ্ধা বলিল, মার্গেরীট্-নামে একটি

ব্বতীকে পূর্বে সে জানিত, এক্ষণে অস্পষ্ট

স্বতিমাত্র তাহার মনে রহিয়াছে। সেই বৃদ্ধা
ভাহার সন্ধানে তাঁহার সঙ্গে যাইবে বলিয়া

তাহার সন্ধানে তাঁহার সঙ্গে যাইবে বলিয়া

তাহার ক্যনই মার্গারীটের নিকট পৌছিতে
পারিতেন না।

ে বুদ্ধার কথামত কোন একটা রাস্তা ধরিয়া

রেমো একটি ক্ষুদ্র দোতালা-বাড়ীতে আসিয়া উপস্থিত হুইলেন। কাঁপিতে কাঁপিতে সেই বাড়ীতে উঠিয়া দারে আঘাত করিলেন। দার খুলিল। মার্গারীটের নাম ধরিয়া ডাকা-ডাকি করায় কে-একজন উত্তর করিল:— "ওগো, এখানে না।"

রেমো গৃহে প্রবেশ করিয়া উৎক্টিভভাবে চারিদিকে নিরীক্ষণ করিতে করিতে আবার মার্গারীটের নাম ধরিয়া ভাকিতে লাগিলেন:—"মার্গারীট্ জেনেব্রার।— মার্গারীট্ জেনেব্রার।"—

পাণ্ড্বর্ণ বলিতচর্ম অন্থিচম্মসার একঞ্জন বৃদ্ধা একটা বড় আরাম-কেদারার বসিয়া ছিল, সে খালিতপদে অতি কন্তে উঠিয়া বলিল:--"মার্গারীট্ জেনেত্রার? তা হ'লে আমিই বোধ হয়।"

—— "তুমি! বৃদ্ধা, তুমি কি কেপেছ? আমি মার্গারীট্কে খুঁজ্চি;—সে স্থলরী, সে বৃবতী, তার সোনালি রঙের চ্ল, লাল টুক্টুকে ঠোঁট।"

তাহার পর ঘরের দেয়ালে একটি আয়ত-লোচনা তরুণীর চিত্র দেখিয়া বলিয়া উঠি-লেন :—"ঐ-ই আমার মার্গারীট, ওকেই আমি ভালবাসি, আর ঐ-ই আমার জন্ম অপেক্ষা করে' থাক্বে বলে' শপ্থ করে-ছিল।"

মার্গারীট্ প্রথমে চিত্রের উপর—তাহার পর রেমোর উপর বিষাদময় দৃষ্টি নিক্ষেপ করিল; পরে, তাহার মুথে একটি বিষয় হাসির রেথা অন্ধিত হুইল। সে বলিলঃ— "আমিই সেই; আমি তোমাকে প্রবঞ্চনা করি নি; আয়ি সেই অবধি তোমার জন্ত মপেক। করে' ছিলেম—কিন্ত তৃষি ক্রমাণত বিশ্ব কর্তে লাগ্লে—তোমার আস্বার পূর্কেই, ছরন্ত কাল এসে, এই দেখ, আমার সেই স্থানর মুখে ছরপনের চিহ্ন রেখে গেছে।"

——"তুমি মার্গারীটু ? তোমার এই দশা ?"

এই রমণীর মুখে তথনও বিষাদের হাসিটি মিলাইয়া বার নাই।

——"কিন্তু রেমো, তুমি কি মনে কর, তোমাকে পুর্বে যে-রকম দেখেছিলেম, তুমিও দেই-রকমটিই আছ ? তোমার মুখটা একবার আয়নায় দেখ-দিকি স্থা।"—এই বলিয়া মার্গারীট তাঁহার হাত ধরিয়া একটা আয়নায় সম্মুখে লইয়া গেল। রেমো আয়নায় মুখ দেখিয়া, চীৎকার করিয়া উঠিলেন। তাহার মনে হইল, যেন পূর্ণ-যৌবনে নিদ্রা গিয়াছিলেম, জরাজীর্ণ বৃদ্ধ হইয়া এখন জাগরণ করিলেন। বলিলেন:—"এ মানসিক শ্রমের কল।"

- --- "ना नथा, এ कारनत श्रम ।"
- ——"আছা, আমাদের শেষ দেখা-শুনার পর কত বৎসর হ'রে গেছে বল দিকি।"
 - ----"অদ্ধ-শতাকী।"

বেমো একট। কাঠের টুলের উপর-মাধার হাত দিয়া বসিয়া পড়িলেন।

----"বল কি ? অন্ধ-শতানী ?--এ কি কখন সম্ভব ?''

এক মুইড্রের জন্ত তাঁহার গতান্থণোচনা উপন্থিত হইন—কমন্ত মনের, ক্ষথ চলিয়া গেল। কিছ তাহার পদকণেই সহসা উঠিয়া গাঁড়াইলেন—তাঁহার চোথে বিহ্না ছুটিল। ভিনি বলিলেন:—"যার অনস্তকাল বাঁচ্বার কথা, তার পক্ষে আর্ক-শতাবী কি ?" দুই
কথা বলিরা অঙ্গুলী হইতে একটা সোনার
আংটি টানিরা বাহির করিলেন,—তাহার
মণি-কোষে এক-ফোঁটা অমৃতরস সঞ্চিত
ছিল। আংটিটি মার্গারীটের হল্তে অর্পন
করিয়া দৃঢ়বিখাসের সহিত বলিলেন:—
"পান কর, পান কর, তোমাকে আমি অমর
করে' দিচিচ।"

মার্গারীট্ আংটিটা একপাশে রাথিয়া,
বুকের জামা ছিঁড়িয়া নিজ কুৎসিত বিলোল
বিকলাল দেহবাষ্ট দেথাইল—রেমাে শিছরিয়া
উঠিলেন। মার্গারীট্ বলিল:—ঈশর প্রক্তিবস্ত-ঋতুতে প্রকৃতিকে কি করে' নৃতন
বৌবনের সাজে সাজিয়ে দেন, তা ঈশরই
জানেন। তোমার মত আমার শাস্ত-জান
নেই বটে, কিন্তু আমার কাপ্ত-জ্ঞান আছে।
এ শরীর তো একটা জড়পিশু মাত্র, এক
সময়ে নষ্ট হবেই; আমাদের আত্মাই অমর—
ঈশর মান্তবের আত্মাতেই দিব্যপ্রাণ সঞ্চার
করেছেন। এ বিষয়ে আমার কাকা মা
বল্তেন, তাই ঠিক্। দেথ স্থা, ভূমি
তোমার সময়ের অপবাবহার করেছ।"

——"থাক্, তবে চুলোয় থাক্ !—পুর্বেষ যদি তুমি আমাকে এ কথা বল্ডে"…এই বলিয়া আংটিটা সবলে পদদলিত করিলেন।

সেই অমৃতবিন্দৃটি বাম্পাকারে বাছতে মিলাইয়া গেল এবং স্পষ্ট-স্থিতি-প্রলয়ের মূল-বীজে প্রাণশক্তি প্রত্যর্পণ করিয়া বিশ্বপদার্শে ব্যাপ্ত হইয়া পড়িল।

ত্রকবৎুসর পরে রেমো ভনিলেন, **মার্মা**ন বীটের মৃত্যু হইমাছে। তিনি ভ**ভিভাবে** তাঁহ্রার অন্তিম-নিবাস পর্যান্ত গমন করিলেন।
পরে সঙ্গিলীন, প্রেমহীন, বন্ধ্হীন হইরা
ব্যাধ-ধৃত জরণাগশুর জ্ঞার স্বরারতনবদ্ধ
লৌহপিঞ্জরের মধ্যে যেন ইতন্তত বিচরণ
করিতে লাগিলেন। জীবনে কোন স্থধ
নাই, কোন আশা নাই, দূর দিগন্তেও
কোন লক্ষ্যত্বল নাই—এই ভাবে তিনি এখন
জীবন্যাপন করিতে লাগিলেন।

পশ্চাতে, সন্মুখে, সর্বতিই শৃষ্য।

তাঁহার জীর্ণশরীর কাল-ত্যারে ভারাক্রাস্ত; মন শুক্ষ মরুভূমিতে পরিণত;—
চিস্তায় আর সরসতা নাই—দীপ্তি নাই।
হলয় ক্ষতবিক্ষত, জর্জ্জরিত। অন্তরাত্মা
নিরুৎসাহ, বিষণ্ধ—কোন আশ্রয়ত্ব নাই।

অনস্তকাল তাঁহার সম্মৃথে প্রসারিত; দিনের পর দিন আসিতেছে, তাহার বিরাম নাই, অবসান নাই।

কে তাঁহার হৃদয়ে এখন বল-বিধান করিবে?—কে তাঁহাকে সান্তনা দিবে? কার জন্ম ভিনি এই সমস্ত কট্ট সহ্য করি-বেন ? তাঁহার জীবনের এখন প্রয়োজনই বা কি ?

এই তমসাবৃত জীবনের ভীষণ মহাশ্রের মধ্যে, তিনি মৃত্যুকে আছ্বান করিলেন, কিন্তু ভাঁহার হুতাল-হৃদয়ের আছ্বানে মৃত্যু সাড়া দিল না।

বে মৃত্যু হর্মলের বিভীষিকা ও সবলের আঞ্রেক্তা, বে মৃত্যুর সিংহ্ছার একদিননা-একদিন সম্প্রামাত্তেরই নিকট উদ্বাটিত
হইয়া থাকে, যেথান দিয়া মানবের সমস্ত
হঃখ-মুল্লণা ক্রমণনারিত এবং যাহার পরপারে শান্তি ও প্রেমের জ্যোতির্মার দিগত

উক্ত হয়—সেই মৃত্যু তাঁহার আহ্বানে আসিল না।

তিনি একণে অশুভপূর্ব এক ন্তনভর ছঃবের •রহস্ত জানিতে পারিলেন, কেন না, তাঁহার ছঃথ সাধারণ-মানব-স্থলভ ছঃথ নহে।

কোনরূপ আন্থাবিনাদনে ভূলিরা থাকিবেন, সে উপারও নাই। লোকজনের সহিত্ত
মেলামেশা করিতে গিরা দেখিলেন, তাহারা
শিশুপ্রার তুচ্ছ বিষয়েতেই রত। তাঁহার
নিকট সকলেই শিশু এবং তিনিও আরসকলের নিকট বৃদ্ধ বাতুল বই আর কিছুই
নন। যথন তিনি বিজ্ঞানের কথা পাড়িতেন,
লোকে পিছন ফিরিরা দাঁড়াইত। তাহাদের
মনে হইত, তিনি যেন অস্তু জগতের
জীব। তারা বলিত:—"বৃদ্ধ, তোমার সমর
ফ্রিয়েছে; এখন তোমার প্রলাপ আরম্ভ
হয়েছে; এখন অক্তদের জারগা ছেড়ে দিরে
মানে-মানে তোমার সরে' পড়াই উচিত।"

একদিন বৃদ্ধ রেমো বিজ্ঞোহী হইয়া,
বিজ্ঞানের মহিমা কীর্ত্তন করিতে লাগিলেন,
এবং তাহার সাক্ষাৎপ্রমাণস্বরূপ স্বীর বয়ঃক্রম
ও বছদর্শিতার কথা উল্লেখ করিলেন। সেদিন সহরে মহা আমোদ পড়িয়া গেল।
রাজপুরুষেরা তাঁহাকে পাগ্লা-পারদে বদ্ধ
করিয়া রাখিল। কিছুদিন পরে, নিরীহ
পাগল ভাবিয়া তাহাকে আবার ছাড়িয়া দিল।

কিন্তু মৃক্তিলাভ করিরা এখন ডিনি করিবেন কি ? · · · আবার তাঁহার প্রীক্ষাপারে গিরা কার্য্য আরম্ভ করিলেন। ২২ বংসর ধরিরা—এবার অমৃক্ত নর ভাষ্তের উপ্টা বিবের আবিভারে প্রবৃত্ত হইলেন। সহস্রসহস্রপ্রকার বিষ প্রস্তুত করিলেন। ভাহার মধ্যে কোনটা বা বিলম্বে ফলদারী, কোনটা বা বিহাৎবৎ আগুকার্যাকারী। সেই সকল বিষ আতভারী ও চিকিৎসকলের বেশ কাজে লাগিল, কিন্তু তাঁহার নিজের উপর কোন ফল ফলিল না। তিনি মনে মনে ভাবিলেন:—"আমি এখন দেখ্চি, সে বিষ তেমন মারাত্মক নয়, বাতে মানুষ মরে; সেই বিষই মারাত্মক, যাতে মানুষ বাচে।"

তিনি নিজের উপর ঐ সকল বিষের পরীকা করিতে গিরা ভীষণ মর্মাছেলী বাতনা ভোগ করিতে লাগিলেন। কেন না, যদিও তাঁহার শরীর মৃত্যুর হাত হইতে অব্যাহতি পাইয়াছিল, কিন্তু তাই বলিয়া কট্টয়র্রা হাইত স্ববাহতি পায় নাৄই। যন্ত্রণায় তাঁহার শরীর একএকবার বাকিয়া-চুরিয়া যাইত; তাঁহার আর্জনাদ দূর হইতেও লোকে শুনিতে পাইত। কিন্তু প্রতিবারই, সকট-মুহুর্জ্ব কোন-রূপে উত্তার্গ হইয়া তাঁহার প্রাণযন্ত্র আবার বেন স্বেগে চলিতে আরম্ভ করিত। অব-শেকে তিনি হতাশ হইয়া পড়িলেন।

একজন বিজ্ঞানাচার্য্যের কথা তিনি ইতিপুর্বে শুনিয়ছিলেন; এক্ষণে নিজে কোন উপায় করিতে না পারিয়া, তাঁহারই নিকটে যাইবেন বলিয়া সঙ্কর করিলেন। সেই বিজ্ঞানাচার্য্য তথন জরাপ্রভাবে মুম্বু— রোগ-শ্যায় শ্রান।

রেমো নিজ নাম জানাইয়া তাঁহার গৃহে প্রবেশ করিলেন। আগন্তকের মুখ্ঞীতে মন্থব্যের স্বাভাবিক লক্ষণ দেখিতে না পাইয়া গৃহের রমণী ও শিশুগন্ধের আতঙ্ক উপস্থিত ছইল। বিজ্ঞানাচাগ্যকে রেমো কলিলেন:— "মামাকে উদ্ধার করন।" ——"তুমি কি চাও <u>?"</u>

বিজ্ঞানাচার্য্য উত্তর করিলেন:—"কাল এসো, প্রত্যুবেই এসো; কেন না, তোমা-অপেক্ষা আমি ভাগ্যবান্; আমার জীবন শেষ হয়ে এসেছে—আমার মৃত্যু আসন্ত।"

——"মর্তে চাই।"

——"তার জন্ম আপনি কি তুঃথিত নন ?" ্——"আমার কার্যা শেব হয়েচে।"

তাহার পরদিন রেমে। গিয়া দেখেন, রদ্ধ বিজ্ঞানাচার্য্যের মৃত্যু আসয়—তিনি যন্ত্রণার কাতর; তথাপি শ্যার উঠিয়া-বিসিয়া তাঁহাকে বলিলেন:—"রেমো, কাল থেকে আমি অনেক চিন্তা করেছি, অনেক আলোচনা করেছি, কিন্তু তোমার কাছে এই কথা শীকার কর্তে বাধ্য হচ্চি, আমি কিছুই সন্ধান পাই নি। বিধাতার নির্কান, তোমাকে অনন্ত জীবন ভোগ কর্তে হবেন কথা গুলি শেষ প্র্যান্ত শোনো।

"যে কাজ একজনের ঘারা না হয়, কতকগুলি লোকের ঘারা তা' সম্পন্ন হ'তে পারে। যে কাজ একপুরুষে অসাধ্য, ২০পুরুষে তা' সিদ্ধ হ'তে পারে। বিজ্ঞান একজনের ও নয়, একপুরুষেরও নয়, একষুগেরও নয়; বিজ্ঞান সমস্ত মানবমগুলীর সাধারণ সম্পত্তি। আমার সমস্ত গ্রন্থ পাঠ কর্তে পার্বে। আমি সাধারণের মঙ্গলের জভ্ত চেষ্টা করেছিলেম বলে' কিয়ৎপরিমাণে সম্বল হয়েছি। তুমি আমার সময়ের পুর্বর্তী গ্রন্থ-সকল,পাঠ কর,—আমার মৃত্যুর পর যে-সকল লেখক গ্রন্থ লিখ্বেন, তাঁহাদেরও গ্রন্থ পাঠ

কোরা। আর তুমি নিজেও অবিরাম বিজ্ঞানের সম্পূলীলন কর্তে থাক; বোধ হয় তুমিও সৌভাগ্যক্রমে কোনদিন সাধারণের কাল এগিরে দিতে পার্বে। তথন সেইদিন ভোমার নিকট ধ্রুব-সত্য অ্পরম-সত্য প্রকাশ পাবে — সেইদিন তুমি অনস্ত-শান্তি লাভ কর্বে।" রেমো বলিলেন:—"কিন্তু তুমি কি মনে কর, আমি এতদিন হাত গুটিরে বসে-ছিলেম, আমিও এর জন্ত অনেক থেটেচি।"

—"হাঁ, তুমি তোমার নিজের জন্ত থেটেচ; সে থাটুনি মানব-সাধারণের কোন কাজে আসে নি, তাই নিফল হয়েচে। অন্তের জন্ত যদি তুমি থাটতে, তা হ'লেই তোমার থাটুনির উচিত মূলা পেতে পার্তে।" এই কথা বলিতে বলিতে সেই বিজ্ঞানাচার্য্য ইহলীলা সংবরণ করিলেন। তাঁহার আত্মীয়স্কলন বাহারা তাঁহাকে ভালবাসিত, যাহারা এই অন্তিম সময়ে তাঁহাকে ভালবাসিত, যাহারা এই অন্তিম সময়ে তাঁহাকে ভালিবা । তাঁহার সময়াময়িক ব্যক্তিগণ যাহারা তাঁহাকে ভক্তিশ্রনা করিত—তাহারাও তাঁহাকে স্মরণ করিয়া অশ্রবর্ষণ করিল।

এদিকে রেমা কিঞ্চিৎ সান্তনা পাইলেন বটে, তথাপি উৰিগ্নচিত্ত্ে গৃহে ফিরিয়া আসিলেন।

এখনও দীর্ঘকাল তাঁহাকে কষ্টভোগ করিতে হইবে। কিন্তু এখন তাঁহার একটু আশার সঞ্চার হইরাছে; সেই বিজ্ঞানাচার্য্যের জ্ঞানগর্ভ কুথার এক। জন্মিরাছে। তিনি একণে তাঁহার অস্তিম মূহুর্ত্তের জন্ম বিশাস-ভরে প্রতীক্ষা করিতে লাগিলেন।

কিন্ত সে মুহুর্ত্তের এখনও আনেক বিশ্বস্থ আছে—এখনও দীর্ঘকাল তাঁহাকে কাজ করিতে হইবে: সার্ধভৌমিক বিজ্ঞানের অমুণীলনে একলে তাঁহার সমস্ত উদ্যম নিয়োপ করিলেন। পূর্বতন আচার্যোরা বিজ্ঞানকেতে যে বীজ বপন করিয়াছিলেন, তাঁহার অক্লান্ত চেষ্টার ফলে, কোন শুভ মুহুর্ত্তে, সেই বীজ অমুরিত হইল। তিনি বলিয়া উঠিলেন:—"অম্বকার দূর হয়েচে, আলো দেখা দিয়েচে।" এতদিনের পর, জীবনের পুরস্কারস্কর্মপ তিনি মৃত্যুকে লাভ করিলেন।

তাঁহার সমাধি-স্তম্ভের প্রস্তরে তিনি নিম্ন-লিখিত কথাগুলি খুঁদিয়া রাখিতে বলিয়া গিমাছিলেন ঃ—

"আলোক ষেমন অন্ধকারকে—বিজ্ঞান সেইরপ অমঙ্গলকে দূর করিয়া দেয়। রহস্যের ঘারা নহে, পরস্তু অর্জ্জিত বিজ্ঞানের ঘারাই ঈশ্বর মহুষ্যের নিক্ট আত্মপ্রকাশ করেন। অবশেষে আত্মা স্থীর পার্থিবসম্বন্ধ হইতে—অজ্ঞান হইতে—ল্রান্ত বিশ্বাসসমূহ হইতে বিমুক্ত হইয়া দেই মহাবিশ্বের মহাসমষ্টির মধ্যে গ্রেবেশ করে— যাহার আদি নাই, বাহার অস্তু নাই।"

श्रीत्माणितिस्मनार्थं ठाकृते।

मत्स्राग।



ভাল তুমি বেসেছিলে এই শ্রাম ধরা, তোমার হাসিটি ছিল বড় সংথে ভরা। মিলি নিথিলের স্রোতে জেনেছিলে খুসি হতে, হৃদয়টি ছিল তাই হৃদিপ্রাণহরা। তোমার আপন ছিল এই শ্রাম ধরা।

আজি এ উদাস মাঠে আকাশ বাহিয়। তোমার নম্বন যেন ফিরিছে চাহিয়া। তোমার সে হাসিটুক,

সে চেন্ধে-দেখার স্থুখ সবারে পরশি চলে বিদায় গাহিয়া এই তালবন গ্রাম প্রাস্তর বাহিয়া।

তোমার সে ভাললাগা মোর চোথে আঁকি'
আমার নয়নে তব দৃষ্টি গেছ রাখি'।
আজি আমি একা-একা
দেখি ত্তনের দেখা,
ভূমি করিতেছ ভোগ মোর মনে থাকি'
আমার তারার তব মুগ্ধদৃষ্টি আঁকি'।

শ্রেই বে লীতের জালো শিহরিছে বনে,
লিকীবের পাতাগুলি ঝরিছে পরনে ;
তোমার জামার হন
থেলিতেছে সারাকণ

এই ভারা-আন্গেকের আকুল কম্পনে, । এই শীভ-মধ্যক্তির মর্ম্মরিভ বনে। আমার জীবনে তুমি বাঁচ ওগো বাঁচ!
তোমার কামনা মোর চিত্ত দিয়ে যাচ!
ধেন আমি বুঝি মনে
অতিশয় সলোপনে
তুমি আজ মোর মাঝে আমি হয়ে আছ!
আমারি জীবনে তুমি বাঁচ ওগো বাঁচ!

দর্পহরণ।

কি করিয়। গল্প লিখিতে হয়, তাহা
সম্প্রতি শিখিয়াছি। বিজমবাবু এবং সার্
ওয়াল্টার য়ট পড়িয়া আমার বিশেষ ফল হয়
নাই। ফল কোঝা হইতে কেমন করিয়া
হইল, আমার এই প্রথম গল্পেই সেই কথাটা
লিখিতে বসিলাম।

আমার পিতার মতামত অনেকরকম ছিল; কিন্ত বাল্যবিবাহের বিরুদ্ধে কোন মত তিনি কেতাব বা স্বাধীনবৃদ্ধি হইতে গড়িয়া তোলেন নাই। আমার বিবাহ যথন হয়, তথন সতেরে৷ উত্তীর্ণ হইয়া আঠারোয় পা দিয়াছি; তথন আমি কলেকে থার্ডইয়ারে পড়ি—এবং তথন আমার •চিত্তক্ষেত্রে যৌবনরে প্রথম দক্ষিণবাতাস বহিতে আরম্ভ করিয়৷ কত অলক্ষ্য দিক্ হইতে কত অনির্মানীর গীতে এবং গদ্ধে, কম্পনে এবং মুর্শবে আমার তর্মণ জীবনকে উৎস্কুক করিয়৷ জ্বিতিছিল, তাহা এখনো মনে হইলে বৃক্তের কিন্তেছিল, তাহা এখনো মনে হইলে বৃক্তের কিন্তুলিশ্বাস ভরিয়৷ উঠে।

্রক্তমন ংআমার মা ছিলেন না—আম্ভানের বুক্তসংসারের মধ্যে লক্সীম্থানন করিবার জন্ত আমার পড়াশুনা শেষ হইবার অপেক্ষা না করিয়াই বাব। বারো-বৎসরের বালিকা নির্মরিণীকে আমাদের ঘরে আনিলেন।

নির্বারিণী নামটি হঠাৎ পাঠকদের কাছে প্রচার করিতে সন্ধোচবোধ করিতেছি। কারণ, তাঁহাদের অনেকেরই বরস হইরাছে— অনেকে ইস্কুল-মাষ্টারি, মুক্ষেফি এবং কেছ কেহ বা সম্পাদকীও করেন, তাঁহারা আমার শগুরমহাশরের নামনির্বাচনক্ষচির অভিমাত্ত লালিত্য এবং নুতনত্বে হাসিবেন, এমন আশকা আছে। কিন্তু আমি তথন অর্বাচীন ছিলাম, বিচারশক্তির কোন উপদ্রব ছিল না—তাই নামটি বিবাহের সম্বন্ধ হইবার সময়েই থেমনি শুনিলাম, অমনি—

"কানের ভিতর দিয়া মরমে পশিল গো,
আকুল করিল নোর প্রাণ ।"
এখন বয়স হইরাছে এবং ওকালতি ছাড়িরা
মুক্ষেকিলাভের, জন্ত ব্যথা হইয়া উঠিয়াছি,
তবু হলবের মধ্যে ঐশামটি পুরাতন বেহালার
আওরাজের মত আরো বেশি মোলারেম হইয়া
বাজিতেছে।

প্রথম বরসের প্রথম প্রেম অনেক গুলি ছোটখাটো বাধার দারা মধুর। লক্ষার বাধা, দরের লোকের বাধা, অনভিজ্ঞতার বাধা— এই গুলির অন্তরাল হইতে প্রথম পরিচয়ের যে মাভাস দিতে থাকে, তাহা ভোরের আলোর মত রঙীন—তাহা মধ্যাত্মের মত স্থাপাই, মনাবুত এবং বর্ণছটোবিহীন নহে।

 \mathbf{C}_{i}

আমাদের দেই নবীন পরিচয়ের মাঝ-খানে বাবা বিদ্ধাগিরির মত দাঁড়াইলেন। তিনি আমাকে হঙেলে নির্মাসিত করিয়া দিয়া তাঁহার বউমাকে বাংলা লেথাপড়া শিখাইতে প্রবৃত্ত হইলেন। আমার এই গল্পের মুক হইল সেইখানে।

খণ্ডরমশার কেবল তাঁহার কন্তার নাম-করণ করিরাই নিশ্চেষ্ট ছিলেন না—তিনি ভাহাকে শিকাদানেরও প্রভৃত আয়োজন করিয়াছিলেন। এমন কি, উপক্রমণিকা ভাহার মুখস্থ শেব হইয়াছিল। মেঘনাদবধ-কাব্য পড়িতে হেমবাব্র টীকা ভাহার প্রয়ো-জন হইত না।

হষ্টেলে গিরা তাহার পরিচর পাইরাছিলাম। আমি দেখানে থাকিতে নানা
উপারে বাবাকে লুকাইরা নববিরহতাপে
অভ্যন্ত উত্তপ্ত ছইএকখানা চিঠি তাহাকে
পাঠাইতে আরম্ভ করিয়াছিলাম। তাহাতে
কোটেশন্-মার্কা না দিয়া আমাদের নবাকবিদের কাব্য ছাঁকিয়া অনেক কবিতা
চালিয়াছিলাম, ভাবিয়াছিলাম—প্রণায়নীর
ক্ষেল প্রেম আকর্ষণ করাই, যথেষ্ট নহে—
শ্রমাও চাই। শ্রমা গাইতে হইলে বাংলাভাষার বেরপে রচনাপ্রণালীর আশ্রম লওয়া
উচিত, সেটা আমার স্বভাবত আসিত না—

সেইজয়—

"মনৌ বন্ত্রসমুৎকীর্ণে স্ত্রেপ্তবান্তি মে গতিঃ"
অর্থাৎ অন্তঃ কহরীরা যে-সকল মণি ছিদ্রু
করিরা রাথিয়াছিলেন, আমার চিঠি তাহা
স্ত্রের মত গাঁথিয়া পাঠাইত। কিন্তু, ইহার
মধ্যে মণিগুলি অন্তের, কেবলমাত্র স্তর্টুকুই
আমার, এ বিনয়টুকু স্পষ্ট করিয়া প্রচার করা
আমি ঠিক সঙ্গত মনে করি নাই—কালিদাসও করিতেন না,—যদি সত্যই তাহার
মণিগুলি চোরাই-মাল হইত।

চিঠির উত্তর যথন পাইলাম, তাহার পর হইতে যথাস্থানে কোটেশন্-মার্কা দিতে আর কার্পণ্য করি নাই। এটুকু বেশ বোঝা গেল, নববধু বাংলাভাষাটি বেশ জানেন। তাহার চিঠিতে বানান ভূল ছিল কি না, তাহার উপযুক্ত বিচারক আমি নই—কিছ সাহিত্যবোধ ও ভাষাবোধ না থাকিলে এমন চিঠি লেখা যার না, সেটুকু আন্দাজে ব্রিতে পারি।

স্ত্রীর বিদ্যা দেখিয়া সংস্থামীর যতটুকু
গর্ম ও আনন্দ হওয়া উচিত, তাহা আমার হয়
নাই—এমন কথা বলিলে আমাকে অস্তার
অপবাদ দেওয়া হইবে, কিন্তু তারি দলে একটু
অক্সভাবও ছিল। সে ভাবটুকু উচ্চদরের
না হইতে পারে, কিন্তু স্বাভাবিক। মুদ্ধিল
এই বে, কে উপারে আমার বিদ্যার পরিচয়
দিতে পারিতাম, সেটা বালিকার প্রেক্ ছর্মর ।
সে যেটুকু ইংরাজি জানে, তাহাতে বার্ক্
দেকলের ছাঁদের চিঠি তাহার উপরে চাল্লাইতে হইলে মশা মারিতে ক্রানান লাগা
হইত্ব—মশার কিছুই হইত মা, কেবল শোরা
এবং আওয়াজই সার হইত্ব।

তামার বে তিনটি প্রাণের বন্ধ ছিল, ভাহাদিগকে আমার স্ত্রীর চিঠি না দেখাইরা থাকিতে পারিলাম না। তাহারা আশ্চর্য্য ছইরা কহিল, "এমন স্ত্রী পাইয়াছ, ইহা তোমার ভাগ্য।" অর্থাৎ ভাষাস্তরে বলিতে গেলে এমন স্ত্রীর উপরুক্ত স্থামী আমি নই।

নির্বরিণীর নিকট হইতে পত্রোত্তর
পাইবার পুর্বেই যে ক'থানি চিঠি লিখিয়া
কেনিয়ছিলাম, তাহাতে স্থানেচছাুাস
যথেষ্ট ছিল, কিন্তু বানান-ভূলও নিতান্ত অর্
ছিল না। সতর্ক হইয়া লেখা যে দরকার,
তাহা তথন মনেও করি নাই।. সতর্ক হইয়া
লিখিলে বানান-ভূল হয় ত কিছু কম পড়িত,
কিন্তু হদয়েচছাুসটাও মারা ঘাইত।

এমন অবস্থায় চিঠির মধ্যস্থতা ছাড়ির।
মোকাবিলার প্রেমালাপই নিরাপদ্। স্কৃতরাং
বাবা আপিসে গেলেই আমাকে কালেজ
পালাইতে হইত। ইহাতে আমাদের উভয়
পক্ষেরই পাঠচচ্চার বে ক্ষতি হইত, আলাপচর্চার তাহা স্কুদশ্বর পোরণ করিয়া লইতাম।
বিশ্বজ্ঞগতে যে, কিছুই একেবারে নই হর্ম না;
এক আকারে যাহা ক্ষতি, অস্ত লাকারে তাহা
লাভ—বিজ্ঞানের এই তথা প্রেমের পরীক্ষাশালার বারংবার ষাচাই করিয়া লইয়া
একেবারে নিঃসংশ্র হইয়াছি।

এমন সময়ে আমার স্ত্রীর জাঠ্ভূত বোনের বিবাহকাল উপস্থিত—আমরা ত যথানিরনে আইবুড় ভাত দিয়া থালাস—কিন্তু আমার স্ত্রী জেহের আবেগে এক কবিতা রচনা করিরা লাল কাগলৈ জাল কালী দিয়া লিখিয়া ভাহার ভিনিনীকে নাঁ পাঠাইয়া থাকিতে পারিল্টা। সেই রচনাটি কেম্ম করিয়া বাবার হত্তগত

হইল। বাবা তাঁহার বধুমাতার করিভায় मडावरमोन्स्या, व्यमाम्ख्य, রচনানৈপুণ্য, প্রাপ্তলতা ইত্যাদি শাস্ত্রসম্মত নানা ঋণের সমাবেঁশ দেখিয়া অভিতৃত হৈইয়া গেলেন। তাঁহার বৃদ্ধ বন্ধুদিগকে নেখাইলেন, তাঁহারাও তামাক টানিতে টানিতে বলিলেন—"খাসা श्रेशारह!" नववध्त य त्रहनामेख्नि আছে, এ কথা কাহারও অগোচর রহিল না। হঠাৎ এইরূপ খ্যাতিবিকাশে রচয়িত্রীর কর্ণমূল এবং কপোলম্বর অরুণবর্ণ হইয়া উঠিয়াছিল---ষ্ণভ্যাসক্রমে তাহা বিলুপ্ত হইল। পুর্বেই বলিয়াছি, কোন জিনিষ একেবারে বিলুপ্ত হয় না --কি জানি, লজার আভাটুকু তাহার কোমল কপোল ছাডিয়া আমার কঠিন লদরের প্রচ্ছেরকোণে হয় ত আশ্রয় লইয়া থাকিবে।

কিন্ধ তাই বলিয়া স্বামীর কর্ত্তবো শৈথিলা করি নাই। অপক্ষপাত সমালোচনার দ্বারা স্ত্রীর রচনার দোষ সংশোধনে আমি কথমই আল্স্য করি নাই। বাবা তাহাকে নির্মি-চারে যতই উৎসাহ দিয়াছেন, আমি ততই সতর্কতার সহিত ক্রটি নির্দেশ করিয়া তাহাকে যথোচিত সংযত করিয়াছি। আমি ইংরাজি বড়-বড় লেথকের লেখা দেখাইয়া তাহাকে অভিতৃত করিতে ছাড়ি নাই। সে কোকি-লের উপর একটা-কি লিখিয়াছিল, আমি শেলির ফাইলার্ক্ ও কীট্সের নাইটিলেল র্বনাইয়া তাহাকে একপ্রকার নীর্রব করিয়া। দিয়াছিলান। তথন বিদ্যার জোরে আমিও বেন শেলি ও কীট্দের গৌরবের কতকটা ভাগী হইয়া পড়িতাম। আমার স্ত্রীও ইংরাজি-সাহিত্য হইতে ভাল-ভাল জিনিব তাহাটক তর্জমা করিয়া শুনাইবার জন্ত আমাকে পীড়া-

করিত, আমি গর্কের সহিত তাহার অন্বরেথ রক্ষা করিতাম। তথন ইংরাজিসাহিত্যের মহিমার উজ্জল হইরা উঠিয়া
আমার স্ত্রীর প্রতিভাকে কি মান করি নাই ?
স্ত্রীলোকের কমনীয়তার পক্ষে এই একটু
ছারার আচ্ছাদন দরকার, বাবা এবং বন্ধবার্ধবেরা তাহা ব্ঝিতেন না—কাজেই আমাকে
এই কঠোর কর্তব্যের ভার লইতে হইয়াছিল। নিশীথের চক্ত মধ্যাত্নের স্বর্যের মত
হইরা উঠিলে ছইদণ্ড বাহবা দেওয়া চলে—
কিন্ধ তাহার পরে ভাবিতে হয়, ওটাকে ঢাকা
দেওয়া যার কি উপারে!

আমার স্ত্রীর লেখা বাবা এবং অন্তান্ত আনেকে কাগজে ছাপেইতে উদ্যত হইয়া-ছিলেন। নিক্সিণী তাহাতে লজ্জাপ্রকাশ করিত—আমি তাহার সে লজ্জা রক্ষা করিয়াছি। কাগজে ছাপিতে দিই নাই, কিন্তু বন্ধুবাদ্ধবদের মধ্যে প্রচার বন্ধ করিতে পারা গেল না।

ইহার কুফল যে কতদ্র হইতে পারে,
কিছুকাল পরে তাহার পরিচয় পাইয়াছিলাম।
তথন উকিল হইয়৷ আলিপুরে বাহির হই।
একটা উইল্কেল্ লইয়৷ বিরুদ্ধপক্ষের সঙ্গে
খুব জোরের সহিত লড়িতেছিলাম।
উইল্টি বাংলায় লেখা। খপক্ষের অমুকূলে
তাহার অর্থ যে কিয়প স্পাই, তাহা বিধিমতে
প্রেমাণ ক্রিতেছিলাম, এমন-ময়য় বিরোধিপক্ষের উকিল উঠিয়৷ বলিলেন—"আমার
বিষান্যমু যদি তাহার বিহুবী স্ত্রীর কাছে
এই উইল্টি ব্যাইয়৷ লইয়৷ আসিতেন, তবে
এমন অন্ত্র ব্যাখ্যা হার৷ মাত্ভার্বাকে ব্যথিত
ক্রিয়৷ তুলিতেন না।

চুলার আগুন ধরাইতে সুঁ দিওে দিইত নাকের কলে চোথের কলে হইতে হয়; কিছ গৃহদাহের আগুন নেবানই দার—লোকের ভাল কথা চাপ। থাকে, স্থার অনিষ্ঠক্তর কথাগুলো মুথে মুথে হুছ:শব্দে ব্যাপ্ত ইইয়া যায়। এ গরাটিও সর্বাত্ত প্রচারিত হইল। ভার হইয়াছিল, পাছে আমার জ্রীর কানে ওঠে। সৌভাগ্যক্রমে ওঠে নাই—অস্তত এ-সক্তর্মে তাহার কাছ হইতে কোন আলোচনা কথনো শুনি নাই।

একদিন একটি অপরিচিত ভদ্রলোকের সহিত আমার পরিচয় হইতেই তিনি জিল্ঞাসা করিলেন, "আপনিই কি শ্রীমতী নির্ধরিণী দেবীর স্বামী ?" আমি কহিলাম, "আমি তাঁহার স্বামী কি না, সে কথার জবাব দিতে চাহি না, তবে তিনিই আমার জ্রী বটেন।"— বাহিরের লোকের কাছে জ্রীর স্বামী বলিয়। খ্যাতিলাভ করা আমি গৌরবের বিষয় বলিয়।

সেটা বে গৌরবের বিষর নহে, সে কথা
আমাকে আর-এক ব্যক্তি জনাবশ্যক
ল্পাইভাষার শ্বরণ করাইয়া দিয়াছিল। পুর্বেই
পাঠকগণ সংবাদ পাইয়াছেন, জামার জীর
জাঠ্তুত বোনের বিবাহ হইয়াছে। তাহার
শ্বামীটা অত্যক্ত বর্বের ছর্ত্ত। জীর প্রতি
তাহার অত্যাচার অসহ। আমি এই পারভের নির্দিয়াচরণ লইয়া আত্মীরসমাজে
আলোচনা করিয়াছিলাম—সে কথা জানেক
বড় হইয়া তাহার কানে উঠিয়াছিল। সে
তাহার পর হইতে জামার প্রতি লক্ষা করিয়া
সকলের কাছে বলিয়া বেড়াইতেছে বে,
নিজের নামে হইতে জারত্ত করিয়া সকলের

ৰাষ্ট্ৰৰ পৰ্যান্ত উত্তৰ-মধ্যম-মধ্যম অনেকরকম প্ৰয়াভিব -বিবরণ শাস্ত্রে লিখিয়াছে, কিছ নিজের জীর খ্যাভিতে বশস্বী হওয়ার করনা কবির মাথাতেও আদে নি।

"अमन-नव कथा लाकित मूर्थ मूर्थ हिन्छ जात कर्म क्रिंग जोत मत्न छ म् क्रिंग क्रिंग हिन्म जात मत्न छ म् क्रिंग हिन्म जात कर्म क्रिंग हिन्म निर्मात क्रिंग, निर्माति मान्य गिन्म हिन्म ह

স্ত্রীর দম্ভের পরিচয় পাইতে আমার দেরি ছইণ না। পাড়ার ছেলেদের এক আছে—দেখানে একদিন তাহারা এক ৰিখ্যাত বাংলালেথককে বক্তৃতা দিতে রাজি করিয়াছিল। অপর একটি বিখ্যাত লোককে সভাপতিও ঠিক করা হয়—তিনি বুকুভার পুর্ররতে অন্মুস্ত জানাইরা ছুটি লইবেন। ছেলের। উপায়ান্তর না দেখিয়া ্রামাকে আসির। ধরিল। আমার ্ছেলেদের এই অহে ভূকী শ্রহা দেখিয়া আমি - কিছু প্রস্তুর হইয়া উঠিলাম—বলিলাম, "তা ্বেশ ভ, বিষয়টা কি বল ভ ?" তাহারা ্ কহিল, প্রাচীন ও আধুনিক বঙ্গসাহিত্য।"— व्यामि कृष्णिम—"(५० १३(न, १८७६३ जामि ३ **ँकिङ् समान कानिन्"**न्तरसञ्जालक राज्य स

পরদিন সভার বাইবার পূর্বে অবধাবার এবং কাপুড়চোপড়ের জন্ত জ্রীকে কিছু তাড়া দিতে লাগিলাম। নির্বারিণী কহিল—"কেন গো, • এত ব্যস্ত কেন—আবার কি পাত্রী দেখিতে বাইতেছ ?" আমি কহিলার, "একবার দেখিরাই নাকে-কানে ধৎ দিরাছি—আর নর !" "তবে এত সাজসজ্জার তাড়া যে !"

ন্ত্ৰীকে সগৰ্বে সমস্ত ব্যাপারটা বুলিলাম। গুনিরা সে কিছুমাত্র উলাসপ্রকাশ না ক্রিরা ব্যাকুলভাবে আমার হাত চাপিরা ধরিল। কহিল, "তুমি পাগল হইরাছ? না না, সেধানে তুমি যাইতে পারিবে না!"

আমি কহিলাম, "রাজপ্তনারী যুদ্ধনাজ পরাইয় আমীকে রণকেত্রে পাঠাইয় দিত— আর বাঙালার মেরে কি বক্তাসভাতেও পাঠাইতে পারে না ?"

নির্ধরিণী কহিল—"ইংরাজি বজুতা হইলে আমি ভর করিতাম না, কিছ—থাঞ্ না, অনেক লোক আসিবে, ভোমার অভ্যাস নাই—শেষকালে—"

শেবকালের কথাটা আমিও কি মাঝে মাঝে তাবি নাই! রামমোছন রায়ের গানটা মনে পড়িতেছিল—

"মনে কর শেষের সে দিন ভরত্বর অন্তে বাক্য কবে কিন্তু তুমি রবে নিরুত্তর!" বক্তার বক্তা-অন্তে উঠিয়া দাড়াইবার সমর সভাপতি যদি হঠাৎ "দৃটিহীন নাড়ীকীণ হিমকলেবর" অবস্থার একেবারে নিরুত্তর হইয়া পড়েন, তবে কি গতি হইবে! এই সকল কথা চিন্তা করিয়া পুর্বোক্ত পলাভক সভাপতিমহাশরের চেয়ে আমার স্বাস্থ্য বে কোন অংশে ভাগ ছিল, এমন কথা আমি ৰবিতে পারি না।

বুক জুলাইয়া জীকে কহিলাম, "নিঝর, তুমি কি মনে কর—"

. জী কহিল—"আমি কিছুই মনে করি না —কিন্তু আমার আজ ভারি মাথা ধরিয়া আসিরাছে—বোধ হয় জর আসিবে—তুমি আজ আমাকে ফেলিয়া বাইতে পারিবে না!"

আমি কহিলাম, "সে আলাদা কথা। তোমার মুখটা একটু লাল দেখাইতেছে বটে।"

সেই লালটা সভান্তলে আমার ছরবন্থা করনা করিয়া লজ্জার, অথবা আসর অরের আবেলে, সে কথা নিঃসংশুরে পগ্যালোচনা না করিরাই আমি ক্লাবের সেক্রেটারিকে ত্রীর শীড়ার কথা জানাইয়া নিস্কৃতিলাভ করিলাম।

বলা বাহুল্য, জীর জরভাব অতি সম্বর ছাজ্রা গেল। আমার অন্তরাক্ষা কহিতে লাগিল, "আরু-সব ভাল হইল, কিন্তু তোমার বাংলা-বিদ্যা-সম্বন্ধে তোমার জীর মনে এই বে সংস্কার, এটা ভাল নয়। তিনি নিজেকে মন্ত বিহুবী বলিয়া ঠাওরাইয়াছেন—কোন্দিন বা নাইট্রুক্ খুলিয়া তিনি তোমাকে বাংলা পড়াইবার চেষ্টা করিবেন।"

আমি কহিলাম, "ঠিক কথা—এই বেলা দর্প চূর্ব না করিলে ক্রমে আর ভাহার নাগাল পাওয়া বাইবে না।

বেই রাজেই ভাহার সলে একটু থিটিনিটি বালাইলাম। অল্লশিকা যে ক্রিকাপ ভর্তর জিনিব, পোপের কাব্য হইতে ভাহার উদাহরণ উল্লাক্ত করিলা ভাহাকে শুনাইলাম। ইহাও বুধাইলাক; কোনমতে বানান এবং ব্যাক্রণ কাচাইরা লিখিলেই যে লেখা হইল, ডাইবা নহে—আসল জিনিবটা হইডেছে আইডিয়া। কালিয়া যলিলাম, "সেটা উপক্রমণিকার পাওয়া যায় না—সেটার জস্তু মাখা চাই।" মাখা বে কোথার আছে, সে কথা তাহাঁকে লাই করিয়া বলি নাই, কিন্তু তবুবোধ হয় কথাটা অল্পষ্ট ছিল না। আমি কহিলাম— "লিখিব্রার যোগ্য কোন লেখা কোন দেশে কোন দিন কোন স্তীলোক লেখে নাই।"

ভূনিরা নির্ধরিণীর মেরেলি তার্কিকতা
চড়িরা উঠিল। সে বলিল—"কেন মেরেরা
লিখিতে পারিবে না। মেরেরা এতই কি
হীন!"

আমি কহিলাম—"রাগ করিরা কি করিবে ! দৃষ্টাস্ত দেখাও না !"

নির্ধরিণী কহিল—"তোমার মত যদি আমার ইতিহাদ পড়া থাকিত, তবে নিশ্চরই আমি চের দৃষ্টাস্ত দেখাইতে পারিভাম।"

এ কথাট। গুনিরা আমার মন একটু নরম হইরাছিল, কিন্তু তর্ক এইথানেই শেষ হয় নাই। ইহার শেষ বেধানে, সেটা পরে বর্ণনা করা বাইতেছে।

'উদ্দীপনা' বলিয়া মাসিকপত্রে ভাল গল্প লিখিবার জন্তু পঞ্চাশটাকা প্রস্থার ঘোষণা করিয়াছিল। কথা এই স্থির হইল, আমরা ছই জনেই সেই কাগজে চটা গল্প লিখিলা পাঠাইব, দেখি কাহার ভাগো প্রস্থার জোটে।

রাত্রের ঘটনা ড এই । প্রদিন প্রভাতের আলোকে বৃদ্ধি যধন নির্মাণ হইরা, 'পাসিল, তথন ক্ষিমা জ্মিতে লাগিল। কিন্তু প্রতিজ্ঞা করিলান, এ অবসর ছাড়িয়া দেওয়া হইকে মা-বেমন করিয়া হোক, লিভিতেই হইবে। হাতে তথনো ছইমাস সময় ছিল।

এক ভিবাদ অভিধান কিনিলাম---বঙ্কি-य्यत वहें अना अं नःश्रह कतिनाम। ব্যামের লেখা আমার চেয়ে আমার অস্তঃপুরে অধিক পরিচিত—তাই সে মহদাশ্রম পরি-তাাগ করিতে হইল। ইংরাজি গ্রের বই দেবার পড়িতে লাগিলাম। অনেক গুলা গল ভাঙিয়া-চুরিয়া একটা প্লট্ দাঁড় করাইলাম। भ्राष्ट्रित थूर्तरे हमरकात श्रेत्राधिन, किख भूकिन এই इहेन. वाःनाममास्य (म-म्कन কোন অবস্থাতেই ঘটতে পারে না। অতি थाठीनकात्वत भाक्षात्वत मीमाञ्चलत्म भाजत ভিত্তি काँ मिनाम--- (मथान मञ्चर-अमञ्चर्वत সমস্ত বিচার একেবারে নিরাক্ত কল্মের মুথে কোন বাধা রহিল না। উদাম अन्तर, अमञ्जय नीत्रष्, निमाक्रण পরিণাম সার্কাদের ঘোডার মত আমার গল্প ঘিরিয়া অন্ত ভগতিতে ঘুরিতে লাগিল।

রাত্রে আমার ঘুম হইত না—দিনে আহারকালে ভাতের থালা ছাড়িয়া মাছের ঝোলের বাচিতে ডাল ঢালিয়া দিতাম। আমার অবস্থা দেখিয়া নির্বাদিণী আমাকে অসুনয় করিয়া বলিল, "আমার মাথ্লা থাও, ভোমাকে আর গ্র লিঞ্চিতে হইকে না—আমি ছার মানিতেছি।"

আমি উত্তেজিত হইরা বলিবাস, "তুমি কি
মনে করিতেছ, আমি দিনরাত্রি কেবল গর
ভারিবাই বল্লিভেছি! কিছুই না: আমাকে
মক্তেলের, কথা ভাবিত্তে হর—ভোষার মত
গর এবং করিছা চিন্তা করিবার অবসর প্রাড়িরা
বাফিলে আমার ভাবনা কি ছিল।"

বাহা হউক্, ইংরাজি প্লট্ট এবং সংশ্বত
অভিধানে মিলাইরা একটা গল থাড়া করিলাম। মনের কোশে ধর্মবৃদ্ধিতে একটু
পীড়াবোধ করিতে লাগিলাম—ভাবিলাম,
বেনারা মিঝর ইংরাজিসাহিত্য পড়ে নাই,
তাহার ভাবসংগ্রহ করিবার ক্ষেত্র সন্ধীণ—
আমার সঙ্গে তাহার এই লড়াই নিডান্ড
অসমকক্ষের লড়াই।

উপসংহার।

লেখা পাঠান হইয়াছে। বৈশাখের সংখ্যায় পুরস্কারবোগ্য গলটি বাছির হইবে। ঘদিও আমার মনে কোন আশহা ছিল না, তবু সমন্ত্র যত নিকটবর্ত্তী হইল, মনটা তত চঞ্চল হইরা উঠিল।

বৈশাখমাসও আসিল। একদিন আলা-লভ হইতে সকাল-সকাল ফিরিয়া-আসিয়া থবর পাইলাম, বৈশাথের উদ্দীপনা আদি-য়াছে, আমার স্ত্রী তাহা পাইয়াছে।

ধীরে ধীরে নিঃশব্দপদে অন্তঃপুরে গেলাম।
শর্মঘরে উ কি মারিয়া দেখিলাম, আমার ল্রী কড়ার আগুন করিরা একটা বই পুড়াই-তেছে। দেয়ালের আর্মার নির্মরিণীর মুখের যে প্রতিবিদ্ধ দেখা যাইভেছে, তাহাতে স্পষ্ট বুঝা গেল, কিছু পুর্মে সৈ অক্রবর্ণ করিয়া লইয়াছে।

মনে আমল হইল, কিন্তু সেই সলে একটু দলাও হইল। আহা, বেচারার গুলাট উদ্দী-পনার বাহির হর নাই! কিন্তু, এই বামান্ত ব্যাপারে এত •হ:৭! জীলোকের সহস্থাকে এত অরেই যা পড়েঁ!

আবার আমি নিঃশব্দপদে । ক্রিঞ্জা গেকাম। উদ্দীপনা-আশিস হইতে নক্ষ লাম দিরা একটা কাগন্ধ কিনিরা আনাইকাম।
আনার লেখা বাহির হইরাছে কি, না, দেখিবার জন্ত কাগন্ধ খুলিলাম। স্চীপত্তে দেখিলাম, পুরস্কারবোগ্য গন্ধটির নাম "বিক্রমনারারণ" নহে, ভাহার নাম "ননদিনী"—
এবং ভাহার রচরিভার নাম—একি ? এ বে
নির্বরিণী দেবী!

বাংলাদেশে আমার স্ত্রী ছাড়া আর কাহারো নাম নির্মারিণী আছে কি ? গরাট খুলিরা পড়িলাম। দেখিলাম, নিঝরের সেই হতভাগিনী জাঠ্তুত বোনের বৃত্তান্তটিই ডাল-পালা দিরা বর্ণিত। একেবারে ঘরের কথা—
সালা ভাষা—কিন্তু সমস্ত ছবির মত চোথে পড়ে এবং চকু জলে ভরিরা যার। এ নির্মারণী ধে আমারই "নিঝর", তাহাতে সন্দেহ নাই।

তথন আমার শগ্নন্তরের সেই দাহদ্থা এবং ব্যথিত রমণীর সেই সানমুথ অনেককণ চুপ করিরা বসিরা বসিরা ভাবিতে লাগিলাম। রাত্রে শুইতে আসিরা জীকে বলিলাম, "নিবর, যে থাভার ভোমার লেথাগুলি আছে, সেটা কোথার ?"

নিৰ্বনিশী কহিল, "কেন, সে লইয়া তুমি কি করিবে ?"

° আমি কহিলাম—"আমি ছাপিতে দিব !"

নির্বরিণী। আহা, আর ঠাটা করিতে হইবে না !

সামি। না, ঠাটা করিতেছি না। সভাই ছাপিতে দির।

নির্বরিণী। সে কোথার শ্লেছে, জাবি জাবি না।

चामि किছू कामत्र मरक्र विनश्चाय-

"না নিঝর, সে কিছুতেই হইবে'না। বুল, সেটা কোণায় আছে ?"

নিৰ্ম রিণী কহিল—"সত্যই সেটা নাই।"
আমি। কেন, কি হইল ?
নিৰ্ম রিণী। সে আমি পুড়াইয়া কেলিয়াছি।
আমি চন্কিয়া উঠিয়া কহিলাম, "অঁঃ।!
সে কি! কবে পুড়াইলে।"

নিঝ রিণী। আজই পুড়াইরাছি। আমি কি জানি না বে, আমার লেখা ছাই লেখা। স্ত্রীলোকের রচনা বলিরা লোকে মিথ্যা করিরা প্রশংসা করে।

ইহার পর হইতে এ পর্যাম্ভ নিঝরকে সাধ্যসাধনা করিয়াও একছত্ত লিথাইতে পারি নাই। ইতি।

श्रीश्रीक श्री श्री के बिक्स का का विकास के बिक्स के बिक्

উপরে বে গরাট লেখা হইরাছে, উহার পনেরো-আনাই গর। আমার স্বামী বে বাংলা কত অর জানেন, তাহা তাঁহার রচীত উপন্তাশটি পড়িলেই কাহারো বুঝিতে বাকি থাকিবে না। ছিছি নিজের স্ত্রিকে লইরা এম্নি করিরা কি গর বানাইতে হর ? ইতি।

क्रीनिर्वातिन (पर्वे)।

ত্রীলোকের চাত্রীসম্বন্ধে দেশী-বিদেশী
শাল্তে-অশাল্তে অনেক কথা আছে—তাহাই
সরণ করিয়া পাঠকেরা ঠকিবেন না। আমার
রচনাটুকুর ভাবা ও বানান কে সংশোধন
করিয়া দিরাছেন, সে কথা আমি বলিব না—
না বলিলেও বিজ্ঞ পাঠক অস্থ্যান, করিতে
পারিবেন। আমার ত্রী বে-ক্রের-লাইন
ভিধিন্নাছেন, তাহার বানান-ভূতাভলি কেবিলেই পাঠক ব্রিবেন, সেভলি ইচ্ছাক্যুড

তাছার স্বামী বে বাংলার প্রমপ্তিত এবং প্রটা যে আবাঢ়ে, ইহাই প্রমাণ করিবার এই অতি সহজ উপার তিনি বাহির করিয়াছেন—"জীণামিশিক্তপটুত্ব্।" তিনি স্ত্রীচরিত্র ব্রিতেন। আমিও সপ্রতি চোথকোটার পর হইতে ব্রিতে স্কুক করিয়াছি। কালে হয় ত কালিদাস হইয়া উঠিতেও পারিব। কালিদাসের সঙ্গে আরো একটু সাদ্গু দেখিতেছি। শুনিয়াছি, কবিবর নববিবাহের পর তাহার বিহুবী স্ত্রীকে যে শ্লোক রচনা করিয়া শোনান, তাহাতে উইপ্রশ্ব হইতে রফলাটা লোপ করিয়া-

ছিলেন—শক্ষপ্রাধ্যক্ষরে এরপ হর্ষটন।
বর্জমান লেখকের ছারাও অনেক ঘটিরাছে—
অভএব, সমস্ত গভীরভাবে প্র্যালোচনা
করিল্প আশা হইতেছে—কালিদাসের যেরপ
পরিণাম হইরাছিল, আমার পক্ষেও তাহ।
অসন্তব নহে। ইতি।

खेरः--

এ গল যদি ছাপান হয়, আমি বাপের বাড়ি চলিয়া যাইব।

ঞ্জীমতী নিঃ—

🚧 শামিও তৎক্ষণাৎ খণ্ডরবাড়ী যাত্রা করিব। **ক্রিচঃ**—

দ্বৈতরহস্থ



বে ভাবে রমণীরূপে আপন মাধুরী
আপনি বিখের নাথ করিছেন চুরী;
যে ভাবে স্থলর তিনি সর্বচরাচরে,
যে ভাবে আনন্দ তাঁর প্রেমে থেলা করে,—
যে ভাবে আনন্দ তাঁর প্রেমে থেলা করে,—
যে ভাবে লতায় ফুল, নদীতে লহরী,
যে ভাবে বিরাজে লক্ষী বিখের ঈশ্বরী,
যে ভাবে নবীন মেঘ রৃষ্টি করে দান,
তালনী ধরারে স্তন্ত করাইছে পান,
যে ভাবে পরম-এক আনন্দে উৎস্কক
আপনারে ছই করি লভিছেন স্থ্য,
ছরের মিলন্যাতে বিচিত্র বেদনা
নিত্য বর্ণগর্মীত করিছে রচনা,
হে রমণি ক্ষণকাল আসি মোর পাশে •
চিত্ত ভরিণ দিলে সেই রহন্ত আভাবে!



শ্বতি আর স্বপ্ন ছই ছারা-সহচর
ঘেরিরা থাকিত মোরে নিত্য-নিরস্তর
আনন্দে-আদরে,—এক গেলে আর এসে
জড়ারে ধরিত বৃকে কত ভালবেসে!
আজ দেখি আর তারা নাই ছইজন,
শ্বতি সে-ও স্বপ্ন হ'রে গিরেছে কথন্!

विधिययमा प्रयो।

গ্রন্থ-সমালোচনা।

ভারতবর্ষের ইতিহাস।

হিন্দুরাজত প্রথম থণ্ড। বৈদিক কাল।

১০ হরিক্ক মজুমদার প্রণীত। হরিক্কাবার্

অতি কঠিন ব্রত গ্রহণ করিয়াছিলেন।

বড় ছংথের বিষয় এই যে, সেই

বত উদ্যাপনের পরমায়ু বিধাতা তাঁহাকে

দেন নাই। ভারতবর্ষের ইতিহাস তিনি

শেষ করিয়া যাইতে পারেন নাই। কিন্তু

যতকুত্ব তিনি করিয়া য়াইতে পারিয়াছেন,

বন্ধদেশ তাহারই জন্ম তাঁহার নিকট চিরঝাণী।

যেরূপ পরিশ্রম, গবেষণা ও অধ্যবসায়ের
পরিচয় বাঁম্রা ইহাতে পাই, তাহা আমাদের

সকলেরই শ্রহণীর ও অন্থকরণীর। আমি এই প্রক সম্বন্ধে অধিক কথা বলিলে বোধ হয় অসকত হয়; তাহার কারণ এই যে, আমি এই পুরুক হস্তলিখিত অবস্থার দেখিরাছিলাম। কিন্তু এ কথা বলিলে বোধ হয় অসকত হইবে না যে, এই পুরুকের সমাদর হইলে তাহা হরিক্লফবাব্র গৌরব অপেক্ষা বালালী কাতিরই গৌরব। ছাপার ভূল ছই-চারিটা দেখিলাম, কিন্তু এমন স্থক্ষর পুরুকে তাহা মনে করিতে নাই। আল এই পুরুকের সমালোচনাস্থলে আমার বড় ছঃপ্প এই যে, হরিক্লফা জীবিত নাই!

बिहळ्याचेत्र मूर्याशाशाम् ।



শিবপূজা।

২

নিমন্তরের বৌদ্ধ এবং দেশব্যাপী অনার্য্য-ক্লাভির প্রভাবে, ষে সকল দেবস্বরূপ, মহা-দেবে প্রযুক্ত হইয়াছিল বলিয়া মনে করি-য়াছি,—তাহার উল্লেখ করিতেছি।

যে সকল জাতি কৌলিক ভূতপ্রেত, कीवक्क वरः वृक्षालाष्ट्रीमित शृका नहेशा বৌদ্ধ হইয়াছিল, তাহারা যথন পরে বৌদ্ধ-ধর্মের কুপায় আর্ঘ্যস্পৃষ্ট হইয়া হিন্দুসমাজের **चरुजू** इटेटि हिन, তথনও তাহারা ঠাকুরদেবতাগুলি আপনাদিগের করিয়া আনিতে ভূলে নাই। অনেক শৃদ্রের শুদ্রত্ব ঘুচিয়াছিল, তাহা বলিয়াছি। সেই সঙ্গে সঙ্গে ব্রাহ্মণ্যধর্মের প্রভাবে মন্ত্রসংস্কৃত হইয়া উহাদের দেবতাদিগ্রেরও যে হীনতা দ্রীভূত হইয়াছিল, তাহারও প্রমাণ আছে। উপস্থিত প্রয়োজনের হিসাবে, কেবল ছ-চারিটি দৃষ্টাস্ত দিয়া, উদ্দিষ্ট বিষয়ের স্থাপনার জন্ম একটু স্থবিধা করিয়া লইব।

৫১০ খৃষ্টাব্দে রাজা সংক্ষোভ, অনার্য্যের পিষ্ঠপুরী দেবীকে আর্য্যের দেবী করিয়া, মন্দির গড়িয়া, স্থাপন করিয়াছিলেন । যে স্কল অনার্য্যেরা আর্য্যসমাজ হুইতে দূরে

हिन, তाहारमत रमवरमवी वर् महत्व आर्या-সমাজে প্রবেশ লাভ করিতে পারেন নাই। কিন্তু কালক্ৰমে যথন ঐ সকল অনাৰ্য্যের সহিত নৈকটা হাপিত হইয়াছিল, তথন তাহাদের দেবতারাও হিন্দুসমাজে আসিয়া আসন পাতিয়াছিলেন। ৮ম শতাকী পর্যান্ত বে চণ্ডী অনার্য্য শবর-কিরাতাদির দেবতা: ভবভূতি, বাণভট্ট এবং দণ্ডী প্রভৃতি কবিগণ যাঁহাকে হীন বলিয়া বর্ণনা করিয়াছেন, এ যুগে তাঁহাকে মহাদেবের পত্নীরূপে দেখিতে পাই। এখানে বলিয়া রাখি বে, দশকুমার-চরিতে বিনি চণ্ডীকে অনার্য্যের দেবী বলিয়া-ছেন. চণ্ডীর নামের স্তোত্তগুলি কদাপি তাঁহার রচনা নহে। ঐ গ্রন্থ নিশ্চরই অন্ত **लिथरकत। रिक्टर्कार क्रम जुरः अधि এक** দেবতা বলিয়া পূজিত হইয়াছেন, দেখিতে পাই; পৌরাণিক যুগের মহাদেবেও অগ্নির বরপ প্রযুক্ত হইয়াছিল; তৃণাপি, নবম শতাকী পর্যান্তও, অগ্নির কালী-করালী প্রভৃতি শিখা মহাদেবের পত্নী হইয়া, অনার্য্যের ডাকিনীগুলিকে মুক্তিদান করিতে পারেন নাই। তাঁহারা অনেকদিন পর্যান্ত

` (

जिनो इहेंग्रांहे फिलन। "कानिका वार्शिनी-टिएं["], अखिशात्नत व कथा वश्ने भूथ हत्र সম্বপুরজেলায় নাই। অনাৰ্য্যজাতির একটি প্রাচীন বিড়াল-দেবতা নৃসিংহ হইয়া পূজা পাইতেছেন। বঙ্গদেশে হইলে এটিকে ষ্ঠাদেবীর বাহন করা হইত: কিন্তু মধ্য-প্রদেশে ইহার নামে একটি অন্তপ্রকারের মৌশিক পুরাণ রচিত হইয়াছে। পুরাণ বা গল্লটি এই:--বিষ্ণু দৈত্যবধ করিবার জন্ত দৈত্যের পিছুপিছু ছুটিলেন। ছুপ্ট দৈত্য নানারপ ধারণ করিয়া প্লায়ন করিতে লাগিল। দৈত্য হরিণ হইল, বিষ্ণু বাঘ रहेरान ; रेन छा हज़ारे रहेन, विकृ वाल इटेरनन; देखानि। व्यवस्थि देन्छारी ইত্র হইয়া গর্ভে ঢ্কিল ; বিষ্ণু তখন বিড়াল হইয়া গর্ভের মুখে থাবা পাতিয়া বদিলেন। ইঁছুরটা এপর্যান্ত গর্ত হইতে বাহির হয় नारे; विकृष विज्ञान श्रेश वृज्ञानश्रतकन्त ৰাস করিতেছেন। এইরূপে অনেক গ্রাম্য-সিংহ নরসিংহ হইরাছেন।

কোন্ অনার্যাজাতির সহিত কিপ্রকার নৈকট্যে তাহাদের দেবতাদিগের গুণ আসিয়া মহাদেবে সংক্রামিত হইয়াছিল, তাহা বৃঝিতে হইলে, একবার অনার্যা-সমাজের প্রাচীন এবং আধুনিক অবস্থার কিঞ্চিৎ পর্যালোচনা করার প্রয়োজন। কথার কথা বাড়িতেছে; অথচ এক কথার সহিত অঞ্চ কথা এমন ভাবে গাঁথা যে, একটি পরিহার করিলে অঞ্চটির মীয়াংসা হয় না। প্রতারেরত্রান্ধণে পাঁচটি অনার্যাজাতির নাম পাওরা বার, ব্থা—অন্ত্র, পুঞ্, শবর, আরিয়ানের বর্ণনায় সাভটি অনুর্যিকাতির नाम चाट्ड, यथा-चन्नाति (चन्नु), भानाति (भवत), त्यादनिक (श्रु निक्क), त्याइटवरे (মুভিব), কির্হাদই (কিরাত) এবং বর্কার। টলেমিতে কেবল অনু (Androi), শবর (Sabari) পুলিন্দ (Pulindai) এবং কিরাতের (Kirrhadai) নাম পাওয়া যায়। কিন্তু মহাভারতে ভারতবাসী দহ্য-জাতির মধ্যে উক্ত নামগুলি ছাড়া, অধিকন্ত ষ্বন, শক এবং কাম্বোজদিগের নাম পাওয়া ৰায়। বৈদিক সময় হইতেই যে অনাৰ্য্যের। পরাক্রান্ত জাতি ছিল, তাহা এই বিশেষ উল্লেখ হইতেই বুঝিতে পারা যায়। অন্ধ্রেরা দক্ষিণপ্রদেশে রাজা হইয়াছিলেন, এবং পরে খৃষ্টাব্দের প্রথম শতাকীতে মগধের সিংহাসনে বসিয়া রাজাধিরাজ হইয়া বছদিন পর্যাস্ত রাজত করিয়াছিলেন। কপালগুণে তাঁহারা হিন্দু হইয়া ক্ষতিয়ত্ব লাভ পুণ্ড জাতিও বঙ্গদেশের আশ্রয়ে কালক্রমে খাঁটি হিন্দু হইয়া গিয়াছিলেন। রহিলেন শবর, পুলিন্দ, কিরাতাদি। ইহারা কথনও ধবন, কথনও মেচ্ছ এবং কথনও বা দস্থ্য বলিয়া, মহাভারতের পরবর্ত্তী সাহিত্যে মহাভারতেও দেখিতে পাই, এবং ৬ ঠ ইহতে ৮ম শতাকী পর্যান্তের কাব্যাদিতেও দেখিতে পাই যে. ইছারা বিদ্ধাপ্রদেশ হইতে আরম্ভ করিয়া ভারত-সাগরের পূর্বকৃষ পর্যান্ত ব্যাপিয়া বাস कतिरछिल। विकृश्तारण य अहेववरानत রাজত্বের কথা পাওয়া যায়, এবং প্রস্কৃত-পক্তে যাহারা নবম শতাবী পর্যান্ত মাজাব্দের উপকূলে রাজ্য

প্রাধান্তবিস্তার করিয়াছিল। ইহাও হইয়াছে বে, এই ববনেরা গোঁড় লাভি। ঐ হুই লাভি মূলত এক ছিল। यानीत्र धवः विषिनीत्र देखिशांन इटेल काना গিয়াছে যে,ইহারা এক সময়ে বৌদ্ধর্ম গ্রহণ - করিয়াছিল। রামায়ণেও দেখিতে পাই ষে. রামচন্দ্র একালের রায়পুরজেলার শিরপুর বা শবরীপুর গ্রামের নিকটে এক শবরীর আশ্রম পাইয়াছিলেন। এই শবরী সিদ্ধশবরী হর্ষচরিতেও বিশ্বাপ্রদেশ এবং শ্রমণা। বৌদ্ধভিকুপরিপ্ল ত বলিয়া বর্ণিত আছে। সময়ে-সময়ে যে এই রাজ্যে ক্ষত্তিয়রাজারা অধিকারবিস্তার করিয়াছিলেন. তাহার যথেষ্ট ঐতিহাসিক প্রমাণ আছে। কাপ্তেন ফর্সিৎ-সাহেব (Captain Forsyth) বলিয়া-ছেন বে, यि कान ইতিহাস ना-ও থাকিত, তাহা হইলেও গোঁডদিগের শরীরস্তরে আর্য্যেরা যে চিরস্থায়ী চিত্র রাখিয়া গিয়াছেন. তাহা হইতেই উহাদের রমণীকুলের প্রতি ক্ষত্রিয়দিগের অমুরাগের কথা স্থচিত হইত। মহাভারতে পদে পদে এই অনার্য্য রমণী-দিগের ক্লফাঙ্গের মনোমোহিনী প্রভার পরিচয় পাওয়া যায়। কুরুকুলের আদি-পুরুষ উপরিচর পর্যান্ত এদেশীয় অনার্য্য-त्रमगीरंक विवाह कत्रिशाहित्नन। দিগের সহিত স্পর্দ্ধা করিয়া গোঁড়েরা উপ-বীত পর্যান্ত গ্রহণ করিয়াছে। ইহাদের আর্য্যসংস্রবের বিষয়ে আরও ত্বএকটি ঐতি-হাসিক কথা বলিতেছি। সমগ্র চেদিরাজ্য, অর্থাৎ অব্রবলপুর, দামো এবং মণ্ডলা প্রভৃতি त्गैंफ्पिशित त्रांका हिन ; এখনও ये ज्ञांन

ভাহারা ব্যথাগই বিষ্ণুপুরাণবর্ণিত মেকলে ্গোঁড়-(গণ্ড)-পরিপূর্ণ। কিন্ত এক সমরে প্রীধান্তবিস্তার করিরাছিল। ইহাও দ্বির এই রাজ্যের মাহিল্লতী-নগরীতে (মঙলা) হইরাছে বে, এই ববনেরা শবর এবং আর্যারাজ্য স্থাপিত হইরাছিল। চেদিরাজ্য-গোঁড়জাতি। ঐ হুই জাতি মূলত এক ছিল। সম্বন্ধেও বে কথা, বাকাটক এবং মেকল বা স্বদ্দেশীর এবং বিদেশীর ইতিহাস হইতে জানা দক্ষিণকোশল সম্বন্ধেও সেই কথা। বাকাটক গিরাছে বে,ইহারা এক সমরে বৌদ্ধর্ম্ম গ্রহণ এবং দক্ষিণকোশলে ৭ম শতান্ধীতে আর্য্য-করিরাছিল। রামারণেও দেখিতে পাই বে, উপনিবেশ স্থাপিত হয়।

প্রথাকাদের সময়ে যথন বিশ্ববর্দ্ধ। এবং বন্ধুবর্দ্মা (৪৬৮ খুষ্টাব্দে) দক্ষিণপশ্চিম মানুবে চেদিরাক্যের উত্তরভাগে ম্ক্রিস্থাপন করেন, তখন সেই উপলক্ষ্যে যে প্রস্তর্জিপি কোদিত হইয়াছিল, তাহাতে লিখিত আছে যে, ঐ দেশ মাভৃকাপূর্ণ। ঐ লিপিতে আছে যে, যেথানে "ঘনাত্যর্থনিহ্রাদিনী প্রমুদিতা মাতৃকাগণৈর" ভীমরবে "তন্ত্রো-ডুত প্রবল প্রন" উ**খিত হইয়া "সমুদ্রের** জল আলোড়ন করে", সেই "ডাকিনী-সম্প্রকীর্ণদেশে" তাহাদের প্রভাব মন্দীভূত করিবার জ্ঞ **এवः श्रुगार्कत्नत्र छेत्मरम** এই মন্দির নির্মাণ করা গেল। এই विकाथातम हित्रमिनरे नाक्षिका, छाकिनी, শাথিনী প্রভৃতির আবাসভূমি বিখ্যাত। গোঁড এবং শবরেরাও নানা-প্রকার তন্ত্রমন্ত্র ও দৈববিদ্যা জানিত এবং জীবশীকরণচূর্ণ ব্যবহার করিত বলিয়া আর্য্যেরা বিশ্বাস করিতেন। শ্রশানে ইহা-म्त्र करत्रकृषि छंत्रकृत (मव्छ। এवः नत्रकृथित-প্রার্থিনী দেবীর পূজা হইড্ দ শ্রীপর্বতে ইহাদের প্রধান আড্ডা ছিল,এবং ইহারা শৃষ্ণ-পথে সর্বাত বিচর% করিত। মালভীমাধৰ. বাসবদন্তা,কাদম্বী,হর্ষচন্ধিত এবং দশকুমার-চরিতে এই অঞ্লের ঠিক এই সকল বর্ণনা

यात्र । আর্থ্যেরা পাওরা আপনাদের ভাষায় এই ভীম দেবভাকে ভৈূরব এবং ভীমরূপিণীকে চঙা বা চামুগুা নাম দিয়া-ছিলেন। অনার্য্য ভৈরবের পূজা দেখানে প্রচলিত, সেই মালবদেশে ষষ্ঠ শতাকীতে वंदे रेडद्रव चार्जनाशिकनशात्री मृत्रभागित **রূপে পূজিত হই**য়াছেন, দেখিতে পাই। তাঁহার তাওবনৃত্যে শবরদিগের তাওবনৃত্যের क्षा मत्न পড़ে। यिनि महात्तव, जिनिहे महाकानम्बत्तभ এवः टेज्यव । यिनि এकिन मक्रम्शरनत अधिপতি বা পিতা ছিলেন, তাঁহাকে মরুদ্গণের মত ভয়ন্বর ভূতপ্রেতের পতি वनितन वर्गनां एक कानविद्यारी इश না। আর্যোরা পূর্বকালেও ভূত মানিতেন, ভন্তমন্ত্রাদিতে বিশ্বাস করিতেন, এই কথা অথর্কবেদের দোহাই দিয়া প্রমাণ করিবার চেষ্টা দেখিতে পাই। ভূত-মানাটা সকল সমাজেই ছিল, তাহা বুঝিতে পারি। কিন্ত ज्यर्थात्वर वर्षन अठि श्रीनेकान इटेएडे দেশে বেশী মান্য লাভ করে নাই এবং পূর্ব-কাল হইতেই ষ্থন শ্বরেরা এদেশে প্রভাব-শালী,তথন উহাদের নিকট হইতে যে অন্তত মন্ত্ৰাদিগুলি সংক্ৰামিত হয় নাই, তাহা ত मत्न रत्र ना। এकालের ভৃতপ্রেতাদির মন্ত্র, সাপের মন্ত্র, বশীকরণমন্ত্র ইত্যাদি সকল-গুলিভেই যে শবরমন্ত্রের অংশাদি পাওয়া ৰার, তাহা কানিংহাম-সাহেবের মন্ত্রসংগ্রহের मस्या न्नाहेर तमिर्ड भारे। এक ममरत्र हखी এবং ভন্তমন্ত্ৰ বে স্থার চক্ষে দৃষ্ট হইত, বাশভট্ট, দণ্ডী এবং ভবভূতির গ্রন্থ তাহার প্রমাণ। অথচ উক্ত কবিদিগের পরবর্ত্তী यूर्ण रथन के लित्र थाठनन, जयन जनार्ग-

প্রভাব অস্বীকার করা যায় কি ? ঐ তন্ত্রাদ্বির সহিত যোগবলেরও একটা বিশেষ সম্বন্ধ ছিল। এখনও শবরাদির পল্লীতে কোন এক-बन खौरनारकत উপর দেবতা নামাইয়া (मञ्जाबाम विनाद इहेरन, ज्वीरनाक्षिक মিডিয়াম্ করিয়া) গণনাদি চলে; আমি ইহা অনেক স্থানে দেখিয়াছি। अना দিকে আবার হজ্মন্-সাহেবের গ্রন্থে পড়িয়াছি বে, নেপালের বৌদ্ধর্মের সহিত শৈবধর্ম মিশ্রিত; এবং সেধানকার তথাগত গুহুক প্রভৃতি তম্বগুলি অনেক অশ্লীল অমুঠানে পূর্ণ। তন্ত্রের দেবতা সাধারণত শিব ও চণ্ডী; নেপালের তন্ত্রে একটা তারাও পাওয়া যায়। সম্ভবত এই তারাই এখন দশমহা-বিদ্যার একটি। এরপ অবস্থায় তন্ত্রমন্ত্রগুলি নীচ বৌদ্ধ এবং অনাৰ্য্য জ্বাতি হইতে সংক্ৰা-মিত বলিয়াই বিশাস জন্মে। অনার্য্য-জাতীয়েরাও যে একটা অনার্য মহাদেবের পূজা করিত, এবং ভাহার নিকট নরবলি পর্যান্ত দিত, সম্ভবত অনার্যা অনুরাজাদের প্রতি কটাক্ষ করিয়াই শ্রীক্লফ্ট এই কথা মগধপতির বধের পুর্বেষ তাঁহাকে বলিয়া-ছিলেন।

রজতগিরিনিচ্ছ মহাদেব কিপ্রকারে পৌরাণিক বিগ্রহ ধারণ করিলেন, এবং কিরপে ভূতাদির অধিপতি হইরা খাশান-বাসী হইলেন, তাহার কথঞিং আভাস পাওয়া গেল। এখন তিনি কি উপারে এবং কোন্ সময়ে লিজরুপ পরিগ্রহ করি-লেন, সেই কথা বলিব।

প্রাচীন সাহিত্যাদির মধ্যে দর্বপ্রথমে রামারণে একটি অনার্যা দিলদেবতার কথা পাই। উত্তরাকাণ্ডের ০১তম অধ্যায়ে আছে (य, त्रावण यथ्न माहित्र छौ-(এकारणत मछना)-নগরীতে গ্মন করে, তথন নর্মদাতীরে লিকপুৰা क्रियाছिन ; এবং . চেদিপতি উহাকে জনস্রোতে এই বর্ণনাটা পড়িলেই **मित्रा**हित्नन । वृत्रिएक भाता यात्र (य—(>) निकृषि हिन्दूत উপাক্ত ছিল না; (২) রাবণ মহাদেবের उभामक इरेटन अधि निकृषि महादन्य हिर्देनन ना,-- এक है। श्रव्य निक्राम वर्धा हिलन। রাবণের এ লিঙ্গপুঞ্জার স্থানটি গোঁড়ে ও শবরকাতির দেশ, তাহা পুর্বেই বলিয়া আসিয়াছি। রামায়ণের সময়ের কথা দুরে থাকুক, অন্তত ৭ম শতাকীর শেষ পর্যান্তও বে, আর্য্যসমাজে লিজপুজা প্রবর্ত্তিত হয় নাই, তাহা কতকটা সাহস করিয়াই বলিতে পারি। যধন প্রতিমাপুজা প্রবর্ত্তিত रहेबाहिन, उथन महारान धारनत असूक्र একটি পুরুষ; লিঙ্গ নহেন। ষষ্ঠ এবং সপ্তম শতाकोत माहित्छा,--- (यथान्वे महात्त्रत মন্দিরের তাহার কথা দেইখানেই ধ্যানের অনুরূপ মূর্ত্তিবিশিষ্ট মহা-দেব স্থাপিত আছেন বলিয়া বর্ণনা পাই। কাদম্বরী, দশকুমারচরিত ,প্রভৃতি পড়িলেই ইহার সত্যতা উপলব্ধ হইবে। পঞ্চম এবং সপ্তম শতাব্দীর বিদেশীয় ভ্রমণকারীরাও विश्वहशाती भिरवत कथारे विमारहन। কাশীতে তখন একটি প্রকাণ্ড শিবমূর্ত্তি ছিল বলিয়া ৰৰ্ণিত আছে।

মধ্যপ্রদেশের চাঁদা, বারদা, নাগপুর, সিরোঞা প্রভৃতি লইরা বাকটিক ব্লাজ্য ছিল। এ বিষয়ে ফুীট্ এবং কানিংহামের বিভিন্ন মত; আমি কানিংহামের কথাই যুক্তিসিদ্ধ মূনে করিয়া গ্রহণ করিয়াছি। বাকাটকের ২য় প্রবরদেন অষ্টম শতাব্দীর রাজা। তাঁহার প্রস্তরলিপিতে দেখিতে পাই বে, তাঁহার বৃদ্ধ প্রপিতামহ গৌতমীপুত্র, নাগবংশীয় ভবনাগ রাজার কন্তাকে বিবাহ দক্ষিণপ্রদেশের পাণ্ড্য রাজারা ় नाश बाका विवास कानियात वर्गना कविया-ছেন। ইহারা যে ক্লফকার অনার্যা, তাহাও কালিদাদের বর্ণনা হইতে সহজ্ঞেই অসুমিত হয়। ২য় প্রবরদেনের ঐ প্রস্তরলিপিতে আছে যে, ভবনাগ নৃতন করিয়া একটি শিবলিঞ্গ ক্ষন্ধে বহন করিয়া এক নৃতন পুরীতে প্রতিষ্ঠা করেন। শিবের ভার বহন করিয়াছিলেন বলিয়া, নৃতন পুরীর নাম দিয়াছিলেন 'ভারশিব'। वासूमानिक ७२० थृष्टीयः। এই সময়ে সর্বা প্রথম একটি শিবকে লিঙ্গরূপে পাওয়া গেল। এটাও সপ্তম শতান্দীর প্রারম্ভে, অনার্যাপ্র ভূর দক্ষিণপ্রদেশে।

সম্ভবত কবি দণ্ডীর দশকুমারচরিত
কে০ খৃষ্টাব্দের; কাহারও মতে ৭ম শতাব্দার
প্রারম্ভের। প্রভেদ অতি সামাক্ত ।
দশকুমারচরিতে শবরাদির শাশানভূমিচারিণী চণ্ডিকা আছেন, ভাহা বলিয়াছি।
ঐ গ্রম্থে আরও দেখিতে পাই বে, বিদ্ধাপ্রদেশে অনেক আর্য্যেরা পুলিন্দের অন্ত্রহণ
করিয়া অনার্য্যাচারী হইয়া বিয়াছিলেন।
এ বর্ণনা প্রস্তর্জাপিলন ইতিহাসের অন্ত্ররপ। এই স্থানের উক্তপ্রকার অনার্য্যভাবত্তই একজন স্থাল যুবকের সহিত কুমার
রাজবাহনের সৌহার্দ্ধ জয়ের; যুবক্টির নাম

মাতল। মাতল অনাগ্য আচার পরিহার আর্য্যকুলাচার এবং বৈদিকধর্ম করিতেছিলেন। স্বয়ং রাজবাহন এবং মাতজকে একটি গুপ্ত নগ-রীতে ষাইতে আদেশ দিয়াছিলেন অভিজ্ঞানম্বরূপে বলিয়া দিয়াছিলেন যে. এক স্থানে একটি ফটিকলিঙ্গ তাহার নিকটবর্ত্তী স্থড়ঙ্গ দিয়া করিতে হইবে। মহাদেব নিজে বলিতেছেন त्व, "এक छि ऋ छिक निक्र आ एक"; यनि अ छि মহাদেবের সহিত সম্পর্কিত হইতেন, তাহা হইলে নির্দেশের ভাষা অন্যরূপ হইত। তাহার পর আবার যথন রাজবাহন এবং মাতক স্থড়কে প্রবেশ করিলেন, তথন ঐ লিঙ্গের প্রতি কোন সম্মান প্রদর্শন করেন नारे। आर्याभुका श्रेटल अथवा महास्तव হইলে, এ ব্যবহার হইত না। "পূজাপূজা-ব্যতিক্রমে" শ্রের বিল্লসমূল হয়; কিন্তু উভয়েরই ইষ্টসিদ্ধি হইল; এবং অর্দ্ধ-আর্যা মাতক "অম্বরোত্তমনন্দিনী কালিন্দী"কে বিবাহ করিলেন। রামায়ণের সময়ে দেখি-बाहि त्य, त्वीक भवत्त्रता माधू हरेल मिकनाम এই ফটিকলিঙ্গের উপাসকও পাইত। সিদ্ধশবর বলিয়াই দণ্ডীর লেখা হইতে अश्यान रहा। तिथि । পাওয়া গেল যে, সপ্তম শতাব্দীর প্রারন্ধ পর্যান্তও আর্যাসমাজে লিশপুলা প্রবর্ত্তিত হয় নাই। কিন্তু অনার্য্য-জাতির মধ্যে যে শিঙ্গ প্রচলিত ছিল, তাহা বছদিন হইতে আর্য্যেরা জানিতেন।

এখন অনাৰ্য্যজান্তির এই লিঙ্গদেবতার তত্ত্ব লওরা ৰাউক। গোড়দিগের মধ্যে একটি পুরাতন এবং সর্ব্যব্যাপী ঐতিহ্য

প্রচলিত আছে যে, অতি প্রাচীনকালে উত্তরদেশে বাস করিত, কিন্তু ভাহারা এক সময়ে আর্য্যদিগের সহিত একটি পর্বতগুহায় বন্দী হইয়া র্ভাহাদের একজন পড়িয়াছিল। তথন ক্মতাশালী বীর পূর্বপুরুষ প্রস্তরবাধা অপসারণপূর্ব্বক তাহাদিগকে **निक्र**नश्चरम**्**म আনিয়াছিলেন। এই[₹] वौत्रश्रक्रायत्र नाम निष्ट्या। निष्ट्या वह প্রাচীনকাল হইতে পূজিত হইয়া আসিতে-ছেন। গোঁড়েরা কথনও কোন মানুষের প্রতিকৃতি করিয়া লিঙ্গোকে পূজা করে নাই; গাছের তলায় একথানি পাণর রাখিয়া कुकु विल नियारे शृका कतियारह। य मगरत्र আर्यात्रा मधाक्षरम्य উপनिविध স্থাপন করেন, তথন অন্যান্য দেবতার সঙ্গে মহাদেবের পূজাও প্রতিষ্ঠিত করিয়া-ছিলেন। গোঁড়দিগের প্রাচীন গানে দেখিতে পাওয়া যায় যে, তাহারা সেই সময়ে তাহা-দের লিঙ্গোদেবকে প্রশংসা করিতে গিয়া তাঁহাকেই যথাৰ্থ মহাদেব বলিয়া গৰ্কা করি-য়াছে। কাপ্তেন্ ফর্সিতের গ্রন্থে এই সকল গান এবং লিঙ্গোর বিবরণ অনেক আছে।

কি ভাবে অনার্যাদেবতা আর্য্যসমাজে প্রবেশ করিবার সময় নৃত্ন নাম
পাইতেন, তাহার ছএকটি দৃষ্ঠান্ত দিতেছি।
গোঁড়বাবা নামে গোঁড়দিগের একজন সিজপুরুষ রাজিমে পুজিত হইতেন। আজলদেবের সময় হইতে ভিনি গোড়েশ্বর
মহাদেব বলিয়া আর্থ্যের পুজা গ্রহণ করিয়া
আাসিতেছেন। বেমন করিয়া ভুউক, মহাদেব করিয়া গড়িয়া লইতে হইবে, তাই এই

অর্থুন্য গৌড়েশ্বর নামের স্টে হইল। मदनशूरत्रत्र त्राकाता এकि व्यनार्या सिवीरक পূজা করিতেন; তাঁহার নাম ছিল সামলাই। এখন ব্রাহ্মণেরা উাহাকে সামলেখরী কালী . ব**লেন। কিন্ত কিছুতেই নাম**টা আৰ্য্য হইল্না, এই হঃখ; এত সাধুভাষার ভাণ ক্রিয়াও ক্থাটার অর্থহ্টল না, ইহাই ক্ষ্টের কথা। যেখানে অর্থ হয় না. সেথানেও যথন মিলনের অমুরোধে এতটা টানাটানি, তথন একটু স্থবিধা পাইলে ত কোন কথাই নাই। লিকোকে আর্থ্য অভিধানের চাপে ফেলিয়া 'লিঙ্গ' করা বড়ই সহজ হইয়াছিল। কিন্তু একটি গোলের কথা আছে। লিকো না হয় মহাদেবের সহিত স্পর্দ্ধা করিয়া মহা-रमव इटेरनन, किन्छ मछामछा है यिन 'निक्न'-উপাদ্য না থাকিত, তাহা হইলে মহাদেবকে লিক বলিয়া গ্রহণ করিবার স্থাবিধা হইত না। এইপ্রকার কোন পূজা আর্য্য কিংবা অনার্য্য সমাজে প্রচলিত ছিল কি না, তাহার অমুসন্ধান করিতেছি।

व পर्याष्ठ व्यवद्राश्यागीराण्डे व्यक् मकान कतिया व्यामियाण्डि। किन्न व्यथारन छेशानारनत व्यक्ताद व्याद्राश्यागी व्यक् नयन कतिर्ण श्रेरण्डा । छेळ्ळकन, उद्ध व्यवः शरखायाना श्राम्यक व्यनार्याता रय रवोक्षया व्यवस्य कतियाण्डिन, व्यथन कान रकान मच्छानारात थर्षा छाशात शतिष्ठय शास्त्रा यात्र । थाँछि उद्धारमण व्यथार अज्ञित शक्ताल-महरन व्यवः मथाश्रामण्यात व्यक्ताल, क्षाण्डात स्वयं शास्त्र व्यक्ताय व्यक्तात । देशात स्वयं शास्त्र व्यक्ति ध्याम्यामाय व्याद्ध । देशात स्वयं शास्त्र व्यक्ति ध्याम्यामाय व्याद्ध । देशात स्वयं शास्त्र व्यक्ति ध्याम्यामाय व्याद्ध । देशात स्वयं शास्त्र व्यक्ति ध्याम्यामाय व्यक्ति, महमा जासा द्वामाय स्वयं ना । हेरात्रा कांकि मार्त ना, राप्तराप्ती मार्त ना, তাহার উপরু আবার ইহাদের গানে এম-নিরপণের কথা আছে। কৌতৃহলী হইয়া এই ধর্মতত্ত্বের অমুসন্ধান করিয়াছিলাম। দেশীয় লোকেরা হয় বিজ্ঞাপ করিবার জন্তু, না হয় তর্কে পরাজিত করিবার জন্ত,ইহাদের সহিত তর্ক করিয়া থাকে; কিন্তু শ্রহার সহিত অনুসন্ধান করিতে বড় কে**হ প্র**য়াস পায় না। এই কারণেই আমার প্রশ্লাদিতে ইহারা মনে করিয়াছিল বে, আমি হয় ত ইহাদের ধর্মের প্রতি আকৃষ্ট; এবং সেই ভান্ত বিশ্বাসেই ধর্মের গুপমত করিয়াছিল। আমি ঠকাইবার ইচ্ছা না করিলেও, ইহারা প্রতারিত হইয়াছিল; কারণ দীক্ষার্পী ভিন্ন অন্য কেহ গুপ্তরহস্য वानिवात अधिकाती नरह। याहा कानियाहि. তাহা সংক্ষেপত লিখিতেছি।

ইহাদের মধ্যে প্রথমসমরে বস্ত্রপরিধান
নিষিদ্ধ ছিল; পরে গুরুর আদেশে 'কুন্তপট'
বা গাছের বাকল পরিবার নিয়ম হয়।
এইজন্তই নাম হইরাছে কুন্তপটিয়া। পরে
আবার ইহাদের একজন গুরুর আদেশে
গৈরিকবাস পরিবার নিয়ম হয়; এখন এই
রীতিই চলিয়াছে। গৈরিকবসন বৌদ্ধদিগের সামগ্রী হইলেও, বহুকাল হইতেই
হিন্দুসয়্যাসীরাও উহা গ্রহণ করিয়াছে।
কিন্ত ইহাদের এই রীতি বৌদ্ধপ্রধারই
অনুযায়ী। ইহারা স্থ্যান্তের পর কিছু
আহার করে না; এটা যে জৈনসম্প্রদারের
রীতি, তাহা সকলেই জানেন। নয়তাও
জৈনদিগের একটি সাম্প্রদায়িক বিশেষম্ব
ছিল। কুন্তপটিয়াদিগের প্রত্যেক ভন্ধনের

গানে শূন্য-মহাশূন্যের কথা আছে। জৈন **এবং বৌদ্ধেরাই** চিরদিন শ্ন্যবাদ-শ্র ও नाखिवान-भृत विनद्या शतिहिछ। ইहार्मेत धर्म-ভদ্বের প্রথম স্থ্র এই যে, এই সংসার যে ঈশর স্টে করিয়াছেন, তাহা জানা যায় না; **ঈশবের তত্ত্ব শৃত্যে-মহাশৃত্যে লুকা**য়িত। জীবের कनत्निक्ष इटेएडे एष्टिथावार हिन्द्रारह ; উহাই ব্রহ্ম। স্ত্রীপুরুষের পরস্পর পরস্পরের প্রতি আকর্ষণই মায়া; এইজন্যই নাকি উক্ত হইয়াছে যে, মায়াস্টি করিয়া ব্রহ্ম স্টিকার্য্য সাধন করিয়াছেন। মারা যে ত্রন্সের সৃষ্টি এবং ত্রন্ধে যে মায়া নাই, এ কথা বুঝাইবার क्क रा मकन युक्ति এवः मृष्टीख প्रयुक्त रहेग्रा-ছিল, শ্লীলভার অমুরোধে তাহা লিখিতে পারিলাম না। ইহারা বলে-এবং কথাটাও খুব ভাল—যে, ইন্দ্রিয়চাঞ্চল্য হইতেই সকল পাপের সৃষ্টি এবং সকল হঃখের উৎপত্তি। বে উপায়ে উহা তিরোহিত হইতে পারে, ভাহাই নির্বাণস্থথের সোপান। কিন্তু বাসনার চাঞ্চল্য নিবারণ করিবার জন্ম এবং জীবমুক্তি-লাভের নিমিত্র যে সকল উপায় অবলম্বিত হটয়াছে, নেপালের গুহু তান্ত্রিক অমুঠান এবং 'তারা'র পুজাও তাহার কাছে হার মানে। অশীল অফুঠানগুলির কথা ছাড়িয়া দিয়া কুম্বপটিয়াদিগের ধর্ম্মের মূল কথা এই পর্য্যন্ত বলিতে পারি যে, যুক্ত জননেক্সি-रत्रत शांबर तक्षशांन। वांशांदर्भ धक-শ্রেণীর কর্ত্বাভবাভাঙা বাউলের দল আছে, তাহাদের দেহতত্বের গান 🤋 এই সম্প্রদায়ের ভলনের অহ্রপ। নিগুঢ় অল্লীল দেহতত্ত আছে বলিয়া, তাহাদের গানেরও শকার্থ হইতে অৰ্থ হয় না।

কুম্বপটিয়াদিগের মধ্যে এই পরম্পন্নাগত ঐতিহ্ প্রচলিত যে, ইহাদের ধর্মমত পুরীতে জগল্পাখস্ট হইবার পূর্বে। এই ঐতিহা বিখাস করিলে অনুমান করা বাইতে পারে ষে, বছদিন হইতে অনার্যাদিগের শ্রেণী-বিশেষের মধ্যে এই যুক্তজননে ক্রিয়পুজা প্রচলিত আছে। লিঙ্গো-পূজা নিশ্চয়ই স্বতন্ত্র হইত, কারণ সেটি মহাপুরুষের **পূজা**। শিবগৌরবযুক্ত শিঙ্গো হইতে শিঙ্গসৃষ্টি করিয়া এবং ভাহার সহিত এই অনার্যা বন্ধ-পূজা মিলাইয়া, আর্যোরা অনায়াসেই নিতা-সংযুক্ত হরপার্বতীর বিশ্বস্থলনকারিণী শক্তির মাহাত্ম্য নৃতনভাবে প্রচার করিতে পারিয়া-ছিলেন, তাহা অহুমান করা যাইতে পারে। ঋতুকালাদির বিশেষ মর্যাদাটা আর্য্যসমাজে যেভাবে প্রচলিত ছিল, এবং যেপ্রকার বিশ্বয়ের সহিত ও রহস্যপূর্ণ করিয়া শুক্র-শোণিতের মাহাত্ম্য কীর্ত্তিত হইত, তাহাতে মহাদেবের নামে এই নৃতন চিহ্ন স্থাপনের সময় আর্য্যসমাজে কোন বাধা উপস্থিত না हरेवात्र कथा।

রাজিমে শিবগুণ্ডাদির সময়ে যে লিঙ্গপূজা গৃহীত হইয়ছিল, তাহা সেথানকার
শিবমন্দির হইতেই প্রমাণিত হয়। এই
শিবগুণ্ডাদেব একসময়ে ত্রিকলিকাধিপতি
ছিলেন। তাঁহারই সময়ে যে বয়াতি-কেশরী
উৎকলে রাজা হইয়াছিলেন, এ কথা তাঁহার
নিজের লিপিতেই পাওয়া য়য়। অনার্যাদিগের প্রভাব তথন উৎকলে প্রবল ছিল;
এমন কি, জগয়াথ পর্যাস্ত শ্বরগৃহ হইতে
আনীত বলিয়া হিল্পিগেঁর নিজের ব্রেই
প্রবাদ আছে। য়য়াতিপ্রভিত্তিত লিক্সক্ষরপ

मुहारत न न न अथरम शांति आर्ग्जमारक व्यवजीर्ग विद्या मत्न रहा। এहेक्क छ हे जूरत-খারের বিশেষত্ব। নহিলে ত কতপত স্থানে কত মহাদেবের মন্দির প্রতিষ্ঠিত হইয়াছে, কে তাহার সংখ্যা করিতে গিয়াছিল ? এই-बनारे अना এक निवत्त्र याश निथित्राहि, অতিরিক্ত-প্রমাণস্বরূপে বলিতে তাহার পারি যে, লিঙ্গ বুজা যথন ৮ম শতাকীর শেষ-ভাগের পূর্বে আর্যাবর্ত্তে দেখিতে পাওয়া ষায় না, তথন ষ্যাতি কেশরা নবম শতাকীর প্রারম্ভের রাজা।

निक्षक्रभ भशास्त्र (य अनार्या (मवडा, তাহার আর একটি প্রমাণ দিতেছি।

मधनभूतरकनात मर्वत এवः উড़ियोत व्यत्नक-ञ्चाटन द्विद्यां हि द्व, महाद्वितमन्त्रिद्रद्र পূজারীগণ অনার্য্য থানাপতি বা মালিজাতি। वान्नगानिकाजीयत्रा कान विटम्ब अर्समिटन গিয়া পূজা এবং উৎসব করিয়া পাকেন; কিন্তু থানাপতিরাই বাঁধা পুজারী। বেখানে আর্য্যপ্রভাব বিশেষ বিস্তৃতিলাভ করে নাই, সেখানেই প্রাচীন প্রথার যথার্থ বরূপ অবগত হইতে পারা যায়। **আ**র্য্যকর্ত্**ক গৃহীত হই-**লেও, অনার্যাপুজিত বলিয়াই হয় ত "অগ্রাছং শিবনির্মাল্যং" কথাটির স্ষ্টি হইয়াছিল। **(मविविवास य, कान हिन्मू এত-वड़ कथा** বলিন্না ফেলিবেন, তাহা ত মনে হয় না।

बीविषयुष्टम् मञ्जूमनात ।

বসন্ত্যাপন।

এই মাঠের পারে শালবনের নৃতন কচি-পাতার মধ্য দিয়া বসস্তের হাওয়া দিয়াছে।

অভিব্যক্তির ইতিহাসে মান্থুষের একটা অংশ ত গাছপালার সঙ্গে জড়ানো আছে। কোন এক সময়ে আমরা যে শাথামৃগ ছिनाम, आमारनत প্রকৃতিতে তাহার যথেষ্ট পরিচর পাওয়া যায়। কৈন্ত তাহারও অনেক 'আগে কোনো এক আদিযুগে আমরা নিশ্চরই শাধী ছিলাম, তাহা কি ভূলিতে পারিয়াছি ? সেই আদিকালের জনহীন মধ্যাত্রে আমাদের ডালপালার মধ্যে বসস্তের বাতাস কাহাকেও কোন খবর না দিয়া বখন হঠাৎ হুত্কু ক্রিয়া আসিয়া পড়িত, তথন কি षामत्रा अवस निश्वित्राष्ट्रि, ना, म्हर्मत्र উर्वेकात्र

করিতে বাহির হইয়াছি ? তথন আমরা সমস্ত দিন থাড়া দাঁড়াইয়া মূকের মন্ত মৃঢ়ের মত কাঁপিয়াছি—আমাদের সর্বাঙ্গ ঝর্ঝর্ মর্মর্ করিয়া পাগলের মত গান গাহিয়াছে—আমাদের শিকড় হইতে আরম্ভ করিয়া প্রশাখাগুলির কচি-ডগা পর্যাম্ভরস-প্রবাহে ভিতরে ভিতরে চঞ্চল হইয়া উঠি-য়াছে। সেই আদিকালের ফাল্কন-চৈত্ৰ এম্নিতর রদে ভদ্মা আলস্যে এবং অর্থহীন প্রলাপেই কাটিয়া যাইত। সেজন্যু-কাহারো कार्ष्ट कान कवाविष्टि हिन नां।

বদি বল, অহতাপের দিন তাহার পরে আসিত—বৈশাধ-জ্যৈষ্ঠের ধরা চুপ করিয়া মাথা পাতিয়া লইতে হইত—সে কথা মানি।

বেদিনকার যাহা, সেদিনকার তাহা এম্নি করিরাই গ্রহণ করিতে হর। রুসের দিনে ভোগ, দাহের দিনে ধৈর্য্য যদি সহজে আশ্রর করা বার, তবে সাস্থনার বর্ষাধারা যখন দশ-দিক্ পূর্ণ করিরা ঝরিতে আরম্ভ করে, তখন তাহা মজ্জার মজ্জার পূরাপূরি টানিরা লই-বার সামর্থ্য থাকে।

কিন্তু এ সৰ কথা বলিবার অভিপ্রায়
আমার ছিল না। লোকে সন্দেহ করিতে
পারে, রূপক আশ্রয় করিয়া আমি উপদেশ
দিতে বিদ্যাছি। সন্দেহ একেবারেই অমৃলক বলা যায় না। অভ্যাস থারাপ হইয়া
গেছে। ছুটর দিনে অকালের বেলাতেও
কালের ছাঁদ আপনি আসিয়া পড়ে। রবিবার
দিন ইস্কুল বন্ধ, তবু সেদিন খেলিবার সময়ও
পড়া-পড়া থেলি! এম্নি আশ্চর্যা ভাল
ছেলে!

আমি এই বলিতেছিলাম বে, অভিব্যক্তির শেষ কোঠার আসিরা পড়াতে মাহুষের মধ্যে অনেক ভাগ ঘটিয়াছে। জড়ভাগ, উদ্ভিদ্ভাগ, পশুভাগ, বর্জরভাগ, সভাভাগ, দেবভাগ ইত্যাদি। এই ভিন্ন ভিন্ন ভাগের একএকটা বিশেষ জন্মখতু আছে। কোন্ ঋতুতে কোন্ ভাগ পড়ে, তাহা নির্ণন্ন করিবার ভার আমি লইব না। একটা সিদ্ধান্তকে শেষ পর্যান্ত মিলাইয়া দিব পণ করিলে বিস্তর মিধ্যা বলিতে হয়—বলিতে রাজি আছি; কিজ্ এত পরিশ্রম আজ পারিব না।

আৰু, পড়িয়া-পড়িয়া, সৃষ্থে চাহিয়া-চাহিয়া বেটুকু সহজে মনে আসিতেছে, সেই-টুকুই লিখিতে বসিয়াছি।

দীর্ঘ শীতের পর আজ মধ্যাত্মে প্রান্তরের

মধ্যে নববদন্ত নিশ্বসিত হইয়া উঠিতেই নিজের মধ্যে মহুবাজীবনের ভারি একটা অসামঞ্জন্য অত্তব করিতেছি। বিপুলের সহিত, সমগ্রের সহিত তাহার স্থর মিলি-তেছে না। শীতকালে আমার উপরে পৃথিবীর যে সমন্ত তাগিদ্ ছিল, আজও ঠিক্ সেই সব ভাগিদ্ই চলিভেছে। ঋতু বিচিত্র, किंद्ध कांक (प्रहे धकहे। यनगारक अंकू-পরিবর্ত্তনের উপরে জয়ী করিয়া তাহাকে অসাড় করিয়া যেন মন্ত একটা কি বাহাহরী আছে ! মন মন্ত লোক—দে কি না পারে ! সে দক্ষিণে হাওয়াকেও সম্পূর্ণ অগ্রাহ্য করিয়া रन्रन् कतियाँ वज्वाकाटत ছুটিया চলিया ষাইতে পারে ! পারে স্বীকার করিলাম, কিন্তু তাই বলিয়াই কি সেটা ভাহাকে করিতেই হইবে ৷ তাহাতে দক্ষিণে বাতাস বাসায় গিয়া মরিয়া থাকিবে না, কিন্তু ক্ষতিটা কাহার হইবে 🤊

এই ত অক্সদিন হইল, আমাদের আমলকী-মউল ও শালের ডাল হইতে থস্থস্
করিয়া কেবলি পাতা থসিয়া পড়িতেছিল—
কান্তন দ্রাগত পথিকের মত বেম্নি বারের
কাছে আসিয়া একটা হাঁফ ছাড়িয়া বসিয়াছে
মাত্র, অম্নি আমাদের বনশ্রেণী পাতাথসানর কাজ বন্ধ করিয়া দিয়া একেবারে
রাতারাতিই কিসলয় গজাইতে স্থক করিয়া
দিয়াছে।

আমরা মানুষ, আমাদের সেটি হইবার জো নাই। বাহিরে চারিদিকেই বধন হাওয়া বদল, পাতা বদল, রং বদল, আমরা তথন্ও গল্পর গাড়ির বাহনটার মূল পশ্চাতে পুরাতনের ভারাক্রান্ত জের স্মানভাবে টানিয়া ক্টরা একটানা রান্তার ধ্লা উর্জাইরা চলিরাছি। বাহক তথনো বে লড়ি লইরা পালরে ঠেলিতেছিল, এথনো সেই লড়ি!

হাতের কাছে পঞ্জিকা নাই-অহুমানে বোধ হইতেছে, আৰু ফাৰ্কনের প্রায় ১.ই কি ১৬ই হইবে—বসস্তলন্ধী আৰু কিশোরী। কিন্তু তবু আজও হপ্তাম হপ্তায় খবরের কাগজ বাহির হইতেছে-পড়িরা দেখি, আমাদের কর্ত্তপক্ষ আমাদের হিতের জ্ঞ আইন তৈরি করিতে সমানই ব্যস্ত এবং অপর পক্ষ তাহারই. তন্নতন্ন বিচারে প্রবৃত্ত: বিশ্বজগতে এইগুলাই যে সর্বোচ্চ व्याभात नम्--वज्ञाठे-दश्रेनाठे, मन्नामक ও সহকারী সম্পাদকের উৎকট ব্যস্ততাকে কিছুমাত গণ্য না করিয়া দক্ষিণসমুদ্রের তরজোৎসবসভা হইতে প্রতিবৎসরের সেই চিরস্তন বার্দ্ধাবহ নবজীবনের আনন্দসমাচার লইয়া ধরাতলে অক্ষম প্রাণের আখাস নৃতন করিয়া প্রচার করিতে বাহির হয়, এটা মামুষের পক্ষে কম কথা নয়, কিন্তু এ সব कथा ভাবিবার अञ्च आभारतत हूটि नाहै।

সেকালে আমাদের মেঘ ডাকিলে
অন্ধ্যার ছিল,—বর্ধার সময় প্রবাসীরা বাড়া
ফিরিয়া আসিতেন। বাদ্লার দিনে বে
পড়া বায় না, বা বর্ধার সময় বিদেশে কাজ
করা অসম্ভব, এ কথা বলিতে পারি না—
মাছ্য খাধীন স্বতম্ভ, মাছ্য জড়প্রকৃতির
অাচলধরা নয়। কিন্ত জোর আছে বলিয়াই
বিপুল প্রকৃতির সজে ক্রমাগত বিজ্ঞোহ
করিয়াই চলিতে হইবে, এমন কি কথা
আছে! বিশ্বের সহিত মাছ্য নিজের কুট্খিতা শ্বীকার করিলে, আকাশে নবনীলাঞ্জন

মেবোদরের থাতিরে পড়া বন্ধ ও কার্ল বন্ধ করিলে, দক্ষিণে হাওয়ার প্রতি একটুশানি শ্রদ্ধা রক্ষা করিয়া আইনের সমালোচনা বন্ধ রাথিলে মাহ্ম্য জগৎচরাচরের মধ্যে একটা বেহ্মরের মত বাজিতে থাকে না । গাঁজিতে তিথিবিশেষে বেগুন, শিম, কুমাও নিষদ্ধ আকা দরকার,—কোন্ ঋতুতে আপিস্কানট না করা মহাপাতক, অরসিকের নিজবুদ্ধির উপর তাহা নির্ণয় করিবার ভার না দিয়া শাস্ত্রকারদের ভাহা একেবারে বাধিয়া দেওয়া উচিত ছিল।

বসস্তের দিনে যে বিরহিণীর প্রাণ হাহা করে, এ কথা আমন্ধা প্রাচীন কাব্যেই পড়ি-য়াছি-এখন এ কথা লিখিতে আমাদের সকোচ বোধ হয়, পাছে লোকে হাসে। প্রক্-তির সঙ্গে আমাদের মনের সম্পর্ক আমরা এম্নি করিয়াই ছেদন করিয়াছি। বসস্তে সমস্ত বনে-উপবনে ফুল ফুটিবার সময় উপ-স্থিত হয়—তথন তাহাদের প্রাণের অজ্পরতা; উৎসব। তথন আত্মদানের উচ্চাদে তরুলতা পাগল হইয়া উঠে—তথন তাহাদের হিসাবের বোধমাত্র থাকে না. रबर्थात्न कृषे। कल धतिरव, रमथात्न शैंिकणो সুকুল ধরাইয়া বসে। মাতুষই কি কেবল এই অত্তরতার স্রোত রোধ করিবে 💡 সে আপনাকে ফুটাইবে না, ছলাইবে-না, দান করিতে চাহিবে না, কেবলি কি ঘর নিকা-ইবে, বাসন মাজিবে—ও যাহাদের সে বালাই নাই, ভাহারা বেলা চারটে পথ্যস্ত পশমের গলাবন্ধ বুনিবে ? আমরা কি এতই

একান্ত মান্তব ? বৈশামরা কি বসন্তের নিগৃঢ় রসসঞ্চার-বিকশিত ক্রিতক্লতাপুস্পালবের কেহই নই ? তাহারা যে আমাদের ঘরের আঙিনাকে ছারার ঢাকিয়া, গল্ধে ভরিয়া, বাছ দিয়া ঘেরিয়া দাঁড়াইয়া আছে; তাহারা কি আমাদের এতই পর বে, তাহারা যথন ফ্লে ফুটিয়া উঠিবে, আমরা তথন চাপকান পরিয়া আপিসে বাইব—কোনো অনির্বাচনীয় বেদনার আমাদের হৃৎপিও তক্পলবের মত কাঁপিয়া উঠিবে না ?

আমি ত আৰু গাছপালার সঙ্গে বহু প্রাচীনকালের আত্মীয়তা স্বীকার করিব। ব্যস্ত হইয়া কাজ করিয়া বেড়ানই যে জীব-নের অন্বিতীয় সার্থকতা, এ কণা আজ আমি কিছুতেই মানিব না। " আজ আমাদের দেই যুগাস্তবের বড়দিদি বনলক্ষীর ধরে ভাই-ফোঁটার নিমন্ত্রণ। সেধানে আব্দ তরুলতার সঙ্গে নিতান্ত ঘরের লোকের মত মিশিতে হইবে--আজ ছায়ায় পড়িয়া সমন্তদিন কাটিবে-মাটিকে আৰু হুই হাত ছড়াইয়া আঁক্ড়াইরা ধরিতে হইবে—বসস্তের হাওয়া যখন বহিবে, তখন তাহার আনন্দকে যেন আমার বুকের পাঁজরগুলার মধ্য দিয়া অনা-ন্নাসে হুছ করিয়া বহিয়া যাইতে দিই---সেখানে সে যেন এমনতর কোন ধ্বনি না জাগাইয়া তোলে, গাছপালারা যে ভাষা না বোঝে। এম্নি করিয়া চৈত্তের শেষপর্য্যস্ত मार्डि, वाद्यांत्र ও আকাশের মধ্যে कीवनहारक কাঁচা করিয়া সবুজ করিয়া ছড়াইয়া দিব---আলোতে ছায়াতে চুপ করিয়া পড়িয়া থাকিব।

কিছ, হায়, কোন কাজই বন্ধ হয় নাই---

হিসাবের থাতা সমানই থোলা অহিরাছে।
নির্মের কলের মধ্যে কর্মের ফাঁদের মধ্যে
পড়িয়া গেছি—এখন বসস্ত আসিলেই কি,
আর গেলেই কি!

মন্থ্যসমাজের কাছে আমার সবিনয় নিবেদন এই ষে, এ অবস্থাটা ঠিক নছে। ইহার সংশোধন দরকার। বিশ্বের সহিত স্বতন্ত্র বলিয়াই যে মামুষের গৌরব, ভাহা নহে। মামুষের মধ্যে বিখের সকল বৈচি-ত্র্যই আছে বলিয়া মাতুষ বড়! মাতুষ জড়ের সহিত জড়, তরুলতার সঙ্গে তরুলতা, মৃগ-পক্ষীর সঙ্গে মুগপক্ষী। প্রকৃতি-রাজবাড়ীর নানা মহলের নানা দরজাই তাহার কাছে (थाना। किन्न (थाना थाकित्न कि इटेर्व १ এক এক ঋতুতে এক এক মহল হইতে যথন উৎসবের নিমন্ত্রণ আদে, তথন মাত্র্য যদি গ্রাহ্য না করিয়া আপন আড়তের গদিতেই পড়িয়া থাকে, তবে এমন বৃহৎ অধিকার সে কেন পাইল ? পুরা মাহব হইতে হইলে তাহাকে সবই হইতে হইবে, এ কথা না মনে করিয়া মাতুষ মতুষ্যত্তকে বিশ্ববিদ্যোহের একটা সঙ্কীর্ণধ্বজ্ঞাস্বরূপ থাডা করিয়া তৃলিয়া রাখিয়াছে কেন ? কেন সে দম্ভ করিয়া বারবার এ কথা বলিতেছে, আমি ৰড় নহি, উদ্ভিদ্ নহি, পশু নহি, আমি মামুষ--আমি কেবল কাজ করি ও সমা-লোচনা করি, শাসন করি ও রিজোহ করি। কেন দে এ কথা বলে না, আমি সমস্তই. সকলের সঙ্গেই আমার অবারিত যোগ আছে-সাতন্ত্রের ধ্বকা আমার নহে !

হার রে সমাজদাড়ের পাঁড়ি আকা-শের নীল আজ বিরহিণীর চোধ-ছটির মত স্থাবিষ্ট, শ্পাতার সব্জ আজ তর্কীর পাথা-ছটা আজ বন্ধ, তবু তোর পারে আজ কপোলের মত নবীন, বসভের বাতাস আজ কর্মের শিক্ল ঝন্ঝন্ করিয়া বাজিতেছে— মিলনের আগ্রহের মত চঞ্ল—তবু তোর এই কি মানবজন্ম!

ঝরণাতলা।

আমাদের এই পল্লিখানি পাহাড় দিয়ে বেরা,
দেবদারুর কুঞ্জে ধেরু চরায় রাখালেরা।
কোথা হ'তে চৈত্রমাদে হাঁদের শ্রেণী উড়ে আদে
অন্ত্রাণেতে আকাশপথে যায় যে তারা কোথা
আমরা কিছুই জানিনেক সেই স্থারের কথা।
আমরা জানি গ্রাম ক'থানি, চিনি দশটি গিরি,
মা ধরণী রাখেন মোদের কোলের মধ্যে ঘিরি।

সে ছিল ওই বনের ধারে ভুট্টাক্ষেতের পাশে
বেথানে ওই ছায়ার তলে জলটি ঝরে আসে।
ঝর্ণা হ'তে আন্তে বারি জুট্ত হোথা অনেক নারী,
উঠ্ত কত হাসির ধ্বনি তারি ঘরের ধারে,
সকাল-সাঁঝে আনাগোনা তারি পথের ধারে।
মিশ্ত কুলুকুল্ধানি তারি দিনের কাজে,
ঐ রাগিণী পথ হায়াত তারি ঘুমের মাঝে!

সন্ধাবেলার সন্ন্যাসী এক বিপুল জটা শিরে বিদ্যান্ত নিষ্টে নিষ্টে নিষ্টে নিষ্টে নিষ্টে নিষ্টে নিষ্টা শিথর ।
বিশ্বরেতে আমরা সবে শুধাই "তুমি কেগো হবে ?"
বস্ল যোগী নিক্তরে নিঝ রিণীর ক্লে নীরবে সেই ঘরের পানে স্থির নরন তুলে।
অজানা কোন্ জুমললে বক্ষ কাঁপে ভরে রাত্তি হ'ল, ফিরে এলেম ধে ধার আপন ঘরে।

পরদিনে প্রভাত হ'ল দেবদান্তর বনে,
ঝর্ণাতলার আন্তে বারি জুট্ল নারীগণে।
ছরার থোলা দেখে আসি, নাই সে খুসি, নাই সে হাসি,
জলশ্ন্য কলস্থানি গড়ার গৃহতলে,
নিব-নিব প্রদীপটি সেই ঘরের কোণে জলে।
কোথার সে বে চলে গেল রাত না পোহাতেই,
শৃত্যাবের ছারের কাছে সন্ন্যাসীও নেই।

চৈত্রমাসে রৌদ্র বাড়ে বরফ গলে' পড়ে,—
ঝর্ণাতলায় বসে মোরা কাঁদি তাহার তরে।
আজিকে এই ত্যার দিনে কোথার ফিরে নিঝর বিনে,
শুষ্কলস ভরে' নিতে কোথায় পাবে ধারা!
কে জানে সে নিরুদ্দেশে কোথায় হ'ল হারা!
কোথাও কিছু আছে কিগো—শুধাই যারে-তারে,—
আমাদের এই আকাশ-ঢাকা দশপাহাড়ের পারে?

গ্রীমরাতে বাতারনে বাতাস হত করে,
বসে আছি প্রদীপ-নেবা তাহার শ্নাঘরে।
ভানি বসে ছারের কাছে ঝর্ণা বেন তারেই যাচে
বলে, "ওগো আজুকে তোমার নাই কি কোন ত্যা,
জলে তোমার নাই প্রয়োজন এমন গ্রীম্মনিশা ?"
আমিও কোঁদে কোঁদে বলি—"হে অজ্ঞাতচারি,
ৃষ্ণা যদি হারাও তবু তুলো না এই বারি!"

হেনকালে হঠাৎ যেন লাগ্ল চোথে ধাঁদা,
চারিদিকে চেরে দেখি নাই পাহাড়ের বাধা।

ঐ যে আসে কারে দেখি! আমাদের যে ছিল সে কি!
ওগো ভূমি কেমন আছ, আছ মনের স্থেও ?
ধোলা আকাশভলে হেথা খর কোথা কোন্ মূথে?
নাইক পাহাড়, কোনোখানে ঝর্ণা নাহি ঝরে,
ভূষা পেলে কোথার যাবে বারিপানের ভরে ?

সে কহিল "বে ঝর্ণা বর সেথ। মোদের খারে
নদী হরে সে-ই চলেচে হেথা উদার-খারে।
সেই আকাশ এই পাহাড় ছেড়ে অসীমপানে গেছে বেড়ে,
সেই ধরারেই নাইক হেথা পাষাণ বাধা বেঁধে।"
"সবই আছে, আমরা ত নেই" কইফু তারে কেঁদে!
সে কহিল করুণ হেসে "আছ হাদরম্লে!"
স্থান ভেঙে চেরে দেখি আছি ঝর্ণাকুলে!

অভিজ্ঞানশকুন্তলের অঙ্কান্তর্গত কালবিশ্লেষণ।

বর্ত্তমান প্রবন্ধে আমি অভিজ্ঞান-শক্তলনামক নাটকের কালনির্দর্গ সাধারণের
ভীতিজনক ঐতিহাসিক তবের অবতারণা
করিতেছি না; অথবা শক্তলা-নাটকের
সৌন্দর্যাবিশ্লেষণরূপ পূর্বপ্রচলিত সমালোচনাব্যাপারেও প্রবৃত্ত হই নাই। আমার
আকাজ্জা সামান্ত, শক্তি অকিঞ্জিৎকর;
স্থাতরাং ঔৎস্কানিবারণরূপ একটি ক্ষুদ্র
কার্য্যে হস্তক্ষেপ করিয়াছি, কতদ্র ক্কৃতকার্য্য
হইরাছি, বলিতে পারি না।

ইংরেজী কোন একথানা বিখ্যাত নাটক পড়িবার সমর তাহার অতিসংক্ষিপ্ত একটি কালবিল্লেবণের (time analysis) প্রতি আমার দৃষ্টি পড়ে; তথন শক্ষলা নাটকেরও ঐরপ একটি কালবিল্লেবণ করিবার জন্তু আমার একটু আগ্রহ জন্মে, তাহারই ফলে বর্ত্তমান প্রবহেদর উৎপত্তি। ইহাতে আমি শক্ষলা-নাটকের এক অন্ধ হইতে অন্ত অঙ্কের ঘটনাবলী কভদিন অন্তর ঘটরাছিল এবং সম্পূর্ণ-নাটকের কার্য্যাবলী শেব হইতেই বা কভদিনের প্রয়োজন হইরাছিল, তাহাই যতদ্র ব্রিয়াছি, দেখাইতে চেষ্টা করিব।
এরপ সমরবিশ্লেষণ শক্স্তলা ব্রিবার পক্ষে
বিশেষ কোন সাহায্য বা স্থবিধা প্রদান
করিবে না, ইহা নিশ্চিত; তবে বোধ হয়
ওৎস্ক্কোর একটুকু ভৃপ্তিসাধন করিতে
পারিবে।

শক্তল!-নাটক সর্বপ্রথম কথন্ অন্তিনীত হয়, অথবা কথনও অভিনীত হইয়াছিল কি না, জানি না; কিন্তু যদি কথনও অভিনীত হইয়া থাকে, তবে গ্রীয়কালেই হইয়াছিল, এরপ মনে করিবার যথেষ্ঠ কারণ আছে। শক্তলা-নাটকের প্রতাবনায় নটা ক্রধারকে জিজ্ঞানা করিতেছে:—

''অণস্তরকরণিজং দাব অজ্ঞো আণবেছ।" 'অনস্তর কি কর্ম্ভব্য, আর্য্য, আদেশ করুন।' স্তাধার তত্ত্তরে বলিতেছে ঃ—

'কিমন্তদন্তাঃ পরিবদঃ শ্রুতি প্রসাদনত্তী। তদিম-শ মেব তাৰদ্চিরপ্রবৃত্তুমুপভোগক্ষাং শ্রীম্মসময়মধিকৃত্য গীয়তাম্।''

'এই সভার শ্রবণরঞ্জন ভিন্ন আর কি করিবে ? অতএব এই অচিরপ্রবৃত্ত উপভোগক্ষম গ্রীম্মকালকেই অবল্যন করিরা গান কর 'গ্রীম্মসময়ে যদি এই নাটক অভিনীত না হইয়া থাকে, তবে "অচিরপ্রবৃত্ত গ্রীম্মসময় অবল্যনে গান কর" ইহার সার্থ-কতা থাকে কোথার ?

গ্রীম্নকালে শকুষ্টলা সর্বপ্রথম অভিনীত হর, এই উক্তিটি তর্কের বিষয় হইতে পারে, কিন্তু বর্ত্তমান প্রবন্ধের আলোচ্য ইছা নহে। তবে এথানে আমি এইটুকু বলিতে চাই বে, রাজা হ্যান্ত বে গ্রীম্মকালেই বে শকুষ্টলার সহিত্ত তাঁহার প্রথম দেখাসাক্ষাৎ, এ কথা অস্বাকার করিবার উপার নাই।

শকুন্তলার প্রথম 'অকে গ্রীম্বর্ণ কোন বর্ণনা নাই, কিন্ত বিতীয় অকে আছে। বিতীয় আহ হইতে প্রথম অকের ঘটনাবলীর ব্যবধান একদিনমাত্র, স্থতরাং প্রথমাকোক্ত ঘটনা-বলীও গ্রীম্বকালেই সংঘটিত হর্মাছিল। আমরা ক্রেমে ইংা দেখাইতেছি।

রাজা বেদিন মৃগয়ায় বাহির হন, সেইদিনই সদিষ্য বৈথানদের সহিত সাক্ষাৎ হওয়ায় মৃগহননব্যাপারে বাধাপ্রাপ্ত হন এবং
ম্নিপ্রম্থাৎ কথাশ্রমের আতিথ্যসৎকারের
ভার শকুস্তলার উপর আছে অবগত হইয়া
তপোবন-অভিমুপে যাইয়া শকুস্তলার সাক্ষাৎলাভ করেন। রাজা এবং শকুস্তলার প্রথমদর্শনজনিত দৃষ্টিরাগ ও প্রেমসঞ্চার
বর্ণনেই প্রথমান্তের পরিস্মাপ্তি; স্তরাং
বিষম্ভক ও প্রবেশকগুলিকে কোন অভাস্তগত না ধরিলে, অন্তান্ত অকেও বেমন একদিনের ঘটনা, প্রথমান্তেও তেমনি এক-

দিনেরই খটনা। বিতীয় অক্সের সর্বপ্রথমে বিদ্যকের অগতবচনে প্রকাশ :—

'ভো দিট্ঠং এদস্স মজজাসীলস্স রল্পো বঅস্ম-ভাবেণ নির্কিলো মিহ। অঅং মও জঅং বরাহো জঅং সদ্লো ভি মজ্বলে বি গিম্হবিরলপাঅবচছাজার্ বণরাইত্ব আহিতীঅই অড়বীদো অড়বী।"

'হার অদৃষ্ট ! মৃগরাশীল রাজার বরক্ত হইরা

ঐ মৃগ, ঐ বরাহ, ঐ শার্দ্দ্ল, এই করিরা

মধ্যাহ্রেও গ্রীম্মবিরল পাদপচ্ছারার বন হইতে
বনাস্তরে ভ্রমণ করিতেছি।' 'মধাহের গ্রীম্মবিরল
পাদপচ্ছারার বেড়াইরা বেড়াইডেছি' ইহাতেই
প্রকাশ, গ্রীম্মকালে রাজা মৃগরার বাহির

হইরাছিলেন। আবার দেখুন, বিদ্যক
বলিতেছে:—

''তদো গণ্ডস্ব উবরি পিণ্ডণ্ড সংবৃত্তো। হিণ্ড কিল অম্হ্*যু* ওহীণে*যু* তত্তহোদো মআণুসারেণ অস্সমপদং পৰিট্ঠস্ব ভাবস-কঃআ সউন্দলাণাম মম অধঃদাএ দংশিদা।''

'এ যেন আবার গোদের উপর বৈজি গজাইরাছে। গতকল্য আমরা একটু পশ্চাতে পড়িয়াছিলাম বলিয়া রাজা একালী একটা মূগের অনুসরণ করিতে করিতে, আমার পোড়াকপাল, তাই শকুস্তলানায়ী একটি তাপসক্সাকে দেখিয়া আসিয়াছেন।' বিদ্বক্ষের এই "গত কল্য" উক্তিতেই প্রমাণ হইতেছে যে, পূর্ববর্তী অঙ্কের ঘটনা হইতে বিতীয় অঙ্কের ঘটনার অস্তর একদিনমাত্র এবং ভজ্জাই প্রথম এবং বিতীয় উভর অঙ্কের ঘটনাই গ্রীম্মকালে সংঘটিত হইয়াছিল।

্বিতীয় অঙ্কে প্রকাশ, রাজা ,মুনিদিপের ৰজ্ঞরক্ষার্থ তপোৰনে বহিলেন। কতদিন

এরপ ছিলেন, নাটকে তাহার বিশেষ কোন উল্লেখ নাই। তবে তাঁহাকে অন্তত যে চারি-পাঁচ-দিন অপেকা করিতে হইয়াছিল, এরূপ অহুমান করিবার হেতু আছে। দ্বিতীয় 'অঙ্কের শেষভাগে," রাজধানী হইতে করভক-নামক দৃত আসিয়া, রাজাকে চতুর্থদিনে হস্তিনায় উপস্থিত হইয়া রাজমাতার উপ-বাদের পারণসময়ে উপস্থিত থাকিতে বলি-তেছে। এদিকে রাজা ইতিপূর্বে কেবলীমাত্র সার্থি সহ তপোবনে অবস্থান করিয়া যজ্<u>ঞ</u>-রক্ষার্থ ঋষিদের নিকট প্রতিশ্রুত হইয়াছেন বলিয়া মাতার আদেশ পালন করিতে পারিতেছেন না। স্থতরাং তিনি যে, দিতীয় च्यक्कत[,] घটनात (य সময় নির্দিষ্ট হইতে পারে, তাহার পরেও চার-পাঁচ-দিন বা তাহার অপেক্ষা কিছু অধিক দিন ছিলেন, এরপ অমুমান বোধ হয় অমূলক হইবে না। দিতীয় অঙ্কের ঘটনার পর হ্যান্ত তপোবনে চার-পাঁচ-দিন বা তাহার অতিরিক্ত যে क्यमिनरे थाकून ना क्न, के नमस्तरे শকুন্তলার সহিত তাঁহার পুন:সাক্ষাৎ এবং शास्त्रविवाहामि मम्भन्न हम्।

তৃতীর অঙ্কে আমরা দেখিতে পাই, বিরহকাতরা শকুস্তলার অত্যস্ত অক্সন্থ শরীর। এই অক্সন্থতার কারণসম্বন্ধে প্রিয়ংবদা, অনস্থা এবং রাজার সন্দেহ উপস্থিত হইতেছে। রাজা ঠিক ব্ঝিতে পারিতেছেন না, গ্রীম্মই শকুস্তলার অক্সথের কারণ অথবা প্রেমই উহার কারণ। অবশেষে রাজা বিশিলেনঃ—

"সমস্তাপঃ কামং মনসিজনিদাযথসররো-ন' তু প্রীম্মস্তৈবং স্তগমপরাদ্ধং মুবতির্॥" 'কন্দর্প এবং গ্রীয় এ উভয়েরই তাপ তুলা,
কিন্তু যুবতিদিগের পক্ষে নিদাঘতাপ এরপ
রমণীয়তা উৎপাদন করিতে পারে না।' গ্রীয়কাল না হইলে গ্রীয়জনিত অক্ষ্ম শরীরের
কথা রাজার কখনই মনে হইত না। অতএব
দিতীয় অঙ্কের ঘটনার পর চার-পাঁচ-দিন
বা সপ্তাহের মধ্যেই তৃতীয় অঙ্কের ঘটনা
পরিসমাপ্ত হইয়াছিল, এবং উল্লিখিত গ্রীয়ই
উক্ত অঙ্কেরও পরিসমাপ্তির কাল।

তৃতীয় অঙ্ক হইতে চতুর্থ অঙ্কের প্রারম্ভস্থিত বিষম্ভকের অন্তর কত, তাহা স্থির
করিয়া বলিবার উপায় নাই। এই বিষ্কস্ভকে স্থীন্মের মুথে প্রকাশ, রাজা হস্তিনায়
চলিয়া গিয়াছেন, শকুস্তলা স্লাই শৃত্তমনা,—
অমুক্ষণ কেবল হ্পাস্তের চিস্তা লইয়াই
আছেন। এন্থলে শকুস্তলার এই অস্থ্
বিরহ্বেদনা—এই তদগতচিত্ততা স্তাপ্রবৃত্ত
বলিয়াই মনে হয়।

তা ছাড়া আরও একটি কথা আছে।

ষষ্ঠ অঙ্কে শকুন্তলা-বিরহ-কাতর ছ্বান্ত
অভিজ্ঞানস্বরূপে অঙ্গুরীয়কপ্রাপ্তির পর
নষ্টশৃতি লাভ করিয়া বলিতেছেন :—

"পশ্চাদিমাং মৃদ্রাং তদকুলৌ নিবেশন্নতা মরা প্রত্যভিহিতা---

> "একৈকমত্র দিবসে দিবসে মদীরং নামাক্ষরং গণর গচ্ছসি বাবদস্তম্। ভাবং প্রিয়ে মদকরোধগৃহপ্রবেশং নেতা জ্বনস্তব সমীপমুইপয্যতীতিঃ॥"

'তার পর প্রত্যন্তরে এই অঙ্গুরীষ্ঠক তাহার' (শকুস্তলার) অঙ্গুলিতে পরাইতে পরাইতে বলিলাম—এই অঙ্গুরীয়কে আমার বে নামাক্ষর আছে, এক একটি দিনে তাহার এক একটি গণনা করিও, যে দিন গণনা শেষ হইবে, দেই দিন আমার অন্তঃপুরগৃহে প্রবেশ করাইয়া লইবার যোগ্য-লোক তোমার নিকট উপস্থিত হইবে।'

রাজার নামাক্ষরসংখ্যা সাধারণদৃষ্টিতে দেখিতে গেলে তিনের উপর নয়, रेवब्राकत्रत्वत्र चानुवीक्रनिक विदश्चयत्न व्यवः ভহুপরি আবার উপাধিমালার রাজার **मः स्वांग इटेल** मः थार्गवृद्धि इटेर्टि, मत्मह नार्ट। करन बाहारे रुडेक, ताकात कथा সত্য ধরিয়া লইলে, তিনি অতি অল্পদিন পরেই শকুন্তলার নিকট লোক পাঠাইবেন ইচ্ছা করিয়াছিলেন, ইহা নিশ্চিত। স্থীৰ্য এই বিষম্ভকে রাজা চলিয়া গিয়াছেন বলিতেছেন, কিন্ত তিনি শকুন্তলার জন্ম লোক প্রেরণ করেন নাই বলিয়া চিম্নিত হন নাই; স্থতরাং তৃতীয়াঙ্কস্থ অথবা তৎপর-বর্ত্তী কোন ঘটনা হইতে এই বিশ্বস্তকের অস্তর ুখুব বেশী বলিয়া বোধ হয় না। তৃতীয় অঙ্কের ঘটনা এবং এই বিষ্পত্তকের আরম্ভ, ইহার মধ্যে সপ্তাহকাল অতীত হইয়াছিল অনুমান করিলেও, এই বিষম্ভকোক্ত ঘটনাও গ্রীল্ম-कारलहे (नव इहेम्राहिल, वना वाहेर्ड भारत।

প্রথম অঙ্ক হইতে চতুর্থ অঙ্কের বিক্ষম্ভকের ঘটনাবলীর কাল যে গ্রীয়, তাহা আমরা
দেখিরাছি। কিন্তু প্রকৃত চতুর্থ অঙ্কে আমরা
অন্যকালে উপস্থিত হই। চতুর্থ অঙ্কের
প্রারম্ভে আমরা জানিতে পারি, মহর্ষি কথ
আত্রমে প্রত্যাবৃত্ত হইরাছেন এবং শিষ্যকে
হোমবেলানির্গরে আ্দেশ প্রদান করিয়াছেন। শিষ্য প্রত্যুবে উঠিয়া উষাসমাগ্যদর্শনে বলিতেছেন:—

"যাত্যেকতোহন্তরশিথরং পতিরোক্ষীনা-মাবিছতোহরূপপুরঃসর একতোহর্কঃ।" "একদিকে ওষধিপতি অন্তশিধরে বাইতে-ছেন, অন্তদিকে অরুণকে অগ্রে লইয়া অর্ক প্রকাশিত হইতেছেন।"

পূর্ণিমা বা পূর্ণিমার অতি নিকটবর্ত্তী কাল ভিন্ন এইরূপ যুগপৎ সুর্যোদয় এবং চন্দ্রান্ত হয় না, স্কৃতরাং ইহা মে পূর্ণিমা বা তৎসন্মিহিত কোন কাল, তাহা একরূপ নিঃসন্দেহ। তার পর শিষ্য বলিতেছেন:—

"অন্তর্হিতে শাশিনি সৈব কুমুঘতী মে
দৃষ্টিং ন নন্দরতি সংস্মরণীয়শোভা।
ইষ্টপ্রবাসজনিতাগ্রবলাজনস্থ
হংখানি নুন্মতিমাত্রস্থংসহানি॥"

'কুমুদিনী দে-ই—কিন্তু চন্দ্রমা অন্তমিত, তাই তাহাকে দেখিয়া আমার দে দেখারমুখ আর হইতেছে না;—তাহার দে সুষমা
যে এখন স্মৃতির ভিতরেই দেখিতে হয়!
বস্তুত, হৃদয় যাহাকে চায়, দে যদি প্রবাদে
যায়, তবে অবলাজনের তাহাতে যে ছঃথের
রাশি, দে ছঃথের রাশি নিশ্চয় দে অতিছঃথেই সহু করিয়া উঠিতে পারে।'

কুম্দিনীর উল্লেখেই ইহা যে গ্রীম্ম নহে, তাহা বুঝা বাইতেছে। ইহা শরতের অথবা হেমস্তের প্রথমভাগের বর্ণনা। স্থভরাং পূর্বোক্ত পূর্ণিমাও এই শারদীয় বা হৈমস্তিক পূর্ণিমা হইবে। এই পূর্ণিমাকে আমি বর্ধার পূর্ণিমা কেন বলিতেছি না, ভাহা ক্রমে দেখাইতেছি।

চতুর্থ অকে আমরা জানিতে পারি, হব্যস্ত বছদিন তপোবন ত্যাগ্র করিরা-ছেন। তিনি শক্তগার কোন সংবাদ লন নাই বলিয়াশ স্থীবর চিস্তিত হইয়া পর্ডিয়াছেন; ক্থনও ভাবিতেছেন, ছ্র্মাসার
অভিশাপই বুঝি রাজার এ বিস্থৃতির
কারণ। তার পর যথন মহর্ষি কথ সকল
ব্যাপার অবগত হইয়া শকুস্তলাকে রাজভবনে পাঠাইতেছেন, তথন আকাশে শক্ষ
হইলঃ—

"রম্যান্তর: কমলিনীহরিতৈঃ স্বোভি-শ্হারাক্রেমিনির্মিতার্ক্ময়ুথতাপঃ। ভূরাৎ কুশেশয়রজোমূহুরেণুরস্তাঃ শাস্তাকুকুলপবনশ্চ শিবশ্চ পুস্থাঃ॥"

'এই শকুন্তলা যেন সেই পথ দিয়া যান,—

মে পথটি মধ্যে-মধ্যে কমলিনীদলে হরিতবর্গ সরোবরসমূহে অতি রমণীয়;—যে
পথে ছায়ারক্ষেরা রবিরশ্মির তাপকে
সংযমিত রাখিয়াছে;—ইঁহার পথে যেন
কোন অমঙ্গল না হয়,—যেন কোন উপদ্রব
না ঘটে;—ধূলিকণাসকল যেন পদ্মপরাগের
ভায় কোমলম্পর্শ হইয়া উঠে,—সমীরণ যেন
নিজের উদ্ধত্য ছাড়িয়া শাস্ত ও অমুকুলভাবে
প্রবাহিত হয়।'

এখানেও কমলিনীর উল্লেখে উহা যে বর্ষার পূর্ববর্তী ঘটনা নয়, তাহা দেখা ষাই-তেছে। কিন্তু একটা প্রসিদ্ধি আছে, শরংকালে রবিতাপ তীক্ষ হয়। অতএব এখানে "অর্কময়্বতাপ" কথাটির ব্যবহারে আমার ইহা শরৎ বা হেমস্তের প্রারম্ভিক রবিতাপ বলিয়াই বোধ হয়। এই কাল কেন বর্ষা নহে, তাহার আরও একটি প্রমাণ আছে, তাহা আমর। পরে দেখাইব; কিন্তু তৎপূর্বের্ম এইলে অন্ত একটি আপত্তি উঠিতে পারে, তাহারও মীমাংসা হওয়া আব্দ্রীক।

কথাটা এই, ষেস্থান হইতে আমরা আকাশ-বাণী উদ্ধৃত করিয়াছি, তাহার একটু পুর্বেই ক্ষমুনি কোঁকিলের শব্দ ভ্রনিতে পাইলেন, এইরপ একটি কথা আছে। ইহাতে কেই কেহ হয় ত অহুমান করিতে পারেন বে, এই কাল শরৎ না হইয়া হয় ত বসস্ত হইতে পারে। কিন্তু এ কথার উত্তর এই যে, কোকিল বসস্তের পাথী হইলেও বর্ষায় বা শরতে উহার রব কচিৎ শুনা না ধার, এমন নহে। তদ্ধির বসস্তের বিরুদ্ধে আরও একটা জবাব এই ষে, পুর্ব্বোক্ত ঘটনাগুলির কাল গ্রীম্ম ধরিলে এবং চতুর্থ অঙ্কের অন্তান্ত বর্ণনার যাথার্থ্য স্বীকার করিলে, ইহাকে বর্ষা বা শরৎ ভিন্ন অন্ত কোন কাল বলিবার অবসর নাই। শকুন্তলা যদি বসত্তে রাজ-ভবনাভিমুথে রওনা হইয়া থাকেন, তবে তাঁহার বিবাহের পর প্রায় সংবৎসর পূর্ণ হইতে চলিয়াছে, বলিতে হয়; এরূপ অবস্থায় তিনি বোধ হয় আর আপন্নসত্বা থাকিতে পারেন না। আর আপন্নসত্বা থাকিলেও কথমুনি বোধ হয় আসন্নপ্রসবা তনমাকে পদব্রজে হন্ডিনায় পাঠাইতে পারিতেন না। স্থতরাং যে দিক দিয়াই দেখি না কেন, চতুর্থ অঙ্কের কাল বসস্ত বলিয়া বোধ হয় না। তা ছাড়া, উহাকে বর্ষা বলিয়াও মনে করিতে পারি না। কেন, ভাহাও দেখান ধাইতেছে।

চতুর্থ অংকর কাল ব্ঝিতে হুইলে পঞ্ম আংকর সাহায্য আবশুক। কথের আশ্রম হুইতে হন্তিনীপুর বছদিনের পথ, এরপ মনে করিবার কারণ নাই। দিতীয় অংক করভক তপোবনে যাইয়া রাজাকে চতুর্থ- দিনে রাজভবনে উপস্থিত হইতে অমুরোধ করায় উক্ত স্থানদরের আসুমানিক দ্রছ একরপ বুঝা যাইতেছে। রথে গেলে উহা যে একদিনেরও পথ নয়, তাহারও যেন কতকটা আভাস পাওয়া বায়। এরপ অবস্থায় শকুস্থলার তপোবন হইতে রাজধানীতে পছঁছিতে দীর্ঘ দিন লাগিয়াছে, এমন বোধ হয় না। আমার অমুমান হয়, চতুর্থ ও পঞ্চম অঙ্কের অন্তর্কাতী সময়ের বাংধান চই-তিন-দিনের' অধিক নহে, এমন কি একদিনও হইতে পারে। স্থতরাং চতুর্থ ও পঞ্চম অঙ্কের ঘটনা একই ঋতুতে সংঘটিত হইয়াছিল।

পঞ্চম অঙ্কে অবগুণ্ঠনবতা শকুন্তলাকে দেখিয়া রাজা তাহাকে আপল্পসতা বলিয়া বুঝিতে পারিয়াছিলেন ; স্থতরাং পঞ্চম অঙ্ক হইতে তৃতীয় অঙ্কের ব্যবধান মাত্র ছইমাস অর্থাৎ তৃতীয় অঙ্কে প্রীয়কালীন ঘটনা এবং পঞ্চম অঙ্কে বর্ধানকালীন ঘটনা, এরূপ বলিতে প্রবৃত্তি হয় না। এই সকল কারণে অনুমান করি, তৃতীয় ও পঞ্চম অঙ্কের ব্যবধান তিনমাদেরও উপর, এমন কি, পাঁচ-ছয়-মাস পর্য্যস্তও হইতে পারে। তাহা হইলেই ইহা যে শরৎ বা হেমস্কের ঘটনা, তাহা একরূপ স্থির এবং চতুর্ধ ও পঞ্চম অঙ্কের কার্য্যবলী একই কালের অন্তর্ধনী।

চতুর্থ অক্টের কালনির্লয়ে বেমন পঞ্চম আৰু আবেশ্রক, ষষ্ঠ আব্দের কালনির্রপণে তেমনি সপ্তম আব্দের প্রয়োজন। সপ্তম আব্দে রাজা দৈতাজ্বয়, করিয়া ইন্দ্রভবন হইতে প্রভাবিত হইতেছেন, পথে মারীচমুনির আব্রমে বিরহক্রিটা প্রত্যাধাতা

শক্তলা ও তৎপুত্র সর্বাদমদের সহিত সাক্ষাৎ। সর্বাদমন তথন সকল কথাই একরূপ বলিতে পারে এবং সিংহশাবক লইরা থেলা করে, স্তরাং তথন তাহার বয়স তিন-চার বছরের কর্ম বলিয়া অনুমান করা সঙ্গত হইবে না। সপ্তম অঙ্কের প্রথমভাগে রাজা মাতলিকে বলিতেছেন যে, এই ঘটনার পূর্কদিনে মাত্র তিনি স্বর্গে গিয়াছিলেন—

'মাতৃলে অস্বসম্প্রহারোৎস্কেন পুর্বেছাদিব-মধিরোহতান লক্ষিতঃ বর্গমার্গঃ ।''

'মাতলি, অস্থ্রবধের উৎস্থক্যে গতকল্য আমি স্বর্গের পথ °তেমন লক্ষ্য করিয়া দেখি নাই।' ষষ্ঠ অঙ্কের শেষে রাজা ছ্ব্যান্ডের স্বর্গগমনের বর্ণনা আছে, অভএব ষষ্ঠ ও সপ্তম অঙ্কের ব্যবধান একদিন মাতা। ষষ্ঠ অঙ্কের ঘটনার কাল বসন্ত। উক্ত অঙ্কের প্রারম্ভে আমরা দেখিতে পাই, নববসন্তারম্ভে চেটীগণ আনন্দে অধীরা; কিন্তু রাজা শক্স্তলার বিরহে কাতর বলিয়া বসন্তাৎস্ব বারণ করিয়া দিয়াছেন। স্থতরাং কঞ্কী চেটাদিগকে বসম্ভোৎসবে মত্ত হইতে নিষেধ করিতেছে:—

"না তাবদনাত্মজ্ঞে। দেবেন প্রতিষিদ্ধে বসস্তোৎ-সবে ত্বমান্ত্রকাভক্তং কিনারভদে।"

'হে অজ্ঞরমণি, ওরপ করিও না; নর-পতি বসস্তোৎসব নিষেধ করিরাছেন, তথাপি আত্রকলিকাভল আরম্ভ করিরাছ কেন?' ষষ্ঠ অক্টের কাল বসস্ত হইলে, তাহার পরবর্তী দিনের ঘটনা অর্থাৎ সপ্তৃম অক্টের ঘটনার কাল্পু বসস্ত। এই সম্নে সর্স্কাদ্যনের বয়স চারিবৎসর ধরিষা লইলে, সপ্তম-অব্যোক্ত বদন্তের ঘটনা প্রথম-অব্যোক্ত প্রীয় হুইতে পঞ্চম বর্বে সংঘটিত হুইরাছিল।
যক্ত-অব্যোক্ত চেটাছয়, ধাবরের নিকট হুইতে
অভিজ্ঞানরূপ-অঙ্গুরীয়ক-প্রাপ্তির বিষয় অবগত
ছিল না, আর উক্ত অব্ধে রাজার শকুন্তলাজনিত শোক অতি প্রবল হুইয়াছিল, এইরূপ
বর্ণিত হুইয়াছে; স্থতরাং পঞ্চম অব্ধের
শেষ ও ষষ্ঠ অব্ধের আরম্ভ, হুয়ের মাঝথানে
যে প্রবেশক আছে, তাহার ঘটনা পঞ্চম
বর্ষের বসস্তের অব্যবহিত পূর্বেই ঘটনাহিল
বলিয়া অন্থমিত হয়। শকুন্তলার ঘটনাবলীর
পূর্ণকাল পাঁচবংসর স্বীকার করিলে বলিতে
হয়, অমর কবি এই পঞ্চবর্ষের ঘটনার মাত্র
সাতটি চিত্র অক্ষিত করিয়া আমাদিগকে
মুগ্ধ করিয়া রাথিয়াছেন।

আমরা এক্ষণে প্রবন্ধের সার সঙ্কলন ক্রিতেছি:—

- ১। প্রথম অঙ্কের ঘটনা একদিন স্থায়ী; কাল গ্রীয়, প্রথম বর্ষ।
 - ২। প্রথম অঙ্ক হইতে দিতীয় অঙ্কের

ব্যবধান একদিন, স্বতরাং প্রথম ও বিতীয় সক্ষে একই ঋতু এবং একই বর্ষের ঘটনা ।

- ৩। তৃতীর অক্টের ঘটনা বিতীরাঙ্কের ঘটনার পর সপ্তাহমধ্যে ঘটরাছিল। কাল প্রধম বর্ষের গ্রীষ্ম।
- ৪। চতুর্থ অংশর বিক্ততকের ঘটনা তৃতীয় অংকের ঘটনার পর সপ্তাহমধ্যে সংঘটিত হইয়াছিল বলিয়া অকুমান হয়।
- ৫। চতুর্থ অঙ্কের ঘটনার কাল শুরৎ
 কি হেমস্তের পুণিমা অথবা পুণিমার অভি
 নিকটবর্ত্তী কোনদিন।
- ৬ ! পঞ্চম অঙ্কের ঘটনা চতুর্থ অঙ্কের ঘটনার একদিন কি জুইদিন পরে ঘটে।
- পঞ্চম অক্ষের শেষ ও ষষ্ঠ অক্ষের
 আরস্ত, উভয়ের মধ্যীস্থিত প্রবেশকের কাল
 পঞ্চম বর্ষের বসস্তের অব্যবহিত পূর্বে।
- ৮। ষষ্ঠ অক্ষের ঘটনার কাল পঞ্চম বর্ষের বসস্ত।
- ৯। ষষ্ঠ অঙ্ক হইতে সপ্তম অংকর ব্যবধান একদিন। কাল বসস্ত, পঞ্চম বর্ষ। শ্রীনগোক্তনাথ সেন।

জনশৃত্য পৃথিবা :

হে মহাকার ধৃজ্ঞটি, তোমার জটার ভারে
ব্যক্তিত হইরা আর কতকাল তুমি ঘুমাইয়া
থাকিবে ? একবার জাগো। বৃদ্ধি বলিয়া
বে একটা থাপছাড়া জিনিবের তাড়নায়
কলের ধোঁয়ায়, গির্জার চুড়ায়, সঙিনের
ধোঁচায়, কলমের আগায় তোমার ধরণী
ক্তবিক্ষত ইইয়া উঠিয়াছে!—তুমি তোমার
তিনট রক্তনেত্র মেলিয়া এই পৃথিবীয় চারি-

দিকে একবার তোমার ভাঙের রস ছাঁকিবার বিপুল বস্ত্রথগুট বুলাইয়া লও! সমস্ত
পরিষ্কার হইয়া যাউক! আঃ! আমরা একবার মরিয়া যাই!

এস, আমরা সকলে মিলিয়া মরিয়া যাই।
বে বেথানে আছি, স্ত্রীপুরুষ, বালকবালিকা
সকলের ঘরবাড়ী ভাঙিয়া নদীতে ডুবাইয়া
দিয়া, হাতা-বেড়ী জলে নিকেপ করিয়া,

সব কৃতকর্ম কর্মনাশার জলে ছুঁড়িয়া क्षिनिया-धन, आमता धकिन आवरणत **भ्यत्रारक विवक्त** निर्माल रहेश मतिया, শোক করিবার না থাকুক, কেহ সাম্বনা দিবার না থাকুক, সংবাদপত্র ও তাহার ধবর পর্যান্ত বিলুপ্ত হইয়া যাউক---বিরাট্ ज्हिन-छ, भ (यथान विश्विषठ-करनवरत মহানন্দে তরঙ্গ ফুলাইয়া চলিয়াছে, সেই উত্তর্গমুদ্র হইতে আরম্ভ করিয়া—বিন্ধ্য-व्यान्तिम-कटकमम-हिमालद्य, त्रावी-माहाता-चात्रत्, উच्चननीन मार्किन् भाष्पारम्, ভात-তের আমহরিৎ বনবিস্তারে,—দ্বীপ হইতে **ঘাঁপে,—অন্তরা**প হইতে অন্তরাপে—সমূদ্র ডিঙাইয়া, পর্বত উৎরাইয়া—শস্তুর বিরাট্ জনহীনতা এক আবণদিনে, কৃষ্ণপক্ষীয় শেষরাত্রে, মানুষের সমস্ত হুর্গ ভাঙিয়া, সমস্ত পরিথা ভরাট্ করিয়া ফেলিয়া আপ-নার বিজয়পতাকা উড্ডীন করিয়া দিক্— সমস্ত অধিকার করিয়া লউক !

পৃথিবীর বিজনতার মধ্যে মানুষ কতটুকু স্থান জ্ডিয়া আছে ? ব্রিটিশ ভারতে
চল্দননগর !—ততটুকুও নয়। মানুষ তাহার
কর্ত্তা কর্ম-ক্রিয়া-শৃত্থালিত ভাষায় কতটুকু
আকাশকে মুখরিত করিয়াছে ?—অতি
সামান্ত ! মানুষদানব পরশুরামের মত
কুড়ালি লইয়া, পাগলের মত তাহার চারিদিকে ক্রোপাইতেছে—তবু এই অসীম
বিজনতার মধ্যে যদি ইঞ্চিভোর পথ খুঁড়িয়া
উঠিতে পারিল! হে বিরপ্তাক্ষ, তোনারি
সলী বেতালগণ চারিদিকে পাহারা দিতেছে।
উত্তরের আরত তুষারাসনে বিপুল শুক্রকায়

তোমার নন্দী স্বস্তায়ন করিতে বলিয়াছে,— সমুদ্রের অতলতায় গুপ্ত থাকিয়া লক্ষলক যক নিঃশব্দে প্রবালমুকুতায় ভাণ্ডার পরিপূর্ণ করিয়া তুলিতেছে, অন্ধকার-গিরিগুহার বসিয়া কৃষ্ণকায় ভৃঙ্গী আর্পন-মনে শৃঙ্গবাদন করিতেছে; মরুভূমিতে তোমারি রক্তচন্দন-চর্চিত রক্তক্ষু পুরোহিত মৌন হইয়া বসিয়া আছে-এবং বনে বনে তোমারি গৌরীর তরুণী স্থাগণ চাপল্যে, গীতে, থেলায়, বেদ-নায়, ঋতৃৎদবে নিজ নিজ হাদয়ের বিচিত্রতা বিকশিত করিতেছে। ইহারি মধ্যে স্থানে স্থানে ইটের উপর ইট তুলিয়া তাহার ফুকরে ফুকরে মাতুষ' আশ্রয় লইয়াছে! হে শস্তু, একটিমাত্র আঙ্লের আগায় তোমার ভাঙে-ভিজান বস্ত্রথানি ধরিয়া, তুমি একমুহুর্তে সমস্ত লেপিয়া-মুছিয়া লইতে পার।

একটি প্রান্তরে একটি ভাঙা কুটীর। গৃহস্থ মরিয়া নির্মাণ হইয়া গিয়াছে, এখনো জীর্ণ পৃহটি দাঁড়াইয়া আছে। ভাঙা-ঘরগুলির উপরে ঝড়বৃষ্টি হর্দমবেগে হানিয়া আসিল! ঐ মেঘল বর্ষা যে তাহার লক্ষ জলতন্ত্রীতে বিছ্যতের মের্জাপ মারিয়া সেতার বাজা-ইয়া আসিয়া ধরণীর বুকের মধ্যে প্রবেশ প্রার্থনা করিতেছে—ঐ ভাঙা কুটারটাই তাহার একমাত্র বাধা। কে গিয়াছে—কা'র স্বৃতি প্রাণে লইয়া এ গৃহ শীৰ্ণ হইয়া যাইতেছে !— বৰ্ষা এবং ধরণীর : মিলনোৎস্ক বক্ষ-ছটির মধ্যে উদ্বেগের মত ঐ ঘরটা দাঁড়াইয়া আছে। উহাকে ভাঙিয়া সমান করিয়া দাও! সেই-রাপ,ুসেই আবণরাত্তির প্রভাতে, মান্থবের চিহ্নাত না থাকুক!

ু আর, বিলোচন একবার মনে করিলে ক্তক্ষণই বা লাগে! একটি তরঙ্গ-অঙ্গুরের हेश्ताकी, कत्रात्री, कर्याग--আন্দোলনে मार्किनि, कार्थामी, क्षियान्-- नमछ काराक টিপিয়া শেষ করা যায়। ভাঙে-ভিজান বস্ত্র-থানিতে একটি কণা শ্মশানভন্ম মাথাইয়া ঘূৰ্ষণ করিয়া দিলে নিউইয়র্কের দশতলা-বারতলা বাড়ীগুলা ধরণীর কলঙ্করেথার মত তথনি মুছিয়া যায়, ধোঁয়াকালীভূষামাথা লভন, **নোনার কালীতে ছাপান একথানি ছবির** মত প্যারিস্, ম্যুনিসিপালিট-গবর্মেণ্টহাউস-সমেত নগরাধম কলিকাতা, বস্তুটির কোণে বিলুমাত্র কালিমাচিত্র রাথিয়া নিঃশেষ হইয়া যায় ! শস্তুদেব, তরুলতিকার বিপুল ভামল-স্রোত এই সকল ইষ্টকপুঞ্জের গায়ে আসিয়া ঠেকিয়া ফিরিয়া গেছে—বাধা দূর হইলেই वननको (मथिए एमथिए ছाয়ায়, গয়ে, মর্দ্মরে, কৃজনে-গুঞ্জনে তোমার বিজনগিরি-বাদিনী পার্বভীর নিভৃত বিহারস্থলী রচনা कतिया निरव ! याक्, - याक्, - आवात ममछ সোনা-রূপা মাটির ভিতরে লুকাইয়া পড়ৃক; যাক্,—যাক্,—কঠিন হীরক তাহার ক্বঞ্চনায় ভাতা অঙ্গারের সঙ্গে আবার একাসন গ্রহণ করিয়া ধরণী-মাতার বৃক্ষকোটরে নির্বি-শেষে লালিত হৌক্-পৃথিবীর উপরে আর त्कान किनिरयत किছू भाव मृत्रा ना थाकुक। তার পরে মেঘাবরোধে সমস্ত ধরণী ব্যাপিয়া স্থুগন্তীর প্রাবণনিশা প্রদারিত হৌক এবং বর্ষাধারে সমস্ত ধৌত করিয়া নবারুণরঞ্জিত নবীন প্রভাতটিকে জাগ্রত পৃথিবীর মাথার উপরে পঞ্চীননের পঞ্চমুখের শৃঙ্গধানিতে উषाधिত করিরা দিক্ !

বিজনতায় ত আমাদের সব 'লইয়াছে। আদি পিতামহ মহু সেইখানেই গেছেন এবং মহুর শেষতম উত্তরপুরুষও সেইখানকারই ষাত্রী—রামচক্র সেইখানেই শরাসন ত্যাগ করিয়াছেন এবং তাঁহার কপি-অক্টোহণীর তৃচ্ছতম পুচ্ছধারীটিও সেইথানেই তাহার ছর্দম চাপল্য বিসর্জ্জন দিয়াছে। বিজনতার সহচরী নিজা প্রতিদিন সন্ধার ধূসর পালকে স্বর্ণাঞ্চল পাতিয়া দিয়া তাহার মদিরাবেশুময় বাস্থপাশে জনতার আবর্ত্ত হইতে আমাদিগকে আকর্ষণ করিয়া লইতেছে! তাই, এস,— मिहे आवगतकनीरा पूर्वाहेशा आत त्यन ना উঠি। বাদলের দিনে যেমন "মেঘের অন্তর-পথে অন্ধকার হ'তে অন্ধকারে' দিনটি চলিয়া যায়, এম, সেইরূপ আমরাও সেদিন নিজার আড়াল ধরিয়া মৃত্যুর চিরবিজনতার মধ্যে विनीन रहेश्रा याहे। अन नकरन मित्र! मति—िक ख- ध कि, नकर नहे य व्यविश्वारन হাসিয়া উঠিতেছে ৷ যেন আমি কতগুলি র্থা গর্জন করিলাম !—কেহ বা আমাকে 'হতভাগা' বলিয়া করুণা করিতেছে।— আমি কি বড় ছঃথে মরিতে চাহিতেছি ? তাহা হইলে একা মরাটাই থেন বিবেচনার কাজ---আমি নিতান্ত অবিবেচক নহি। হা:! আমার মনের ভাবটা কেহ বৃথিতে পারিল না! তাই ত বলিতে যাইতেছিলাম 'মরি—কিস্তু'— ওইথানেই থামিয়া গেলাম। কিন্তু এবার শোন। মরি, **কিন্তু আঞ্** রাত্রে (কল্পনা কর, সেই প্রাবণের শেষ-রাত্রি) আমি দেই 'দেয়াগরজনে' মুধর 'শাঙ্ন'রজনীর রাধিকার মত অধীর হইয়া বসিয়া আছি! আমি দেখিব ना वरहे, किन्छ ভাবিয়া ভাবিয়া মাতিয়া

छेठिতেছি—কাল পৃথিবী কি স্কর্মণ ধরিয়া

দেখা দিবে। সমস্ত কলকারখানা, পোষ্টআফিস, জেলখানা, ইস্ক্ল, আফিস, রেলের
রাস্তা সাফ হইয়া গেলে কাল প্রভাতে
সম্প্রপর্বতবনমক্ত্রারবিচিত্রা নবীনা কুমারী
পৃথী বৈক্পধামের কোন দেবনক্ষনের
প্রণয়ক্ত্হলে আপনার নির্জ্জনবাসয়ে জাগরিত্ হইয়া উঠিয়া বসিবে! কোথায় গেল
প্রকৃতির বাক্চেছা বা মিথ্যা মুখরতা।

কোণার গেল প্রকৃতির বোধচেটা বা সহল্র সিদ্ধান্তের আবর্জনা! কোণার গেল বাগীখর বৃদ্ধিনান্ মান্ত্র! পৃথিবী আবার তাহার মৃত্তার সতেজ, তাহার বর্ণবিলাদে স্থাধীন-স্থলর! ধরণি, ধরণি, কোণার তৃই মাতা ? কোণার তৃই লক্ষ সন্তানের পালন-বিত্রতা গন্তীরা অপ্রগল্ভা কল্যাণী! আজ তৃই তোর কর্ত্তবাবিত্রত মাতৃজীবন ত্যার্গ করিরা একি প্রগল্ভা প্রণয়চঞ্চলার বেশে সাজিরা বিসরাছিন!

শ্রীসভীশচন্দ্র রায়।

ভ্ৰম

গেছে সারা দীর্ঘদিন, গ্রীম্ম নিদারুণ,
সন্ধ্যা দেখা দিল ধীরে প্রচ্ছায় করুণ,
তপ্ত গগনের ভালে; আছিত্ব বসিয়া
শ্রান্তদেহে একাকিনী, সহসা আসিয়া
শীতল পবনোচ্ছাস ঘেরিল আমারে,
চমকি' কম্পিতহিয়া চাহিত্ব হয়ারে
তুমি এলে ভাবি'! দেখিলাম শূন্যঘর,
বাহিরে সঘন মেঘে আঁধার অম্বর!

হতাশ।

আজিকে সান্তনা আর নাহিক কোথায়
আকাশে বাতাসে কিন্বা শ্রামণ ধরায়;

বিমুথ হয়েছে আজি আপন অন্তর!
তুমি দয়া কর নাথ, করুণা-সাগর!

আচার্য্য বস্থর আর একটি আবিষ্কার।

কোটোগ্রাফি।

একটি সম্পূর্ণ আধুনিক কোটোগ্রাফি ব্যাপার। ঠিক এক শতাকী পূর্নে বিখ্যাত বিজ্ঞানবিদ ডেভি ও ওয়েজউড্ আৰুলাক-সাহায্যে পদার্থের নিখুঁৎ ছবি আঁকিবার সম্ভাবনা দেখিয়াছিলেন, সেইদিন হঁইতে শত বংদর উত্তীর্ণ না হইতে, ফোটোগ্রাফি আজ-কালকার একটা সর্বাঙ্গস্থলর অতি প্রয়ো-জনীয় বিন্যা হইয়া দাঁড়াইয়াছে। বহুদূরবর্ত্তী গ্রহনক্ষরাদির অবস্থা ও গতিবিধি বৃহৎ দূর-বীণ দিয়াও পরিবর্শন করা অসম্ভব। ফোটো-श्रीकि এই व्याभारत ज्याि विवृंगनरक निवा-চকু দান করিয়াছে। আজকাল পণ্ডিতগণ কেবল ফোটোগ্রাফির সাহাব্যে অতীক্রিয় গ্রহনক্ষত্রাদির ছবি তুলিয়া তাহাদের অবস্থান, গতিবিধি ও গঠনোপাদান পর্যান্ত আবিকার জ্যোতিষ-পরিদর্শন-ব্যাপারে করিতেছেন । স্পেক্টোকোপ ও দ্রবীণের স্থায় ফোটো-গ্রাকের ক্যানেরা প্রকৃতই একটা অপরিহার্য্য বন্ত হইয়া দাঁডাইয়াছে।

গত পঞ্চাশ বৎসরের মধ্যে কোটোগ্রাফির শ্ব উরতি হইরাছে সত্য এবং ইহার সাহায্যে জ্যোতির্বিদ্যা বে ক্রমেই পূর্ণতার দিকে অগ্র-সর হইতেছে, তাহাও ঠিক, কিন্তু পদার্থের কোন্ বিশেষ ধর্মে কেবল আলোকপাত্রারা চিত্র অভিত হইরা পড়ে, তাহা আজও কেহ আবিহার করিতে পারেন নাই। নান্য পরী-ক্যানি করিবা বে ত্ইএক্সন আধুনিক পণ্ডিত এ সম্পূর্ণ দে, তাহাতে বিশ্বাস্থাপনচলে না। ভারতের গৌরব বিজ্ঞানাচার্য্য
জগদীশচন্দ্র বস্থ মহাশয় প্রত্যক্ষ প্রীকাদি

ঘারা কোটোগ্রাফ্তত্ত্বর পূর্বপ্রচারিত মতবাদগুলির অনারতা দেখিতে পাইয়াছেন এবং
বিষয়টার মূল ব্যাপার কোথায়, তাহাও সম্প্রতি
নির্দেশ করিয়াছেন। পাশ্চাত্য পণ্ডিতগণের
আবিষ্কৃত ফোটোগ্রাফ্রিবিদ্যা প্রাচ্য বিজ্ঞানবিদ্
আচার্য্য বস্থর মৌলিক গবেবণায় পূর্ণতা লাভ
করিতে চলিয়াছে।

ফোটোগ্রাফির নাম শুনিলেই, টিপরের উপরকার একটি কাচযুক্ত ক্ষুদ্র বাক্স ও ভাহার মধ্যের সেই রাসায়নিক-প<mark>দার্থ-লেপিভ</mark> কাচফলক আমাদের মনে পডিয়া যার। ব্যাপারটিও মোটামুটি তাই বটে। সেই ঢাকা স্মুথস্থ সুন্মধ্য কাচ্থাপ্তের মধ্য দিয়া বহিন্ত পদার্থের আলোকময় ছবি রাসা-य्रनिक-भनार्थ-(निभिज काठकनरक अफ़िरनहे, আলোকদারা দেই কাচলিপ্ত পদার্থের কি-একটা পরিবর্ত্তন হইয়া যায়। এই পরিবর্ত্তন এ সময়ে চোখে ধরা যায় না, এইজন্ম সেটাকে স্থায়ী করিবার উদ্দেশ্তে কাচথানিকে কয়েকটি-রাসায়নিক-পদার্থ-মিশ্র জলে ডুবাইবার ব্যবস্থা আছে। এই প্রক্রিয়ার কাচের আলোক-সংযুক্ত অংশটার পরিবর্ত্তন স্থায়ী হইয়া পড়ে এবং দলে দলে ছবিও ফুটিরা উঠে। এই

কাচফলককে ফোটোগ্রাফির ভাষায় নিগে-টিভ (negative) বলে। ফোটোগ্রাফারগণ এখন এই ছবি-অন্ধিত কাচফলকের সাহায্যে রাসায়নিক কাগজের উপর যত-ইচ্ছা আলো-ছায়াময় ছবি মুদ্রিত করিয়া লইতে পারেন। , তুই ত গেল সাধারণ ফোটো তুলিবার কথা। এতদ্যতীত আরো করেকটি উপায়ে ছবি তুলিবার কথা আমরা জানি,—এগুলিতে হ্র্ব্যানোকসংস্পর্দের কোনই আবখকতা দেখা যায় না। রন্জেনের বৈহাতিক কিরণ এবং রাডিয়ম বা ইউরেনিয়মের রশ্মি কাচ-**ফলকে পড়িলে, ঠিক স্থ্**যক্রিরণপাতেরই তা ছাডা ফোটোগ্রাফের কার্যা করে। শাচে কোনপ্রকার বাহ্যিক আঘাত-অপঘাত ৰা বৈছাতিক উত্তেজনা স্থকৌশলে প্রয়োগ করিতে পারিলেও, একই ফল পাওয়া বায়।

পদার্থবিশেষের উপর আলোক বা অপর কোন বাছপজি পতিত হইলে তদ্বারা শদার্থের কি পরিবর্ত্তন ঘটে জিজ্ঞাসা করিলে. **"পরিবর্ত্তনটা সম্পূর্ণ রাসায়নিক" বলিয়া** স্বাধুনিক পণ্ডিতপণ নিরস্ত হন । রাসায়নিক-পদার্থ-মিশ্র জলে ফোটোগ্রাফের কাচফলক ভুবাইলে, তাহার আলোকপ্রাপ্ত অংশ ও আছের অংশের পৃথক পৃথক ভাবে ফুটিয়া উঠা বে একটা প্রত্যক্ষ রাসায়নিক ব্যাপার,তাহাতে আর সন্দেহ নাই। কিন্তু ছবি ফুটিয়া উঠি-় ৰার পূর্বে কাচের যে অবস্থা থাকে, সেটাও ় কি রাসায়নিক ব্যাপার ? এই অবস্থায় কাচ-, লিপ্ত পদার্থে কোন বাছিক পুরিবর্ত্তনই ত দেখা যায় না, অথচ বহুকাল পূৰ্ব্বে আলোকে উনুক্ত থাকা হেঁতু কাচে যে একটু গৃঢ় পরি-ৰৰ্জন হইয়া থাকে, বাসায়নিকমিশ্ৰ জলে

ডুবাইলে সেইটিকেই ত ফুটিয়া উঠিতে দেখি।
পদার্থের কোন্ বিশেষ অবস্থার সেই গৃঢ়
পরিবর্ত্তন হয় জিজ্ঞাসা করিলে, আধুনিক
বিজ্ঞানবিদ্গণের নিকট কোন সহত্তরই
পাওয়া যায় না। তা ছাড়া বাহ্ আঘাত
ও বৈহ্যত-তাড়নাদি ধারা যে গৃঢ়ছবি অবিভ হওয়ার কথা পূর্বে বলা হইরাছে, তাহার কারণ জিজ্ঞাসা করিলেও ইহাদিগকে নিরুত্তর
থাকিতে দেখা যায়।

আচার্য্য বন্ধ বলেন, ফোটোগ্রাফিক কাচের আলোকপাতিত অংশের যে পরি-বর্ত্তনকে বৈজ্ঞানিকগণ কেবলমাত্র রাসার-নিক পরিবর্ত্তন বলিয়া আসিতেছেন, তার্হা প্রকৃতপক্ষে একটা আণ্রিক পরিবর্ত্তম বাতীত আর কিছুই নয়। সুর্যালোকের উৎপাদক ঈথর-তরঙ্গ ফোটোগ্রাফের কাচের উপর পড়িয়া কাচলিপ্ত পদার্থে ধাকা দিতে থাকিলে, আলোকপাতিত অংশের অবুগুলি পূর্বে যে-প্রকারে সজ্জিত ছিল, এখন আর সে-প্রকারে থাকিতে পারে না: কাজেই আলোকপ্রাপ্ত অংশের আণবিক-বিস্তাস অপরাংশের তুলনায় সম্পূর্ণ সৃথক্ হইয়া দাঁড়ায়। আণ্ৰিক বিন্যাদের এই পার্থক্যটা স্ক্ৰ অণুবীক্ষণযন্ত্ৰের সাহায্যেও ধরা অসম্ভব। এইজন্ত ফোটোগ্রাফের কাচের কোন অংশ আলোকে উন্মুক্ত থাকিয়া বিক্লুন্ত হইয়াছে এবং কোনু অংশই বা অবিকৃত আছে, তাহা আমরা কেবল কাচ পরীক্ষা করিয়া ঠিক করিতে পারি না। কোন পদার্থের **আ**ণ-বিক-বিক্তাদের পরিবর্ত্তন ধরিতে হইলে, ভাহার উপর অপর পদার্থের রাসাম্বনিক কার্য্য পরীকা করা আবশুক। কোটোগ্রাফের কর নানাননিক-পদার্থ-মিশ্র জলে তুবাইলে আমরা ইহার আলোকপ্রাপ্ত অংশটাকে যে অপর অংশ হইতে পূণক্ হইরা ফুটিতে দেখি, তাহা কেবল সেই ঈশ্বরতরক্ষাত আগবিক বিক্ল-ভির কল। বাছ আঘাত ও বৈছাতর্ম্মি-শংশর্শ প্রভৃতি ছারা পদার্থের যে গৃঢ় পরি-বর্ত্তন হর, ভাহার কারণও বস্থ্যহাশরের মতে আগবিক-বিভাসের বিকার ব্যতীভ আর কিছুই নর।

আজকাল নৃতন মতবাদের অভাব নাই।
কোন একটি প্রাকৃতিক ঘটনার কারণজিজ্ঞান্থ হইয়া দাঁড়াইলে, শৃতশত মতবাদ

বারস্থ হইয়া অহুদন্ধিৎস্থ ব্যক্তির মাথা ঘুরাইয়া দেয়। কিন্তু এই মতবাদগুলির ইতিহাস খুঁজিলে প্রত্যেকটিরই মূলে নিছক্ অন্থমান বা কোন-একটা আজ্গুবি কল্পনা ধরা
পড়ে। বলা বাছলা, অধ্যাপক বস্থর আবিফারগুলি এইশ্রেণীভুক্ত নয়,—ইংলপ্ত ও
ফালের নানা পণ্ডিতসন্মিলনীর সন্মুথে প্রদশিক্ত পরীকাদি ছারা তাঁহার প্রত্যেক উক্তির
অফ্রান্ততা প্রতিপন্ন হইয়া গেছে এবং বৈদেশিক্ত পঞ্জিগণের শত কৃটপ্রশ্রে অধ্যাপক
বস্ত্মহাশরের মুক্তিমীমাংসার অণুমাত্র স্থালন
হয় নাই।

আলোক ও বৈদ্যুতরশির তাড়না এবং বাহিরের আঘাতাদিতে পদার্থের যে আণবিক পরিবর্ত্তন ঘটে, তাহা ঠিক্ ধরিবার উপায় কি, এখন দেখা যাউক। বিশেষ বিশেষ রাসায়-নিক পদার্থের কার্য্য পরীক্ষা করিয়া আণবিক রিকার ধরিবার যে উপারের কথা পূর্বে বলা হইরাছে, তাহা একটা নিভূল উপায়, সুন্দেহ কাই, কিন্তু সকল স্থানে তুলার প্রয়োগ

অধ্যাপক বস্ত্ৰহাশন আণ-সম্ভবপর নয়। বিক কিকার ধরিকার একটা অতিসহজ ও সন্ম উপায় আবিষ্ণার করিয়াছেন। ইহার বিশেষত্ব এই যে, এটিকে সকল স্থানেই महत्व कार्र्शां भरतां ने किया वावहांत के क्ष রাইতে পারে। বস্থমহাশর পরীকা করিষ্কা দেখিয়াছেন, কোন পদার্থের এক অংশের আণবিক-বিস্তাস বাহ্যিক আঘাত-উদ্ভেজনার বিক্বত হইয়া পড়িলে, পদার্থটির বিক্বত 😮 অবিকৃত অংশের মধ্যে একটা তড়িৎপ্রবাহ স্বতই চলাফেরা আরম্ভ করে। এই ছুই স্থংশ তড়িকাপকষন্ত্র ও তারের বারা স্থকৌশলে সংযুক্ত করিয়া বৈছাতিকপ্রবাহের পরিবর্ত্তন পরীক্ষা করিলে, পদার্থটির আণবিক-বিজ্ঞান কতদূর বিকৃত হইয়াছে বুঝা যায়। অধ্যাপক বস্থমহাশর ইহা ছাড়া বিত্যুৎপরিচালনের ৰাধা-উৎপাদনকৈও আণ্ডিক বিকারের আর একটা লক্ষণস্বরূপ ধরিয়াছেন। মনে ক্র একটি পদার্থের ছই প্রান্তে তার সংযুক্ত করিয়া বিহাৎপ্রবাহ চালানো হইতেছে ৷ এখন যদি কোনপ্রকার বাহ্যিক আঘাত-অপ-ঘাতে পদার্থের আণবিক-বিক্যাস ভক্ত করা বায়, তাহা হইলে বিত্যুৎপ্রবাহটিকে **স্প**ষ্ট भनी जृत इहेरक (मथा यहिरव। **উত্তেজনা**-প্রাপ্তির পূর্বে পদার্থের যে অণুগুলি বেশ লঘু ও সংযত অবস্থায় থাকিয়া বিহাৎকে চলি-বার পথ দিতেছিল, এখন তাহারাই বাঞ্জি আঘাতে স্থানে স্থানে জমাট বাঁধিয়া প্রবাহের গতিরোধ করিতে থাকিবে i

পাঠকগণের অনেকেই বোধ হয় জানেন, রসায়নবিদ্গণের নিকট গ্রাক্ষাইট, কয়লা গু হীরক, একই জিনিস। গ্রাকাইটের ম্ধ্য

দিয়া বিহাৎপ্রবাহ চালনা কর, প্ৰবাহ অবাধে চলিতে থাকিবে। তার পর সেই व्यवाद्यक्र यनि शैत्रकत्र मधा निम्न हाना अ, তবে প্রবাহটিকে স্পাঠ মন্দীভূত হইতে দেখিবে। গ্রাফাইটের অণুসকল নির্মিত ও লঘুভাবে সজ্জিত থাকে, সেইজন্ম ইহাতে বিহাৎচালনার কোনও বাধা হয় না; কিন্তু হীরকের আণবিক-বিগ্রাস জটিন, কাজেই ইহাদের, অণুনকল প্রবাহপথে বাধা জন্মায়। এই প্রকারে কেবল বৈচ্যাতিক প্রবাহের পরি-বর্ত্তন লক্ষ্য করিয়া, বস্থনহাশয় নানা পদার্থের আভান্তরীণ আণ্রিক অবস্থার পরিচয় জানিতে পারিরাছেন, এবং এই প্রবাহপরিবর্তনটা বৈ কেবল বিক্বত আণুবিক-বিভাসের ফল, তাহাও তিনি পরীকাসিদ্ধ প্রত্যক্ষ প্রমাণদারা দেখাইয়াছেন। *

সালোক ও বৈছাতিক রশ্মির সংঘাত বা শাহ্য আঘাত-উত্তেজনার কতকগুলি পদার্থের যে আণবিক বিচলনের কথা বলা হইল, তাহা কেবল সেই সকল পদার্থেরই বিশেষ ধর্ম নম। অব্যাপক বন্ধ বাহ্য উত্তেজনাম পদার্থমাত্রেরই আণবিক-বিস্থাসের অল্লাধিক বিচলন দেখিতে পাইয়াছেন। আলোকরশ্মিপাতে কোটো-গ্রাফের কাচস্থিত অক্টির আণবিক বিচলন অধিক হন্ধ, তজ্জ্য আলোকের এই কার্যাটি সহলা আনাদের নজরে পড়ে; কাজেই আনরা এটিকে কোটোগ্রাকের কাচেরই একটা বিশেষ ধর্ম বলিয়া সিদ্ধান্ত করিয়া কেলিল-একখণ্ড বাঁশের কঞ্চির ছই প্রান্ত ধরিয়া কে-টাকে অল্প মোচড় দিয়া ছাড়িয়া দিলে, ভাহার আকারের ক্ৰিক পরিবর্তনু হইয়া আবার তাহা সহজ অবস্থা প্রাপ্ত হয়। আলোক বা বিছাৎ রশ্মিপাতে সাধারণ পদার্থের যে আশ-বিক বিকার হয়, তাহাও কতকটা তক্ষপার্থ যে কোন পদার্থে আলোক বা বৈছ্যতিক রশ্মি পাত কর, তৎক্ষণাং তাহার আণবিক বিকার উপস্থিত হইবে; তার পর সেই রশ্মি রোধ कत, शृद्धीक किन श्रीय श्रीपिष्ठ शृद्धित আণবিক সহজ অবস্থা পুন:প্রাপ্ত হইবে। পাঠকগণ দেখিয়া থাকিবেন, মাত্র। বৃদ্ধি করিলে, হাত ছাড়িয়া দিবামাত্র কঞিটি পূর্বাবস্থা পুন:প্রাপ্ত হয় না। বছকাল ধমুকাকারে থাকিয়া সেটি ক্রমে সোজা হইয়া আসে। ফোটোগ্রাফের কাচত্বকের আণ-বিক বিকারকে এইপ্রকার সবলে মোচ্ডান ক (ন সহিত তুলনা করা যাইতে পারে। ঋজু অবহা পুন:প্রাপ্ত হইবার পুর্বে যেমন ধহুকাকারে বিকৃত ইহাকে অনেককণ থাকিতে দেখা বায়, ফোটোগ্রাফির কাচস্বকে আলোকনয় ছবি পতিত হইলে তাহার আণ-বিক-বিত্যাদও সেইপ্রকার বছকাল বিকৃত অবস্থার থাকে এবং প্রচুর অবসর দিলে বক্র ক্ষির স্থায় কাচও যথাসময়ে স্বাভাবিক অবহা পুনঃপ্রাপ্ত হয়। † কঞ্চিটিকে চিরকাল

^{*} অবিমিশ্র ফস্করদের যে তু'টি রূপান্তর দেখা যাত, ত:হাও বিভিন্ন আর্ণবৈক-বিস্থানের ফল।

[া] এ পর্যান্ত আমরা সকলেই জানিতান, কোটোগ্রাফের কাচের উপর একবার আলোক্ষয় ছবি ফেরিলে,

- চিত্রটি কাচ্ছলকে চির-অবিংত ইইরা যায়, এবং বে কোন সময়ে নেটকে নির্দিষ্ট রাসায়নিক-পদার্থনিতা জলে

ডুবাইলে পুর্কের ছবি ফুটিয়া উঠে। অধ্যাপক বর্মহাশরের আবিক র হারা আমাদের এই বিবাসের অর্লক্তা

অতিপর হইরা গৈছে। ইনি বলেন,—কাচবঙ্গের বিবৃত অংশ প্রকৃতিছ হইবার লগে প্রচুর সমর্ম দিলে, জারুতে

আ্রার আলোক্ষাতের কোন লক্ষ্ট দেখা যায় না। এখন কাচটিকে শতবার সেই রাসায়নিক্ষিত্রলো ডুবাও,

ছবি কোন দ্বেই ফুটিবে না। অধ্যাপক বহুমহাশের প্রত্যক্ষ প্রমাণ সংগ্রন্থ করিয়া উহার এই সকল আবিভাররে সার্বক্তা দেখাইরাতেন।

ধর্কাকারে রাখিতে হইলে বেপ্রকার রুঞির উপারের আবপ্রক হর,—কাচপাতিত অদৃশ্য ছবিটি অণ্র স্বাভাবিক অবস্থার প্নঃপ্রাপ্তির কহিত বাহাতে লোপ পাইরা না বার, তজ্জ্ঞ কাচকলকটিকেও সেইপ্রকার রাসারনিক-পদার্থ-মিশ্র জলে ত্বান আবশ্রক। এই উপারে স্থারিভাবপ্রাপ্ত বক্র-কঞ্চির ভার, কাচেরও আণবিক বিক্ততি চিরস্থারী হইরা বার এবং সঙ্গে চ্বিথানিও ফুটিরা উঠে।

পাঠকগণ বোধ হয় দেখিয়া থাকিবেন. মৃত্ব চাপ বা আঘাতাদি ছারা কোন জিনিসের আকার বিক্বত করিতে থাকিলে, প্রথমে সেটি সহজে এবং অল্লকালমধ্যে পূর্বের আকার পুন:প্রাপ্ত হয়, কিন্তু পরে চাপের মাত্রাবৃদ্ধি করিলে স্বাভাবিক অবস্থায় আসিতে তাহার অনেকটা সময় আবগুক হইয়া পড়ে। তার পরও আঘাত বা চাপ বৃদ্ধি কর, সেটা আর পূর্বের অবস্থা পুন: প্রাপ্ত হইবে না,— বিক্বত অবস্থাতেই থাকিয়া যাইবে। একটা লোহার শিক্ লইয়া পরীক্ষা করিলে কথাটা সহজে বুঝা যাইবে। শিকের ছইপ্রাস্ত ধরিয়া অর মোচড় দাও, দেটির আকার বিকৃত হইয়া পজিবে এবং মোচড রহিত করিবামাত্র আিংরের মত লাফাইয়া প্রবর্গের আকার গ্রহণ করিবে। কিন্তু মোচড়ের বল ক্রমে বৃদ্ধি করিতে থাকিলে সেটি এত অল্লকালমধ্যে খাভাবিক অবস্থা পুনঃপ্রাপ্ত হইতে পারিবে না, এবং শেষে মোচড়ের মাত্রা অত্যস্ত বাড়া-্ইলে চিরকালের জন্ত সেটি বক্রাকারেই থাকিনা বাইবে। এখন শিক্টিকে প্রকৃতিস্থ করিতে হইলে অপর বাহাশক্তিপ্রয়োগ ্তাৰপ্ৰক হইরা পড়িবে।

लोहिनिदकत स्थात्र भनार्थभारतंत्रहे बार्छा-বিক-অবস্থা-পুন:গ্রাপ্তির চেষ্টার একএকটা সীমা আছে। সেই চেষ্টার সীমা অভিক্রম ক্রিয়া পদার্থের আকার বিক্ত বিকার চিরস্থানী হইয়া যায় ৷ অধ্যাপক ৰশ্ব-মহাশয় দেখিয়াছেন,—আলোকপাত বা বৈহাতিক রশ্মি প্রভৃতি ছারা পদার্থের বে আণ্বিক বিকার হয়. তাহার অবস্থাও কতকটা তদ্রপ। আণবিক বিকার এপ্রচুর হইলে, চরম চেষ্টা খারাও কোন জিনিস তাহার স্বাভাবিক আণবিক-বিস্থাস আর পায় না। স্থায়িভাবে বক্র শিক্টিকে প্রকৃতিস্থ করিবার জন্ত যেমন তাপ বা বাহ্যবলপ্রয়ো-গের আবশুকতা দেখা যায়, স্বাভাবিক আণবিক অবস্থায় ফিরাইতে, ইহাতেও সেই-প্রকার তাপাদিপ্রদানের দরকার পড়ে। একখণ্ড সাধারণ কাচের উপর একটি বুত্ত বা চতুকোণাকার ধাতুময় জিনিস রাথিয়া, সেটিকে বিহাৎ-যুক্ত কর। ধাতু-অধিকত-স্থান-স্থিত কাচের আণবিক বিস্তাস বিহ্যুৎপ্রভাবে বিকৃত হইয়া যাইবে। চকু বা কোন বছের সাহায্যে এই বিকার ধরা পড়িবে কিন্তু কাচফলকটিকে জলীয় বাব্পে উন্মুক্ত রাখিলে কাচের বিক্লত অংশে বাষ্প জমিয়া সেই ধাতবপদার্থের ছবি ফুটাইয়া তুলিবে। কাচের এই অন্তত ধর্ম্বের স্থায়িত্ব আণ্রিক বিকারের পরিমাণের উপর নির্ভর করে। প্রকৃতিস্থ হইবার নির্মিষ্ট ক্ষমতাকে অতিক্রম করিয়া আণবিক-বিক্যাস ভল হইরা शांकितन, कांठक सक्छि वित्रकांनरे तारे अद-স্থার থাকিয়া যাইবে, তাপপ্রয়োগানি বাহ-শক্তির সাহায়া বাডীত সে কিছুতেই প্রকৃতিক

ङ্हेर्ड পারিবে না। কিন্তু আণবিক-বিদ্যাসের অন্ধর বিচলন হইরা থাকিলে অন্ধক্রালমধ্যেই সেটি পূর্বাবস্থা প্রাপ্ত হইবে।

ধাতুচূর্ণের কোন ছই অংশে তার বিচাৎপ্ৰৰাহ পরিচালন রাবিয়া করিলে, প্রবাহ অবাধে চলিতে থাকে। সেই চূর্ণে এখন বৈহাতিক রশ্মিপাত কর, পূর্বের প্রবল প্রবাহটিকে স্পষ্ট পরিবর্ত্তিত দেখিবে। শুঁড়াগুলিকে একটু ঝাঁকাইরা বা তাপ দিয়া লও ; এখন আর ইহাতে প্রবাহ-প্রমনাগমনের কোন বাধাই দেখিবে না। শাভূচূর্ণের এই বিশেষ ধর্মটির উপরেই আজ-কালকার তারহীন টেলিগ্রাফির মূলভিত্তি ৫প্রাধিত। কিন্তু বৈছ্যতিকরশ্মিপাতে কি প্রকারে ধাতুচ্র্নের প্রবাহ-পরিচালন-ক্ষমতার স্থাসমুদ্ধি হয়, এপর্যাস্থ তাহা কেহই ঠিক্ ৰীকতে পারেন নাই। অধ্যাপক বহুমহাশর ইহার প্রকৃত ব্যাপার আবিষ্কার সকলকে বিশ্বিত করিয়াছেন। বস্থমহাশয় ·দেথাইম্বাছেন,—বৈহ্যাতিক রশ্মি দারা ধাতু-্চুর্ণের আণবিক-বিন্তাস বিকৃত হইয়া যায়, এজন্ম তাহার মধ্য দিয়া বিত্যুৎপ্রবাহবেগ পরিবর্ত্তিত হয় ; কিন্তু গুঁড়াটা একটু ঝাঁকা-ইয়া লইলে বা গর্ম করিয়া রাখিলে, তাহার স্মাণ্রিক অবস্থাটা স্বভাবে ফিরিয়া আসিবার স্থযোগ পায়, কাজেই পূর্বপ্রকারে বিহাৎ-প্রবাহ চলিতে থাকে। অধ্যাপক বম্বমহা-শরের মতে মোলোকদারা ফোটোগ্রাফের ·কাচে ছবি-অরুন, এবং বৈহ্যতিক রশি**ষারা** ঋতুচূর্ণের প্রবাহপরিচালনুশক্তির হ্রাসবৃদ্ধি ঞ্কই প্রাঞ্চিক ব্র্যাপার। ফোটোগ্রাফি ও সার্কনির ভারহীন টেলিগ্রাফি মূলে এক। 🗸

পাঠকগণ বোধ হয় জানেন, আলোকেয় পরিমাণ ও আলোকপ্রদানের কালের উপর ফোটোগ্রাফছবির ভালমন্দ অনেকটাই নির্ভর করে। ফোটোগ্রাফের যে কাচে যত নির্মিত আলোক পড়ে এবং যেখানি ৰত নিয়মিত কাল ধ্যরিয়া আলোকে উন্মুক্ত থাকে, তাহার ছবিঙ ততই সুস্পষ্ট ও স্বাভাবিক হইয়া অন্ধিত হয়ু অস্থির আলোকে ছবি অস্পষ্ট হয়; তা' ছাড়া আলোকটা কখন ক্ষীৰ এবং কখন হইয়া আসিলেও ছবি ভাল উঠে না। আচার্য্য বস্থমহাশয় বহু পরীক্ষাদি দ্বারা কোটো-গ্রাফের কাচের উপর অস্থির কার্য্যের অনেক রহস্ত আবিদ্ধার করিয়া-ছেন। এ আবিষারটি কি, এখন যাউক। পূর্বেই বলা হইয়াছে, আলোকরশ্বি কাচের কোন অংশে পড়িলে, তদ্বারা সেই স্থানের আণবিক-বিন্থাস ভঙ্গ হইতে আরম্ভ হয়, কিন্তু আলোকপাত হঠাৎ বন্ধ করিবা-মাত্র, সেই ভঙ্গ আর অধিকদুর অগ্রসর হইতে পায় না, বরং অণুদকল প্রাকৃতিক অবস্থার পুনঃপ্রাপ্তির চেষ্টা আরম্ভ করে। সময়ে সেই একই অংশে আবার আলোক-রশ্মি পতিত হইলে, আণবিক-বিক্তাদের নৃতন বিচলন আরম্ভ হয়। এই নুতন বিচলনটা যদি পূর্বেকার বিচলনের দিকেই হয়, ভবে আলোকপাতরাহিত্য দারা স্বাভারিক-অবস্থা-পুন:প্রাপ্তির জন্ম অধুসকলের যে একটা গভি হইয়াছিল, সেটি নষ্ট হইয়া আণবিক-বিফার বিষম জটিল হইয়া পড়ে এবং লভে লভে ছবিও অস্পষ্ট হইয়া উঠে। নুতন-আলোক-পাত-জাত অণুর কিলন পুর্বনিচ্ছ্রুর প্রতিকুলে হইলেও ছনি কালাই ক্রা 🛪 🔻

আধানে নৃতন বিচশনটা অণুসকলের স্বাভাবিকঅবস্থা-পূন: প্রাপ্তিরই সহায়তা করে; কাজেই
বে আণবিক বিকার ছারা পূর্বে চিত্র অন্ধিত

ইয়াছিল, সেটা আর এখন অক্স থাকিতে
পারে না।

धक्छ। ছোটখাট উদাহরণ দিলে বিষয়টা পরিকার হইবার সম্ভাবনা। রজ্জুবদ্ধ কোন क्षकि छात्रिवश्वत शतिरागनतक আইলাক-পাতজনিত অণুর বিচলনের সমান ধরা যাউক। এথানে সেই আবদ্ধ জিনিসটার চরম উর্দ্ধে উঠার পর নীচের দিকে নামিবার চেষ্টা, যেন আলোকপাত-রাহিত্য-হেতু অণুর স্বাভাবিক-অবস্থা-পুন:প্রাপ্তির চেষ্টার সমান হইল। এখন বিনিসটা ছলিতে ছলিতে চরম উর্দ্ধে উঠিয়া নামিতে আরম্ভ করিলে যদি সেটাকে আরো উপত্নে উঠাইবার বা নীচে নামাইবার জন্ম একটা ধাকা দেওয়া যায়, তাহা হইলে জিনি-সটা যেমন উপরে উঠিতে বা নীচে নামিতে না পারিয়া এক বিক্বতগতিতে চলিতে থাকে, আংশোক রহিত হওয়ার পর নৃতন আলোক-পাভ দারা ফোটোগ্রাফ্কাচের অণুর বে ৰিচলন হর, তাহাও কতকটা তদ্ৰপ ৷ পূৰ্বের মাণোক রহিত হইবামাত্র অণুসকল প্রকৃ-ডিম্ম হইবার জন্ত আলোকপাতজাত বিক্লত বিষ্ণাসের বিপরীতে সঞ্জন আরম্ভ করে। এখন পুনরায় আলোকপাত হইবামাত্র একটা মুত্তন গতি আদিয়া ইহাতে যোগ দেয়, ক্লাক্টে সমূৰেত গতিতে কোন নিয়ম রক্ষিত न र जार जागिक-विद्यारम शामरवां जे छेन-ছিত হইছা পড়ে এবং সঙ্গে সজে ছবিও 19 2 3 4 8 5 7 1 2 2 2 2 3 3

অস্পষ্ট অন্ধিত হইরা বার। স্থির ও সম্ভাবে আগত •আলোকপাত হারা আগবিক বিচলন একই দিকে নির্মিতভাবে হইরা থাকে, কাজেই সেহলে আগবিক-বিস্তাসের কোন গোলযোগই হইতে পারে না এবং সঙ্গে সঙ্গে ছবিও সুস্পষ্ট অন্ধিত হইরা পড়ে।

স্থতরাং দেখা যাইতেছে, আলোক্ময় ছবির অবিকল চিত্র উঠাইয়া রাখিবার শক্তিযে কেবল ফোটোগ্রাফের কাচলিপ্ত পদার্থ-গুলিরই আছে, তাহা নয়। এই শক্তিটা জড়পদার্থমাত্রেরই সাধারণ সম্পত্তি,—জগতর পদার্থমাত্রেরই অণুসকল আলোক বা বিহ্যংশক্তির সংযোগে বিচলিত হইয়া থাকে; ফোটোগ্রাফের কাচম্ভিত পদার্থের অণুসকলের বিচলন অধিক এবং চিত্রাঙ্কনপক্ষে উপযোগী, তাই সেটা হঠাৎ আমাদের নজরে পড়ে, এবং তাহাকে আমরা কেবল সেই সকল নির্দিষ্ট পদার্থেরই বিশেষ ধর্ম্ম বলিয়া মনে করিয়া ফেল।

নানা বিচিত্র ও জটিল ঘটনার মধ্যে একটা সহজ ও প্রত্যক্ষ নিয়ম দেখানো, আচার্য্য বস্তুমহাশরের আবিষ্কারগুলির একটা বিশেষ ধর্ম। জড়জগতের ক্ষুদ্র-বৃহৎ প্রত্যেক প্রাকৃতিক ব্যাপারের মধ্যে যে একটা বৃহৎ নিয়ম ও শৃত্থলা বর্ত্তমান আছে, তাহার মহিমা অধ্যাপকমহাশরের প্রত্যেক আবিষ্কার ঘারাই প্রচারিত হইয়াছে। কোটোগ্রাফিসম্বন্ধীয় আবিষ্কারেও তাঁহার বৈজ্ঞানিক শিদ্ধান্তগুলির সেই অনস্তম্বভু বিশেষঘৃটি পূর্ণমাত্রায় রক্ষিত হইয়াছে।

अक्रभगनम् द्राय

(तमूहि-पृमुक।

পশ্যবাত্তী, পথিক ও পরিত্রাজকর্দিগের মধ্যে কেছ কেছ পেশাওয়ার অভিক্রম করিয়া আফ্গানপ্রদেশে গমন করে এবং তথা হইতে বেৰুচিস্থানে পৌছিয়া থাকে; আবার কেহ কেহ বা করাচি-প্রান্তর অতিক্রম করিয়া স্থপ্রসির্ব সোলেমান-পর্বতের উপর সেথানে যার। আফগানিস্থানের পথে অল্র-ভেনী হিন্দুকুশ-গিরি অতিক্রম করিতে হয়। যে দিক্ দিয়াই হউক, পথিককে ভীষণ হইতে ভীৰণতর ছুইটি "পার্ব্বত্য-সন্ধি"র (Mountainous Pass) ভিতর দিয়া যাইতেই হইবে। ইহাদের একটির নাম গুম্মাল্-পাস্ এবং অপরটি বিখ্যাত বোলান্-পাস্ (Pass)। আমি যুখন বেলুচি-মুলুকে যাই, তখন সে দিকে রেল্ওয়ে-লাইন্ছিল না; এখন কিন্ত मिन्ष-भिनि दान अदा दोनान्-भाम् उन করিয়া গুল্-এ-ইশ্তান্ ছাড়াইয়া চমন্ (Chaman) পর্যান্ত প্রসারিত হইয়াছে। এখনও আর দেড়-ক্রোশ-পরিমিত রেলপথ পর্বভগাত্র ভেদ করিয়া প্রস্তুত করিতে পারিলে, বেলুচিহানে বাতারাত আরও সহজে সম্পর ছইতে পারিবে। বোলান্-পাদ্ বে কি ভন্নানক, খচকে বাঁহারা দেখেন নাই, ভাঁহাদিগজে, সে কথা বুঝাইয়া স্কৃতিন। সৈ ভীষণ পথে কেবল সাহসী সুসলমানেরাই গভায়াত করিতে পারে। শ্বৰান-পাদের ভিতর দিরা বহুসংখ্য শশ্য-राखी छात्रछवर्षत्र मिरक नानाविध खन्मानि ূ বিক্র করিতে আইনে। এই নকি-পরের

পার্ঘে জোব্ উপত্যকা (Zhob Valley) ৷ জোবাইগণ এই পথের প্রহরী ও রক্ষাকর্জা; কিন্ত স্থবিধা পাইলে, আরব্যের বেন্দুইনিগের স্থার, ইহারা পথিকবর্গকে নিহত বা **হাতসর্বা**ষ করিতে কৃষ্টিত হর না। বোলান্-পাসের দৈর্ঘ্য প্ৰায় ৩৫কোশ, উচ্চতা (চড়াই) প্ৰায় ছয়হাজার ফিট্। এই পার্বত্য-সন্ধির প্রায় সমুদর অংশে "বোলান্"নামক নদ প্রবাহিত, সময়ে সময়ে ইহাতে ভয়ানক বক্তা হইয়া থাকে। সোলেমান-গিরিরাজের যে অংশ দিয়া-কো-(কৃষ্ণপর্বত) নামে প্রথ্যাত, সেই-খান হইতেই বোলান্-পাদের উৎপত্তি। এই পর্বতমালা করাচির পশ্চিম প্রান্ত হইতে আরম্ভ করিয়া ধীরে ধীরে কো:-এ-বাবা পর্যান্ত বিস্থৃত হইরাছে। প্রধান পর্কতের উচ্চতা প্রায় ২৩হান্সার ফিটু।

বেশুচিস্থানের পুরাকালীন ইভিহাস তমসাচ্ছর—ইহার প্রাচীন নরপভিবর্গের বিবরণ অতীতের তিমিরগর্ভে নিহিত।

প্রাকালে এই সকল প্রদেশ হিন্দ্রান্ধার
শাসনভূক ছিল। 'আজিও আফ্ গানিস্থানের
পার্যদেশে আফ্রিদি, কাফির, বারহুই প্রভৃতি
জাতির মধ্যে হিন্দুছের লক্ষণ স্থন্পাই পরিলক্ষিত হইরা থাকে। বেসুচিস্থানের হৈব্য
প্রার তিনশত ক্রোশ এবং বিস্তার ফুইনভ
ক্রোশের কিছু কম।

বেপ্চি-মুপ্কে অনেক ন্দ্ররী আছে, সমক্তে সমরে সেগুলিতে ভরানক [°]বস্তা হয়। শক্তিবন্ধিকে স্কন্ত্রিকালন প্রীয়কালে প্রাথ

উত্তপ্ত হয় বে, তাহা অতিক্রম করা অনুভব পিরিছদেও সভাজনোচিত। অলভারপ্রিয়তা হইয়া উঠে। প্রনবেগোখিত বালুকায় চারিদিক্ আচ্চন্ন হইরা পথিকের খানরোধের • উপক্রম হয়, কালগ্রাদেও অনেকে পতিত ্হইতে থাকে। এদেশে যেমন অসহ গ্রীষ্ম, শীতও তেমনি হাড়ভাঙা। এইজগুই কোধ 👣 এয়ান এরপে স্বাস্থ্যপ্রদ। ভারতবর্ষের সকলপ্রকার শশু ও শাক্সব্জি এথানে এথানকার গন্দাবা-নামক शां अत्रा यात्र। স্থানটি অত্যন্ত উর্বার বলিয়া প্রাসিদ্ধ। এদেশে भार्ष्म ७ शास्त्रनात यत्पष्टे প्राइडीव। এখানকার শুষ্ফল, পশ্ম, বনাত ও কম্বল नर्सवरे সমাদৃত।

সমগ্র বেলুচিস্থানের লোকসংখ্যা প্রায় ৎদক। অধিবাদীরা দেখিতে স্থন্দর, বল-बान, मारमी अवः भीषांकात। अपारण कृष ভারি দন্তা; লন্ধা, মরীচ, পলাভু ও লন্তনের ম্যবহারটা খুবই বেশি; স্থরাপানের প্রথা একেবারেই নাই। এখানের অধিকাংশ গৃহই মাটির। এদেশে কৃষ্ণকায় উদ্ভের চর্ম্মে একপ্রকার তাঁবু তৈয়ারি হইয়া থাকে, লেওলি অনেক গৃহস্থের গৃহের কার্য্য করে। ক্লভগামী একটি উষ্ট্র, প্রচুর স্থবাহ জল, শানকমেক রোটি ও গোটাকত থেজুর দিয়া तिन्विजितिक त्यथात देखा त्रदेशातिह পাঠাইতে পার। ইহারা শ্রন্থ, সবল, কর্মঠ, কষ্টসহিষ্ণু, শ্রমশীল ও অতিথিপ্রিয়। অতি-बिटक रेरात्रा यर्थहे बाजित्रमञ्ज कतिया बाटक। ইহাদের স্ত্রীলোকেরা সঙ্গীতপ্রিয় এবং বালক-ছের তীর-তে চালাইবার পর্টুতা প্রশংসনীয়। এদেশে এপনও জীতদানের ব্যবসা প্রভাগিত माहिक् । बीह्मारकमा मशक्की अवश् काहारमङ्

এদেশে ওঁতটা প্রসরলাভ করিতে পারে নাই। তবে রমণীকুল ফুলের বড় পক্ষপাতী। পর্বতের বিকট বন্ধুরতার ভিতরে—মক্ষভূমির অগ্রিদীপ্ত রুদ্রতার মধ্যে একটি ফুল উপহার পাইলে, সেই ফুলটি লইয়া উপহারদাভার প্রতি ইহারা হৃদয়ের ক্বতজ্ঞতার উৎস ছুটাইয়া দেয়। এখানে তরবারির বড় আদর। এজন্ত তরবারি-পরিচালনে পুরুষেরা যেমন দক্ষ, বালক-বালিক। ও স্ত্রীলোকেরাও তেমনি নিপুণ। লেথাপড়ায় ইহাদের তেমন মনো-যোগ দেখা যায় না। ইহারা বলিয়া থাকে, "একদিকে সমগ্র বোখারা বা বোগ্দাদের পাণ্ডিত্যে একাধিকার, আর একদিকে তর-বারিবিভায় আশামুরূপ দক্ষতা, উভয়ের মধ্যে শেষোক্তকেই আমরা অধিকতর শ্লাঘা ও সম্মানের বলিয়া মনে করি।"

১৮৩৯ পৃষ্টাব্দে বেলুচিরাজ মোরায খাঁর সহিত বৃটিশরাজের সর্বপ্রথম কলহ উপস্থিত হয়। তার পর ১৮৫৪ খৃষ্টাব্দের সন্ধিপত্র অহু-সারে ইংরেজ-সরকার বেলুচিস্থানের অধীশ্বরকে প্রতিবৎসর ৫০হাজার টাকা উপঢ়ৌকন দিতে থাকেন। ১৮৭৬ অব্দের নৃতন সন্ধিপত্তে ওই ৫০হাজারের পরিমাণ বাড়িয়া ১লক হইয়া উঠে, সেই ১লক্ষ আবার ১৮৮২ অব্বে >লক্ষ ৩০হাজারে.পরিণত হয়। বেলুচিস্থান ক্ষভন্নকের ভারতপ্রবেশের একটি প্রধান পথ। স্কুতরাং ইশ্লামীয় জলবাহীর (ভিস্তির) চর্মনির্মিত জ্বাধারের (মোশকের) প্রায়, উপঢ়ৌকনের পরিমীণটা ক্রমশ বাড়িতে ১৮৯৩ অব হইতে ১শক্ ৫৫হাজারে জাসিয়া, শাড়াইয়াছে।

্বেলুচি-মূলুকের নরপতির শিক্ষিত সেনা ১৩শত, কিন্তু আবগুক হইলে একদিনেই তিনি ১২হাজার দৈল সমবেত করিতে পারেন। এখানে দেশগুদ্ধই বীরপুরুষ। স্বধর্ম বা স্বজাতির স্বাধীনতা রক্ষার কথা উঠিলে প্রাণ **पिटिं नक नक नज़नाजी** पोड़िया बाहेरन। বেলুচিস্থানের বাদৃশাহের বার্ষিক পাঁচলক টাকার অধিক নছে। দেশের একজন বড় জমিদারের অপেক্ষাও বেলুচি-মুলুকের খাঁসাহেবের আয় অল্প, কিন্তু তবুও পুরাকাল হইতে তিনি স্বাধীন। থেলাতনগরে নরপতি বাস করেন, ইহাই বেলুচিস্থানের রাজধানী। সহরের চারিধারে প্রাচীর; দক্ষিণ-পশ্চিম, কোণে খাঁসাহেবের প্রাদাদ। যুরোপীয় লেখকেরা অনেকে মনে করেন, এক সময়ে হিন্দুরাজগণ এই প্রাসাদে অবস্থান করিয়া ভারতপ্রাস্ত শাসন ও রক্ষা ক্রিতেন। "The Palace is an imposing and antique structure, and probably the oldest building in Beluchistan, owing to its foundation by the Hindu kings who preceded the present Mahomedan dynasty."-The Statesman's Year Book for 1901, p. 167. থেলাতনগরে প্রায় ৩হাজার গৃহ আছে। বাড়ীগুলি অৰ্দ্ধদগ্ধ ইষ্টকে "পারা"র গাঁথুনি ছারা নির্মিত।

উপরে চ্ণকাম করাইবার প্রথাটা সর্বজ্ঞ প্রচলিত। বাজারে সচরাচর সকলপ্রকার ব্যবহার্য্য সামগ্রী এবং নানান্তর ফলের সরবরাহ দেখিতে পাওয়া কায়। নিকটবর্ত্তী পর্বতের প্রস্রবণ হইতে স্থলর, শীতল, স্থানির্মল সলিল্যোত প্রবাহিত হইয়া সহরের সর্বজ্ঞ অধিবাসীদিগকে পানীয় জলের অভাব অমুর্ভব করিতে দেয় না।

বেলুচিস্থানের কিয়দংশ এক্ষণে ইংরেজ

গবর্মেণ্টের অধিকারভুক্ত। রুষীয় সম্রাটের আক্রমণ হইতে ভারতবর্ধকে রক্ষা করাই তাঁহাদের এরূপ অধিকারস্থাপনের উদ্দেশ্য। খোদা দাদখার নামে যথন নরহত্যার অভিযোগ উপস্থিত হয়, বেলুচি-মুলুকের কিয়দংশ সেই সময়েই ইংরেজের শাসনাধীনে আসিয়া পড়ে। বেলুচিস্থানের পার্শ্বস্থ কোয়েটা, সিবি, পিশিন এবং ছোট ছোট আরও হুই-একটি গ্রাম-নগর স্বাধীন-বেলুচিরাজ্য হইতে বিচ্ছিন্ন হইয়া এক্ষণে বৃটিশ্-বেলুচিস্থান নামে পরিচিত কোয়েটা-নগরীতে হইয়াছে। ইংরে**জে**র সেনাগণ ও প্রধান কর্মচারী অবস্থান করেন। वृष्टिग्-त्वनू िशात नृग्वय्ना नात्म श्रकाश्व এক মুদলমানী জমিদারী আছে। ইহার জমিদারের নাম · জাম্-আলি-খাঁ বাহা**ত্রর।** ইংরেজেরা 'সার' ও 'নাইটু' উপাগ্নি দিয়া ইঁহাকে হস্তগত করিয়া রাথিয়াছেন। বৃটিশ্-বেলুচিস্থানের লোকসংখ্যা প্রায় তুইলক।

এ পর্মানন্দ মহাভারতী।

সার সত্যের আলোচনা।

আছে এবং আছি'র অধিকারভেদ।
বিগত বারের প্রবন্ধের উপসংহার করিয়াছিলাম এই বলিয়া:—

"উপরে যে-ভাবের আছি এবং আছে'র প্রমাণ দেখানো হইল, তাহা কেবল এখন আছি এবং এখন আছে মাত্র; ইতরাং তাহা কাল্বারা পরিচ্ছিন। এত্যাতীত ঐ হই পরিচ্ছিন্ন আছি এবং আছে'র সন্ধিস্থানে সমস্ত লইরা যে এক আছি বিরাজমান, তাহাই সত্য-জগতের প্রবেশহার।"

এখন দ্রপ্টব্য এই যে, সমস্তের আদি-অন্ত-মধ্য লইয়া দেই-যে দর্কমূলাধার আমি আছি, তিনি সাধনের পূর্ব্ব হইতেই সিদ্ধ— সকল বিষয়েই সিদ্ধ—সকল প্রকারেই সিদ্ধ— পরাকাষ্ঠা-সিদ্ধ—স্বতঃসিদ্ধ। পক্ষান্তরে, কাল-দারা পরিচ্ছিন্ন এই যে, আমি আছি. ইহাকে ক্রমাগতই সাধন দ্বারা বর্ত্তমান থাকিতে হইতেছে;—মুহুর্তে মুহুর্তে বায়ু সেবন করিয়া, প্রহরে প্রহরে অন্নপানীয় সেবন করিয়া, নিরস্তর আলোক উত্তাপ সেবন করিয়া প্রাণধারণ করিতে হইতেছে; অষ্টপ্রহর চলা-ফেরা বলা-কহা দেখা-শোনা করিয়া মনের পাথেয়-সম্বল যোগাইতে হইতেছে; বিচার-বিবেচনা এবং যুক্তি-পরিচালনা করিয়া বুদ্ধিকে মার্জিত করিতে হইতেছে। এ আছি সকল বিষয়েই আছে'র নিকটে ঋণী;—আছে'র খাইয়া মাহ্র্য, আছে'র কাঁথে ভর দিয়া দাঁড়ায়, আছে'র হাত ধরিয়া চলা-ফেরা করে।

আছে'র বলেই আছি—অপচ যেন আপ-নার বলে আছি, এইরূপ একটা নাট্যাভিনয় চলিতেছে। দৈবাৎ কখনো রঙ্গভূমি হইতে আড়ালে সরিয়া দাঁড়াইয়া, আমরা যথন আমাদের শরীরের বিসদৃশ সাজসজ্জার প্রতি চকু নিবিষ্ট করি, তথন আমাদের চমক লাগে। ক্ষণপরে আবার যথন অধিকারীর ধমকের চোটে রঙ্গভূমিতে প্রবেশ করিয়া স্বাধীনতার উচ্চ-শিথরে উন্নত-মন্তকে বুক ফুলাইরা দাঁড়াই, তথন আমাদের মনে হয় যে, আছিই গোড়ার কথা—আছে তাহার একটা লেজুড় মাত্র; পক্ষাস্ত্ররে, যথন আমরা দৈব-তুর্ব্বিপাকে আক্রান্ত হইয়া স্বাধীনতার প্রতি আস্থাহীন হই, তথন আমাদের মনে হয় বে, আছেই গোড়ার কথা, আছি তাহার একটা লেজুড় মাত্র।

যাহাই হউক্ না কেন—আমরা স্বাধীনতায় ভর করি তো! কিসের জোরে ভর করি—সেইটিই এখন বিবেচা। শুধু কি কেবল গায়ের জোরে স্বাধীনতায় ভর করি ? অথবা আর-কোনো-কিছু'র জোরে ?

এই প্রশ্নের মীমাংসার প্রবৃত্ত হইরা যখন আমরা অন্তরে-বাহিরে চারিদিকে চাহিরা দেখি, তথন আমরা ছই ক্ষেত্রে আপনার ছই-প্রকার বিপরীত ভাব দেখিতে পাই; বৃদ্ধিক্ষেত্রে স্বাধীনতা দেখিতে পাই।

বুদ্ধি-ক্ষেত্রে আছি'র ক্ষুর্ত্তি। ফরাসীস্ তম্ববিং দে-কর্ত্তা'র উদীরিত

"Cogito (চিস্তরামি) ergo (অতঃ) sum (অশ্বি)" "ভাবিতেছি ' অতএব আছি" আজিকের কালের বিদ্যার বাজারে সকলেরই জানা কথা। পরস্ত, আমাদের चरनत्नत्र शक्कन्नी-श्रष्ट, এवः সাংখ্যসার-নামক একথানি চটি সংস্কৃত পুস্তকে অবিকল উহারই হুইটি জুড়ি-বচন যে স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ রহিয়াছে—এ রহস্তটি অনেকেই জানেন না। দে-কর্তা বলিয়াছেন "আমি আপন অস্তিত্বে সংশয় করিতে পারি না, কেন না, সংশয় করিলেই সংশয়কর্ত্তা যে আমি আপনি, তাহা সপ্রমাণ হইয়া সংশয় তৎক্ষণাৎ ঘুচিয়া যায়। ইহারই একটি জুড়ি-ধাঁচা'র কথা এই যে, আমার "জিহ্বা নাই" এরূপ বাক্য আমি বলিতে পারি না ; কেন না, "জিহবা নাই" বলিলেই প্রমাণ হয় বৈ, আমি জিহ্বা দারা ঐ কথাটি উচ্চারণ করিলাম। পঞ্চশীর গ্রন্থকার তাই বলেন ষে--

জিলা মেংতি ন বেত্যুক্তির্লজ্ঞারৈ কেবলং যথা।
ন ব্ধ্যতে মরা বোধো বোদ্ধবা ইতি তাদৃশী॥
ইহার অর্থ এই যে—" আমার জিহ্বা
আছে কি নাই" এ কথা যেমন হাস্তাম্পদ,
"আমার জ্ঞান আছে কি না তাহা আমি
জানি না" এ কথাও তদ্বং। পুনশ্চ দে-কর্ত্তা
বলেন—"আমি চিস্তা করিতেছি" এইরপজ্ঞানের বলেই আমার অন্তিত্ব সপ্রমাণ।
সাংখ্যসার-প্রটোতা বলেন—

"দ্রষ্টা সামান্ততঃ সিন্ধো জানেংহিমৃতি ধীবলাও।"
ইহার অর্থ এই যে—" মোমি জানিতেছি"
এইরূপ বৃদ্ধিবলে দ্রষ্টার অন্তিত্ব সাধারণত
সপ্রমাণ। দে-কর্তা বলেন—"ভাবিতেছি,

অতএব আছি," সাংখ্যসার-প্রণেতা বলেন—" "জানিতেছি, অতএব আছি"; ভাবার্থ একই।

প্রকৃত কথা এই বে, অ্ক্রএবের সাঁড়ারী
দিয়া 'ভাবিতেছি' হইতে 'আছি' টানিরা
বাহির করা যুক্তির একটা শুড়ং বই আর কিছুই
না। যদি ভাবিতেছি এবং আছি'র
মাঝখানৈ একটা রাজ্ঞা-বন্দি করা নিতাত্তই
প্রয়োজন হয়, তবে তাহা একটিমান্ত্র
অতএবের সোজা রাজ্ঞা বাঁধিরা দেওরার কর্দ্র
নহে; একটির জারগার উপর্যুপরি ভিনটি
অতএবের সিঁড়ি বাঁধিয়া দেওরা আবশুক :—
স্পাঠ করিয়া বলা আবশুক যে—

(১) ভাবনা জ্ঞানক্রিয়া, অতএব

" ভাবিতেছি" বলিলেই ব্ঝায় বে, জ্ঞান কাৰ্য্য করিতেছে।

> (২) কার্য্য-মাত্রই **শক্তিসাধ্য,** অতএব

"জ্ঞান কার্য্য করিতেছে" বলিলেই বুঝার যে, তাহার মূলে ধীশক্তি আছে।

(৩) শক্তিমাত্রই সন্তাশ্রিত,

অতএব

"ধীশক্তি আছে" বলিলেই বুঝার বে, ধীমান পুরুষ আছে—আমি আছি।

তুমি হয় তো বলিবে বে, "তোমার তিন অতএব স্যাক্রার ঠুক্ঠাক্, দে-কর্তার এক অতএব কামারের এক ঘা:—এক অতএবেই বস্ আছে—তিন অতএব বহ্বাড়েম্বর!" ইহার উত্তর এই যে, কামারের এক ঘা থাটাইবার উপযুক্ত স্থান অনেক আছে—

শশিদিক তত্ত্বের কাঁচা সোণার উপরে কেন

এ দৌরান্ধা! ভ্রোদর্শনের লোহপিণ্ডের
উপরে অন্থ্যান-হাতৃত্তির এক যা প্রয়োগ
করিয়া জগৎ-জোড়া বিশাল তত্ত্বসকল
উদ্ভাবন করুন্—ভাহাতে বারণ নাই। পরস্ত
দার্শনিক তত্ত্বের হার গাঁথিতে হইলে হল
বুজিন্থত্তের—(অভএব-পরম্পরা'র) সঞ্চালন
ব্যতিরেকে আর-কোনো উপারে • তাহা
সম্ভাবনীয় নহে—ইহা জানা উচিত। কথাটা
হ'চেত এই:—

"আমি চিস্তা করিতেছি" বলিলে যেমন
ব্রায় যে, আমিই চিস্তা করিতেছি স্কৃতরাং
আমি আছি; "আমি কার্য্য করিতেছি"
বলিলেও তেমনি ব্রায় যে, আমিই কার্য্য
করিতেছি স্কৃতরাং আমি আছি; তা যদি
ব্রায়—তবে কেন দে-কর্ত্তা "কার্য্য করিতেছি
অতএব আছি" না বলিয়া "চিস্তা করিতেছি
অতএব আছি" বলিলেন। আমি যে-কোনো
কার্য্য করি, তাহাতেই যদি আমার অন্তিম্ব
যথেষ্ট সপ্রমাণ হয়, তবে আমার আর-আর
কার্য্যের মধ্য হইতে চিস্তা-কার্য্যটিকে বাছিয়া
লইয়া সেই কার্য্যটিকেই কেবল আমার অন্তিস্বের একমাত্র প্রমাণ বলিয়া ধার্য্য করিবার
তাৎপর্য্য জাছে; তাহা এই:—

আমার সকল কার্য শুদ্ধ যে কেবল আমার নিজের শক্তিতে ক্বত হয়, তাহা নহে। মনে কর, আমি চল্লোদর দেখিতেছি। চল্লের প্রতি তাকাইরা চল্লের প্রকাশ চক্রিলিয়ে অফুডব করিতেছি। চল্লের প্রকাশ এক-প্রকার প্রভাব, আর আমার চক্রিলিয়ে প্রকারে সেই বে অফুড্তি, ভাহা সেই প্রভাবেরই অনুভাব। প্রতিক্রনি বেমন ধর্বনির অসুক্রিয়া, অসুভাব তেমনি প্রভাবেরই অমুক্রিয়া। তবেই হইতেছে বে, চল্লেরই শক্তিপ্রভাবে আমি চল্লদর্শন করি-তেছি--আমার নিজের শক্তিপ্রভাবে নহে। তাহার পরে, মনে কর, আমি বিছানার পড়িয়া ভয়ে-ভয়ে চক্র ভাবিতেছি। এথন আর চন্দ্রের প্রভাব আমার চক্ষুর উপরে কার্য্য করিতেছে না; এখন আমি তাই প্রছন্দে বলিতে পারি যে, আমি আমার নিজেয় ধীশক্তির প্রভাবে চক্র ধ্যান করিতেছি। অমুভাবের গোড়ায় যে অনু রহিয়াছে, তাহাকে চেন' নাই—সেটি সহজ পাত্ৰ নহে। সেই অনুটাই ইঙ্গিচছলে জ্ঞাপন করিতেছে যে, অনুভাব তোমার আপন প্রভাব নহে, তাহা অপর-কোনো প্রভাবের অমুক্রিয়া। কিন্তু এ**ক্ষণে যথন** আমি বিছানায় শুইয়া চক্র ভাবিতেছি, তখন, অমুভাবনার অমু ঘুচিয়া গিয়াছে, আর, সেই-গতিকে আমার এক্ষণকার জানক্রিরা নিথঁত ভাবনা-মূর্ত্তি ধারণ করিয়াছে। এখন আমি অসঙ্কোচে বলিতে পারি যে. এ-যে আমার ভাবনা—এ ভাবনা অনুভাবনা নহে, এ ভাবনা প্রভাবনা; ইহা আমার নিজের ধীশক্তির প্রভাব-ক্ষৃত্তি। এই যে একটি কথা যে, "ভাবনা-কার্য্যে আমাদের নিজের ধীশক্তির প্রভাব ক্ষুর্ত্তি পায়, অত্তএব ভাবনা আমাদের নিজের অন্তিত্বের পরিচায়ক"— এ কথাটি দে-কর্ত্ত্য যদি-চ বলেন নাই---আমরাই কেবল বলিতেছি; "কিন্তু ভাবে বুঝিতে পারা যাইতেছে যে, আমাদের ঐ কথাট দে-কর্তার मत्नामत्था विनक्ष्णा व्याधिशका क्रिज्ञाहिन;

তবে কি না—ভাঁহার নিয়োজিত একটিমাত্র অতএবের শরীরে এতাধিক বল নাই যে, তাঁহার ঐ প্রক্বত মন্তব্য-কথাটির গুরুভার স্বন্ধে বৃহন করে। আমরা যেরূপ উত্তরোত্তর-ক্রমে 'ভাবিতেছি' হইতে 'আছি'তে নাবিশাম— প্রথম অতএবে ভর দিয়া ভাবনা হইতে জ্ঞানে নাবিলাম, দ্বিতীয় অতএবে ভর দিরা জ্ঞান হইতে ধীশক্তিতে নাবিলাম, তৃতীয় অতএবে, ভর দিয়া ধীশক্তি হইতে ধীমান্ পুরুষের অন্তিত্বে নাবিলাম; এরূপ না করিলে (मखरा-कथां है भूनिया-थानिया ना वनितन) হয় এই:—"ভাবিতেছি অতএব আছি" "দেখিতেছি অতএব আছি" "নাচিতেছি অতএব আছি" ইত্যাকারু সমস্ত কথারই মূল্য সমান হইয়া দাঁড়ায়, আর, সেই-গতিকে দে-কর্তার মহাবাকাটি সচ্ছিদ্র নৌকার স্থায় জলমগ্ন হইরা যায়।

প্রশ্ন উঠিয়াছিল এই বে, আমরা যথন বাধীনতার ভর করিরা দাঁড়াই, তথন কি পায়ের জােরে স্বাধীনতার ভর করি—অথবা আর-কােনাে-কিছুর জােরে? এথন দেথিতেছি বে, ধীশক্তির জােরে আমরা স্বাধীনতার ভর করিয়া দাঁড়াই। আমি-আছি'র বােধ হইতে স্বাধীনতার ভাব আপনা-আপনি আসিয়া পড়ে।, আসিয়া পড়ে এইরলে:—

আমার আপনার অন্তিত্ব আমার আপনারই ধীশক্তির প্রভাবে সমর্থিত হয়, তদ্যতীত
অপর-কোনে-কিছুর শক্তির প্রভাবে সমর্থিত
হয় না—আমি-আছি'র সমর্থন-কার্য্য আমার
আপনারই ধীশক্তির অধীন, তদ্যতীত আরকোনো-কিছুর অধীন নহে—স্কৃতরাং আমি
সাধীন।

এইরূপে আমরা স্বাধীনতার ভর করিবা দাঁড়াই বুদ্ধিক্ষেত্রে। কিন্তু তা ছাড়া—আর-এক ক্ষেত্র আছে;—সেটা হ'চ্চে ইন্দ্রির-ক্ষেত্র। ইন্দ্রির-ক্ষেত্রেও আমুমরা পূর্বের স্থার তিন অতএবের সিঁড়ি ভাঙিরা—

কার্য্য হইতে শক্তিতে এবং শক্তি হইতে সন্তাতে অবতরণ করি। এবারকার সোপান-পদ্ধতিঃ এইরূপ:—

(১) দর্শন ইন্দ্রিয়-ক্রিয়া, অতএব

"আমি দর্শন করিতেছি" বলিলেই বুঝার বে, আলোকদারা আমার চক্রিক্রির উপরক্ত হুইতেছে।

(২) কার্য্যমাত্রই শক্তিসাধ্য, অতএব

"আলোকদারা আমার চক্ষুরিক্রির উপরক্ত হইতেছে" বলিলেই বুঝার যে, আলোকের উপরঞ্জনী শক্তি আমার চক্ষুরিক্রিয়ের উপরে কার্যা করিতেছে।

(৩) শক্তিমাত্রই সন্তাশ্রিত, অতএব

"আলোকের উপরঞ্জনী শক্তি কার্য্য করি-তেছে" বলিলেই বুঝার যে, আলোক-পদার্থ আছে।

এখানে একটি প্রশ্ন উঠিতে পারে এই বে,
দর্শনক্রিয়া আমার আপনারই ইক্রিয়ক্রিয়া।
আমার আপনার ক্রিয়াতে আমার আপনারই
অন্তিম্ব সপ্রমাণ হয়। অতএব ভাবনা-ক্রিয়াও
বেমন, দর্শন-ক্রিয়াও তেমনি—ছইই ভয়ুকেবল আমার আপনার অন্তিম্বেরই সাক্ষ্যপ্রদান করে; তা বই, দৃষ্টবন্তর্ম অন্তিম্বের
সাক্ষ্যপ্রদান করে না। স্বপ্নেতেও তো

আঁমরা আলোক দর্শন করি; কিন্তু তাহা তো আর বাস্তবিক আলোক নহে। ইহার উত্তর এই যে, ধানি না থাকিলে যেমন প্রতিধানি থাকিতে পারে না, জাগরিতাবস্থা না থাকিলে তেমনি স্বপ্নাবস্থা থাকিতে পারে না। স্বপ্না-বন্থা জাগরিতাবস্থারই প্রতিধ্বনি। ধ্বনি এবং প্রতিধ্বনি উভয়ে যেমন নিরবচ্ছিয় কার্য্যকারণস্থতে সংগ্রথিত, জাগরিতীবস্থার এ ছইটি ব্যাপার তেমনিই নিরবচ্ছিন্ন কার্য্য-কারণহত্তে সংগ্রথিত। মনে কর, একজন পাচকের হস্ত হইতে একটা লোহার হাতা দৈবক্রমে খসিয়া জ্বলস্ত উনানের ভিতরে পড়িয়া গেল। অগ্নি-সংযোগে হাতা এরপ উত্তপ্ত হইয়া উঠিল যে, পাচক তাহা তুলিয়া লইতে পারিল না। এরপে অবস্থায় হাতাটি বে অগ্নির শক্তিপ্রভাবে উত্তপ্ত হইয়াছে— পাচকের এটা দেখা কথা। তাহার পরে, উনানে একঘটি জল ঢালিয়া অগ্নি সমূলে নির্বাণ করিয়া ফ্যালা হইল; কিছ হাতাটা এখনো উত্তপ্ত। অগ্নি যদি-চ এখন নাই, তথাপি পাচককে হাতার উষ্ণতার कांत्र अं अं अं कांत्र অগ্নির শক্তিপ্রভাবেই হাতাতে উত্তাপের সঞ্চার হইয়াছে। এ যেমন দেখা তেমনি, স্বপ্লদর্শকের চক্ষু এখন যদি-চ নিমীলিত, এবং স্থ্য এখন যদি-চ অন্তমিত, কিন্তু সাত-আট ঘণ্টা পুর্বে তাহার চকু उमीनिङ हिन এবং স্থ্য আকাশে দীপ্তি পাইতেছিল। আর চকুর সেই উন্মীলিত অবস্থায় ভাষার গোলকের অভ্যন্তরে ুর্য্যা-লোক বেরপ শক্তিসঞ্চার কুরিয়াছে, স্বপ্নের

আলোক-দর্শন ভাহারই অফ্রতম ক্র্র্তি। ইহার প্রমাণ যদি জিজ্ঞাসা কর, তবে তাহা স্পষ্টই পড়িয়া আছে ;—তাহা এই যে, স্বপ্न-দর্শকের আলোক-দর্শন যথন তাহার নিজের ইচ্ছাধীন নহে, তথন তাহা-তেই প্রমাণ হইতেছে যে, কোনো-না-কোনো বহির্বস্তুর শক্তিপ্রভাবেই তাহা হইতেছে। বলিলাম, "হর্ষ্যের শক্তিপ্রভাবে স্বপ্নদর্শক আলোক দর্শন করিতেছে"; তাহা না বলিয়া বলিতে পারিতাম যে, চক্ষুরিজ্রিয়ের তৈজস-তম্ভর (Nerveএর) শক্তিপ্রভাবে স্বপ্নদর্শক আলোক দর্শন করিতেছে; ছই कथा এक इ कथा ;- "तिर्णानिय्रतित रेंत्रश्च যুদ্ধ জয় করিয়াছে" এলাও যা, আর, "নেপো-লিয়ন যুদ্ধ জয় করিয়াছেন" বলাও তা---একই কথা। মরুভূমির বালুকার উত্তাপ এবং সুর্য্যের উত্তাপ, একই বস্তু। সুর্য্যালোকের প্রভাব যদি চাক্ষ্য তৈজস-তন্ত্ততে কোনো-কালেই সংক্রামিত না হইত, তাহা হইলে স্বপ্নেও সূর্য্যালোকের দর্শনলাভ হইত না। অতএব এটা স্থির যে, ইঞ্রিয়-ক্ষেত্রে আমরা (১) বহির্বস্তুর শক্তির প্রভাব, (২) তাহারই সত্তার প্রাত্নভাব এবং (৩) আমাদের নিজের স্বাধীনতার অভাব, তিনই একসঙ্গে অমুভব করি।

আমাদের গোড়া'র কথাটি এতক্ষণে
সপ্রমাণ হইল; সে কথা এই যে, "আমরা
ছই ক্ষেত্রে আপনার ছইপ্রকার বিপরীত
ভাব দেখিতে পাই:—বৃদ্ধিক্ষেত্রে স্বাধীনতা
দেখিতে পাই—ইক্রিয়ক্ষেত্রে পরাধীনতা
দেখিতে পাই।"

অতঃপর দেখিতে হইবে এই ষে, বুদ্ধি-

ক্ষেত্রে আমরা স্বাধীনতা অমুভব করি বটে---কিন্তু কডকণ ? বৃদ্ধি যতকণ চলে-তত-কণ। কোনে।-গতিকে যদি আমার বুদ্ধিক্রিয়া স্তম্ভিত হইয়া বার (বেমন ক্লোরোফর্ম-সেৰন-গতিকে) তাহা হইলে সেই সঙ্গে আমার স্বাধীনভাবোধও অন্তর্ধান করে---আছি-বোধও অন্তর্ধান করে। ফল কথা এই বে, আমি-আছি এই বোধ এবং সেই সঙ্গে আমার স্বাধীনতাবোধ, তুইই সাক্ষাৎ-**সম্বন্ধে আমার নিজের** ধীশক্তির উপরেই নির্ভর করে—এ কথা সতা। কিন্তু তা বলিয়া धो ज्लिल हिलात ना त्य, भरताकमधार ভাহা বহির্বস্তর অন্তিত্বের উপরে करता नाकारनम्स र'रहा वज्रश्वानत नमक ; পরোক্ষসম্বন্ধ হ'চে কার্য্যকারণের সম্বন্ধ। আর, সে ছই সরকের গোড়া'র কথা হ'চেচ সতা, শক্তি এবং জ্ঞানের একাত্মভাব।

পূর্ব্বে দেখা হইয়াছে যে, সন্তা, শক্তি এবং জান, পরম্পরের সহিত এরপ হরিহরতক্ষাত্মা বে, সে ভিন পদার্থ একপ্রকার ভিনে এক একে তিন। ইহা হইতেই আসিতেছে এই বে, আমাদের জ্ঞান এক-দিকে সন্তার সহিত এবং আর-এক-দিকে শক্তির সহিত--ছন্দেরই সহিত-- ঘনিষ্ঠ সম্বন্ধস্ত্রে জড়িত। काष्ट्ररे, छानरक इरे कृत त्रका कतिया চলিতে হয়—হুই দিকের ছুইপ্রকার সম্বন্ধ শমান মানিয়া চলিতে হয়। मिक्त नवर्क ेट'क्क मुखा-घाँठिक व**ख**श्चरनत श्रात-अक-मिरक्त प्रथक मचक ; ह'एक শক্তি-ঘটিত কার্যাকারপের সম্বর।

্বস্থগুণের ছার। বস্তশুণ-স্থক্ষের ছার দিরা আমি এইরূপ দিন্ধান্তে উপনীত হই বে, জ্ঞান আমাইই
এক প্রকার গুণ; তাহা আমাতেই উপান
করে, আমাতেই বিদীন হয়; তাহা বোলোআনা আমার নিজস্ব সম্পক্তি—তাহার অপরকোনো অংশী নাই—সন্নিক নাই। আমা,
আমার আপনারই সেই জ্ঞানে আমার অন্তিত্ব
সপ্রমাণ। আমার অন্তিত্বের লৃচ্তা এবং
বলবর্ত্তা সাধন করিবার জন্ম আমাকে অপরকাহারো ঘারস্থ হইতে হয় না; আমার
অন্তিত্ব স্থাধীন অন্তিত্ব—আমি স্থাধীন।

কার্য্যকার পের ছার।
পক্ষান্তরে, কার্য্য-কারণ-সম্বন্ধের ছার দিয়া
আমি এইরূপ সিন্ধান্তে উপনীত হই বে,
আমার জ্ঞান এক প্রকার কারণমূলক কার্য্য;
তাহা আমার ধীশক্তির ফ্রির উপরে নির্ভর
করে; ধীশক্তির ফ্রি চেতনাশক্তির উপরে
নির্ভর করে; চেতনাফ্রি প্রাণক্ষ্রির উপরে
নির্ভর করে; প্রাণক্ষ্রি বহির্বস্তর শক্তিফ্রির
উপরে নির্ভর করে।

সাধীনতা এবং পরাধীনতা।
আমরা যথন জ্ঞানরপ গুণের আধারবস্তুর উপরে লক্ষ্য নিবিষ্ট করি, তথন স্বাধীনতা অমূভব করি; পক্ষাস্তরে, যথন জ্ঞানরূপ
কার্য্যের কারণের প্রতি লক্ষ্য নিবিষ্ট করি,
তথন পরাধীনতা অমূভব করি। আমি
যদি পরাধীনতার হস্ত এড়াইবার জক্ত বৃদ্ধিক্ষেত্রের কৈলাসশিধরে স্বাধীনতার ভর
করিয়া নিস্তন্ধভাবে বিসয়া থাকি, আরে, মনে
করি বে, কার্য্যকারণের সম্বন্ধ এখানে
আমাকে হাত বাড়াইয়া নাগাল প্রাইবে না—
তবে ভাহা গুলকেবল মনে করা মাত্র।
কেন না, আমি হতই কেন আপনাকে স্বাধীন

ww

মনে করি না--নিখাস-প্রখাসের জন্ত আলাকে বায়ুর আশ্রমে নির্ভর করিতে হই-বেই; অর-পানীরের জন্ম মৃত্তিকা-জলের আশ্রমে নির্ভর করিতে হইবেই; আলোক-উত্তাপের জন্ত অগ্রি-হর্ষ্যের আশ্রয়ে নির্ভর क्रिएक इरेटवरे। ज्यान, धमन इरेटन इरेटक পারে যে, কোনো যোগসিদ্ধ পুরুষ দেবলোক-নিবাদীদিগের ভার পৃথিবীর সক নৃতন এক স্কৃত্র জগতের সহিত বন্ধুতা পাতাইয়া দেখান হইতে হল্ম-শরীরের উপা-দান এবং প্রাণ-মন-বৃদ্ধির উপজীবিকা তলে-छत्न मरश्रह करतन। जाहा यमि हम्, जत्त নে-সমস্ত উপাদান এবং উপজীবিকা'র জক্ত **राजी शुक्रम श्रविरोत्र निकरि अगी ना हरेरन** নূতন-এক-তরো স্ক্র অপার্থিব निकटि व्यवश्च विनास्य इट्टेंटर श्वानी। मत्त ক্র, বেন পুর্বে আমি কলিকাতায় করিতাম—একণে হিমাচলে বাস করিতেছি। একণে আমাকে কলিকাতার আইন মানিয়া চলিতে হইতেছে না—ইহা সতা। কান্তার যেন আইন মানিয়া চলিতে হইতেছে না—হিমাচলের তো আইন মানিয়া চলিতে হইতেছে। তার সাক্ষী-কলিকাতার আমি ধালি-গায়ে থাকিতাম, এথানে আমি আমার গাৰে সাতপুৰু কম্বল জড়াইয়াও সম্ভষ্ট নহি। তেমনি কোনো যোগী পুরুষ যদি পৃথিবীরাজ্য হইভে সরিবা শাঁড়াইরা আর-এক উচ্চ রাজ্যে ভর্তি হন, তবে সেই নৃতন রাজ্যের নির্মাবলী অরগ্রই ভাঁছাকে মানিরা চলিতে হইবে। একত কথা বাহা, ভাষা এই -

এক্লণ ক্লাগ্ৰেষ জালে কাৰে পৃথিবীতে সমগ্ৰহণ ক্ৰিয়াছেন এবং ক্ৰেন্ড, বাহারা

আমানৈর ভার তম্সাচ্ছর ব্যক্তির তুলনার লিদ্ধপুরুষ। কিন্ত আমাদের তুলনায় লিঙ্কপুরুষ প্রকৃতপ্রস্থারে শ্বতন্ত্ৰ, একং লিৰূপুৰুষ স্বতন্ত্ৰ। প্ৰকৃত কথা এই বে, **জ**হয়:বিদ্ধপুরুষ নতে—মহয় বাধক পুরুষ। দৰেও এইরূপ দেখা যায় যে, বোগদাধক করিতে চেপ্রা ্যে-কোনো নিদ্ধি লাভ কক্লন্ না কেন-সে সিদ্ধি পূৰ্ব্ব হইতেই সামাদের চক্ষের সমূধে অনেককাল হইয়া বসিয়া আছে। তুমি আকাশে উড়িতে ইচ্ছা ক্রিতেছ—পতঙ্গ-বিহন্ন অনেককাল পূর্ব্ব হইতে আকাশে উড়িতেছে। তুমি ধোঁৱা-करन काराक हानाहर्द्ध स्वाम वर्शका শতকোটিগুণ হন্ধাৎহন্ধ কাপাবোগে জীৱ-শরীর অনেককাশ হইতে পৃথিবীতে চলা-ক্ষেরা করিতেছে। যে-কোনো রিষয়েই ভূমি সিদ্ধির অল একরতি সাভাস অনেক সাধ্য-সাধনায় উপার্জন করিয়া আপনাকে খন্ত মনে করিতেছ—বিশ্বজ্ঞাতে অনেক পূর্বের তাহা পুরামাতার হইয়া বদিয়া আছে। তুমি কুদ্র ব্রহ্মাণ্ড—তোমার চতুর্দিকে বৃহৎ ব্রহ্মাণ্ড। রুহৎ ব্রহ্মাণ্ডের বৃহৎ সিদ্ধি তাহার চিরন্তন সম্পত্তি—তোমার কুদ্র ব্রন্ধাণ্ডের কুদ্র সিদ্ধি সূবে-সাত্র আজিকের নৃতন আমদানি। বৃহৎ ব্রন্ধাণ্ডের বৃহৎ সিদ্ধি তোমার কুদ্র ব্রন্ধাণ্ডের কুদ্র সিদ্ধিকে অনেককাল গ্রাস করিয়া বসিয়া জাছে। ভূমি সাধনম্বারা যত-রিচু শক্তি डिशार्कत कतिएक, ममस्टर उरु९ असाध হইতে জাসিতেছে; জার, যত রত-প্রকার সিন্ধি লাভ করিবার জন্ত প্রাৰ্থণ চেষ্টা स्मतिएक नमत्येवरे शताकां स्मानर्भ वृदेश ত্রহাতে দেশীপ্রমান রহিরাছে।

धों श्रित त्व, সি**জপুরু**ব প্রকৃতপকে এ্কমাত্র অদিতীয় সত্য—বিনি নিখিল বিশ্ব-আদি-অন্ত-মধ্য সমস্ত লইয়া এক-আমি-আছি-রূপে চির-বিরাজমান। আমরা বধন বলি যে, আমি বহির্বস্তর অধীন —আছি আছে'র অধীন—তথন তাহার অর্থই এই বে, আমি ঐশী শক্তির অধীন। "ভারতবর্ষ ইংরাজনৈক্তের ৰশতাপন্ন" এ কথার অর্থই এই বে. ভারতবর্ব ইংলঙাধিপের বশতাপর। এ আমি-আছি একমাত্র অধিতীয় আমি-আছি'র वशीन। কার্য্য-কারণ-হিসাবে অধীন; তত্রাচ, বস্তপ্তণ-হিসাবে—জলের সহিত যেমন জলের এক্য, আছি'র সহিত তেমনি আছি'র ঐক্য রহিয়াছে; ঐক্য আছে বলিয়াই সমস্ত জগতের আছম্বব্যাপী পরাকার্চা সত্যকে আমরা "আছে" না বলিয়া "আছি" বলি। তা ছাড়া, আমরা বে দীন-হীন-পরাধীন হইয়াও স্বাধীনতার গোঁ। কিছুতেই ছাড়ি না—তাহার কারণই **এ:** কি? না, সর্বব্যাপী এবং সর্বাত্মক

চিরস্তন আছি'র সহিত অধীন জীবের এই कानाविष्क्रि षाष्ट्रित खेका। किन ना, केनल লইয়া এক অন্বিতীয় সত্য বিনি চির-বিরাজ-মান, ভাঁহার বাহিরে বিতীয় কিছুই নাই; স্থুতরাং তাঁহার শক্তি বাহিরের অগু-কোনো-কিছুর শক্তিৰারা প্রতিহত বা ব্যাহত হইতে পারে না—স্থতরাং বাস্তবিক-হিসাবে তিনিই তবেই হইতেছে যে, কেবল স্বাধীন। পরাধীন কাণাবচ্ছিন্ন স্থতরাং আছি, এ আছি'র স্বাধীনতা অন্ত-কোনো প্রকারেই সম্ভাবনীয় নহে-সওয়ায় চিরম্ভন আছি'র সহিত ঐক্যের উপলব্ধি। আছি'র সহিত আছি'র ঐক্যই আমাদের একমাত্র স্বাধীনতা-অকুট ঐক্য অকুট স্বাধীনতা, পরিকৃট ঐক্য পরিকৃট স্বাধীনতা। বিষয়ট অতীব গুরুতর এবং গভীর। স্থান-সংক্ষেপের বাধাবাধকতার শেষের কথাগুলি সাঁটে-দোঁটে ইঙ্গিত-ইয়ারায় অতীব সংক্ষেপে বলা হইল---বারাস্তরে তাহার নিগৃঢ় তাৎপর্য্য স্থুস্পষ্টরূপে বিবৃত করিয়া বলা নিতাস্তই আবশ্রক।

विविष्क्रमनाथ ठोकूत।

মাল্যদান।

নকালবেলার শীত-শীত ছিল। ছপুরবেলার বাতাসটি অল্ল-একটু তাতিরা উঠিয়া দক্ষিণ-দিক্ হইতে বহিতে আরম্ভ করিরাছে।

বতীন বৈ বারান্দার বসিরা ছিল, সেধান হইতে বাগানের একফোর্ণে একদিকে একটি কাঁঠাল ও আর একদিকে একটি শিরীধ- গাছের মাঝখানের ফাঁক দিয়া বাহিরের মাঠ চোখে পড়ে। সেই শৃত্তমাঠ ফান্তনের রৌজে ধৃধ্ করিতেছিল। তাহারি এক-প্রান্ত দিয়া কাঁচা পথ চলিয়া গেছে—সেই পথ বাহিয়া বোঝাই-থালাস গোকর গাড়ি মন্দগমনে গ্রামের দিকে ফিরিমী চলিয়াছে— গাড়োরান নাথার গান্ছা ফেলিরা অত্যন্ত, বেকুার-ভাবে গান গাহিতেছে।

এমন-সময় পশ্চাতে একটি সহাস্ত নারী-কঠ বলিয়া উঠিল, "কি যতীন, পূর্বজন্মের কারো কথা ভাবিতেছ বুঝি!"

যতীন কহিল, "কৈন পটল, আমি এম্নিই কি হতভাগা বে, ভাবিতে হইলেই পূর্বজন্ম লইয়া টান পাড়িতে হয়!"

আশ্বীয়সমাজে 'পটল'নামে খ্যাত এই মেয়েট বলিয়া উঠিল—"আর মিথ্যা বড়াই করিতে হইবে না। তোমার ইহজন্মের সব ধবরই ত রাখি মশার! ছিছি, এত বয়স হইল, তবু একটা সামান্ত বৌও ঘরে আনিতে পারিলে ना। আমাদের ঐ यंधना মালীটা, ওরও একটা বৌ আছে—তার দঙ্গে ছই-বেলা ঝগ্ড়া করিয়া সে পাড়াস্থদ্ধ লোককে জানা-ইয়া দেয় যে, বৌ আছে বটে। আর তুমি যে মাঠের দিকে তাকাইয়া ভাণ করিতেছ যেন কার চাঁদমুখ ধ্যান করিতে বসিয়াছ-এ সমস্ত চালাকি আমি কি বুঝি না-ও কেবল লোক দেখাইবার ভড়ং মাত্র। দেখ যতীন, চেনা বামুনের পৈতের দরকার হয় না--আমা-দের ঐ ধনাটা ত কোনদিন বিরহের ছুতা করিয়া মাঠের দিকে অমন তাকাইয়া থাকে না-অতি-বড বিচ্ছেদের দিনেও গাছের তলায় নিডানি-হাতে উহাকে দিন কাটাইতে দেখি-য়াছি--কিন্তু উহার চোধে ত অমন ঘোর-ঘোর ভাব দেখি নাই। আর তুমি মশায় সাতজন্ম বৌয়ের মুখ দেখিলে না-কেবল হাঁদ্পাভালে মড়া কাটিয়া ও পড়া মুখস্থ ক্রিয়া বয়স পার করিয়া দিলে ! ভূমি অমনতর হৃপুর-বেলা আক্ষরতার দিকে গদগদ হইয়া তাকাইয়া থাক . কেন ? না, এ সমন্ত বাজে চালাকি আমার ভাল লাগে না! আমার গা আলা করে!"

যতীন হাতজোড় করিরা কহিল—"থাক্ থাক্, আর নর! আমাকে আর লজা দিরো না! তোমাদের ধনাই ধস্ত! উহারই আদর্শে আমি চলিতে চেষ্টা করিব! আর কথা নর, কাল সকালে উঠিয়াই যে কাঠকুড়ানি মেয়ের মুখ দেখিব, তাহারই গলায় মালা দিব— ধিকার আমার আর সহু হইতেছে না!"

পটল। তবে এই কথা রহিল ? যতীন। হাঁ, রহিল ! পটল। তবে এস ! যতীন। কোথার যাইব ? পটল। এসই না !

যতীন। না না, একটা কি ছাই, মি তোমার মাথার আসিরাছে। আমি এখন নড়িতেছি না!

পটল। আচ্ছা, তবে এইখানেই বোস ! বিলয়া সে ক্রতপদে প্রস্থান করিব !

পরিচর দেওয়া যাক্। যতীন এবং
পটলের বরসের একদিনমাত্র তারতমা।
পটল যতীনের চেরে একদিনের বড় বলিয়া
যতীন তাহার প্রতি কোনপ্রকার সামাজিক
সন্মান দেখাইতে নারাজ। উভরে খুড়্ত্জাঠ্ত্ত ভাইবোন। বরাবর একত্রে থেলা
করিয়া আসিরাছে। 'দিদি' বলে না বলিয়া
পটল যতীনের নামে বাল্যকালে বাপখুড়োর কাছে অনেক নালিশ করিয়াছে, কিছ
কোন শাসনবিধির ছারা কোন কর পার
নাই—একটিমাত্র ছোট ভাইরের কাছে
ভাহার পটল-নাম ঘুটিল না।

পটল দিব্য মোটালোটা গোলগাল—
শক্তির রলে পরিপুর্ন। তাহার কাছক'হান্ত দমন করিয়া রাথে, সমাজে এমন কোনো
শক্তি ছিল না'। শাতিজির কাছেও সে কোনদিন গান্তীর্য অবলম্বন করিতে পারে নাই।
প্রথম-প্রথম তা লইরা অনেক কথা উঠিরাছিল। কিন্তু শেবকালে সকলকেই হার
মানিরা বলিতে হইল—ওর ঐ রক্তম! তার
পরে প্রমন ইইল বে, পটলের প্রনিবার প্রফ্রমতার আঘাতে গুরুজনদের গান্তীর্য ধ্লিসাথ
হইরা পেল। পটল তাহার আলেপালে
কোনথানে মন ভার, মুথ ভার, ছন্চিন্তা
সহিতে পারিত না—অজ্ঞ গর-হাসি-ঠান্তার
তাহার চারিদিকের হাওয়া বেন বিদ্যুৎশক্তিতে
বোরাই হইরা থাকিত।

পটলের স্বামী ধ্রকুমারবাবু ডেপুট-माजिए हुँ । -- (त्रात-अक्षण इट्रेंट वर्गणी इट्रेग কলিকাতায় আব্কারি-বিভাগে স্থান পাইয়া-ছেন। প্লেগের ভরে বালিতে একটি বাগান-বাড়ী ভাড়া দইয়া থাকেন, দেখান ইইতে **ক'লিকাভারি** যাতারাত ক'রেন। আত্কারি-পরিদর্শনে প্রার্থই তাঁছাকে মফরলে ফিরিতি र्श्टरेंच विनिष्ठा सम्में इंट्रेस्ड मी वैदर ज्ञान हुई-একজন আত্মীয়কে আনিবার করিতেছেন, এমন-সময় ডাক্তারিতে নৃতন উত্তীর্ণ পদান্ধ-প্রতিপত্তি-হীন যতীন বোনের হপ্তাথানেকের এখানে निर्मेष्टर्ग জগ্ৰ আসিয়াছে।

কণিক্লাতার গলি হইতে প্রথমণিন গাছ-পালার মধ্যে আসিয়া বতীক ছারামর নির্জন বারান্দার কান্তন-মধ্যাক্লের «রদালতে আবিট হইরা বসিয়া ছিল, এমন সমরে প্রক্ষিতি সেই উপদেব আরম্ভ হইল। পটল চলিরা গোলে আবার থানিককণের জন্ত সে নিশিত হতুরা একটুথানি নড়িরা-চড়িরা বেশ আরাম করিরা বিসল,—কাঠকুড়ানি মেরের প্রসঙ্গে ছেলে-বেলাকার রূপকথার অলিগলির মধ্যে তাহার মদী ঘুরিয়া বেড়াইতে লাগিল।

এমন-সময় আবার পটলের হাসিমাখা কণ্ঠের কাকলীতে সে চম্কিয়া উঠিল।

্পটল আর একটি মেরের হাত ধরিয়া স্বৈগে টানিয়া আনিয়া যতীনের সমূ্থে স্থাপন ক্রিল—ক্ষিল, "ও কুড়ানি !"

মেরেটি কহিল-"कि निनि!"

পটল। আমার এই ভাইটি কেমন নেক্ দেখি।

মেরেটি অসকোচে যতীনকে দেখিতে লাগিল। পটন কহিল—"কেমন, ভাল দেখিতে না প"

মেরেটি গন্তীরভাবে বিচার করিয়া ঘাড় নাড়িয়া কহিল—"হাঁ, ভাল !"

যতীন লাল হইয়া চৌকি ছাড়িয়া উঠিয়া কহিল—"আঃ, পটল, কি ছেলেমাছ্যি করিতেছ।"

পটল। আমি ছেলেমান্থবি করি, না, তুমি বুড়োমান্থবি কর। তোমার বুঝি বন্দের গাছপাধর নাই!

যতীন প্লায়ন করিল। পটল তাহার পিছনে পিছনে ছটিতে ছটিতে কহিল—"ও যতীন, তোমার ভর নাই, তোমার ভর নাই। এবনি তোমার মালা দিতে হইবেনা—শাভন- ভৈত্তে লগু নাই—এখনো হাতে সমর আছে!"

পটन वांशांट्य कूड़ानि वनित्रा डाटक, टार्ट्-ट्रिट्सिट खंबाकू इंट्रेस अहिन । अलिस वस्त বেংলো হইবে, শরীর ছিপ্ছিলে—ব্যক্তি
সম্বুক্তর অধিক কিছু বলিবার নাই, কেবল ক্ষে
এই একটি অসামান্ততা অতি বে, দেখিলে
বেন বনের হরিপের ভাব মনে আসে। কঠিন
ভাবার তাহাকে নির্মান্তি বলা বাইতেও পারে
—কিন্তু তাহা বৌকানি নহে—তাহা বৃদ্ধি
বৃত্তির অপরি:ফুরণমান্তি—তাহাতে কুড়ানির
মূখের সৌন্ধর্য নষ্ট না করিয়া বর্ষ একটি
বিশিষ্টতা দিরাহে!

সন্ধানবেশার হরকুমারবাবু কলিকাতা হইতে ফিরিয়া আসিয়া যতীনকে দেৰিয়া কহিলেন---"এই যে যতীন আসিয়াছ, ভালই হইয়াছে ! ভোমাকে একটু ডাকারি করিতে হইবে। পশ্চিমে থাকিতে হর্ভিক্ষের সময় আমরা একটি মেয়েকে লইয়া মানুষ করি-তেছি-পটল তাহাকে কুড়ানি বলিয়া ডাকে। উহার বাপ-মা এবং ঐ মেয়েটি আমাদের বাংলার কাছেই একটি গাছতলার পড়িয়া ছিল। যথন থবর পাইয়া গোলাম, গিয়া দেখি, উহার বাপ-মা মরিয়াছে, মেরেটির প্রাণটুকু আছে মাত্র। পটল তাহাকে অনেক যত্ত্বে বাঁচাইয়াছে। উহার জাতের কথা কেহ জানে না—তাহা বইয়া কেহ আপন্তি कतिरागहे भीनेन तरन, 'अ उ विक-अक्तात মরিয়া এবার আমাদের ঘরে জন্মিয়াছে —- উহার সাবেক জাত° কোথায় যুচিয়া গেছে। প্রথমে মেয়েটি পটলকে মা বলিয়া ভাকিতে স্কর্ক করিয়াছিল-পটল তাহাকে क्मर्क मित्री विनिन-'थवत्रमीत, আমাকে मा रिनिन ति—बामीरक मिनि विनिंग ! পটন বলে, অভ-বড় মেয়ে মা বলিলৈ निकार के विद्या मान हरेत त्यं।' त्यांध

করি নেই ছবিকের উপবাদে বা আর কোন কারণে উহার থাকিয়া-বাকিয়া প্লবেদনার মত হয়। বাগারখানা কি, ডোমাকে ভাল করিয়া পরীকা করিয়া দেখিতে হইকে। গুল ভূলিসি, কুড়ানিকে ডাকিয়া আন্ত।"

কুড়ানি চুল বাঁধিতে বাঁধিতে অলুস্চূর্য বেশী পিঠের উপরে ফুলাইরা হরকুমারবার্র বর্মে আসিরা উপস্থিত হইল। তাহার হরিণের মত চোথ-ছটি হজনের উপর রাধিরা চাহির। রহিল।

বতীন ইতত্তত করিতেছে দেখিরা হরকুমার তাহাকে কহিলেন, "র্থা সক্ষোচ করিতেছ বতীন। উহাকে দেখিতে মন্ত ভাগর,
কিন্তু কচি ভাবের মত উহার ভিতরে কেবল
কল ছল্ছল্ করিতেছে—এখনো শাসের
রেখামাত্র দেখা দের মাই। ও কিছুই বোঝে
না—উহাকে তুমি নারী বলিয়া শ্রম করিরো
না—ও বনের হরিণী।"

যতীন তাহার ডাক্তারি কর্ত্তব্য সাধ্যন করিতে গাগিল—কুড়ানি কিছুমাত্র কুঠা-প্রকাশ করিল না। যতীন কহিল—"শরীর-যত্রের কোন বিকার ত বোঝা গেল না।"

পটল ফদ্ করিয়া ঘরে ঢুকিয়া বলিল, "ক্রমর্যক্রেরও কোন বিকার ঘটে নাই। তার পরীক্ষা দেখিতে চাও ?"—

বলিয়া কুড়ানির কাছে গিয়া তাহার চির্ক শ্লান করিয়া কহিল—"ও কুড়ানি, আমার এই ভাইটিকে তোর পছন্দ হইরাছে !"

কুড়ানি মাথা হেলাইয়া কহিল—"হাঁ!" পটল কহিল, "আমান ভাইকে তুই বিষে করিবি ?"

সে খাবার মাখাহেলাইয়া কহিল—"হাঁ।"

হরকুমারবাবু হাসিয়া এবং উঠিলেন। কুড়ানি কৌতুকের মর্ম্ম না ব্রিয়া জাঁহাদের অমুকরণে মুথথানি হাসিতে ভরিয়া চাহিয়া রহিল।

যতীন লাল হইয়া উঠিয়া ব্যস্ত হইয়া কহিল- "আ:, পটল, তুমি বাড়াবাড়ি করিতেছ—ভারি অভার! হরকুমারবার্, আপনি পটলকে বড় বেশি প্রশ্রন্ন দিয়া থাকেন।"

হরকুমার কহিলেন—"নহিলে আমিও যে উঁহার কাছে প্রশ্রম প্রত্যাশা করিতে পারি না। কিন্তু যতীন, কুড়ানিকে তুমি জান না বলিয়াই অত ব্যস্ত হইতেছ! তুমি লজ্জা করিয়া কুড়ানিকে-স্থদ্ধ লজ্জা করিতে শিখাইবে দেখিতেছি। উহাকে জ্ঞানবুক্ষের ফল তুমি খাওয়াইয়েখনা। সকলে উহাকে লইয়া কৌতুক করিয়াছে—তুমি যদি মাঝের থেকে গাম্ভীর্য্য দেখাও, তবে সেটা উহার পক্ষে একটা অসঙ্গত ব্যাপার হইবে।"

পটল। ঐজন্তই ত যতীনের সঙ্গে আমার কোনকালেই বনিল না—ছেলেবেলা থেকে কেবলি ঝগ্ড়া চলিতেছে—ও বড় গম্ভীর।

হরকুমার। ঝগ্ড়া করাটা বুঝি এম্নি করিয়া একেবারে অভ্যাস হইয়া গেছে— ভাই সরিয়া পড়িয়াছেন, এখন—

পটল। ফের মিথ্যা কথা। তোমার সঙ্গে ঝগ্ড়া করিয়া স্থথ নাই—আমি চেষ্টাও করিনা।

হরকুমার। আমি গোড়াতেই হার মানিরা যাই।

भवेता वक् कर्मारे क्रा

না মানিয়া শেষে হার মানিলে কভ খুসি হইতাম !

রাত্রে শোবার খরের জান্লা-দরজা খুলিক্লা দিয়া যতীন অনেক কথা ভাবিল। যে মেয়ে আপনার বাপ-মাকে না খাইতে পাইয়া মরিতে দেখিয়াছে, তাহার জীবনের উপর কি ভীষণ ছান্না পড়িয়াছে! নিদারণ ব্যাপারে সে কত-বড় হইয়া উঠিয়াছে — ত্যুহাকে লইয়া কি কৌতুক করা যায়? বিধাতা দয়া করিয়া তাহার বুদ্ধিবৃত্তির উপরে একটা আবরণ ফেলিয়া দিয়াছেন-এই আবরণ যদি উঠিয়া যায়, তবে অদৃষ্টের क्रजनीनात कि ভीषन हिड्र श्रकान हरेग्रा পড়ে! আজ মধ্যাহ্নে গাছের ফাঁক দিয়া যতীন যথন ফাব্তনের আকাশ দেখিতেছিল, দূর হইতে কাঁঠাল-মুকুলের গন্ধ মৃহতর হইয়া তাহার দ্রাণকে আবিষ্ট করিয়া ধরিতেছিল---তথন তাহার মনটা মাধুর্য্যের কুহেলিকার সমস্ত জগৎটাকে আচ্ছন্ন করিয়া দেখিয়াছিল —ঐ বৃদ্ধিহীন বালিকা তাহার হরিণের মত চোথ-হাট লইয়া সেই সোনালি কুহেলিকা অপদারিত করিয়া দিয়াছে—কারনের এই কুজন-গুঞ্জন-মর্শবের পশ্চাতে সংসারে যে কুণাভৃষ্ণাভুর হঃথকঠিন দেহ লইয়া বিরাট মূর্ত্তিতে দাঁড়াইয়া আছে, উদ্বাটিত যবনিকার শিল্পমাধুর্য্যের অন্তর্জালে সে দেখা দিল !

পরদিন সন্ধ্যার সময় কুড়ানির সেই বেদনা ধরিল। পটল তাড়াতাড়ি বতীনকে ডাকিয়া পাঠাইল। যতীন আসিয়া দেখিল. ক্টে কুড়ানির হাতে-পান্নে খিল ধরিতেছে— শরীর আড়ষ্ট। যতীন ঔষধ আনিতে পাঠা-ইয়া বোতলে করিয়া সরম জুব্লু, আনিতে ছকুম করিল। পটল কহিল, "ভারি মন্ত । ভাবে ষতীনের পায়ের ধ্লা লইল। ডাওঁর হইরাছ, পারে একটু গরম তেল মালিশ করিয়া দাও না! দেখিতেছ না, পারের তেলো হিম হইয়া গেছে।"

যতীন রোগিণীর পারের তলায় গরম তেল সবেগে ঘষিয়া দিতে লাগিল। চিকিৎসা-ব্যাপারে রাত্রি অনেক হইল। হরকুমার. কলিকাতা হইতে ফিরিয়া আসিয়া বারবার কুড়ানির খবর লইতে লাগিলেন। বুঝিল, সন্ধ্যাবেলার কর্ম হইতে ফিরিয়া আসিয়া পটল-অভাবে হরকুমারের অচল হইয়া উঠিয়াছে—খনখন কুড়ানির থবর লইবার তাৎপর্য্য তা-ই। বতীন কহিল—"হরকুমার-বাবু ছট্ফট্ করিতেছেন, তুমি যাও পটল !"

भोग करिन-"भातत प्राहारे पित देव কি! ছট্ফট্ কে করিতেছে, তা বৃঝিয়াছি। আমি গেলেই এখন তুমি বাঁচ! এদিকে কথায় কথায় লজ্জায় মুখ-চোখ লাল হইয়া উঠে—তোমার পেটে যে এত ছিল, তা কে বুঝিবে !"

যতীন। আচ্ছা, দোহাই তোমার, তুমি এইখানেই থাক। রক্ষা কর—তোমার মুথ বন্ধ হইলে বাঁচি। আমি ভুল ব্ঝিয়াছিলাম--হরকুমারবাবু বোধ হয় শান্তিতে আছেন, u-तकम ऋरगांश जांत नर्समा घटे ना !

कुं ज़िन बाताम शहिता यथन काथ थूनिन, পটল কহিল—"তোর চোথ খোলাইবার জন্ম তোর বর যে আজ অনেককণ ধরিয়া তোকে পারে ধরিরা সাধিরাছে—আজ তাই বুঝি এত দেরি করিলি! ছিছি, ওঁর পারের ধূলা নে !" কু ভালিক কর্ত্তব্যবোধে তৎকণাৎ গম্ভীর- ক্রতপদে ঘর হইতে চলিয়া গেল।

তাহার পরদিন হইতে যতীনের উপ্ররে রীতিমত উপদ্রব আরম্ভ হইল। থাইতে বসিরাছে, এমন-সমর কুড়ানি আসিরা অমানবদনে পাথা দিয়া তাহার মাছি তাড়া-ইতে প্রবৃত্ত হইল। যতীন ব্যস্ত হইয়া বলিয়া উঠিল, "থাক্ থাক্, काञ्ज नारे।" कूज़ानि. এই निरंदर विन्त्रिङ इंदेश मूथ फिन्नांदेश। পশ্চাদ্বর্তী ঘরের দিকে একবার ্চাইিয়া দেখিল—তাহার পরে আবার পুনশ্চ পাখা দোলাইতে লাগিল। যতীন অন্তরালবর্ভিনীর উদ্দেশে বলিয়া উঠিল—"পটল, তুমি যদি এমন করিয়া আমাকে জালাও, তবে আমি খাইব ना-वामि এই উঠিলাম !"

বলিয়া, উঠিবার উপক্রম করিতেই কুড়ানি পাথা ফেলিয়া দিল। যতীন বালিকার বুদ্ধি-হীন মুখে তীব্ৰ বেদনার রেখা দেখিতে পাইল; তংক্ষণাৎ অমুতপ্ত হইয়া সে পুনর্কার বিদিয়া পড়িল। কুড়ানি যে কিছু বোঝে না, त्म त्य नच्छा शांत्र ना, त्वमनात्वांथ कत्त्र ना, এ কথা যতীনও বিশ্বাস করিতে আরম্ভ করিয়াছিল। আজ চকিতের মধ্যে দেখিল, সকল নিয়মেরই ব্যতিক্রম আছে-এবং ব্যতিক্রম কথন্ হঠাৎ ঘটে, আগে হুইডে তাহা কেহই বলিতে পারে না! কুড়ানি পাথা ফেলিয়া দিয়া চলিয়া গেল।

পর্দিন স্কালে যতীন বারান্দার বসিয়া আছে—গাছপালার মধ্যে কোকিল অভ্যন্ত ডাকাডাকি আরম্ভ করিয়াছে—আমের বোলের গন্ধে পাতাস ভারাক্রাস্ত-এমন-সময় সে দেখিল, কুড়ানি চায়ের পেয়ালা হাডে - নইরা যেন একটু ইকন্তত করিতেছে। ভাহার হরিণের মত চক্ষে একটা সক্ষণ ভর ছিল-নৈ ডা লইয়া গেলে ঘতীন বিবক্ত হইবে কি না, ইহা যেন সে বুঝিয়া উঠিতে পারিতেছিল না। মুতীন ব্যথিত হুইয়া উঠিয়া প্রপ্রসর হুইয়া ভাহার হাত হইতে পেরালা লইল। এই মানরক্ষয়ের হরিণশিশুটিকে ভূচ্ছ কারণে কি কেনা দেওয়া হায় 🔋 মতীন যেম্নি পেরালা बहैन, अमृति मिथिन, तात्रान्नात्र अभवशास्त्र পটন সহসা আবিভূতি হইয়া নি:শন হাতে यञ्जेनत्क किन त्मशारेन-जावने এरे त्य. কেমন ধরা পজিয়াছ ৷

্সেইদিন সন্ধার সময় যতীন একখানি ডাক্তারি কাগল পড়িতেছিল, এমন-সময় ফুলের গন্ধে চকিত হুইয়া উঠিয়া দেখিল, কুড়ানি বকুলের শালা হাতে ঘরের মধ্যে धारतम कत्रिन। यजीन यत्न यत्न कहिन, "बष्रे वाङ्गवाषि स्ट्रेट्डि— भजेत्वत এरे নিষ্ঠুর আমোদে জার প্রশ্রর দেওয়া উচিত হৰ নাৰ" কুড়ানিকে বলিল, "ছিছি কুড়ানি, ভোষাকে লইয়া তোমার দিদি আমোদ করিতেছেন, ভূমি বুঝিতে পার না !"

ক্লগ্রা শেষ করিতে না করিতেই কুড়ানি ত্রস্ত-সঙ্কৃতিত-ভাবে প্রস্থানের উপক্রম করিল। বতীন তথন তাড়াতাড়ি তাহাকে ডাকিয়া কহিল—"কুড়ানি, দেখি ভোমার সালা দেখি।" বলিয়া মালাটি ভাহার হাত হইতে লইল। কুড়ানির মুখে একটি স্নানন্দের উচ্ছণতা ষ্টিরা উন্নি। অন্ধরাশ হইতে দেই মুহুর্জে একটি উচ্চতাক্তের উচ্চানধ্বনি গুনা গ্রেশ।

পর্দিন স্কালে উপত্র্ব করিবার কর भरेन पद्धीरनंत्र पद्म भिन्न सिशन, सन् भूका। একথানি কাগজে কেবল লেখা আছে-"পাৰাইলান। জীযতীন।"

"ও কুড়ানি, তোর বর বে পালাইল। তাহাকে রাখিতে পারিলি মে !" ৰলিয়া কুড়ানির রেণী ধরিয়া নাড়া দিয়া পটল ঘরকরার কাজে চলিয়া গেঁল।

🕆 ৰূপাটা বুৰিতে কুড়ানির একটু সমর গেল। সে ছবির মত দাঁড়াইয়া হিরদৃষ্টিতে সমুশে চাহিত্রা রহিল। তাহার পর ধীরে ধীরে যতী-নের মরে জাসিয়া দেখিল, তাহার মর খালি। তার পূর্ব্ধসদ্ধার উপহারের মালাটা টেরিলের উপর পড়িরা আছে।

বদক্তের প্রাক্ত:কালটি স্নিগ্নন্থলর—রৌজটি কম্পিত ক্ষম্ণচূড়ার শাখার ভিতর দিয়া ছারার সহিত মিশিয়া বারান্দার উপর আসিয়া পড়ি-कार्ठिकानि नाम शिर्छ जूनिया ছুটাছুটি করিতেছে এবং সকল পাথী মিলিয়া মানাক্সরে গান গাহিয়া তাহাদের বক্তব্য বিক্ষা কিছুতেই শেষ করিতে পারিতেছে না। পৃথিৱীর এই কোশটুকুতে, এই খানিকটা ঘন-পল্লব, ছারা এবং রৌদ্ররচিত জগৎথণ্ডের মঞ্চে প্রাণের আনন কৃটিয়া ফুটিয়া উঠিতেছিল, তাহারি মাঝখানে ঐ বুদ্ধিহীন বালিকা তাহার জীবনের, ভাহার চারিদিকের, সঙ্গত কোন অর্থ বৃথিয়া উঠিতে পারিতেছিল না। সমস্তই কঠিন প্রহেলিকা ি কি হইল কেন এমন হইবা, ভার পরে এই প্রভাত, এই গৃহ, এই রাহা-ক্ষিত্র নমন্তই এমন একেবারে শুক্ত হইনা গেল কেন! বাছার বুরিবার সামর্থ্য জন্ম, काराटक रहेन अक्तिन निक सम्दात धरे অতৰ বেদনার রহস্তগর্ভে কোন প্রদীপ ছাতে না দিয়া কে নামাইরা দিব ? কৌতের এই সহজ-উদ্ধৃনিত প্রাণের রাজ্যে, এই গাছপারা-মৃগপক্তীর আঁমবিশ্বত ক্লরবের মধ্যে কে তাহাকে আবার টানিয়া তুলিতে পারিবে?

পটল ঘরকরার কাজ সারিয়া কুড়ানির সর্কান লইতে আসিয়া দেখিল, সে যতীনের পরিত্যক্ত ঘরে তাহীর খাটের থুরা ধরিয়া মাটিতে পড়িয়া আছে—শৃত্য শয্যাটাকে যেন পারে ধরিয়া সাধিতেছে। তাহার বুকের ভিতরে যে একটি স্থার পাত্র লুকান ছিল্ল, সেইটে যেন শৃত্যতার চরণে র্থা আয়াসে উপ্ড় করিয়া ঢালিয়া দিতেছে—ভূমিতলে প্ঞীভূত সেই শ্বলিতকেশা লুঞ্জিবসনা নারী যেন নীরব একাগ্রতার ভাষায় বলিতেছে,—'লও, লও, আমাকে লও! ওগো, আমাকে লও!'

পটল বিশ্বিত হইয়া কহিল—"ও কি হইতেছে কুড়ানি!"

কুড়ানি উঠিল না,—সে যেমন পড়িয়া ছিল, তেম্নি পড়িয়া রহিল। পটল কাছে আসিয়া তাহাকে স্পর্ণ করিতেই সে উচ্ছ্ সিত ছইয়া ফুলিয়া-ফুলিয়া কাঁদিতে লাগিল।

পটল তথন চকিত হইয়া বলিয়া উঠিল,
"ও পোড়ারম্থি, সর্বনাশ করিয়াছিদ্!"

হরকুমারকে পটল কুড়ানির অবস্থা জানা-ইয়া কহিল—"একি বিপদ্ঘটিল! তুমি কি করিতেছিলে, তুমি আমাকে কেন বারণ করিলে নাঁ?"

হরকুষার কহিল—"তোমাকে বারণ কর। যে আমার কোনকালে অভ্যাস নাই। বারণ করিলেই কি ফল পাওয়া যাইত ?"

পটন। তুমি কেমন বামী ? আমি বদ্ধি ভূক করি, স্কুমি আমাকে জোর করিয়া থামাইছে পার না ? আমাকে তুমি এ থেলা খেলিতে দিলে কেন ?

এই বলিষ্ধা সে ছুটিয়া গিয়া ভূপতিতা বালিকার গলা জড়াইয়া ধরিয়া কহিল—"লক্ষি বোন্ আমার, তোর কি বলিবার আছে, আমাকে খুলিয়া বল্!

হার, কুড়ানির এমন কি ভাষা আছে বে,
আপনার হাদরের অব্যক্ত রহন্ত সে কথা দিয়া
বলিতে পারে! সে একটি অনির্বাচনীর বেদনার
উপর তাহার সমস্ত বুক দিয়া চাপিয়া পড়িয়া
আছে—সে বেদনাটা কি, জগতে এমন আর
কাহারো হয় কি না, তাহাকে লোকে কি
বলিয়া থাকে, কুড়ানি তাহার কিছুই জানে না।
সে কেবল কায়া দিয়া বলিতে পারে; মনের
কথা জানাইবার তাহার আর কোন উপায়
নাই।

পটল কহিল, "কুড়ানি, তোর দিদি বড় ছাই — কিন্তু তার কথা যে তুই এমন করিয়া বিশাস করিবি,তা সে কথনো মনেও করে নি। তার কথা কেহ কথনো বিশাস করে না—তুই এমন ভুল কেন করিলি ? কুড়ানি, একবার মুখ তুলিয়া তোর দিদির মুখের দিকে চা'— তা'কে মাপ কর্!"

কিছ কুড়ানির মন তথন বিমুথ হইয়া
গিয়াছিল—দে কোনমতেই পটলের মুথের
দিকে চাহিতে পারিল না—দে আরো জোর
করিয়া হাতের মধ্যে মাথা গুঁজিয়া রহিল।
দে ভাল করিয়া সমস্ত কথা না বুঝিয়াও একপ্রকার মৃঢ়ভাবে পটলের প্রতি রাগু করিয়াছিল। পটল তথন ধীরে ধীরে বাছপাশ
খ্লিয়া লইয়া উদ্ভিয়া গেল—এবং জানালার
ধারে পাথরের মূর্তির মৃত স্তক্কভাবে দাঁড়াইয়া

ফার্মনের রোডিচক। স্থপারীগাছের পল্লব-শ্রেণীর দিকে চাহিলা পটলের ছই চক্ দিয়াজন পড়িতে নাগিল।

পরদিন কুড়ানির আর দেখা পাওয়া গেল না। পটল তাহাকে আদর করিয়া ভাল ভাল গ্ৰহনা এবং কাপড় দিয়া সাজাইত। নিজে সে এলোমেলো ছিল—নিজের সাজসম্বন্ধে তাহার কোন যত্ন ছিল না, কিন্তু সাজগোজের সমন্ত স্থ কুড়ানির উপর দিয়াই সে মিটাইয়া লইত। বছকালদঞ্চিত সেই সমস্ত বসনভূষণ কুড়ানির ঘরের মেজের উপর পডিয়া আছে। তাহার হাতের বালাচুড়ি, নাসাগ্রের লক্ষ্লটি পর্য্যস্ত খুলিয়া ফেলিয়া গেছে । পটলদিনির এতদিনের সমস্ত আদর সে যেন গা হইতে মুছিয়া ফেলিবার চেষ্টা করিয়াছে।

হরকুমারবার কুড়ানির সন্ধানে পুলিসে খবর দিলেন। সেবারে প্রেগ্লমনের বিভীযিকার এত লোক এত দিকে পলারন করিতেছিল যে, সেই সকল পলাতক দলের মধ্য
হইতে একটি বিশেষ লোককে বাছিয়া লওয়া
পুলিসের পক্ষে শক্ত হইল। হরকুমারবার্
ছইচারিবার ভুল লোকের সন্ধানে অনেক
ছংথ এবং লজ্জা পাইয়া কুড়ানির আশা পরিভ্যাগ করিলেন। অজ্ঞাতের কোল হইতে
তাঁহারা যাহাকে পাইয়াছিলেন, অজ্ঞাতের
কোলের মধ্যেই সে আবার লুকাইয়া পড়িল।

যতীন বিশেষ চেষ্টা করিয়া সেবার প্লেগ্-হাঁন্পাতালে ডাক্তারিপদ গ্রহণ করিয়াছিল। একদিন জুপুরবেলায় বাদার আহার সারিয়া হাঁন্পাতালে আদিয়া সে শুনিল—হাঁন্-শাতালের স্ত্রী-বিভাগে একটি নৃতন রোগিণী আসিয়াছে। পুনিস ভাহাকে পথ হইতে কুড়াইরা আনিয়াছে।

যতীন তাহাকে দেখিতে পেল।

छित मूर्थत व्यधिकाश्म हामस्त्र हाका हिन। ষতীন প্রথমেই ভাহার হাত তুলিয়া লইয়া নাড়ি দেখিল। নার্ডিতে জর অধিক নাই, কিন্ত হর্মণতা অত্যন্ত। তখন পরীক্ষার জন্ত মুখের চাদর সরাইয়া দেখিল, সেই কুড়ানি। ্ব ইতিমধ্যে পটলের কাছ হইতে বভীন কুড়ানির সমস্ত বিবরণ জানিয়াছিল। অব্যক্ত হৃদয়ভাবের দ্বারা ছায়াচ্ছন্ন তাহার সেই হরিণ-চক্ষ-ছটি কাজের অবকাশে যতীনের খ্যানদৃষ্টির উপরে কেবলি অশ্রুহীন কাতরতা বিকীর্ণ করিয়াছে। আজ সেই রোগনিমীলিত চক্ষর স্থদীর্ঘ পল্লব কুড়ানির শার্ণ কপোলের উপরে কালিমার রেখা টানিয়াছে—দেখিবামাত্র যতী-নের বুকের ভিতরটা হঠাৎ কে যেন চাপিয়া ধরিল। এই একটি মেয়েকে বিধাতা এত যত্নে ফুলের মত স্থকুমার করিয়া গড়িয়া ছর্জিক্ষ **रटे** यातीत मर्था जाताहेबा फिल्मन रकन १ আজ এই যে পেলব প্রাণটি ক্লিষ্ট হইরা বিছা-নার উপরে পড়িয়া আছে, ইহার এই অর কয়দিনের আয়ুর মধ্যে এত বিপদের আঘাত— এত বেদনার ভার সহিল কি করিয়া, ধরিল কোথার ? যতীনই বা ইহার জীবনের মাঝ-খানে তৃতীয় আর-একটি সঙ্কটের মত কোর্থ হইতে আসিয়া জড়াইয়া পড়িল 🤊 কন্ধ দীর্ঘ-নিখাস যতীনের বক্ষধারে আঘাত করিতে লাগিল-কিছ সেই আঘাতের তাড়নার তাহার হৃদয়ের তারে একটা স্থাধের মীড়প্ত বাজিয়া উঠিল। বে ভালবাসা জগতে হুর্লভ, ৰতীন তাহা না চাহিতেই ক্রান্তনের একট

মধ্যাক্লে এক্টি পূর্ণবিক্ষিত মাধ্বীমর্মরীর মক অকমাৎ তার পারের কাছে আপনি স্বাসিয়া থসিয়া পড়িয়াছে। বে ভালবাসা এমন করিয়া মৃত্যুর দারে পর্য্যন্ত আসিয়া মুক্তিত হইয়া পড়ে, পৃথিবীতে কোন্ লোক সেই দৈবভোগ্য নৈবেদ্য লাভের অধিকারী ?

যতীন কুড়ানির পাশে বসিয়া তাহাকে -অর অর গরম হুধ খাওয়াইয়া দিতে লাগিল। ধাইতে খাইতে অনেকক্ষণ পরে সে দীর্ঘনিখাস কেলিয়া চোথ মেলিল। যতীনের মুথের দিকে চাহিয়া তাহাকে স্থদূর স্বপ্নের মত যেন মনে করিয়া লইতে চেষ্টা করিল।° যতীন যথন তাহার কপালে হাত রাখিয়া একটুথানি নাড়া কহিল—"কুড়ানি"—তথন অজ্ঞানের শেষ ঘোরটুকু হঠাৎ ভাঙিয়া গেল —্যতীনকে সে চিনিল এবং তথনি তাহার চোথের উপরে বাপকোমল আর একটি মোহের আবরণ পড়িল। প্রথম মেঘসমাগমে অগন্তীর আধাঢ়ের আকাশের মত কুড়ানির कारनारहाथश्रुवित्र छेशत এकि एवन स्रमूत्रवााशी নজনবিশ্বতা ঘনাইয়া আসিল।

যতীন সকরুণ যত্নের স্থারে কহিল, "কুড়ানি, এই হুধটুকু শেষ করিয়া ফেল !" কুড়ানি একটু উঠিয়া বসিয়া পেয়ালার

ু উপর হইতে যতীনের মুথে স্থিরদৃষ্টিতে চাহিয়া সেই ছুধটু कू शीत्र शीत्र शार्देश किलन।

হাঁদ্পাভালের ডাক্তার একটিমাত্র রোগীর পাশে সমস্তক্ষণ বসিয়া থাকিলে কাজও চলে না. দেখিতেও ভাল হয় না। অন্তত্ত কর্ত্তব্য সারি-বার জন্ম যতীন যখন উঠিল, তথন ভয়ে ও ্নৈরাশ্রে কুড়ানির চোথ-ছটি ব্যাকুল হইয়া প্রতিম। ধতীর তাহার হাত ধরিয়া তাহাকে আখাদ দিয়া কহিল, "আমি আবার এথনি : আসিব কুড়ানি, তোমার কোন ভয় নাই 📑

যতীন কর্তৃপক্ষদিগকে জ্বানাইল যে, এই নুতন-আনীত রোগিণীর প্লেগ্ হয় নাই---সে না থাইয়া হৰ্কল হইয়া পড়িয়াছে। অস্তু প্লেগ্রোগীর সঙ্গে থাকিলে তাহার পক্ষে বিপদ্ ঘটিতে পারে।

বিশেষ চেষ্টা করিয়া যতীন কুড়ানিকে অন্তত্ত লইয়া যাইবার অনুমতি লাভ করিন এবং নিজের বাসায় লইয়া গেল। পুটলকে সমস্ত থবর দিয়া একথানি চিঠিও লিথিয়া मिन।

সেইদিন সন্ধ্যার সময় রোগী এবং চিকিৎ-সক ছাড়া ঘরে আর কেহ ছিল না। শিয়রের কাছে রঙীন্ কাগজের আবরণে একটি কেরোসিন্ ল্যাম্প্ ছায়াচ্ছন্ন মূছ আলোক বিকীর্ণ করিতেছিল—ব্রাকেটের উপরে একটা ঘড়ি নিস্তন্ধ-ঘরে টিকৃটিকৃ-শব্দে দোলক দোলাইতেছিল।

ষতীন কুড়ানির কপালে হাত দিয়া কহিল, **"তুমি কেমন বোধ করিতেছ কুড়ানি** ?"

কুড়ানি তাহান্ন কোন উত্তর না করিয়া ষতীনের হাতটি আপনার কপালেই চাপিয়া রাখিয়া দিল।

যতীন আবার জিজ্ঞাসা করিল---"ভাল বোধ হইতেছে 🕍 🕟

কুড়ানি একটুখানি চোথ বুজিয়া কহিল-"包"

যতীন জিজ্ঞাসা করিল, "ভোমার গলার এটা কি কুড়ানি ?"

কুড়ানি তাড়াতাড়ি কাপড়টা টানিয়া তাহা ঢাকিবার চেষ্টা করিল। যতীন দেখিল, সে একগাছি জক্নো বকুলের মালা। তথন তাহার
মূর্নে পড়িল, সে মালাটা কি ! ঘড়ির টিক্টিক্শন্দের মধ্যে ষতীন চুপ করিয়া বিসিয়া ভাবিতে
লাগিল ! কুড়ানির এই প্রথম লুকাইবার চেষ্টা
—নিজের হৃদরের ভাব গোপন করিবার এই
তাহার প্রথম প্রয়াস। কুড়ানি মৃগণিও ছিল,
সে কথন্ হৃদরভারাতুর যুবতী নারী হইয়া
উঠিল ! কোন্ রোদ্রের আলোকে—কোন্
রোদ্রের উভাপে তাহার ব্দির উপরকার
সমন্ত কুরাশা কাটিয়া গিয়া তাহার লজ্জা,
তাহার শক্ষা, তাহার বেদনা এমন হঠাৎ
প্রকাশিত হইয়া পড়িল ?

রাত্রি ছটা-মাড়াইটার সময় যতীন চৌকিতে বসিয়াই ঘুমাইয়া পড়িয়াছে। হঠাৎ ছার-খোলার শব্দে চম্কিয়া উঠিয়া দেখিল, পটল এবং হরকুমারবাব্ এক বড় ব্যাগ্ হাতে ঘরের মধ্যে প্রবেশ করিলেন।

হরকুমার কহিলেন—"তোমার চিঠি পাইয়া কাল সকালে আসিব বলিয়া বিছানার তইন লাম। অর্দ্ধেক রাত্রে পটল কহিল, 'ওগো কাল সকালে গেলে কুড়ানিকে দেখিতে পাইব না—আমীকে এখনি বাইতে হইবে।' পটলকে কিছুতেই বুঝাইয়া রাখা গেল না—তখনি একটা গাড়ি করিয়া বাহির হইয়া পড়িয়াছি।"

পটল হরকুমারকে কহিল, "চল, তুমি ষতীনের বিছানায় শোবে চল।"

হরকুমার ঈষৎ আপত্তির আড়ম্বর করিয়া বতীনের ঘরে গিয়া ভইয়া পড়িলেন, তাঁহার নিস্তা বাইডেও দেরি হইল না।

পটল কিরিয়া আসিয়া বতীনকে বরের এক কোণে ডাকিয়া জিজাসী করিল, "আশা আছে ?" বতীন কুড়ানির কাছে আদিয়া তাহার নাড়ি দেখিয়া যাথা নাড়িয়া ইন্ধিডে জানাইর যে, আশা নাই।

পটল কুড়ানির কাছে আপনাকে প্রকাশ
না করিয়া যতীনকে আড়ালে লইয়া কহিল—
"যতীন, সত্য বল, তুমি কি কুড়ানিকে কিছুই
ভালরাস না ?"

্ৰতীন চুপ করিয়া রহিল। পটল কহিল, "আজি আর সঙ্কোচ করিবার সময় নাই যতীন।"

ষতীন পটলকে কোন উত্তর না দিরা কুড়ানির বিছানার পাশে আসিয়া বসিল। তাহার হাত চাপিয়া ধরিয়া নাড়া দিয়া কহিল—"কুড়ানি, কুড়ানি!"

কুড়ানি চোথ মেলিয়া মুথে একটি শাস্ত-মধুর হাসির আভাসমাত্র আনিয়া কহিল— "কি দাদাবাবৃ ?"

যতীন কহিল, "কুড়ানি, তোমার এই মালাটি আমার গলার পরাইরা দাও !"

কুড়ানি অনিমের অবুঝ চোথে বতীনের মুখের দিকে তাকাইয়া রহিল।

যতীন কহিল—"তোমার মালা আমাকে দিবে না ?"

যতীনের এই আদরের প্রশ্রমটুকু পাইরা কুড়ানির মনে পূর্বাক্তত অনাদরের একটু-থানি অভিমান জাগিরা উঠিল। সে কহিল— "কি হবে দাদাবাবু!"

যতীন ছইহাতে তাহার হাত লইর।
কহিল, "আমি তোমাকে ভালবাসি কুড়ানি!"
শুনিরা কণকালের জন্তে কুড়ানি শুরু
রহিল—তাহার পরে তাহার ছই চকু দিয়া
অজ্ঞ জল পড়িতে লাগিল। যতীন বিছানার
পালে নামিরা হাঁটু গাড়িরা ক্লিল, কুড়ানির

হাতের কাছে • মাখা নত করিয়া রাখিক।

কুঞ্জানি গলা হইতে মালা খুলিয়া যতীনের

গলায় পর্টিয়া দিল।

তথন পটল তাহার কাছে আসিয়া ডাকিল, "কুড়ানি_{ছ্ন}"

क्र्णिन जारात नीर्भ भूथ जेक्कन कतिश करिन---- "कि मिनि!"

পটল কাছে আদিয়া তাহার হাত ধুরিয়া. কহিল—"আমার উপর তোর আর ঝৌন রাগ নাই বোন ?"

কুড়ানি স্নিগ্ধকোমল দৃষ্টিতে কহিল---"না দিদি।"

পটল কহিল, "যতীন, একবার তুমি ও-ঘরে যাও !"

যতীন পাশের ঘরে গেলে পটল ব্যাগ্
খ্লিয়া কুড়ানির সমস্ত কাপড়-গহনা তাহার
মধ্য হইতে বাহির করিল। রোগিণীকে
অধিক নাড়াচাড়া না করিয়া একখানি লাল
বেশাসলি লাড়ী সম্ভূপণে তাহার মলিন বস্ত্রের
উপর জড়াইয়া দিল। পরে একে একে
একএকগাছি চুড়ি তাহার হাতে দিয়া হুই
হাতে হুই বালা পরাইয়া দিল। তার পরে
ডাকিল—"ঘতীন!"

যন্ত্রীন আদিতেই তাহাকে বিছানার বসা-, ইরা পটল তাহার হাতে কুড়ানির একুছড়া সোনার হাল দিল। যতীন দেই হারছড়াট । লইরা আন্তে আন্তে কুড়ানির মাথা তুলিয়া ধরিয়া তাহাকে পরাইয়া দিল।

ভোরের আলো যথন কুড়ানির মুথের উপরে আসিয়া পড়িল, তথন সে আলো সে আর দেখিল না! তাহার অমান মুথকান্তি দেখিয়া মনে হইল, সে মরে নাই—কিন্তু সে যেন একটি অতলম্পর্শ সুথস্বপ্লের মধ্যে, নিমগ্ন হইয়া গেছে।

যখন মৃতদেহ লইরা যাইবার সমর হইল, তথন পটল কুড়ানির বুকের উপরে পড়িরা কাঁদিতে কাঁদিতে কহিল, "বোন্, তোর ভাগ্য ভাল! জীবনের চেয়ে তোর মরণ স্থাথের!"

যতীন কুড়ানির সেই শাস্তমিথ মৃত্যুচ্ছবির দিকে চাহিয়া ভাবিতে লাগিল—"জীবনে হঠাৎ এমন যে ভালবাসা লাভ করিয়াছি, মৃত্যুর দিন পর্যান্ত সে সোভাগ্য কখনে। ভূলিতে পারিব না। ভগবান্, ভোমার ধন ভূমিই নিলে, আমাকেও বঞ্চিত করিলে না!"

সন্ধার একটি স্থর।

কোথা তথ স্থন্ধরে মিশেছে করণ
কে আমারে জানাইবে বল ?
কেন নদীতীরে বসি নয়ন অরণ—
চল যাই চল গৃহ চল !
ওই বে নদীর নীরে বনচ্ছায়া পড়ে ঘিরে
গগন আঁথার করি' রবি চলে ঘর—

তুমি কি দেখিছ নসি ? কেন ওই পড়ে খনি'
ভোমার নরন হ'তে আঞা সকাতর ?
আমি তব মুখুপীনে চাহি', অনিমেবে
করি সুখুপান
কি বেন চলনরসে ভরে' ওঠে খীরে মোর
সকল পরাণ!

কোথা আসিতেছে সদ্ধা, চিকুরে জড়ারে তন্ত্রা

তব মুখে পাঠ করি—নরন গভীর
ধীরে ধীরে লোকাতীত "মুগ্রে বেন প্রপূরিত
স্বরণে পড়িরা যার কালিনীর নীর!
তবু বড় ব্যথা পাই ষ্থনি ভোমার
কল্পিত অধ্ব—

বল কি বেজেছে প্রাণে ? কি কণ্টক-জ্ঞা হানে তব বক্ষ'পর !

এমনি নিশ্চল ভাণে অনিমেব ছ্নরানে
বসে আছ সন্ধ্যামাঝে ছবির কজন—
নাহি মোর সাধ বার ডাকিয়া নিতে ভোমার
কি যেন ভাঙিব ধ্যান করিলে বজন ৷
তবু প্রির হৃদি চার—বুঝাইতে নারি—
চল গৃহ চল—

সেথার বিছারে দিব এই হুদিতলে **খো**র শব্যা স্থকোমল।

গোধ্নীর কোন্ পারে কোন্ কুহকীর বারে
কিসের নাগিরা কাঁদি' ঘ্রিয়া বেড়াও ?
তব পদতলে আমি সমূথে অসীম-বামি'
প্রিরতম, পরাণের বেদনা আনাও!
কোধা তব অব্দরে মিশেছে করুণ
কোধাতব অব্দরে মিশেছে করুণ
কোবাবে কে আনাবে বল্—
আকুল হাদরপানে চাহ ফিরে একবার
চল বাই চল গৃহ চল!